তাদের প্রতিপালকের সাথে সমকক্ষ স্থির করে। (১৫১) বলুন, তোমরা আস, তোমাদের প্রতিপালক তোমাদের উপর যা নিষিদ্ধ করেছেন তা তোমাদেরকে

أَلَّا تُشْرِكُوا بِهِ شَيْئًا ۖ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا ۖ وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ

আল্লা- তুশ্‌রিকূ বিহী শাইআওঁ ওয়া বিল্ ওয়া-লিদাইনি ইহ্‌সা-না-, ওয়ালা- তাক্বতুলূ~আওলা-দাকুম্

পাঠ করে শুনাই। তা হলো- আল্লাহর সাথে কাউকে শরীক করবে না, পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করবে, আর তোমাদের সন্তানদেরকে হত্যা করবে না

مِنْ إِمْلَاقٍ ۖ نَحْنُ نَرْزُقُكُمْ وَإِيَّاهُمْ ۖ وَلَا تَقْرَبُوا الْفَوَاحِشَ مَا ظَهَرَ

মিন্ ইম্‌লা-ক্ব ; নাহ্‌নু নারযুক্বুকুম ওয়া ইয়্যা-হুম, ওয়ালা- তাক্বরাবুল্ ফাওয়া-হিশা মা-যাহারা

দারিদ্রতার ভয়ে। আমি তোমাদেরকে এবং তাদেরকেও রিযক দিয়ে থাকি। আর কোন অশ্লীল কাজের কাছেও যাবে না, চাই তা প্রকাশ্য হোক বা

مِنْهَا وَمَا بَطَنَ ۖ وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ ۚ ذَٰلِكُمْ

মিন্‌হা- ওয়া মা- বাত্বান, ওয়ালা-তাক্বতুলুন্ নাফ্‌সাললাতী হার্‌রামাল্লা-হু ইল্লা-বিল হাক্ব্ক্ব ; যা-লিকুম

গোপনই হোক। আর আল্লাহ যাকে হত্যা করা নিষিদ্ধ করেছেন তাকে হত্যা করো না, কিন্তু ন্যায়ভাবে হলে ভিন্ন কথা। তিনি

وَصَّاكُمْ بِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ ۝ وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي

ওয়াস্ব স্বা-কুম্ বিহী লা'আল্লাকুম তা'ক্বিলূন। ১৫২। ওয়ালা- তাক্বরাবূ মা-লাল ইয়াতীমি ইল্লা- বিল্লাতী

তোমাদেরকে এ নির্দেশ দিয়েছেন যাতে তোমরা বুঝতে পার। (১৫২) আর তোমরা সদুদ্দেশ্য ছাড়া, এতীমদের সম্পত্তির

هِيَ أَحْسَنُ حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ ۖ وَأَوْفُوا الْكَيْلَ وَالْمِيزَانَ بِالْقِسْطِ ۖ

হিয়া আহ্‌সানু হাত্তা- ইয়াব্‌লুগা আশুদ্দাহ, ওয়া আওফুল্ কাইলা ওয়াল্ মীযা-না বিল্ ক্বিস্‌ত্বি,

নিকটবর্তী হয়ো না যে পর্যন্ত সে বয়ঃপ্রাপ্ত না হয়, এবং পরিমাপ ও ওযন ন্যায়ভাবে পূর্ণ করবে। আমি কাউকে তার সাধ্যাতীত

لَا نُكَلِّفُ نَفْسًا إِلَّا وُسْعَهَا ۖ وَإِذَا قُلْتُمْ فَاعْدِلُوا وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ ۖ

লা-নুকাল্লিফু নাফ্‌সান ইল্লা- উস্'আহা, ওয়া ইযা- কুল্‌তুম ফা'দিলূ ওয়া লাও কা-না যা-কুরবা-,

কষ্ট দেইনা। যখন তোমরা (মীমাংসা বা সাক্ষ্যের ব্যাপারে) কথা বল; তখন ন্যায্য কথা বল যদিও সে হয় তোমার আত্মীয়, এবং

وَبِعَهْدِ اللَّهِ أَوْفُوا ۚ ذَٰلِكُمْ وَصَّاكُمْ بِهِ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ۝ وَأَنَّ هَٰذَا

ওয়া বি'আহ্‌দিল্লা-হি আওফূ ; যা-লিকুম ওয়াস্বস্বা-কুম্ বিহী লা'আল্লাকুম তাযাক্কারূন। ১৫৩। ওয়া আন্না হা-যা-

আল্লাহর কাছে যে অঙ্গীকার করেছ তা পূর্ণ কর। আল্লাহ তোমাদেরকে এসব নির্দেশ দিয়েছেন, যাতে তোমরা উপদেশ গ্রহণ কর। (১৫৩) এটাই হল আমার

صراطي مستقيما فاتبعوه ج ولا تتبعوا السبل فتفرق بكم عن سبيله ط

স্বিরা-ত্বী মুস্‌তাক্বীমান্ ফাত্তাবি'উহ, ওয়ালা- তাত্তাবি'উস্ সুবুলা ফাতাফার্‌রাক্বা বিকুম 'আন সাবীলিহ ;

সরল পথ। সুতরাং তোমরা এ পথের অনুসরণ কর এবং ভিন্ন পথে চলো না, তবে তা তোমাদেরকে আল্লাহর পথ থেকে বিচ্ছিন্ন করে দিবে।

ذلكم وصىكم به لعلكم تتقون ۝ ثم اتينا موسى الكتب تماما على

যা-লিকুম ওয়াস্বস্বা-কুম্ বিহী লা'আল্লাকুম তাত্তাকুন। ১৫৪। ছুম্মা আ-তাইনা- মূসাল কিতা-বা তামা-মান 'আলাল

এরূপে আল্লাহ তোমাদেরকে নির্দেশ দিয়েছেন, যাতে তোমরা মুত্তাকী হয়ে যাও। (১৫৪) অতঃপর আমি মূসাকে কিতাব দিয়েছিলাম, পুণ্যবানদের প্রতি (অনুগ্রহ)

الذي احسن وتفصيلا لكل شيء وهدى ورحمة لعلهم بلقاء ربهم

লাযী~আহ্‌সানা ওয়া তাফ্‌স্বীলাল্ লিকুল্লি শাইয়িঁও ওয়া হুদাওঁ ওয়া রাহ্‌মাতাল্ লা'আল্লাহুম বিলিক্বা—ই রাব্বিহিম

পরিপূর্ণ করার জন্য, প্রত্যেক বিষয়ের বিস্তারিত নির্দেশ বর্ণনা করার জন্য এবং হিদায়াত ও রহমতের জন্য। যাতে তারা তাদের প্রতিপালকের সাক্ষাত বিষয়ে বিশ্বাস

يؤمنون ۝ وهذا كتب انزلنه مبرك فاتبعوه واتقوا لعلكم ترحمون ۝ ১৮ ع ৬ রুঃ

ইউ'মিনূন। ১৫৫। ওয়া হা-যা- কিতা-বুন আনযালনা-হু মুবা-রাকুন্ ফাত্তাবি'উহু ওয়াত্তাক্বূ লা'আল্লাকুম তুরহামূন।

করে। (১৫৫) এ কিতাব (কুরআন) আমি কল্যাণময় করে অবতীর্ণ করেছি। সুতরাং তোমরা এর অনুসরণ কর এবং সংযমী হও। যাতে তোমরা দয়া প্রাপ্ত হতে পার।

۝ ان تقولوا انما انزل الكتب على طائفتين من قبلنا ص وان كنا

১৫৬। আন্ তাক্বূলূ~ইন্নামা~উন্‌যিলাল্ কিতা-বু 'আলা-ত্বা—ইফাতাইনি মিন্ ক্বাব্‌লিনা-, ওয়া ইন্ কুন্না-

(১৫৬) হয়তো তোমরা বলতে পার যে, কিতাবতো শুধু আমাদের পূর্বের দু'দলের প্রতি অবতীর্ণ হয়েছিল এবং আমরা তার পঠন-পাঠন সম্পর্কে

عن دراستهم لغفلين ۝ او تقولوا لو انا انزل علينا الكتب لكنا اهدى

'আন্ দিরা-সাতিহিম লাগা-ফিলীন। ১৫৭। আও তাক্বূলূ লাও আন্না~উন্‌যিলা 'আলাইনাল্ কিতা-বু লাকুন্না~আহ্‌দা-

অনবহিত ছিলাম। (১৫৭) অথবা বলে বস যে, যদি আমাদের প্রতি কোন কিতাব অবতীর্ণ হতো, তবে অবশ্যই আমরা তাদের চেয়ে অধিক সঠিক পথে

منهم ج فقد جاءكم بينة من ربكم وهدى ورحمة ج فمن اظلم ممن

মিন্‌হুম, ফাক্বাদ্ জ্বা—আকুম্ বাইয়্যিনাতুম্ মির্ রাব্বিকুম ওয়া হুদাওঁ ওয়া রাহ্‌মাহ. ফামান্ আয্বলামু মিম্ মান

থাকতাম। সুতরাং এখনতো তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের তরফ থেকে স্পষ্ট প্রমাণ, হিদায়াত ও দয়া এসেছে। সুতরাং সে ব্যক্তির চেয়ে বড় অত্যাচারী

كذب بايت الله وصدف عنها ط سنجزي الذين يصدفون عن ايتنا

কায্‌যাবা বিআ-ইয়া-তিল্লা-হি ওয়া স্বাদাফা 'আন্‌হা- ; সানাজ্বযিল্‌লাযীনা ইয়াস্বদিফূনা 'আন্ আ-ইয়া-তিনা-

আর কে আছে, যে আল্লাহর আয়াতকে মিথ্যা বলে এবং তা থেকে ফিরে থাকে? অতিশীঘ্র আমি তাদেরকে জঘন্য শাস্তি দিব, যারা

سوء العذاب بما كانوا يصدفون ۝ هل ينظرون الا ان تاتيهم

সূ—আল্ 'আযা-বি বিমা- কা-নূ ইয়াস্বদিফূন। ১৫৮। হাল্ ইয়ানয্বুরূনা ইল্লা~আন্ তা'তিয়াহুমুল্

আমার আয়াত থেকে ফিরে থাকবে, তাদের এ ফিরে থাকার কারণে। (১৫৮) তারা কি শুধু এ প্রতীক্ষায়ই আছে যে, তাদের কাছে

الملئكة او ياتي ربك او ياتي بعض ايت ربك ط يوم ياتي بعض

মালা—ইকাতু আও ইয়া'তিয়া রাব্বুকা আও ইয়া'তিয়া বা'দ্বু আ-য়া-তি রাব্বিক ; ইয়াওমা ইয়া'তী বা'দ্বু

আসবে ফিরিশতা অথবা স্বয়ং আপনার প্রতিপালক বা আপনার প্রতিপালকের কোন নিদর্শন? যেদিন আপনার

ايت ربك لا ينفع نفسا ايمانها لم تكن امنت من قبل او كسبت

আ-ইয়া-তি রাব্বিকা লা-ইয়ানফা'উ নাফ্‌সান ঈমা-নুহা- লাম্ তাকুন্ আ-মানাত্ মিন্ ক্বাব্‌লু আও কাসাবাত্

প্রতিপালকের কোন নিদর্শন আসবে, সেদিন তার ঈমান কোন কাজে আসবে না, যে ব্যক্তি পূর্বে ঈমান আনেনি বা যে তার ঈমানের মধ্যে

في ايمانها خيرا ط قل انتظروا انا منتظرون ۝ ان الذين فرقوا دينهم

ফী~ঈমা-নিহা- খাইরা- ; কুলিন্ তাযিরূ~ইন্না- মুন্‌তাযিরূন। ১৫৯। ইন্নাল্‌লাযীনা ফার্‌রাক্বূ দীনাহুম

নেক আমল অর্জন করেনি। বলুন, তোমরা অপেক্ষা কর, আমিও অপেক্ষা করছি। (১৫৯) নিশ্চয়ই যারা তাদের দ্বীনকে

وكانوا شيعا لست منهم في شيء ط انما امرهم الى الله ثم

ওয়া কা-নূ শিয়া'আল্ লাস্‌তা মিন্‌হুম ফী শাইয় ; ইন্নামা~আম্‌রুহুম ইলাল্লা-হি ছুম্মা

আলাদা করেছে এবং নানা দলে বিভক্ত হয়েছে, তাদের সাথে আপনার কোন সম্পর্ক নেই। তাদের ব্যাপার আল্লাহর দায়িত্বে।

ينبئهم بما كانوا يفعلون ۝ من جاء بالحسنة فله عشر امثالها ج

ইউনাব্বিউহুম্ বিমা- কা-নূ ইয়াফ্‌'আলূন। ১৬০। মান্ জ্বা—আ বিল্‌হ্বাসানাতি ফালাহূ 'আশ্‌রু আম্‌ছা-লিহা-,

অতঃপর তিনি তাদেরকে তাদের কৃতকর্ম জানিয়ে দিবেন। (১৬০) কেউ কোন পুণ্য কাজ করলে সে তার দশ গুণ পাবে

ومن جاء بالسيئة فلا يجزى الا مثلها وهم لا يظلمون ۝ قل انني

ওয়া মান্ জ্বা—আ বিস্ সাইয়্যিআতি ফালা- ইউজ্বযা~ইল্লা- মিছ্‌লাহা- ওয়া হুম লা-ইউয্বলামূন। ১৬১। কুল ইন্নানী

এবং কেউ কোন মন্দ কাজ করলে সে ততটুকুই শাস্তি পাবে এবং তারা অত্যাচারিত হবে না। (১৬১) আপনি বলুন,

هدىني ربي الى صراط مستقيم ج دينا قيما ملة ابرهيم حنيفا ج

হাদা-নী রাব্বী~ইলা- স্বিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম, দীনান্ ক্বিয়ামাম্ মিল্লাতা ইব্রা-হীমা হ্বানীফা-,

আমাকে আমার প্রতিপালক সঠিক পথ প্রদর্শন করেছেন, যা সুপ্রতিষ্ঠিত দ্বীন, ইব্রাহীমের ধর্মাদর্শ, সে ছিল একনিষ্ঠ।

وما كان من المشركين ۝ قل ان صلاتي ونسكي ومحياي

ওয়া মা- কা-না মিনাল মুশ্‌রিকীন। ১৬২। কুল ইন্না স্বালা-তী ওয়া নুসুকী ওয়া মাহ্বইয়া-ইয়া

আর তিনি মুশরিকদের অন্তর্ভুক্তও ছিলেন না। (১৬২) আপনি বলুন, আমার সালাত, আমার ইবাদাত, আমার জীবন,

ومماتي لله رب العلمين ۝ لا شريك له ج وبذلك امرت وانا

ওয়া মামা-তী লিল্লা-হি রাব্বিল 'আ-লামীন। ১৬৩। লা- শারীকা লাহ ; ওয়া বিযা-লিকা উমির্‌তু ওয়া আনা-

আমার মৃত্যু সব আল্লাহর জন্যই, যিনি বিশ্বজগতের প্রতিপালক। (১৬৩) তাঁর কোন শরীক নেই। আমাকে এ আদেশই করা হয়েছে এবং আমিই সর্বপ্রথম

أَوَّلُ الْمُسْلِمِينَ ﴿١٦٤﴾ قُلْ أَغَيْرَ اللَّهِ أَبْغِي رَبًّا وَهُوَ رَبُّ كُلِّ شَيْءٍ ۚ وَلَا

আওওয়ালুল্ মুস্লিমীন। ১৬৪। কুল আগাইরাল্লা-হি আব্গী রাব্বাওঁ ওয়া হুওয়া রাব্বু কুল্লি শাইয় ; ওয়ালা-
মান্যকারী। (১৬৪) আপনি বলুন, আমি কি আল্লাহ ব্যতীত অন্য কাউকে প্রতিপালক হিসেবে তালাস করব? অথচ তিনিই সব কিছুর প্রতিপালক। আর

تَكْسِبُ كُلُّ نَفْسٍ إِلَّا عَلَيْهَا ۚ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ ۚ ثُمَّ إِلَىٰ

তাক্সিবু কুল্লু নাফ্সিন ইল্লা- 'আলাইহা-, ওয়ালা- তাযিরু ওয়া-যিরাতুওঁ ওয়িয্রা উখ্রা-; ছুম্মা ইলা-
প্রত্যেকেই যা আমল করবে তা তারই দায়িত্বে এবং কেউ অন্য কারো বোঝা বহন করবে না। অতঃপর তোমরা সকলে তোমাদের

رَبِّكُمْ مَرْجِعُكُمْ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿١٦٥﴾ وَهُوَ الَّذِي

রাব্বিকুম মার্জ্বি'উকুম ফাইউনাব্বিউকুম্ বিমা- কুন্তুম ফীহি তাখ্তালিফূন। ১৬৫। ওয়া হুওয়াল্লাযী
প্রতিপালকের কাছে ফিরে যেতে হবে, তখন তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন, যে বিষয়ে তোমরা মতভেদ করেছিলে। (১৬৫) তিনিই

جَعَلَكُمْ خَلَائِفَ الْأَرْضِ وَرَفَعَ بَعْضَكُمْ فَوْقَ بَعْضٍ دَرَجَاتٍ لِيَبْلُوَكُمْ

জ্বা'আলাকুম খালা—ইফাল্ আর্দ্বি ওয়া রাফা'আ বা'দ্বাকুম ফাওক্বা বা'দ্বিন্ দ্বারাজ্বা-তিল্ লিইয়াব্লুওয়াকুম ২০
তোমাদেরকে পৃথিবীর প্রতিনিধি করেছেন এবং তোমাদের কতককে কতকের উপর মর্যাদা দিয়েছেন, যাতে তোমাদেরকে পরীক্ষা করতে পারেন,

فِي مَا آتَاكُمْ ۗ إِنَّ رَبَّكَ سَرِيعُ الْعِقَابِ وَإِنَّهُ لَغَفُورٌ رَحِيمٌ ○ ع ২১ ৭ রুকূ

ফী মা~আ-তা-কুম ; ইন্না রাব্বাকা সারী'উল 'ইক্বা-বি ওয়া ইন্নাহূ লাগাফূরুর্ রাহীম।
ঐ সকল বিষয়ে যা তোমাদেরকে দিয়েছেন। নিশ্চয়ই তোমার প্রতিপালক দ্রুত শাস্তি প্রদানকারী এবং তিনি ক্ষমাশীল ও দয়ালু।

সূরা আ'রা-ফ
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২০৬
রুকূ ঃ ২৪

﴿١﴾ الٓمٓصٓ ﴿٢﴾ كِتَابٌ أُنْزِلَ إِلَيْكَ فَلَا يَكُنْ فِي صَدْرِكَ حَرَجٌ مِنْهُ

১। আলিফ লা-ম্—মী—ম্ স্বোয়া—দ। ২। কিতা-বুন উন্যিলা ইলাইকা ফালা- ইয়াকুন্ ফী স্বাদ্রিকা হ্বারাজুম্ মিন্হু
(১) আলিফ লা-ম-মীম স্বাদ (২) এটি একটি কিতাব যা আপনার উপর অবতীর্ণ করা হয়েছে। যেন আপনার অন্তরে এ সম্পর্কে কোন সংকীর্ণতা না থাকে এর দ্বারা ভীতি

لِتُنْذِرَ بِهِ وَذِكْرَىٰ لِلْمُؤْمِنِينَ ﴿٣﴾ اتَّبِعُوا مَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ

লিতুন্যিরা বিহী ওয়া যিক্রা- লিল্ মু'মিনীন। ৩। ইত্তাবি'উ মা~উন্যিলা ইলাইকুম্ মির রাব্বিকুম
প্রদর্শনের ব্যাপারে। আর ঈমানদারদের জন্য এটি উপদেশ। (৩) তোমাদের প্রতিপালকের তরফ থেকে তোমাদের প্রতি যা অবতীর্ণ হয়েছে তা তোমরা অনুসরণ কর।

○ **শানে নুযূল (আঃ ১৬৪) ঃ** কাফিররা রাসূল (সা)-কে এবং মুসলমানদেরকে নিজেদের ভ্রান্ত মতের দিকে আহ্বান করত। তারা বলত, আমাদের ধর্ম ও মতবাদ গ্রহণ করলে যদি তোমাদের পাপ হয় বলে মনে কর, তবে আমরা তোমাদের সে পাপের ভার গ্রহণ করতে রাযী আছি।
○ **টীকা (আঃ ১৬৫) ঃ** পরীক্ষার উপায় এই যে, কারা আল্লাহর নেয়ামত পেয়ে তাঁর আনুগত্য প্রকাশ করে, আর কারা এর বিপরীত চলে, দেখা যাবে। ফলতঃ এক শ্রেণীর লোক অনুগত এবং অপর এক শ্রেণী অবাধ্য হলো। উভয় শ্রেণীর প্রতি তাদের কাজের অনুরূপ যথাযোগ্য ব্যবহার করা হবে। অর্থাৎ, অবাধ্যদেরকে শাস্তি এবং অনুগতদেরকে শান্তি প্রদান করবেন।

وَلَا تَتَّبِعُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ ۗ قَلِيلًا مَا تَذَكَّرُونَ ﴿٤﴾ وَكَمْ مِنْ قَرْيَةٍ أَهْلَكْنَاهَا

ওয়ালা-তাত্তাবি'উ মিন্ দূনিহী~আওলিয়া—আ ; ক্বালীলাম্ মা-তায্যাক্কারূন। ৪। ওয়াকাম্ মিন্ ক্বার্ইয়াতিন আহ্লাক্না-হা-
আর আল্লাহ ছাড়া অন্য বন্ধুদের অনুসরণ করো না। তোমরা সামান্যই উপদেশ মেনে থাক। (৪) বহু জনপদকে আমি ধ্বংস করে দিয়েছি। তাদের

فَجَاءَهَا بَأْسُنَا بَيَاتًا أَوْ هُمْ قَائِلُونَ ﴿٥﴾ فَمَا كَانَ دَعْوَاهُمْ إِذْ جَاءَهُمْ

ফাজ্বা—আহা- বা'সুনা- বাইয়া-তান্ আও হুম ক্বা—ইলূন। ৫। ফামা- কা-না দা'ওয়া-হুম ইয্ জ্বা—আহুম্
উপর আমার শাস্তি এসেছিল রাতের বেলা, অথবা দুপুরে বিশ্রামের সময়। (৫) যখন তাদের উপর আমার শাস্তি এসেছিল তখন তাদের মুখ হতে শুধু একথাই বের

بَأْسُنَا إِلَّا أَنْ قَالُوا إِنَّا كُنَّا ظَالِمِينَ ﴿٦﴾ فَلَنَسْأَلَنَّ الَّذِينَ أُرْسِلَ إِلَيْهِمْ

বা'সুনা~ইল্লা~আন্ ক্বা-লূ~ইন্না- কুন্না- যা-লিমীন। ৬। ফালানাস্আলান্নাল্ লাযীনা উর্সিলা ইলাইহিম
হয়েছিল, নিশ্চয়ই আমরা অত্যাচারী। (৬) অতঃপর যাদের প্রতি রাসূল প্রেরণ করা হয়েছিল আমি তাদের কাছে অবশ্যই জিজ্ঞাসা করব এবং রাসূলগণকেও

وَلَنَسْأَلَنَّ الْمُرْسَلِينَ ﴿٧﴾ فَلَنَقُصَّنَّ عَلَيْهِمْ بِعِلْمٍ ۖ وَمَا كُنَّا غَائِبِينَ ○

ওয়া লানাস্আলান্নাল মুর্সালীন। ৭। ফালানাকুস্বস্বান্না 'আলাইহিম্ বি'ইলমিওঁ ওয়ামা- কুন্না- গা—ইবীন।
জিজ্ঞাসা করব। (৭) তারপর আমি স্বজ্ঞানে বর্ণনা করব, তাদের নিকট (তাদের আমলসমূহ)। আর আমিতো অবিদিত ছিলাম না।

﴿٨﴾ وَالْوَزْنُ يَوْمَئِذٍ الْحَقُّ ۚ فَمَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ○

৮। ওয়াল্ ওয়ায্নু ইয়াওমাইযিনিল হ্বাক্কু, ফামান্ ছাকুলাত্ মাওয়া-যীনুহূ ফাউলা—ইকা হুমুল মুফ্লিহূন।
(৮) এবং সেদিন ওজন সঠিকভাবেই হবে। সেদিন যাদের পাল্লা ভারী হবে, তারাই সফলকাম হবে।

﴿٩﴾ وَمَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ بِمَا كَانُوا بِآيَاتِنَا

৯। ওয়া মান্ খাফ্ফাত্ মাওয়া-যীনুহূ ফাউলা—ইকাল্ লাযীনা খাসিরূ~আন্ফুসাহুম্ বিমা- কা-নূ বিআ-ইয়া-তিনা-
(৯) আর যাদের পাল্লা হালকা হবে, তারাই নিজেদেরকে ক্ষতিগ্রস্ত করেছে, কারণ তারা আমার আয়াতের হক নষ্ট

يَظْلِمُونَ ﴿١٠﴾ وَلَقَدْ مَكَّنَّاكُمْ فِي الْأَرْضِ وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ ۗ

ইয়ায্বলিমূন। ১০। ওয়া লাক্বাদ্ মাক্কান্না-কুম ফিল্ আর্দ্বি ওয়া জ্বা'আল্না- লাকুম ফীহা- মা'আ-ইশ ;
করতো। (১০) নিশ্চয়ই আমি তোমাদেরকে পৃথিবীতে বসবাসের ব্যবস্থা করেছি এবং সেথায় তোমাদের জন্য জীবিকার ব্যবস্থা করেছি।

১ ع ৪০ ৮ রুকূ قَلِيلًا مَا تَشْكُرُونَ ﴿١١﴾ وَلَقَدْ خَلَقْنَاكُمْ ثُمَّ صَوَّرْنَاكُمْ ثُمَّ قُلْنَا لِلْمَلَائِكَةِ

ক্বালীলাম্ মা-তাশ্কুরূন। ১১। ওয়ালাক্বাদ্ খালাক্না-কুম ছুম্মা ছাওওয়ার্না-কুম ছুম্মা কুল্না- লিল্ মালা—ইকাতিস্
তোমরা খুব কমই কৃতজ্ঞতা জ্ঞাপন কর। (১১) আমিই তোমাদেরকে সৃষ্টি করেছি অতঃপর তোমাদের আকৃতি দিয়েছি এরপরে আমি ফিরিশতাদেরকে বলেছি,

اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ لَمْ يَكُنْ مِنَ السَّاجِدِينَ ○

জুদূ লিআ-দামা ফাসাজ্বাদূ~ইল্লা~ইব্লীস ; লাম ইয়াকুম্ মিনাস্ সা-জ্বিদীন।
তোমরা আদমকে সিজদা কর। তখন ইবলিস ছাড়া সকলেই সিজদা করেছে। সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হলো না।

(১২) قَالَ مَا مَنَعَكَ اَلَّا تَسْجُدَ اِذْ اَمَرْتُكَ ؕ قَالَ اَنَا خَيْرٌ مِّنْهُ ۚ خَلَقْتَنِيْ

১২। ক্বা-লা মা- মানা'আকা আল্লা- তাস্‌জুদা ইয্ আমারতুক ; ক্বা-লা আনা খাইরুম্ মিনহু, খালাক্বতানী

(১২) আল্লাহ বললেন, যখন আমি তোমাকে নির্দেশ দিলাম, তখন কিসে তোমাকে সিজদা থেকে বিরত রাখল? সে বলল, আমি তার চেয়ে শ্রেষ্ঠ; আপনি

مِنْ نَّارٍ وَّخَلَقْتَهٗ مِنْ طِيْنٍ (১৩) قَالَ فَاهْبِطْ مِنْهَا فَمَا يَكُوْنُ لَكَ اَنْ تَتَكَبَّرَ

মিন্ না-রিওঁ ওয়া খালাক্বতাহূ মিন্ ত্বীন। ১৩। ক্বা-লা ফাহ্‌বিত্ব মিন্‌হা- ফামা- ইয়াকূনু লাকা আন্ তাতাকাব্বারা

আমাকে আগুন দ্বারা সৃষ্টি করেছেন এবং তাকে মাটি দ্বারা সৃষ্টি করেছেন।" (১৩) আল্লাহ বললেন, তুমি এখান থেকে নেমে যাও। এখানে বসে তোমার অহমিকা

فِيْهَا فَاخْرُجْ اِنَّكَ مِنَ الصّٰغِرِيْنَ (১৪) قَالَ اَنْظِرْنِيْٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ۝

ফীহা- ফাখ্‌রুজ্ ইন্নাকা মিনাস্ব স্বা-গিরীন। ১৪। ক্বা-লা আন্‌যিরনী~ইলা-ইয়াওমি ইয়ুব্'আছূন।

করার কোন অধিকার নেই। সুতরাং বের হও, নিশ্চয়ই তুমি নিকৃষ্টদের অন্তর্ভুক্ত। (১৪) সে বলল, আমাকে পুনরুত্থান দিবস পর্যন্ত সুযোগ দিন।

(১৫) قَالَ اِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ (১৬) قَالَ فَبِمَآ اَغْوَيْتَنِيْ لَاَقْعُدَنَّ لَهُمْ

১৫। ক্বা-লা ইন্নাকা মিনাল মুন্‌যারীন। ১৬। ক্বা-লা ফাবিমা~আগ্‌ওয়াইতানী লাআক্ব'উদান্না লাহুম

(১৫) আল্লাহ বললেন, যাদেরকে সুযোগ দেয়া হয়েছে নিশ্চয়ই তুমি তাদের অন্তর্ভুক্ত হলে। (১৬) সে বলল, আপনি আমাকে পথভ্রষ্ট করেছেন, এ কারণে আমি ও আপনার

صِرَاطَكَ الْمُسْتَقِيْمَ (১৭) ثُمَّ لَاٰتِيَنَّهُمْ مِّنْ بَيْنِ اَيْدِيْهِمْ وَمِنْ خَلْفِهِمْ

স্বিরা-ত্বাকাল মুস্‌তাক্বীম। ১৭। ছুম্মা লাআ-তিইয়ান্নাহুম মিম্ বাইনি আইদীহিম ওয়া মিন্ খাল্‌ফিহিম

বান্দাদের (পথভ্রষ্ট করার) জন্য সরল পথে বসে থাকব। (১৭) অতঃপর আমি তাদের নিকট তাদের সামনে থেকে, পিছন থেকে, ডান

وَعَنْ اَيْمَانِهِمْ وَعَنْ شَمَآئِلِهِمْ ؕ وَلَا تَجِدُ اَكْثَرَهُمْ شٰكِرِيْنَ (১৮) قَالَ اخْرُجْ

ওয়া 'আন্ আইমা-নিহিম ওয়া 'আন্ শামা—ইলিহিম ; ওয়ালা-তাজ্বিদু আক্‌ছারাহুম শা-কিরীন। ১৮। ক্বা-লাখ্ রুজ্

দিক থেকে এবং বাম দিক থেকে আসব আর আপনি তাদের অনেককেই কৃতজ্ঞ পাবেন না। (১৮) আল্লাহ বললেন, তুমি এখান থেকে

مِنْهَا مَذْءُوْمًا مَّدْحُوْرًا ؕ لَمَنْ تَبِعَكَ مِنْهُمْ لَاَمْلَئَنَّ جَهَنَّمَ مِنْكُمْ اَجْمَعِيْنَ ۝

মিন্‌হা- মায্‌উমাম্ মাদ্‌হূরা- ; লামান্ তাবি'আকা মিন্‌হুম লাআমলাআন্না জ্বাহান্নামা মিন্‌কুম আজ্বমা'ঈন।

লাঞ্ছিত ও বিতাড়িত অবস্থায় বের হয়ে যাও। তাদের মধ্য হতে যে কেউ তোমার অনুসরণ করবে আমি তোমাদের সকলের দ্বারা জাহান্নাম পরিপূর্ণ করব।

(১৯) وَيٰٓاٰدَمُ اسْكُنْ اَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ فَكُلَا مِنْ حَيْثُ شِئْتُمَا وَلَا تَقْرَبَا

১৯। ওয়া ইয়া~আ-দামুস্ কুন্ আন্তা ওয়া যাওজ্বুকাল জ্বান্নাতা ফাকুলা- মিন্ হ্বাইছু শি'তুমা- ওয়ালা- তাক্বরাবা-

(১৯) আর হে আদম! তুমি এবং তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং তোমরা উভয়ে খাও, যেখান থেকে ইচ্ছা কর এবং এ বৃক্ষের নিকটেও যাবে না,

هٰذِهِ الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظّٰلِمِيْنَ (২০) فَوَسْوَسَ لَهُمَا الشَّيْطٰنُ لِيُبْدِيَ

হা-যিহিশ্ শাজ্বারাতা ফাতাকূনা- মিনায্ য্বা-লিমীন। ২০। ফাওয়াস্ ওয়াসা লাহুমাশ্ শাইত্বা-নু লিইয়ুব্‌দিয়া

(যদি যাও) তবে তোমরা অত্যাচারীদের অন্তর্ভুক্ত হবে। (২০) অতঃপর শয়তান তাদের উভয়কে কুমন্ত্রণা দিল, যাতে প্রকাশ করে দেয় তাদের লজ্জাস্থান, যা তাদের উভয়ের

لَهُمَا مَا وٗرِيَ عَنْهُمَا مِنْ سَوْاٰتِهِمَا وَقَالَ مَا نَهٰىكُمَا رَبُّكُمَا عَنْ هٰذِهِ الشَّجَرَةِ

লাহুমা- মা- উরিয়া 'আন্‌হুমা- মিন্ সাওআ-তিহিমা- ওয়া ক্বা-লা মা- নাহা-কুমা- রাব্বুকুমা- 'আন্ হা-যিহিশ্ শাজ্বারাতি

হতে গোপন রাখা হয়েছিল। আর বলল, তোমাদের প্রতিপালক তোমাদের উভয়কে এ বৃক্ষের (কাছে যাওয়ার) ব্যাপারে শুধু এজন্য নিষেধ করেছেন, যাতে

اِلَّآ اَنْ تَكُوْنَا مَلَكَيْنِ اَوْ تَكُوْنَا مِنَ الْخٰلِدِيْنَ (২১) وَقَاسَمَهُمَآ اِنِّيْ لَكُمَا لَمِنَ

ইল্লা~আন্ তাকূনা- মালাকাইনি আও তাকূনা- মিনাল খা-লিদীন। ২১। ওয়া ক্বা-সামাহুমা~ইন্নী লাকুমা- লামিনান্

তোমরা উভয়েই আবার না ফিরিশতা হয়ে যাও অথবা তোমরা স্থায়ী হয়ে যাও। (২১) আর সে তাদের উভয়ের কাছে কসম খেয়ে বলল, নিশ্চয়ই আমি তোমাদের

النّٰصِحِيْنَ (২২) فَدَلّٰىهُمَا بِغُرُوْرٍ ۚ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَدَتْ لَهُمَا سَوْاٰتُهُمَا

না-স্বিহ্বীন। ২২। ফাদাল্লা-হুমা- বিগুরূর, ফালাম্মা- যা-ক্বাশ্ শাজ্বারাতা বাদাত্ লাহুমা- সাওআ-তুহুমা-

হিতাকাঙ্ক্ষী। (২২) এভাবে সে তাদেরকে ধোঁকার দ্বারা নীচে নিয়ে আসল। অতঃপর যখন উভয়েই বৃক্ষ (ফলের) স্বাদ গ্রহণ করল, তখন প্রকাশ হয়ে গেল,

وَطَفِقَا يَخْصِفٰنِ عَلَيْهِمَا مِنْ وَّرَقِ الْجَنَّةِ ؕ وَنَادٰىهُمَا رَبُّهُمَآ اَلَمْ اَنْهَكُمَا عَنْ

ওয়া ত্বাফিক্বা- ইয়াখ্‌স্বিফা-নি 'আলাইহিমা- মিওঁ ওয়ারাক্বিল জ্বান্নাহ ; ওয়া না-দা-হুমা- রাব্বুহুমা~আলাম্ আন্‌হাকুমা- 'আন্

তাদের লজ্জাস্থান এবং তারা বেহেশতের পাতা দ্বারা (তাদের লজ্জাস্থান) ঢাকতে লাগল। আর তাদের প্রতিপালক তাদেরকে ডেকে বললেন, আমি কি তোমাদেরকে

تِلْكُمَا الشَّجَرَةِ وَاَقُلْ لَّكُمَآ اِنَّ الشَّيْطٰنَ لَكُمَا عَدُوٌّ مُّبِيْنٌ (২৩) قَالَا رَبَّنَا

তিলকুমাশ্ শাজ্বারাতি ওয়া আকুল্ লাকুমা~ইন্নাশ্ শাইত্বা-না লাকুমা- 'আদুওউম্ মুবীন। ২৩। ক্বা-লা- রাব্বানা-

এ বৃক্ষ সম্পর্কে নিষেধ করিনি এবং তোমাদেরকে বলিনি, নিশ্চয়ই শয়তান তোমাদের প্রকাশ্য শত্রু? (২৩) তারা উভয়েই বলল, হে আমাদের প্রতিপালক!

ظَلَمْنَآ اَنْفُسَنَا ٜ وَاِنْ لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ ۝

য্বালাম্‌না~আন্‌ফুসানা-, ওয়া ইল্‌লাম তাগ্‌ফির্‌লানা- ওয়া তার্‌হ্বাম্‌না- লানাকূনান্না মিনাল খা-সিরীন।

আমরা আমাদের আত্মার উপর জুলুম করেছি, তুমি যদি ক্ষমা না কর এবং দয়া না কর তবে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের মধ্যে হয়ে যাব।

(২৪) قَالَ اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِي الْاَرْضِ مُسْتَقَرٌّ وَّمَتَاعٌ

২৪। ক্বা-লাহ্ বিত্বূ বা'দ্বুকুম লিবা'দ্বিন 'আদুওউ, ওয়া লাকুম্ ফিল্ আর্‌দ্বি মুস্‌তাক্বার্‌রুওঁ ওয়া মাতা-'উন

(২৪) আল্লাহ বললেন, তোমরা নেমে যাও একে অন্যের শত্রুরূপে এবং তোমাদের জন্য পৃথিবীতে বাসস্থান এবং ভোগের সামগ্রী রয়েছে, নির্দিষ্ট সময়ের

২ ১৫ ৯ রুকু اِلٰى حِيْنٍ (২৫) قَالَ فِيْهَا تَحْيَوْنَ وَفِيْهَا تَمُوْتُوْنَ وَمِنْهَا تُخْرَجُوْنَ (২৬) يٰبَنِيْٓ

ইলা- হ্বীন। ২৫। ক্বা-লা ফীহা- তাহ্বইয়াওনা ওয়া ফীহা- তামূতূনা ওয়া মিন্‌হা- তুখ্‌রাজূন। ২৬। ইয়া-বানী~

জন্য। (২৫) তিনি বললেন, সেখানেই তোমরা জীবন অতিবাহন করবে এবং সেখানেই তোমাদের মৃত্যু হবে এবং সেখান থেকেই তোমাদের পুনরুত্থান হবে। (২৬) হে

○ টীকা (আঃ ২১) ঃ অর্থাৎ, ধূর্ত শয়তান তাদেরকে প্ররোচনা দিল যে, আল্লাহ্ তোমাদেরকে জান্নাতে স্থায়ীভাবে রাখতে চান না। একারণে এ বৃক্ষফল খেতে নিষেধ করেছেন। কারণ এ বৃক্ষফল যে ভক্ষণ করে সে ফিরিশতা হয়ে যায় অথবা জান্নাতে চিরস্থায়ীভাবে থেকে যায়। এভাবে তাদেরকে প্রভাবিত করলো। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ২৬) ঃ وريشا ঃ (শোভাময় পোশাক) সাজ-সজ্জার জন্য মানুষ যে পোশাক পরিধান করে তাকে ريش বলে। আল্লাহ মানুষদেরকে দু' প্রকারের পোশাক দিয়েছেন। (১) লজ্জাস্থান ঢাকার জন্য পোশাক। (২) শরীরের শোভা বৃদ্ধির জন্য এক প্রকার পোশাক।

آدَمَ قَدْ أَنْزَلْنَا عَلَيْكُمْ لِبَاسًا يُوَارِي سَوْآتِكُمْ وَرِيشًا ۖ وَلِبَاسُ

আ-দামা ক্বাদ্ আন্যাল্না- 'আলাইকুম লিবা-সাঁই ইউওয়া-রী সাওআ-তিকুম ওয়া রীশা- ; ওয়া লিবা-সুত্

বনী আদম! আমি তোমাদের জন্য প্রেরণ করেছি পোশাক, যা তোমাদের লজ্জাস্থান ঢেকে রাখে। আর প্রেরণ করেছি শোভাময় পোশাক।

التَّقْوَىٰ ذَٰلِكَ خَيْرٌ ۚ ذَٰلِكَ مِنْ آيَاتِ اللَّهِ لَعَلَّهُمْ يَذَّكَّرُونَ ۝٢٦ يَا بَنِي

তাক্বওয়া- যা-লিকা খাইর ; যা-লিকা মিন্ আ-ইয়া-তিল্লা-হি লা'আল্লাহুম ইয়ায্যাক্কারূন। ২৭। ইয়া-বানী~

পরহেজগারী পোশাকই সর্বোত্তম। এটা আল্লাহর নিদর্শনাবলীর অন্তর্ভুক্ত, যাতে তারা উপদেশ গ্রহণ করে। (২৭) হে বনী আদম!

آدَمَ لَا يَفْتِنَنَّكُمُ الشَّيْطَانُ كَمَا أَخْرَجَ أَبَوَيْكُمْ مِنَ الْجَنَّةِ يَنْزِعُ عَنْهُمَا

আ-দামা লা-ইয়াফ্তিনান্নাকুমুশ্ শাইত্বা-নু কামা~আখ্রাজ্বা আবাওয়াইকুম্ মিনাল জ্বান্নাতি ইয়ান্যি'উ 'আন্হুমা-

শয়তান যেন তোমাদেরকে ধোঁকায় না ফেলে, যেভাবে সে বের করে দিয়েছিল তোমাদের পিতা-মাতাকে জান্নাত থেকে, (এমন অবস্থায়) যে তাদের পোশাক পর্যন্ত

لِبَاسَهُمَا لِيُرِيَهُمَا سَوْآتِهِمَا ۗ إِنَّهُ يَرَاكُمْ هُوَ وَقَبِيلُهُ مِنْ حَيْثُ لَا تَرَوْنَهُمْ ۗ

লিবা-সাহুমা- লিউরিয়াহুমা- সাওআ- তিহিমা-; ইন্নাহূ ইয়ারা-কুম হুওয়া ওয়া ক্বাবীলুহূ মিন্ হাইছু লা-তারাওনাহুম ;

তাদের থেকে নামিয়ে দিয়েছিল, যাতে তাদের লজ্জাস্থান তাদেরকে দেখিয়ে দেয়। নিশ্চয়ই সে এবং তার দল তোমাদেরকে দেখে এমন স্থান থেকে যে স্থান থেকে

إِنَّا جَعَلْنَا الشَّيَاطِينَ أَوْلِيَاءَ لِلَّذِينَ لَا يُؤْمِنُونَ ۝٢٧ وَإِذَا فَعَلُوا فَاحِشَةً

ইন্না- জ্বা'আলনাশ্ শাইয়া-ত্বীনা আওলিয়া—আ লিল্লাযীনা লা-ইয়ু'মিনূন। ২৮। ওয়া ইযা- ফা'আলূ ফা-হিশাতান্

তোমরা তাদেরকে দেখতে পাও না। আমি শয়তানকে তাদের বন্ধু নির্ধারণ করেছি যারা ঈমান আনে না। (২৮) যখন তারা কোন অশ্লীল কাজ করে,

قَالُوا وَجَدْنَا عَلَيْهَا آبَاءَنَا وَاللَّهُ أَمَرَنَا بِهَا ۗ قُلْ إِنَّ اللَّهَ لَا يَأْمُرُ

ক্বা-লূ ওয়াজ্বাদনা-'আলাইহা~আ-বা—আনা-ওয়াল্লা-হু আমারানা-বিহা-; কুল ইন্নাল্লা-হা লা-ইয়া'মুরু

তখন বলে, আমরা আমাদের বাপ-দাদাকে এর উপর পেয়েছি। আর আল্লাহও আমাদেরকে এভাবে নির্দেশ দিয়েছেন। আপনি বলুন, আল্লাহ কখনই

بِالْفَحْشَاءِ ۖ أَتَقُولُونَ عَلَى اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ۝٢٨ قُلْ أَمَرَ رَبِّي بِالْقِسْطِ ۖ

বিল্ ফাহ্শা—ই ; আতাকূলূনা 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন। ২৯। কুল আমারা রাব্বী বিল্ ক্বিস্ত্

অশ্লীল কাজের নির্দেশ দেন না। তোমরা কি আল্লাহ সম্পর্কে এমন কথা বলতেছ, যে সম্পর্কে তোমরা জান না? (২৯) বলুন, আমার প্রতিপালক ন্যায় বিচারের নির্দেশ

وَأَقِيمُوا وُجُوهَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ ۚ

ওয়া আক্বীমূ উজূহাকুম 'ইন্দা কুল্লি মাস্জ্বিদিওঁ ওয়াদ্'উহু মুখ্লিস্বীনা লাহুদ্ দীন ;

দিয়েছেন এবং প্রত্যেক সিজদার সময় তোমরা তোমাদের মুখমন্ডল সোজা রাখবে এবং তাঁরই ইবাদাতের জন্য একাগ্রতার সাথে তাঁকে ডাকবে। আল্লাহ

كَمَا بَدَأَكُمْ تَعُودُونَ ۝٢٩ فَرِيقًا هَدَىٰ وَفَرِيقًا حَقَّ عَلَيْهِمُ الضَّلَالَةُ ۗ إِنَّهُمُ

কামা- বাদাআকুম তা'উদূন। ৩০। ফারীক্বান্ হাদা- ওয়া ফারীক্বান্ হাক্ক্বা 'আলাইহিমুদ্দ্বালা-লাহ ; ইন্নাহুমুত্

তোমাদেরকে প্রথমে যে ভাবে সৃষ্টি করেছেন সেভাবেই প্রত্যাবর্তন করবে। (৩০) একদলকে আল্লাহ সঠিক পথ প্রদর্শন করেছেন আর অন্যদলের উপর পথভ্রষ্টতা

اتَّخَذُوا الشَّيَاطِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ اللَّهِ وَيَحْسَبُونَ أَنَّهُمْ مُهْتَدُونَ ○

তাখাযুশ্ শাইয়া-ত্বীনা আওলিয়া—আ মিন্ দূনিল্লা-হি ওয়া ইয়াহ্সাবূনা আন্নাহুম মুহ্তাদূন।

অবধারিত করা হয়েছে। তারা আল্লাহকে ছেড়ে শয়তানকেই বন্ধু হিসেবে গ্রহণ করেছে এবং তারা ধারণা করতো যে, নিশ্চয়ই তারা সঠিক পথে রয়েছে।

۝٣٠ يَا بَنِي آدَمَ خُذُوا زِينَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَكُلُوا وَاشْرَبُوا وَلَا تُسْرِفُوا ۚ

৩১। ইয়া-বানী~আ-দামা খুযূ যীনাতাকুম 'ইন্দা- কুল্লি মাস্জ্বিদিওঁ ওয়া কুলূ ওয়াশ্রাবূ ওয়ালা- তুস্রিফূ,

(৩১) হে বনী আদম! তোমরা প্রত্যেক নামাযের সময় তোমাদের সুন্দর পোশাক পরিধান কর এবং খাও ও পান কর কিন্তু তোমরা অপচয় করো না।

৩ ع ১০ রুকূ إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ ۝٣١ قُلْ مَنْ حَرَّمَ زِينَةَ اللَّهِ الَّتِي أَخْرَجَ لِعِبَادِهِ

ইন্নাহূ লা-ইয়ুহিব্বুল মুস্রিফীন। ৩২। কুল মান্ হার্রামা যীনাতাল্লা-হিল লাতী~আখ্রাজ্বা লি'ইবা-দিহী

নিশ্চয় আল্লাহ অপচয়কারীকে ভালাবাসেন না। (৩২) আপনি বলুন, কে নিষিদ্ধ করেছে, আল্লাহর সেই শোভনীয় বস্তু এবং

وَالطَّيِّبَاتِ مِنَ الرِّزْقِ ۚ قُلْ هِيَ لِلَّذِينَ آمَنُوا فِي الْحَيَاةِ الدُّنْيَا خَالِصَةً

ওয়াত্ত্বাইয়্যিবা-তি মিনার্ রিযক্ব ; কুল হিয়া লিল্লাযীনা আ-মানূ ফিল্ হাইয়া-তিদ্ দুনইয়া-খা-লিস্বাতাঁই

খাদ্য দ্রব্যের পবিত্র বস্তু যা তিনি তাঁর বান্দার জন্য সৃষ্টি করেছেন? বলুন, এসব মু'মিনদের জন্য পার্থিব জীবনে, বিশেষ করে

يَوْمَ الْقِيَامَةِ ۗ كَذَٰلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ ۝٣٢ قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ

ইয়াওমাল ক্বিয়া-মাহ, কাযা-লিকা নুফাস্বস্বিলুল আ-ইয়া-তি লিক্বাওমিই ইয়া'লামূন। ৩৩। কুল ইন্নামা- হার্রামা রাব্বি

কিয়ামতের দিনে। এভাবে আমি জ্ঞানীদের জন্য আয়াতকে বিস্তারিত বর্ণনা করি। (৩৩) বলুন, আমার প্রতিপালক

الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْإِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَأَنْ

য়াল্ ফাওয়া-হিশা মা-যাহারা মিন্হা- ওয়া মা- বাত্বানা ওয়াল্ ইছ্মা ওয়াল্ বাগ্ইয়া বিগাইরিল হাক্কি ওয়া আন

নিষিদ্ধ করেছেন প্রকাশ্য ও অপ্রকাশ্য অপকর্ম, গুনাহ এবং অন্যায়ভাবে অত্যাচার এবং আল্লাহর সাথে কোন কিছুকে

تُشْرِكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَأَنْ تَقُولُوا عَلَى اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ○

তুশ্রিকূ বিল্লা-হি মা-লাম ইউনায্যিল বিহী সুল্ত্বা-নাওঁ ওয়া আন্ তাকূলূ 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন।

শরীক করা, যার কোন প্রমাণ তিনি অবতীর্ণ করেন নি এবং আল্লাহ সম্পর্কে এমন সব কথা বলা, যে ব্যাপারে তোমাদের কোন জ্ঞান নেই।

۝٣٣ وَلِكُلِّ أُمَّةٍ أَجَلٌ ۖ فَإِذَا جَاءَ أَجَلُهُمْ لَا يَسْتَأْخِرُونَ سَاعَةً ۖ وَلَا يَسْتَقْدِمُونَ ○

৩৪। ওয়া লিকুল্লি উম্মাতিন্ আজ্বাল, ফাইযা- জ্বা—আ আজ্বালুহুম লা-ইয়াস্তা'খিরূনা সা-'আতাওঁ ওয়ালা- ইয়াস্ তাক্বদিমূন।

(৩৪) প্রত্যেক জাতির জন্যই একটি নির্ধারিত সময় আছে। যখন তাদের সে নির্ধারিত সময় এসে যাবে তখন মুহূর্তকালও পিছে হটতে পারবে না এবং সামনে অগ্রসরও হতে পারবে না।

✪ শানে নুযূল (আঃ ৩১) ঃ বনী ছক্বীফ এবং কোন কোন মুশরিক সম্প্রদায়ের স্ত্রী-পুরুষ সকলেই উলঙ্গ অবস্থায় কা'বা ঘরের তওয়াফ করত, আর বনী আমের গোত্রের লোকের ইহরামের অবস্থায় ঘৃত ও মাংস আহার করত না এবং এটিকে ইবাদত ও তা'যীম বলে মনে করতো,, মুসলমানগণ হুযূর (স)-কে বললেন, এই তা'যীম করা আমাদের জন্যই তো অধিক সঙ্গত। আল্লাহ তা'আলা অত্র আয়াতে তাদেরকে ভীতি প্রদর্শন করলেন। (বঃ কোঃ) ✪ শানে নুযূল (আঃ ৩২) ঃ ......قل من حرم ঃ ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত, জাহেলগণ (অশিক্ষিতরা) কতিপয় হালাল বস্তু নিজেদের উপর হারাম করেছিল এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়।

﴿٣٥﴾ يبني ادم اما ياتينكم رسل منكم يقصون عليكم ايتي فمن اتقى

৩৫। ইয়া-বানী~আ-দামা ইম্মা- ইয়া'তিইয়ান্নাকুম রুসুলুম্ মিন্‌কুম ইয়াক্বুস্বস্বূনা 'আলাইকুম আ-ইয়া-তী ফামানিত্তাক্বা

(৩৫) হে বনী আদম! যদি তোমাদের নিকট তোমাদের মধ্য হতে কোন রাসূল এসে তোমাদের কাছে আমার আয়াত বর্ণনা করেন, তখন যে পরহেজগারী

واصلح فلا خوف عليهم ولا هم يحزنون ﴿٣٦﴾ والذين كذبوا باياتنا

ওয়া আস্বলাহ্ব ফালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্বযানূন। ৩৬। ওয়াল্‌লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা-

অবলম্বন করবে এবং নিজকে সংশোধন করবে তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবেনা। (৩৬) আর যারা আমার আয়াতকে

واستكبروا عنها اولئك اصحب النار هم فيها خلدون ﴿٣٧﴾ فمن

ওয়াস্ তাকবারূ 'আন্‌হা~উলা—ইকা আস্বহ্বা-বুন্ না-র, হুম ফীহা- খা-লিদূন। ৩৭। ফামান্

মিথ্যা বলে এবং অহমিকার সাথে অমান্য করে, তারাই জাহান্নামী। সেখানে তারা চিরকাল থাকবে। (৩৭) সে ব্যক্তির চেয়ে বড়

اظلم ممن افترى على الله كذبا او كذب باياته اولئك ينالهم

আয্বলামু মিম্ মানিফ্ তারা- 'আলাল্লা-হি কাযিবান আও কায্‌যাবা বিআ-ইয়া-তিহ্ব ; উলা—ইকা ইয়ানা-লুহুম

অত্যাচারী আর কে হতে পারে, যে আল্লাহ সম্পর্কে মিথ্যারোপ করে বা তাঁর আয়াতকে মিথ্যা বলে? তাদের ভাগ্যে যা কিছু লিখা আছে

نصيبهم من الكتب حتى اذا جاءتهم رسلنا يتوفونهم قالوا اين

নাস্বীবুহুম্ মিনাল কিতা-ব ; হাত্তা~ইযা- জ্বা—আত্‌হুম রুসুলুনা- ইয়াতাওয়াফ্‌ফাওনাহুম ক্বা-লূ~আইনা

তা তাদের কাছে পৌছবে। এমনকি তাদের কাছে আমার প্রেরিত ফিরিশতাগণ যখন তাদের আত্মা বের করে নেয়ার জন্য আসবে, তখন তারা বলবে, তারা

ما كنتم تدعون من دون الله قالوا ضلوا عنا وشهدوا على انفسهم

মা- কুন্‌তুম তাদ্'ঊনা মিন্ দূনিল্লা-হ ; ক্বা-লূ দ্বাল্‌লূ 'আন্না- ওয়াশাহিদূ 'আলা~আন্‌ফুসিহিম

এখন কোথায় যাদেরকে তোমরা ডাকতে আল্লাহকে ছেড়ে? তারা বলবে, আমাদের থেকে তারা উধাও হয়ে গেছে এবং তারা নিজেদের ব্যাপারে সাক্ষ্য

انهم كانوا كفرين ﴿٣٨﴾ قال ادخلوا في امم قد خلت من قبلكم من

আন্নাহুম কা-নূ কা-ফিরীন। ৩৮। ক্বা-লাদ্‌খুলূ ফী~উমামিন্ ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাবলিকুম্ মিনাল

দিবে যে, নিশ্চয়ই তারা কাফির ছিল। (৩৮) আল্লাহ বলবেন, জ্বীন ও মানুষের মধ্য হতে যে দল তোমাদের পূর্বে (জাহান্নামে) চলে গেছে,

الجن والانس في النار كلما دخلت امة لعنت اختها حتى اذا

জ্বিন্নি ওয়াল্ ইন্‌সি ফিন্ না-র ; কুল্লামা- দাখালাত্ উম্মাতুল লা'আনাত উখ্‌তাহা-; হাত্তা~ইযাদ্

তাদের সাথে তোমরাও জাহান্নামে প্রবেশ কর। যখনই কোন (কাফির) দল (জাহান্নামে) প্রবেশ করবে, তখনই অন্য (কাফির) দলকে তারা অভিসম্পাত কর। এমনকি যখন

اداركوا فيها جميعا قالت اخرىهم لاولىهم ربنا هؤلاء اضلونا فاتهم

দা-রাক্ ফীহা- জ্বামী'আন ক্বা-লাত্ উখ্‌রা-হুম লিউলা-হুম রাব্বানা- হা~উলা—ই আদ্বাল্‌লূনা- ফাআ-তিহিম

সবাই সেখানে মিলিত হবে, তখন তাদের পিছনের লোকেরা আগের লোকগুলো সম্পর্কে বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এ লোকগুলোই পথভ্রষ্ট করেছিল।

عذابا ضعفا من النار قال لكل ضعف ولكن لا تعلمون ﴿٣٩﴾ وقالت

'আযা-বান্ দ্বি'ফাম্ মিনান্ না-র ; ক্বা-লা লিকুল্লিন্ দ্বি'ফুওঁ ওয়ালা-কিল্ লা-তা'লামূন। ৩৯। ওয়া ক্বা-লাত

সুতরাং তাদেরকে জাহান্নামের শাস্তি দ্বিগুণ করে দিন। আল্লাহ বলবেন, সকলের জন্যই দ্বিগুণ (শাস্তি) রয়েছে। কিন্তু তোমরা তো জান না। (৩৯) এবং তাদের আগের

اولىهم لاخرىهم فما كان لكم علينا من فضل فذوقوا العذاب

উলা-হুম লিউখ্‌রা-হুম ফামা- কা-না লাকুম 'আলাইনা- মিন্ ফাদ্বলিন্ ফাযূক্বুল 'আযা-বা

৪ লোকগুলো পিছনের লোকদেরকে বলবে, আমাদের উপর তোমাদের কোন প্রাধান্য নেই, সুতরাং তোমরা তোমাদের কৃতকর্মের

ع ৮ ১১ রুকূ بما كنتم تكسبون ﴿٤٠﴾ ان الذين كذبوا باياتنا واستكبروا عنها

বিমা-কুন্‌তুম তাক্‌সিবূন। ৪০। ইন্নাল্‌লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা- ওয়াস্‌তাক্‌বারূ 'আন্‌হা-

শাস্তি উপভোগ কর। (৪০) নিশ্চয়ই যারা আমার আয়াতকে মিথ্যা বলে এবং অহংকারে থেকে মুখ ফিরায়,

لا تفتح لهم ابواب السماء ولا يدخلون الجنة حتى يلج الجمل في

লা-তুফাত্তাহু লাহুম আবওয়া-বুস্ সামা—ই ওয়ালা- ইয়াদ্‌খুলূনাল জ্বান্নাতা হাত্তা- ইয়ালিজ্বাল জ্বামালু ফী

তাদের জন্য আকাশের দরজা খোলা হবে না এবং তারা জান্নাতেও প্রবেশ করবে না যতক্ষণ না উট প্রবেশ করে

سم الخياط وكذلك نجزي المجرمين ﴿٤١﴾ لهم من جهنم مهاد

সাম্মিল্ খিয়া-ত্ব ; ওয়া কাযা-লিকা নাজ্বযিল মুজ্বরিমীন। ৪১। লাহুম্ মিন্ জ্বাহান্নামা মিহা-দুওঁ

সূঁচের ছিদ্র দিয়ে। এভাবেই আমি অপরাধীদেরকে শাস্তি প্রদানকরব। (৪১) তাদের জন্য হবে জাহান্নামের (অগ্নির) শয্যা,

ومن فوقهم غواش وكذلك نجزي الظلمين ﴿٤٢﴾ والذين امنوا وعملوا

ওয়ামিন্ ফাওক্বিহিম গাওয়া-শ ; ওয়া কাযা-লিকা নাজ্বযিয্ব য্বা-লিমীন। ৪২। ওয়াল্‌লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব

এবং তার উপরে হবে (জাহান্নামের) চাদর। আর আমি এভাবেই অত্যাচারীদের শাস্তি দিব। (৪২) যারা ঈমান আনে এবং নেক

الصلحت لا نكلف نفسا الا وسعها اولئك اصحب الجنة هم

স্বা-লিহা-তি লা- নুকাল্লিফু নাফ্‌সান ইল্লা উস্'আহা~উলা—ইকা আস্বহ্বা-বুল জ্বান্নাহ, হুম

আমল করে, কারো উপর আমি তার সাধ্যের বহির্ভূত কোন কাজ দেই না। তারাই জান্নাতের অধিবাসী, সেখানে তারা

فيها خلدون ﴿٤٣﴾ ونزعنا ما في صدورهم من غل تجري من تحتهم

ফীহা- খা-লিদূন। ৪৩। ওয়া নাযা'না- মা-ফী স্বুদূরিহিম্ মিন্ গিল্‌লিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহিমুল

চিরদিন থাকবে। (৪৩) আমি তাদের অন্তর হতে সে বিদ্বেষ দূর করে দিব। তাদের তলদেশে নহরসমূহ প্রবাহিত হবে,

○ টীকা (আঃ ৪০) ঃ এর মর্ম এই যে, সূচের ছিদ্র দিয়ে বহির্গমন, উটের পক্ষে যদ্রূপ অসম্ভব কাফিরদের পক্ষে বেহেশতে প্রবেশ তদ্রূপ অসম্ভব।

○ টীকা (আঃ ৪৩) ঃ ونزعنا......من غل - (অন্তর হতে বিদ্বেষ দূর করব) বিদ্বেষ যা অন্তরে বিদ্যমান থাকে। আল্লাহ তা'আলা জান্নাতীগণকে জান্নাতে এ নেয়ামতও দান করবেন যে, তাঁদের অন্তর থেকে বিদ্বেষ দূর করে দিবেন। ফলে জান্নাতীদের একে অপরের প্রতি কোন হিংসা ও বিদ্বেষ থাকবেনা। তাদের অন্তর পরিশুদ্ধ থাকবে। অথবা- জান্নাতীদের মধ্যে যে পদ-মর্যাদায় পার্থক্য হবে, সে ব্যাপারে কারো কোন বিদ্বেষ থাকবে না। (কুঃ কারীম)

الْاَنْهٰرُ ۚ وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ هَدٰىنَا لِهٰذَا ۗ وَمَا كُنَّا لِنَهْتَدِىَ

আনহা-র, ওয়া ক্বা-লুল্ হ্বাম্‌দু লিল্লা-হিল্লাযী হাদা-না- লিহা-যা-, ওয়া মা- কুন্না-লিনাহ্‌তাদিয়া

তারা বলবে, প্রশংসা আল্লাহরই যিনি আমাদেরকে সঠিক পথে পরিচালিত করেছেন। আমরা কখনো সঠিক পথ পেতাম না যদি আল্লাহ আমাদেরকে

لَوْلَاۤ اَنْ هَدٰىنَا اللّٰهُ ۚ لَقَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ؕ وَنُوْدُوْۤا اَنْ تِلْكُمُ

লাওলা~আন্ হাদা-নাল্লা-হ, লাক্বাদ্ জ্বা—আত্ রুসুলু রাব্বিনা-বিল্ হ্বাক্বক্ব ; ওয়া নূদূ~আন্ তিলকুমুল

সঠিক পথ প্রদর্শন না করতেন। নিশ্চয়ই আমাদের প্রতিপালকের প্রেরিত রাসূল সত্য বাণীসহ এসেছিলেন, এবং তাদেরকে ডেকে বলা হবে

الْجَنَّةُ اُوْرِثْتُمُوْهَا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝٤٤ وَنَادٰۤى اَصْحٰبُ الْجَنَّةِ

জ্বান্নাতু উরিছ্‌তুমূহা- বিমা- কুন্‌তুম তা'মালূন। ৪৪। ওয়া না-দা~আস্বহ্বা-বুল্ জ্বান্নাতি

তোমাদেরকে এ জান্নাতের উত্তরাধিকারী করা হলো, তোমাদের আমলের কারণে। (৪৪) আর জান্নাতীগণ

اَصْحٰبَ النَّارِ اَنْ قَدْ وَجَدْنَا مَا وَعَدَنَا رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدْتُّمْ مَّا

আস্বহ্বা-বান্ না-রি আন্ ক্বাদ্ ওয়াজ্বাদ্‌না- মা-ওয়া'আদানা- রাব্বুনা- হ্বাক্বক্বান্ ফাহাল্ ওয়াজ্বাদ্‌তুম্ মা-

জাহান্নামীদেরকে ডেকে বলবে, আমাদের প্রতিপালক আমাদেরকে যে ওয়াদা দিয়েছিলেন তা আমরা যথাযথভাবেই পেয়েছি, তোমরা কি যথাযথভাবে

وَعَدَ رَبُّكُمْ حَقًّا ؕ قَالُوْا نَعَمْ ۚ فَاَذَّنَ مُؤَذِّنٌ ۢ بَيْنَهُمْ اَنْ لَّعْنَةُ اللّٰهِ

ওয়া'আদা রাব্বুকুম হ্বাক্বক্বা- ; ক্বা-লূ না'আম, ফাআয্‌যানা মুআয্‌যিনুম্ বাইনাহুম আল্ লা'নাতুল্লা-হি

পেয়েছ, তোমাদের প্রতিপালক যার ওয়াদা দিয়েছিলেন? তারা বলবে, হ্যাঁ; অতঃপর একজন ঘোষণাকারী তাদের মাঝে ঘোষণা করবে, আল্লাহর অভিশাপ

عَلَى الظّٰلِمِيْنَ ۝٤٥ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ۚ

'আলায্ যা-লিমীন। ৪৫। আল্‌লাযীনা ইয়াস্বুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি ওয়া ইয়াব্‌গূনাহা- 'ইওয়াজ্বা-

অত্যাচারীদের উপর। (৪৫) যারা আল্লাহর রাস্তায় বাধা সৃষ্টি করতো এবং তাতে কুটিলতা অন্বেষণ করতো এবং তারা

وَهُمْ بِالْاٰخِرَةِ كٰفِرُوْنَ ۝٤٦ وَبَيْنَهُمَا حِجَابٌ ۚ وَعَلَى الْاَعْرَافِ رِجَالٌ

ওয়া হুম্ বিল আ-খিরাতি কা-ফিরূন। ৪৬। ওয়া বাইনাহুমা- হ্বিজ্বা-ব, ওয়া 'আলাল্ আ'রা-ফি রিজ্বা-লুঁই

পরকালেও অবিশ্বাসী ছিল। (৪৬) তাদের (দু' দলের) মাঝে একটি প্রাচীর থাকবে এবং আ'রাফে অনেক লোক থাকবে,

يَّعْرِفُوْنَ كُلًّا ۢ بِسِيْمٰىهُمْ ۚ وَنَادَوْا اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ سَلٰمٌ عَلَيْكُمْ ۟

ইয়া'রিফূনা কুল্লাম বিসীমা-হুম, ওয়া না-দাও আস্বহ্বা-বাল জ্বান্নাতি আন্ সালা-মুন 'আলাইকুম,

তারা তাদের প্রত্যেককে তার লক্ষণ দেখে চিনবে এবং জান্নাতীগণকে ডেকে বলবে, "তোমাদের উপর শান্তি হোক।"

তিন চতুর্থাংশ

৭

○ টীকা (আঃ ৪৪) ঃ 'তোমাদের আমলের কারণে' বাক্য হতে বুঝা যায়, মানুষের আমলই বেহেশত প্রাপ্তির কারণ। অথচ হাদীসে দেখা যায়, খোদার রহমতেই মানুষ বেহেশত পাবে। এর অর্থ এই যে, আয়াতটিতে বাহ্যিক কারণের কথা বলা হয়েছে। আর হাদীসে মূল কারণের কথা বলা হয়েছে। অর্থাৎ, আমল বেহেশত লাভের বাহ্যিক কারণ, আর খোদার রহমত তার মূল কারণ। ○ বিশ্লেষণ (আঃ ৪৬) ঃ اعراف -এর অর্থ উচ্চস্থান। জান্নাত ও জাহান্নামের মধ্যে অবস্থিত প্রাচীর 'আরাফ' নামে অভিহিত। ○ টীকা (আঃ ৪৬) ঃ বেহেশত ও দোযখের মধ্যস্থল তাদের ব্যবধান নির্ধারক একটি টিলাকে আ'রাফ বলে। এটা সাদা মেশকের চেয়েও উচ্চ। এখানে অনেক লোক অবস্থানরত থাকবে। বিশুদ্ধ মত এই যে, যাদের নেকী ও বদীর পাল্লা সমান হবে তারা এখানে অবস্থান করবে। এখান হতে তারা বেহেশতীদের ও দোযখীদের চেহারা দেখে চিনতে পারবে।

لَمْ يَدْخُلُوْهَا وَهُمْ يَطْمَعُوْنَ ۝٤٧ وَاِذَا صُرِفَتْ اَبْصَارُهُمْ تِلْقَآءَ اَصْحٰبِ

লাম্ ইয়াদ্‌খুলূহা- ওয়াহুম ইয়াত্বমা'উন। ৪৭। ওয়া ইযা- স্বুরিফাত্ আব্‌স্বা-রুহুম তিল্‌ক্বা—আ আস্বহ্বা-বিন্

তারা (আ'রাফ বাসীগণ) এখনও জান্নাতে প্রবেশ করেনি কিন্তু কামনা করছে। (৪৭) যখন তাদের দৃষ্টি জাহান্নামবাসীদের উপর পড়বে,

৫ ع ১২ রুকূ

النَّارِ ۙ قَالُوْا رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝٤٨ وَنَادٰۤى اَصْحٰبُ

না-রি ক্বা-লূ রাব্বানা- লা-তাজ্ব'আলনা- মা'আল্ ক্বাওমিয্ যা-লিমীন। ৪৮। ওয়ানা-দা~আস্বহ্বা-বুল্

তখন তারা বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে অত্যাচারী সম্প্রদায়ের সাথে অন্তর্ভুক্ত করবেন না। (৪৮) আ'রাফবাসীগণ

الْاَعْرَافِ رِجَالًا يَّعْرِفُوْنَهُمْ بِسِيْمٰىهُمْ قَالُوْا مَاۤ اَغْنٰى عَنْكُمْ جَمْعُكُمْ

আ'রা-ফি রিজ্বা-লাইঁ ইয়া'রিফূনাহুম্ বিসীমা-হুম ক্বা-লূ মা~আগ্‌না- 'আন্‌কুম জ্বাম্'উকুম

যাদেরকে লক্ষণ দ্বারা চিনবে, তাদেরকে ডেকে বলবে, "তোমাদের দলবল এবং অহমিকা তোমাদের

وَمَا كُنْتُمْ تَسْتَكْبِرُوْنَ ۝٤٩ اَهٰۤؤُلَآءِ الَّذِيْنَ اَقْسَمْتُمْ لَا يَنَالُهُمُ اللّٰهُ

ওয়ামা-কুন্‌তুম তাস্‌তাকবিরূন। ৪৯। আহা~উলা—ইল্ লাযীনা আক্বসাম্‌তুম লা-ইয়ানা-লুহুমুল্লা-হু

কোন কাজে আসেনি। (৪৯) এরা কি সেসব লোক যাদের সম্পর্কে তোমরা শপথ করে বলতে যে, আল্লাহ এদের প্রতি

بِرَحْمَةٍ ؕ اُدْخُلُوا الْجَنَّةَ لَا خَوْفٌ عَلَيْكُمْ وَلَاۤ اَنْتُمْ تَحْزَنُوْنَ ۝٥٠ وَنَادٰۤى

বিরাহ্বমাহ ; উদ্‌খুলুল জ্বান্নাতা লা- খাওফুন 'আলাইকুম ওয়ালা~আন্‌তুম তাহ্বযানূন। ৫০। ওয়া না-দা~

রহমত করবেন না। (এদেরকেই বলা হবে) জান্নাতে প্রবেশ কর। তোমাদের কোন ভয় নেই এবং তোমরা বিষণ্ণও হবে না। (৫০) এবং জাহান্নামবাসীরা

اَصْحٰبُ النَّارِ اَصْحٰبَ الْجَنَّةِ اَنْ اَفِيْضُوْا عَلَيْنَا مِنَ الْمَآءِ اَوْ مِمَّا

আস্বহ্বা-বুন্ না-রি আস্বহ্বা-বাল জ্বান্নাতি আন্ আফীদ্বূ 'আলাইনা- মিনাল মা—ই আও মিম্মা-

জান্নাতবাসীগণকে ডেকে বলবে, আমাদের উপর কিছু পানি ঢেলে দাও অথবা তোমাদেরকে আল্লাহ যে খাদ্য

رَزَقَكُمُ اللّٰهُ ؕ قَالُوْۤا اِنَّ اللّٰهَ حَرَّمَهُمَا عَلَى الْكٰفِرِيْنَ ۝٥١ الَّذِيْنَ

রাযাক্বাকুমুল্লা-হ ; ক্বা-লূ~ইন্নাল্লা-হা হ্বার্‌রামাহুমা- 'আলাল্ কা-ফিরীন। ৫১। আল্‌লাযীনাত্

বস্তু দিয়েছেন তার থেকে কিছু দাও। তারা বলবে, নিশ্চয়ই আল্লাহ এ দুটি কাফিরদের জন্য নিষিদ্ধ করেছেন, (৫১) যারা তাদের

اتَّخَذُوْا دِيْنَهُمْ لَهْوًا وَّلَعِبًا وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۚ فَالْيَوْمَ نَنْسٰىهُمْ

তাখায্ দীনাহুম লাহ্‌ওয়াওঁ ওয়া লা'ইবাওঁ ওয়া গাররাত্ হুমুল হ্বাইয়া-তুদ্ দুনইয়া, ফাল্ ইয়াওমা নান্‌সা-হুম

দ্বীনকে খেল-তামাশার বস্তু বানিয়েছিল এবং এ পার্থিব জীবন যাদেরকে ধোঁকায় ফেলে রেখেছিল আজ আমি তাদেরকে ভুলে যাব,

كَمَا نَسُوْا لِقَآءَ يَوْمِهِمْ هٰذَا ۙ وَمَا كَانُوْا بِاٰيٰتِنَا يَجْحَدُوْنَ ۝٥٢ وَلَقَدْ

কামা-নাসূ লিক্বা—আ ইয়াওমিহিম হা-যা- ওয়া মা- কা-নূ বিআ-ইয়া-তিনা-ইয়াজ্বহ্বাদূন। ৫২। ওয়া লাক্বাদ্

যেভাবে তারা ভুলে গিয়েছিল এ দিনের সম্মুখীন হওয়াকে এবং যেভাবে তারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছিল। (৫২) নিশ্চয় আমি তাদের কাছে

جِئْنٰهُمْ بِكِتٰبٍ فَصَّلْنٰهُ عَلٰى عِلْمٍ هُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۝

জি'না-হুম বিকিতা-বিন ফাস্বস্বালনা-হু 'আলা- 'ইলমিন হুদাওঁ ওয়া রাহ্মাতাল্ লিক্বাওমিই ইয়ু'মিনূন।
এমন এক কিতাব পৌঁছিয়েছি যা আমি পূর্ণ জ্ঞান দ্বারা বিস্তারিত বর্ণনা করেছি। যা মুমিন সম্প্রদায়ের জন্য হেদায়াত ও রহমত।

۝٥٣ هَلْ يَنْظُرُوْنَ اِلَّا تَاْوِيْلَهٗ ؕ يَوْمَ يَاْتِيْ تَاْوِيْلُهٗ يَقُوْلُ الَّذِيْنَ نَسُوْهُ مِنْ

৫৩। হাল্ ইয়ানযুরূনা ইল্লা- তা'বীলাহ ; ইয়াওমা ইয়া'তী তা'বীলুহূ ইয়াকূলুল্লাযীনা নাসূহু মিন্
(৫৩) তারা কি এখন শুধু পরিণাম প্রকাশের অপেক্ষা করছে? যেদিন তার শেষ পরিণাম প্রকাশ হবে, সেদিন যারা পূর্বে একে ভুলে গিয়েছিল তারা বলবে,

قَبْلُ قَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۚ فَهَلْ لَّنَا مِنْ شُفَعَآءَ فَيَشْفَعُوْا لَنَآ

ক্বাব্লু ক্বাদ্ জা—আত্ রুসুলু রাব্বিনা- বিল্হাক্ব্ক্, ফাহাল্ লানা-মিন্ শুফা'আ—আ ফাইয়াশ্ফা'উ লানা~
নিশ্চয় আমাদের প্রতিপালকের রাসূলগণ সত্যবাণীসহ এসেছিলেন। হায়! এখন কি আমাদের জন্য কোন সুপারিশকারী আছে, যিনি আমাদের জন্য সুপারিশ করবেন।

اَوْ نُرَدُّ فَنَعْمَلَ غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ؕ قَدْ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ

আও নুরাদ্দু ফানা'মালা গাইরাল্লাযী কুন্না- না'মাল ; ক্বাদ খাসিরূ~আনফুসাহুম ওয়া দ্বাল্লা
অথবা আমাদেরকে পুনর্বার পৃথিবীতে ফিরে যেতে দেয়া হবে, যেন আমরা পূর্বে যে কাজ করতাম তার বিপরীত কাজ করতে পারি! নিশ্চয়ই তারা নিজেদেরকে

عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ۝٥٣ اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ ع ৬ ১৩ রুকূ

'আন্হুম মা- কা-নূ ইয়াফ্তারূন। ৫৪। ইন্না রাব্বাকুমুল্লা-হুল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি
ধ্বংস করেছে এবং যেসব মিথ্যা কথা উদ্ভাবন করছিল তা বিলুপ্ত হয়ে গেছে। (৫৪) আপনার প্রতিপালক এমন, যিনি আকাশ

وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۫ يُغْشِي الَّيْلَ

ওয়াল্ আরদ্বা ফী সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্ তাওয়া- 'আলাল্ 'আরশ, ইয়ুগ্শিল্ লাইলান্
ও পৃথিবী ছয়দিনে সৃষ্টি করেছেন। অতঃপর তিনি আরশের উপর অধিষ্ঠিত হয়েছেন। তিনি রাত দ্বারা দিনকে এমনভাবে আচ্ছন্ন

النَّهَارَ يَطْلُبُهٗ حَثِيْثًا ۙ وَّالشَّمْسَ وَالْقَمَرَ وَالنُّجُوْمَ مُسَخَّرٰتٍۭ بِاَمْرِهٖ ؕ

নাহা-রা ইয়াত্বলুবুহূ হাছীছাওঁ ওয়াশ্ শামসা ওয়াল্ ক্বামারা ওয়ান্ নুজূমা মুসাখ্খারা-তিম্ বিআমরিহ ;
করেন, যেন রাত দিনকে দ্রুতগতিতে অনুসন্ধান করে। তিনিই সূর্য, চন্দ্র এবং তারকাসমূহ সৃষ্টি করেছেন এমনভাবে যে, সবই তাঁর নির্দেশের অনুগত।

اَلَا لَهُ الْخَلْقُ وَالْاَمْرُ ؕ تَبٰرَكَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ۝٥٤ اُدْعُوْا رَبَّكُمْ تَضَرُّعًا

আলা- লাহুল খাল্কু ওয়াল্ আম্র ; তাবা-রাকাল্লা-হু রাব্বুল 'আ-লামীন। ৫৫। উদ্'উ রাব্বাকুম তাদ্বার্রু'আওঁ
মনে রেখ, সৃষ্টি এবং নির্দেশ শুধু তাঁর জন্যই। বিশ্ব জগতের প্রতিপালক আল্লাহ, খুবই বরকতময়। (৫৫) তোমরা অনুনয়ের সাথে এবং গোপনে তোমাদের

○ বিশ্লেষণ (আঃ ৫৪) ঃ فی ستة ايام ঃ সহীহ বর্ণনা অনুযায়ী, ছয়দিনে জগত সৃষ্টি হয়েছে এবং তা রবিবার থেকে শুরু করে শুক্রবারে শেষ হয়। শনিবারে সৃষ্টির কাজ হয়নি। কোন আলিম বলেন, سبت অর্থ কর্তন করা। এ দিনে কাজ শেষ হয়ে গিয়েছিল বলে এ দিনকে يوم السبت (শনিবার) বলা হয়। (তাঃ মাঃ কুরআন) ○ টীকা (আঃ ৫৪) ঃ على العرش - আর্‌শ শব্দের আভিধানিক অর্থ, ছাদ বিশিষ্ট কিছু, আরবদেশে ছাদ বিশিষ্ট হাওদাকে "আর্‌শ" বলে। রাজার আসন বুঝাতেও আর্‌শ শব্দটি ব্যবহৃত হয়। আল্লাহর আর্‌শ বলতে সৃষ্টির ব্যাপার বিষয়াদির পরিচালনা কেন্দ্র বুঝায়।– মুফতী আবদুহ

সূরা আ'রা-ফ ঃ ৭ নূরানী বাংলা উচ্চারণ কোরআন শরীফ ওয়া লাও আন্নানা- ঃ ৮

وَّخُفْيَةً ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ۝٥٥ وَلَا تُفْسِدُوْا فِي الْاَرْضِ بَعْدَ

ওয়া খুফ্ইয়াহ ; ইন্নাহু লা-ইয়ুহিব্বুল মু'তাদীন। ৫৬। ওয়ালা- তুফ্সিদূ ফিল্ আরদ্বি বা'দা
প্রতিপালককে ডাক, নিশ্চয়ই আল্লাহ সীমালংঘনকারীদের ভালবাসেন না। (৫৬) আর তোমরা পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার পরে

اِصْلَاحِهَا وَادْعُوْهُ خَوْفًا وَّطَمَعًا ؕ اِنَّ رَحْمَتَ اللّٰهِ قَرِيْبٌ مِّنَ الْمُحْسِنِيْنَ

ইস্বলা-হিহা-ওয়াদ্'উহু খাওফাওঁ ওয়া তামা'আ; ইন্না রাহ্মাতাল্লা-হি ক্বারীবুম্ মিনাল মুহ্সিনীন।
সেখানে বিশৃংখলা সৃষ্টি করো না এবং তোমরা আল্লাহকে ডাক ভয় ও আশার সাথে। নিশ্চয়ই আল্লাহর করুনা পূন্যবানদের নিকটবর্তী।

۝٥٦ وَهُوَ الَّذِيْ يُرْسِلُ الرِّيٰحَ بُشْرًاۢ بَيْنَ يَدَيْ رَحْمَتِهٖ ؕ حَتّٰٓى اِذَآ اَقَلَّتْ

৫৭। ওয়া হুওয়াল্ লাযী ইউর্সিলুর্ রিয়া-হা বুশ্রাম্ বাইনা ইয়াদাই রাহ্মাতিহ ; হাত্তা~ইযা~আক্বাল্লাত্
(৫৭) তিনিই (আল্লাহ) তাঁর রহমতের (বৃষ্টির) পূর্বে সুসংবাদবাহী হিসেবে বায়ু প্রেরণ করেন। যখন সে বায়ু ঘন মেঘ

سَحَابًا ثِقَالًا سُقْنٰهُ لِبَلَدٍ مَّيِّتٍ فَاَنْزَلْنَا بِهِ الْمَآءَ فَاَخْرَجْنَا بِهٖ مِنْ كُلِّ

ছাহা-বান্ ছিক্বা-লান্ সুক্না-হু লিবালাদিম্ মাইয়্যিতিন ফাআন্যাল্না- বিহিল্ মা—আ ফাআখ্রাজ্না- বিহী মিন্ কুল্লিছ্
বয়ে আনে তখন তা আমি কোন শুষ্ক ভূমির দিকে চালিত করি, পরে এ (মেঘ) দ্বারা পানি বর্ষণ করি। অতঃপর সে (পানি) দ্বারা সব ধরনের ফল-ফলাদি

الثَّمَرٰتِ ؕ كَذٰلِكَ نُخْرِجُ الْمَوْتٰى لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ۝٥٧ وَالْبَلَدُ الطَّيِّبُ

ছামারা-ত ; কাযা-লিকা নুখ্রিজুল মাওতা- লা'আল্লাকুম তাযাক্কারূন। ৫৮। ওয়াল্ বালাদুত্ব ত্বাইয়্যিবু
উৎপন্ন করি। এভাবে আমি জীবিত করব মৃতদেরকে, যাতে তোমরা উপদেশ গ্রহণ করতে পার। (৫৮) এবং যে ভূমি উৎকৃষ্ট

يَخْرُجُ نَبَاتُهٗ بِاِذْنِ رَبِّهٖ ۚ وَالَّذِيْ خَبُثَ لَا يَخْرُجُ اِلَّا نَكِدًا ؕ كَذٰلِكَ

ইয়াখ্রুজু নাবা-তুহূ বিইয্নি রাব্বিহ, ওয়াল্লাযী খাবুছা লা- ইয়াখ্রুজু ইল্লা- নাকিদা- ; কাযা-লিকা
তার ফসল তার প্রতিপালকের নির্দেশে উৎপন্ন হয় এবং যা নিকৃষ্ট তার ফসল সামান্যই উৎপন্ন হয়। এভাবেই আমি নিদর্শনসমূহ কৃতজ্ঞ

৭ ع ১৪ রুকূ نُصَرِّفُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّشْكُرُوْنَ ۝٥٨ لَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَقَالَ يٰقَوْمِ

নুস্বার্‌রিফুল আ-ইয়া-তি লিক্বাওমিই ইয়াশ্‌কুরূন। ৫৯। লাক্বাদ্ আর্‌সাল্‌না- নূহান ইলা- ক্বাওমিহী ফাক্বা-লা ইয়া-ক্বাওমি'
সম্প্রদায়ের জন্য বিশদভাবে বর্ণনা করি। (৫৯) আমি নূহকে তার সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছিলাম। সুতরাং সে বলল, হে আমার সম্প্রদায়!

○ বিশ্লেষণ (আঃ ৫৫) ঃ لايحب المعتدين - এখানে সীমালংঘন দ্বারা বুঝানো হয়েছে যে, এমন লোকের জন্য বদ-দোয়া করা, যে বদ-দোয়ার যোগ্য নয়। অথবা এমন জোরে দোয়া করা, যাতে "রীয়া" (প্রদর্শন) প্রকাশ পায়। অথবা এমন কিছু আল্লাহর কাছে চাওয়া, যা পাওয়ার সে যোগ্য নয়। যেমন– নবীদের মর্যাদা এবং আকাশে আরোহণ করা। (তাঃ কাদেরী)

○ বিশ্লেষণ (আঃ ৫৭) ঃ رحمته - (রহমত) দ্বারা বৃষ্টিকে বুঝানো হয়েছে। অর্থাৎ বৃষ্টির শীতল বায়ু পরিচালিত করেন, যা বৃষ্টির জন্য সহায়ক। سحابا ثقالا (ঘনমেঘ) দ্বারা, পানি পূর্ণ মেঘকে বুঝানো হয়েছে। كل الثمرات - (সব ধরনের ফল-ফলাদি) অর্থাৎ, আল্লাহ তা'আলা এমন সব ফল-ফলাদি উৎপন্ন করেন, যার রং, স্বাদ, ঘ্রান ও গঠন বিভিন্ন ধরনের। কোনটির সাথে কোনটির মিল নেই।

○ বিশ্লেষণ (আঃ ৫৮) ঃ والبلد الطيب - (উৎকৃষ্ট ভূমি) দ্বারা অতীব মেধাবী এবং "নিকৃষ্ট ভূমি" দ্বারা মেধাহীনকে বুঝানো হয়েছে। বা নসীহত কবুলকারী অন্তর এবং এর বিপরীত অন্তর বা মু'মিনের অন্তর এবং মুনাফিকের অন্তর। বা পবিত্র (নেক) মানুষ এবং অপবিত্র (পাপী) মানুষ।
মু'মিন, নেক ব্যক্তি অথবা নসীহত কবুলকারীর অন্তর বৃষ্টি গ্রহণকারী ভূমির ন্যায়; আল্লাহর আয়াত শুনে, ঈমান ও আমলের ব্যাপারে আরও দৃঢ় হয়। আর এর বিপরীত অন্তর (অর্থাৎ, মুনাফিকের অন্তর) শুষ্ক ভূমির ন্যায়। যে ভূমি পানিই গ্রহণ করে না, গ্রহণ যা করে তা নামে মাত্র। যাতে কিছু উৎপন্ন হয় না। অর্থাৎ, মুনাফিকের অন্তরে, নসীহত প্রবেশ করে না। ফলে তারা তা থেকে কোন উপকৃত হয় না। (কুঃ কারীম)

اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اِنِّیْۤ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ

বুদুল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহ ; ইন্নী~আখা-ফু 'আলাইকুম 'আযা-বা ইয়াওমিন
তোমরা আল্লাহর ইবাদাত কর, তিনি ছাড়া তোমদের আর কোন মা'বুদ নেই। আমি ভয় করতেছি তোমাদের জন্য মহা

عَظِيْمٍ ۝٦٠ قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهٖۤ اِنَّا لَنَرٰىكَ فِیْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝٦١ قَالَ يٰقَوْمِ

'আযীম। ৬০। ক্বা-লাল্ মালাউ মিন্ ক্বাওমিহী~ইন্না- লানারা-কা ফী দ্বালা-লিম মুবীন। ৬১। ক্বা-লা ইয়া-ক্বাওমি
দিনের শাস্তির। (৬০) তাদের সম্প্রদায়ের নেতৃবৃন্দ বলল, আমরা তোমাকে স্পষ্ট ভ্রান্তির মধ্যেই দেখছি। (৬১) তিনি বললেন, হে আমার সম্প্রদায়!

لَيْسَ بِیْ ضَلٰلَةٌ وَّلٰكِنِّیْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ۝٦٢ اُبَلِّغُكُمْ رِسٰلٰتِ

লাইসা বী দ্বালা-লাতুওঁ ওয়া লা-কিন্নী রাসূলুম্ মির রাব্বিল 'আ-লামীন। ৬২। উবাল্লিগুকুম রিসা-লা-তি
আমার মধ্যে কোন ভ্রান্তি নেই। আমি তো বিশ্বজগতের প্রতিপালকের রাসূল। (৬২) আমি তোমাদের কাছে প্রচার করছি আমার প্রতিপালকের বাণী এবং

رَبِّیْ وَاَنْصَحُ لَكُمْ وَاَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ۝٦٣ اَوَعَجِبْتُمْ اَنْ

রাব্বী ওয়া আন্স্বাহু লাকুম ওয়া আ'লামু মিনাল্লা-হি মা- লা-তা'লামূন। ৬৩। আওয়া 'আজ্বিবতুম আন্
তোমাদেরকে আমি উপদেশ দিচ্ছি আর তোমরা যা জান না আমি সেগুলো আল্লাহর তরফ থেকে জানি। (৬৩) তোমরা কি আশ্চর্যান্বিত হচ্ছে যে, তোমাদের নিকট উপদেশ

جَآءَكُمْ ذِكْرٌ مِّنْ رَّبِّكُمْ عَلٰی رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ وَلِتَتَّقُوْا وَلَعَلَّكُمْ

জ্বা—আকুম যিকরুম্ মির রাব্বিকুম 'আলা- রাজুলিম্ মিন্কুম লিইয়ুন্যিরাকুম ওয়া লিতাত্তাকূ ওয়া লা'আল্লাকুম
এসেছে তোমাদের রবের থেকে এমন এক ব্যক্তির মাধ্যমে, যিনি তোমাদেরই মধ্য হতে একজন; যাতে সে তোমাদেরকে ভীতি প্রদর্শন করে এবং যেন তোমরা সংযত হও এবং

تُرْحَمُوْنَ ۝٦٤ فَكَذَّبُوْهُ فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ فِی الْفُلْكِ وَاَغْرَقْنَا الَّذِيْنَ

তুরহামূন। ৬৪। ফাকায্যাবূহু ফাআন্জাইনা-হু ওয়াল্লাযীনা মা'আহূ ফিল্ ফুল্কি ওয়া আগ্রাক্বনাল্ লাযীনা
তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও। (৬৪) অতঃপর তারা তাকে মিথ্যাবাদী বলল। আমি উদ্ধার করলাম তাঁকে এবং তার সাথীবর্গকে যারা তাঁর সাথে নৌকার মধ্যে ছিল এবং ডুবিয়ে দিলাম

كَذَّبُوْا بِاٰيٰتِنَا ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا عَمِيْنَ ۝٦٥ وَاِلٰی عَادٍ اَخَاهُمْ هُوْدًا ؕ قَالَ ع ৮ ১৮ রুঃ

কায্যাবূ বিআ-ইয়া-তিনা ; ইন্নাহুম কা-নূ ক্বাওমান 'আমীন। ৬৫। ওয়া ইলা- 'আ-দিন আখা-হুম হূদা- ; ক্বা-লা
তাদেরকে যারা আমার আয়াতসমূহকে মিথ্যা বলেছে। নিশ্চয়ই তারা ছিল এক অন্ধ কওম। (৬৫) আর আমি আ'দ কওমের কাছে তাদের ভাই হূদকে প্রেরণ করেছিলাম। সে বলল,

يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوْنَ ۝٦٦ قَالَ الْمَلَاُ الَّذِيْنَ

ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহ ; আফালা- তাত্তাকূন। ৬৬। ক্বা-লাল্ মালাউল্লাযীনা
হে আমার সম্প্রদায়! তোমরা আল্লাহর ইবাদাত কর, তিনি ছাড়া তোমাদের অন্য কোন মা'বুদ নেই। তবুও তোমরা কি সতর্ক হবে না? (৬৬) তাদের সম্প্রদায়ের

كَفَرُوْا مِنْ قَوْمِهٖۤ اِنَّا لَنَرٰىكَ فِیْ سَفَاهَةٍ وَّاِنَّا لَنَظُنُّكَ مِنَ الْكٰذِبِيْنَ ۝٦٧ قَالَ

কাফারূ মিন্ ক্বাওমিহী ~ইন্না- লানারা-কা ফী সাফা-হাতিওঁ ওয়া ইন্না-লানাযুন্নুকা মিনাল কা-যিবীন। ৬৭। ক্বা-লা
কাফির নেতৃবৃন্দ বলল, আমরা তোমাকে নির্বোধ দেখছি এবং তোমাকে আমরা একজন মিথ্যাবাদী বলে ধারণা করি। (৬৭) তিনি বললেন,

يٰقَوْمِ لَيْسَ بِیْ سَفَاهَةٌ وَّلٰكِنِّیْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ۝٦٨ اُبَلِّغُكُمْ

ইয়া-ক্বাওমি লাইসা বী সাফা-হাতুওঁ ওয়া লা-কিন্নী রাসূলুম্ মির রাব্বিল 'আ-লামীন। ৬৮। উবাল্লিগুকুম
হে আমার সম্প্রদায়! আমি নির্বোধ নই, আমি বিশ্বজগতের প্রতিপালকের রাসূল। (৬৮) আমি আমার প্রতিপালকের বাণী

رِسٰلٰتِ رَبِّیْ وَاَنَا لَكُمْ نَاصِحٌ اَمِيْنٌ ۝٦٩ اَوَعَجِبْتُمْ اَنْ جَآءَكُمْ ذِكْرٌ مِّنْ

রিসা-লা-তি রাব্বী ওয়া আনা-লাকুম না-স্বিহুন আমীন। ৬৯। আওয়া 'আজ্বিবতুম আন্ জ্বা—আকুম যিক্রুম্ মির্
তোমাদের কাছে প্রচার করছি এবং আমি তোমাদের একজন বিশ্বস্ত উপদেশদাতা। (৬৯) তোমরা কি আশ্চর্যান্বিত হচ্ছ যে, তোমাদের প্রতিপালকের নিকট থেকে এমন একজনের

رَّبِّكُمْ عَلٰی رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ ؕ وَاذْكُرُوْۤا اِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ مِنْۢ بَعْدِ قَوْمِ

রাব্বিকুম 'আলা- রাজুলিম্ মিন্কুম লিইউন্যিরাকুম ; ওয়ায্কুরূ~ইয্ জ্বা'আলাকুম খুলাফা—আ মিম বা'দি ক্বাওমি
মাধ্যমে উপদেশবাণী এসেছে, যিনি তোমাদেরই একজন, যাতে সে তোমাদেরকে ভীতি প্রদর্শন করে। তোমরা স্মরণ কর, আল্লাহ তোমাদেরকে স্থলাভিষিক্ত করেছেন নূহের

نُوْحٍ وَّزَادَكُمْ فِی الْخَلْقِ بَصْۜطَةً ۚ فَاذْكُرُوْۤا اٰلَآءَ اللّٰهِ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۝

নূহিওঁ ওয়া যা-দাকুম ফিল্ খাল্ক্বি বাস্বত্বাহ, ফায্কুরূ~আ-লা—আল্লা-হি লা'আল্লাকুম তুফ্লিহূন।
সম্প্রদায়ের পর এবং সৃষ্টির মধ্যে (বিস্তৃতি ও শক্তিতে) তোমাদেরকে অধিক সমৃদ্ধ করেছেন। সুতরাং তোমরা আল্লাহর সে অনুগ্রহসমূহ স্মরণ কর যাতে সফলকাম হতে পার।

۝٧٠ قَالُوْۤا اَجِئْتَنَا لِنَعْبُدَ اللّٰهَ وَحْدَهٗ وَنَذَرَ مَا كَانَ يَعْبُدُ اٰبَآؤُنَا ۚ فَاْتِنَا

৭০। ক্বা-লূ~আজ্বি'তানা- লিনা'বুদাল্লা-হা ওয়াহ্দাহূ ওয়া নাযারা মা- কা-না ইয়া'বুদু আ-বা—উনা-, ফা'তিনা-
(৭০) তারা বলল, তুমি কি আমাদের কাছে এজন্য এসেছ যে, আমরা যেন শুধুমাত্র আল্লাহরই ইবাদাত করি এবং আমাদের পিতৃপুরুষ যার উপাসনা করতো তাকে বর্জন করি?

بِمَا تَعِدُنَاۤ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ۝٧١ قَالَ قَدْ وَقَعَ عَلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ

বিমা- তা'ইদুনা~ইন্ কুনতা মিনস্ব স্বা-দিক্বীন। ৭১। ক্বা-লা ক্বাদ্ ওয়াক্বা'আ 'আলাইকুম্ মির্ রাব্বিকুম
অতএব তুমি আমাদেরকে যে শাস্তির ভয় দেখাচ্ছ তা আমাদের সামনে উপস্থিত কর, যদি তুমি সত্যবাদী হও। (৭১) বললেন, তোমাদের উপর তোমাদের প্রতিপালকের

رِجْسٌ وَّغَضَبٌ ؕ اَتُجَادِلُوْنَنِیْ فِیْۤ اَسْمَآءٍ سَمَّيْتُمُوْهَاۤ اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ

রিজ্বসুওঁ ওয়া গাদ্বাব ; আ তুজ্বা-দিলূনানী ফী~আস্মা—ইন্ ছাম্মাইতুমূহা~আন্তুম্ ওয়া আ-বা—উকুম্
থেকে শাস্তি ও ক্রোধ নির্ধারিত হয়ে আছে, তোমরা কি আমার সাথে এমন কতগুলো নামের ব্যাপারে বিতর্ক করতে চাও যা তোমরা এবং তোমাদের পিতৃপুরুষ স্থির করেছ

مَّا نَزَّلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ؕ فَانْتَظِرُوْۤا اِنِّیْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ۝

মা- নায্যালাল্লা-হু বিহা- মিন্ সুল্ত্বান ; ফান্তাযিরূ~ইন্নী মা'আকুম্ মিনাল্ মুন্তাযিরীন।
এবং যে ব্যাপারে আল্লাহ কোনই প্রমাণ প্রেরণ করেন নি। সুতরাং তোমরা অপেক্ষা করতে থাক আর আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি।

○ টীকা (আঃ ৭১) ঃ হূদ (আ) নিজ সম্প্রদায়কে আযাবের ভয় দেখালে তারা আযাবের দাবী করল। তিন বছর যাবত বৃষ্টি বন্ধ হয়ে ভীষণ দুর্ভিক্ষ দেখা দিল। তৎকালে বিপদের সময় মুসলমান ও কাফির সকলে বর্তমান কা'বা ঘরে যেয়ে দো'আ করত। আ'দ সরদারগণ তথায় গিয়ে দো'আ করল। সঙ্গে সঙ্গে সাদা, কাল ও লাল তিন খণ্ড মেঘ দেখা দিল এবং আওয়াজ আসল, যেটি ইচ্ছা পছন্দ কর। তারা অধিক বৃষ্টির আশায় কাল মেঘ পছন্দ করল। সঙ্গে সঙ্গে তা তাদের কাওমের দিকে চলল, আনন্দে আত্মহারা হয়ে তারা দেশের দিকে দৌড়িয়ে গেল। এই মেঘ হতে প্রচণ্ডবেগে ঝড় আরম্ভ হয়ে সাত দিন আট রাত্রিতে সমগ্র কাওমকে ধ্বংস করে দিল। কেবল হূদ (আ) ও মুমেনগণ নিরাপদে রইলেন। (মুঃ কোঃ)

﴿٧١﴾ فَأَنجَيْنَٰهُ وَٱلَّذِينَ مَعَهُۥ بِرَحْمَةٍ مِّنَّا وَقَطَعْنَا دَابِرَ ٱلَّذِينَ كَذَّبُوا۟ بِـَٔايَٰتِنَا

৭২। ফাআনজাইনা-হু ওয়াল্লাযীনা মা'আহূ বিরাহ্মাতিম্ মিন্না- ওয়া ক্বাত্বা'না- দা-বিরাল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা-
(৭২) অতঃপর আমি তাকে এবং তার সাথীদেরকে স্বীয় রহমত দ্বারা উদ্ধার করেছিলাম। আর যারা আমার আয়াতকে মিথ্যা বলেছিল এবং ঈমানদার

وَمَا كَانُوا۟ مُؤْمِنِينَ ﴿٧٢﴾ وَإِلَىٰ ثَمُودَ أَخَاهُمْ صَٰلِحًا قَالَ يَٰقَوْمِ ٱعْبُدُوا۟ (৯ ع ১৬ রুকূ)

ওয়ামা-কা-নূ মু'মিনীন। ৭৩। ওয়া ইলা-ছামূদা আখা-হুম্ স্বা-লিহ্বা-, ক্বা-লা ইয়া-ক্বাওমি' বুদুল্
০ টীকা (আয়াত-৩৫) يوم يحمى হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রা) বলেন, এ নির্দেশ যাকাতের নির্দেশ আসার আগের। যাকাতের নির্দেশ আসার পরে যাকাতকে আল্লাহ তায়ালা মাল পবিত্র করণের মাধ্যম নির্ধারণ করেন। এ কারণে, আলিমগণ বলেন, যে মালের যাকাত আদায় করা হয় তা كنز (জমা) করার অন্তর্ভুক্ত নয়। আর যে মালের যাকাত আদায় করা না হয় তা كنز (জমা) করার অন্তর্ভুক্ত। যে ব্যাপারে কুরআনের এ কঠিন শাস্তি বর্ণিত। (কুঃ কারীম)

০ টীকা (আয়াত-৩৬) কোরআন "বিশ্লেষণ করে থাকে তার কোন কোন শব্দ দ্বারা কোন কোন শব্দের" এটা সর্বসম্মত মশহুর কথা। এর মর্ম এই যে, কোরআনে একই বিষয় সম্পর্কে একাধিক স্থলে উল্লেখ এসেছে। কিন্তু কোথাও একপ্রকার শব্দের ব্যবহার এসেছে এবং কোথাও অন্য প্রকার শব্দের। এ অবস্থায় সবগুলো মিলালে তবেই সঠিক মর্ম বুঝা যায়। এ স্থলে উল্লেখিত "মুত্তাকীন" শব্দের একাধিক প্রকার অর্থ হতে পারে। এর সাধারণ অর্থ– পরহেজগার, কিন্তু আমি (অর্থাৎ অনুবাদকারী) এর অর্থ গ্রহণ করেছি– (বাড়াবাড়ি হতে) ভয়কারী।" আমার এ অর্থগ্রহণ করার দলীল সূরা বাকারাহ্ দ্বিতীয় পারায় অষ্টম রুকূস্থ নিম্নের আয়াত মওজুদ রয়েছে– অর্থাৎ, "আর যে ব্যক্তি বাড়াবাড়ি করে তোমাদের উপর তবে তোমরাও বাড়াবাড়ি কর সে ব্যক্তির উপর সেরূপ যেরূপ সে বাড়াবাড়ি করেছে তোমাদের উপর আর তোমরা আল্লাহকে ভয় করো এবং জেনে রাখ যে নিশ্চয়ই আল্লাহ্ (বাড়াবাড়ি হতে ভয়কারীগণের সঙ্গী)।"

فِي الْكُفْرِ يُضَلُّ بِهِ الَّذِينَ كَفَرُوا يُحِلُّونَهُ عَامًا وَيُحَرِّمُونَهُ عَامًا لِيُوَاطِئُوا

ফিল্‌কুফ্‌রি ইয়ুদ্বাল্লু বিহিল্লাযীনা কাফারূ ইয়ুহিল্লূনাহূ 'আ-মাওঁ ওয়া ইয়ুহাররিমূনাহূ 'আ-মাল্ লিইয়ুওয়া-ত্বিউ

দ্বারা কাফিরদেরকে পথ ভ্রষ্ট করা হয়; তারা এক বছর সেটা হালাল করে এবং এক বছর সেটা হারাম করে, যাতে আল্লাহ যেগুলোকে হারাম করেছেন সেগুলোর গণনা

عِدَّةَ مَا حَرَّمَ اللَّهُ فَيُحِلُّوا مَا حَرَّمَ اللَّهُ ۚ زُيِّنَ لَهُمْ سُوءُ أَعْمَالِهِمْ ۗ وَاللَّهُ

'ইদ্দাতা মা- হার্‌রামাল্লা-হু ফাইউহিল্লূ মা- হার্‌রামাল্লা-হ্; যুয়্যিনা লাহুম্ সূ—উ আ'মা-লিহিম্, ওয়াল্লা-হু

পূর্ণ করতে পারে, অতঃপর সেগুলো হালাল করে নেয়, যা আল্লাহ হারাম করেছেন। শোভনীয় করে দেয়া হয়েছে তাদের মন্দ কাজগুলো তাদের কাছে। আল্লাহ

لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ ﴿٣٧﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمُ ع ৫ ১১ রুকু

লা- ইয়াহ্‌দিল্ ক্বাওমাল্ কা-ফিরীন। ৩৮। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানূ মা- লাকুম্ ইযা- ক্বীলা লাকুমুন্

কাফির সম্প্রদায়কে সঠিক পথ প্রদর্শন করেন না। (৩৮) হে ঈমানদারগণ! তোমাদের কি হল? যখন তোমাদেরকে বলা হয় যে,

انْفِرُوا فِي سَبِيلِ اللَّهِ اثَّاقَلْتُمْ إِلَى الْأَرْضِ ۚ أَرَضِيتُمْ بِالْحَيَاةِ

ফিরূ ফী সাবীলিল্লা-হিছ ছা-ক্বাল্‌তুম্ ইলাল আর্‌দ্বি ; আরাদ্বীতুম্ বিল্ হায়া-তিদ্

আল্লাহর রাস্তায় (যুদ্ধের জন্য) বের হও, তখন তোমরা অতিশয় ভারী হয়ে যমীনের সাথে লেগে যাও, তোমরা

الدُّنْيَا مِنَ الْآخِرَةِ ۚ فَمَا مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا فِي الْآخِرَةِ إِلَّا قَلِيلٌ ﴿٣٨﴾ إِلَّا

দুন্‌ইয়া- মিনাল্ আ-খিরাতি, ফামা- মাতা-'উল্ হায়া-তিদ্ দুন্‌ইয়া- ফিল্ আ-খিরাতি ইল্লা- ক্বালীল্। ৩৯। ইল্লা-

কি পরকালের পরিবর্তে পার্থিব জীবন নিয়ে সন্তুষ্ট হয়েছ? (শোন!) পরকালের মোকাবিলায় পার্থিব জীবন কিছুই না। (৩৯) যদি

تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ

তান্‌ফিরূ ইয়ু'আযযিব্‌কুম্ 'আযা-বান্ আলীমাওঁ ওয়া ইয়াস্‌তাব্‌দিল্ ক্বাওমান্ গাইরাকুম্ ওয়ালা- তাদ্বুর্‌রূহু

তোমরা (যুদ্ধে) বের না হও তবে (আল্লাহ) তোমাদেরকে যন্ত্রণাময় শাস্তি দিবেন এবং স্থলাভিষিক্ত করবেন অন্য সম্প্রদায়কে তোমাদের পরিবর্তে, আর তোমরা

شَيْئًا ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٣٩﴾ إِلَّا تَنْصُرُوهُ فَقَدْ نَصَرَهُ اللَّهُ إِذْ أَخْرَجَهُ

শাইয়া; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর। ৪০। ইল্লা- তানস্বুরূহু ফাক্বাদ্ নাস্বারাহুল লা-হু ইয্ আখরাজাহুল্

আল্লাহর কোনই ক্ষতি করতে পারবে না। আল্লাহ সর্ব বিষয়ে পূর্ণ ক্ষমতাবান। (৪০) যদি তোমরা তাঁকে [রাসূল (স)] সাহায্য না কর তবে তাঁকে সাহায্য করেছিলেন

الَّذِينَ كَفَرُوا ثَانِيَ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ لِصَاحِبِهِ لَا تَحْزَنْ إِنَّ

লাযীনা কাফারূ ছা-নিয়াছ নাইনি ইয্ হুমা- ফিল্‌গা-রি ইয্ ইয়াক্বূলু লিস্বা-হিবিহী লা- তাহ্‌যান্ ইন্না

আল্লাহ, যখন তাঁকে কাফিরেরা (দেশ থেকে) বের করে দিয়েছিল এবং তিনি ছিলেন দু'জনার একজন, যখন তারা উভয়ই গুহার মধ্যে ছিল, যখন তিনি তাঁর

○ টীকা (আয়াত-৪০) হযরত রাসূলে আকরাম (সা) পূর্ণ দশ বছর কাল মক্কায় দ্বীন ইসলাম প্রচার করেন এবং বিবিধ প্রকার দুঃখ কষ্ট যা কাফেরগণ কর্তৃক প্রদত্ত হয়েছিল, তা ধৈর্যসহকারে বরদাশত করতে থাকেন। এমন কি কাফেরগণ তাঁকে মেরে ফেলার জন্যও উদ্যত হয়। যখন তিনি বুঝতে পারলেন যে, কাফেরগণের হাত হতে তাঁর জীবন রক্ষা করা অসম্ভব, তখন রাসূল (সা) রাত্রে হযরত আলীকে নিজের বিছানায় শয়ন করায়ে হযরত আবুবকরসহ মক্কা হতে বের হয়ে যান এবং তিন মাইল দূরবর্তী "ছুর" পাহাড়ের গহ্বরে লুকায়িত হন। এদিকে কাফেরগণ সংবাদ পাওয়া মাত্রই কুপরামর্শে লিপ্ত হয়। (অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

اللَّهَ مَعَنَا ۖ فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ بِجُنُودٍ لَمْ تَرَوْهَا وَجَعَلَ

ল্লা-হা মা'আনা- ফাআন্‌যালাল্লা-হু সাকীনাতাহূ 'আলাইহি ওয়া আইয়্যাদাহূ বিজুনূদিল্‌লাম্ তারাওহা- ওয়া জ্বা'আলা

সঙ্গীকে বলেছিলেন, "চিন্তিত হয়োনা, নিশ্চয়ই আল্লাহ আমাদের সাথে আছেন"। অতঃপর আল্লাহ তাঁর উপর স্বীয় শান্তি বর্ষণ করেন এবং (এমন) এক সেনাদল

كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَىٰ ۗ وَكَلِمَةُ اللَّهِ هِيَ الْعُلْيَا ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ

কালিমাতাল্লাযীনা কাফারুস্ সুফ্‌লা-; ওয়া কালিমাতুল্লা-হি হিয়াল্ 'উল্‌ইয়া-; ওয়াল্লা-হু 'আযীযুন্ হাকীম্।

দ্বারা তাঁকে সাহায্য করেন যাদেরকে তোমরা দেখনি এবং তাঁরা কাফিরদের কথা নীচ করে দিলেন এবং আল্লাহর কথাই সমোচ্চ থাকল, আল্লাহ পরাক্রমশালী, বিজ্ঞ।

﴿٤١﴾ انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ ۚ

৪১। ইন্‌ফিরূ খিফা-ফাওঁ ওয়া ছিক্বালাওঁ ওয়া জ্বা-হিদূ বিআম্‌ওয়া-লিকুম্ ওয়া আন্‌ফুসিকুম্ ফী সাবীলিল লা-হি;

(৪১) তোমরা বের হয়ে পড়, স্বল্প সরঞ্জাম বা ভারী সরঞ্জাম নিয়ে হলেও এবং আল্লাহর রাস্তায় স্বীয় মাল ও জান দ্বারা জিহাদ কর, এটাই তোমাদের জন্য

ذَٰلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٤١﴾ لَوْ كَانَ عَرَضًا قَرِيبًا وَسَفَرًا قَاصِدًا

যা-লিকুম্ খাইরুল্ লাকুম্ ইন্ কুন্‌তুম্ তা'লামূন। ৪২। লাও কা-না'আরাদ্বান্ ক্বারীবাওঁ ওয়া সাফারান্ ক্বা-স্বিদাল

উত্তম, যদি তোমরা জানতে। (৪২) যদি (পার্থিব) সম্পদ শীঘ্র পাওয়ার সম্ভাবনা থাকতো এবং সফর যদি সহজ হতো তবে অবশ্যই তারা আপনার অনুসরণ করত,

لَاتَّبَعُوكَ وَلَٰكِنْ بَعُدَتْ عَلَيْهِمُ الشُّقَّةُ ۚ وَسَيَحْلِفُونَ بِاللَّهِ لَوِ اسْتَطَعْنَا لَخَرَجْنَا

লাত্তাবা'উকা ওয়ালা- কিন্ বা'উদাত্ 'আলাইহিমুশ্ শুক্কাহ্; ওয়া সাইয়াহ্‌লিফূনা বিল্লা-হি লাবিস্‌তাত্ব'না- লাখারাজ্‌না-

কিন্তু এ সফর তাদের কাছে দূরবর্তী হওয়ার কারণে কষ্টকর মনে হল এবং তারা অচিরেই আল্লাহর নামে শপথ করে বলবে, যদি আমাদের সামর্থ্য থাকতো তবে অবশ্যই

مَعَكُمْ ۚ يُهْلِكُونَ أَنْفُسَهُمْ ۚ وَاللَّهُ يَعْلَمُ إِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿٤٢﴾ عَفَا اللَّهُ عَنْكَ ۚ

মা'আকুম্; ইয়ুহ্‌লিকূনা আনফুসাহুম্, ওয়াল্লা-হু ইয়া'লামু ইন্নাহুম্ লাকা-যিবূন। ৪৩। 'আফাল্লা-হু 'আন্‌কা,

তোমাদের সাথে বের হতাম, তারা নিজেরাই নিজেদেরকে ধ্বংস করছে, আল্লাহ জানেন যে, নিশ্চয়ই তারা মিথ্যাবাদী। (৪৩) আল্লাহ আপনাকে ক্ষমা করেছেন, কোন লোক

لِمَ أَذِنْتَ لَهُمْ حَتَّىٰ يَتَبَيَّنَ لَكَ الَّذِينَ صَدَقُوا وَتَعْلَمَ الْكَاذِبِينَ ﴿٤٣﴾ لَا

লিমা আযিনতা লাহুম্ হাত্তা- ইয়াতাবাইয়্যানা লাকাল্লাযীনা স্বাদাক্বূ ওয়া তা'লামাল্ কা-যিবীন্। ৪৪। লা

সত্যবাদী তা আপনার কাছে প্রকাশ না হওয়া পর্যন্ত এবং মিথ্যাবাদীদেরকে না জানা পর্যন্ত আপনি কেন তাদেরকে (যুদ্ধে অংশ গ্রহণ না করার) অনুমতি দিলেন? (৪৪) তারা

(৪০ নং টীকার বাকী অংশ) হযরত রাসূলে আকরাম (সা) পর্বত গহ্বরে লুকিয়ে রইলেন। কাফেরগণ খুজতে খুজতে সে গহ্বরদ্বারে উপস্থিত হল, কিন্তু আল্লাহ তখন তাদেরকে অন্ধ করে দিলেন,- তারা রাসূল (সা)-কে দেখতে পেল না। ইহা সে সময়ের ঘটনা যখন হযরত আবু বকর গহবরের উপর কাফেরগণের চলা-ফেরা করতে দেখে ভীতবিহ্বল হয়েছিলেন এবং রাসূল আকরাম (সা) তাকে সান্তনা দিয়েছিলেন। পয়গাম্বর ছাড়া 'আল্লাহর প্রতি' এ প্রকার ভরসা, অন্যের দ্বারা সম্ভবপরই নয়। ফলকথা, হযরত মুহাম্মদ (সা) নিশিযোগে মক্কা ত্যাগ এবং তদহেতু কাফেরগণের কুযুক্তির সিদ্ধান্তের কথা যখন চারদিকে প্রচারিত হল, তখন আমাদের প্রিয় রাসূল (সা) মদীনা যাত্রার সাধারণ সোজা পথ না ধরে, কষ্টকর পথের আশ্রয় গ্রহণ করেন এবং অতি কষ্টে একটু একটু পথ অতিক্রম করতে করতে মদীনায় উপনীত হন। এরই নাম হিজরত, ইহা হতেই মুসলমানদের সন-হিজরীর উৎপত্তি। রাসূল (সা) যে সময় পর্যন্ত ছুর গহ্বরে ছিলেন, সে পর্যন্ত হযরত আবু বকরের গৃহ হতে তথায় তাঁদের খাদ্যের বন্দোবস্ত ছিল। এ ব্যাপারে পয়গাম্বরের প্রতি হযরত আবু বকরের খেদমত অসীম প্রশংসনীয়। এ খেদমতের কথা কখনো কোন মুসলমান ভুলতে পারবে না। ○ টীকা (আয়াত-৪১) انفروا خفافا -এর অর্থ বিভিন্ন প্রকারে বর্ণিত হয়েছে। যেমন- এককভাবে অথবা সংঘবদ্ধভাবে খুশীতে অথবা নাখুশীতে, গরীব অবস্থায় অথবা, বিত্তশালী অবস্থায়, যুবক অবস্থায় অথবা, বৃদ্ধ অবস্থায়, পদাতিক অবস্থায় অথবা, বাহন অবস্থায়। (কুঃ কারীম)

يستاذنك الذين يؤمنون بالله واليوم الاخر ان يجاهدوا باموالهم

ইয়াসতা'যিনুকাল লা-যীনা ইয়ু'মিনূনা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি আইঁয়ুজা- হিদূ বিআম্ওয়া-লিহিম্

যারা ঈমান এনেছে আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি, তাদের মাল ও জান দ্বারা জিহাদ করার ব্যাপারে; কখনো আপনার কাছে (অব্যাহতি পাওয়ার জন্য)

وانفسهم والله عليم بالمتقين ﴿٤٤﴾ انما يستاذنك الذين لا يؤمنون

ওয়া আনফুসিহিম, ওয়াল্লা-হু 'আলীমুম্ বিল্ মুত্তাক্বীন্। ৪৫। ইন্নামা- ইয়াস্তা'যিনুকাল্লাযীনা লা- ইয়ু'মিনূনা

অনুমতি প্রার্থনা করবেনা, আল্লাহ পরহেযগারদেরকে ভালভাবেই জানেন। (৪৫) আপনার কাছে (অব্যাহতি পাওয়ার জন্য) অনুমতি প্রার্থনা করে কেবল মাত্র

بالله واليوم الاخر وارتابت قلوبهم فهم في ريبهم يترددون ○

বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়ারতা-বাত্ ক্বুলূবুহুম্ ফাহুম্ ফী রাইবিহিম্ ইয়াতারাদ্দাদূন।

তারাই যারা আল্লাহ্ ও পরকালে বিশ্বাস করে না এবং তাদের অন্তর সন্দেহযুক্ত, সুতরাং তারা তাদের সন্দেহের মধ্যেই দ্বিধান্বিত।

﴿٤٦﴾ ولو ارادوا الخروج لاعدوا له عدة ولكن كره الله انبعاثهم فثبطهم

৪৬। ওয়ালাও আরা-দুল্ খুরূজা লাআ'আদ্দূ লাহূ 'উদ্দাতাওঁ ওয়ালা-কিন্ কারিহাল্লা-হুম্ বি'আ-ছাহুম্ ফাছাব্বাত্বাহুম্

(৪৬) যদি তাদের বের হওয়ার ইচ্ছা থাকত তবে অবশ্যই তার জন্য সরঞ্জামাদি প্রস্তুত করে রাখত, কিন্তু আল্লাহর অপছন্দ ছিল, তাদের যাওয়াটা, সুতরাং

وقيل اقعدوا مع القعدين ﴿٤٧﴾ لو خرجوا فيكم ما زادوكم الا خبالا

ওয়া ক্বীলাক্ব'উদূ মা'আল্ ক্বা-'য়িদীন্। ৪৭। লাও খারাজূ ফীকুম্ মা- যা-দূকুম্ ইল্লা- খাবালাওঁ

তাদেরকে নিবৃত্ত রাখলেন এবং বলা হল, তোমরা বসে থাক উপবিষ্টদের সাথে। (৪৭) যদি তারা তোমাদের সাথে বেরও হত, তবে তোমাদের জন্য বিশৃংখলা ছাড়া আর

ولا اوضعوا خللكم يبغونكم الفتنة وفيكم سمعون لهم والله

ওয়ালা আওদ্বাউ খিলা-লাকুম্ ইয়াব্গূনাকুমুল ফিত্নাতা, ওয়াফীকুম্ সাম্মা-'উনা লাহুম্; ওয়াল্লা-হু

অন্য কিছু বৃদ্ধি পেতনা এবং তোমাদের মধ্যে ফাসাদ সৃষ্টি করার জন্য দৌড়াদৌড়ি করত এবং তোমাদের মধ্যে ফিত্না সৃষ্টি করাত এবং তোমাদের মধ্যে তাদের গুপ্তচর

عليم بالظلمين ﴿٤٨﴾ لقد ابتغوا الفتنة من قبل وقلبوا لك الامور حتى

'আলীমুম্ বিযয়া-লিমীন্। ৪৮। লাক্বাদিব্তাগাউল্ ফিতনাতা মিন্ ক্বাবলু ওয়া ক্বাল্লাবূ লাকাল্ উমূরা হাত্তা-

রয়েছে। আল্লাহ্ অত্যাচারীদেরকে ভালভাবে জানেন। (৪৮) তারাতো পূর্বেও বিশৃংখলা করতে চেয়েছিল (ওহুদের যুদ্ধে) এবং আপনার কর্মপন্থা ওলট পালট করতে

جاء الحق وظهر امر الله وهم كرهون ﴿٤٩﴾ ومنهم من يقول ائذن لي ولا

জা—আলহাক্বকু ওয়া যাহারা আমরুল্লা-হি ওয়াহুম্ কা-রিহূন্। ৪৯। ওয়া মিন্হুম্ মাই ইয়াক্বূলু'যাল্লী ওয়ালা-

চেয়েছিল। অবশেষে সত্য (আল্লাহর সাহায্য) আসল এবং আল্লাহর নির্দেশের বিজয় হল এবং তারা অপছন্দ করছিল। (৪৯) তাদের মধ্যে কতিপয় লোক বলে, আমাকে

تفتني الا في الفتنة سقطوا وان جهنم لمحيطة بالكفرين ○

তাফ্তিন্নী; আলা- ফিল্ ফিত্নাতি সাক্বাত্বূ; ওয়া ইন্না জ্বাহান্নামা লামুহীত্বাতুম্ বিল্কা-ফিরীন্।

অনুমতি দাও এবং আমাকে ধ্বংসের মধ্যে ফেলনা, জেনে রেখো তারাই ধ্বংসের মধ্যে পড়ে আছে। নিশ্চয়ই জাহান্নাম কাফিরদেরকে বেষ্টন করে আছে।

﴿٥٠﴾ ان تصبك حسنة تسؤهم وان تصبك مصيبة يقولوا قد اخذنا امرنا

৫০। ইন্ তুস্বিব্কা হাসানাতুন্ তাসু'হুম্, ওয়া ইন্ তুস্বিব্কা মুস্বীবাতুই ইয়াক্বূলূ ক্বাদ্ আখাযনা~আম্‌রানা-

(৫০) যদি আপনার কোন কল্যাণ (বিজয়) পৌঁছে তাদের কাছে তা খারাপ লাগে এবং আপনার উপর যদি কোন বিপদ এসে পৌঁছে তখন তারা বলে, আমরাতো আমাদের

من قبل ويتولوا وهم فرحون ﴿٥١﴾ قل لن يصيبنا الا ما كتب الله لنا

মিন্ ক্বাব্লু ওয়া ইয়াতাওয়াল্লাও ওয়াহুম্ ফারিহূন্। ৫১। ক্বুল লাইঁ ইয়ুস্বীবানা~ইল্লা- মা- কাতাবাল্লা-হু লানা-,

ব্যাপারে পূর্বেই সাবধানতা অবলম্বন গ্রহণ করেছিলাম। আর তারা খুশী মনে ফিরে যায়। (৫১) আপনি বলুন, আমাদের উপর কিছুই পৌঁছবে না তা ব্যতীত যা আল্লাহ

هو مولنا وعلى الله فليتوكل المؤمنون ﴿٥٢﴾ قل هل تربصون بنا الا

হুওয়া মাওলা-না-, ওয়া'আলাল্লা-হি ফাল্ইয়াতাওয়াক্কালিল্ মু'মিনূন। ৫২। ক্বুল্ হাল্ তারাব্বাস্বূনা বিনা~ইল্লা~

আমাদের জন্য নির্ধারণ করে রেখেছেন, তিনিই আমাদের মালিক। আর মুমিনগণের (একমাত্র) আল্লাহর উপরই ভরসা করা উচিত। (৫২) বলুন, তোমরা

احدى الحسنيين ونحن نتربص بكم ان يصيبكم الله بعذاب من

ইহ্দাল্ হুস্নাইয়াইনি; ওয়া নাহ্নু নাতারাব্বাস্বু বিকুম্ আইঁ ইয়ুস্বীবাকুমুল্লা-হু বি'আযা-বিম্ মিন্

অপেক্ষা করছ আমাদের ব্যাপারে দুটি ভাল বিষয়ের একটির এবং তোমাদের ব্যাপারে আশা করছি যে, আল্লাহ তোমাদেরকে শাস্তি দিবেন তাঁর পক্ষ থেকে অথবা

عنده او بايدينا فتربصوا انا معكم متربصون ﴿٥٣﴾ قل انفقوا طوعا

'ইন্দিহী~আওবিআইদীনা- ফাতারব্বাস্বূ- ইন্না- মা'আকুম্ মুতারাব্বিস্বূন। ৫৩। ক্বুল্ আন্‌ফিক্বূ ত্বাও'আন্

আমাদের হাত দ্বারা, সুতরাং তোমরা (আমাদের ব্যাপারে) অপেক্ষা কর, আমরাও তোমাদের ব্যাপারে অপেক্ষা করছি। (৫৩) বলুন, তোমরা (চাই) খুশীতে

او كرها لن يتقبل منكم انكم كنتم قوما فسقين ﴿٥٤﴾ وما منعهم ان

আও কার্‌হাল লাইঁ ইয়ুতাক্বাব্বালা মিন্‌কুম্; ইন্নাকুম্ কুন্‌তুম্ ক্বাওমান্ ফা-সিক্বীন্। ৫৪। ওয়ামা- মানা'আহুম্ আন্

ব্যয় কর, অথবা নাখুশীতে ব্যয় কর তা কখনও তোমাদের থেকে কবুল করা হবে না, নিশ্চয়ই তোমরা পাপাচারী সম্প্রদায়। (৫৪) তাদের অর্থ ব্যয় তাদের

تقبل منهم نفقتهم الا انهم كفروا بالله وبرسوله ولا ياتون الصلوة

তুক্ববালা মিন্‌হুম্ নাফাক্বা-তুহুম্ ইল্লা~আন্নাহুম্ কাফারূ বিল্লা-হি ওয়া বিরাসূলিহী ওয়ালা- ইয়া'তূনাস স্বালা-তা

থেকে কবুল না করার বাধা (কারণ) এটা ছাড়া আর কিছুই নয় যে, তারা আল্লাহ্ ও তাঁর রাসূলকে অস্বীকার করে এবং সালাত

الا وهم كسالى ولا ينفقون الا وهم كرهون ﴿٥٥﴾ فلا تعجبك اموالهم

ইল্লা- ওয়া হুম্ কুসা-লা- ওয়া লা- ইয়ুন্‌ফিক্বূনা ইল্লা- ওয়া হুম্ কা-রিহূন্। ৫৫। ফালা- তু'জিব্‌কা আম্‌ওয়া-লুহুম্

আদায়ের জন্য (জামাতে) আসে অনীহা নিয়ে এবং অসন্তুষ্ট মনে অর্থ ব্যয় করে। (৫৫) সুতরাং আপনাকে যেন আশ্চর্যান্বিত না করে, তাদের ধন-সম্পদ

ولا اولادهم انما يريد الله ليعذبهم بها في الحيوة الدنيا وتزهق

ওয়ালা~আওলা-দুহুম্, ইন্নামা- ইয়ুরীদুল্লা-হু লিইয়ু'আয্‌যিবাহুম্ বিহা- ফিল্ হায়া-তিদ্ দুন্‌ইয়া- ওয়া তায্‌হাক্বা

এবং তাদের সন্তান সন্ততি। আল্লাহর ইচ্ছাতো এ সম্পদ, সন্তান-সন্ততি দ্বারা তাদেরকে পার্থিব জীবনে শাস্তি দিবেন এবং কাফির অবস্থায়ই

أَنْفُسُهُمْ وَهُمْ كٰفِرُوْنَ ۝٥٥ وَيَحْلِفُوْنَ بِاللّٰهِ إِنَّهُمْ لَمِنْكُمْ ۗ وَمَا هُمْ مِّنْكُمْ

আনফুসুহুম্ ওয়াহুম্ কা-ফিরূন্ । ৫৬ । ওয়া ইয়াহ্লিফূনা বিল্লা-হি ইন্নাহুম্ লামিন্‌কুম্, ওয়া মা-হুম্ মিন্‌কুম্
তাদের প্রাণ বের হয়ে যায় । (৫৬) তারা আল্লাহর নামে শপথ করে বলে যে, নিশ্চয়ই তারা তোমাদেরই দলের লোক; অথচ তারা তোমাদের দলের নয় ।

وَلٰكِنَّهُمْ قَوْمٌ يَّفْرَقُوْنَ ۝٥٦ لَوْ يَجِدُوْنَ مَلْجَاً اَوْ مَغٰرٰتٍ اَوْ مُدَّخَلًا لَّوَلَّوْا

ওয়ালা-কিন্নাহুম্ ক্বাওমুঁই ইয়াফ্রাক্বূন । ৫৭ । লাও ইয়াজিদূনা মাল্‌জাআন্ আও মাগা-রা-তিন আও মুদ্দাখালান্ লাওয়াল্লাও
বরং তারা ভীতু সম্প্রদায় । (৫৭) যদি তারা কোন আশ্রয় কেন্দ্র, কোন গুহা, অথবা কোন প্রবেশ পথ পায় তবে তারা তীব্র বেগে সেদিকে

اِلَيْهِ وَهُمْ يَجْمَحُوْنَ ۝٥٧ وَمِنْهُمْ مَّنْ يَّلْمِزُكَ فِي الصَّدَقٰتِ ۚ فَاِنْ اُعْطُوْا

ইলাইহি ওয়াহুম্ ইয়াজ্‌মাহূন । ৫৮ । ওয়া মিন্‌হুম্ মাইঁ ইয়াল্‌মিযুকা ফিসস্বাদাক্বা-তি, ফাইন্ উ'ত্বূ
পলায়ন করবে । (৫৮) তাদের মধ্যে কতিপয় এমন লোকও আছে যারা সদকার মাল বন্টনের ব্যাপারে আপনার দুর্নাম করে, যদি তার থেকে

مِنْهَا رَضُوْا وَاِنْ لَّمْ يُعْطَوْا مِنْهَاۤ اِذَا هُمْ يَسْخَطُوْنَ ۝٥٨ وَلَوْ اَنَّهُمْ رَضُوْا مَاۤ

মিন্‌হা- রাদ্বূ ওয়া ইল্‌লাম্ ইয়ু'ত্বাও মিন্‌হা~ইযা- হুম্ ইয়াস্‌খাত্বূন । ৫৯ । ওয়ালাও আন্নাহুম্ রাদ্বূ মা~
কিছু দেয়া হয় তবে তারা সন্তুষ্ট হয় । আর যদি তার থেকে কিছু দেয়া না হয়; তবে তারা হঠাৎ অসন্তুষ্ট হয়ে যায় । (৫৯) কতইনা ভাল হতো, যদি তারা আল্লাহ ও

اٰتٰىهُمُ اللّٰهُ وَرَسُوْلُهٗ ۙ وَقَالُوْا حَسْبُنَا اللّٰهُ سَيُؤْتِيْنَا اللّٰهُ مِنْ فَضْلِهٖ وَرَسُوْلُهٗۤ ۙ

আ-তা-হুমুল্লা-হু ওয়া রাসূলুহূ ওয়া ক্বা-লূ হাস্‌বুনাল্লা-হু সাইয়ু'তীনাল লা-হু মিন্ ফাদ্বলিহী ওয়া রাসূলুহূ~
তাঁর রাসূল তাদেরকে যা দিয়েছেন তার উপর সন্তুষ্ট হয়ে যেত এবং বলত, আল্লাহই আমাদের জন্য যথেষ্ট, আল্লাহ আমাদেরকে দিবেন তাঁর অনুগ্রহ থেকে এবং তাঁর রাসূলও,

اِنَّاۤ اِلَى اللّٰهِ رٰغِبُوْنَ ۝٥٩ اِنَّمَا الصَّدَقٰتُ لِلْفُقَرَآءِ وَالْمَسٰكِيْنِ وَالْعٰمِلِيْنَ عَلَيْهَا ৭ ع ১৩ রুকূ

ইন্না~ইলাল্লা-হি রা-গিবূন্ । ৬০ । ইন্নামাসস্বাদাক্বা-তু লিলফুক্বারা—য়ি ওয়াল্ মাসা-কীনি ওয়াল 'আ-মিলীনা 'আলাইহা-
আমরা তো আল্লাহর থেকেই আশাবাদী । (৬০) সদকা (যাকাত) তো কেবল দরিদ্র, নিঃস্ব, যাকাত আদায়ের দায়িত্ব প্রাপ্ত কর্মচারী এবং যাদের মন

وَالْمُؤَلَّفَةِ قُلُوْبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْغٰرِمِيْنَ وَفِيْ سَبِيْلِ اللّٰهِ وَابْنِ

ওয়াল্ মুআল্লাফাতি কূলূবুহুম্ ওয়া ফির্‌রিক্বা-বি ওয়াল্ গা-রিমীনা ওয়া ফী সাবীলিল্লা-হি ওয়াব্‌নিস্
আকৃষ্ট করা প্রয়োজন তাদের জন্য এবং দাস মুক্তির জন্য, ঋণগ্রস্তদের জন্য, আল্লাহর রাস্তায় জিহাদকারী এবং মুসাফিরদের জন্য ।

السَّبِيْلِ ۗ فَرِيْضَةً مِّنَ اللّٰهِ ۗ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ۝٦٠ وَمِنْهُمُ الَّذِيْنَ يُؤْذُوْنَ

সাবীল্; ফারীদ্বাতাম্ মিনাল্লা-হি ; ওয়াল্লা-হু 'আলীমুন্ হাকীম্ । ৬১ । ওয়া মিন্‌হুমুল লাযীনা ইয়ু'যূনান
এটা আল্লাহর পক্ষ থেকে ফরয বিধান । আল্লাহ মহাজ্ঞানী ও বিজ্ঞ । (৬১) আর তাদের মধ্যে কতিপয় এমন লোকও আছে, যারা নবীকে কষ্ট দেয়

○ টীকা (আয়াত-৬০) ঃ للفقراء والمسكين (ফকীর ও মিসকীন) ইব্‌ন আব্বাস (রা) থেকে বর্ণিত, ফকীর যে অসহায় অবস্থায়ও কারো কাছে হাত পাতে না এবং মিসকীন যে মানুষের কাছে গিয়ে হাত পাতে ও সওয়াল করে । (ইবনে কাসীর) কারো মতে, ফকীর হল, যার কিছুই নেই এবং মিসকীন হল যে নিসাব পরিমাণ সম্পদের মালিক নয় । (মাঃ কুরআন)

○ টীকা (আয়াত-৬০) ঃ وابن السبيل অর্থাৎ মুসাফির নিজ গৃহে ধনী হলেও সফরের অবস্থায় যদি সাহায্যের মুখাপেক্ষী হয়ে পড়ে তবে যাকাতের অংশ থেকে তাকে সাহায্য করা যাবে ।

النَّبِيَّ وَيَقُوْلُوْنَ هُوَ اُذُنٌ ۗ قُلْ اُذُنُ خَيْرٍ لَّكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَيُؤْمِنُ

নাবিয়্যা ওয়া ইয়াক্বূলূনা হুওয়া উযুনুন্, কুল্ উযুনু খাইরিল্লাকুম্ ইয়ু'মিনু বিল্লা-হি ওয়াইয়ু'মিনু
এবং বলে, তিনি তো কান দিয়ে সব কথাই শ্রবণ করেন, আপনি বলুন, তোমাদের জন্য যা কল্যাণকর সেটাই তিনি এ কান দিয়ে শ্রবণ করেন । তিনি তো আল্লাহর প্রতি

لِلْمُؤْمِنِيْنَ وَرَحْمَةٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ۗ وَالَّذِيْنَ يُؤْذُوْنَ رَسُوْلَ اللّٰهِ

লিল্‌মু'মিনীনা ওয়া রাহ্‌মাতুললিল্লাযীনা আ-মানূ মিন্‌কুম্, ওয়াল্লাযীনা ইয়ু'যূনা রাসূলাল্লা-হি
ঈমান আনেন, মুমিনদের কথা বিশ্বাস করেন । তোমাদের মধ্যে যারা মুমিন তিনি তাদের জন্য রহমত স্বরূপ । আর যারা আল্লাহর রাসূলকে কষ্ট দেয়

لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۝٦١ يَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ لِيُرْضُوْكُمْ ۚ وَاللّٰهُ وَرَسُوْلُهٗۤ

লাহুম্ 'আযা-বুন্ আলীম্ । ৬২ । ইয়াহ্লিফূনা বিল্লা-হি লাকুম্ লিইয়ুরদ্বূকুম্; ওয়াল্লা-হু ওয়া রাসূলুহূ~
তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি । (৬২) তারা শুধু তোমাদের খুশী করার জন্যই তোমাদের সামনে আল্লাহর শপথ করে, অথচ আল্লাহ ও তাঁর রাসূল

তিন চতুর্থাংশ

اَحَقُّ اَنْ يُّرْضُوْهُ اِنْ كَانُوْا مُؤْمِنِيْنَ ۝٦٢ اَلَمْ يَعْلَمُوْۤا اَنَّهٗ مَنْ يُّحَادِدِ اللّٰهَ

আহাক্বক্বু আইঁ ইয়ুর্‌দ্বূহু ইন্ কা-নূ মু'মিনীন্ । ৬৩ । আলাম্ ইয়া'লামূ~আন্নাহূ মাইঁ ইয়ুহা- দিদিল্লা-হা
অধিক হকদার যে, (তারা) তাঁকে খুশী করে, যদি তারা মুমিন হয় । (৬৩) তারা কি জানে না? যে আল্লাহ ও তার

وَرَسُوْلَهٗ فَاَنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خَالِدًا فِيْهَا ۗ ذٰلِكَ الْخِزْيُ الْعَظِيْمُ ۝٦٣ يَحْذَرُ

ওয়া রাসূলাহূ ফাআন্নালাহূ না-রা জ্বাহান্নামা খা-লিদান ফীহা-; যালিকাল্ খিয্‌ইয়ুল্ 'আযীম্ ৬৪ । ইয়াহ্‌যারুল্
রাসূলের বিরোধিতা করবে, তার জন্য অবশ্যই রয়েছে জাহান্নামের অগ্নি, যেখানে সে অনন্তকাল থাকবে, এটাই চরম লাঞ্ছনা । (৬৪) মুনাফিকরা সর্বদা এ ভয়

الْمُنٰفِقُوْنَ اَنْ تُنَزَّلَ عَلَيْهِمْ سُوْرَةٌ تُنَبِّئُهُمْ بِمَا فِيْ قُلُوْبِهِمْ ۗ قُلِ اسْتَهْزِءُوْا ۚ

মুনা-ফিক্বূনা আন্ তুনায্‌যালা 'আলাইহিম্ সূরাতুন্ তুনাব্বিউহুম্ বিমা- ফী কুলূবিহিম্, কুলিস্ তাহ্‌যিউ
করে যে, কখন না অবতীর্ণ হয় মুসলমানের উপর এমন এক সূরা যা তাদের অন্তরের গোপন বিষয় তাদেরকে জানিয়ে দেবে, বলুন, তোমরা ঠাট্টা করতে থাক

اِنَّ اللّٰهَ مُخْرِجٌ مَّا تَحْذَرُوْنَ ۝٦٤ وَلَئِنْ سَاَلْتَهُمْ لَيَقُوْلُنَّ اِنَّمَا كُنَّا نَخُوْضُ

ইন্নাল্লা-হা মুখ্‌রিজুম্‌মা- তাহ্‌যারূন্ । ৬৫ । ওয়ালাইন্ সাআল্‌তাহুম্ লাইয়াকূলুন্না ইন্নামা- কুন্না- নাখূদ্বু
নিশ্চয়ই আল্লাহ প্রকাশ করে দিবেন যে সম্বন্ধে তোমরা ভয় করছ । (৬৫) আর যদি আপনি তাদেরকে জিজ্ঞাসা করেন, তবে তারা স্পষ্ট বলে দিবে যে, আমরাতো শুধু

وَنَلْعَبُ ۗ قُلْ اَبِاللّٰهِ وَاٰيٰتِهٖ وَرَسُوْلِهٖ كُنْتُمْ تَسْتَهْزِءُوْنَ ۝٦٥ لَا تَعْتَذِرُوْا

ওয়া নাল্‌'আব্; কুল্ আবিল্লা-হি ওয়া আ-ইয়া-তিহী ওয়া রাসূলিহী কুন্‌তুম্ তাস্‌তাহ্‌যিউন্ । ৬৬ । লা- তা'তাযিরূ
পরস্পরে হাস্যালাপ ও খেল তামাশা করছিলাম, বলুন, তোমরা কি আল্লাহ ও তাঁর আয়াতসমূহ এবং তাঁর রাসূলের প্রতি উপহাস করছিলে? (৬৬) তোমরা বাহানা করোনা,

○ টীকা (আয়াত-৬৪) মুনাফিকদের মধ্যে দু' প্রকার মুনাফিক ছিল । তাদের কেউ কেউ ত কু-আকীদা বিশিষ্ট ছিল এবং যে কোন কারণ বশতঃ নিজদেরকে মুসলমান বলে প্রকাশ করত, আর কেউ কেউ সন্দেহকারী এবং দু-দিলবিশিষ্ট ছিল । অত্র আয়াতে এ শেষোক্ত রকমের মুনাফিকের বিষয় বর্ণিত হয়েছে । এরা কোন কোন সময়ে ভয়ও করত, কিন্তু আল্লাহর দ্বীনের প্রতি হাসি-ঠাট্টা করতে ছাড়ত না । ○ টীকা (আয়াত-৬৬) যে মুনাফিক আল্লাহর দ্বীনের প্রতি ব্যঙ্গ বিদ্রুপ করে, তাদের কেউ কেউ এরূপ যে, কেবল লোকের দেখাদেখি তারা 'হাঁ'র সাথে হাঁ মিলাতে থাকে, এদের দোষ ততোধিক গুরু নয় । আর কেউ কেউ প্রকৃতপক্ষে ইসলামের প্রতি কু-ধারণা পোষণ করে । এ শ্রেণীর মুনাফিকই আল্লাহর নিকট শাস্তির যোগ্যপাত্র গণ্য হবে । আল্লাহ এস্থলে এজন্য কারো সুস্পষ্ট ব্যাখ্যা বিশ্লেষণ করেন নি যেন, নিজ নিজ অবস্থার প্রতি সকলেই অবহিত এবং সাবধান হয়ে যায় ।

قد كفرتم بعد إيمانكم ۚ إن نعف عن طائفة منكم نعذب طائفة

ক্বাদ্ কাফারতুম্ বা'দা ঈমা-নিকুম; ইননা'ফু'আন ত্বা—য়িফাতিম মিন্‌কুম্ নু'আযযিব্ ত্বা—য়িফাতাম্

নিশ্চয়ই তোমরা নিজেদেরকে মুমিন প্রকাশ করে কুফরী করেছ। তোমাদের মধ্য হতে কতককে যদি ক্ষমাও করি তবে কতককে তাদের গুনাহের

بأنهم كانوا مجرمين ﴿٦٦﴾ المنافقون والمنافقات بعضهم من بعض ۘ ع ৮/৯ ১৪ রুকূ

বিআন্নাহুম্ কা-নূ মুজ্‌রিমীন্। ৬৭। আল্ মুনা-ফিক্বূনা ওয়াল্ মুনা-ফিক্বা-তু বা'দ্বুহুম্ মিম্ বা'দ্ব

কারণে অবশ্যই শাস্তি দেব। (৬৭) সকল মুনাফিক পুরুষ ও মহিলা পরস্পর (চারিত্রিক দিক দিয়ে) একই ধরনের। তারা খারাপ কাজের

يأمرون بالمنكر وينهون عن المعروف ويقبضون أيديهم ۚ نسوا الله

ইয়া'মুরূনা বিল্ মুন্‌কারি ওয়া ইয়ান্‌হাওনা 'আনিল্ মা'রূফি ওয়া ইয়াক্ববিদ্বূনা আইদিয়াহুম্, নাসুল্লা-হা

নির্দেশ দেয় এবং ভাল কাজ থেকে (মানুষদেরকে) বিরত রাখে এবং তাদের হাতকে (দান, সদ্‌কা করা থেকে) বন্ধ করে রাখে, তারা আল্লাহকে ভুলে গেছে,

فنسيهم ۗ إن المنافقين هم الفاسقون ﴿٦٧﴾ وعد الله المنافقين والمنافقات والكفار

ফানাসিয়াহুম্, ইন্নাল্ মুনা-ফিক্বীনা হুমুল্ ফা-সিকূন্। ৬৮। ওয়া'আদাল্লা-হুল মুনা-ফিক্বীনা ওয়াল্ মুনা-ফিক্বা-তি ওয়াল কুফ্‌ফা-রা

ফলে আল্লাহও তাদেরকে ভুলে গেছেন। নিশ্চয়ই মুনাফিকরা পাপাচারী। (৬৮) আল্লাহ্ ওয়াদা করেছেন মুনাফিক পুরুষ ও নারী এবং কাফিরদের জন্য

نار جهنم خالدين فيها ۚ هي حسبهم ۚ ولعنهم الله ۖ ولهم عذاب

না-রা জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা-; হিয়া হ্বাস্‌বুহুম, ওয়া লা'আনাহুমুল্লা-হু ওয়া লাহুম্ 'আযা-বুম

জাহান্নামের অগ্নির, সেখানে তারা চিরকাল থাকবে, সে (অগ্নিই) তাদের (শাস্তির) জন্য যথেষ্ট। তাদেরকে আল্লাহ্ অভিশাপ করেছেন এবং তাদের জন্য রয়েছে (পরকালে)

مقيم ﴿٦٨﴾ كالذين من قبلكم كانوا أشد منكم قوة وأكثر أموالا وأولادا

মুক্বীম। ৬৯। কাল্লাযীনা মিন ক্বাব্‌লিকুম্ কা-নূ~আশাদ্দা মিন্‌কুম্ কুওয়্যাতাওঁ ওয়া আক্‌ছারা আম্‌ওয়া-লাওঁ ওয়া আওলা-দা-;

চিরস্থায়ী শাস্তি। (৬৯) (হে মুনাফিকরা!) তোমরা তোমাদের পূর্ববর্তীদের ন্যায়, যারা শক্তিতে তোমাদের চেয়ে প্রবল ছিল এবং যারা অধিক ধন-সম্পদ ও সন্তান-সন্ততির

فاستمتعوا بخلاقهم فاستمتعتم بخلاقكم كما استمتع الذين من قبلكم

ফাস্‌তাম্‌তা'উ বিখালা-ক্বিহিম্ ফাস্‌তাম্‌তা'তুম্ বিখালা-ক্বিকুম্ কামাস তাম্‌তা'আল্লাযীনা মিন্ ক্বাবলিকুম্

মালিক। সুতরাং তারা সুবিধা ভোগ করেছে তাদের (পার্থিব) অংশ দ্বারা তোমরাও সুবিধা ভোগ করলে তোমাদের অংশ দ্বারা যেমনিভাবে তোমাদের পূর্ববর্তীগণ তাদের

بخلاقهم وخضتم كالذي خاضوا ۚ أولئك حبطت أعمالهم في الدنيا

বিখালা-ক্বিহিম্ ওয়া খুদ্বতুম্ কাল্লাযী খা-দ্বূ, উলা—ইকা হ্বাবিত্বাত্ আ'মা-লুহুম্ ফিদ্দুন্‌ইয়া-

অংশ থেকে সুবিধা ভোগ করেছে এবং তোমরাও অনর্থক গল্পে নিমগ্ন হচ্ছ, যেভাবে তারা অনর্থক গল্পে নিমগ্ন হয়েছে। তাদের আমল ইহকাল

والآخرة ۖ وأولئك هم الخاسرون ﴿٦٩﴾ ألم يأتهم نبأ الذين من قبلهم

ওয়াল্ আ-খিরাতি, ওয়া উলা—ইকা হুমুল্ খা-সিরূন। ৭০। আলাম্ ইয়া'তিহিম্ নাবাউল লাযীনা মিন্ ক্বাবলিহিম্

ও পরকালে নিষ্ফল হয়ে গেছে এবং তারাই ক্ষতিগ্রস্ত। (৭০) তাদের কাছে কি তাদের পূর্ববর্তীদের সংবাদ পৌঁছেনি?

قوم نوح وعاد وثمود ۙ وقوم إبراهيم وأصحاب مدين والمؤتفكات ۚ

ক্বাওমি নূহ্বিওঁ ওয়া 'আ-দিওঁ ওয়া ছামূদ; ওয়া ক্বাওমি ইব্‌রা-হীমা ওয়া আস্বহ্বা-বি মাদ্‌ইয়ানা ওয়াল্ মু'তাফিকা-তি;

যেমন নূহ্, আদ, সামূদ সম্প্রদায়ের এবং ইবরাহীমের সম্প্রদায়ের এবং মাদইয়ান ও বিপর্যস্ত জনপদের অধিবাসীদের, তাদের

أتتهم رسلهم بالبينات ۖ فما كان الله ليظلمهم ولكن كانوا أنفسهم

আতাত্‌হুম্ রুসুলুহুম্ বিল্‌বায়্যিনা-তি, ফামা- কা-নাল্লা-হু লিইয়াযলিমাহুম্ ওয়া লা-কিন্ কা-নূ~আনফুসাহুম্

কাছে তাদের রাসূল স্পষ্ট দলীল নিয়ে এসেছিলেন, আল্লাহ্এমন নন যে, তাদের উপর অত্যাচার করবেন, কিন্তু তারা নিজেরাই

يظلمون ﴿٧٠﴾ والمؤمنون والمؤمنات بعضهم أولياء بعض ۚ يأمرون

ইয়ায্‌লিমূন্। ৭১। ওয়াল্ মু'মিনূনা ওয়াল্ মু'মিনা-তু বা'দ্বুহুম্ আওলিয়া—উ বা'দ্ব। ইয়া'মুরূনা

নিজেদের উপর অত্যাচার করছিল। (৭১) মুমিন পুরুষ এবং মুমিন মহিলা পরস্পরে একে অপরের বন্ধু, তারা ভাল কাজের

بالمعروف وينهون عن المنكر ويقيمون الصلاة ويؤتون الزكاة ويطيعون

বিল্ মা'রূফি ওয়া ইয়ান্‌হাওনা 'আনিল্ মুন্‌কারি ওয়া ইয়ুক্বীমূনাসস্বালা-তা ওয়া ইয়ু'তূনা যাকা-তা ওয়া ইয়ুত্বী'ঊনা

নির্দেশ দেয় এবং অন্যায় (খারাপ) কাজ থেকে (মানুষদেরকে) বিরত রাখে, তারা সালাত কায়েম করে, যাকাত আদায় করে এবং তারা

الله ورسوله ۚ أولئك سيرحمهم الله ۗ إن الله عزيز حكيم ﴿٧١﴾ وعد الله

ল্লা-হা ওয়া রাসূলাহূ, উলা—ইকা সাইয়ারহ্বামুহুমুল্লা-হু, ইন্নাল্লা-হা 'আযীযুন্ হ্বাকীম। ৭২। ওয়া'আদাল্লা-হুল্

আল্লাহ্ ও তাঁর রাসূলের আনুগত্য করে। তাদের উপরই আল্লাহ্ অতিশীঘ্র অনুগ্রহ দান করবেন। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী ও বিজ্ঞ। (৭২) আল্লাহ্ (এসব)

المؤمنين والمؤمنات جنات تجري من تحتها الأنهار خالدين فيها

মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি জ্বান্নাতিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আনহা-রু খা-লিদীনা ফীহা-

মুমিন পুরুষ ও মুমিন মহিলাদের জন্য এমন জান্নাতের ওয়াদা করেছেন যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা চিরকাল

ومساكن طيبة في جنات عدن ۚ ورضوان من الله أكبر ۚ ذلك هو الفوز

ওয়া মাসা-কিনা ত্বায়্যিবাতান্ ফী জ্বান্নাতি 'আদ্‌ন্; ওয়া রিদ্বওয়া-নুম মিনাল্লা-হি আক্‌বার; যা-লিকা হুওয়াল্ ফাওযুল

থাকবে, (এবং ওয়াদা করেছেন) উৎকৃষ্ট বাসস্থানের যা জান্নাতে চিরস্থায়ী বিদ্যমান এবং এগুলোর মধ্যে আল্লাহর সন্তুষ্টিই সবচেয়ে বড় নেয়ামত, এটাই পরম

৯ ع ৬ ১৫ রুকূ العظيم ﴿٧٢﴾ يا أيها النبي جاهد الكفار والمنافقين واغلظ عليهم ۚ ومأواهم

'আযীম। ৭৩। ইয়া~আইয়্যুহান্নাবিয়্যু জ্বা-হিদিল্ কুফ্‌ফা-রা ওয়াল্ মুনা-ফিক্বীনা ওয়াগ্‌লুয্ 'আলাইহিম্; ওয়া মা'ওয়া-হুম্

সফলতা। (৭৩) হে নবী! কাফির ও মুনাফিদের বিরুদ্ধে জিহাদ করুন এবং তাদের উপর কঠোর হোন, তাদের বাসস্থান

جهنم ۖ وبئس المصير ﴿٧٣﴾ يحلفون بالله ما قالوا ولقد قالوا كلمة الكفر

জ্বাহান্নাম; ওয়া বি'সাল্ মাস্বীর। ৭৪। ইয়াহ্বলিফূনা বিল্লা-হি মা- ক্বা-লূ; ওয়া লাক্বাদ্ ক্বা-লূ কালিমাতাল্ কুফ্‌রি

জাহান্নাম আর তা কতইনা নিকৃষ্ট আবাসস্থল। (৭৪) তারা আল্লাহর শপথ করে বলে যে, তারা অমুক কথা বলেনি, অথচ তারা কুফরীর কথা বলেছে এবং ইসলাম গ্রহণের পর

وَكَفَرُوا بَعْدَ إِسْلَامِهِمْ وَهَمُّوا بِمَا لَمْ يَنَالُوا ۚ وَمَا نَقَمُوا إِلَّا أَنْ أَغْنَاهُمُ

ওয়া কাফারূ বা'দা ইস্‌লা-মিহিম্ ওয়া হাম্মূ বিমা- লাম্ ইয়ানা-লূ, ওয়া মা- নাক্বামূ~ইল্লা~আন্ আগ্‌না-হুমু

কাফির হয়ে গেছে এবং তারা কামনা করেছিল এমন বিষয়ের যা পূর্ণ করতে পারেনি, তারা শুধু এরই প্রতিদান দিয়েছিল যে, তাদেরকে সম্পদশালী করেছিলেন

اللَّهُ وَرَسُولُهُ مِنْ فَضْلِهِ ۚ فَإِنْ يَتُوبُوا يَكُ خَيْرًا لَهُمْ ۖ وَإِنْ يَتَوَلَّوْا يُعَذِّبْهُمُ

ল্লা-হু ওয়া রাসূলুহূ মিন্ ফাদ্বলিহী, ফা ইঁয়্যইয়াতূবূ ইয়াকু খাইরাললাহুম্, ওয়া ইঁয় ইয়াতাওয়াল্লাও ইয়ু'আযযিব হুমু

আল্লাহ ও তাঁর রাসূল নিজ অনুগ্রহ থেকে, যদি তারা এরপরও তওবা করে, তবে এটা তাদের জন্য কল্যাণকর হবে; আর যদি তারা মুখ ফিরিয়ে

اللَّهُ عَذَابًا أَلِيمًا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۚ وَمَا لَهُمْ فِي الْأَرْضِ مِنْ وَلِيٍّ وَلَا

ল্লা-হু 'আযা-বান্ আলীমা-, ফিদ্দুন্ইয়া- ওয়াল্ আ-খিরাহ্, ওয়ামা- লাহুম্ ফিল্ আরদ্বি মিওঁ ওয়ালিয়্যিওঁ ওয়ালা-

নেয়; তবে আল্লাহ তাদেরকে ইহকাল ও পরকালে শাস্তি দিবেন যন্ত্রণাময় শাস্তি এবং পৃথিবীতে তাদের কোনই বন্ধু ও সাহায্যকারী

نَصِيرٍ ﴿٧٤﴾ وَمِنْهُمْ مَنْ عَاهَدَ اللَّهَ لَئِنْ آتَانَا مِنْ فَضْلِهِ لَنَصَّدَّقَنَّ وَلَنَكُونَنَّ مِنَ

নাস্বীর্। ৭৫। ওয়া মিনহুম্ মান্ 'আ-হাদাল্লা-হা লাইন আ-তা-না- মিন্ ফাদ্বলিহী লানাসস্বাদ্দাক্বান্না ওয়া লানাকূনান্না মিনাস

নেই। (৭৫) তাদের মধ্যে এমন লোকও আছে যারা আল্লাহর সাথে অঙ্গীকার করেছিল, যদি আল্লাহ আমাদেরকে তাঁর অনুগ্রহে (অর্থ সম্পদ) দান করেন, তবে অবশ্যই আমরা সদ্‌কা

الصَّالِحِينَ ﴿٧٥﴾ فَلَمَّا آتَاهُمْ مِنْ فَضْلِهِ بَخِلُوا بِهِ وَتَوَلَّوْا وَهُمْ مُعْرِضُونَ ○

স্বা-লিহ্বীন্। ৭৬। ফালাম্মা~আ-তা-হুম্ মিন্ ফাদ্বলিহী বাখিলূ বিহী ওয়া তাওয়াল্লাও ওয়াহুম্ মু'রিদ্বূ-ন্।

করব এবং নেককারদের অন্তর্ভুক্ত হব। (৭৬) অতঃপর যখন আল্লাহ তাঁর অনুগ্রহে তাদেরকে (সম্পদ) দান করলেন তখন তাতে কারপণ্য শুরু করল এবং উপেক্ষা করে ফিরে গেল।

﴿٧٦﴾ فَأَعْقَبَهُمْ نِفَاقًا فِي قُلُوبِهِمْ إِلَىٰ يَوْمِ يَلْقَوْنَهُ بِمَا أَخْلَفُوا اللَّهَ مَا وَعَدُوهُ وَبِمَا

৭৭। ফাআ'ক্বাবাহুম্ নিফা-ক্বান্ ফী ক্বুলূবিহিম্ ইলা- ইয়াওমি ইয়াল্‌ক্বাওনাহূ বিমা~আখ্‌লাফুল্লা-হা মা- ওয়া'আদূহু ওয়া বিমা-

(৭৭) অনন্তর আল্লাহ শাস্তি স্বরূপ তাদের অন্তরে নেফাকী (কপটতা) পয়দা করলেন যা আল্লাহর সাথে মিলনের দিন পর্যন্ত থাকবে, এ কারণে যে, তারা আল্লাহর সাথে কৃত

كَانُوا يَكْذِبُونَ ﴿٧٧﴾ أَلَمْ يَعْلَمُوا أَنَّ اللَّهَ يَعْلَمُ سِرَّهُمْ وَنَجْوَاهُمْ وَأَنَّ اللَّهَ

কা-নূ ইয়াক্‌যিবূন্। ৭৮। আলাম্ ইয়া'লামূ~আন্নাল লা-হা ইয়া'লামু সির্‌রাহুম্ ওয়া নাজ্ওয়া-হুম্ ওয়া আন্নাল্লা-হা

ওয়াদা ভংগ করেছে এবং তারা মিথ্যা বলছিল। (৭৮) তারা কি জানে না যে, আল্লাহ তাদের অন্তরের গোপন বিষয় এবং তাদের গোপন পরামর্শ সবকিছুই জানেন, নিশ্চয়ই

عَلَّامُ الْغُيُوبِ ﴿٧٨﴾ الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ

'আল্লা-মুল্ গুইয়ূব্। ৭৯। আল্লাযীনা ইয়াল্‌মিযূনাল্ মুত্ত্বাওবি'য়ীনা মিনাল্ মু'মিনীনা ফিসস্বাদাক্বা-তি

আল্লাহ সকল গোপন তথ্য সম্পর্কে পূর্ণ অবহিত আছেন। (৭৯) যারা নিন্দা করে, নফল সদকা প্রদানকারী মুমিনদেরকে এবং তাদেরকে যারা তাদের শ্রমলব্ধ বস্তু ছাড়া অন্য

وَالَّذِينَ لَا يَجِدُونَ إِلَّا جُهْدَهُمْ فَيَسْخَرُونَ مِنْهُمْ ۙ سَخِرَ اللَّهُ مِنْهُمْ

ওয়াল্লাযীনা লা- ইয়াজ্বিদূনা ইল্লা- জুহ্‌দাহুম্ ফাইয়াস্‌খারূনা মিন্‌হুম্; সাখিরাল্লা-হু মিন্‌হুম্,

আর কিছুই পায় না, তারা তাদের প্রতি ঠাট্টা-বিদ্রূপ করে, আল্লাহ তাদের এ ঠাট্টার প্রতিফল দিবেন, তাদের জন্য রয়েছে

وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٧٩﴾ اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ ۚ إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ

ওয়ালাহুম্ 'আযা-বুন্ আলীম। ৮০। ইস্‌তাগ্‌ফির লাহুম্ আও লা- তাস্‌তাগ্‌ফির্ লাহুম্ ইন্ তাস্‌তাগ্‌ফির্ লাহুম্ সাব্'ঈনা

যন্ত্রণাদায়ক শাস্তি। (৮০) তাদের জন্য আপনি ক্ষমা প্রার্থনা করুন অথবা তাদের জন্য ক্ষমা প্রার্থনা না করুন (উভয়ই সমান); যদি আপনি সত্তর বারও ক্ষমা প্রার্থনা

مَرَّةً فَلَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ وَرَسُولِهِ ۗ وَاللَّهُ لَا يَهْدِي

মার্‌রাতান্ ফালাই ইয়াগ্‌ফিরাল্লা-হু লাহুম; যা-লিকা বিআন্নাহুম্ কাফারূ বিল্লা-হি ওয়া রাসূলিহী; ওয়াল্লা-হু লা- ইয়াহ্‌দিল্

করেন আল্লাহ কখনও তাদের ক্ষমা করবেন না, এটা এ কারণে যে, তারা কুফরী করেছে আল্লাহ ও তাঁর রাসূলের সাথে, আল্লাহ ফাসিক (পাপাচারী) সম্প্রদায়কে সঠিক পথ

১০ ع ১৬ রুকূ

الْقَوْمَ الْفَاسِقِينَ ﴿٨٠﴾ فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَدِهِمْ خِلَافَ رَسُولِ اللَّهِ وَكَرِهُوا

ক্বাওমাল্ ফাসিক্বীন্। ৮১। ফারিহ্বাল্ মুখাল্লাফূনা বিমাক্ব'আদিহিম্ খিলা-ফা রাসূলি ল্লা-হি ওয়া কারিহূ~

প্রদর্শন করেন না। (৮১) (তাবুক যুদ্ধে) পেছনে (গৃহে) থাকা লোকগুলো রাসূলের বিরুদ্ধাচরণ করে নিজ গৃহে থাকার কারণে বেশ আনন্দ লাভ করেছে

أَنْ يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَقَالُوا لَا تَنْفِرُوا فِي

আইঁ ইয়ুজ্বা-হিদূ বিআম্‌ওয়া-লিহিম্ ওয়া আন্‌ফুসিহিম্ ফী সাবীলিল লা-হি ওয়া ক্বা-লূ লা- তান্‌ফিরূ ফিল

এবং আল্লাহর রাস্তায় স্বীয় মাল ও জান দ্বারা জিহাদ করা না পছন্দ করেছে এবং তারা বলল, এ গরমের মধ্যে (যুদ্ধে) বের হয়ো

الْحَرِّ ۗ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا ۚ لَوْ كَانُوا يَفْقَهُونَ ﴿٨١﴾ فَلْيَضْحَكُوا قَلِيلًا

হ্বার্‌রি; ক্বুল্ না-রু জ্বাহান্নামা আশাদ্দু হ্বার্‌রা-; লাও কা-নূ ইয়াফ্‌ক্বাহূন্। ৮২। ফাল্‌ইয়াদ্বহ্বাকূ ক্বালীলাওঁ

না। তাদেরকে বলুন, জাহান্নামের অগ্নি এর চেয়ে অধিক গরম, যদি তারা বুঝত। (৮২) অতএব (পৃথিবীতে) তারা কম হেসে নিক

وَلْيَبْكُوا كَثِيرًا جَزَاءً بِمَا كَانُوا يَكْسِبُونَ ﴿٨٢﴾ فَإِنْ رَجَعَكَ اللَّهُ إِلَىٰ

ওয়াল্ ইয়াবকূ কাছীরা-, জ্বাযা—আম্ বিমা- কা-নূ ইয়াক্‌সিবূন্। ৮৩। ফাইঁর্ রাজ্বা-'আকাল্লা-হু ইলা-

এবং (পরকালে) তারা অনেক বেশী কাঁদবে তাদের কৃতকর্মের বিনিময়ে। (৮৩) এরপর যদি আল্লাহ আপনাকে (মদিনায়) তাদের কোন দলের নিকট ফিরিয়ে আনেন,

○ টীকা (আয়াত-৮০) 'সত্তর বলতে সত্তর সংখ্যা নয়; বরং উহার মর্ম অধিক। ইহা আরবে প্রচলিত একটি বিশেষ কথা। যদ্রূপ এদেশের লোক কখনও 'পঞ্চাশ', কখনও 'একশত' এবং কখনও 'হাজার'-এর উল্লেখ করে থাকে। যথা– পঞ্চাশবার, একশত বার, হাজার বার এ কথা বলা হয়েছে– এরূপ কথার প্রচলন এদেশে রয়েছে। হাদীসে উক্ত আছে, আব্দুল্লাহ নামক মুনাফিকের মৃত্যু ঘটলে, তদীয় পুত্র হযরত নবী করীম সমীপে উপস্থিত হয়ে পিতার জানাযা নামায পড়ায়ে দেয়ার জন্য আরয করে। রাসূল (সা) সম্মতি জ্ঞাপনান্তে আব্দুল্লাহর জানাযা নামায পড়াতে প্রস্তুত হন। আব্দুল্লাহ পাকা মুনাফিক, ইসলামের ঘোরতর শত্রু ছিল এবং আব্দুল্লাহ কর্তৃক হযরত রাসূলুল্লাহ ও মুসলমানদেরকে ভীষণ কষ্ট দিয়েছিল। আব্দুল্লার জানাযা নামায পড়াতে হযরত ওমর রাসূলুল্লাহকে বাধা প্রদান করেন এবং অত্র আয়াত স্মরণ করিয়ে দেন। তখন রাসূলে আকরাম (সা) ফরমায়েছেন যে, আল্লাহ পাক আমাকে ক্ষমা প্রার্থনা করা না করার ইখতিয়ার দিয়েছেন। তিনি বলেছেন, আপনি সত্তরবার ক্ষমা প্রার্থনা করলেও আমি ক্ষমা করব না। অতএব আমি সত্তর বারেরও অধিক দোয়া করব। এটা বলে হুজুর আব্দুল্লার জানাযা নামায পড়ালেন শুধু এটাই নয়; বরং তার কাফনের জন্য নিজের একটি কোর্তাও দান করলেন। আব্দুল্লার জানাযা নামায পড়ানো শেষ হতেই আয়াত নাযিল হয়, আয়াতটি পরে আসছে। এরপর থেকে তিনি মুনাফিকদের জানাযা ও তাদের জন্য ক্ষমা প্রার্থনা ত্যাগ করেন। রাসূল (সা)-এর কার্য হতে এটা যেন মনে না করা হয় যে, তিনি 'সত্তর'-এর প্রচলন বিষয়ে জ্ঞাত ছিলেন না, বরং কথা হচ্ছে যে, রাসূল (সা) শারাফাত এবং রহমতের খনি ছিলেন। "দোষ ক্ষমা এবং অনুকম্পা প্রদর্শন" তার নৈতিক জীবনের এক বিশেষ বৈশিষ্ট্য ছিল। আর অন্যদিকে, আল্লাহর করুণা ও দয়া হতেও তাঁর ভরসা ছিল। রাসূল (সা)-এর মন 'সত্তর' শব্দটির একটি উপলক্ষ করে তাঁর "রাহমাতুল্লিল আলামীন" হওয়া সাব্যস্ত করে দেখান। ("হে আল্লাহ) তুমিও করীম, তোমার রাসূলও করীম, আমরা দুই করীমের মধ্যে আছি তজ্জন্য শত শোকর") আর ঐ যে আব্দুল্লাহর কাফনের জন্য নিজের কোর্তা দান করেছিলেন, তার ভেদ তত্ত্ব এই যে, প্রকৃত প্রস্তাবে তা আব্দুল্লাহ কর্তৃক একটি উপকারের বিনিময় ছিল। হযরত রাসূলে আকরাম (সা)-এর চাচা হযরত আব্বাস মুসলমান হলে তখনই তার কাপড় বদলাবার আবশ্যক হয়। হযরত আব্বাস হৃষ্টপুষ্ট মোটা সোটা লম্বা-চওড়া লোক থাকায় এক আব্দুল্লার কোর্তা ছাড়া অন্য কোন মুসলমানের কোর্তা তার গায়ে লাগে নি। প্রিয় পাঠক! প্রত্যুপকারের চাক্ষুস দৃশ্য হযরত নবী করীম (সা)-এর নীতি-বৈশিষ্ট্যের মধ্যে অবলোকন করুন। এটা সেই কিছুই যা রাসূল আকরাম (সা)-এর সাথে আমাদের আকীদাকে বৃদ্ধি করে থাকে।

طَآئِفَةٍ مِّنْهُمْ فَاسْتَأْذَنُوكَ لِلْخُرُوجِ فَقُل لَّن تَخْرُجُوا مَعِىَ أَبَدًا وَلَن تُقَاتِلُوا

ত্বা—য়িফাতিম মিন্‌হুম্ ফাস্‌তা'যানূকা লিল্‌খুরূজি ফাকুল লান্ তাখরুজূ মা'য়িয়া আবাদাওঁ ওয়ালান্ তুক্বা-তিলূ

অতঃপর যদি তারা যুদ্ধে যাওয়ার জন্য অনুমতি চায়, তবে আপনি বলে দিবেন, তোমরা আমার সাথে কখনও বের হবে না এবং কখনও যুদ্ধ করবে না।

مَعِىَ عَدُوًّا ۖ إِنَّكُمْ رَضِيتُم بِالْقُعُودِ أَوَّلَ مَرَّةٍ فَاقْعُدُوا مَعَ الْخَٰلِفِينَ ﴿٨٣﴾ وَلَا

মা'য়িয়া 'আদুওওয়ান ; ইন্নাকুম্ রাদ্বীতুম্ বিল্‌কু'উদি আওয়্যালা মার্‌রাতিন্ ফাক্বউদূ মা'আল্ খা-লিফীন্। ৮৪। ওয়ালা-

শত্রুদের সাথে আমার সাথী হয়ে। তোমরাতো প্রথমবারেই (গৃহে) বসে থাকাটাই পছন্দ করেছিলে, সুতরাং তোমরা পিছে বসে থাকা লোকদের সাথেই বসে থাক। (৮৪) আর

تُصَلِّ عَلَىٰٓ أَحَدٍ مِّنْهُم مَّاتَ أَبَدًا وَلَا تَقُمْ عَلَىٰ قَبْرِهِۦٓ ۖ إِنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ وَرَسُولِهِۦ

তুস্বাল্লি 'আলা~আহ্বাদিম মিন্‌হুম মা-তা আবাদাওঁ ওয়ালা- তাকুম 'আলা- ক্বাব্‌রিহী; ইন্নাহুম্ কাফারূ বিল্লা-হি ওয়া রাসূলিহী

যদি তাদের মধ্যে কেউ মারা যায়, তবে আপনি কখনও তাদের জানাযার নামায পড়বেন না এবং তাদের কবরের পার্শ্বেও দাঁড়াবেন না, নিশ্চয়ই তারা আল্লাহ ও তাঁর রাসূলের

وَمَاتُوا وَهُمْ فَٰسِقُونَ ﴿٨٤﴾ وَلَا تُعْجِبْكَ أَمْوَٰلُهُمْ وَأَوْلَٰدُهُمْ ۚ إِنَّمَا يُرِيدُ اللَّهُ

ওয়া মা-তূ ওয়াহুম্ ফা-সিকূন্। ৮৫। ওয়ালা- তু'জিব্‌কা আমওয়া-লুহুম্ ওয়া আওলা-দুহুম্, ইন্নামা- ইয়ুরীদুল্লা-হু

সাথে কুফরী করেছে এবং পাপাচারী অবস্থায়ই তাদের মৃত্যু হয়েছে। (৮৫) আপনাকে যেন আশ্চর্যান্বিত না করে তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি, আল্লাহর ইচ্ছা শুধু এটাই

أَن يُعَذِّبَهُم بِهَا فِى الدُّنْيَا وَتَزْهَقَ أَنفُسُهُمْ وَهُمْ كَٰفِرُونَ ﴿٨٥﴾ وَإِذَآ أُنزِلَتْ

আই ইয়ু'আযযিবাহুম্ বিহা- ফিদ্দুন্‌ইয়া- ওয়া তায্‌হাক্বা আন্‌ফুসুহুম্ ওয়া হুম্ কা-ফিরূন্। ৮৬। ওয়া ইযা~উন্‌যিলাত্

যে, সেসব (সম্পদ, সন্তান-সন্ততি) দ্বারা তাদেরকে পার্থিব জীবনে শাস্তি দিবেন এবং তাদের আত্মা বের হবে কুফরী অবস্থায়। (৮৬) আর যখন কোন সূরা অবতীর্ণ হয়,

سُورَةٌ أَنْ ءَامِنُوا بِاللَّهِ وَجَٰهِدُوا مَعَ رَسُولِهِ اسْتَأْذَنَكَ أُولُوا الطَّوْلِ مِنْهُمْ

সূরাতুন্ আন্ আ-মিনূ বিল্লা-হি ওয়া জ্বা-হিদূ মা'আ রাসূলিহিস্ তা'জানাকা উলুত্ব ত্বাওলি মিন্‌হুম্

এ মর্মে যে, আল্লাহর প্রতি ঈমান আন এবং তাঁর রাসূলের সাথে মিলে জিহাদ কর, তখন তাদের মধ্য হতে সামর্থবান ব্যক্তিরা অনুমতি প্রার্থনা করে

وَقَالُوا ذَرْنَا نَكُن مَّعَ الْقَٰعِدِينَ ﴿٨٦﴾ رَضُوا بِأَن يَكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ

ওয়া ক্বা-লূ যার্‌না- নাকুম মা'আল্ ক্বা-'য়িদীন্। ৮৭। রাদ্বূ বিআইঁ ইয়াকূনূ মা'আল্ খাওয়া-লিফি ওয়া তুবি'আ

এবং বলে আমাদেরকে রেহাই দিন, আমরা উপবিষ্টকারীদের সাথে থাকব। (৮৭) তারা গৃহে বসা মহিলাদের সাথে থাকাটাই

عَلَىٰ قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ ﴿٨٧﴾ لَٰكِنِ الرَّسُولُ وَالَّذِينَ ءَامَنُوا مَعَهُۥ جَٰهَدُوا

'আলা- ক্বুলূবিহিম্ ফাহুম্ লা- ইয়াফ্‌ক্বাহূন্। ৮৮। লা-কিনির্ রাসূলু ওয়াল্লাযীনা আ-মানূ মা'আহূ জ্বা-হাদূ

পছন্দ করেছে তাদের অন্তরে মোহর মারা হয়েছে, ফলে তারা কিছুই বুঝে না। (৮৮) কিন্তু রাসূল এবং তাঁর সাথে যারা ঈমান

بِأَمْوَٰلِهِمْ وَأَنفُسِهِمْ ۚ وَأُولَٰٓئِكَ لَهُمُ الْخَيْرَٰتُ ۖ وَأُولَٰٓئِكَ هُمُ الْمُفْلِحُونَ

বিআম্‌ওয়া- লিহিম্ ওয়া আন্‌ফুসিহিম্, ওয়া উলা—ইকা লাহুমুল্ খাইরা-তু ওয়া উলা—ইকাহুমুল্ মুফলিহূন্।

এনেছে তারা তাদের ধন-সম্পদ এবং জীবন দিয়ে যুদ্ধ করেছে তাদের জন্যই কল্যাণ রয়েছে এবং তারাই সফলকাম।

﴿٨٨﴾ أَعَدَّ اللَّهُ لَهُمْ جَنَّٰتٍ تَجْرِى مِن تَحْتِهَا الْأَنْهَٰرُ خَٰلِدِينَ فِيهَا ۚ ذَٰلِكَ الْفَوْزُ

৮৯। আ'আদ্দাল্লা-হু লাহুম্ জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্‌হা-রু খা-লিদীনা ফীহা-; যা-লিকাল ফাওযুল

(৮৯) তাদের জন্য আল্লাহ এমন জান্নাত প্রস্তুত করে রেখেছেন যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা চিরকাল থাকবে, এটাই বিরাট

১১ ع ১৭ রুকূ

الْعَظِيمُ ﴿٨٩﴾ وَجَآءَ الْمُعَذِّرُونَ مِنَ الْأَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِينَ

'আযীম্। ৯০। ওয়া জ্বা—আল্ মু'আয্‌যিরূনা মিনাল আ'রা-বি লিইয়ু' যানা লাহুম্ ওয়া ক্বা'আদাল্লাযীনা

সফলতা, (৯০) (আরব) বেদুঈনদের মধ্য হতে অজুহাতকারী কিছু লোক উপস্থিত হল, যাতে তাদেরকে অনুমতি দেয়া হয় এবং যারা

كَذَبُوا اللَّهَ وَرَسُولَهُۥ ۚ سَيُصِيبُ الَّذِينَ كَفَرُوا مِنْهُمْ عَذَابٌ أَلِيمٌ

কাযাবুল্লা-হা ওয়া রাসূলাহূ, সাইয়ুস্বীবুল্লাযীনা কাফারূ মিনহুম্ 'আযা-বুন্ আলীম্।

আল্লাহ ও তাঁর রাসূলকে মিথ্যা বলেছে তারা একেবারে বসে থাকল। অতিশীঘ্রই তাদের মধ্যে যারা কাফির তাদের যন্ত্রণাদায়ক শাস্তি হবে,

﴿٩٠﴾ لَّيْسَ عَلَى الضُّعَفَآءِ وَلَا عَلَى الْمَرْضَىٰ وَلَا عَلَى الَّذِينَ لَا يَجِدُونَ مَا يُنفِقُونَ

৯১। লাইসা 'আলাদ্ব দ্বু'আফা—য়ি ওয়া লা- 'আলাল্ মার্‌দ্বা- ওয়া লা-'আলাল লাযীনা লা- ইয়াজ্বিদূনা মা- ইয়ুন্‌ফিক্বূনা

(৯১) দুর্বল, পীড়িত এবং যারা ব্যয় করার সামর্থ্য রাখে না, তাদের উপর কোনই গুনাহ নেই যদি তারা

حَرَجٌ إِذَا نَصَحُوا لِلَّهِ وَرَسُولِهِۦ ۚ مَا عَلَى الْمُحْسِنِينَ مِن سَبِيلٍ ۚ وَاللَّهُ غَفُورٌ

হ্বারাজুন ইযা নাস্বাহূ লিল্লা-হি ওয়া রাসূলিহী, মা- 'আলাল মুহ্বসিনীনা মিন্ সাবীল্, ওয়াল্লা-হু গাফূরুর্

আল্লাহ ও তাঁর রাসূলের উপর দৃঢ় আস্থা রাখে, এ ধরনের নেককারগণের উপর কোনই অভিযোগ নেই। আল্লাহ ক্ষমাশীল, পরম

رَّحِيمٌ ﴿٩١﴾ وَلَا عَلَى الَّذِينَ إِذَا مَآ أَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَآ أَجِدُ مَآ أَحْمِلُكُمْ

রাহ্বীম্। ৯২। ওয়ালা- 'আলাল্লাযীনা ইযা- মা~আতাওকা লিতাহ্বমিলাহুম্ ক্বুল্‌তা লা~আজ্বিদু মা~আহ্বমিলুকুম্

দয়ালু। (৯২) তাদের উপরও কোন অভিযোগ নেই, যারা আপনার কাছে আসছিল এজন্য যে তাদেরকে আপনি বাহন (যুদ্ধের সাওয়ারী) সরবরাহ করে দিবেন, তখন আপনি বলেছিলেন,

عَلَيْهِ تَوَلَّوا وَّأَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ حَزَنًا أَلَّا يَجِدُوا مَا يُنفِقُونَ

'আলাইহি; তাওয়াল্লাও ওয়া আ'ইয়ুনুহুম্ তাফীদ্বু মিনাদ্দাম্'ই হ্বাযানান্ আল্লা- ইয়াজ্বিদূ মা- ইয়ুন্‌ফিক্বূন্।

আমার নিকট তোমাদের জন্য কোন বাহন (সাওয়ারী) নেই, তখন তারা দুঃখ নিয়ে অশ্রু প্রবাহিত নয়নে ফিরে গেল, এজন্য যে তারা (নিজের থেকে) কোন কিছু ব্যয় করার সামর্থ রাখে না।

﴿٩٢﴾ إِنَّمَا السَّبِيلُ عَلَى الَّذِينَ يَسْتَـْٔذِنُونَكَ وَهُمْ أَغْنِيَآءُ ۚ رَضُوا بِأَن

৯৩। ইন্নামাস্ সাবীলু 'আলাল্লাযীনা ইয়াস্‌তা'যিনূনাকা ওয়াহুম্ আগনিইয়া—উ ; রাদ্বূ বি আইঁ

(৯৩) তাদের ব্যাপারেই অভিযোগ যারা অভাবমুক্ত হয়েও আপনার কাছে অনুমতি প্রার্থনা করে, তারা

يَكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطَبَعَ اللَّهُ عَلَىٰ قُلُوبِهِمْ فَهُمْ لَا يَعْلَمُونَ

ইয়াকূনূ মা'আল্ খওয়া-লিফি; ওয়া ত্বাবা'আল্লা-হু 'আলা- ক্বুলূবিহিম্ ফাহুম্ লা- ইয়া'লামূন্।

ঘরে বসা মহিলাদের সাথে থাকাই পছন্দ করেছিল। আল্লাহ্ তাদের অন্তরে মোহর লাগিয়ে দিয়েছেন। তারা তা জানে না।

﴿٩٤﴾ يَعْتَذِرُونَ إِلَيْكُمْ إِذَا رَجَعْتُمْ إِلَيْهِمْ ۚ قُل لَّا تَعْتَذِرُوا لَن نُّؤْمِنَ لَكُمْ

৯৪। ইয়া'তাযিরূনা ইলাইকুম ইযা- রাজা'তুম ইলাইহিম, কুল্ লা- তা'যিরূ লান নু'মিনা লাকুম

(৯৪) যখন তোমরা তাদের কাছে ফিরে আসবে, তখন তারা তোমাদের সামনে ওজর পেশ করবে। আপনি বলুন, তোমরা ওজর পেশ কর না। আমরা তোমাদেরকে কখনই

قَدْ نَبَّأَنَا اللَّهُ مِنْ أَخْبَارِكُمْ ۚ وَسَيَرَى اللَّهُ عَمَلَكُمْ وَرَسُولُهُ ثُمَّ تُرَدُّونَ

কাদ নাববাআনাল্লা-হু মিন্ আখবা-রিকুম; ওয়া সাইয়ারাল্লা-হু 'আমালাকুম্ ওয়া রাসূলুহূ ছুম্মা তুরাদ্দূনা

বিশ্বাস করব না। আল্লাহ আমাদেরকে তোমাদের সকল তথ্য জানিয়ে দিয়েছেন এবং শীঘ্রই আল্লাহ এবং তাঁর রাসূল তোমাদের কার্যকলাপ দেখবেন অতঃপর তোমরা

إِلَىٰ عَالِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٩٤﴾ سَيَحْلِفُونَ بِاللَّهِ

ইলা 'আ-লিমিল গাইবি ওয়াশ্‌শাহা-দাতি ফাইউনাব্বিউকুম বিমা- কুনতুম তা'মালূন। ৯৫। সাইয়াহ্‌লিফূনা বিল্লা-হি

প্রত্যাবর্তিত হবে এমন সত্তার নিকট যিনি দৃশ্য ও অদৃশ্য সকল বিষয় অবগত। অতঃপর তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন যা তোমরা করতে। (৯৫) তারা তখন তোমাদের

لَكُمْ إِذَا انقَلَبْتُمْ إِلَيْهِمْ لِتُعْرِضُوا عَنْهُمْ ۖ فَأَعْرِضُوا عَنْهُمْ ۖ إِنَّهُمْ رِجْسٌ

লাকুম ইযান্‌ক্বালাবতুম ইলাইহিম লিতু'রিদ্বূ 'আন্‌হুম ; ফাআ'রিদ্বূ 'আন্‌হুম, ইন্নাহুম রিজ্সুঁও

সামনে আল্লাহর শপথ করবে, যখন তোমরা তাদের কাছে ফিরে যাবে, যাতে তোমরা তাদেরকে উপেক্ষা কর। তাই তোমরা তাদেরকে বর্জন করবে। নিশ্চয়ই

وَمَأْوَاهُمْ جَهَنَّمُ جَزَاءً بِمَا كَانُوا يَكْسِبُونَ ﴿٩٥﴾ يَحْلِفُونَ لَكُمْ لِتَرْضَوْا

ওয়া মা'ওয়া-হুম জ্বাহান্নাম, জাযা—আম্ বিমা- কা-নূ ইয়াকসিবূন। ৯৬। ইয়াহ্‌লিফূনা লাকুম লিতারদ্বাও

তারা অপবিত্র এবং তাদের কৃতকর্মের বিনিময় তাদের ঠিকানা হবে জাহান্নাম। (৯৬) তারা এজন্য তোমাদের সামনে শপথ করে যে,

عَنْهُمْ ۖ فَإِن تَرْضَوْا عَنْهُمْ فَإِنَّ اللَّهَ لَا يَرْضَىٰ عَنِ الْقَوْمِ الْفَاسِقِينَ

'আন্‌হুম, ফাইন তারদ্বাও 'আন্‌হুম ফাইন্নাল্লা-হা লা- ইয়ারদ্বা- 'আনিলক্বাওমিল্ ফা-সিক্বীন।

তোমরা তাদের প্রতি সন্তুষ্ট হয়ে যাও। তোমরা তাদের প্রতি সন্তুষ্ট হলেও, আল্লাহ পাপী লোকদের প্রতি সন্তুষ্ট হবেন না।

﴿٩٦﴾ الْأَعْرَابُ أَشَدُّ كُفْرًا وَنِفَاقًا وَأَجْدَرُ أَلَّا يَعْلَمُوا حُدُودَ مَا أَنزَلَ اللَّهُ

৯৭। আল্ আ'রা-বু আশাদ্দু কুফরাওঁ ওয়া নিফা-ক্বাওঁ ওয়া আজ্দারু আল্লা-ইয়া'লামূ হুদূদা মা~আন্‌যালাল্লা-হু

(৯৭) বেদুঈন লোকেরা কুফরী ও মুনাফেকীতে অত্যন্ত কঠোর এবং আল্লাহ যা তাঁর রাসূলের প্রতি অবতীর্ণ করেছেন তার

عَلَىٰ رَسُولِهِ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿٩٧﴾ وَمِنَ الْأَعْرَابِ مَن يَتَّخِذُ مَا يُنفِقُ

'আলা- রাসূলিহ, ওয়াল্লা-হু 'আলীমুন হাকীম। ৯৮। ওয়া মিনাল্ আ'রা-বি মাই ইয়াত্তাখিযু মা- ইউন্‌ফিকু

সীমা জানবার অযোগ্য। আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়। (৯৮) এবং বেদুঈনদের মধ্যে কতিপয় এমন আছে যারা যা কিছু ব্যয় করে

○ টীকা (আঃ ৯৫) ঃ কেননা, মুনাফেকী ও বিরোধিতার কারণে তাদের হৃদয় অপবিত্র হয়ে রয়েছে। তাদের আচরণে বাধা দিলে কোন সংশোধনের আশা নেই। অতএব, তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দেয়াই সঙ্গত। ○ টীকা (আঃ ৯৭) ঃ উপরোক্ত আয়াতগুলোতে আলোচ্য মুনাফিকদের সম্বন্ধে তিন প্রকারের ব্যবস্থা অবলম্বন করতে বলা হয়েছে- (ক) তাদের ওযর পেশ করার উত্তরে পরিষ্কার বলে দাও যে, তোমরা ওযর পেশ করো না, আমরা তা বিশ্বাস করি না। (খ) তাদের স্বাধীন আচরণে বাধা না দিয়ে তাদেরকে তাদের অবস্থায় ছেড়ে দাও। (গ) তাদের প্রতি সন্তুষ্ট হয়ো না। কেননা, খোদা যখন তাদের প্রতি সন্তুষ্ট নয়, তখন মু'মিনদের জন্যও তা নিষিদ্ধ। (বঃ কোঃ)

পারা ১১

مَغْرَمًا وَيَتَرَبَّصُ بِكُمُ الدَّوَائِرَ ۚ عَلَيْهِمْ دَائِرَةُ السَّوْءِ ۗ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ

মাগ্‌রামাওঁ ওয়া ইয়াতারাব্বাসু বিকুমুদ্দাওয়া—য়ির; 'আলাইহিম দা—য়িরাতুস্‌সাওয়ি ; ওয়াল্লা-হু সামী'উন 'আলীম।

তা জরিমানা মনে করে এবং তোমাদের জন্য দুর্দিনের অপেক্ষা করছে। দুর্দিনের পালা তাদের উপরই। আল্লাহ সর্বশ্রোতা, মহাজ্ঞানী।

﴿٩٨﴾ وَمِنَ الْأَعْرَابِ مَن يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَيَتَّخِذُ مَا يُنفِقُ

৯৯। ওয়া মিনাল আ'রা-বি মাই ইউ'মিনু বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়াইয়াত্তাখিযু মা ইউন্‌ফিকু

(৯৯) বেদুঈনদের কেউ কেউ এমনও আছে যে, আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি ঈমান রাখে এবং যা কিছু ব্যয় করে

قُرُبَاتٍ عِندَ اللَّهِ وَصَلَوَاتِ الرَّسُولِ ۚ أَلَا إِنَّهَا قُرْبَةٌ لَّهُمْ ۚ سَيُدْخِلُهُمُ اللَّهُ

কুরুবা-তিন 'ইন্দাল্লা-হি ওয়া স্বালাওয়া-তির রাসূল, আলা~ইন্নাহা- কুর্‌বাতুল্লাহুম, সাই'উদখিলুহুমুল্লা-হু

তা আল্লাহর নৈকট্য ও রাসূলের দোয়া লাভের মাধ্যম মনে করে, মনে রেখ, তা তাদের জন্য আল্লাহর নৈকট্য লাভেরই মাধ্যম। তাদেরকে আল্লাহ দাখিল

فِي رَحْمَتِهِ ۗ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٩٩﴾ وَالسَّابِقُونَ الْأَوَّلُونَ مِنَ الْمُهَاجِرِينَ

ফী রাহ্‌মাতিহ্, ইন্নাল্লা-হা গাফূরুর্‌রাহীম। ১০০। ওয়াস্‌সা-বিকূনাল আউওয়ালূনা মিনাল মুহা-জিরীনা

করবেন তাঁর রহমতের মধ্যে, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (১০০) মুহাজির ও আনসারদের মধ্যে যারা প্রথম

وَالْأَنصَارِ وَالَّذِينَ اتَّبَعُوهُم بِإِحْسَانٍ رَّضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ وَ

ওয়াল আন্‌স্বা-রি ওয়াল্লাযীনাত্তাবা'উহুম বিইহ্‌সা-নির রাদ্বিওঁয়াল্লা-হু 'আন্‌হুম ওয়া-রাদ্বূ 'আনহু ওয়া

অগ্রগামী এবং যারা আন্তরিকতার সাথে তাদের অনুসরণ করেছে, আল্লাহ তাদের উপর সন্তুষ্ট এবং তারাও তাঁর প্রতি সন্তুষ্ট আর

أَعَدَّ لَهُمْ جَنَّاتٍ تَجْرِي تَحْتَهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۚ ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ

আ'আদ্দা লাহুম জ্বান্না-তিন তাজ্‌রী তাহ্‌তাহাল আন্‌হা-রু খা-লিদীনা ফীহা~আবাদা, যালিকাল্, ফাওযুল 'আজীম।

তিনি তাদের জন্য তৈরী করেছেন এমন জান্নাত যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা সর্বদা থাকবে, এটা বিরাট সফলতা।

﴿١٠٠﴾ وَمِمَّنْ حَوْلَكُم مِّنَ الْأَعْرَابِ مُنَافِقُونَ ۖ وَمِنْ أَهْلِ الْمَدِينَةِ ۖ مَرَدُوا

১০১। ওয়া মিম্মান হাওলাকুম মিনাল্ আ'রা-বি মুনা-ফিকূনা ওয়া মিন আহ্‌লিল্ মাদীনাতি মারাদূ

(১০১) তোমাদের চারপাশে বেদুঈনদের মধ্যে কিছু লোক এবং মদীনাবাসীদের মধ্যে কিছু লোক মুনাফিক (রয়েছে)

عَلَى النِّفَاقِ لَا تَعْلَمُهُمْ ۖ نَحْنُ نَعْلَمُهُمْ ۚ سَنُعَذِّبُهُم مَّرَّتَيْنِ ثُمَّ يُرَدُّونَ

'আলান্নিফা-কি লা- তা'লামুহুম; নাহনু না'লামুহুম; সানু'আয্‌যিবুহুম মার্‌রাতাইনি ছুম্মা ইউরাদ্দূনা

যারা মুনাফেকীতে দৃঢ়। আপনি তাদেরকে জানেন না, আমি তাদেরকে জানি, আমি তাদেরকে দু'বার শাস্তি দিব অতঃপর তারা

○ টীকা (আঃ ১০০) ঃ 'সাবেক এবং অগ্রবর্তী' বলতে সমস্ত মুহাজের ও আনছারকে, আর 'তাদের অনুগামী' বলতে সমস্ত মু'মিনদেরকে বুঝান হয়েছে। অনুগামীদের মধ্যে আনছার ও মুহাজের ব্যতীত অন্যান্য সাহাবীগণও রয়েছেন। তাঁদের স্থান সাধারণ মু'মিনগণের উর্ধ্বে। দেখা যায়, ইসলাম গ্রহণের ব্যাপারে অগ্রবর্তিতা হিসাবেই ফযীলত ও মর্যাদার তারতম্য হয়েছে। কেননা, পূর্ববর্তী লোকদের ঈমান আনয়ন দেখে পরবর্তী লোকেরা ঈমান এনেছে। কাজেই পূর্ববর্তী লোকগণ পরবর্তীদের পথ প্রদর্শক হলেন। মর্যাদার তারতম্য অনুসারে সওয়াবেরও তারতম্য হবে। অর্থাৎ, অগ্রবর্তীগণ বেহেশতের উচ্চতর এবং উত্তম স্থান প্রাপ্ত হবেন এবং খোদার সন্তুষ্টিও অধিক লাভ করবেন। (বঃ কোঃ)

রুকূ' ১২ | সূরা ঃ ৯

إِلَىٰ عَذَابٍ عَظِيمٍ ۝ وَآخَرُونَ اعْتَرَفُوا بِذُنُوبِهِمْ خَلَطُوا عَمَلًا صَالِحًا وَآخَرَ

ইলা- 'আযাবিন 'আষীম। ১০২। ওয়া আ-খারূনা'তারাফূ বিযুনূবিহিম খালাতূ 'আমালান স্বা-লিহাওঁ ওয়া আ-খারা
ভীষণ শাস্তির দিকে প্রত্যাবর্তিত হবে (১০২) এবং অপর কতিপয় লোক যারা তাদের পাপ স্বীকার করেছে, তারা মিশিয়ে ফেলেছে নেক আমল ও খারাপ

سَيِّئًا عَسَى اللَّهُ أَنْ يَتُوبَ عَلَيْهِمْ ۚ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ۝ خُذْ مِنْ أَمْوَالِهِمْ

সাইয়্যিআ-; 'আসাল্লা-হু আঁই ইয়াতূবা 'আলাইহিম, ইন্নাল্লা-হা গাফূরুর রাহীম। ১০৩। খুয্ মিন্ আমওয়া-লিহিম
আমল, আশা করা যায়, আল্লাহ তাদের তওবা কবুল করবেন। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (১০৩) তাদের মালসমূহ হতে

صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ۖ إِنَّ صَلَاتَكَ سَكَنٌ لَهُمْ ۗ

স্বাদাক্বাতান তুত্বাহ্হিরুহুম ওয়া তুযাক্কীহিম বিহা- ওয়া স্বাল্লি আলাইহিম, ইন্না স্বালা-তাকা সাকানুল্লাহুম;
আপনি সদকা গ্রহণ করবেন, এর দ্বারা তাদেরকে পবিত্র করবেন ও পরিশুদ্ধ করবেন এবং তাদের জন্য দোয়া করবেন। নিশ্চয়ই আপনার দোয়া তাদের জন্য প্রশান্তি

وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ۝ أَلَمْ يَعْلَمُوا أَنَّ اللَّهَ هُوَ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهِ

ওয়াল্লা-হু সামী'উন 'আলীম। ১০৪। আলাম ইয়া'লামূ~আন্নাল্লা-হা হুওয়া ইয়াক্ববালুত্ তাওবাতা 'আন 'ইবা-দিহী
স্বরূপ। আল্লাহ খুব শ্রবণকারী, মহাজ্ঞানী। (১০৪) তারা কি জানে না যে, আল্লাহ তাঁর বান্দাদের তওবা কবুল করেন এবং সদকা গ্রহণ করেন?

وَيَأْخُذُ الصَّدَقَاتِ وَأَنَّ اللَّهَ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ ۝ وَقُلِ اعْمَلُوا فَسَيَرَى

ওয়া ইয়া'খুযুস্ স্বাদাক্বা-তি ওয়া আন্নাল্লা-হা হুয়াত্ তাওয়্যা-বুর রাহীম। ১০৫। ওয়া কুলি'মালূ ফাসাইয়ারা
নিশ্চয় আল্লাহ তওবা কবুলকারী, পরম দয়ালু। (১০৫) আর আপনি বলুন, তোমরা আমল করতে থাক, আল্লাহ তোমাদের আমলসমূহ

اللَّهُ عَمَلَكُمْ وَرَسُولُهُ وَالْمُؤْمِنُونَ ۖ وَسَتُرَدُّونَ إِلَىٰ عَالِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ

ল্লা-হু 'আমালাকুম ওয়া রাসূলুহূ ওয়াল্ মু'মিনূন, ওয়া সাতুরাদ্দূনা ইলা- 'আ-লিমিল্ গাইবি ওয়াশ্শাহা-দাতি
দেখবেন, এবং তাঁর রাসূল ও মুমিনগণও এবং অদৃশ্য ও প্রকাশ্যের পরিজ্ঞাতার নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে। অতঃপর তিনি তোমাদেরকে জানিয়ে

فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ۝ وَآخَرُونَ مُرْجَوْنَ لِأَمْرِ اللَّهِ إِمَّا يُعَذِّبُهُمْ

ফাইউনাব্বিউকুম বিমা- কুনতুম তা'মালূন। ১০৬। ওয়া আ-খারূনা মুরজ্বাওনা লিআমরিল্লা-হি ইম্মা- ইউ'আয্যিবুহুম
দিবেন যা তোমরা করতে। (১০৬) আর অন্য কতিপয় লোক রয়েছে যাদের ব্যাপারে আল্লাহর নির্দেশের অপেক্ষায় সিদ্ধান্ত স্থগিত রয়েছে, তিনি তাদেরকে

وَإِمَّا يَتُوبُ عَلَيْهِمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ۝ وَالَّذِينَ اتَّخَذُوا مَسْجِدًا ضِرَارًا

ওয়া ইম্মা- ইয়াতূবু 'আলাইহিম, ওয়াল্লা-হু 'আলীমুন হাকীম। ১০৭। ওয়াল্লাযীনাত্ তাখাযূ মাসজ্বিদান দ্বিরা রাওঁ
শাস্তি দিবেন, না তাদের মাফ করবেন। আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (১০৭) আর যারা মসজিদ নির্মাণ করেছে ক্ষতি সাধন ও

○ শানে নুযূল (আয়াঃ ১০৭) ঃ والذين اتخذوا مسجدا - মদীনার আবু আমের নামের এক ব্যক্তি রাসূলের (সা) বিরোধিতায় সর্বদাই মশগুল থাকত। বদর যুদ্ধের পর মদীনা শরীফ গিয়ে কাফিরদের সাথে একত্রিত হয় এবং অহুদ, হোনাইন যুদ্ধসহ অনেক যুদ্ধেই মুসলমানদের বিরুদ্ধে লড়াই করেছে। পরিশেষে রোমের বাদশাহর কাছে গিয়েও তাকে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য উদ্বুদ্ধ করেছিল। সেখান থেকে সে মুনাফিকদের কাছে একটি চিঠি লিখল যে, "তোমরা মসজিদে কোবার সামনে তোমাদের এলাকায় আমার জন্য একটি মসজিদ নির্মাণ কর। আমি মদীনায় যখন আসব তখন সেখানে বসে সকল কর্মসূচী নির্ধারণ করব। মুনাফিকরা মসজিদ নির্মাণ করল। রাসূলুল্লাহ (সা) তাবুকের যুদ্ধে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন এমনি সময় মসজিদ নির্মাণকারীদের কতিপয় লোক এসে তাঁকে উক্ত মসজিদে এক ওয়াক্ত নামায আদায় করার জন্য অনুরোধ জানালেন। রাসূলুল্লাহ (সা) তাবুকের যুদ্ধ থেকে প্রত্যাবর্তনের সময় মসজিদে নামায পড়ার ওয়াদা দিলেন। তখন "মসজিদে যেরার" সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)

وَكُفْرًا وَتَفْرِيقًا بَيْنَ الْمُؤْمِنِينَ وَإِرْصَادًا لِمَنْ حَارَبَ اللَّهَ وَرَسُولَهُ مِنْ

ওয়া কুফ্রাওঁ ওয়া তাফরীক্বাম্ বাইনাল্ মু'মিনীনা ওয়া ইর্স্বা-দাল্লিমান্ হ্বারাবাল্ লা-হা ওয়া রাসূলাহূ মিন্
কুফরী করার জন্য এবং মুমিনগণের মধ্যে পার্থক্য সৃষ্টি করার জন্য এবং তাদের জন্য ঘাঁটি স্থাপনের উদ্দেশ্যে যারা এর পূর্বে যুদ্ধ করেছে আল্লাহ ও তাঁর

قَبْلُ ۚ وَلَيَحْلِفُنَّ إِنْ أَرَدْنَا إِلَّا الْحُسْنَىٰ ۖ وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ ○

ক্বাব্ল, ওয়ালা ইয়াহ্লিফুন্না ইন্ আরাদ্না~ইল্লাল্হুসনা-, ওয়াল্লা-হু ইয়াশ্হাদু ইন্নাহুম লাকা-যিবূন।
রাসূলের বিরুদ্ধে, তারা অবশ্যই শপথ করবে যে, আমরা সৎ উদ্দেশ্যেই এ কাজ করেছি অথচ আল্লাহ সাক্ষী, নিশ্চয় তারা অবশ্যই মিথ্যাবাদী।

۝ لَا تَقُمْ فِيهِ أَبَدًا ۚ لَمَسْجِدٌ أُسِّسَ عَلَى التَّقْوَىٰ مِنْ أَوَّلِ يَوْمٍ أَحَقُّ أَنْ

১০৮। লা- তাক্বুম ফীহি আবাদান, লামাসজ্বিদুন উস্সিসা 'আলাত্তাক্বওয়া- মিন্ আউওয়্যালি ইয়াওমিন্ আহ্বাক্কু আন্
(১০৮) আপনি কখনও দাঁড়াবেন না অবশ্য যে মসজিদ প্রতিষ্ঠিত হয়েছে প্রথম দিন থেকেই তাকওয়ার উপর, সেটাই যথাযথস্থান যে আপনি

অবলম্বন করে। (৬৪) তাদের জন্য সুসংবাদ রয়েছে পার্থিব জীবনে এবং আখিরাতেও, আল্লাহর বাণী সমূহের কোন

اللَّهِ ۚ ذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ۝٦٥ وَلَا يَحْزُنكَ قَوْلُهُمْ ۘ إِنَّ الْعِزَّةَ لِلَّهِ

ল্লা-হ্, যা-লিকা হুওয়াল ফাউযুল 'আযীম। ৬৫। ওয়ালা- ইয়াহ্‌যুনকা ক্বাওলুহুম। 'ইন্নাল 'ইয্‌যাতা লিল্লা-হি

পরিবর্তন নেই। এটাই বিরাট সফলতা। (৬৫) আর তাদের কথা তোমাকে যেন চিন্তান্বিত না করে, সকল সম্মান আল্লাহরই (নিকট),

جَمِيعًا ۚ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ۝٦٦ أَلَا إِنَّ لِلَّهِ مَن فِي السَّمَاوَاتِ وَمَن فِي الْأَرْضِ ۗ

জ্বামী'আ, হুওয়াস্ সামী'উল 'আলীম। ৬৬। আলা~ইন্না লিল্লা-হি মান ফিস্ সামা-ওয়া-তি ওয়ামান্ ফিল্ আরদ্ব,

তিনি সর্বশ্রোতা মহাজ্ঞানী। (৬৬) জেনে রাখ! আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে সব আল্লাহরই (অধিকারে)।

وَمَا يَتَّبِعُ الَّذِينَ يَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ شُرَكَاءَ ۚ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ

ওয়ামা- ইয়াত্তাবি'উল্লাযীনা ইয়াদ্'উনা মিন দূনিল্লা-হি শুরাকা—আ, ইঁইয়্যাত্তাবি'উনা ইল্লায্যান্না
যারা আল্লাহকে ছেড়ে অন্য শরীকদেরকে ডাকে তারা কিসের অনুসরণ করে? তারা তো কেবল ধারণারই অনসুরণ করে

وَإِنْ هُمْ إِلَّا يَخْرُصُونَ ﴿٦٧﴾ هُوَ الَّذِي جَعَلَ لَكُمُ اللَّيْلَ لِتَسْكُنُوا فِيهِ وَالنَّهَارَ

ওয়া ইন্হুম ইল্লা- ইয়াখ্রুস্বূন ৬৭। হুওয়াল্লাযী জাআ'লা লাকুমুল্লাইলা লিতাস্কুনূ ফীহি ওয়ান্নাহা-রা
আর শুধু অনুমান করে কথা বলে। (৬৭) তিনিই (আল্লাহ) তোমাদের জন্য রাত সৃষ্টি করেছেন যাতে তোমরা তাতে আরাম করতে পার এবং দিনকে করেছেন

مُبْصِرًا ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يَسْمَعُونَ ﴿٦٨﴾ قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا سُبْحَانَهُ ۖ

মুবছ্বিরা, ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতিল লিক্বাওমিঁই ইয়াস্মা'উন। ৬৮। ক্বা-লুত্তাখাযাল্লা-হু ওয়ালাদান সুব্হানাহূ,
দেখবার জন্য। নিশ্চয়ই এর মধ্যে রয়েছে নিদর্শন সে সম্প্রদায়ের জন্য যারা শোনে। (৬৮) তারা বলে, আল্লাহ সন্তান গ্রহণ করেছেন, তিনি পবিত্র,

هُوَ الْغَنِيُّ ۖ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۚ إِنْ عِنْدَكُمْ مِنْ سُلْطَانٍ بِهَٰذَا ۚ

হুওয়াল্ গানিয়্যু, লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফীল্ আরদ্ব, ইন্ 'ইন্দাকুম মিন সুল্ত্বা-নিম বিহা-যা,
তিনি অমুখাপেক্ষী, আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে তাঁরই অধিকারে রয়েছে। তোমাদের কাছে এর কোনই দলীল নেই,

أَتَقُولُونَ عَلَى اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ﴿٦٩﴾ قُلْ إِنَّ الَّذِينَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ

আতাকূলূনা 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন। ৬৯। কুল ইন্নাল্লাযীনা ইয়াফ্তারূনা 'আলাল্লা-হিল্ কাযিবা
তোমরা কি আল্লাহর ব্যাপারে এমন কিছু বলছ, যা তোমরা জান না? (৬৯) বলুন, যারা আল্লাহর উপর মিথ্যারোপ করে তারা

لَا يُفْلِحُونَ ﴿٧٠﴾ مَتَاعٌ فِي الدُّنْيَا ثُمَّ إِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ نُذِيقُهُمُ الْعَذَابَ

লা- ইউফ্লিহূন। ৭০। মাতা-'উন ফিদ্দুন্ইয়া- ছুম্মা ইলাইনা- মারজি'উহুম ছুম্মা নুযীকুহুমুল্ 'আযা-বাশ
সফল হবে না। (৭০) এটা দুনিয়ায় ক্ষনিকের সুখ, অতঃপর আমার কাছে তাদের প্রত্যাবর্তন স্থল, অতঃপর আমি তাদেরকে কঠিন শাস্তি ভোগ করাব,

الشَّدِيدَ بِمَا كَانُوا يَكْفُرُونَ ﴿٧١﴾ وَاتْلُ عَلَيْهِمْ نَبَأَ نُوحٍ إِذْ قَالَ لِقَوْمِهِ يَا قَوْمِ

শাদীদা বিমা- কা-নূ ইয়াক্ফুরূন। ৭১। ওয়াত্লু 'আলাইহিম নাবাআ নূহ। ইয্ ক্বা-লা লিক্বাওমিহী ইয়া-ক্বাওমি
তাদের কুফরীর কারণে, (৭১) আপনি তাদের কাছে শুনান নূহের ঘটনা, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, হে আমার সম্প্রদায়! যদি

إِنْ كَانَ كَبُرَ عَلَيْكُمْ مَقَامِي وَتَذْكِيرِي بِآيَاتِ اللَّهِ فَعَلَى اللَّهِ تَوَكَّلْتُ فَأَجْمِعُوا

ইন্ কা-না কাবুরা 'আলাইকুম্ মাক্বা-মী ওয়া তাযকিরী বিআ-ইয়া-তিল্লা-হি ফা'আলাল্লা-হি তাওয়াক্কালতু ফাআজ্মি'উ~
তোমাদের কাছে বোঝা মনে হয়, আমার অবস্থান এবং আল্লাহর আয়াত দ্বারা আমার উপদেশ দেয়া, তবে ভরসা করি আল্লাহর উপর। তোমরা তোমাদের শরীকদেরসহ

৭ ওয়াক্বফে লাযেম রুকু ১২ ع ৭ ● তিন চতুর্থাংশ

○ টীকা (আঃ ৬৮) ঃ অর্থাৎ দুর্বল হলে সন্তানের কামনা হয়, সন্তানের সাহায্যে সবল হবে। অভাবগ্রস্ত হলে সন্তানের কামনা হয়, সন্তানের উপার্জনে অভাব দূরীভূত হবে। কিংবা হীন ও লাঞ্ছিত হলে সন্তানের আকাঙ্ক্ষা হয়, সন্তানের উসীলায় সবল ও অভাবহীন হবে। এর সবগুলিই অভাবগ্রস্ত হওয়ার লক্ষণ, অথচ আল্লাহ সম্পূর্ণরূপে অভাবশূন্য। কাজেই তাঁর সন্তান গ্রহণের কোনই প্রয়োজন নেই। (মুঃ কোঃ)
এতদ্ভিন্ন আল্লাহ্ হলেন মালিক, আর যাবতীয় বস্তু তাঁর স্বত্বাধীন। ব্যক্তিত্বে ও গুণাবলীতে কেউই তাঁর সমকক্ষ নয়। অথচ সন্তান হলে অবশ্যই তদনুরূপ হতে হবে; কিন্তু খোদার অনুরূপ কোন কিছুই নেই। অতএব, খোদার সন্তান হওয়া কোনরূপেই সম্ভব নয়। (বঃ কোঃ)

أَمْرَكُمْ وَشُرَكَاءَكُمْ ثُمَّ لَا يَكُنْ أَمْرُكُمْ عَلَيْكُمْ غُمَّةً ثُمَّ اقْضُوا إِلَيَّ وَلَا تُنْظِرُونِ ○

আমরাকুম ওয়া শুরাকা—আকুম ছুম্মা লা-ইয়াকুন আমরুকুম্ 'আলাইকুম গুম্মাতান ছুম্মাক্বদ্বূ~ইলাইয়্যা ওয়ালা- তুনযিরূন।
তোমাদের কাজ দৃঢ় করে নেও। পরে তোমাদের কাজ যেন উদ্বেগের কারণ না হয়। অতঃপর আমার ব্যাপারে (যা চাও তা) সম্পন্ন কর এবং আমাকে সুযোগ দিও না।

﴿٧٢﴾ فَإِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَأَلْتُكُمْ مِنْ أَجْرٍ ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ ۖ وَأُمِرْتُ

৭২। ফাইন তাওয়াল্লাইতুম ফা-মা- সাআল্তুকুম মিন আজ্বর, 'ইন্ আজ্বরিয়া ইল্লা- 'আলাল্লা-হি ওয়া উমিরতু
(৭২) যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে আমি তো তোমাদের কাছে কোন (প্রতিদান) চাইনা, আমার প্রতিদান রয়েছে আল্লাহর নিকট। আমি আত্মসমর্পণকারীদের

أَنْ أَكُونَ مِنَ الْمُسْلِمِينَ ﴿٧٣﴾ فَكَذَّبُوهُ فَنَجَّيْنَاهُ وَمَنْ مَعَهُ فِي الْفُلْكِ وَجَعَلْنَاهُمْ

আন্ আকূনা মিনাল্ মুসলিমীন। ৭৩। ফাকায্যাবূহু ফানাজ্জাইনা-হু ওয়ামাম মা'আহূ ফিল্ ফুল্কি ওয়া জ্বা'আল্না-হুম্
অন্তর্ভুক্ত হওয়ার জন্য নির্দেশিত হয়েছি। (৭৩) আর তারা তাকে মিথ্যাবাদী বলেছে অতঃপর তাকেও তার সাথে যারা নৌয়াক ছিল, তাদেরকে রক্ষা করেছি, তাদেরকে

خَلَائِفَ وَأَغْرَقْنَا الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا ۖ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِينَ ○

খালা—ইফা ওয়া আগরাক্বনাল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা-, 'ফানযুর কাইফা কা-না 'আ-ক্বিবাতুল মুনযারীন।
আমি প্রতিনিধি করেছি, আর যারা আমার নির্দশনাবলীকে মিথ্যা বলেছে তাদেরকে আমি ডুবিয়ে দিয়েছি। দেখুন, যাদেরকে সতর্ক করা হয়েছিল তাদের পরিণাম কি হয়েছে।

﴿٧٤﴾ ثُمَّ بَعَثْنَا مِنْ بَعْدِهِ رُسُلًا إِلَىٰ قَوْمِهِمْ فَجَاءُوهُمْ بِالْبَيِّنَاتِ فَمَا كَانُوا لِيُؤْمِنُوا

৭৪। ছুম্মা বা'আছ্না- মিম্ ব'দিহী রুসুলান ইলা- ক্বাওমিহিম ফাজ্বা~উহুম বিলবাইয়্যিনা-তি ফামা- কা-নূ লিইউ'মিনূ
(৭৪) এরপরে আমি তাদের সম্প্রদায়ের নিকট রাসূলগণকে প্রেরণ করি। তারা তাদের কাছে স্পষ্ট প্রমাণাদি নিয়ে এসেছেন। কিন্তু তারা বিশ্বাস আনতে

بِمَا كَذَّبُوا بِهِ مِنْ قَبْلُ ۚ كَذَٰلِكَ نَطْبَعُ عَلَىٰ قُلُوبِ الْمُعْتَدِينَ ﴿٧٥﴾ ثُمَّ بَعَثْنَا

বিমা- কায্যাবূ বিহী মিন্ ক্বাবল, কাযা-লিকা নাত্ববা'উ 'আলা- কুলূবিল্ মু'তাদীন। ৭৫। ছুম্মা বা'আছ্না-
পারছিল না তাতে, প্রথমে তারা যা মিথ্যা বলেছিল। এভাবে আল্লাহ মহর মেরে দেন সীমালংঘনকারীদের অন্তরের উপর। (৭৫) অতঃপর তাদের পরে

مِنْ بَعْدِهِمْ مُوسَىٰ وَهَارُونَ إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَئِهِ بِآيَاتِنَا فَاسْتَكْبَرُوا وَكَانُوا

মিম বা'দিহিম মূসা- ওয়া হা-রূনা ইলা- ফির'আওনা ওয়া মালায়িহী বিআ-ইয়া-তিনা- ফাস্তাক্বারূ ওয়া কা-নূ
মূসা ও হারুনকে আমি প্রেরণ করি আমার নিদর্শন ফিরআউন ও তাঁর নেতৃবৃন্দের কাছে, তারা বড়াই করল এবং তারা ছিল

قَوْمًا مُجْرِمِينَ ﴿٧٦﴾ فَلَمَّا جَاءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوا إِنَّ هَٰذَا لَسِحْرٌ مُبِينٌ ○

ক্বাওমাম মুজ্বরিমীন। ৭৬। ফালাম্মা- জ্বা—আহুমুল্ হাক্কু মিন্ 'ইন্দিনা- ক্বা-লু~ইন্না হা-যা- লাসিহ্রুম মুবীন।
গুনাহগার সম্প্রদায়। (৭৬) যখন তাদের নিকট আমার পক্ষ থেকে সত্য এল, তখন তারা বলল, এটা স্পষ্টই যাদু।

○ টীকা (আঃ ৭২) ঃ এ আয়াতে তাঁর লালসাহীনতার কথা ব্যক্ত করা হয়েছে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৭৩) ঃ অর্থাৎ, নূহ (আ)-এর কাওমকে অসাবধান অবস্থায় হঠাৎ ধ্বংস করা হয় নেই; বরং প্রথমে তাদেরকে সাবধান করে দেয়া হয়েছিল। যখন তারা সুপথে আসে নি, তখনই তাদেরকে ধ্বংস করা হয়েছে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৭৫) ঃ উক্ত মু'জেযা ছিল, হযরত মূসা (আ)-এর লাঠি এবং তাঁর জ্যোতি প্রকাশক হাত। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৭৬) ঃ অর্থাৎ, ফেরআউনের কাওম এই মু'জেযাগুলিকে বিশ্বাস করল না; বরং এর প্রতিবাদ করে আত্মম্ভরিতা দেখাল, সত্যোদ্ধারের জন্য তারা মোটেই চেষ্টা করল না। এ লোকগুলি পাপানুষ্ঠানে অভ্যস্ত ছিল, কাজেই তারা পয়গম্বরের অনুগমন করে নি।

⑦⑦ قَالَ مُوسَىٰٓ أَتَقُولُونَ لِلْحَقِّ لَمَّا جَآءَكُمْ ۖ أَسِحْرٌ هَٰذَا ۖ وَلَا يُفْلِحُ

৭৭। ক্বা-লা মূসা~আতাক্বূলূনা লিল্‌হাক্বক্বি লাম্মা- জ্বা—আকুম, আসিহ্‌রুন্ হা-যা- ওয়ালা- ইউফ্‌লিহুস্

(৭৭) মূসা বললেন, যখন তোমাদের কাছে সত্য এল, তখন তোমরা সে সম্বন্ধে এরূপ কথা বলছ? এটা কি যাদু? যাদুকরেরা তো সফল হয়

السَّٰحِرُونَ ⑦⑧ قَالُوٓا أَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَمَّا وَجَدْنَا عَلَيْهِ ءَابَآءَنَا وَتَكُونَ لَكُمَا

সা-হিরূন। ৭৮। ক্বা-লূ~আজ্বি'তানা- লিতাল্‌ফিতানা- 'আম্মা- ওয়াজ্বাদনা- 'আলাইহি আ-বা—আনা- ওয়াতাকূনা লাকুমাল্

না। (৭৮) তারা বলল, তোমরা কি আমাদের কাছে এজন্য এসেছ যে, আমাদেরকে ফিরিয়ে দিবে সে পথ থেকে আমরা যে পথের উপর আমাদের পিতৃ পুরুষদেরকে

الْكِبْرِيَآءُ فِى الْأَرْضِ ۖ وَمَا نَحْنُ لَكُمَا بِمُؤْمِنِينَ ⑦⑨ وَقَالَ فِرْعَوْنُ ائْتُونِى

কিব্‌রিয়া—উ ফিল্ আরদ্ব, ওয়ামা- নাহ্‌নু লাকুমা- বিমু'মিনীন। ৭৯। ওয়া ক্বা-লা ফির'আওনু' তূনী

পেয়েছি, আর যাতে তোমাদের দু'জনার পৃথিবীতে কর্তৃত্ব স্থাপিত হয়? আমরা তোমাদের দু'জনার উপর বিশ্বাসী নই। (৭৯) ফিরআউন বলল, তোমরা আমার

بِكُلِّ سَٰحِرٍ عَلِيمٍ ⑧⓪ فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالَ لَهُم مُّوسَىٰٓ أَلْقُوا مَآ أَنتُم مُّلْقُونَ

বিকুল্লি সা-হিরিন 'আলীম। ৮০। ফালাম্মা- জ্বা—আস্ সাহারাতু ক্বা-লা লাহুম মূসা~আল্‌ক্বূ মা~আনতুম মুলক্বূন।

নিকট সকল অভিজ্ঞ যাদুকরদেরকে নিয়ে এস। (৮০) অতঃপর যখন যাদুকরেরা আসল, তখন মূসা তাদেরকে বললেন, তোমাদের যা নিক্ষেপ করার, তা নিক্ষেপ কর।

⑧① فَلَمَّآ أَلْقَوْا قَالَ مُوسَىٰ مَا جِئْتُم بِهِ السِّحْرُ ۖ إِنَّ اللَّهَ سَيُبْطِلُهُۥٓ ۖ إِنَّ اللَّهَ

৮১। ফালাম্মা~আল্‌ক্বাও ক্বা-লা মূসা- মা- জ্বি'তুম বিহিস্ সিহ্‌র, ইন্নাল্লা-হা সাইউবত্বিলুহূ, ইন্নাল্লা-হা

(৮১) যখন তারা নিক্ষেপ করল, মূসা বললেন, তোমরা যা কিছু এনেছ, তা যাদু। নিশ্চয়ই আল্লাহ এগুলো অতিদ্রুত অকার্যকর করে দিবেন। ৮

لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِينَ ⑧② وَيُحِقُّ اللَّهُ الْحَقَّ بِكَلِمَٰتِهِۦ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُونَ ع ১৩ রুকূ

লা- ইউস্বলিহু 'আমালাল্ মুফসিদীন ৮২। ওয়া ইউহিক্বক্বুল্লা-হুল হাক্বক্বা বিকালিমা-তিহী ওয়ালাও কারিহাল মুজ্বরিমূন।

আল্লাহ বিশৃংখলা সৃষ্টিকারীদের কাজ কার্যকর করেন না (৮২) এবং আল্লাহ তার বাণী অনুযায়ী ন্যায়কে প্রতিষ্ঠিত করেন, যদিও অপরাধীরা অপসন্দ করে।

⑧③ فَمَآ ءَامَنَ لِمُوسَىٰٓ إِلَّا ذُرِّيَّةٌ مِّن قَوْمِهِۦ عَلَىٰ خَوْفٍ مِّن فِرْعَوْنَ وَمَلَإِي۟هِمْ أَن يَفْتِنَهُمْ ۚ

৮৩। ফামা~আ-মানা লিমূসা~ইল্লা- যুররিয়্যাতুম মিন ক্বাওমিহী 'আলা- খাওফিম মিন ফির'আওনা ওয়া মালাইহিম আঁই ইয়াফতিনাহুম

(৮৩) ফেরাউন ও তার নেতাদের ভয়ে, মূসার প্রতি তার সম্প্রদায়ের কতিপয় লোক ব্যতীত কেউই ঈমান আনেনি।

وَإِنَّ فِرْعَوْنَ لَعَالٍ فِى الْأَرْضِ ۖ وَإِنَّهُۥ لَمِنَ الْمُسْرِفِينَ ⑧④ وَقَالَ مُوسَىٰ

ওয়া ইন্না ফির'আওনা লা'আ-লিন ফিল আরদ্ব, ওয়া ইন্নাহূ লামিনাল্ মুস্‌রিফীন। ৮৪। ওয়াক্বা-লা মূসা-

আর ফিরআউন ক্ষমতাবান ছিল দেশের মধ্যে, নিশ্চয়ই সে ছিল সীমালংঘনকারীদের অন্তর্ভুক্ত। (৮৪) মূসা বললেন,

○ টীকা (আঃ ৭৮) ঃ অর্থাৎ, তোমরা কি বলতে চাও যে, তা যাদু? কখনই তা যাদু নয়। কেননা, কোন যদুকর নবুওয়াতের দাবী করে তার পোষকতায় ঐন্দ্রজালিক লীলা দেখাতে চাইলে সফলকাম হয় না; কিন্তু আমি নবুওয়াতের দাবী করার পর অলৌকিক ব্যাপার দেখাতে সক্ষম হয়েছি। অতএব, আমার এই কার্যকলাপ যাদু ও আমি যাদুকর হওয়া অসম্ভব। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৭৯) ঃ অর্থাৎ, ফেরআউনের লোক মূসা (আ)-এর এই অকাট্য যুক্তির কোনই উত্তর দিতে পারল না। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮২) ঃ এখানে 'বাণী' দ্বারা সেই নিদর্শনকে বুঝানো হয়েছে, যা আল্লাহ তায়ালা তাঁর কিতাবে অবতীর্ণ করেছেন। যা তিনি তাঁর নবীগণকে দান করেছেন অথবা সে নিদর্শন, যা আল্লাহ তায়ালার নির্দেশে নবীর মাধ্যমে প্রকাশ পায়। অথবা যা আল্লাহ তায়ালার "কুন" শব্দ দ্বারা প্রকাশ পায়। (কুঃ কারীম)

يَٰقَوْمِ إِن كُنتُمْ ءَامَنتُم بِاللَّهِ فَعَلَيْهِ تَوَكَّلُوٓا إِن كُنتُم مُّسْلِمِينَ ⑧⑤ فَقَالُوا

ইয়া-ক্বাওমি ইন্ কুনতুম আ-মানতুম বিল্লা-হি ফা'আলাইহি তাওয়াক্কালূ~ইন কুনতুম মুসলিমীন। ৮৫। ফাক্বা-লূ

হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন কর তবে তাঁর উপর ভরসা কর যদি তোমরা মুসলমান হয়ে থাক। (৮৫) তারা বলল, আমরা

عَلَى اللَّهِ تَوَكَّلْنَا رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلْقَوْمِ الظَّٰلِمِينَ ⑧⑥ وَنَجِّنَا بِرَحْمَتِكَ

'আলাল্লা-হি তাওয়াক্কালনা-, রাব্বানা লা- তাজ্'আলনা- ফিতনাতাল লিল ক্বাওমিয্ যা-লিমীন। ৮৬। ওয়া নাজ্জিনা বিরাহ্‌মাতিকা

আল্লাহর উপর ভরসা করলাম, হে আমাদের প্রতিপালক! তুমি আমাদেরকে অত্যাচারী সম্প্রদায়ের অত্যাচারের পাত্র করো না। (৮৬) আর আমাদেরকে তোমার রহমত

مِنَ الْقَوْمِ الْكَٰفِرِينَ ⑧⑦ وَأَوْحَيْنَآ إِلَىٰ مُوسَىٰ وَأَخِيهِ أَن تَبَوَّءَا لِقَوْمِكُمَا بِمِصْرَ

মিনাল ক্বাওমিল কা-ফিরীন। ৮৭। ওয়া আওহাইনা~ইলা- মূসা- ওয়া আখীহি আন্ তাবাওয়্যাআ- লিক্বাওমিকুমা- বিমিস্বরা

দ্বারা কাফির সম্প্রদায়ের থেকে নাজাত দাও। (৮৭) আমি মূসা এবং তার ভাইয়ের নিকট অহী প্রেরণ করলাম যে, তোমরা তোমাদের সম্প্রদায়ের জন্য মিশরে ঘর তৈয়ার

بُيُوتًا وَاجْعَلُوا بُيُوتَكُمْ قِبْلَةً وَأَقِيمُوا الصَّلَوٰةَ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ⑧⑧ وَقَالَ

বুয়ূতাওঁ ওয়াজ্‌'আলূ বুয়ূতাকুম ক্বিবলাতাওঁ ওয়া আক্বীমুস্ব স্বালা-হ, ওয়া বাশ্‌শিরিল্ মু'মিনীন। ৮৮। ওয়া ক্বা-লা

কর এবং তোমাদের ঘরগুলোকে নামাযের স্থান নির্ণয় কর এবং নামায কায়েম কর এবং মুমিনগণকে সুসংবাদ দাও। (৮৮) মূসা বললেন,

مُوسَىٰ رَبَّنَآ إِنَّكَ ءَاتَيْتَ فِرْعَوْنَ وَمَلَأَهُۥ زِينَةً وَأَمْوَٰلًا فِى الْحَيَوٰةِ الدُّنْيَا ۙ

মূসা- রাব্বানা~ইন্নাকা আ-তাইতা ফির'আওনা ওয়া মালাআহূ যীনাতাওঁ ওয়া আমওয়া-লান ফিল্ হায়া-তিদ দুন্‌ইয়া

হে আমাদের প্রতিপালক! তুমি ফেরআউন ও তার নেতৃবৃন্দকে পার্থিব জীবনে সৌন্দর্য এবং বহু সম্পদ দিয়েছ।

رَبَّنَا لِيُضِلُّوا عَن سَبِيلِكَ ۖ رَبَّنَا اطْمِسْ عَلَىٰٓ أَمْوَٰلِهِمْ وَاشْدُدْ عَلَىٰ قُلُوبِهِمْ

রাব্বানা- লিইউদ্বিল্লূ 'আন্ সাবীলিক, রাব্বানাত্বমিস্ 'আলা~আমওয়া-লিহিম ওয়াশদুদ 'আলা ক্বুলূবিহিম

হে আমাদের প্রতিপালক! যা দিয়ে তারা তোমার রাস্তা থেকে বিভ্রান্ত করে, হে আমাদের প্রতিপালক, তাদের সম্পদ ধ্বংস কর এবং তাদের হৃদয়গুলো মোহর

فَلَا يُؤْمِنُوا حَتَّىٰ يَرَوُا الْعَذَابَ الْأَلِيمَ ⑧⑨ قَالَ قَدْ أُجِيبَت دَّعْوَتُكُمَا

ফালা- ইউ'মিনূ হাত্তা- ইয়ারাউল্ 'আযা-বাল্ আলীম। ৮৯। ক্বা-লা ক্বাদ্ উজ্বীবাত্ দ্বা'ওয়াতুকুমা-

করে দাও। তারা বিশ্বাস স্থাপন করবে না, যতক্ষণ পর্যন্ত না তারা কষ্টদায়ক শাস্তি দেখবে। (৮৯) আল্লাহ বললেন, তোমাদের দু'জনার প্রার্থনা গ্রহণ করা হলো।

فَاسْتَقِيمَا وَلَا تَتَّبِعَآنِّ سَبِيلَ الَّذِينَ لَا يَعْلَمُونَ ⑨⓪ وَجَٰوَزْنَا بِبَنِىٓ إِسْرَٰٓءِيلَ

ফাস্তাক্বীমা- ওয়ালা- তাত্তাবি'আ—ন্নি সাবীলাল্লাযীনা লা-ইয়া'লামূন। ৯০। ওয়া জ্বাওয়ায্‌না- বিবানী~ইসরা—য়ীলাল্

সুতরাং তোমরা অটল থাক এবং যারা কিছু জানে না তাদের পথ অনুসরণ কর না। (৯০) আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করালাম।

الْبَحْرَ فَأَتْبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُودُهُۥ بَغْيًا وَعَدْوًا ۖ حَتَّىٰٓ إِذَآ أَدْرَكَهُ الْغَرَقُ ۙ

বাহ্‌রা ফাআত্‌বা'আহুম ফির'আওনু ওয়া জুনূদুহূ বাগইয়াওঁ ওয়া 'আদ্‌ওয়া-, হাত্তা~ইযা~আদরাকাহুল গারাক্বু

অতঃপর তাদের অনুসরণ করল ফিরআউন এবং তার সৈন্য বাহিনী, অত্যাচার ও শত্রুতা করার উদ্দেশ্যে। এমনকি যখন সে ডুবে যাচ্ছিল তখন

قَالَ اٰمَنْتُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا الَّذِیْٓ اٰمَنَتْ بِهٖ بَنُوْٓا اِسْرَآءِیْلَ وَاَنَا مِنَ الْمُسْلِمِیْنَ

ক্বা-লা আ-মানতু আন্নাহূ লা~ইলা-হা ইল্লাল্লাযী~আ-মানাত বিহী বানূ~ইসরা—ঈলা ওয়া আনা- মিনাল্ মুসলিমীন।
বলল, আমি ঈমান এনেছি, ঈমান এনেছে যার উপর বনী ইসরাঈল। নিশ্চয়ই তিনি ছাড়া কোন মাবুদ নেই এবং আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।

(٩١) آٰلْئٰنَ وَقَدْ عَصَیْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِیْنَ (٩٢) فَالْیَوْمَ نُنَجِّیْكَ بِبَدَنِكَ

৯১। আল—আ-না ওয়াক্বাদ 'আস্বাইতা ক্বাবলু ওয়া কুনতা মিনাল্ মুফসিদীন। ৯২। ফাল্ইয়াওমা নুনাজ্জীকা বিবাদানিকা
(৯১) এখন ঈমান এনেছ? অথচ এর পূর্বে তুমি অমান্য করেছ এবং তুমি ছিলে বিশৃংখলা সৃষ্টিকারীদের মধ্যে। (৯২) আজ আমি তোমার দেহটি উদ্ধার করব,

لِتَكُوْنَ لِمَنْ خَلْفَكَ اٰیَةً ؕ وَاِنَّ كَثِیْرًا مِّنَ النَّاسِ عَنْ اٰیٰتِنَا لَغٰفِلُوْنَ (٩٣) وَلَقَدْ ع ৯ ১৪ রুকূ

লিতাকূনা লিমান খাল্‌ফাকা আ-ইয়াহ, ওয়া ইন্না কাছীরাম মিনান্ না-সি 'আন্ আ-ইয়া-তিনা- লাগা-ফিলূন। ৯৩। ওয়া লাক্বাদ
যাতে তুমি তোমার পরবর্তীদের জন্য দৃষ্টান্ত হয়ে থাক। আর মানুষের মধ্য হতে, অনেকেই আমার নিদর্শন সম্বন্ধে বেখবর। (৯৩) আমি বনী

بَوَّاْنَا بَنِیْٓ اِسْرَآءِیْلَ مُبَوَّاَ صِدْقٍ وَّرَزَقْنٰهُمْ مِّنَ الطَّیِّبٰتِ ۚ فَمَا اخْتَلَفُوْا حَتّٰی

বাওয়া'না বানী~ইসরা—ঈলা মুবাওওয়াআ স্বিদক্বিও ওয়া রাযাক্বনা-হুম মিনাত্ব ত্বাইয়্যিবা-ত, ফামাখ্‌তালাফূ হাত্তা-
ইসরাঈলকে সুন্দর বাসস্থানে অবস্থান করালাম এবং তাদেরকে উত্তম বস্তু হতে খাদ্য দিলাম। অতঃপর তাদের কাছে জ্ঞান আসলে,

جَآءَهُمُ الْعِلْمُ ؕ اِنَّ رَبَّكَ یَقْضِیْ بَیْنَهُمْ یَوْمَ الْقِیٰمَةِ فِیْمَا كَانُوْا فِیْهِ یَخْتَلِفُوْنَ

জ্বা—আহুমুল্ 'ইল্‌ম, ইন্না রাব্বাকা ইয়াক্বদ্বী বাইনাহুম ইয়াওমাল ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্‌তালিফূন।
তারা মতভেদ করল। নিশ্চয়ই আপনার প্রতিপালক কিয়ামতের দিন তাদের মাঝে ফয়সালা করবেন যে বিষয় তারা মতভেদ করেছিল।

(٩٤) فَاِنْ كُنْتَ فِیْ شَكٍّ مِّمَّآ اَنْزَلْنَآ اِلَیْكَ فَسْـَٔلِ الَّذِیْنَ یَقْرَءُوْنَ الْكِتٰبَ

৯৪। ফাইন্ কুনতা ফী শাক্কিম মিম্মা~আনযালনা~ইলাইকা ফাস্‌আলিল্লাযীনা ইয়াক্বরাউনাল্ কিতা-বা
(৯৪) যদি আপনি সন্দেহের মধ্যে থাকেন সে সম্পর্কে যা আমি আপনার প্রতি অবতীর্ণ করেছি, তবে তাদেরকে জিজ্ঞাসা করুন যারা আপনার পূর্বের কিতাব পাঠ করে।

مِنْ قَبْلِكَ ۚ لَقَدْ جَآءَكَ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِیْنَ

মিন্ ক্বাবলিক, লাক্বাদ জ্বা—আকাল হাক্কু মির রাব্বিকা ফালা- তাকূনান্না মিনাল মুমতারীন।
নিশ্চয়ই আপনার প্রতিপালকের থেকে আপনার কাছে সত্য (কিতাব) এসেছে। আপনি কখনই সন্দেহকারীদের অন্তর্ভুক্ত হবেন না।

(٩٥) وَلَا تَكُوْنَنَّ مِنَ الَّذِیْنَ كَذَّبُوْا بِاٰیٰتِ اللّٰهِ فَتَكُوْنَ مِنَ الْخٰسِرِیْنَ

৯৫। ওয়ালা- তাকূনান্না মিনাল্লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিল্লা-হি ফাতাকূনা মিনাল খা-সিরীন।
(৯৫) আর যারা আল্লাহর আয়াতকে মিথ্যা বলেছে আপনি কখনই তাদের অন্তর্ভুক্ত হবেন না। তাহলে আপনিও ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবেন।

○ বিশ্লেষণ (আঃ ৯২) ঃ যখন ফিরআউন ডুবে গেল, তখন তার মৃত্যু হওয়াটা কিছু লোক বিশ্বাস করছিল না। আল্লাহতায়ালার নির্দেশে সমুদ্র তার মৃত দেহটি উপরে নিক্ষেপ করল এবং তা সকলে দেখে নিল, এখনও তার মৃত দেহটি মিশরের একটি যাদুঘরে রক্ষিত আছে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৯২) ঃ একদিন জিবরাঈল (আ) ফেরআউনের দরবারে এসে জিজ্ঞাসা করলেন, যে গোলাম তার প্রভুর নেয়ামত ভোগ করে সমস্ত গোলামের উপর শ্রেষ্ঠত্ব লাভ করেছে, অবশেষে অবাধ্য হয়ে প্রভুত্বের দাবী করেছে তার বিধান কি? ফেরাউন নিজ হাতে লিখে দিল, "তাকে ডুবায়ে দিতে হবে।" ফেরাউন যখন সমুদ্রে হাবুডুবু খেয়ে ঈমান প্রকাশ করল, তখন জিবরাঈল (আ) তাঁর ফতুয়া দেখায়ে বললেন, তোমার ফতুয়া অনুযায়ীই আমল করা হয়েছে। (মুঃ কোঃ)

(٩٦) اِنَّ الَّذِیْنَ حَقَّتْ عَلَیْهِمْ كَلِمَتُ رَبِّكَ لَا یُؤْمِنُوْنَ (٩٧) وَلَوْ جَآءَتْهُمْ كُلُّ

৯৬। ইন্নাল্লাযীনা হাক্বক্বাত 'আলাইহিম কালিমাতু রাব্বিকা লা- ইউ'মিনুন। ৯৭। ওয়ালাও জ্বা—আতহুম কুল্লু
(৯৬) নিশ্চয়ই যাদের উপর আপনার প্রতিপালকের বাণী নির্ধারিত হয়ে গিয়েছে, তারা ঈমান আনবেনা, (৯৭) যদিও তাদের কাছে সব নিদর্শন আসে,

اٰیَةٍ حَتّٰی یَرَوُا الْعَذَابَ الْاَلِیْمَ (٩٨) فَلَوْلَا كَانَتْ قَرْیَةٌ اٰمَنَتْ فَنَفَعَهَآ اِیْمَانُهَآ

আ-ইয়াতিন হাত্তা- ইয়ারাউল্ 'আযা-বাল্ 'আলীম। ৯৮। ফালাওলা- কা-নাত্ ক্বারইয়াতুন আ-মানাত্ ফানাফা'আহা~ঈমা-নুহা~
যতক্ষণ না তারা যন্ত্রণাময় শাস্তি দেখে নেয়। (৯৮) সুতরাং কোন জনপদ (বাসী) এমন কেন হল না, যারা ঈমান এনেছে যা তাদের জন্য

اِلَّا قَوْمَ یُوْنُسَ ؕ لَمَّآ اٰمَنُوْا كَشَفْنَا عَنْهُمْ عَذَابَ الْخِزْیِ فِی الْحَیٰوةِ الدُّنْیَا

ইল্লা- ক্বাওমা ইউনুস, লাম্মা~আ-মানূ কাশাফ্‌না- 'আন্‌হুম 'আযা-বাল্ খিয্‌য়ি ফিল্ হাইয়া-তিদ দুনইয়া-
উপকারে এসেছে? শুধু ইউনুসের সম্প্রদায় ব্যতীত। যখন তারা ঈমান আনল তখন আমি তাদের থেকে পার্থিব জীবনে অসম্মানজনক শাস্তি দূর করে দিলাম এবং তাদেরকে

وَمَتَّعْنٰهُمْ اِلٰی حِیْنٍ (٩٩) وَلَوْ شَآءَ رَبُّكَ لَاٰمَنَ مَنْ فِی الْاَرْضِ كُلُّهُمْ جَمِیْعًا ؕ

ওয়া মাত্তা'না-হুম ইলা-হ্বীন। ৯৯। ওয়া লাও শা—আ রাব্বুকা লা- আ-মানা মান্ ফিল্ আরদ্বি কুল্লুহুম জ্বামী'আ-,
সুখ উপভোগ করতে দিলাম নির্ধারিত সময় পর্যন্ত। (৯৯) যদি আপনার প্রতিপালক ইচ্ছা করতেন, তবে পৃথিবীর সকল

اَفَاَنْتَ تُكْرِهُ النَّاسَ حَتّٰی یَكُوْنُوْا مُؤْمِنِیْنَ (١٠٠) وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تُؤْمِنَ

আফাআন্‌তা তুক্‌রিহুন্না-সা হাত্তা- ইয়াকূনূ মু'মিনীন। ১০০। ওয়ামা- কা-না লিনাফসিন আন্ তু'মিনা
লোকই ঈমান আনত। তবে আপনি কি মানুষকে বাধ্য করবেন, মুমিন হওয়ার জন্য? (১০০) আল্লাহর ইচ্ছা ব্যতীত কারও

اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ وَیَجْعَلُ الرِّجْسَ عَلَی الَّذِیْنَ لَا یَعْقِلُوْنَ (١٠١) قُلِ انْظُرُوْا مَاذَا

ইল্লা- বিইযনিল্লা-হ, ওয়া ইয়াজ্ব'আলুর রিজ্বসা 'আলাল্লাযীনা লা- ইয়া'ক্বিলূন। ১০১। কুলিন্‌যুরূ মা-যা-
পক্ষে ঈমান আনা সম্ভব নহে, আর আল্লাহ তাদেরকে কলুষিত করেন, যারা নির্বোধ। (১০১) বলুন, আকাশ ও পৃথিবীতে

فِی السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَمَا تُغْنِی الْاٰیٰتُ وَالنُّذُرُ عَنْ قَوْمٍ لَّا یُؤْمِنُوْنَ

ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্ব, ওয়ামা- তুগ্‌নীল আ-ইয়া-তু ওয়ান্নুযুরু 'আন ক্বাওমিল্ লা- ইউ'মিনূন।
যা কিছু আছে সেগুলো দেখ। নিদর্শন ও ভীতি প্রদর্শন, তাদের কোনই উপকারে আসে না, যারা ঈমান আনে না।

(١٠٢) فَهَلْ یَنْتَظِرُوْنَ اِلَّا مِثْلَ اَیَّامِ الَّذِیْنَ خَلَوْا مِنْ قَبْلِهِمْ ؕ قُلْ فَانْتَظِرُوْٓا

১০২। ফাহাল্ ইয়ান্‌তাজিরূনা ইল্লা- মিছলা আইয়্যা-মিল্লাযীনা খালাও মিন্ ক্বাবলিহিম, কুল ফানতাযিরূ~
(১০২) তারা কি অপেক্ষা করছে অনুরূপ ঘটনারই, যা তাদের পূর্বে অতীত হয়ে গেছে? বলুন, তোমরা অপেক্ষা কর

اِنِّیْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِیْنَ (١٠٣) ثُمَّ نُنَجِّیْ رُسُلَنَا وَالَّذِیْنَ اٰمَنُوْا كَذٰلِكَ ۚ

ইন্নী- মা'আকুম মিনাল্ মুনতাযিরীন। ১০৩। ছুম্মা নুনাজ্জী রুসুলানা- ওয়াল্লাযীনা আ-মানূ কাযা-লিক
আমিও তোমাদের সাথে অপেক্ষা করছি। (১০৩) অতঃপর আমি আমার রাসূলগণ ও মুমিনগণকে এভাবে রক্ষা করি।

حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِينَ ۝ قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِنْ كُنْتُمْ فِي شَكٍّ مِنْ دِينِي ১০ ع ১৫ রুকূ

হাক্বক্বান্ 'আলাইনা নুন্জিল্ মু'মিনীন। ১০৪। কুল ইয়া~আইয়্যুহান্না-সু ইন্ কুনতুম ফী শাককিম মিন দীনী
মুমিনগণকে রক্ষা করা আমার কর্তব্য। (১০৪) বলুন, হে মানুষ! তোমরা যদি আমার দ্বীনের ব্যাপারে সন্দেহের মধ্যে থাক, তবে আমি

فَلَا أَعْبُدُ الَّذِينَ تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ وَلَٰكِنْ أَعْبُدُ اللَّهَ الَّذِي يَتَوَفَّاكُمْ ج

ফালা~আ'বুদুল্লাযীনা তা'বুদূনা মিন দূনিল্লা-হি ওয়ালা-কিন আ'বুদুল্লা- হাল্লাযী ইয়াতাওয়াফ্ফা-কুম
আল্লাহকে ছেড়ে যে মাবুদের ইবাদাত করি না, তোমরা যার ইবাদাত কর। বরং আমি এমন আল্লাহর ইবাদাত করি যিনি তোমাদের মৃত্যু ঘটান। আর আমি নির্দেশিত

وَأُمِرْتُ أَنْ أَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ۝ وَأَنْ أَقِمْ وَجْهَكَ لِلدِّينِ حَنِيفًا ج وَلَا

ওয়া উমিরতু আন আকূনা মিনাল্ মু'মিনীন। ১০৫। ওয়া আন্ আক্বিম্ ওয়াজ্হাকা লিদ্দীনি হ্বানীফা-, ওয়ালা-
হয়েছি যে, আমি যেন মুমিনদের অন্তর্ভুক্ত থাকি। (১০৫) আর স্বীয় চেহারাকে একাগ্রতার সাথে (এ) দ্বীনের প্রতি কায়েম রাখবে,

تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ ۝ وَلَا تَدْعُ مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ج

তাকূনান্না মিনাল্ মুশরিকীন। ১০৬। ওয়ালা- তাদ'উ মিন দূনিল্লা-হি মা-লা- ইয়ানফা'উকা ওয়ালা- ইয়াদ্বুররুক,
এবং কখনও মুশরিকদের অন্তর্ভুক্ত হবে না। (১০৬) আর আল্লাহকে ছেড়ে এমন কাউকে ডাকবেন না, যারা আপনার উপকারও করতে পারে না এবং ক্ষতিও করতে পারে না।

فَإِنْ فَعَلْتَ فَإِنَّكَ إِذًا مِنَ الظَّالِمِينَ ۝ وَإِنْ يَمْسَسْكَ اللَّهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهُ

ফাইন ফা'আলতা ফাইন্নাকা ইযাম মিনায্ যালিমীন। ১০৭। ওয়া ইঁইয়াম্সাস্কাল্লা-হু বিদ্বুররিন্ ফালা- কা-শিফা লাহূ~
যদি আপনি এরূপ করেন তবে আপনি অত্যাচারীদের অন্তর্ভুক্ত হয়ে যাবেন। (১০৭) যদি আল্লাহ আপনাকে কোন দুঃখ দুর্দশা দেন তবে তা তিনি ছাড়া দূর করার আর

إِلَّا هُوَ ج وَإِنْ يُرِدْكَ بِخَيْرٍ فَلَا رَادَّ لِفَضْلِهِ ط يُصِيبُ بِهِ مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ ط

ইল্লা- হুওয়া, ওয়া ইঁইউরিদ্কা বিখাইরিন ফালা- রা—দ্দা লিফাদ্বলিহ, ইউসীবু বিহী মাই ইয়াশা—উ মিন্ ইবা-দিহ,
কেহই নেই। আর তিনি যদি তোমার কল্যাণ চান, তবে তার করুণা রহিত করার কেউই নেই। তিনি তাঁর বান্দার মধ্যে যাকে চান তাকে তার করুণা দান করেন।

وَهُوَ الْغَفُورُ الرَّحِيمُ ۝ قُلْ يَا أَيُّهَا النَّاسُ قَدْ جَاءَكُمُ الْحَقُّ مِنْ رَبِّكُمْ ج فَمَنِ

ওয়া হুওয়াল গাফূরুর রাহ্বীম। ১০৮। কুল ইয়া~আইয়্যুহান্না-সু ক্বাদ্ জা—আকুমুল্ হাক্বকু মির্‌রাব্বিকুম, ফামানিহ্
তিনি ক্ষমাশীল, দয়ালু। (১০৮) বলুন, হে মানুষ! নিশ্চয়ই তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ হতে এসেছে সত্য (কালাম) যে সৎ পথে আসবে সে তো নিজের

اهْتَدَىٰ فَإِنَّمَا يَهْتَدِي لِنَفْسِهِ ج وَمَنْ ضَلَّ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ط وَمَا أَنَا عَلَيْكُمْ

তাদা- ফাইন্নামা- ইয়াহ্তাদী লিনাফ্সিহ, ওয়া মান দ্বাল্লা ফাইন্নামা- ইয়াদ্বিল্লু 'আলাইহা-, ওয়ামা~আনা 'আলাইকুম
জন্যই সৎ পথে আসবে। আর যে বিপথে থাকবে, তার বিপথে চলার দায় তাদের উপরই পড়বে। আর আমি তোমাদের উপর ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি

بِوَكِيلٍ ۝ وَاتَّبِعْ مَا يُوحَىٰ إِلَيْكَ وَاصْبِرْ حَتَّىٰ يَحْكُمَ اللَّهُ ج وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ۝ ১১ ع ১৬ রুকূ

বিওয়াকীল। ১০৯। ওয়াত্তাবি' মা-ইউহ্বা~ইলাইকা ওয়াস্বিবির হ্বাত্তা- ইয়াহ্বকুমাল্লা-হু ওয়া হুওয়া খাইরুল হ্বা-কিমীন।
নই। (১০৯) আর আপনার প্রতি যে ওহী প্রদান করা হয়েছে তার অনুসরণ করুন এবং ধৈর্যধারণ করুন যতক্ষণ না আল্লাহর ফয়সালা আসে এবং তিনিই সর্বোত্তম ফয়সালাকারী।

সূরা হূদ
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১২৩
রুকূ ঃ ১০

الر قف كِتَابٌ أُحْكِمَتْ آيَاتُهُ ثُمَّ فُصِّلَتْ مِنْ لَدُنْ حَكِيمٍ خَبِيرٍ ۝

১। আলিফ্ লা—ম, রা-কিতা-বুন উহ্বকিমাত আ-ইয়া-তুহূ ছুম্মা ফুস্বস্বিলাত মিল্লাদুন্ হ্বাকীমিন্ খাবীর।
(১) আলিফ-লাম-রা, এই কিতাব; যার আয়াতগুলো দৃঢ় করা হয়েছে। অতঃপর বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে, বিজ্ঞ সর্বজ্ঞাত (আল্লাহর) নিকট থেকে।

أَلَّا تَعْبُدُوا إِلَّا اللَّهَ ط إِنَّنِي لَكُمْ مِنْهُ نَذِيرٌ وَبَشِيرٌ ۝ وَأَنِ

২। আল্লা- তা'বুদূ~ইল্লাল্লা-হ, ইন্নানী লাকুম মিন্হু নাযীরুওঁ ওয়া বাশীর। ৩। ওয়া আনি
(২) এজন্য যে, তোমরা আল্লাহ ছাড়া অন্য কারও ইবাদাত করবে না। নিশ্চয়ই আমি তাঁর তরফ হতে তোমাদের জন্য ভীতি প্রদর্শনকারী এবং সুসংবাদদাতা। (৩) আর এ

اسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّ تُوبُوا إِلَيْهِ يُمَتِّعْكُمْ مَتَاعًا حَسَنًا إِلَىٰ أَجَلٍ

স্তাগ্ফিরূ রাব্বাকুম ছুম্মা তূবূ~ইলাইহি ইউমাত্তি'কুম মাতা-'আন হ্বাসানান্ ইলা~আজ্বালিম
(জন্যই) যে, তোমরা তোমাদের প্রতিপালকের কাছে মাফ চাও। অতঃপর তাঁর প্রতিই প্রত্যাবর্তন কর, তিনি তোমাদেরকে একটি নির্ধারিত সময় পর্যন্ত

مُسَمًّى وَيُؤْتِ كُلَّ ذِي فَضْلٍ فَضْلَهُ ط وَإِنْ تَوَلَّوْا فَإِنِّي أَخَافُ عَلَيْكُمْ

মুসাম্মাওঁ ওয়া ইউ'তি কুল্লা যী ফাদ্বলিন ফাদ্বলাহ, ওয়া ইন্ তাওয়াল্লাও ফাইন্নী~আখা-ফু 'আলাইকুম
সুন্দর উপভোগের বস্তু দান করবেন এবং প্রত্যেক সঠিক আমলদারকে সঠিক অনুগ্রহ দান করবেন। যদি তোমরা ফিরে যাও, তবে আমি তোমাদের জন্য

عَذَابَ يَوْمٍ كَبِيرٍ ۝ إِلَى اللَّهِ مَرْجِعُكُمْ ج وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝

'আযা-বা ইয়াওমিন্ কাবীর। ৪। ইলাল্লা-হি মারজি্‌'উকুম, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর।
মহা দিনের শাস্তির ভয় করি। (৪) আল্লাহর নিকটই তোমাদের প্রত্যাবর্তন স্থল, তিনিই সর্ব বিষয়ে শক্তিশালী।

أَلَا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ لِيَسْتَخْفُوا مِنْهُ ط أَلَا حِينَ يَسْتَغْشُونَ

৫। আলা~ইন্নাহুম ইয়াছনূনা সুদূরাহুম লিইয়াস্তাখ্ফূ মিনহ, আলা- হ্বীনা ইয়াস্তাগশূনা
(৫) জেনে রাখ! নিশ্চয়ই তারা তাদের বক্ষকে সরিয়ে রাখে, আল্লাহ থেকে গোপন রাখার জন্য। খবরদার! তারা যখন তাদের বস্ত্র,

ثِيَابَهُمْ لا يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ج إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ۝

ছিয়া-বাহুম ইয়া'লামু মা- ইউসিররূনা ওয়ামা- ইউ'লিনূন, ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিস্বস্বুদূর।
আচ্ছাদিত করে তিনি (আল্লাহ) তখন তারা যা গোপন করে ও প্রকাশ করে সবই জানেন। নিশ্চয়ই তিনি হৃদয়ের কথাগুলো জানেন।

✪ শানে নুযূল (আঃ ৫) ঃ الا انهم يثنون صدورهم - এ আয়াতটি সে সব মুসলমানদের উদ্দেশ্যে অবতীর্ণ হয়েছে, যারা লজ্জার কারণে প্রকৃতির ডাকে সাড়া দেয়া এবং স্ত্রীসহবাসের সময় বিবস্ত্র হওয়া পছন্দ করতনা। আল্লাহ তায়ালা দেখবেন, এ কারণে এ সময়ে তাঁরা তাদের লজ্জাস্থান গোপন রাখার জন্য নিজ বক্ষকে সরিয়ে নিত। আল্লাহ তায়ালা বলেন, রাতের আঁধারে তারা যা করে তাও আল্লাহ দেখেন এবং গোপনে ও প্রকাশ্যে যা করে সে কাজগুলোও আল্লাহ দেখেন। (কোঃ কারীম) ✪ শানে নুযূল (আঃ ৫) ঃ আখ্নাস ইবনে শোরাইক নামক জনৈক মুনাফেক অতিশয় মিষ্টভাষী ছিল, হুযুর (সা)-এর দরবারে এসে খুব চাটুকারিতা করত এবং তাঁর প্রতি নিজের অনুরাগ দেখাত; কিন্তু ভিতরে সে হাড়ে হাড়ে বদলোক ছিল। আল্লাহ এ আয়াতে তার কপটতার সংবাদ দিয়ে বলছেন, "কেউ তার বাহ্যিক ব্যবহারে ভুলে যেওনা।" (মুঃ কোঃ)

পারা ১২

(৬) وَمَا مِنْ دَآبَّةٍ فِي الْاَرْضِ اِلَّا عَلَى اللّٰهِ رِزْقُهَا وَيَعْلَمُ مُسْتَقَرَّهَا وَ

৬। ওয়ামা- মিন্ দা—ব্বাতিন ফিল্আর্দ্বি ইল্লা- 'আলাল্লা-হি রিয্কুহা- ওয়া ইয়া'লামু মুস্তাক্বার্‌রাহা- ওয়া

(৬) পৃথিবীতে বিচরণকারী যত প্রাণী রয়েছে সকলের জীবিকার দায়িত্ব আল্লাহরই উপর। তিনি তাদের (পার্থিব) বাসস্থান এবং (মৃত্যুর পর) তাদের সমাহিত

مُسْتَوْدَعَهَا ؕ كُلٌّ فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ (৭) وَهُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ

মুস্তাওদা'আহা-; কুল্লুন্ ফী কিতা-বিম্মুবীন। ৭। ওয়া হুওয়াল্লাযী খালাক্বাস্সামা- ওয়া-তি ওয়াল্ আর্দ্বা ফী

করার স্থান সম্পর্কে অবহিত। সব কিছুই সুস্পষ্ট কিতাবে রয়েছে। (৭) তিনিই (আল্লাহ্) ছয় দিনে আকাশ ও পৃথিবী সৃষ্টি

سِتَّةِ اَيَّامٍ وَّكَانَ عَرْشُهٗ عَلَى الْمَآءِ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا ؕ وَلَئِنْ قُلْتَ

সিত্তাতি আইয়্যা-মিওঁ ওয়া কা-না 'আর্শুহূ 'আলাল্ মা—ই লিইয়াব্লুওয়াকুম আইয়্যুকুম আহ্সানু 'আমালা-; ওয়া লাইন্ কুল্তা

করেছেন, তখন তাঁর আরশ ছিল পানির উপর, তোমাদের পরীক্ষা করার জন্য যে, কে তোমাদের মধ্যে আমলে উত্তম। আর যদি

اِنَّكُمْ مَّبْعُوْثُوْنَ مِنْۢ بَعْدِ الْمَوْتِ لَيَقُوْلَنَّ الَّذِيْنَ كَفَرُوْۤا اِنْ هٰذَاۤ اِلَّا سِحْرٌ

ইন্নাকুম মাব্'উছূনা মিম্ বা'দিল্ মাওতি লাইয়াকূলান্নাল্লাযীনা কাফারূ~ইন্ হা-যা~ইল্লা সিহ্রুম্

আপনি বলেন, নিশ্চয়ই তোমরা মৃত্যুর পর পুর্নজীবিত হবে, তবে কাফিরগণ অবশ্যই বলবে, এটাতো (কুরআন) স্পষ্ট যাদু ছাড়া আর

مُّبِيْنٌ (৮) وَلَئِنْ اَخَّرْنَا عَنْهُمُ الْعَذَابَ اِلٰۤى اُمَّةٍ مَّعْدُوْدَةٍ لَّيَقُوْلُنَّ مَا يَحْبِسُهٗ ؕ

মুবীন। ৮। ওয়া লাইন্ আখ্খার্না- 'আন্হুমুল্ 'আযা-বা ইলা- উম্মাতিম্ মা'দূদাতিল লাইয়াকূলুন্না মা- ইয়াহ্বিসুহ;

কিছু নয়। (৮) আর যদি আমি নির্দিষ্ট দিনের জন্য তাদের থেকে শাস্তি পিছিয়ে দেই,তবে তারা নিশ্চয়ই বলবে, 'কিসে তাকে আসতে বাধা প্রদান করছে?'

اَلَا يَوْمَ يَاْتِيْهِمْ لَيْسَ مَصْرُوْفًا عَنْهُمْ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ع ১ ৮ ১ রুকূ

আলা- ইয়াওমা ইয়া'তীহিম্ লাইসা মাস্বরূফান্ 'আন্হুম্ ওয়া হা-ক্বা বিহিম মা- কা-নূ বিহী ইয়াস্তাহ্যিউন।

জেনে রাখ! যেদিন তাদের নিকট তা আসবে, সেদিন তাদের থেকে তা সরানো হবে না। আর যা নিয়ে তারা ঠাট্টা করতো, তা তাদেরকে বেষ্টন করবে।

(৯) وَلَئِنْ اَذَقْنَا الْاِنْسَانَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنٰهَا مِنْهُ ۚ اِنَّهٗ لَيَئُوْسٌ كَفُوْرٌ

৯। ওয়া লাইন্ আযাক্বনাল্ ইন্সা-না মিন্না- রাহ্মাতান্ ছুম্মা নাযা'না-হা- মিন্হ, ইন্নাহূ লাইয়াঊসুন্ কাফূর।

(৯) যদি আমি মানুষকে আমার পক্ষ থেকে রহমতের স্বাদ ভোগ করাই, অতঃপর তার থেকে তা ছিনিয়ে নেই, তবে নিশ্চয়ই সে হতাশ ও অকৃতজ্ঞ হয়ে পড়ে।

(১০) وَلَئِنْ اَذَقْنٰهُ نَعْمَآءَ بَعْدَ ضَرَّآءَ مَسَّتْهُ لَيَقُوْلَنَّ ذَهَبَ السَّيِّاٰتُ عَنِّيْ ؕ

১০। ওয়া লাইন্ আযাক্বনা-হু না'মা—আ বা'দা দ্বার্‌রা—আ মাস্সাতহু লাইয়াকূলান্না যাহাবাস্ সাইয়্যিআ-তু 'আন্নী;

(১০) আর যদি তাকে দুঃখ-কষ্ট স্পর্শ করার পর নেয়ামতের স্বাদ উপভোগ করাই, তখন অবশ্যই সে বলবে, আমার থেকে দুঃখ-দুর্দশা চলে গেছে।

○ বিশ্লেষণ (আঃ ৬) ঃ مستقرها ومستودعها -এর ব্যাখ্যা নিয়ে মতভেদ রয়েছে। কারো মতে, পার্থিব জীবনে মানুষ বা অন্যান্য প্রাণী যেখানে বসবাস করে সে স্থানটিকে مستقر বলে এবং মৃত্যুর পর যেখানে দাফন হবে সে স্থানটিকে مستودع বলে। কারো মতে– মাতৃ গর্ভাশয়কে مستقر এবং পিতার বীর্যকে مستودع বলে। (তাঃ ইবনে কাসীর) ইমাম শাওকানীর মতে, مستقر দ্বারা মাতৃ গর্ভাশয় এবং مستودع দ্বারা যমীনের সে অংশ বুঝানো হয়েছে যেখানে দাফন হয়। (কোঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৭) ঃ كان عرشه على الماء - (আল্লার আরশ পানির উপরে ছিল) ঃ হাদীস শরীফে আছে– "আল্লাহ তায়ালা আসমান ও যমীন সৃষ্টির পঁচিশ হাজার বছর পূর্বে সৃষ্টিজীবের তাকদীর লিপিবদ্ধ করেছেন। তখন তাঁর আরশ (সিংহাসন) পানির উপর ছিল। (কোঃ কারীম)

اِنَّهٗ لَفَرِحٌ فَخُوْرٌ (১১) اِلَّا الَّذِيْنَ صَبَرُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ اُولٰٓئِكَ لَهُمْ

ইন্নাহূ লাফারিহুন্ ফাখূর। ১১। ইল্লাল্লাযীনা স্বাবারূ ওয়া 'আমিলুস্ স্বা-লিহা-ত, উলা—ইকা লাহুম

এতে নিশ্চয়ই সে আনন্দিত ও গর্বিত হয়। (১১) কিন্তু যারা ধৈর্যশীল এবং নেক আমল করে, তাদের জন্য রয়েছে মাগফিরাত

مَّغْفِرَةٌ وَّاَجْرٌ كَبِيْرٌ (১২) فَلَعَلَّكَ تَارِكٌۢ بَعْضَ مَا يُوْحٰۤى اِلَيْكَ وَضَآئِقٌۢ بِهٖ

মাগ্ফিরাতুঁও ওয়া আজ্রুন্ কাবীর। ১২। ফালা'আল্লাকা তা-রিকুম বা'দ্বা মা~ইউহ্বা- ইলাইকা ওয়া দ্বা—য়িকুম্ বিহী

ও মহা প্রতিদান। (১২) তবে কি আপনার প্রতি যে ওহী অবতীর্ণ হয়েছে, তার থেকে কিছু অংশ ছেড়ে দিবেন? আর আপনার অন্তর সংকীর্ণ হয়ে পড়ে শুধু

صَدْرُكَ اَنْ يَّقُوْلُوْا لَوْلَاۤ اُنْزِلَ عَلَيْهِ كَنْزٌ اَوْ جَآءَ مَعَهٗ مَلَكٌ ؕ اِنَّمَاۤ اَنْتَ نَذِيْرٌ ؕ

স্বাদরুকা আইঁ ইয়াকূলূ লাও লা~উন্যিলা 'আলাইহি কান্যুন্ আও জ্বা—আ মা'আহূ মালাক ; ইন্নামা~আন্‌তা নাযীর ;

একথার জন্য যে, তারা বলে, তাঁর উপর কেন ধন-ভান্ডার প্রেরিত হয় না অথবা তার সাথে কোন ফিরিশতা আসে না কেন? আপনি তো শুধু সতর্ককারী

وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ وَّكِيْلٌ (১৩) اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ فَاْتُوْا بِعَشْرِ سُوَرٍ

ওয়াল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িওঁ ওয়াকীল। ১৩। আম্ ইয়াকূলূনাফাতারা-হ; কুল্ ফা'তু বি'আশ্‌রি সুওয়ারিম

আর আল্লাহ সর্ব বিষয়ের ব্যবস্থাপক। (১৩) তারা কি বলে, এ কুরআন সে (রাসূল) নিজে রচনা করেছে? বলুন, তোমরা অনুরূপ সূরার মত দশটি সূরা

مِّثْلِهٖ مُفْتَرَيٰتٍ وَّادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ

মিছলিহী মুফ্‌তারাইয়া-তিওঁ ওয়াদ্'উ মানিস্তাত্বা'তুম, মিন্ দূনিল্লা-হি ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন।

বানিয়ে নিয়ে এস এবং আল্লাহ ছাড়া যাকে স্বক্ষম, তোমাদের সাথে ডেকে নাও, যদি তোমরা সত্যবাদী হও।

(১৪) فَاِلَّمْ يَسْتَجِيْبُوْا لَكُمْ فَاعْلَمُوْۤا اَنَّمَاۤ اُنْزِلَ بِعِلْمِ اللّٰهِ وَاَنْ لَّاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ

১৪। ফাইল্লাম্ ইয়াস্তাজ্বীবূ লাকুম্ ফা'লামূ আন্নামা~উন্‌যিলা বি'ইল্‌মিল্লাহি ওয়া আল্লা~ইলা-হা ইল্লা- হুও,

(১৪) অতঃপর যদি তারা তোমাদের কথা কবুল না করে, তবে জেনে রেখ, নিশ্চয়ই এ কুরআন আল্লাহরই "ইলম" দ্বারা অবতীর্ণ এবং তিনি ছাড়া আর কোন মা'বুদ নেই।

فَهَلْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ (১৫) مَنْ كَانَ يُرِيْدُ الْحَيٰوةَ الدُّنْيَا وَزِيْنَتَهَا نُوَفِّ اِلَيْهِمْ

ফাহাল্ আন্‌তুম মুসলিমূন। ১৫। মান্ কা-না ইউরীদুল্ হায়া-তাদ্দুন্‌ইয়া- ওয়া যীনাতাহা- নুওয়াফ্‌ফি ইলাইহিম্

তবুও কি তোমরা মুসলমান হবে? (১৫) যদি কেউ পার্থিব জীবন এবং তার সৌন্দর্য কামনা করে, আমি তাদেরকে তাদের আমলের

اَعْمَالَهُمْ فِيْهَا وَهُمْ فِيْهَا لَا يُبْخَسُوْنَ (১৬) اُولٰٓئِكَ الَّذِيْنَ لَيْسَ لَهُمْ فِي

আ'মা-লাহুম্ ফীহা- ওয়াহুম ফীহা- লা- ইউব্‌খাসূন। ১৬। উলা—ইকাল্লাযীনা লাইসা লাহুম্ ফিল্

প্রতিদান পৃথিবীতেই পরিপূর্ণ করে দিব এবং এখানে তাদেরকে কোন কম দেয়া হবে না। (১৬) তারা এমনই লোক যে, যাদের জন্য

○ টীকা (আঃ ১২) ঃ মানুষের ফরমাইশ অনুযায়ী মু'জেযা দেখান নবীর ক্ষমতাধীন নয়। সুতরাং আপনি এদের অন্যায় আবদার রক্ষা করার জন্য চিন্তিত হবেন না। যে কোন মু'জেযা দ্বারাই নবীর সত্যতা প্রমাণিত হয়ে যায়। আপনার বড় মু'জেযা কোরআন শরীফ তো তাদের চক্ষুর সামনেই রয়েছে। তবে তাদের মান্য না করার কারণ কি থাকতে পারে? (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১৪) ঃ সূরা-ইউনুস ও সূরা- বাক্বারার ভাষ্যে একটি সূরার সাথে প্রতিযোগিতার আহ্বান করা হয়েছে। এই দু'টি সূরা মদীনায় অবতীর্ণ হয়। বর্তমান আলোচ্য আয়াতটি মক্কায় অবতীর্ণ, এতে দশটি সূরার প্রতিযোগিতার জন্য আহ্বান করা হয়েছে। অতএব, বুঝা যায়, প্রথমে মক্কায় দশটি সূরার প্রতিযোগিতার আহ্বান করা হয়েছিল। অপারগতার ক্ষেত্রে অন্ততঃ একটি সূরার প্রতিযোগিতার জন্য ডাকা হয়েছে। (বঃ কোঃ)

الْاٰخِرَةِ اِلَّا النَّارُ ۖ وَحَبِطَ مَا صَنَعُوْا فِيْهَا وَبٰطِلٌ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٧﴾ اَفَمَنْ

আ-খিরাতি ইল্লান্না-র, ওয়া হ্বাবিত্বা মা- স্বানা'উ ফীহা- ওয়া বা-ত্বিলুম মা- কা-নূ ইয়া'মালূন। ১৭। আফামান্

পরকালে জাহান্নাম ছাড়া আর কিছুই নেই এবং এখানে তারা যা কিছু করছে তা নিষ্ফল হয়ে যাবে এবং তারা যে আমল করছে তা বিফল হবে। (১৭) সে কি

كَانَ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّهٖ وَيَتْلُوْهُ شَاهِدٌ مِّنْهُ وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰۤى اِمَامًا

কা-না 'আলা- বাইয়্যিনাতিম মির্রাব্বিহী ওয়া ইয়াত্লূহু শা-হিদুম্ মিন্হু ওয়া মিন্ ক্বাব্লিহী কিতা~বু মূসা- ইমা-মাওঁ

তার সমপর্যায়ের হতে পারে? যে তার প্রতিপালকের সুস্পষ্ট দলীলের উপর প্রতিষ্ঠিত এবং তার কাছে আল্লাহর থেকে সাক্ষীও উপস্থিত এবং তার পূর্ববর্তী মূসার কিতাব,

وَّرَحْمَةً ؕ اُولٰٓئِكَ يُؤْمِنُوْنَ بِهٖ ؕ وَمَنْ يَّكْفُرْ بِهٖ مِنَ الْاَحْزَابِ فَالنَّارُ

ওয়া রাহ্বমাহ; উলা~ইকা ইউ'মিনূনা বিহ ; ওয়া মাইঁ ইয়াক্ফুর্ বিহী মিনাল্ আহ্বযা-বি ফান্না-রু

যা ছিল পথ প্রদর্শক ও অনুগ্রহ স্বরূপ, এসব লোকেরাই কুরআনের প্রতি ঈমান রাখে। আর অন্যান্য দলেরা যারা তা অস্বীকার করে, জাহান্নামই

مَوْعِدُهٗ ۚ فَلَا تَكُ فِيْ مِرْيَةٍ مِّنْهُ ۗ اِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّكَ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ

মাও'ইদুহ, ফালা- তাকু ফী মির্ইয়াতিম মিন্হু ইন্নাহুল্ হ্বাক্কু মির্রাব্বিকা ওয়ালা-কিন্না আক্ছারান্না-সি

তাদের প্রতিশ্রুত স্থান। অতএব আপনি এতে সন্দিহান হবেন না। নিশ্চয়ই এটি আপনার প্রতিপালকের পক্ষ হতে প্রেরীত সত্য, কিন্তু অধিকাংশ লোক

لَا يُؤْمِنُوْنَ ﴿١٨﴾ وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ؕ اُولٰٓئِكَ يُعْرَضُوْنَ

লা- ইউ'মিনূন। ১৮। ওয়া মান্ আয্বলামু মিম্মানিফ্তারা- 'আলাল্লা-হি কাজিবা-, উলা—য়িকা ইউ'রাদ্বূনা

ঈমান আনে না। (১৮) আর সে ব্যক্তির চেয়ে অধিক অত্যাচারী আর কে হতে পারে, যে আল্লাহ সম্পর্কে মিথ্যারোপ করে? এসব লোককে তাদের

عَلٰى رَبِّهِمْ وَيَقُوْلُ الْاَشْهَادُ هٰۤؤُلَآءِ الَّذِيْنَ كَذَبُوْا عَلٰى رَبِّهِمْ ۚ اَلَا لَعْنَةُ اللّٰهِ

'আলা- রাব্বিহিম্ ওয়া ইয়াক্বূলুল্ ~আশ্হা-দু হা উলা—ইল্লাযীনা কাজাবূ 'আলা- রাব্বিহিম্, আলা- লা'নাতুল্লাহি

প্রতিপালকের সামনে হাজির করা হবে এবং তাদের সাক্ষীগণ বলবে, এরাই তাদের প্রতিপালকের সম্পর্কে মিথ্যারোপ করেছে। জেনে রেখ, অত্যাচারীদের

عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٩﴾ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ وَهُمْ

'আলাজ্ব স্বা-লিমীন। ১৯। আল্লাযীনা ইয়াস্বুদ্দূনা 'আন সাবীলিল্লা-হি ওয়া ইয়াব্গূনাহা- 'ইওয়াজ্বা-; ওয়াহুম্

উপর আল্লাহর অভিশাপ। (১৯) যারা আল্লাহর পথে বাধা সৃষ্টি করে এবং তাতে দোষ-ত্রুটি তালাস করে,

بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿٢٠﴾ اُولٰٓئِكَ لَمْ يَكُوْنُوْا مُعْجِزِيْنَ فِي الْاَرْضِ وَمَا كَانَ

বিল আ-খিরাতি হুম্ কা-ফিরূন। ২০। উলা~য়িকা লাম্ ইয়াকূনূ মু'জ্বিযিনা ফিল্ আর্দ্বি ওয়ামা- কা-না

তারাই পরকালের অস্বীকারকারী। (২০) তারা পৃথিবীতে আল্লাহকে ব্যর্থ করতে পারেনি এবং আল্লাহ ব্যতীত

○ বিশ্লেষণ (আঃ ১৭) ঃ بينة - (দলীল) দ্বারা কুরআন বুঝানো হয়েছে। شاهد - (সাক্ষী) দ্বারা হযরত মুহাম্মদকে (সা) বুঝানো হয়েছে।

○ টীকা (আঃ ১৭) ঃ অত্র আয়াতের ইশারা সম্ভবতঃ ইয়াহূদীগণের দিকে রয়েছে। আর বর্তমান কালের ইয়াহূদীগণকে সে ইয়াহূদীগণের তুলনা দিয়ে বাধ্য করান হয়েছে যারা মুসলমান হয়ে গিয়েছিল। তৎকালে যে সকল ইয়াহূদী মুসলমান হয়ে গিয়েছিল, তাদেরকে তিনটি বিষয় ইসলাম গ্রহণে বাধ্য করেছিল। যথা- (১) ইসলামের নিরাপত্তা, সহজতা ও পরিচ্ছন্নতা। কারণ ইসলামের মধ্যে কোন প্রকারের কুটিলতা নেই। (২) জ্ঞানের সাক্ষ্য এই যে, ইসলাম জ্ঞানের বিপরীত কোন কিছু শিক্ষা দেয় না। (৩) তাওরাত কিতাব ইয়াহূদীগণ যার প্রতি পরিপক্ক বিশ্বাসী ছিল, সেই তাওরাত গ্রন্থে রাসূলে খোদা (সা) সম্বন্ধে ভবিষ্যদ্বাণী ছিল। আল কোরআন এবং তাওরাত উভয়েরই দ্বীন সম্বন্ধীয় মূলনীতি একই, যদি কিছু পার্থক্য থাকে, তবে তা শাখা-প্রশাখা বিষয়ে।

১ ওয়াক্বফে গোফরান

لَهُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ۘ يُضٰعَفُ لَهُمُ الْعَذَابُ ؕ مَا كَانُوْا يَسْتَطِيْعُوْنَ

লাহুম্ মিন দূনিল্লা-হি মিন্ আওলিয়া~আ। ইউদ্বা-'আফু লাহুমুল্ 'আযা-ব; মা- কা-নূ ইয়াস্তাত্বী'উনাস্

তাদের কোন সাহায্যকারীও নেই। তাদের শাস্তি দ্বিগুণ করা হবে, তারা (সত্য কথা) শোনতে পারত না এবং

السَّمْعَ وَمَا كَانُوْا يُبْصِرُوْنَ ﴿٢١﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ

'সাম্'আ ওয়া মা- কা-নূ ইউব্স্বিরূন। ২১। উলা—ইকাল্লাযীনা খাসিরু~আন্ফুসাহুম্ ওয়া দ্বাল্লা 'আন্হুম্

তারা (সঠিক পথ) দেখতে পেত না। (২১) তারাই নিজেরা নিজদেরই ক্ষতি করেছে। (আল্লাহ ছাড়া) যাদেরকে তারা উপাস্য বানিয়েছিল তারা তাদের

مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢٢﴾ لَا جَرَمَ اَنَّهُمْ فِي الْاٰخِرَةِ هُمُ الْاَخْسَرُوْنَ ﴿٢٣﴾ اِنَّ الَّذِيْنَ

মা- কা-নূ ইয়াফ্তারূন। ২২। লা- জ্বারামা আন্নাহুম ফিল আ-খিরাতি হুমুল্ আখসারূন। ২৩। ইন্নাল্লাযীনা

থেকে অদৃশ্য হয়ে গেছে। (২২) অবশ্যই তারা পরকালে ভীষণ ক্ষতিগ্রস্ত হবে। (২৩) যারা

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَخْبَتُوْٓا اِلٰى رَبِّهِمْ ۙ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব্ স্বা-লিহ্বা-তি ওয়া আখ্বাতূ~ইলা- রাব্বিহিম উলা—য়িকা আস্বহ্বা-বুল্ জ্বান্নাহ,

ঈমান এনেছে এবং নেক আমল করেছে এবং নিজ প্রতিপালকের প্রতি নত হয়েছে, তারাই জান্নাতের অধিবাসী,

هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٤﴾ مَثَلُ الْفَرِيْقَيْنِ كَالْاَعْمٰى وَالْاَصَمِّ وَالْبَصِيْرِ وَالسَّمِيْعِ ؕ

হুম্ ফীহা- খা-লিদূন। ২৪। মাছালুল্ ফারীক্বাইনি কাল আ'মা- ওয়াল্ আস্বাম্মি ওয়াল্ বাস্বীরি ওয়াস্সামী'ই;

তথায় তারা অনন্তকাল থাকবে। (২৪) উভয় দলের দৃষ্টান্ত এরূপ, যেমন- এক ব্যক্তি অন্ধ ও বধির, আর এক ব্যক্তি দৃষ্টিসম্পন্ন ও শ্রবণকারী,

২ ع ২ রুকু

هَلْ يَسْتَوِيٰنِ مَثَلًا ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٢٥﴾ وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖۤ ۫

হাল্ ইয়াস্তাওয়িআ-নি মাছালা- ; আফালা- তাজাক্কারূন। ২৫। ওয়া লাক্বাদ্ আর্সাল্না- নূহ্বান ইলা- ক্বাওমিহী~

এ দু'টি ব্যক্তি কি সমকক্ষের দিক দিয়ে সমান? এরপরেও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না? (২৫) আমি নূহকে তার সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছি, (সে বলেছিল)

اِنِّيْ لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٢٦﴾ اَنْ لَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ؕ اِنِّيْۤ اَخَافُ عَلَيْكُمْ

ইন্নী লাকুম্ নাযীরুম্ মুবীন। ২৬। আল্লা- তা'বুদূ~ইল্লাল্লা-হ ; ইন্নী~আখা-ফু 'আলাইকুম্

নিশ্চয়ই আমি তোমাদের জন্য প্রকাশ্য ভীতি প্রদর্শনকারী। (২৬) যাতে তোমরা আল্লাহ ছাড়া অন্য কারো ইবাদাত না কর, আমি তোমাদের

عَذَابَ يَوْمٍ اَلِيْمٍ ﴿٢٧﴾ فَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ مَا نَرٰىكَ اِلَّا بَشَرًا

'আযা-বা ইয়াওমিন্ আলীমি। ২৭। ফাক্বা-লাল্ মালাউল্লাযীনা কাফারূ মিন্ ক্বাওমিহী মা- নারা-কা ইল্লা- বাশারাম

উপর এক যন্ত্রণাময় দিনের শাস্তির ভয় করছি। (২৭) তার সম্প্রদায়ের কাফির নেতৃবৃন্দ বলল, আমরা তো তোমাকে আমাদের মতই মানুষ দেখছি।

○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ يضعف - (দ্বিগুণ শাস্তি) দু'টি কারণে- ১. গোমরাহ হবার কারণে, ২. গোমরাহ করার কারণে। (তাঃ কাদেরী)

○ টীকা (আঃ ২৬) ঃ উপরে বিশ্বাসী ও অবিশ্বাসীর পরিণামের বিবরণ ছিল। সম্মুখের আয়াতে উভয়ের তুলনা এরূপ, যেমন এক ব্যক্তি অন্ধ ও বধির; কথাও শুনে না, ইঙ্গিতও দেখে না। স্বভাবতঃ এমন ব্যক্তিকে বুঝাবার কোন উপায়ই নেই। আর এক ব্যক্তি, যে দেখতে ও শুনতে পায়। এমন ব্যক্তির পক্ষে কোন কিছু হৃদয়ঙ্গম করা সহজ কাজ। এ দু'ব্যক্তির অবস্থা কি সমান? কখনই নয়। কাফির এবং মুসলমানের অবস্থাও তদ্রূপ। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২৬) ঃ অর্থাৎ, তোমরা আল্লাহ্কে ছাড়া ভুদ্দ, সুওয়া, ইয়াগূছ, নাছ্র ইত্যাদি যে সমস্ত উপদেবতা নির্ধারণ করে রেখেছে, তাদেরকে বর্জন কর। এক আল্লাহ্ ব্যতীত আর কারো এবাদত করো না। (বঃ কোঃ)

مِثْلَنَا وَمَا نَرٰىكَ اتَّبَعَكَ اِلَّا الَّذِيْنَ هُمْ اَرَاذِلُنَا بَادِيَ الرَّاْيِ ۚ وَمَا نَرٰى

মিছ্লানা- ওয়ামা- নারা-কাত তাবা'আকা ইল্লাল্লাযীনা হুম্ আরা-যিলুনা- বা-দিয়ার্‌রা-য়, ওয়া মা- নারা-

আর দেখছি যে, সে লোকেরা তোমার অনুসরণ করছে যারা আমাদের মধ্যে নীচ এবং তাও (করছে) স্বল্প বুদ্ধির লোক। আমরা তোমাদেরকে আমাদের

لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍۢ بَلْ نَظُنُّكُمْ كٰذِبِيْنَ ﴿٢٧﴾ قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ

লাকুম্ 'আলাইনা- মিন্ ফাদ্বলিম্ বাল্ নায্বুন্নুকুম্ কা-যিবীন। ২৮। ক্বা-লা ইয়া- ক্বাওমি আরাআইতুম্ ইন কুন্‌তু

চেয়ে কোন বিষয় শ্রেষ্ঠ দেখছি না, বরং আমরা তোমাদেরকে মিথ্যাবাদী ধারণা করি। (২৮) নূহ বললেন, হে আমার সম্প্রদায়! আমাকে বল, আমি যদি আমার

عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَاٰتٰىنِيْ رَحْمَةً مِّنْ عِنْدِهٖ فَعُمِّيَتْ عَلَيْكُمْ ؕ اَنُلْزِمُكُمُوْهَا

'আলা- বাইয়্যিনাতিম্ মির্ রাব্বী ওয়া আ-তা-নী রাহ্‌মাতাম্ মিন্ 'ইন্‌দিহী ফা'উম্মিয়াত্ 'আলাইকুম; আনুল্‌যিমুকুমূহা-

প্রতিপালকের পক্ষ হতে স্পষ্ট দলীলের উপর থাকি এবং আমাকে তিনি তাঁর থেকে রহমত দান করেন, অতঃপর তা তোমাদের কাছে গোপন রাখা হয়, তবে কি আমি

وَاَنْتُمْ لَهَا كٰرِهُوْنَ ﴿٢٨﴾ وَيٰقَوْمِ لَاۤ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مَالًا ؕ اِنْ اَجْرِيَ اِلَّا

ওয়া আন্‌তুম্ লাহা- কা-রিহূন। ২৯। ওয়া ইয়া- কাওমি লা~আস্‌আলুকুম্ 'আলাইহি মা-লা- ; ইন্ আজ্‌রিয়া ইল্লা-

তা তোমাদের উপর চাপিয়ে দিব? অথচ তোমরা তা অপছন্দ কর। (২৯) হে আমার সম্প্রদায়! আমি এ জন্য তোমাদের কাছে কোন সম্পদ চাইনা, আমার প্রতিদান তো

عَلَى اللّٰهِ وَمَاۤ اَنَا بِطَارِدِ الَّذِيْنَ اٰمَنُوْا ؕ اِنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَلٰكِنِّيْۤ

'আলাল্লা-হি ওয়া মা~আনা বিত্বা-রিদিল্লাযীনা আ-মানূ; ইন্নাহুম মুলা-ক্বূ রাব্বিহিম ওয়া লা-কিন্নী~

শুধু আল্লাহরই নিকট। আমি তো মু'মিনদেরকে আমার থেকে তাড়িয়ে দিতে পারি না। নিশ্চয়ই তারা তাদের প্রতিপালকের সাথে মিলিত হবে। কিন্তু আমি তোমাদেরকে

اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ﴿٢٩﴾ وَيٰقَوْمِ مَنْ يَّنْصُرُنِيْ مِنَ اللّٰهِ اِنْ طَرَدْتُّهُمْ ؕ

আরা-কুম ক্বাওমান্ তাজ্‌হালূন। ৩০। ওয়া ইয়া- ক্বাওমি মাই ইয়ান্‌স্বুরুনী মিনাল্লা-হি ইন্ ত্বারাদ্‌তুহুম্

মূর্খ সম্প্রদায় (হিসেবে) দেখছি। (৩০) হে আমার সম্প্রদায়! আমি যদি তাদেরকে তাড়িয়ে দেই; তবে আল্লাহর (শাস্তি) থেকে আমাকে কে সাহায্য করবে? তবুও কি

اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٣٠﴾ وَلَاۤ اَقُوْلُ لَكُمْ عِنْدِيْ خَزَآئِنُ اللّٰهِ وَلَاۤ اَعْلَمُ الْغَيْبَ

আফালা- তাযাক্কারূন। ৩১। ওয়া লা~আকূলু লাকুম্ 'ইন্‌দী খাযা-য়িনুল্লা-হি ওয়া লা~আ'লামুল্ গাইবা

তোমরা উপদেশ গ্রহণ করবে না? (৩১) আমি তোমাদের কাছে একথা বলি না যে, আমার নিকট আল্লাহর ধন-ভাণ্ডার রয়েছে; আর আমি অদৃশ্যের খবরও রাখি না।

وَلَاۤ اَقُوْلُ اِنِّيْ مَلَكٌ وَّلَاۤ اَقُوْلُ لِلَّذِيْنَ تَزْدَرِيْۤ اَعْيُنُكُمْ لَنْ يُّؤْتِيَهُمُ اللّٰهُ

ওয়া লা~আকূলু ইন্নী মালাকুওঁ ওয়া লা~আকূলু লিল্লাযীনা তাযদারী~আ'ইউনুকুম্ লাই ইউ'তিয়াহুমুল্লা-হু

আর আমি একথাও বলি না যে, আমি একজন ফিরিশতা এবং আমি বলি না যে, যারা তোমাদের দৃষ্টিতে নিকৃষ্ট, কখনও আল্লাহ তাদেরকে উত্তম প্রতিদান দান করবেন না,

○ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ بينة - (দলীল) দ্বারা ঈমান এবং رحمت - (রহমত) দ্বারা নবুওয়াত বুঝানো হয়েছে।

○ টীকা (আঃ ৩১) ঃ হযরত নূহ (আ)-এর উপরোক্ত বিবৃতির ফলে কাফিরদের যাবতীয় কূটতর্কের অবসান ঘটল। এখন উত্তরে আরো বলছেন যে, আমার নবুওয়াতের পক্ষে যে অকাট্য প্রমাণ্য রয়েছে, তা সাব্যস্ত হয়ে গেল। সুতরাং তোমরা একে অসম্ভব বলাতে কোন ক্ষতি নেই। কেননা, প্রমাণের নিকট সম্ভবতা, অসম্ভবতার কোন স্থান নেই। বস্তুতঃ আমি কোন বিচিত্র বিষয়ের দাবীও করি নি। তেমন হলে অবশ্য অসম্ভব মনে করে তৎপ্রতি অবিশ্বাস করা অশোভনীয় হত না; কিন্তু প্রমাণ স্থাপিত হওয়ার পর সে ওযর-ও অচল। হাঁ, যদি অসম্ভবতার পক্ষে কোন দলীল থাকত, তবে তার অনুসরণ করা কর্তব্য হত; কিন্তু তেমন কোন বিচিত্র অসম্ভব দাবী তো আমি করি নি। (বঃ কোঃ)

خَيْرًا ؕ اَللّٰهُ اَعْلَمُ بِمَا فِيْۤ اَنْفُسِهِمْ ۚ اِنِّيْۤ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿٣١﴾ قَالُوْا

খাইরা-; আল্লা-হু আ'লামু বিমা- ফী~আন্‌ফুসিহিম্, ইন্নী~ইযাল্লামিনায্ যা-লিমীন। ৩২। ক্বা-লূ

আল্লাহ্ অবগত আছেন তাদের অন্তরের খবর সম্পর্কে। (যদি এরূপ বচলি) তবে নিশ্চয়ই অত্যাচারীদের অন্তর্ভুক্ত হব। (৩২) তারা বলল,

يٰنُوْحُ قَدْ جٰدَلْتَنَا فَاَكْثَرْتَ جِدَالَنَا فَاْتِنَا بِمَا تَعِدُنَاۤ اِنْ كُنْتَ مِنَ

ইয়া- নূহু ক্বাদ্ জ্বা-দাল্‌তানা- ফাআক্‌ছার্‌তা জ্বিদা-লানা- ফা'তিনা বিমা- তা'ইদুনা~ইন কুন্‌তা মিনাস্ব

হে নূহ, তুমি নিশ্চয়ই আমাদের সাথে তর্ক করেছ এবং তুমি আমাদের সাথে অতিমাত্রায় তর্ক করেছ, অতএব তুমি যার ভয় আমাদেরকে দিতেছ তা আমাদের প্রতি আনয়ন

الصّٰدِقِيْنَ ﴿٣٢﴾ قَالَ اِنَّمَا يَاْتِيْكُمْ بِهِ اللّٰهُ اِنْ شَآءَ وَمَاۤ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ ○

স্বা-দিক্বীন। ৩৩। ক্বা-লা ইন্নামা- ইয়া'তীকুম্ বিহিল্লা-হু ইন্‌শ~আ ওয়ামা~আন্‌তুম্ বিমু'জ্বিযীন।

কর, যদি তুমি সত্যবাদী হও। (৩৩) সে (নূহ) বলল, আল্লাহ তোমাদের উপর তা আনয়ন করবেন যদি তিনি ইচ্ছা করেন। তোমরা তাঁকে অপারগ করতে পারবে না।

﴿٣٣﴾ وَلَا يَنْفَعُكُمْ نُصْحِيْۤ اِنْ اَرَدْتُّ اَنْ اَنْصَحَ لَكُمْ اِنْ كَانَ اللّٰهُ يُرِيْدُ اَنْ

৩৪। ওয়া লা- ইয়ান্‌ফা'উকুম্ নুস্বহী~ইন্ আরাদ্‌তু আন্ আন্‌স্বাহা লাকুম্ ইন্ কা-নাল্লা-হু ইউরীদু আইঁ

(৩৪) আমি তোমাদেরকে উপদেশ দিতে ইচ্ছা করলেও আমার উপদেশ তোমাদের কোন কাজে আসবে না, যদি আল্লাহ্ তোমাদেরকে পথভ্রষ্ট করতে চান

يُّغْوِيَكُمْ ؕ هُوَ رَبُّكُمْ ۫ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٣٤﴾ اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ

ইউগ্‌ওয়িয়াকুম্; হুওয়া রাব্বুকুম্ ওয়া ইলাইহি তুরজ্বা'উন্। ৩৫। আম্ ইয়াকূলূনাফ্ তারা-হ ; কুল্ ইনিফ্

তিনিই তোমাদের প্রতিপালক এবং তাঁর দিকেই ফিরে যেতে হবে। (৩৫) তারা কি বলে যে, এটি (কুরআন) সে বানিয়েছে? আপনি বলুন, এটি যদি আমি

রুকু ৩ ع

افْتَرَيْتُهٗ فَعَلَيَّ اِجْرَامِيْ وَاَنَا بَرِيْٓءٌ مِّمَّا تُجْرِمُوْنَ ﴿٣٥﴾ وَاُوْحِيَ اِلٰى نُوْحٍ اَنَّهٗ

তারাইতুহূ ফা'আলাইয়্যা ইজ্‌রা-মী উম ওয়া আনা বারী~উম্ মিম্মা- তুজ্বরিমূন। ৩৬। ওয়া উহিয়া ইলা- নূহিন্ আন্নাহূ

বানিয়ে থাকি, তবে তার গুনাহ আমার উপরই। আর তোমরা যে গুনাহ্ করছ তা থেকে আমি দায়মুক্ত। (৩৬) নূহের প্রতি এ মর্মে ওহী প্রেরণ করা হল, যারা

لَنْ يُّؤْمِنَ مِنْ قَوْمِكَ اِلَّا مَنْ قَدْ اٰمَنَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوْا يَفْعَلُوْنَ ○

লাইঁইউ'মিনা মিন্ ক্বাওমিকা ইল্লা- মান ক্বাদ্ আ-মানা ফালা- তাব্‌তাইস্ বিমা- কা-নূ ইয়াফ্'আলূন।

ঈমান এনেছে তারা ছাড়া অন্য কেউ তোমার সম্প্রদায় হতে ঈমান আনবে না। সুতরাং তাদের কার্যকলাপের ব্যাপারে তুমি চিন্তিত হয়ো না।

﴿٣٦﴾ وَاصْنَعِ الْفُلْكَ بِاَعْيُنِنَا وَوَحْيِنَا وَلَا تُخَاطِبْنِيْ فِي الَّذِيْنَ ظَلَمُوْا ۚ اِنَّهُمْ

৩৭। ওয়াস্বনা'য়িল্ ফুল্‌কা বিআ'উনিনা- ওয়া ওয়াহ্‌য়িনা- ওয়ালা- তুখা-ত্বিব্‌নী ফিল্লাযীনা যালামূ, ইন্নাহুম্

(৩৭) তুমি আমার তত্ত্বাবধানে এবং আমার ওহী মোতাবেক নৌকা তৈয়ার কর এবং অত্যাচারীদের ব্যাপারে তুমি আমার কাছে কোন আবদার করবেন না।

○ বিশ্লেষণ (আঃ ৩৭) ঃ ...واصنع الفلك - (নৌকা তৈয়ার কর) ঃ হযরত নূহ (আ) ওহীর দ্বারা দু'বছর বসে নৌকা তৈয়ার করলেন। নৌকার দৈর্ঘ্য ৩০০ গজ, কারো মতে ১২০০ গজ এবং প্রস্থ ৫০ গজ, কারো মতে ৬০ গজ। তার উচ্চতা ৩০ গজ, কোন বর্ণনা মতে, ৩৩ গজ। সে নৌকার দরজা ছিল তিনটি এবং তাতে রং দেয়া হয়েছিল কালো রং যা তিন তলা বিশিষ্ট। (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ৩৭) ঃ ইবনে আব্বাস (রা) বলেন, নৌকা কিরূপে নির্মাণ করতে হয়, নূহ (আ) তা জানতেন না। ওহী আসল, মুরগীর বুকের ন্যায় করে বানাও। ওহী অনুযায়ী নৌকা নির্মাণের জন্য একটি শাল বৃক্ষ রোপণ করলে বিশ বছরে তা এত বড় হয়ে গেল যে, তা দ্বারাই পূর্ণ নৌকা নির্মিত হয়ে গেল। এই বিশ বছরের মধ্যে সম্প্রদায়ে কোন শিশু জন্মগ্রহণ করে নি। পূর্বের শিশুরাই ইতিমধ্যে বালেগ হয়ে নিজ নিজ পিতার অনুগামী হল। নূহ (আ) উক্ত বৃক্ষ দ্বারা যার শত গজ লম্বা, সুপ্রশস্ত একটি নৌকা নির্মাণ করে ১ম তলায় পক্ষী, ২য় তলায় জন্তু এবং ৩য় তলায় আসবাবপত্রসহ মানুষের স্থান করে দিলেন। (বঃ কোঃ)

مُغْرَقُونَ ﴿٣٧﴾ وَيَصْنَعُ الْفُلْكَ وَكُلَّمَا مَرَّ عَلَيْهِ مَلَأٌ مِّن قَوْمِهِ سَخِرُوا مِنْهُ

মুগরাকূন। ৩৮। ওয়া ইয়াস্না'উল্ ফুল্কা ওয়া কুল্লামা- মার্রা 'আলাইহি মালাউম্ মিন্ ক্বাওমিহী সাখিরূ মিন্হু,
নিশ্চয়ই তারা নিমজ্জিত হবে। (৩৮) তিনি নৌকা তৈয়ার করতে লাগলেন। আর যখন তাঁর সম্প্রদায়ের নেতৃবৃন্দ তার কাছ দিয়ে যেত, তখন তারা তাকে

قَالَ إِن تَسْخَرُوا مِنَّا فَإِنَّا نَسْخَرُ مِنكُمْ كَمَا تَسْخَرُونَ ﴿٣٨﴾ فَسَوْفَ تَعْلَمُونَ

ক্বা-লা ইন্ তাস্খারূ মিন্না- ফাইন্না- নাস্খারু মিন্কুম কামা- তাস্খারূন্। ৩৯। ফাসাওফা তা'লামূনা
ঠাট্টা করতো। তিনি বললেন, তোমরা যদি আমাকে ঠাট্টা কর, তবে আমরাও তোমাদেরকে ঠাট্টা করব, যেভাবে তোমরা ঠাট্টা করছ। (৩৯) আর তোমরা

مَن يَأْتِيهِ عَذَابٌ يُخْزِيهِ وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيمٌ ﴿٣٩﴾ حَتَّىٰ إِذَا جَاءَ

মাই ইয়া'তীহি 'আযা-বুই ইউখ্যীহি ওয়া ইয়াহিল্লু 'আলাইহি 'আযা-বুম্ মুক্বীম। ৪০। হাত্তা- ইযা- জ্বা— আ
শীঘ্রই জানতে পারবে, কার উপর অপমানজনক শাস্তি আসবে এবং কার উপর চিরস্থায়ী শাস্তি আসবে। (৪০) অবশেষে যখন আমার নির্দেশ এসে গেল

أَمْرُنَا وَفَارَ التَّنُّورُ قُلْنَا احْمِلْ فِيهَا مِن كُلٍّ زَوْجَيْنِ اثْنَيْنِ وَأَهْلَكَ إِلَّا

আমরুনা- ওয়া ফা-রাত্তান্নূরু ক্বুল্নাহ্মিল্ ফীহা- মিন্ কুল্লিন যাওজাইনিছনাইনি ওয়া আহ্লাকা ইল্লা-
এবং চুলা পানি উপচিয়ে ফেলল, আমি নূহকে বললাম, এ নৌকায় প্রত্যেক জাতি হতে দু'টি করে জোড়া (নর ও মাদী) উঠিয়ে নিন, আর যাদের সম্পর্কে পূর্বেই সিদ্ধান্ত হয়ে

مَن سَبَقَ عَلَيْهِ الْقَوْلُ وَمَنْ آمَنَ ۚ وَمَا آمَنَ مَعَهُ إِلَّا قَلِيلٌ ﴿٤٠﴾ وَقَالَ ارْكَبُوا

মান্ সাবাক্বা 'আলাইহিল ক্বাওলু ওয়া মান আ-মান, ওয়া মা~আ-মানা মা'আহূ ইল্লা- ক্বালীল। ৪১। ওয়া ক্বা-লার্কাবূ
গিয়েছে তাদের ছাড়া এবং আপনার পরিবারের লোকজনকে, আর যারা ঈমান এনেছে তাদেরকে। তাঁর সাথে ঈমান আনয়নকারী ছিল খুবই নগণ্য। (৪১) নূহ বললেন,

فِيهَا بِسْمِ اللَّهِ مَجْرَاهَا وَمُرْسَاهَا ۚ إِنَّ رَبِّي لَغَفُورٌ رَّحِيمٌ ﴿٤١﴾ وَهِيَ تَجْرِي

ফীহা- বিস্মিল্লা-হি মাজ্রেহা- ওয়া মুর্সা-হা-,ইন্না রাব্বী লাগাফূরুর্ রাহীম। ৪২। ওয়া হিয়া তাজ্রী
তোমরা এ নৌকায় আরোহণ কর, আল্লাহর নামেই এর চলা ও অবস্থান। অবশ্যই আমার প্রতিপালক ক্ষমাশীল এবং পরম দয়ালু। (৪২) আর সেটি

بِهِمْ فِي مَوْجٍ كَالْجِبَالِ وَنَادَىٰ نُوحٌ ابْنَهُ وَكَانَ فِي مَعْزِلٍ يَا بُنَيَّ

বিহিম্ ফী মাওজিন্ কাল্জিবা-ল, ওয়া না-দা- নূহুনিব্নাহূ ওয়া কা-না ফী মা'যিলিই ইয়া-বুনাইয়্যার্
তাদের নিয়ে পর্বত সমতুল্য তরঙ্গের মধ্যে চলতে লাগল। নূহ তাঁর পুত্রকে ডেকে বললেন, সে ছিল এক কিনারায়, হে আমার ছেলে!

ارْكَب مَّعَنَا وَلَا تَكُن مَّعَ الْكَافِرِينَ ﴿٤٢﴾ قَالَ سَآوِي إِلَىٰ جَبَلٍ يَعْصِمُنِي مِنَ

কাম্ মা'আনা- ওয়ালা- তাকুম্ মা আল্ কা-ফিরীন। ৪৩। ক্বা-লা সাআ-ওয়ী~ইলা- জ্বাবালিই ইয়া'ছিমুনী মিনাল্
আমাদের সাথে (নৌকায়) উঠ এবং কাফিরদের সাথী হয়ো না। (৪৩) সে বলল, আমি শীঘ্রই কোন এক পাহাড়ে আশ্রয় নিব, যা আমাকে পানি থেকে রক্ষা করবে।

○ টীকা (আঃ ৩৮) ঃ নূহ (আ) ময়দানে নৌকা নির্মাণ করা কালে কাফিররা বিদ্রূপ করে বলত, "প্রথম তো নবী সাজলেন, এখন সূতার মিস্ত্রী হলেন, পানি নেই- নৌকা নির্মাণ করছেন ইত্যাদি।" (মুঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ৪১) ঃ بسم الله مجرها হাদীস শরীফে বর্ণিত, যখন নূহ (আ) নৌকা চালাতে ইচ্ছা করতেন তখন 'বিসমিল্লাহ' বলতেন এবং যখন কোথাও নোঙ্গর করতে চাইতেন, তখনও বিসমিল্লাহ বলতেন। তিনি তাঁর সাথীদেরকে এভাবে "বিস্মিল্লাহ" বলা শিখালেন। (তাঃ কাদেরী)

○ টীকা (আঃ ৪৩) ঃ নূহ (আ)-এর পুত্র 'কেনআন' তখন নৌকার নিকটেই দণ্ডায়মান ছিল। নূহ (আ) তাকে ঈমানদার বলেই জানতেন, এজন্য বলেছেন, 'বৎস! আমাদের সঙ্গে নৌকায় আরোহণ কর।' ছেলেটি আসলে মুনাফেকী করত। (মুঃ কোঃ)

الْمَاءِ ۚ قَالَ لَا عَاصِمَ الْيَوْمَ مِنْ أَمْرِ اللَّهِ إِلَّا مَن رَّحِمَ ۚ وَحَالَ بَيْنَهُمَا الْمَوْجُ

মা—ই, ক্বা-লা- লা- 'আ-স্বিমাল্-ইয়াওমা মিন্ আমরিল্লা-হি ইল্লা- মার্ রাহিম, ওয়া হ্বা-লা বাইনাহুমাল্ মাওজু
নূহ বলল, আজ আল্লাহর নির্দেশ থেকে রক্ষাকারী কেউ নেই, শুধু সে ব্যতীত যাকে আল্লাহ রহম করেন। আর তাদের দু'জনার মাঝে তরঙ্গ

প্রতিপালক! যেভাবে আপনি আমার উপর রহম করছেন, এরপরে আমি কখনও কোন পাপীদের সাহায্যকারী হব না। (১৮) শহরে ভীত সন্ত্রস্ত অবস্থায় মূসার প্রভাত

يترقب فاذا الذى استنصره بالامس يستصرخه قال له موسى انك

ইয়াতারাক্কাবু ফাইযাল্ লাযিস্ তান্স্বারাহূ বিল্আম্সি ইয়াস্তাস্বরিখুহূ ; ক্বা-লা লাহূ মূসা~ইন্নাকা

হল। অকস্মাৎ সে দেখতে পেল, যে ব্যক্তি আগের দিন তার সাহায্য চেয়েছিল সে চিৎকার করে সাহায্যের জন্য তাকে ডাকতেছে; মূসা, তাকে বলল, নিশ্চয়ই

لغوى مبين ﴿١٨﴾ فلما ان اراد ان يبطش بالذى هو عدو لهما قال يموسى

লাগাওয়িয়্যুম্ মুবীন । ১৯ । ফালাম্মা~আন আরা-দা আঁই ইয়াব্‌তিশা বিল্লাযী হুওয়া 'আদুওয়্যুল্ লাহুমা- ক্বা-লা ইয়া-মূসা~

তুমি পথভ্রষ্ট। (১৯) মূসা যখন সে লোকটাকে পাকড়াও করতে চেয়েছিল, যে তাদের উভয়ের শত্রু ছিল, তখন সে বলল, হে মূসা!

اتريد ان تقتلنى كما قتلت نفسا بالامس ان تريد الا ان تكون جبارا

আতুরীদু আন্ তাক্বতুলানী কামা- ক্বাতাল্তা নাফ্সাম্ বিল্ আম্সি, ইন্ তুরীদু ইল্লা~আন্ তাকূনা জ্বাব্বা-রান্

যে ভাবে তুমি গতকাল এক ব্যক্তিকে হত্যা করেছ, সেভাবে তুমি আমাকেও হত্যা করতে চাও? তুমি তো পৃথিবীতে অত্যাচারী হয়ে

فى الارض وما تريد ان تكون من المصلحين ﴿١٩﴾ وجاء رجل من اقصا المدينة

ফিল্ আরদ্বি ওয়া মা- তুরীদু আন্ তাকূনা মিনাল্ মুস্বলিহ্বীন । ২০ । ওয়া জ্বা—আ রাজুলুম্ মিন্ আক্বস্বাল্ মাদীনাতি

চলতে চাও এবং তুমি শান্তি প্রতিষ্ঠাকারী হতে চাও না (২০) এক ব্যক্তি শহরের দূরবর্তী স্থান থেকে দৌড়াতে দৌড়াতে আসল

يسعى قال يموسى ان الملا ياتمرون بك ليقتلوك فاخرج انى لك

ইয়াস্'আ- ক্বা-লা ইয়া-মূসা~ইন্নাল মালাআ ইয়া'তামিরূনা বিকা লিইয়াক্বতুলূকা ফাখ্রুজ্ ইন্নী লাকা

এবং বলল, হে মূসা! (মিশরের) নেতারা তোমাকে হত্যা করার পরামর্শ করছে। সুতরাং তুমি দ্রুত (এ শহর থেকে) বের হয়ে যাও, নিশ্চয়ই আমি

○ টীকা (আঃ ১৮) ঃ এখানে পাপিষ্ঠলোক বলতে শয়তানই উদ্দেশ্য। বহুবচন রূপ ব্যবহার করে ঐসমস্ত লোককেও শামিল করেছেন, যাদের মধ্যে শয়তানের ন্যায় পাপের প্ররোচনা দেয়ার স্বভাব রয়েছে। মূসা (আ)-এর প্রার্থনার সারমর্ম এই, আমি শয়তানের কথা কখনও মান্য করব না। অর্থাৎ, ভুল হবার সম্ভাবনার স্থলে সতর্কতার সহিত কার্য করিব। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১৮) ঃ خائفا يترقب - (ভীত ও সন্ত্রস্ত অবস্থায়) অর্থাৎ মূসা (আ) প্রতীক্ষা করেছিলেন যে, হত্যা কৃতের কোন অভিভাবক ফিরআউনের কাছে এ অভিযোগ নিয়ে যায় কিনা এবং সে কি ফয়সালা নির্ধারণ করে এবং তার সাথে কিরূপ আচরণ করে। (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ২০) ঃ جاء رجل - এ ব্যক্তি কে ছিল? কারো মতে, এ ব্যক্তি ফেরআউনেরই দলের লোক ছিল, কিন্তু মূসার (আ) মংগলকামী ছিল। কারো মতে, এ ব্যক্তি মূসার (আ) নিকটবর্তী এক আত্মীয় ছিল।

من النصحين ﴿٢٠﴾ فخرج منها خائفا يترقب قال رب نجنى من القوم

মিনান্ না-স্বিহ্বীন । ২১ । ফাখারাজ্বা মিন্হা- খা—ইফাঁই ইয়াতারাক্কাবু ক্বা-লা রাব্বি নাজ্জিনী মিনাল্ ক্বাওমিজ্

তোমার কল্যাণকামী। (২১) মূসা সেখান থেকে ভীত সন্ত্রস্ত অবস্থায় বের হল। সে বলল, হে আমার প্রতিপালক! আমাকে রক্ষা করুন অত্যাচারী

ع ২ ৫ রুকূ

الظلمين ﴿٢١﴾ ولما توجه تلقاء مدين قال عسى ربى ان يهدينى سواء السبيل

জা-লিমীন। ২২। ওয়া লাম্মা- তাওয়াজ্জাহা তিল্ক্বা—আ মাদ্ইয়ানা ক্বা-লা 'আসা- রাব্বী~আঁই ইয়াহ্দিয়ানী সাওয়া—আস্ সাবীল।

সম্প্রদায় হতে। (২২) যখন মূসা মাদায়েনের দিকে রওয়ানা হল তখন বলল, আশা করা যায়, আমার প্রতিপালক আমাকে সঠিক পথ প্রদর্শন করবেন।

﴿٢٢﴾ ولما ورد ماء مدين وجد عليه امة من الناس يسقون ووجد من دونهم

২৩। ওয়া লাম্মা- ওয়ারাদা মা—আ মাদ্ইয়ানা ওয়াজ্বাদা 'আলাইহি উম্মাতাম্ মিনান্ না-সি ইয়াসক্বূনা ; ওয়া ওয়াজ্বাদা মিন্ দূনিহিমুম

(২৩) যখন সে মাদায়েনের পানির কূপের কাছে এসে পৌঁছল, তখন দেখতে পেল যে, মানুষের একটি দল সেখান থেকে (পশুগুলোকে) পানি পান করাচ্ছে এবং দু'জন মহিলাকে

امراتين تذودن قال ما خطبكما قالتا لا نسقى حتى يصدر الرعاء

রাআতাইনি তাযূদা-নি, ক্বা-লা মা- খাত্বুবুকুমা-; ক্বা-লাতা- লা- নাস্ক্বী হাত্তা- ইউস্বদিরার্ রি'আ—উ,

দেখতে পেল যে, তারা আলাদাভাবে দাঁড়িয়ে তাদের জানোয়ারগুলো সামলিয়ে রাখছে। মূসা বলল, তোমাদের খবর কি? তারা বলল, আমরা পান করাতে পারব না, যতক্ষণে

وابونا شيخ كبير ﴿٢٣﴾ فسقى لهما ثم تولى الى الظل فقال رب انى لما انزلت

ওয়া আবূনা শাইখুন্ কাবীর। ২৪। ফাসাক্বা- লাহুমা- ছুম্মা তাওয়াল্লা~ইলাজ্ জিল্লি ফাক্বা-লা রাব্বি ইন্নী লিমা~আন্যাল্তা

রাখালেরা (কূয়ার কাছ থেকে) সরে না যায় এবং আমাদের পিতা বড়ই বৃদ্ধ। (২৪) মূসা নিজে তাদের জানোয়ারদেরকে পানি পান করাল। অতঃপর সে ছায়ার কাছে ফিরে গেল, অতঃপর বলল, হে আমার প্রতিপালক!

الى من خير فقير ﴿٢٤﴾ فجاءته احدىهما تمشى على استحياء قالت ان ابى

ইলাইয়্যা মিন্ খাইরিন ফাক্বীর। ২৫। ফাজ্বা—আত্হু ইহ্দা-হুমা- তাম্শী 'আলাস্ তিহ্‌ইয়া—ইন, ক্বা-লাত্ ইন্না আবী

আপনি যা কিছু অনুগ্রহ আমাকে দান করেন, আমি তার প্রত্যাশী। (২৫) এর মধ্যে সে দু'নারীর একজন লজ্জাশীলা অবস্থায় তার কাছে পায়ে হেঁটে চলে আসল এবং বলল,

يدعوك ليجزيك اجر ما سقيت لنا فلما جاءه وقص عليه القصص قال

ইয়াদ্'উকা লিইয়াজ্বযিয়াকা আজ্বরা মা- সাক্বাইতা লানা-; ফালাম্মা- জ্বা—আহূ ওয়া ক্বাস্বস্বা 'আলাইহিল্ ক্বাস্বাস্বা ক্বা-লা

তুমি আমাদের (পশুগুলো)-কে যে পানি পান করিয়েছ, তার পারিশ্রমিক দিবেন; আমার পিতা তোমাকে ডাকছেন। অতঃপর যখন মূসা তার কাছে আসল এবং তার কাছে সব

○ বিশ্লেষণ (আঃ ২২) ঃ ان يهدينى - আল্লাহ তায়ালা ঘোড়ার পৃষ্ঠে একজন ফিরিশতা প্রেরণ করেন, যিনি তাঁকে সঠিক পথ প্রদর্শন করেন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ২৩) ঃ তাদের এ কথা বলবার অভিপ্রায় ছিল যে, আমাদের গৃহে এমন কেউ সক্ষম পুরুষ লোক নেই, যে ব্যক্তি আবশ্যক মত ছাগলগুলিকে পানি পান করাতে পারেন এক মাত্র পিতা আছে, তিনি বৃদ্ধ ও গমনাগমন করতে অক্ষম। সুতরাং বাধ্য হয়েই আমাদেরকে আসতে হয়। ○ টীকা (আঃ ২৪) ঃ নিজে ক্ষুধার্ত থেকেও পরের উপকার করলেন তথাপি তিনি মানুষের সাহায্য বা অনুগ্রহ প্রার্থী হলেন না। এটিতেও হযরত মূসা (আ)-এর পয়গাম্বরোচিত সদগুণের পরিচয় পাওয়া যায়। অবশ্য ইহা আল্লাহ তায়ালারই প্রদত্ত। ○ বিশ্লেষণ (আঃ ২৫) ঃ قالت ان ابى - মহিলা দুটির পিতা কে ছিলেন? কুরআন মাজীদের দ্বারা স্পষ্ট কোন নাম বুঝা যায় না। অধিকাংশ মুফাসসির হযরত শোয়ায়েবের (আ) কথা বলেন, তিনি মাদায়েনবাসীগণের প্রতি প্রেরিত হয়েছিলেন। ইমাম ইবনে কাসীর (র) বলেন, হযরত শোয়ায়েবের (আ) সময়কাল, মূসার (আ) অনেক পূর্বে ছিল, তাই এখানে হযরত শোয়ায়েবের (আ) সম্প্রদায়ের কোন এক ব্যক্তিকে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

لَا تَخَفْ نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٥﴾ قَالَتْ اِحْدٰىهُمَا يٰۤاَبَتِ اسْتَاْجِرْهُ ৬ ২ রুকূ
লা-তাখাফ্ ; নাজ্বাওতা মিনাল্ ক্বাওমিজ্ জা-লিমীন্। ২৬। ক্বা-লাত্ ইহ্দা-হুমা- ইয়া~আবাতিস্ তা'জ্বিরহু,
কাহিনী বর্ণনা করল, সে বলল, তুমি ভয় কর না; তুমি অত্যাচারী সম্প্রদায় থেকে রক্ষা পেয়েছ। (২৬) সে দুজনার একজন (মহিলা) বলল, হে আব্বাজী! তুমি তাকে মজদুর

اِنَّ خَيْرَ مَنِ اسْتَاْجَرْتَ الْقَوِيُّ الْاَمِيْنُ ﴿٢٦﴾ قَالَ اِنِّيْۤ اُرِيْدُ اَنْ اُنْكِحَكَ
ইন্না খাইরা মানিস্ তা'জ্বার্তাল ক্বাওয়িয়্যুল্ আমীন। ২৭। ক্বা-লা ইন্নী~উরীদু আন্ উন্কিহ্বাকা
হিসেবে রেখে দাও, কেননা, মজদুর হিসেবে সে ব্যক্তিই ভাল হবে, যে শক্তিশালী, বিশ্বাসী। (২৭) সে (পিতা) মূসাকে বলল, আমি আমার দু'কন্যার মধ্যে একজনকে তোমার

اِحْدَى ابْنَتَيَّ هٰتَيْنِ عَلٰۤى اَنْ تَاْجُرَنِيْ ثَمٰنِيَ حِجَجٍ ۚ فَاِنْ اَتْمَمْتَ عَشْرًا
ইহ্দাব্ নাতাইয়্যা হা-তাইনি 'আলা~আন্ তা'জুরানী ছামা-নিয়া হিজ্বাজ্বিন, ফাইন্ আত্মাম্তা 'আশ্রান্
সাথে এ শর্তের উপর বিবাহ দিতে চাচ্ছি যে, তুমি আট বছর আমার মজদুর হিসেবে কাজ করবে, হাঁ যদি তুমি দশ বছর পূর্ণ কর, তবে সেটা (স্বইচ্ছায়) তোমার তরফ

فَمِنْ عِنْدِكَ ۚ وَمَاۤ اُرِيْدُ اَنْ اَشُقَّ عَلَيْكَ ؕ سَتَجِدُنِيْۤ اِنْ شَآءَ اللّٰهُ مِنَ الصّٰلِحِيْنَ
ফামিন্ 'ইন্দিকা ওয়া মা~উরীদু আন্ আশুক্ক্বা 'আলাইকা ; সাতাজ্বিদুনী~ ইন্ শা—আল্লাহু মিনাস্ব স্বা-লিহ্বীন্।
থেকে (অনুগ্রহ হিসেবে) হবে, আমি এটা চাচ্ছি না যে, তোমাকে কোন কষ্টের মধ্যে ফেলব; তুমি আমাকে (দেখতে) পাবে আল্লাহর ইচ্ছায় সৎ ব্যক্তিদের মধ্যে।

﴿٢٧﴾ قَالَ ذٰلِكَ بَيْنِيْ وَبَيْنَكَ ؕ اَيَّمَا الْاَجَلَيْنِ قَضَيْتُ فَلَا عُدْوَانَ عَلَيَّ ؕ وَاللّٰهُ
২৮। ক্বা-লা যা-লিকা বাইনী ওয়া বাইনাকা ; আইয়্যামাল্ আজ্বালাইনি ক্বাদ্বাইতু ফালা- 'উদ্ওয়া-না 'আলাইয়্যা ; ওয়াল্লা-হু
(২৮) মূসা বলল, আমার ও আপনার মধ্যে একথা পাকাপাকি হয়ে গেল, এ দুটি কালের মধ্যে আমি যেটাই পূর্ণ করি না কেন, (এরপরে যেন) আমার উপর বাড়াবাড়ি না করা হয়।

عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٢٨﴾ فَلَمَّا قَضٰى مُوْسَى الْاَجَلَ وَسَارَ بِاَهْلِهٖۤ اٰنَسَ مِنْ جَانِبِ ع ৬ রুকূ
'আলা- মা- নাক্বূলু ওয়াকীল্। ২৯। ফালাম্মা- ক্বাদ্বা- মূসাল্ আজ্বালা ওয়া সা-রা বিআহ্লিহী~আ-নাসা মিন্ জ্বা-নিবিত্ব
আমরা যা কিছু বলছি এ সব কিছুর আল্লাহ্ ব্যবস্থাপক। (২৯) যখন মূসা তার সময়কাল পূর্ণ করল এবং তার পরিবার-পরিজন নিয়ে রওয়ানা হল, তখন সে

الطُّوْرِ نَارًا ۚ قَالَ لِاَهْلِهِ امْكُثُوْۤا اِنِّيْۤ اٰنَسْتُ نَارًا لَّعَلِّيْۤ اٰتِيْكُمْ مِّنْهَا بِخَبَرٍ
ত্বূরি না-রান, ক্বা-লা লিআহ্লিহিম্ কুছূ~ইন্নী~আ-নাস্তু না-রাল্ লা'আল্লী~আ-তীকুম মিন্হা- বিখাবারিন্
তূর পাহাড়ের দিকে আগুন দেখতে পেল, সে তার স্ত্রীকে বলল, থাম! আমি আগুন দেখেছি, সম্ভবতঃ আমি সেখান থেকে তোমাদের কাছে কোন তথ্য নিয়ে আসতে পারি,

اَوْ جَذْوَةٍ مِّنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُوْنَ ﴿٢٩﴾ فَلَمَّاۤ اَتٰىهَا نُوْدِيَ مِنْ شَاطِئِ الْوَادِ
আও জ্বায্ওয়াতিম্ মিনান্ না-রি লা'আল্লাকুম্ তাস্বত্বালূন। ৩০। ফালাম্মা~আতা-হা নূদিয়া মিন্ শা-ত্বিইল্ ওয়া-দিল্
বা আগুনের কোন (জ্বলন্ত) অংগার নিয়ে আসতে পারি, যাতে তোমরা তাপ নিতে পার। (৩০) যখন মূসা সেখানে পৌছল তখন তাকে

✪ টীকা (আঃ ২৯) ঃ অর্থাৎ, পূর্ণ দশ বৎসর কাল শোআয়েব (আ)-এর চাকুরী করলেন এবং তাঁর বকরী চরালেন। অতঃপর প্রতিশ্রুত কাল পূর্ণ হলে তিনি শ্বশুরের অনুমতিপূর্বক বিদায় নিয়ে সস্ত্রীক মিশর অভিমুখে যাত্রা করলেন। তখন শীতকাল ছিল, রাত্রির অন্ধকারে পথ হারিয়ে তাঁরা জঙ্গলে গিয়ে উপস্থিত হলেন। তাঁর স্ত্রী ছিলেন আসন্ন প্রসবা। প্রসব বেদনা উপস্থিত হল। শীত ও ব্যথা নিবারণের জন্য স্বামীকে আগুন জ্বালাতে বললেন। চমকি ঠুকিয়া আগুন জ্বালাবার চেষ্টা করিলেন, আগুন জ্বালাতে পারল না। ইতিমধ্যে তূর পর্বতের দিকে আগুন দেখা গেল। মূসা (আঃ) বললেন, আমি পর্বতের দিকে যাচ্ছি, হয়ত তথা হতে আগুন আনব বা পথের সন্ধান আনব। এ বলে তিনি স্ত্রীকে সেখানে রেখে তূর পর্বতের দিকে চলে গেলেন। (মুঃ কোঃ)

الْاَيْمَنِ فِي الْبُقْعَةِ الْمُبٰرَكَةِ مِنَ الشَّجَرَةِ اَنْ يّٰمُوْسٰۤى اِنِّيْۤ اَنَا اللّٰهُ رَبُّ
আইমানি ফিল্ বুক্ব'আতিল্ মুবা-রাকাতি মিনাশ্ শাজ্বারাতি আইঁ ইয়া-মূসা~ইন্নী~আনাল লা-হু রাব্বুল্
বরকতময় ভূমিস্থিত ময়দানের ডান পার্শ্বের বৃক্ষ হতে, আওয়াজ দেয়া হল হে মূসা! আমিই আল্লাহ, সারা জাহানের

الْعٰلَمِيْنَ ﴿٣٠﴾ وَاَنْ اَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ
'আ-লামীন। ৩১। ওয়া আন্ আল্ক্বি 'আস্বা-কা ; ফালাম্মা- রাআ-হা- তাহ্তায্যু কাআন্নাহা-জ্বা—ন্নুওঁ ওয়াল্লা- মুদ্‌বিরাওঁ ওয়া লাম্ ইউ'আক্বক্বিব্ ;
প্রতিপালক। (৩১) এবং (আরও বলে দেয়া হল যে) তুমি তোমার লাঠি (মাটিতে) ফেলে দাও। যখন সেটিকে দেখল যে, সাপের মত দ্রুত চলছে, তখন পৃষ্ঠ প্রদর্শন করে ফিরে

يٰمُوْسٰۤى اَقْبِلْ وَلَا تَخَفْ ۖ اِنَّكَ مِنَ الْاٰمِنِيْنَ ﴿٣١﴾ اُسْلُكْ يَدَكَ فِيْ جَيْبِكَ
ইয়া-মূসা~আক্ববিল্ ওয়ালা- তাখাফ্, ইন্নাকা মিনাল্ আ-মিনীন। ৩২। উস্লুক ইয়াদাকা ফী জ্বাইবিকা
যেতে লাগল এবং সে পিছনে তাকিয়েও দেখল না। তাকে আমি বললাম হে মূসা! সামনে অগ্রসর হও, তুমি সর্বদিক হতেই নিরাপদ। (৩২) তুমি তোমার হাত তোমার

تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۫ وَّاضْمُمْ اِلَيْكَ جَنَاحَكَ مِنَ الرَّهْبِ فَذٰنِكَ بُرْهَانٰنِ
তাখ্রুজ্ব বাইদ্বা—আ মিন্ গাইরি সূ—ইওঁও ওয়াদ্বমুম্ ইলাইকা জ্বানা-হ্বাকা মিনার্ রাহ্‌বি ফাযা-নিকা বুরহা-না-নি
জামার বাহুমূলে প্রবেশ করাও, সেটি কোন রোগ ছাড়াই সাদা চকচকে অবস্থায় বের হয়ে, এবং তোমার হাত তোমার (বুকের সাথে) মিলিয়ে রাখ ভয় থেকে বাঁচার জন্য।

مِنْ رَّبِّكَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۠ئِهٖ ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٣٢﴾ قَالَ رَبِّ اِنِّيْ قَتَلْتُ
মির্ রাব্বিকা ইলা- ফির'আওনা ওয়া মালাইহী ; ইন্নাহুম কা-নূ ক্বাওমান্ ফা-সিক্বীন। ৩৩। ক্বা-লা রাব্বি ইন্নী ক্বাতাল্তু
এ দুটো-(মুজেযা) তোমার রবের পক্ষ হতে প্রমাণ, ফিরআউন ও তার নেতৃবৃন্দের জন্য। নিশ্চয়ই তারা পাপাচারী সম্প্রদায়। (৩৩) মূসা বলল, হে আমার রব! আমি তাদের এক

مِنْهُمْ نَفْسًا فَاَخَافُ اَنْ يَّقْتُلُوْنِ ﴿٣٣﴾ وَاَخِيْ هٰرُوْنُ هُوَ اَفْصَحُ مِنِّيْ لِسَانًا فَاَرْسِلْهُ
মিন্হুম নাফ্সান্ ফাআখা-ফু আইঁ ইয়াক্বতুলূন। ৩৪। ওয়া আখী হা-রূনু হুওয়া আফ্স্বাহু মিন্নী লিসা-নান্ ফাআর্সিল্হু
ব্যক্তিকে হত্যা করেছি, এখন আমি আশংকা করছি তারা আমাকেও হত্যা করবে। (৩৪) এবং আমার ভাই হারুন আমার চেয়েও স্পষ্ট ভাষী, সুতরাং তাকেও আমার সাহায্যকারী

مَعِيَ رِدْاً يُّصَدِّقُنِيْۤ ۫ اِنِّيْۤ اَخَافُ اَنْ يُّكَذِّبُوْنِ ﴿٣٤﴾ قَالَ سَنَشُدُّ عَضُدَكَ
মা'ইয়া রিদ্আইঁ ইউস্বাদ্দিক্বুনী~ইন্নী~আখা-ফু আইঁ ইউকায্যিবূন। ৩৫। ক্বা-লা সানাশুদ্দু 'আদ্বুদাকা
বানিয়ে আমার সাথে প্রেরণ কর, সে আমাকে সত্যায়িত করবে। আমি ভয় করছি যে, তারা আমাকে মিথ্যাবাদী বলবে। (৩৫) আল্লাহ বলেন, আমি তোমার ভাইয়ের

بِاَخِيْكَ وَنَجْعَلُ لَكُمَا سُلْطٰنًا فَلَا يَصِلُوْنَ اِلَيْكُمَا ۚ بِاٰيٰتِنَاۤ ۚ اَنْتُمَا وَمَنِ
বিআখীকা ওয়া নাজ্ব'আলু লাকুমা- সুল্ত্বা-নান ফালা- ইয়াস্বিলূনা ইলাইকুমা-বিআ-ইয়া-তিনা~আন্তুমা- ওয়া মানিত্
সাথে তোমার বাহু (শক্তি) দৃঢ় করে দিব এবং তোমাদের উভয়কে বিজয়ী করব, ফিরআউনরা তোমাদের পর্যন্ত পৌঁছতে পারবে না, তোমরা দুজন এবং তোমাদের

اتَّبَعَكُمَا الْغٰلِبُوْنَ ﴿٣٥﴾ فَلَمَّا جَآءَهُمْ مُّوْسٰى بِاٰيٰتِنَا بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَاۤ اِلَّا سِحْرٌ
তাবা'আকুমাল গা-লিবূন। ৩৬। ফালাম্মা- জ্বা—আহুম মূসা- বিআ-ইয়া-তিনা- বাইয়্যিনা-তিন ক্বা-লূ মা- হা-যা~ইল্লা- সিহ্‌রুম্
অনুসারীরা আমার নিদর্শনাবলির কারণে বিজয়ী হবে। (৩৬) যখন মূসা তাদের কাছে আমার (প্রদত্ত) স্পষ্ট নিদর্শনাবলি নিয়ে উপস্থিত হল, তখন তারা বলল,

مُفْتَرًى وَّمَا سَمِعْنَا بِهٰذَا فِىْٓ اٰبَآئِنَا الْاَوَّلِيْنَ ۝٣٦ وَقَالَ مُوْسٰى رَبِّىْٓ اَعْلَمُ بِمَنْ

মুফ্তারাঁও ওয়া মা- সামি'না- বিহা-যা- ফী~আ-বা—ইনাল আওয়্যালীন। ৩৭। ওয়া ক্বা-লা মূসা- রাব্বী~আ'লামু বিমান্

এগুলো শুধু বানানো যাদু, আমরা আমাদের পূর্ব পিতৃ পুরুষদের যুগে কখনও এরূপ শুনিনি। (৩৭) মূসা বলল, আমার প্রতিপালক খুব জানেন,

جَآءَ بِالْهُدٰى مِنْ عِنْدِهٖ وَمَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ۝

জ্বা—আ বিল্হুদা- মিন্ 'ইন্দিহী ওয়া মান্ তাকূনু লাহূ 'আ-কিবাতুদ্ দা-রি ; ইন্নাহূ লা- ইউফলিহুজ্ জা-লিমূন।

কে তাঁর কাছ থেকে সঠিক পথ নিয়ে এসেছে এবং কার জন্য পরকালে পরিণাম কল্যাণময় হবে; অত্যাচারীরা সফলকাম হবেই না।

۝٣٧ وَقَالَ فِرْعَوْنُ يٰٓاَيُّهَا الْمَلَاُ مَا عَلِمْتُ لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرِىْ ۚ فَاَوْقِدْ لِىْ يٰهَامٰنُ

৩৮। ওয়া ক্বা-লা ফির'আওনু ইয়া~আইয়্যুহাল্ মালাউ মা- 'আলিম্তু লাকুম্ মিন্ ইলা-হিন গাইরী ফাআওক্বিদ্ লী ইয়া-হা-মা-নু

(৩৮) ফিরআউন বলল, হে নেতৃবৃন্দ! আমি ছাড়া অন্য কেউ তোমাদের মাবুদ আছে বলে আমিতো জানি না, হে হামান! তুমি আমার জন্য মাটিকে আগুন দ্বারা জ্বালাও

عَلَى الطِّيْنِ فَاجْعَلْ لِّىْ صَرْحًا لَّعَلِّىْٓ اَطَّلِعُ اِلٰٓى اِلٰهِ مُوْسٰى ۙ وَاِنِّىْ لَاَظُنُّهٗ مِنَ

'আলাত্ব ত্বীনি ফাজ্'আল্লী স্বার্হ্বান্ লা'আল্লী ~আত্ত্বালি'উ ইলা~ইলা-হি মূসা- ওয়া ইন্নী লাআজুন্নুহূ মিনাল্

(ইট বানাও), অতঃপর আমার জন্য একটি প্রাসাদ তৈরি কর, যেন তাতে চড়ে আমি মূসার মাবূদকে চুপে চুপে দেখে নিতে পারি। কিন্তু আমি তাকে মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত

الْكٰذِبِيْنَ ۝٣٨ وَاسْتَكْبَرَ هُوَ وَجُنُوْدُهٗ فِى الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَظَنُّوْٓا اَنَّهُمْ اِلَيْنَا لَا

কা-যিবীন। ৩৯। ওয়াস্তাক্বারা হুওয়া ওয়া জুনূদুহূ ফিল্ আরদ্বি বিগাইরিল হাক্কি ওয়া জান্নূ~আন্নাহুম ইলাইনা- লা-

মনে করি। (৩৯) ফিরআউন এবং তার সৈন্যবাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে বড়াই করেছিল এবং তারা ধারণা করেছিল যে, তারা আমার নিকট ফিরে

يُرْجَعُوْنَ ۝٣٩ فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِى الْيَمِّ ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ۝

ইউরজ্বা'উন। ৪০। ফাআখায্না-হু ওয়া জুনূদাহূ ফানাবায্না-হুম ফিল্ ইয়াম্মি, ফান্জুর কাইফা কা-না 'আ-ক্বিবাতুজ্ জা-লিমীন।

আসবে না। (৪০) অবশেষে আমি তাকে এবং তার সৈন্যবাহিনীকে পাকড়াও করলাম এবং তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম। দেখুন! অত্যাচারীদের পরিণাম কেমন হয়।

۝٤٠ وَجَعَلْنٰهُمْ اَئِمَّةً يَّدْعُوْنَ اِلَى النَّارِ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ۝٤١ وَاَتْبَعْنٰهُمْ

৪১। ওয়া জ্বা'আল্না-হুম আইম্মাতাঁই ইয়াদ্'উনা ইলান্ না-রি, ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি লা- ইউন্স্বারূন। ৪২। ওয়া আত্বা'না- হুম

(৪১) আমি তাদেরকে এমন নেতা বানিয়েছিলাম যে, তারা লোকদেরকে জাহান্নামের দিকে ডাকত, কেয়ামতের দিন তাদেরকে সাহায্য করা হবে না। (৪২) আমি এ পার্থিব

فِىْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ مِّنَ الْمَقْبُوْحِيْنَ ۝٤٢ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى ع ৪ ১৪ ৭ রুকূ

ফী হা-যিহিদ্ দুন্ইয়া- লা'নাতান্ ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি হুম্ মিনাল্ মাক্ববূহীন। ৪৩। ওয়া লাক্বাদ্ আ-তাইনা- মূসাল্

জীবনেও তাদের পিছনে লাগিয়ে দিয়েছি অভিশাপ এবং কিয়ামতের দিনেও তারা নিকৃষ্টদের মধ্যে হবে। (৪৩) আর আমি পূর্ববর্তী বহু দলকে ধ্বংস করার পরে,

○ টীকা (আঃ ৩৮) ঃ অর্থাৎ, পূর্বোক্ত আয়াতে বর্ণিত তাহাদের কথার উত্তরে মূসা (আ) বলিলেন, অকাট্য প্রমাণ থাকা সত্ত্বেও এবং তাতে সন্দেহ করার কোন যুক্তিসঙ্গত কারণ উপস্থিত করিতে না পারা সত্ত্বেও যখন তোমরা আমার নুবুওয়াতের সত্যতা স্বীকার করিতেছ না, তখন বলতে হয়, ইহা তোমাদের একগুঁয়েমী ছাড়া আর কিছুই নয়। তোমাদের ও আমাদের মধ্যে কে সত্য এবং কে মিথ্যা আল্লাহই তা ভালরূপে জানেন। মৃত্যুর সাথে সাথেই প্রত্যেকের অবস্থা ও ফলাফল প্রকাশিত হয়ে পড়বে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৮) ঃ ফেরআউনের আশংকা হল, মূসা (আঃ)-এর প্রমাণ ও নিদর্শনসমূহ দেখে তার অনুবর্তীগণ মূসা (আ)-এর প্রতি ঝুঁকতে পারে। কাজেই তাদেরকে প্রতারিত করার উদ্দেশ্যে সে মন্ত্রী হামানকে বলল....। (বঃ কোঃ)

الْكِتٰبَ مِنْۢ بَعْدِ مَآ اَهْلَكْنَا الْقُرُوْنَ الْاُوْلٰى بَصَآئِرَ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةً

কিতা-বা মিম্ বা'দি মা~আহ্লাক্নাল্ ক্বুরূনাল্ উলা- বাছা—ইরা লিন্না-সি ওয়া হুদাওঁ ওয়া রাহ্মাতাল্

মূসাকে এমন কিতাব দান করেছিলাম, যা মানব জাতির জন্য দলীল এবং পথ প্রদর্শক ও রহমত স্বরূপ, যাতে তারা

لَّعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ۝٤٣ وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِىِّ اِذْ قَضَيْنَآ اِلٰى مُوْسَى

লা'আল্লাহুম ইয়াতাযাক্কারূন। ৪৪। ওয়া মা- কুন্তা বিজা-নিবিল্ গারবিইয়্যি ইয্ ক্বাদ্বাইনা~ইলা- মূসাল

উপদেশ গ্রহণ করতে পারে। (৪৪) আর পশ্চিম প্রান্তে (তূর পাহাড়ে) আপনি তখন উপস্থিত ছিলেন না, যখন আমি মূসাকে (সেখানে) বিধান (সম্পর্কিত ওহী) প্রেরণ

الْاَمْرَ وَمَا كُنْتَ مِنَ الشّٰهِدِيْنَ ۝٤٤ وَلٰكِنَّآ اَنْشَاْنَا قُرُوْنًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ

আম্রা ওয়া মা- কুন্তা মিনাশ্ শা-হিদীন। ৪৫। ওয়ালা-কিন্না~আন্শা'না- ক্বুরূনান্ ফাতাত্বা-ওয়ালা 'আলাইহিমুল্ 'উমুরু

করেছিলাম এবং আপনি দর্শক হিসেবেও (তখন) ছিলেন না। (৪৫) বরং আমি সৃষ্টি করেছিলাম বহু দল (উম্মত), যাদের উপর দীর্ঘ কাল অতিবাহিত হয়ে গেছে।

وَمَا كُنْتَ ثَاوِيًا فِىْٓ اَهْلِ مَدْيَنَ تَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۙ وَلٰكِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ۝

ওয়ামা- কুন্তা ছা-ওয়িয়ান্ ফী~আহ্লি মাদ্ইয়ানা তাত্লূ 'আলাইহিম্ আ-ইয়া-তিনা-ওয়ালা-কিন্না- কুন্না- মুরসিলীন।

এবং আপনিতো মাদায়েনবাসীর মাঝে অবস্থানকারী ছিলেন না, তাদের কাছে আমার আয়াত পাঠ করার জন্য; বরং আমিই রাসূল প্রেরণকারী ছিলাম।

۝٤٥ وَمَا كُنْتَ بِجَانِبِ الطُّوْرِ اِذْ نَادَيْنَا وَلٰكِنْ رَّحْمَةً مِّنْ رَّبِّكَ لِتُنْذِرَ قَوْمًا مَّآ

৪৬। ওয়া মা- কুন্তা বিজা-নিবিত্ব তূরি ইয্ না-দাইনা- ওয়ালা-কির্ রাহ্মাতাম্ মির্ রাব্বিকা লিতুন্যিরা ক্বাওমাম্ মা~

(৪৬) এবং আপনি তূর পাহাড়ের পার্শ্বে উপস্থিত ছিলেন না, যখন (মূসাকে) সম্বোধন করেছিলাম, বরং এটা রহমত স্বরূপ আপনার রবের পক্ষ হতে, যাতে আপনি এমন এক সম্প্রদায়কে সাবধান করে দিতে পারেন, যাদের কাছে আপনার পূর্বে

اَتٰىهُمْ مِّنْ نَّذِيْرٍ مِّنْ قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ۝٤٦ وَلَوْلَآ اَنْ تُصِيْبَهُمْ مُّصِيْبَةٌۢ بِمَا

আতা-হুম মিন্ নাযীরিম মিন্ ক্বাব্লিকা লা'আল্লাহুম ইয়াতাযাক্কারূন। ৪৭। ওয়া লাওলা~আন্ তুস্বীবাহুম্ মুস্বীবাতুম্ বিমা-

কোন সাবধানকারী আসেনি। হয়তো তারা উপদেশ গ্রহণ করতে পারে। (৪৭) যদি এটা (রাসূল প্রেরণ) না হত, আর তাদের কৃতকর্মের জন্য তাদের উপর কোন বিপদ এসে যেত

قَدَّمَتْ اَيْدِيْهِمْ فَيَقُوْلُوْا رَبَّنَا لَوْلَآ اَرْسَلْتَ اِلَيْنَا رَسُوْلًا فَنَتَّبِعَ اٰيٰتِكَ

ক্বাদ্দামাত্ আইদীহিম ফাইয়াক্বূলূ রাব্বানা- লাওলা~আরসাল্তা ইলাইনা- রাসূলান্ ফানাত্তাবি'আ আ-ইয়া-তিকা

তখন তারা বলত, হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের কাছে কোন রাসূল কেন প্রেরণ করনি? (যদি প্রেরণ করতে) আমরা তোমার আয়াতসমূহের অনুসরণ করতাম

وَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ۝٤٧ فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْا لَوْلَآ اُوْتِىَ مِثْلَ

ওয়া নাকূনা মিনাল্ মু'মিনীন। ৪৮। ফালাম্মা- জ্বা—আহুমুল্ হাক্কু মিন্ 'ইন্দিনা- ক্বা-লূ লাওলা~উতিয়া মিছ্লা

এবং আমরা মুমিনের অন্তর্ভুক্ত হতাম। (৪৮) অতঃপর যখন তাদের কাছে আমার পক্ষ হতে সত্য (রাসূল ও কিতাব) পৌঁছল, তখন তারা বলল, মূসাকে যেভাবে (মুজেযা) দেয়া

○ টীকা (আঃ ৪৬) ঃ বরং প্রাচীনকালের কাহিনীগুলো ওহী দ্বারা আমি আপনাকে জানিয়েছি। কেননা, মূসা (আ)-এর পরে আমি বহু সম্প্রদায় সৃষ্টি করেছি এবং তাদের উপর দীর্ঘকাল অতীত হয়েছে। মানুষ ধর্মপথ ও ধর্ম-কর্ম ত্যাগ করে বিপথগামী হয়েছে। আলেম, নেক্কার ও ধর্ম শিক্ষা লোপ পেয়ে মূর্খ লোকের কর্তৃত্ব হয়ে পড়েছে। পুনরায় তাদেরকে সৎপথ প্রদর্শনের প্রয়োজন দেখা দিয়েছে। তখন আমি আপনাকে নবী করে ওহী দ্বারা সে প্রাচীন কাহিনীগুলি আপনার নিকট পাঠিয়েছি। ○ বিশ্লেষণ (আঃ ৪৮) ঃ سحران تظاهرا - দুজন যাদুকর দ্বারা হযরত মূসা ও হারুনকে (আ) বুঝান হয়েছে। অর্থাৎ ফিরআউন বাহিনী এ দুজনকে যাদুকর বলেছে। অথবা, আরবের মুশরিকরা বলেছে, কুরআন ও তাওরাত উভয়ই যাদু। (তাঃ কাদেরী)

مَآ أُوتِيَ مُوسٰى ؕ أَوَلَمْ يَكْفُرُوا بِمَآ أُوتِيَ مُوسٰى مِنْ قَبْلُ ۚ قَالُوا سِحْرٰنِ

মা~উতিয়া মূসা- ; আওয়ালাম্ ইয়াক্ফুরূ বিমা~উতিয়া মূসা- মিন্ ক্বাব্লু ক্বা-লূ সিহ্‌রা-নি

হয়েছিল, সেভাবে এ রাসূলকে কেন (মুজেযা) দেয়া হয়নি? আচ্ছা এর পূর্বে মূসাকে যা কিছু দেয়া হয়েছিল তাকি তারা অস্বীকার করেনি? তারা বলেছিল, এ দুজনই যাদুকর, যারা একে অপরের

تَظٰهَرَا ۟ وَقَالُوٓا إِنَّا بِكُلٍّ كٰفِرُونَ ﴿٤٩﴾ قُلْ فَأْتُوا بِكِتٰبٍ مِّنْ عِنْدِ اللّٰهِ هُوَ

তাজা-হারা, ওয়া ক্বা-লূ~ইন্না- বিকুল্লিন্ কা-ফিরূন। ৪৯। ক্বুল্ ফা'তূ বিকিতা-বিম্ মিন্ 'ইনদিল্লা-হি হুওয়া

সাহায্যকারী এবং তারা বলেছিল, আমরা এর প্রত্যেককেই অস্বীকার করি, (৪৯) আপনি বলুন, তোমরা আল্লাহর তরফ থেকে এমন কিতাব উপস্থিত কর, যা এ দুয়ের চেয়ে

أَهْدٰى مِنْهُمَآ أَتَّبِعْهُ إِنْ كُنْتُمْ صٰدِقِينَ ﴿٥٠﴾ فَإِنْ لَّمْ يَسْتَجِيبُوا لَكَ فَاعْلَمْ

আহ্‌দা- মিন্‌হুমা~আত্তাবি'হু ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন্। ৫০। ফাইল্ লাম ইয়াস্‌তাজীবূ লাকা ফা'লাম

অধিক সঠিক পথ প্রদর্শনকারী, আমি তার অনুসরণ করব, যদি তোমরা সত্যবাদী হও। (৫০) যদি তারা আপনার কথা গ্রহণ না করে তবে আপনি জেনে রাখুন,

أَنَّمَا يَتَّبِعُونَ أَهْوَآءَهُمْ ؕ وَمَنْ أَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوٰىهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللّٰهِ ؕ إِنَّ

আন্নামা- ইয়াত্তাবি'ঊনা আহ্‌ওয়া~আহুম; ওয়া মান্ আদ্বাল্লু মিম্ মানিত্তাবা'আ হাওয়া-হু বিগাইরি হুদাম্ মিনাল লা-হি ; ইন্নাল

তারা শুধু তাদের নিজের প্রবৃত্তির অনুসরণ করে এবং তার চেয়ে ভ্রান্ত আর কে আছে, যে আল্লাহর (দেয়া) সঠিক পথ ব্যতীত নিজ প্রবৃত্তির অনুসরণ করে, নিশ্চয়ই

اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِينَ ﴿٥١﴾ وَلَقَدْ وَصَّلْنَا لَهُمُ الْقَوْلَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ۝ ع ৫ ৮ রুকূ

লা-হা লা-ইয়াহ্‌দিল ক্বাওমাজ্ জা-লিমীন। ৫১। ওয়া লাক্বাদ্ ওয়াস্বস্বাল্‌না- লাহুমুল্ ক্বাওলা লা'আল্লাহুম ইয়াতাযাক্কারূন।

আল্লাহ অত্যাচারী জাতিকে সঠিক পথ প্রদর্শন করেন না। (৫১) আর আমি ধারাবাহিকভাবে তাদের জন্য আমার নির্দেশ প্রেরণ করেছি, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

﴿٥٢﴾ اَلَّذِينَ آتَيْنٰهُمُ الْكِتٰبَ مِنْ قَبْلِهِ هُمْ بِهِ يُؤْمِنُونَ ﴿٥٣﴾ وَإِذَا يُتْلٰى عَلَيْهِمْ قَالُوٓا

৫২। আল্লাযীনা আ-তাইনা-হুমুল কিতা-বা মিন্ ক্বাব্‌লিহী হুম্ বিহী ইউ'মিনূন। ৫৩। ওয়া ইযা- ইউত্‌লা-'আলাইহিম্ ক্বা-লূ~

(৫২) যাদেরকে আমি এর পূর্বে কিতাব প্রদান করেছিলাম, তারাতো তার প্রতি ঈমান এনেছিল। (৫৩) এবং যখন তাদের সামনে পাঠ করা হয় (কুরআন) তখন তারা বলে যে,

آمَنَّا بِهِ إِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّنَآ إِنَّا كُنَّا مِنْ قَبْلِهِ مُسْلِمِينَ ﴿٥٤﴾ أُولٰٓئِكَ يُؤْتَوْنَ

আ-মান্না- বিহী~ইন্নাহুল্ হাক্কু মির্ রাব্বিনা~ইন্না- কুন্না- মিন্ ক্বাব্‌লিহী মুসলিমীন। ৫৪। উলা—ইকা ইউ'তাওনা

আমরা এর প্রতি ঈমান এনেছি, নিশ্চয়ই এটি (কুরআন) আমাদের প্রতিপালকের তরফ থেকে সত্য। আমরা তো এর পূর্বেই অনুসারী ছিলাম। (৫৪) এ লোকদেরকে

أَجْرَهُمْ مَّرَّتَيْنِ بِمَا صَبَرُوا وَيَدْرَءُونَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُونَ ۝

আজ্‌রাহুম্ মার্‌রাতাইনি বিমা- স্বাবারূ ওয়া ইয়াদ্‌রাঊনা বিল্‌হাসানাতিস্ সাইয়্যিআতা ওয়া মিম্মা- রাযাক্বনা-হুম ইউন্‌ফিক্বূন।

দু'বার প্রতিদান দেয়া হবে, কারণ তারা ধৈর্যধারণ করে এবং তারা সৎ (কাজ) দ্বারা খারাপকে দূর করে এবং তাদেরকে আমি যে রিযিক দিয়েছি তা থেকে তারা ব্যয় করে।

○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ هم به يؤمنون - এখানে সে ইয়াহুদীকে বুঝান হয়েছে, যে মুসলমান হয়েছিল। যেমন, আবদুল্লাহ বিন সালাম (রা)। অথবা সে ঈসায়ী, যে হাবশা থেকে নবীর (স) খেদমতে এসে তাঁর পবিত্র যবানে কুরআন তেলাওয়াত শুনে মুসলমান হয়েছিল। (ইবন কাসীর)

○ বিশ্লেষণ (আঃ ৫৪) ঃ اجرهم مرتين - হাদীস শরীফে আছে, নবী করীম (স) বলেন, "তিন ব্যক্তির জন্য দু বার প্রতিদান (সওয়াব)। তার মধ্যে একজন হল সে আহলে কিতাব, যে নিজ নবীর প্রতি ঈমান এনেছিল অতঃপর আমার প্রতি ঈমান এনেছে। (কুঃ কারীম)

﴿٥٥﴾ وَإِذَا سَمِعُوا اللَّغْوَ أَعْرَضُوا عَنْهُ وَقَالُوا لَنَآ أَعْمَالُنَا وَلَكُمْ أَعْمَالُكُمْ ؗ سَلٰمٌ عَلَيْكُمْ ؗ

৫৫। ওয়া ইযা- সামি'উল্ লাগ্‌ওয়া আ'রাদ্বূ 'আন্‌হু ওয়া ক্বা-লূ লানা~আ'মা-লুনা- ওয়া লাকুম আ'মা-লুকুম, সালা-মুন্ 'আলাইকুম,

(৫৫) এবং যখন তারা বাজে কথা শোনে, তখন তা থেকে ফিরে থাকে এবং বলে, আমাদের জন্য আমাদের কর্ম এবং তোমাদের জন্য তোমাদের কর্ম তোমাদের উপর সালাম।

لَا نَبْتَغِي الْجٰهِلِينَ ﴿٥٦﴾ إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلٰكِنَّ اللّٰهَ يَهْدِي مَنْ يَّشَآءُ ۚ

লা-নাব্‌তাগিল্ জ্বা-হিলীন। ৫৬। ইন্নাকা লা-তাহ্‌দী মান্ আহ্বাবতা ওয়া লা-কিন্নাল লা-হা ইয়াহ্‌দী মাই ইয়াশা—উ,

আমরা মূর্খদের চাই না। (৫৬) (হে নবী!) আপনি যাকে পছন্দ করবেন, তাকেই সঠিক পথ প্রদর্শন করতে পারবেন না; বরং আল্লাহ যাকে চান তাঁকেই সঠিক পথ প্রদর্শন করেন।

وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ﴿٥٧﴾ وَقَالُوٓا إِنْ نَّتَّبِعِ الْهُدٰى مَعَكَ نُتَخَطَّفْ مِنْ أَرْضِنَا ؕ

ওয়াহুওয়া আ'লামু বিল্ মুহ্‌তাদীন। ৫৭। ওয়া ক্বা-লূ~ইন্ নাত্তাবি'ইল্ হুদা- মা'আকা নুতাখাত্ত্বাফ্ মিন্ আর্‌দ্বিনা-,

তিনি (আল্লাহ) সৎপথ প্রাপ্তদের সম্পর্কে খুবই জানেন। (৫৭) তারা বলে, যদি আমরা তোমার সাথে সৎ পথ অনুসরণ করি, তবে আমাদেরকে আমাদের দেশ হতে

أَوَلَمْ نُمَكِّنْ لَّهُمْ حَرَمًا آمِنًا يُّجْبٰٓى إِلَيْهِ ثَمَرٰتُ كُلِّ شَيْءٍ رِّزْقًا مِّنْ لَّدُنَّا

আওয়ালাম্ নুমাক্কিল্ লাহুম হ্বারামান্ আ-মিনাই ইউজ্‌বা~ইলাইহি ছামারা-তু কুল্লি শাইয়ির্ রিযক্বাম্ মিল্‌লাদুন্না-

উচ্ছেদ করা হবে, আমি কি তাদেরকে নিরাপদ পবিত্র স্থানে (মক্কায়) জায়গা দেইনি, যেখানে সব ধরনের ফল আমাদানী হয়, আমার পক্ষ থেকে খাদ্য হিসেবে।

وَلٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٥٨﴾ وَكَمْ أَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ بَطِرَتْ مَعِيشَتَهَا ۚ فَتِلْكَ

ওয়ালা-কিন্না আক্‌ছারাহুম্ লা-ইয়া'লামূন। ৫৮। ওয়া কাম্ আহ্‌লাক্‌না- মিন্ ক্বারইয়াতিম্ বাত্বিরাত্ মা'ঈশাতাহা-, ফাতিল্‌কা

কিন্তু তাদের অধিকাংশই তা জানে না। (৫৮) আমি কতই জনপদ ধ্বংস করে দিয়েছি, যারা তাদের জীবন যাপনের সামগ্রীতে অহমিকা করেছিল, এগুলো

مَسٰكِنُهُمْ لَمْ تُسْكَنْ مِّنْ بَعْدِهِمْ إِلَّا قَلِيلًا ؕ وَكُنَّا نَحْنُ الْوٰرِثِينَ ﴿٥٩﴾ وَمَا كَانَ

মাসা-কিনুহুম লাম্ তুস্‌কাম মিম্ বা'দিহিম ইল্লা- ক্বালীলান ; ওয়া কুন্না- নাহ্‌নুল ওয়া-রিছীন। ৫৯। ওয়া মা- কা-না

তাদের বাসস্থান, যেখানে তাদের পরে খুব অল্প সংখ্যক লোকই বাস করেছে। আর আমিই তো সব কিছুর (প্রকৃত) উত্তরাধিকারী। (৫৯) আপনার প্রতিপালক

رَبُّكَ مُهْلِكَ الْقُرٰى حَتّٰى يَبْعَثَ فِيٓ أُمِّهَا رَسُولًا يَّتْلُوا عَلَيْهِمْ آيٰتِنَا ۚ وَمَا

রাব্বুকা মুহ্‌লিকাল্ কুরা- হাত্তা- ইয়াব্'আছা ফী~উম্মিহা- রাসূলাই ইয়াত্‌লূ 'আলাইহিম আ-ইয়া-তিনা-, ওয়া মা-

কোন এক জনপদকে সে সময় পর্যন্ত ধ্বংস করেন না, যতক্ষণ সে স্থানে তাঁর কোন রাসূল প্রেরণ না করেন, যিনি পাঠ করে শোনাবেন তাদের কাছে আমার আয়াতসমূহ এবং

كُنَّا مُهْلِكِي الْقُرٰٓى إِلَّا وَأَهْلُهَا ظٰلِمُونَ ﴿٦٠﴾ وَمَآ أُوتِيتُمْ مِّنْ شَيْءٍ فَمَتَاعُ الْحَيٰوةِ

কুন্না- মুহ্‌লিকিল্ কুরা~ইল্লা- ওয়া আহ্‌লুহা- জা-লিমূন। ৬০। ওয়া মা~উতীতুম মিন্ শাইয়িন্ ফামাতা-'উল্ হ্বাইয়া-তিদ্

আমি জনপদকে সে সময় ধ্বংস করি, যখন সেখানের অধিবাসীরা অত্যাচার (শুরু) করে। (৬০) তোমাদেরকে যা কিছু দেয়া হয়েছে তা শুধু পার্থিব জীবনের ভোগের

○ শানে নুযূল (আঃ ৫৭) ঃ কুরাইশরা রাসূল (স)-এর আত্মীয় এবং ইহুদী, নাছারা অনাত্মীয় ছিল। যখন রাসূল (স)-এর অনাত্মীয় ইহুদী, নাছারাদের ঈমান আনয়ন করতে দেখলেন; তখন স্বগোত্রীয়দের অবিশ্বাস ও বিরুদ্ধাচরণের দরুন মনে খুবই দুঃখ পেলেন। বিশেষতঃ আবু তালেব ও অন্যান্য কতিপয় লোকের ঈমান আনয়নের জন্য তাঁর বিশেষ আগ্রহ এবং চেষ্টা ছিল, তা কার্যকরী না হওয়ায় অধিক দুঃখ পেলেন। তাই অত্র আয়াতে আল্লাহ তাঁকে সে বিষয়ে সান্ত্বনা প্রদান করছেন। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫৯) ঃ فى امها - امها (বড় জনপদ) দ্বারা বুঝা যায়, ছোট এলাকায় নবী প্রেরিত হননি। বরং কেন্দ্রস্থলে (বড় শহরে) নবী আগমন করেছেন। আর সব ছোট শহর ও জনপদগুলো বড় শহরেরই অধীনে। (কুঃ কারীম)

الدُّنْيَا وَزِيْنَتُهَا ۚ وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ وَّاَبْقٰى ۗ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٦٠﴾ اَفَمَنْ وَّعَدْنٰهُ ع ٥ ٩ রুকূ

দুন্ইয়া- ওয়া যীনাতুহা-, ওয়ামা- 'ইন্দাল্লা-হি খাইরুওঁ ওয়া আব্ক্বা-; আফালা- তা'কিলূন্। ৬১। আফামাওঁ ওয়া'আদ্না-হু
সামগ্রী ও তার সৌন্দর্য, আল্লাহর কাছে যা কিছু আছে তা খুবই উত্তম এবং চিরস্থায়ী, তোমরা কি বুঝতেছ না? (৬১) যাকে আমি উত্তম প্রতিশ্রুতি দিয়েছি

وَعْدًا حَسَنًا فَهُوَ لَاقِيْهِ كَمَنْ مَّتَّعْنٰهُ مَتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا ثُمَّ هُوَ يَوْمَ الْقِيٰمَةِ

ওয়া'দান হ্বাসানান্ ফাহুওয়া লা-ক্বীহি কামাম মাত্তা'না-হু মাতা-'আল্ হ্বাইয়া-তিদ্ দুন্ইয়া- ছুম্মা হুওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি
এবং যা সে পাবে, সে কি সে ব্যক্তির মত হতে পারে, যাকে আমি পার্থিব জীবনে (কিছু) ভোগের সামগ্রী দিয়েছি, অতঃপর তাকে কিয়ামতের দিন (বিচারের জন্য)

مِنَ الْمُحْضَرِيْنَ ﴿٦١﴾ وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ اَيْنَ شُرَكَاءِيَ الَّذِيْنَ كُنْتُمْ

মিনাল্ মুহ্দ্বারীন। ৬২। ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূলু আইনা শুরাকা—ইয়াল্ লাযীনা কুন্তুম
উপস্থিত করা হবে? (৬২) এবং সেদিন আল্লাহ তাদেরকে ডেকে বলবেন যে, কোথায় আমার শরীকরা, যাদেরকে তোমরা (আমার শরীক হিসেবে)

تَزْعُمُوْنَ ﴿٦٢﴾ قَالَ الَّذِيْنَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ رَبَّنَا هٰۤؤُلَاۤءِ الَّذِيْنَ اَغْوَيْنَا ۚ اَغْوَيْنٰهُمْ

তায্'উমূন। ৬৩। ক্বা-লাল্ লাযীনা হ্বাক্ক্বা 'আলাইহিমুল্ ক্বাওলু রাব্বানা- হা~উলা—ইল্ লাযীনা আগ্ওয়াইনা-, আগ্ওয়াইনা-হুম্
ধারণা করতে? (৬৩) যাদের উপর বাণী (শাস্তি) সাব্যস্ত হয়েছে তারা বলবে, হে আমাদের প্রতিপালক! এসব লোকদেরকেই আমরা পথভ্রষ্ট করেছিলাম। তাদেরকে

كَمَا غَوَيْنَا ۚ تَبَرَّاْنَاۤ اِلَيْكَ ز مَا كَانُوْۤا اِيَّانَا يَعْبُدُوْنَ ﴿٦٣﴾ وَقِيْلَ ادْعُوْا شُرَكَاۤءَكُمْ

কামা- গাওয়াইনা-, তাবার্রা'না~ইলাইকা, মা- কা-নূ~ইয়্যা-না- ইয়া'বুদূন। ৬৪। ওয়া ক্বীলাদ্'উ শুরাকা—আকুম্
পথভ্রষ্ট করেছিলাম, যেমনিভাবে আমরা পথভ্রষ্ট হয়েছিলাম। (তাদের ব্যাপারে) আমরা আপনার কাছে পরিত্রাণ চাচ্ছি, ওরা আমাদের ইবাদত করত না। (৬৪) তাদেরকে বলা

فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ وَرَاَوُا الْعَذَابَ ۚ لَوْ اَنَّهُمْ كَانُوْا يَهْتَدُوْنَ ۝

ফাদা'আওহুম ফালাম্ ইয়াস্তাজীবূ লাহুম্ ওয়া রাআউল 'আযা-বা, লাও আন্নাহুম কা-নূ ইয়াহ্তাদূন।
হবে, তোমাদের শরীকদেরকে ডাক। অতঃপর তারা তাদেরকে ডাকবে, কিন্তু তারা তাদেরকে জবাব পর্যন্ত দিবে না। তারা শাস্তি প্রত্যক্ষ করবে। যদি তারা সৎ পথে থাকত।

﴿٦٤﴾ وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ مَاذَاۤ اَجَبْتُمُ الْمُرْسَلِيْنَ ﴿٦٥﴾ فَعَمِيَتْ عَلَيْهِمُ الْاَنْۢبَاۤءُ يَوْمَئِذٍ

৬৫। ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূলু মা-যা~আজ্বাব্তুমুল্ মুরসালীন। ৬৬। ফা'আমিয়াত 'আলাইহিমুল্ আম্বা—উ ইয়াওমাইযিন্
(৬৫) সেদিন (আল্লাহ) তাদেরকে ডেকে বলবেন, তোমরা রাসূলগণকে কি জবাব দিয়েছিলে? (৬৬) সেদিন তাদের থেকে তাদের সব তথ্য যুক্তি হারিয়ে যাবে

فَهُمْ لَا يَتَسَاۤءَلُوْنَ ﴿٦٦﴾ فَاَمَّا مَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَعَسٰۤى اَنْ يَّكُوْنَ مِنَ

ফাহুম লা-ইয়াতাসা—আলূন। ৬৭। ফাআম্মা- মান্ তা-বা ওয়া আ-মানা ওয়া'আমিলা স্বা-লিহ্বান্ ফা'আসা~আঈ ইয়াকূনা মিনাল
এবং তারা একে অপরকে জিজ্ঞেস পর্যন্ত করতে পারবে না। (৬৭) তবে যে ব্যক্তি তওবা করেছে এবং নেক আমল করেছে, আশা করা যায়, সে তো মুক্তি প্রাপ্তদের

✪ টীকা (আঃ ৬২) ঃ প্রথমোক্ত ব্যক্তি ঈমানদার, তার সাথে বেহেশতের ওয়াদা করা হয়েছে আর শেষোক্ত ব্যক্তি কাফের, সে পার্থিব জীবনে ভোগবিলাসে মত্ত ছিল, পরলোকে তাকে বন্দীরূপে আনয়ন করা হবে। (বঃ বোঃ) ✪ শানে নুযূল (আঃ ৬৩) ঃ فمن وعدنه - হাদীস শরীফে বর্ণিত, হযরত আলী (রা) এবং হামযাহ (রা) উভয়ই আবু জাহলের সাথে দ্বীনের ব্যাপারে ঝগড়া করেছিল। এ প্রেক্ষিতে এ আয়াত অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী)
✪ টীকা (আঃ ৬৪) ঃ অর্থাৎ আমাদের উপর যেমন কেউ জবরদস্তী করেনি, আমরা নিজেরাই পথভ্রষ্ট হয়েছি তদ্রূপ আমরাও এদের উপর কোন জবরদস্তি করিনি। আমাদের কার্য ছিল তাদের ধোঁকা দেয়া। (বঃ কোঃ)

الْمُفْلِحِيْنَ ﴿٦٧﴾ وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَاۤءُ وَيَخْتَارُ ۗ مَا كَانَ لَهُمُ الْخِيَرَةُ ۗ سُبْحٰنَ اللّٰهِ

মুফ্লিহ্বীন। ৬৮। ওয়া রাব্বুকা ইয়াখলুকু মা- ইয়াশা—উ ওয়া ইয়াখ্তা-রু ; মা- কা-না লাহুমুল্ খিয়ারাতু ; সুব্হ্বা-নাল্লা-হি
অন্তর্ভুক্ত হবে। (৬৮) আপনার প্রতিপালক যা ইচ্ছা, সৃষ্টি করেন এবং যাকে ইচ্ছা পছন্দ করেন; এর মধ্যে তাদের কোনই ইচ্ছা নেই। আল্লাহ পবিত্র এবং তারা

وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٨﴾ وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ﴿٦٩﴾ وَهُوَ اللّٰهُ

ওয়া তা'আ-লা- 'আম্মা- ইউশ্রিকূন। ৬৯। ওয়া রাব্বুকা ইয়া'লামু মা- তুকিন্নু স্বুদূরুহুম ওয়ামা- ইউ'লিনূন। ৭০। ওয়া হুওয়াল্লা-হু
যাদেরকে শরীক করে তাদের থেকে তিনি ঊর্ধ্বে। (৬৯) আপনার প্রতিপালক জানেন, যা তাঁদের অন্তরে গোপন রাখে এবং যা প্রকাশ করে। (৭০) তিনিই আল্লাহ,

لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۗ لَهُ الْحَمْدُ فِى الْاُوْلٰى وَالْاٰخِرَةِ ز وَلَهُ الْحُكْمُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ۝

লা~ইলা-হা ইল্লা- হুওয়া ; লাহুল্ হ্বাম্দু ফিল্ উলা- ওয়াল্ আ-খিরাতি, ওয়া লাহুল্ হুক্মু ওয়া ইলাইহি তুরজ্বা'উন।
যিনি ছাড়া অন্য কোন মাবুদ নেই, দুনিয়া ও আখেরাতে তাঁরই (একমাত্র) প্রশংসা, কর্তৃত্ব (একমাত্র) তাঁরই এবং তাঁরই দিকে তোমরা ফিরে যাবে।

﴿٧٠﴾ قُلْ اَرَءَيْتُمْ اِنْ جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ الَّيْلَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ اِلٰهٌ

৭১। কুল্ আরাআইতুম্ ইন্ জ্বা'আলাল্লা-হু 'আলাইকুমুল্ লাইলা সার্মাদান্ ইলা- ইয়াওমিল্ ক্বিয়া-মাতি মান্ ইলা-হুন্
(৭১) আপনি বলুন, তোমরা দেখেছ! যদি আল্লাহ তোমাদের উপর রাতকে স্থায়ী করেন কিয়ামত পর্যন্ত, তবে আল্লাহ ছাড়া আর কে মাবুদ আছে,

غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِضِيَاۤءٍ ۗ اَفَلَا تَسْمَعُوْنَ ﴿٧١﴾ قُلْ اَرَءَيْتُمْ اِنْ جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ

গাইরুল্লা-হি ইয়া'তীকুম্ বিদ্বিয়া—ইন্ ; আফালা- তাস্মা'উন। ৭২। কুল আরাআইতুম্ ইন্ জ্বা'আলাল লা-হু 'আলাইকুমুন্
যে তোমাদের কাছে (দিবসের) আলো এনে দিতে পারে? এরপরেও কি তোমরা শোনবে না? (৭২) তোমরা ভেবে দেখছে! যদি আল্লাহ কিয়ামত পর্যন্ত দিবসকে

النَّهَارَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَاْتِيْكُمْ بِلَيْلٍ تَسْكُنُوْنَ فِيْهِ ۗ

নাহা-রা সার্মাদান ইলা- ইয়াওমিল ক্বিয়া-মাতি মান্ ইলা-হুন গাইরুল্লা-হি ইয়া'তীকুম্ বিলাইলিন্ তাস্কুনূনা ফীহি ;
স্থায়ী করেন, তবে আল্লাহ ছাড়া আর কে মাবুদ আছে, যে তোমাদের কাছে রাত নিয়ে আসতে পারে, যাতে তোমরা আরাম করতে পার?

اَفَلَا تُبْصِرُوْنَ ﴿٧٢﴾ وَمِنْ رَّحْمَتِهٖ جَعَلَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُوْا فِيْهِ وَلِتَبْتَغُوْا

আফালা- তুব্স্বিরূন। ৭৩। ওয়া মির্ রাহ্বমাতিহী জ্বা'আলা লাকুমুল্ লাইলা ওয়ান্নাহা-রা লিতাস্কুনূ ফীহি ওয়া লিতাব্তাগূ
তোমরা কি ভেবে দেখনা? (৭৩) তিনিই তাঁর রহমত দ্বারা তোমাদের জন্য রাত ও দিবস নির্ধারণ করেছেন, যাতে তোমরা (রাতে) আরাম করতে পার এবং (দিবসে)

مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٧٣﴾ وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ اَيْنَ شُرَكَاۤءِيَ

মিন্ ফাদ্বলিহী ওয়া লা'আল্লাকুম তাশ্কুরূন। ৭৪। ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূলু আইনা শুরাকা—ইয়াল্
তাঁর করুণা তালাশ করতে পার এবং তোমরা শোকর কর। (৭৪) সেদিন তাদেরকে ডেকে আল্লাহ বলবেন, যাদেরকে তোমরা আমার শরীক নির্ধারণ করেছিলে,

الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿٧٤﴾ وَنَزَعْنَا مِنْ كُلِّ اُمَّةٍ شَهِيْدًا فَقُلْنَا هَاتُوْا بُرْهَانَكُمْ

লাযীনা কুন্তুম তায্'উমূন। ৭৫। ওয়া নাযা'না- মিন্ কুল্লি উম্মাতিন্ শাহীদান্ ফাকুল্না- হা-তূ বুরহ্বা-নাকুম
তারা আজ কোথায়? (৭৫) আমি প্রত্যেক সম্প্রদায় হতে একজনকে সাক্ষী হিসেবে বের করব এবং বলব, পেশ কর তোমরা তোমাদের প্রমাণাদি,

فَعَلِمُوٓا اَنَّ الْحَقَّ لِلّٰهِ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٧٥﴾ اِنَّ قَارُوْنَ كَانَ مِنْ ৭ ع ১০ রুকূ

ফা'আলিমূ~আন্নাল্ হাক্বক্বা লিল্লা-হি ওয়া দ্বাল্লা 'আন্‌হুম্ মা- কা-নূ ইয়াফ্‌তারূন। ৭৬। ইন্না ক্বা-রূনা কা-না মিন্
তখন তোমরা জেনে নিবে যে, সত্য (ইবাদত) আল্লাহর জন্যই, এবং তারা যা গড়েছিল, সেগুলো তাদের থেকে অদৃশ্য হয়ে যাবে। (৭৬) নিশ্চয়ই কারুন ছিল মূসার

قَوْمِ مُوْسٰى فَبَغٰى عَلَيْهِمْ ۖ وَاٰتَيْنٰهُ مِنَ الْكُنُوْزِ مَآ اِنَّ مَفَاتِحَهٗ لَتَنُوٓاُ بِالْعُصْبَةِ

ক্বাওমি মূসা- ফাবাগা- 'আলাইহিম, ওয়া আ-তাইনা-হু মিনাল্ কুনূযি মা~ইন্না মাফা-তিহাহূ লাতানূ—উ বিল্'উস্ববাতি
সম্প্রদায়ের থেকে কিন্তু সে তাদের উপর অত্যাচার করেছিল। আমি তাকে (প্রচুর) ধন ভাণ্ডার দিয়েছিলাম যে, তার (ভাণ্ডারের) চাবিসমূহ শক্তিশালী একদল লোকের পক্ষেও

اُولِي الْقُوَّةِ ۗ اِذْ قَالَ لَهٗ قَوْمُهٗ لَا تَفْرَحْ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْفَرِحِيْنَ ﴿٧٦﴾ وَابْتَغِ

উলিল্ ক্বুওয়াতি, ইয্ ক্বা-লা লাহূ ক্বাওমুহূ লা- তাফ্‌রাহ্ ইন্নাল্লা-হা লা-ইউহ্বিব্বুল্ ফারিহ্বীন। ৭৭। ওয়াব্‌তাগি
বহন করা খুবই কষ্টকর ছিল। একবার তার সম্প্রদায় তাকে বলল, গর্ব করনা আল্লাহ গর্বকারীদেরকে পসন্দ করেন না। (৭৭) এবং আল্লাহ

فِيْمَآ اٰتٰىكَ اللّٰهُ الدَّارَ الْاٰخِرَةَ وَلَا تَنْسَ نَصِيْبَكَ مِنَ الدُّنْيَا وَاَحْسِنْ كَمَآ

ফীমা~আ-তা-কাল্লা-হুদ্ দা-রাল আ-খিরাতা ওয়ালা- তান্‌সা নাস্বীবাকা মিনাদ্ দুন্‌ইয়া-ওয়া আহ্বসিন্ কামা~
যা কিছু তোমাকে দান করেছেন তার দ্বারা পরকালের গৃহ (সওয়াব) তালাশ (অর্জন) কর এবং দুনিয়া থেকে তোমার অংশ ভুলে যেও না এবং আল্লাহ যেভাবে

اَحْسَنَ اللّٰهُ اِلَيْكَ وَلَا تَبْغِ الْفَسَادَ فِي الْاَرْضِ ۖ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُفْسِدِيْنَ ﴿٧٧﴾

আহ্বসানাল্লা-হু ইলাইকা ওয়ালা তাব্‌গিল্ ফাসা-দা ফিল্ আরদ্বি ; ইন্নাল্লা-হা লা-ইউহ্বিব্বুল মুফসিদীন।
তোমার প্রতি অনুগ্রহ করেছেন, তুমিও তেমনিভাবে (সকলের প্রতি) দয়া কর, এবং দেশে বিশৃংখলা সৃষ্টি করতে চেওনা; আল্লাহ বিশৃংখলা সৃষ্টিকারীকে পছন্দ করেন না।

قَالَ اِنَّمَآ اُوْتِيْتُهٗ عَلٰى عِلْمٍ عِنْدِيْ ؕ اَوَلَمْ يَعْلَمْ اَنَّ اللّٰهَ قَدْ اَهْلَكَ مِنْ قَبْلِهٖ

৭৮। ক্বা-লা ইন্নামা~উতীতুহূ 'আলা- 'ইল্‌মিন ইন্‌দী ; আওয়ালাম্ ইয়া'লাম্ আন্নাল্লা-হা ক্বাদ্ আহ্‌লাকা মিন্ ক্বাব্‌লিহী
(৭৮) কারুন বলল, এসব (সম্পদ) আমি আমার নিজস্ব জ্ঞান (কৌশল) বলে পেয়েছি। সেকি জানে না যে, আল্লাহ ধ্বংস করে

مِنَ الْقُرُوْنِ مَنْ هُوَ اَشَدُّ مِنْهُ قُوَّةً وَّاَكْثَرُ جَمْعًا ؕ وَلَا يُسْـَٔلُ عَنْ ذُنُوْبِهِمُ

মিনাল ক্বুরূনি মান্ হুওয়া আশাদ্দু মিনহু ক্বুওয়্যাতাওঁ ওয়া আক্‌ছারু জ্বাম্'আন ; ওয়ালা- ইউস্‌আলু 'আন্ যুনূবিহিমুল্
নিয়েছেন বহু দলকে তার পূর্বে, যারা তার চেয়ে অধিক শক্তিশালী এবং অধিক সম্পদ সঞ্চয়কারী ছিল? এবং গুনাহগারদেরকে তাদের গুনাহ সম্পর্কে জিজ্ঞেস করা

الْمُجْرِمُوْنَ ﴿٧٨﴾ فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ فِيْ زِيْنَتِهٖ ؕ قَالَ الَّذِيْنَ يُرِيْدُوْنَ الْحَيٰوةَ

মুজ্বরিমূন। ৭৯। ফাখারাজ্বা 'আলা- ক্বাওমিহী ফী যীনাতিহী ; ক্বা-লাল্লাযীনা ইউরীদূনাল্ হ্বাইয়া-তাদ্
হবে না। (৭৯) কারণ তার সৌন্দর্যসহ তার সম্প্রদায়ের সামনে বের হল। পার্থিব জীবনের প্রত্যাশীরা বলতে লাগল, হায়! কারুনকে যেভাবে

○ বিশ্লেষণ (আঃ ৭৭) ঃ ولا تنس نصيبك - অর্থাৎ, পার্থিব বিষয়গুলো ভুলে যাবে না; বরং এর প্রতিও ন্যায়ভাবে খেয়াল রাখবে। যেমন, নিজের প্রতি, স্ত্রী, সন্তানাদি, আত্মীয়-স্বজন এবং মেহমান ইত্যাদি এদের হক যথাযথভাবে আদায় করবে। ○ বিশ্লেষণ (আঃ ৭৮) ঃ علم عندى - অর্থাৎ ব্যবসা সংক্রান্ত বিষয়ে আমি পারদর্শী ও অভিজ্ঞ। সে কারণেই এ সম্পদ অর্জন করেছি। (কুঃ কারীম)

○ বিশ্লেষণ (আঃ ৭৮) ঃ ولا يسئل ঃ জিজ্ঞেস করার প্রয়োজন হবে না। কেননা তাদের গুনাহ সম্পর্কে আল্লাহ খুবই জানেন এবং ফিরিশতাদের কাছেও তাদের প্রত্যেকটি আমল লিখিত রয়েছে। (তাঃ ওসমানী) অথবা গুনাহগারদের কপালের চিহ্ন দেখেই বুঝা যাবে, জিজ্ঞেস করতে হবে না। অথবা তাদের কাছে কিছুই জিজ্ঞেস করা হবে না; বরং তারা বিনা হিসাবেই জাহান্নামে যাবে। (কাঃ কাদেরী)

الدُّنْيَا يٰلَيْتَ لَنَا مِثْلَ مَآ اُوْتِيَ قَارُوْنُ ۙ اِنَّهٗ لَذُوْ حَظٍّ عَظِيْمٍ ﴿٧٩﴾ وَقَالَ الَّذِيْنَ

দুন্‌ইয়া- ইয়া-লাইতা লানা- মিছ্‌লা মা~উতিয়া ক্বা-রূনু ইন্নাহূ লাযূ হ্বাজ্‌জিন্ 'আজীম। ৮০। ওয়া ক্বা-লাল্ লাযীনা
(সম্পদ) দেয়া হয়েছে, আমাদেরকেও যদি অনুরূপ দেয়া হত! নিশ্চয়ই সে বড় ভাগবান। (৮০) তার তারা বলল, যাদেরকে (পরকালের) জ্ঞান দান করা হয়েছে,

اُوْتُوا الْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ اللّٰهِ خَيْرٌ لِّمَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا ۚ وَلَا يُلَقّٰىهَآ اِلَّا

উতুল 'ইল্‌মা ওয়াইলাকুম ছাওয়া-বুল্লা-হি খাইরুল্ লিমান্ আ-মানা ওয়া 'আমিলা স্বা-লিহ্বান্, ওয়ালা- ইউলাক্বক্বা-হা~ইল্লাস্ব্
তারা বলল, (হে দুনিয়া প্রত্যাশী) তোমাদের জন্য দুঃখ, যারা ঈমান আনে ও নেক কাজ করে, তাদের জন্য আল্লাহর প্রতিদানই সর্বোত্তম, এটা শুধু তারাই পাবে,

الصّٰبِرُوْنَ ﴿٨٠﴾ فَخَسَفْنَا بِهٖ وَبِدَارِهِ الْاَرْضَ ۗ فَمَا كَانَ لَهٗ مِنْ فِئَةٍ يَّنْصُرُوْنَهٗ

স্বা-বিরূন। ৮১। ফাখাসাফ্‌না- বিহী ওয়া বিদা-রিহিল আর্‌দ্বা ফামা- কা-না লাহূ মিন্ ফিআতিইঁ ইয়ান্‌স্বুরূনাহূ
যারা ধৈর্যশীল। (৮১) অতঃপর আমি কারুনকে তার প্রাসাদসহ যমীনে দাবিয়ে (বিলীন করে) দিলাম। তার (কারুনের) এমন কোন দল (লোকজন) ছিল না, যারা তাকে

مِنْ دُوْنِ اللّٰهِ ۗ وَمَا كَانَ مِنَ الْمُنْتَصِرِيْنَ ﴿٨١﴾ وَاَصْبَحَ الَّذِيْنَ تَمَنَّوْا مَكَانَهٗ

মিন্ দূনিল্লা-হি, ওয়া মা- কা-না মিনাল্ মুন্‌তাস্বিরীন। ৮২। ওয়া আস্ব্‌বাহ্বাল্ লাযীনা তামান্নাও মাকা-নাহূ
সাহায্য করতে পারে, আল্লাহ ব্যতীত, আর সে নিজেও নিজেকে সাহায্য করতে সক্ষম ছিল না। (৮২) যারা আগের দিন তার মর্যাদায় পৌঁছার প্রত্যাশী ছিল।

بِالْاَمْسِ يَقُوْلُوْنَ وَيْكَاَنَّ اللّٰهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ ۚ

বিল্‌আম্‌সি ইয়াক্বূলূনা ওয়াইকাআন্নাল্লা-হা ইয়াব্‌সুতুর রিয্‌ক্বা লিমাইঁ ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী ওয়া ইয়াক্বদিরু,
তারা আজ বলতে লাগল, আশ্চর্য! দেখলে তো, আল্লাহ তার বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা রিযিক বাড়িয়ে দেন এবং (যার জন্য ইচ্ছা) সঙ্কুচিত করে দেন।

৮ ع ১১ রুকূ لَوْلَآ اَنْ مَّنَّ اللّٰهُ عَلَيْنَا لَخَسَفَ بِنَا ؕ وَيْكَاَنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ﴿٨٢﴾ تِلْكَ الدَّارُ

লাওলা~আম্ মান্নাল্লা-হু 'আলাইনা- লাখাসাফা বিনা-; ওয়াইকাআন্নাহূ লা-ইউফ্‌লিহুল্ কা-ফিরূন। ৮৩। তিল্‌কাদ্ দা-রুল্
যদি আল্লাহ আমাদের প্রতি দয়া না করতেন, তবে আমাদেরকেও দাবিয়ে দিতেন। তোমরা কি দেখনা যে, কাফিরেরা সফল হয় না। (৮৩) এটি

الْاٰخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِيْنَ لَا يُرِيْدُوْنَ عُلُوًّا فِي الْاَرْضِ وَلَا فَسَادًا ؕ وَالْعَاقِبَةُ

আ-খিরাতু নাজ্ব'আলুহা- লিল্লাযীনা লা- ইউরীদূনা উলুওয়্যান্ ফিল্ আরদ্বি ওয়ালা- ফাসা-দান, ওয়াল্ 'আ-ক্বিবাতু
পরকালের সে গৃহ, যা আমি তাদেরকে দিব, যারা পৃথিবীতে অবাধ্য হতে এবং বিশৃংখলা সৃষ্টি করতে চায় না। উত্তম পরিণাম

لِلْمُتَّقِيْنَ ﴿٨٣﴾ مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزَى

লিল্‌মুত্তাক্বীন। ৮৪। মান্ জ্বা—আ বিল্ হ্বাসানাতি ফালাহূ খাইরুম্ মিন্‌হা- ওয়া মান্ জ্বা—আ বিস্‌সাইয়্যিআতি ফালা- ইউজ্বযাল্
পরহেজগারদের জন্য। (৮৪) পুণ্য নিয়ে আসবে, তার জন্য রয়েছে তার চেয়ে উত্তম প্রতিদান এবং যে খারাপ কাজ নিয়ে আসবে,

○ টীকা (আঃ ৮১) ঃ মূসা (আ) কারুনকে যাকাত সম্বন্ধে শেষ পর্যন্ত বললেন, প্রতি একশত স্বর্ণ-মুদ্রায় একটি করে স্বর্ণ-মুদ্রা যাকাত প্রদান করা। সে হিসাব করে দেখলে, যাকাতের জন্য বহু মুদ্রা দিতে হয়। অবশেষে স্বীয় কাওমের সাথে পরামর্শক্রমে স্থির করল যে, একটি দুশ্চরিত্রা রমণীর দ্বারা সম্প্রদায়ের সম্মুখে বলায় যে, মূসা (আ) স্ত্রীলোকের সহিত যেনা করেছে। একদা এক মজলিসে মূসা (আ) বললেন, যেনাকারীর শাস্তি বিবাহিত না হলে একশত দোররা এবং বিবাহিত হলে সঙ্গেসার। কারুন তখন পরামর্শ অনুযায়ী বলল, তুমি এই স্ত্রীলোকটির সহিত যেনা করেছ। মূসা (আ) স্ত্রীলোকটিকে ধমক দিয়া জিজ্ঞাসা করলে সে অস্বীকার করলে। এ সম্বন্ধে মূসা (আঃ) আল্লাহ্‌র দরবারে প্রার্থনা করলে যমীন গিলে ফেলল। অতঃপর তার সমস্ত ধন তার মাথার উপর ঢালা হলো, যমীন তাও গিলে ফেলল। (মুঃ কোঃ)

الَّذِيْنَ عَمِلُوا السَّيِّاٰتِ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ۝٨٥ اِنَّ الَّذِىْ فَرَضَ عَلَيْكَ الْقُرْاٰنَ

লাযীনা 'আমিলুস্ সাইয়্যিআ-তি ইল্লা- মা- কা-নূ ইয়া'মালূন্ । ৮৫ । ইন্নাল্ লাযী ফারাদ্বা 'আলাইকাল্ কুর্আ-না
সে তার কর্ম অনুপাতেই প্রতিফল পাবে। (৮৫) যিনি তোমার উপর কুরআন (প্রচার ও তার অনুসরণ) ফরজ করেছেন, তিনি

لَرَآدُّكَ اِلٰى مَعَادٍ ؕ قُلْ رَّبِّىْٓ اَعْلَمُ مَنْ جَآءَ بِالْهُدٰى وَمَنْ هُوَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝

লারা—দ্দুকা ইলা- মা'আ-দিন ; কুল রাব্বী~আ'লামু মান্ জ্বা—আ বিল্হুদা- ওয়া মান্ হুওয়া ফী দ্বালা-লিম্ মুবীন।
তোমাকে পুনরায় ফিরিয়ে নিবেন প্রত্যাবর্তন স্থলে। বলুন, আমার প্রতিপালক তা খুব ভালভাবেই জানেন যে, কে হেদায়েতসহ এসেছে, আর কে স্পষ্ট ভ্রান্তির মধ্যে।

۝٨٦ وَمَا كُنْتَ تَرْجُوْٓا اَنْ يُّلْقٰٓى اِلَيْكَ الْكِتٰبُ اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ

৮৬। ওয়া মা- কুন্তা তারজূ~আঁই ইউল্ক্বা~ইলাইকাল্ কিতা-বু ইল্লা- রাহ্মাতাম্ মির্ রাব্বিকা ফালা- তাকূনান্না
(৮৬) আপনিতো কখনও এ আশা করছিলেন না যে, আপনার প্রতি কিতাব অবতীর্ণ হবে। এতো শুধু আপনার প্রতিপালকের তরফ থেকে মেহেরবানী। আপনি কখনও

ظَهِيْرًا لِّلْكٰفِرِيْنَ ۝٨٧ وَلَا يَصُدُّنَّكَ عَنْ اٰيٰتِ اللّٰهِ بَعْدَ اِذْ اُنْزِلَتْ اِلَيْكَ وَادْعُ

জাহীরাল্ লিল্কা-ফিরীন। ৮৭। ওয়ালা- ইয়াস্বুদ্দুন্নাকা 'আন্ আ-ইয়া-তিল্লা-হি বা'দা ইয্ উন্যিলাত্ ইলাইকা ওয়াদ্'উ
কাফিরদের সাহায্যকারী হবেন না। (৮৭) তারা (কাফিরেরা) যেন আল্লাহর আয়াত (প্রচার) থেকে আপনাকে বিরত না রাখে, তা আপনার প্রতি অবতীর্ণ হওয়ার পরে।

اِلٰى رَبِّكَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ۝٨٨ وَلَا تَدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۘ لَآ اِلٰهَ

ইলা- রাব্বিকা ওয়ালা- তাকূনান্না মিনাল্ মুশ্রিকীন্। ৮৮। ওয়ালা- তাদ্'উ মা'আল্লা-হি ইলা- হান্ আ-খারা, লা~ইলা-হা
আপনি আহ্বান করুন, আপনার প্রতিপালকের দিকে এবং কখনই মুশরিকদের অন্তর্ভুক্ত হবেন না। (৮৮) আল্লাহর সাথে অন্য কোন মাবুদকে ডেক না। তিনি ছাড়া

اِلَّا هُوَ ۟ كُلُّ شَىْءٍ هَالِكٌ اِلَّا وَجْهَهٗ ؕ لَهُ الْحُكْمُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ۝

ইল্লা- হুওয়া, কুল্লু শাইয়িন্ হা-লিকুন ইল্লা- ওয়াজ্বহাহূ ; লাহুল্ হুকমু ওয়া ইলাইহি তুরজ্বা'উন।
আর কোন মাবুদ নেই। তাঁর অস্তিত্ব ছাড়া সব কিছুই ধ্বংসশীল। কর্তৃত্ব একমাত্র তাঁরই এবং তাঁর কাছেই তোমাদের ফিরে যেতে হবে।

সূরা 'আনকাবূত
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৬৯
রুকূ ঃ ৭

۝١ الٓمّٓ ۝٢ اَحَسِبَ النَّاسُ اَنْ يُّتْرَكُوْٓا اَنْ يَّقُوْلُوْٓا اٰمَنَّا وَهُمْ لَا يُفْتَنُوْنَ ۝

১। আলিফ্ লা—ম্ মী—ম। ২। আহাসিবান্না-সু আঁই ইউত্রাকূ~আঁই ইয়াকূলূ~আ-মান্না- ওয়া হুম্ লা- ইউফ্তানূন।
(১) আলিফ-লা-ম-মীম; (২) মানুষেরা কি এ ধারণা করে যে, আমরা ঈমান এনেছি, তাদের শুধু একথার ভিত্তিতেই, আমি তাদেরকে পরীক্ষা ব্যতীতই ছেড়ে দিব?

۝٣ وَلَقَدْ فَتَنَّا الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ صَدَقُوْا وَلَيَعْلَمَنَّ

৩। ওয়া লাক্বাদ্ ফাতান্নাল্ লাযীনা মিন্ ক্বাব্লিহিম ফালাইয়া'লামান্নাল্লা-হুল্ লাযীনা স্বাদাকূ ওয়া লাইয়া'লামান্নাল্
(৩) আমি তাদের পূর্ববর্তীদেরকেও পরীক্ষা করেছিলাম। নিশ্চয়ই আল্লাহ জেনে নিবেন তাদেরকে, যারা (তাদের ঈমানের দাবিতে) সত্যবাদী এবং তাদেরকেও

الْكٰذِبِيْنَ ۝٤ اَمْ حَسِبَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ اَنْ يَّسْبِقُوْنَا ؕ سَآءَ مَا يَحْكُمُوْنَ ۝

কা-যিবীন। ৪। আম্ হাসিবাল্লাযীনা ইয়া'মালূনাস্ সাইয়্যিআ-তি আঁই ইয়াস্বিকূনা-; সা—আ মা- ইয়াহ্কুমূন।
জেনে নিবেন, যারা মিথ্যাবাদী। (৪) যারা খারাপ (পাপ) কাজ করে, তারা কি ধারণা করে যে, তারা আমার থেকে ভেগে যাবে? তাদের ধারণা কতইনা নিকৃষ্ট।

۝٥ مَنْ كَانَ يَرْجُوْا لِقَآءَ اللّٰهِ فَاِنَّ اَجَلَ اللّٰهِ لَاٰتٍ ؕ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۝٦ وَمَنْ

৫। মান্ কা-না ইয়ারজূ লিক্বা—আল্লা-হি ফাইন্না আজ্বালাল্লা-হি লাআ-তিন ; ওয়া হুওয়াস্ সামী'উল 'আলীম। ৬। ওয়া মান্
(৫) যে আল্লাহর সাথে সাক্ষাৎ করার আশা রাখে, (তাকে বলে দিন) নিশ্চয়ই আল্লাহর নির্ধারিত সময় আসবে। তিনি (আল্লাহ) সর্বশ্রোতা, মহাজ্ঞানী। (৬) আর যে

جَاهَدَ فَاِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهٖ ؕ اِنَّ اللّٰهَ لَغَنِىٌّ عَنِ الْعٰلَمِيْنَ ۝٧ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا

জ্বা-হাদা ফাইন্নামা- ইউজ্বা-হিদু লিনাফ্সিহী ; ইন্নাল্লা-হা লাগানিইয়্যুন্ 'আনিল্ 'আ-লামীন। ৭। ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব্
পরিশ্রম করে, সে তো তার নিজের (কল্যাণের জন্য) পরিশ্রম করে, আল্লাহতো বিশ্বজগৎ হতে অমুখাপেক্ষী। (৭) যারা ঈমান আনে এবং নেক কাজ

الصّٰلِحٰتِ لَنُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ اَحْسَنَ الَّذِىْ كَانُوْا يَعْمَلُوْنَ ۝

স্বা-লিহা-তি লানুকাফ্ফিরান্না 'আন্হুম সাইয়্যিআ-তিহিম্ ওয়ালা নাজ্বযিয়ান্নাহুম আহ্সানাল্লাযী কা-নূ ইয়া'মালূন।
করে, আমি তাদের খারাপ কাজগুলো অবশ্যই তাদের থেকে দূর করে দিব এবং তাদেরকে তাদের নেক কাজের উত্তম প্রতিদান দিব।

۝٨ وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا ؕ وَاِنْ جَاهَدٰكَ لِتُشْرِكَ بِىْ مَا لَيْسَ

৮। ওয়া ওয়াস্বস্বাইনাল্ ইন্সা-না বিওয়া-লিদাইহি হুস্নান্ ; ওয়া ইন্ জ্বা-হাদা-কা লিতুশ্রিকা বী মা- লাইসা
(৮) আমি মানুষকে তার পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করার আদেশ করেছি। হ্যাঁ যদি তারা তোমার প্রতি চাপ দেয়, আমার সাথে এমন কিছু শরীক করতে যার বিষয় তোমার

لَكَ بِهٖ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا ؕ اِلَىَّ مَرْجِعُكُمْ فَاُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝٩ وَالَّذِيْنَ

লাকা বিহী 'ইল্মুন্ ফালা- তুত্বি'হুমা- ; ইলাইয়্যা মারজ্বি'উকুম ফাউনাব্বিউকুম বিমা- কুন্তুম তা'মালূন। ৯। ওয়াল্লাযীনা
কোনই জ্ঞান নেই, তখন তুমি তাদের কথা মানবে না; তোমাদের প্রত্যাবর্তন আমারই নিকট। অতঃপর আমি তোমাদেরকে জানায়ে দিব, যা কিছু তোমরা করছিলে। (৯) যারা

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُدْخِلَنَّهُمْ فِى الصّٰلِحِيْنَ ۝١٠ وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব্ স্বা-লিহা-তি লানুদ্খিলান্নাহুম ফিস্ব্ স্বা-লিহীন। ১০। ওয়া মিনান্ না-সি মাইঁ ইয়াকূলু
ঈমান আনে এবং নেক কাজ করে, তাদেরকে অবশ্যই পুণ্যবানদের মধ্যে অন্তর্ভুক্ত করব। (১০) মানুষের মধ্যে কতিপয় এমন লোকও আছে, যারা বলে আমরা ঈমান এনেছি

اٰمَنَّا بِاللّٰهِ فَاِذَآ اُوْذِىَ فِى اللّٰهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللّٰهِ ؕ وَلَئِنْ جَآءَ نَصْرٌ

আ-মান্না- বিল্লা-হি ফাইযা~উযিয়া ফিল্লা-হি জ্বা'আলা ফিত্নাতান্ না-সি কা'আযা-বিল্লা-হি ; ওয়ালাইন্ জ্বা—আ নাস্বরুম্
আল্লাহর প্রতি, কিন্তু যখন আল্লাহর রাস্তায় (চলার কারণে) তাদের কোন দুঃখ-কষ্ট এসে পৌছে, তখন তারা মানুষের কষ্টকে শাস্তির মত মনে করে। আর যদি কোন সাহায্য

০ টীকা (আঃ ৪) ঃ বস্তুতঃ বিশ্বাসের সহিত ইসলাম গ্রহণকারী পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকে; বরং এতে তারা অধিকতর দৃঢ় হয়। আর যারা সাময়িক সুবিধা এড়াবার জন্য মুসলমান হয়, তারা এরূপ সময়ে ইসলাম ত্যাগ করে বসে। আর এরূপ কপটাচারীকে চিনে নেওয়াও এই পরীক্ষার এক উদ্দেশ্য। কেননা, কপটাচারীরা মুসলমানদের সাথে মিলিলে নানা প্রকার ক্ষতির আশংকা আছে। বিশেষতঃ ইসলামের প্রাথমিক অবস্থায় এটা বিপজ্জনক। (বঃ কোঃ)

০ টীকা (আঃ ৮) ঃ বস্তুতঃ সকল বস্তুই এরূপ এবং উহা উপাস্য না হওয়ার পক্ষে যথেষ্ট প্রমাণ বিদ্যমান রয়েছে। (বঃ কোঃ)

০ শানে নুযূল (আঃ ৮) ঃ সা'আদ ইবনে আবিওয়াক্কাস (রা) ইসলাম গ্রহণ করলে তাঁর মাতা বললেন, পিতা-মাতার আদেশ পালন করা আল্লাহর নির্দেশ। তুমি ইসলাম ত্যাগ না করলে আমি অনাহারব্রত পালন করব। এ সম্বন্ধে আয়াতটি নাযিল হয়। (নুঃ কোঃ)

مِنْ رَّبِّكَ لَيَقُوْلُنَّ اِنَّا كُنَّا مَعَكُمْ ۚ اَوَلَيْسَ اللّٰهُ بِاَعْلَمَ بِمَا فِيْ صُدُوْرِ الْعٰلَمِيْنَ ○

মির্ রাব্বিকা লাইয়াকূলুন্না ইন্না- কুন্না- মা'আকুম ; আওয়া লাইসাল্লা-হু বিআ'লামা বিমা-ফী স্বুদূরিল্ 'আ-লামীন।
এসে যায় আপনার প্রতিপালকের, তখন তারা বলতে থাকে যে, আমরা তো তোমাদের সাথেই ছিলাম। বিশ্ববাসীর অন্তরে যা কিছু আছে, সে বিষয় আল্লাহর কি জানা নেই?

(১১) وَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَلَيَعْلَمَنَّ الْمُنٰفِقِيْنَ (১২) وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا

১১। ওয়া লাইয়া'লামান্নাল লা-হুল লাযীনা আ-মানূ ওয়া লাইয়া'লামান্নাল্ মুনা-ফিক্বীন। ১২। ওয়া ক্বা-লাল্লাযীনা কাফারূ
(১১) আর আল্লাহ (প্রকাশ্যভাবে) জেনে নিবেন, যারা ঈমান এনেছে তাদেরকে এবং জেনে নিবেন মুনাফিকদেরকে। (১২) কাফিরেরা মুমিনদের বলে,

لِلَّذِيْنَ اٰمَنُوا اتَّبِعُوْا سَبِيْلَنَا وَلْنَحْمِلْ خَطٰيٰكُمْ ۖ وَمَا هُمْ بِحٰمِلِيْنَ مِنْ خَطٰيٰهُمْ

লিল্লাযীনা আ-মানুত্ তাবি'উ সাবীলানা- ওয়াল্‌নাহ্মিল্ খাত্বা-ইয়া-কুম; ওয়া মা-হুম্ বিহ্বা-মিলীনা মিন্ খাত্বা-ইয়া-হুম
তোমরা আমাদের পথ অনুসরণ কর; আমরা তোমাদের পাপসমূহ বহন করব। অথচ তারা তাদের পাপের কিছুই বহন

مِّنْ شَيْءٍ ۖ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ (১৩) وَلَيَحْمِلُنَّ اَثْقَالَهُمْ وَاَثْقَالًا مَّعَ اَثْقَالِهِمْ ۫

মিন্ শাইয়িন; ইন্নাহুম লাকা-যিবূন।১৩। ওয়া লাইয়াহ্বমিলুন্না আছক্বা-লাহুম ওয়া আছক্বা-লাম্ মা'আ আছক্বা-লিহিম্,
করবে না, নিশ্চয়ই তারা মিথ্যাবাদী। (১৩) অবশ্যই তারা নিজেদের (পাপের) বোঝা বহন করবে এবং নিজেদের বোঝার সাথে আরও বোঝা; কিয়ামতের দিন

وَلَيُسْـَٔلُنَّ يَوْمَ الْقِيٰمَةِ عَمَّا كَانُوْا يَفْتَرُوْنَ (১৪) وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَلَبِثَ ع ১৩ রুকূ

ওয়ালাইউস্‌আলুন্না ইয়াওমাল্ ক্বিয়া-মাতি 'আম্মা- কা-নূ ইয়াফ্‌তারূন। ১৪। ওয়া লাক্বাদ্ আরসাল্‌না- নূহ্বান ইলা- ক্বাওমিহী ফালাবিছা
অবশ্যই তাদেরকে জিজ্ঞাসা করা হবে সে সম্পর্কে, যা তারা মিথ্যা বানিয়ে বলেছিল। (১৪) আমি নূহকে তার সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছিলাম। সে তাদের মাঝে

فِيْهِمْ اَلْفَ سَنَةٍ اِلَّا خَمْسِيْنَ عَامًا ۖ فَاَخَذَهُمُ الطُّوْفَانُ وَهُمْ ظٰلِمُوْنَ (১৫) فَاَنْجَيْنٰهُ

ফীহিম্ আল্‌ফা সানাতিন্ ইল্লা- খাম্‌সীনা'আ-মান ; ফাআখাযাহুমুত্ব তূফা-নু ওয়া হুম জা-লিমূন। ১৫। ফাআন্‌জ্বাইনা-হু
সাড়ে নয় শত বছর পর্যন্ত অবস্থান করেছিল। অতঃপর তাদেরকে তুফান (এসে) পাকড়াও করল আর তারা ছিল অত্যাচারী। (১৫) আমি তাঁকে ও নৌকার

وَاَصْحٰبَ السَّفِيْنَةِ وَجَعَلْنٰهَا اٰيَةً لِّلْعٰلَمِيْنَ (১৬) وَاِبْرٰهِيْمَ اِذْ قَالَ لِقَوْمِهِ اعْبُدُوا

ওয়াআস্‌হ্বা-বাস্ সাফীনাতি ওজ্বা'আল্‌না-হা~আ-ইয়াতাল্ লিল্ 'আ-লামীন। ১৬। ওয়া ইব্রা-হীমা ইয্ ক্বা-লা লিক্বাওমিহি'বুদুল
আরোহীগণকে রক্ষা করেছিলাম এবং এ ঘটনাকে আমি বিশ্ববাসীর জন্য দৃষ্টান্ত স্বরূপ করলাম। (১৬) আর ইবরাহীমের কথা শুনুন, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল যে,

اللّٰهَ وَاتَّقُوْهُ ۖ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ (১৭) اِنَّمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ

লা-হা ওয়াত্তাকূহু ; যা-লিকুম খাইরুল্লাকুম্ ইন্ কুনতুম্ তা'লামূন। ১৭। ইন্নামা- তা'বুদূনা মিন্ দূনিল্লা-হি
তোমরা আল্লাহর ইবাদাত কর এবং তাঁকে ভয় কর; এটাই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা বুঝতে। (১৭) তোমরা তো আল্লাহ ব্যতীত কেবল মূর্তিগুলোর

○ টীকা (আঃ ১২) ঃ 'আমরা তোমাদের গোনাহ্‌সমূহ বহন করব' মর্মে কাফেরগণের দাবি ছিল যে, তরা মুসলমানদের বলত আমরা তোমাদেরকে ধর্মের সত্যপথ প্রদর্শন করতেছি; এতদসত্ত্বেও তোমরা যদি আমাদের কোথায় সন্দিহান হও তবে আমরা আল্লাহর নিকট গিয়া তোমাদের জন্য জবাবদিহি করব। আর খোদা না করেন, যদি তোমাদের প্রতি শাস্তি বিধান হয় তা হলে আমরা তোমাদের শাস্তির অংশগ্রহণ করব। ○ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ مع اثقالهم - কাফির নেতৃবৃন্দ এবং ভ্রান্ত পথের দিকে আহ্বানকারীরা নিজেদের গুনাহর বোঝার সাথে তাদের বোঝাও বহন করবে যারা তাদের প্রচেষ্টায় ও আহ্বানে পথভ্রষ্ট হয়েছে। (কুঃ কারীম)

● তিন চতুর্থাংশ রুকূ ১২ ع ৯ ৭ ওয়াক্বফে লাযেম

اَوْثَانًا وَّتَخْلُقُوْنَ اِفْكًا ۚ اِنَّ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَا يَمْلِكُوْنَ لَكُمْ

আওছা-নাওঁ ওয়া তাখ্‌লুকূনা ইফ্‌কান ; ইন্নাল্ লাযীনা তা'বুদূনা মিন্ দূনিল্লা-হি লা- ইয়াম্‌লিকূনা লাকুম
পূজা করছো এবং তোমরা মিথ্যা (কথা) উদ্ভাবন করতেছ। যাদেরকে তোমরা আল্লাহ ব্যতীত পূজা কর, তারা তোমাদের রিযিকের মালিক নয়,

رِزْقًا فَابْتَغُوْا عِنْدَ اللّٰهِ الرِّزْقَ وَاعْبُدُوْهُ وَاشْكُرُوْا لَهٗ ۖ اِلَيْهِ تُرْجَعُوْنَ (১৮) وَاِنْ

রিয্‌ক্বান ফাব্‌তাগূ 'ইন্‌দাল্লা-হির্ রিয্‌ক্বা ওয়া'বুদূহু ওয়াশ্‌কুরূ লাহূ ; ইলাইহি তুরজ্বা'উন। ১৮। ওয়া ইন্
সুতরাং তোমরা আল্লাহর কাছে (তোমাদের) রিযিক চাও এবং তাঁরই ইবাদাত কর ও তাঁর কৃতজ্ঞতা স্বীকার কর; তাঁর কাছেই তোমরা ফিরে যাবে। (১৮) আর তোমরা

تُكَذِّبُوْا فَقَدْ كَذَّبَ اُمَمٌ مِّنْ قَبْلِكُمْ ۖ وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ○

তুকায্‌যিবূ ফাক্বাদ্ কায্‌যাবা উমামুম্ মিন্ ক্বাব্‌লিকুম্ ; ওয়া মা-'আলার্ রাসূলি ইল্লাল্ বালা-গুল মুবীন।
যদি (নবীকে) অবিশ্বাস কর, তবে তোমাদের পূর্ববর্তী অনেক দলই; (নবীকে) অবিশ্বাস করেছিল রাসূলের দায়িত্বতো শুধু প্রকাশ্যভাবে (আল্লাহর বাণী) পৌঁছিয়ে দেয়া।

(১৯) اَوَلَمْ يَرَوْا كَيْفَ يُبْدِئُ اللّٰهُ الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ۚ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ○

১৯। আওয়ালাম্ ইয়ারাও কাইফা ইউব্‌দিউল লা-হুল্ খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ; ইন্না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীর।
(১৯) তারা কি দেখে না, কিভাবে আল্লাহ সৃষ্টিকে প্রথমে সৃষ্টি করেন, অতঃপর আল্লাহ তাকে (মৃত্যু ঘটিয়ে) দ্বিতীয় বার সৃষ্টি করবেন? নিশ্চয়ই আল্লাহর জন্য এটা খুবই সহজ।

(২০) قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ بَدَاَ الْخَلْقَ ثُمَّ اللّٰهُ يُنْشِئُ النَّشْاَةَ

২০। ক্বুল্ সীরূ ফিল্ আরদ্বি ফান্‌জুরূ কাইফা বাদাআল্ খাল্‌ক্বা ছুম্মাল্লা-হু ইউন্‌শিউন্ নাশ্‌আতাল্
(২০) আপনি বলুন, পৃথিবীতে ভ্রমণ কর এবং দেখ, কিভাবে আল্লাহ সৃষ্টিকে প্রথমে সৃষ্টি করেন? অতঃপর আল্লাহই দ্বিতীয়বার নতুনভাবে

الْاٰخِرَةَ ۚ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ (২১) يُعَذِّبُ مَنْ يَّشَاءُ وَيَرْحَمُ مَنْ يَّشَاءُ ۚ

আ-খিরাতা ; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়্যিন্ ক্বাদীর্। ২১। ইউ'আয্‌যিবু মাই ইয়াশা—উ ওয়া ইয়ার্‌হামু মাই ইয়াশা—উ
সৃষ্টি করবেন। নিশ্চয়ই আল্লাহ সর্ব বিষয়ের উপর ক্ষমতাবান। (২১) তিনি যাকে ইচ্ছা শাস্তি দিবেন এবং যাকে ইচ্ছা দয়া করবেন।

وَاِلَيْهِ تُقْلَبُوْنَ (২২) وَمَا اَنْتُمْ بِمُعْجِزِيْنَ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَاءِ ۫ وَمَا لَكُمْ

ওয়া ইলাইহি তুক্বলাবূন। ২২। আনতুম্ বিমু'জ্বিযীনা ফিল্ আর্‌দ্বি ওয়ালা- ফিস্ সামা—ই, ওয়া মা- লাকুম
তাঁর নিকটেই তোমরা ফিরে যাবে। (২২) তোমরা পৃথিবীতে আল্লাহকে অপারগ করতে পারবে না এবং আকাশেও না।

ع ৯ ২ ১৪ রুকূ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ (২৩) وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ اللّٰهِ وَلِقَآئِهٖ

মিন্ দূনিল্লা-হি মিও ওয়ালিইয়্যিওঁ ওয়ালা- নাস্বীর। ২৩। ওয়াল্লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিল্লা-হি ওয়া লিক্বা—ইহী~
আল্লাহ ব্যতীত তোমাদের কোন বন্ধু নেই এবং সাহায্যকারীও নেই। (২৩) যারা আল্লাহর আয়াতসমূহ এবং তাঁর সাক্ষাৎকে অস্বীকার করে,

○ টীকা (আঃ ২০) ঃ যদিও আল্লাহ্ তা'আলার অপার ক্ষমতার প্রতি লক্ষ্য করলে বুঝা যায় যে, উভয় প্রকার সৃষ্টিই তাঁর পক্ষে সহজ, তথাপি প্রকাশ্যে বুঝা যায় যে, প্রথমবারের সৃষ্টি অপেক্ষা দ্বিতীয়বারের সৃষ্টি অধিকতর সহজ। অথচ তারা প্রথমবারের সৃষ্টির স্রষ্টা আল্লাহ্‌কে স্বীকার করে থাকে, দ্বিতীয়বারের সৃষ্টি তদপেক্ষা সহজ, কাজেই এতে প্রমাণিত হয় যে, তিনি পুনরায় সৃষ্টি করতে সক্ষম।
○ টীকা (আঃ ২১) ঃ অর্থাৎ, এই শাস্তি প্রদান ও অনুগ্রহ করার ব্যাপারে অপর কারও কোন প্রভাব থাকবে না। কেননা, তোমরা সকলে তাঁর নিকট প্রত্যাবর্তন করবে। অপর কারও নিকট নয় এবং তাঁর শাস্তি হতে রক্ষা পাওয়ার কোন উপায়ই নেই। কেননা, তোমরা পৃথিবীতেও খোদার হাতে ধরা না'দিয়া পলায়ন করে তাঁকে অক্ষম করতে পার না। এবং আসমানে উড়েও না। (বঃ কোঃ)

أُولَٰئِكَ يَئِسُوا مِن رَّحْمَتِي وَأُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٢٣﴾ فَمَا كَانَ جَوَابَ

উলা—ইকা ইয়াইসূ মির্ রাহ্‌মাতী ওয়া উলা—ইকা লাহুম 'আযা-বুন আলীম। ২৪। ফামা- কা-না জ্বাওয়া-বা

তারা আমার রহমত থেকে নিরাশ হয় এবং তাদের জন্য (রয়েছে) যন্ত্রণাময় শাস্তি। (২৪) তাদের সম্প্রদায়ের কোন জবাবই

قَوْمِهِ إِلَّا أَن قَالُوا اقْتُلُوهُ أَوْ حَرِّقُوهُ فَأَنجَاهُ اللَّهُ مِنَ النَّارِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ

ক্বাওমিহী~ইল্লা~আন্ ক্বা-লুক্ব তুলূহু আও হ্বাররিক্বূহু ফাআন্‌জ্বা-হুল্লা-হু মিনান্ না-রি ; ইন্না ফী যা-লিকা

ছিল না, শুধু তারা বলল, 'তাকে হত্যা কর অথবা জ্বালিয়ে দাও'। অতঃপর আল্লাহ তাকে অগ্নি হতে রক্ষা করেছিলেন; নিশ্চয়ই এতে

لَآيَاتٍ لِّقَوْمٍ يُؤْمِنُونَ ﴿٢٤﴾ وَقَالَ إِنَّمَا اتَّخَذْتُم مِّن دُونِ اللَّهِ أَوْثَانًا مَّوَدَّةَ

লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিঁই ইউ'মিনূন। ২৫। ওয়া ক্বা-লা ইন্নামাত্ তাখায্‌তুম্ মিন্ দূনিল্লা-হি আওছা-নাম্ মাওয়াদ্দাতা

মুমিন লোকদের জন্য নিদর্শন রয়েছে। (২৫) ইব্রাহীম বলল, পার্থিব জীবনে তোমাদের পারস্পরিক ভালোবাসার জন্য, তোমরা আল্লাহ্ ব্যতীত

بَيْنِكُمْ فِي الْحَيَاةِ الدُّنْيَا ۖ ثُمَّ يَوْمَ الْقِيَامَةِ يَكْفُرُ بَعْضُكُم بِبَعْضٍ وَيَلْعَنُ

বাইনিকুম ফিল হ্বাইয়া-তিদ্ দুন্‌ইয়া-, ছুম্মা ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইয়াক্‌ফুরু বা'দ্বুকুম্ বিবা'দ্বিও ওয়া ইয়াল্'আনু

মূর্তিগুলোকে (খোদা হিসেবে) গ্রহণ করেছ; পরে কিয়ামতের দিন তোমরা একে অপরকে অস্বীকার করবে এবং একে অন্যকে

بَعْضُكُم بَعْضًا وَمَأْوَاكُمُ النَّارُ وَمَا لَكُم مِّن نَّاصِرِينَ ﴿٢٥﴾ فَآمَنَ لَهُ لُوطٌ ۘ وَقَالَ

বা'দ্বুকুম্ বা'দ্বাওঁ ওয়া মা'ওয়া-কুমুন্ না-রু ওয়া মা- লাকুম্ মিন্ না-স্বিরীন। ২৬। ফাআ-মানা লাহূ লূত্বুন। ওয়া ক্বা-লা

অভিশাপ দিবে। তোমাদের ঠিকানা হবে জাহান্নাম এবং তোমাদের কোনই সাহায্যকারী হবে না। (২৬) লূত ইবরাহীমের প্রতি ঈমান এনেছিল। ইবরাহীম বলল,

إِنِّي مُهَاجِرٌ إِلَىٰ رَبِّي ۖ إِنَّهُ هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٢٦﴾ وَوَهَبْنَا لَهُ إِسْحَاقَ وَيَعْقُوبَ

ইন্নী মুহা-জ্বিরুন্ ইলা-রাব্বী ; ইন্নাহূ হুওয়াল্ 'আযীযুল হ্বাকীম। ২৭। ওয়া ওয়াহাব্‌না- লাহূ~ইস্‌হ্বা-ক্বা ওয়াইয়া'ক্বূবা

আমি দেশ ছেড়ে যাচ্ছি আমার প্রতিপালকের উদ্দেশ্যে। নিশ্চয়ই তিনি পরাক্রমশালী বিজ্ঞময়। (২৭) আমি ইবরাহীমকে দান করেছিলাম, ইসহাক ও ইয়াকুব

وَجَعَلْنَا فِي ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتَابَ وَآتَيْنَاهُ أَجْرَهُ فِي الدُّنْيَا ۖ وَإِنَّهُ فِي الْآخِرَةِ

ওয়া জ্বা'আল্‌না- ফী যুররিয়্যাতিহিন্ নুবুওয়্যাতা ওয়াল্‌কিতা-বা ওয়া আ-তাইনা-হু আজ্বরাহূ ফিদ্ দুনইয়া-, ওয়া ইন্নাহূ ফিল আ-খিরাতি

এবং রেখে দিয়েছি তার বংশধরদের মধ্যে নবুওয়াত ও কিতাব এবং তাকে আমি ইহকালে প্রতিদান দিয়েছিলাম। আর নিশ্চয়ই সে

لَمِنَ الصَّالِحِينَ ﴿٢٧﴾ وَلُوطًا إِذْ قَالَ لِقَوْمِهِ إِنَّكُمْ لَتَأْتُونَ الْفَاحِشَةَ مَا سَبَقَكُم

লামিনাস্ব স্বা-লিহ্বীন্। ২৮। ওয়া লূত্বান্ ইয্ ক্বা-লা লিক্বাওমিহী ~ইন্নাকুম লাতা'তূনাল্ ফা-হ্বিশাতা মা- সাবাক্বাকুম্

পুণ্যবানদের অন্তর্ভুক্ত। (২৮) লূতের কাহিনীও বর্ণনা করুন, যখন সে তার সম্প্রদায়কে বলল, তোমরা এমন এক অশ্লীল কাজে লিপ্ত, যা তোমাদের পূর্বে

○ টীকা (আঃ ২৬) ঃ লূত (আ) ইবরাহীম (আ)-এর ভাগিনা বা ভাতিজা ছিলেন। হযরত ইবরাহীম (আ) অগ্নিকুণ্ড হতে নিরাপদে বের হয়ে আসলে তিনি তাঁর প্রতি ঈমান আনয়ন করেন। (মুঃ কোঃ) ○ টীকা (আঃ ২৭) ঃ অতএব, তিনি লূত (আ) ও সারাকে নিয়ে শাম দেশের দিকে হিজরত করে চলে যান। তথা হতে লূত (আ) মু'তাফেকাহ নামক স্থানে গমন করেন। হিজরতের সময় ইবরাহীম (আ)-এর বয়স ৭৫ বৎসর ছিল। এই বৎসরেই বিবি হাজেরার গর্ভে ইসমাঈল (আ) জন্মগ্রহণ করেন এবং তাঁর ১২০ বৎসর বয়সকালে বিবি সারার গর্ভে হযরত ইসহাক (আ) জন্মগ্রহণ করেন। (মুঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ قال انى مهاجر -এ কথাটি কারো মতে, হযরত লূত (আ) বলেছিলেন। কারো মতে, হযরত ইবরাহীম (আ) বলেছিলেন। কারো মতে, উভয়ই হিজরত করেছিলেন। (কুঃ কারীম)

بِهَا مِنْ أَحَدٍ مِّنَ الْعَالَمِينَ ﴿٢٨﴾ أَئِنَّكُمْ لَتَأْتُونَ الرِّجَالَ وَتَقْطَعُونَ السَّبِيلَ ۙ

বিহা- মিন্ আহ্বাদিম্ মিনাল্ 'আ-লামীন। ২৯। আইন্নাকুম লাতা'তূনার্ রিজ্বা-লা ওয়া তাক্বত্বা'ঊনাস্ সাবীলা

পৃথিবীতে অন্য আর কেউ করেনি। (২৯) তোমরা কি পুরুষদের কাছে (অশ্লীল কাজের উদ্দেশ্যে) গমন কর এবং তোমরা কি রাজপথে সন্ত্রাসী কর, আর তোমরা কি

وَتَأْتُونَ فِي نَادِيكُمُ الْمُنكَرَ ۖ فَمَا كَانَ جَوَابَ قَوْمِهِ إِلَّا أَن قَالُوا ائْتِنَا

ওয়া তা'তূনা ফী না-দীকুমুল মুন্‌কারা ; ফামা- কা-না জ্বাওয়া-বা ক্বাওমিহী~ইল্লা~আন্ ক্বা-লু'তিনা-

তোমাদের মজলিসের মধ্যে (প্রকাশ্যে) নিকৃষ্ট কাজ কর? তার সম্প্রদায়ের (এ ব্যাপারে) কোনই জবাবই ছিল না, শুধু তারা বলল, আমাদের কাছে

بِعَذَابِ اللَّهِ إِن كُنتَ مِنَ الصَّادِقِينَ ﴿٢٩﴾ قَالَ رَبِّ انصُرْنِي عَلَى الْقَوْمِ

বি'আযা-বিল্লা-হি ইন্ কুন্‌তা মিনাস্ব স্বা-দিক্বীন। ৩০। ক্বা-লা রাব্বিন্ স্বুরনী 'আলাল্ ক্বাওমিল্

আল্লাহর শাস্তি নিয়ে আস, যদি তুমি সত্যবাদী হয়ে থাক। (৩০) লূত বলল, হে আমার প্রতিপালক! আপনি আমাকে পাপাচারী সম্প্রদায়ের মোকাবেলায়

الْمُفْسِدِينَ ﴿٣٠﴾ وَلَمَّا جَاءَتْ رُسُلُنَا إِبْرَاهِيمَ بِالْبُشْرَىٰ قَالُوا إِنَّا مُهْلِكُو أَهْلِ

মুফ্‌সিদীন। ৩১। ওয়া লাম্মা- জ্বা—আত্ রুসুলুনা~ইব্রা-হীমা বিল্‌বুশ্‌রা- ক্বা-লূ~ইন্না- মুহ্‌লিকূ~আহ্‌লি

সাহায্য করুন। (৩১) যখন আমার প্রেরিত ফেরেশতা ইবরাহীমের কাছে সুসংবাদ নিয়ে আগমন করল, তখন তারা বলেছিল, আমরা এ জনপদের অধিবাসীদের

هَٰذِهِ الْقَرْيَةِ ۖ إِنَّ أَهْلَهَا كَانُوا ظَالِمِينَ ﴿٣١﴾ قَالَ إِنَّ فِيهَا لُوطًا ۚ قَالُوا نَحْنُ أَعْلَمُ

হা-যিহিল্ ক্বারইয়াতি, ইন্না আহ্‌লাহা- কা-নূ জ্বা-লিমীন। ৩২। ক্বা-লা ইন্না ফীহা- লূত্বান্ ; কা-লূ নাহ্বনু আ'লামু

বিনাশ করব। নিশ্চয় এখানের অধিবাসীরা অত্যাচারী। (৩২) ইবরাহীম বলল, এখানে তো লূত আছে, ফেরেশতারা বলল, আমরা খুবই ভাল জানি, সেখানে যারা

بِمَن فِيهَا ۖ لَنُنَجِّيَنَّهُ وَأَهْلَهُ إِلَّا امْرَأَتَهُ كَانَتْ مِنَ الْغَابِرِينَ ﴿٣٢﴾ وَلَمَّا أَن

বিমান্ ফীহা- লানুনাজ্জিয়ান্নাহূ ওয়া আহ্‌লাহূ~ইল্লাম্ রাআতাহূ কা-নাত্ মিনাল্ গা-বিরীন। ৩৩। ওয়া লাম্মা~আন্

আছে (তাদের সম্পর্কে)। আমরা রক্ষা করব তাকে ও তার পরিবার-পরিজনকে, কিন্তু তার স্ত্রী ব্যতীত; সে (স্ত্রী) তো থাকবে পশ্চাদ্বর্তীদের মধ্যে। (৩৩) যখন লূতের নিকট

جَاءَتْ رُسُلُنَا لُوطًا سِيءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَقَالُوا لَا تَخَفْ وَلَا تَحْزَنْ ۖ

জ্বা—আত্ রুসুলুনা- লূত্বান্ সী—আ বিহিম্ ওয়া দ্বা-ক্বা বিহিম যার'আওঁ ওয়া ক্বা-লূ লা-তাখাফ্ ওয়ালা- তাহ্বযান্,

আমার প্রেরিত রাসূল পৌঁছল, তখন সে তাদেরকে দেখে চিন্তিত হয়ে পড়ে এবং তাদের (অতিথেয়তার) ব্যাপারে সংকটে পড়ে যায়। তারা বলল, ভয় কর না এবং চিন্তিত

إِنَّا مُنَجُّوكَ وَأَهْلَكَ إِلَّا امْرَأَتَكَ كَانَتْ مِنَ الْغَابِرِينَ ﴿٣٣﴾ إِنَّا مُنزِلُونَ عَلَىٰ

ইন্না-মুনাজ্জূকা ওয়া আহ্‌লাকা ইল্লাম্ রাআতাকা কা-নাত্ মিনাল্ গা-বিরীন। ৩৪। ইন্না- মুন্‌যিলূনা 'আলা~

হয়ো না, নিশ্চয়ই আমি তোমাকে এবং তোমার পরিবার-পরিজনকে রক্ষা করব, কিন্তু শুধু তোমার স্ত্রী ব্যতীত। সে তো পশ্চাদ্বর্তীদের মধ্যে থাকবে। (৩৪) আমরা

○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ وتقطعون السبيل - অর্থাৎ পথিকদের পাকড়াও করে তাদের সাথে তোমরা অশ্লীল কাজ করে থাক, তোমরা পথিকদের মালামাল লুট করে থাক এবং তাদেরকে হত্যা করে দাও। এসব কারণে রাস্তায় যাতায়াত বন্ধ হয়ে যেত এবং এ বন্ধের কারণ তোমরাই। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৩২) ঃ من الغبرين - অর্থাৎ সে (স্ত্রী) পশ্চাদ্বর্তীদের মধ্যে থাকবে এবং তাদের সাথে ধ্বংস হবে। কেননা, সে মুমিন ছিল না; বরং ওদের সহযোগী ছিল। ○ বিশ্লেষণ (আঃ ৩৩) ঃ سئ بهم - অর্থাৎ লূত (আ), চরিত্রবান ও সুন্দর চেহারার অধিকারী মেহমানদেরকে অসৎ চরিত্রের সম্প্রদায় থেকে বাঁচানোর জন্য কোন পথ না পেয়ে চিন্তিত হয়ে পড়েন এবং তাদের মেহমানদারীর ব্যাপারেও সংকটে পড়ে যান। অর্থাৎ না বিদায় দিতে পারেন, না নিরাপদে রাখতে পারেন।

اهل هذه القرية رجزا من السماء بما كانوا يفسقون ۝ ولقد تركنا منها اية

আহ্‌লি হা-যিহিল্ ক্বার্‌ইয়াতি রিজ্‌যাম্ মিনাস্ সামা—ই বিমা- কা-নূ ইয়াফ্‌সুক্বূন। ৩৫। ওয়া লাক্বাত্ তারাক্‌না- মিন্‌হা~আ-ইয়াতাম্

এ জনপদের অধিবাসীদের উপর আকাশ হতে শাস্তি অবতীর্ণ করব। কারণ, তারা ছিল পাপাচারী। (৩৫) নিশ্চয়ই আমি সে জনপদটিকে একটি স্পষ্ট দৃষ্টান্ত বানিয়ে রেখেছি,

بينة لقوم يعقلون ۝ والى مدين اخاهم شعيبا فقال يقوم اعبدوا الله

বাইয়্যিনাতাল্ লিক্বাওমিঁই ইয়া'ক্বিলূন। ৩৬। ওয়া ইলা- মাদ্‌ইয়ানা আখা-হুম শু'আইবান্ ফাক্বা-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা

জ্ঞানবানদের জন্য। (৩৬) আমি মাদায়েনে অধিবাসীদের প্রতি তার ভাই শোয়ায়েবকে প্রেরণ করলাম। সে বলল, হে আমার সম্প্রদায়! আল্লাহর ইবাদত কর এবং

وارجوا اليوم الاخر ولا تعثوا في الارض مفسدين ۝ فكذبوه فاخذتهم

ওয়ার্‌জুল্ ইয়াওমাল্ আ-খিরা ওয়ালা- তা'ছাও ফিল্ আরদ্বি মুফ্‌সিদীন। ৩৭। ফাকায্‌যাবূহু ফাআখাযাত্ হুমুর্

পরকাল দিবসের প্রতীক্ষায় থাক। আর পৃথিবীতে বিশৃংখলা সৃষ্টি কর না। (৩৭) কিন্তু এরপরেও তারা তাকে মিথ্যাবাদী বলল, অতঃপর তাদেরকে ভূমিকম্প পাকড়াও

الرجفة فاصبحوا في دارهم جثمين ۝ وعادا وثمودا وقد تبين لكم من

রাজ্‌ফাতু ফাআস্‌বাহূ ফী দা-রিহিম জ্বা-ছিমীন। ৩৮। ওয়া 'আ-দাওঁ ওয়া ছামূদা ওয়া ক্বাত্ তাবাইয়্যানা লাকুম্ মিম্

করল। ফলে তারা তাদের গৃহে উপুড় মুখ হয়ে (মৃত অবস্থায়) পড়ে রইল। (৩৮) আমি আদ ও সামূদকে ধ্বংস করেছিলাম এবং তোমাদের শিক্ষার জন্য প্রকাশ্যভাবে

مسكنهم وزين لهم الشيطن اعمالهم فصدهم عن السبيل وكانوا

মাসা-কিনিহিম, ওয়া যাইয়্যানা লাহুমুশ্ শাইত্বা-নু আ'মা-লাহুম ফাস্বাদ্দাহুম 'আনিস্ সাবীলি ওয়া কা-নূ

রয়েছে তাদের কিছু আবাস স্থল। শয়তান তাদেরকে তাদের (খারাপ) কাজগুলো সুসজ্জিত করে দেখিয়ে ছিল এবং তাদেরকে (আল্লাহর) পথে (যেতে) বাধা দিয়েছিল, যদিও তারা

مستبصرين ۝ وقارون وفرعون وهامن ولقد جاءهم موسى بالبينت

মুস্‌তাব্‌স্বিরীন। ৩৯। ওয়া ক্বা-রূনা ওয়া ফির'আওনা ওয়া হা-মা-না, ওয়া লাক্বাদ্ জ্বা—আহুম মূসা- বিল্‌বাইয়্যিনা-তি

ছিল জ্ঞান গরিমায় অভিজ্ঞ। (৩৯) (হে নবী স্মরণ করুন!) কারুন, ফিরআউন ও (তার মন্ত্রী) হামানের কথা। নিশ্চয়ই মূসা তাদের কাছে স্পষ্ট নিদর্শন (মুজেযা)সহ এসেছিল,

فاستكبروا في الارض وما كانوا سبقين ۝ فكلا اخذنا بذنبه فمنهم من

ফাস্‌তাক্‌বারূ ফিল্ আরদ্বি ওয়ামা- কা-নূ সা-বিক্বীন। ৪০। ফাকুল্লান্ আখায্‌না- বিযাম্‌বিহী ফামিন্‌হুম মান্

এরপরেও তারা পৃথিবীতে খুবই অহংকার করত। কিন্তু তারা আমার (শাস্তি) থেকে এড়িয়ে যেতে সক্ষম হয়নি। (৪০) তাদের প্রত্যেককেই তাদের গুনাহর জন্য আমি

ارسلنا عليه حاصبا ومنهم من اخذته الصيحة ومنهم من خسفنا به

আরসাল্‌না-'আলাইহি হ্বা-স্বিবান, ওয়া মিন্‌হুম্ মান্ আখাযাত্‌হুস্ স্বাইহ্বাতু, ওয়া মিন্‌হুম্ মান্ খাসাফ্‌না- বিহিল্

পাকড়াও করেছিলাম। তাদের কতকের উপর আমি বর্ষণ করেছিলাম ঘূর্ণিকড় আকারে শিলা বৃষ্টি এবং তাদের কতককে বিকট আওয়াজ পাকড়াও করেছিল এবং তাদের মধ্যে

○ টীকা (আঃ ৩৭) ঃ অর্থাৎ আল্লাহ্ তায়ালার নির্ধারিত শাস্তি তাদেরকে এরূপ অবসর দেয় নি যে, তারা সে অবসরে অন্যত্র সরে পড়ে; বরং তারা যে অবস্থায় ছিল সে অবস্থাতেই মৃত্যুমুখে পতিত হলো।

○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ حاصبا -এরা লূত সম্প্রদায়। কারো মতে, 'আদ সম্প্রদায়।

صيحة -এরা সামূদ সম্প্রদায় এবং মাদায়েনবাসীও। خسفنا - অর্থাৎ কারুনকে তার বানানো প্রাসাদসহ যমীনে দাবিয়ে দেয়া হয়েছিল।

اغرقنا - ফেরাউন, হামান ও তার সৈন্যবাহিনী। কারো মতে, নূহের (আ) সম্প্রদায় এর অন্তর্ভুক্ত। (তাঃ ওসমানী)

الارض ومنهم من اغرقنا وما كان الله ليظلمهم ولكن كانوا انفسهم

আরদ্বা, ওয়া মিনহুম্ মান্ আগ্‌রাক্বনা-, ওয়ামা- কা-নাল্লা-হু লিইয়াজ্‌লিমাহুম ওয়ালা-কিন্ কা-নূ~আন্‌ফুসাহুম

কতককে আমি দাবিয়ে দিয়েছি যমীনে, আর কতককে আমি (সমুদ্রে) ডুবিয়ে ছিলাম। আল্লাহ তাদের প্রতি মোটেই অবিচার করেন নি; বরং তারাই

يظلمون ۝ مثل الذين اتخذوا من دون الله اولياء كمثل العنكبوت

ইয়াজ্‌লিমূন। ৪১। মাছালুল্ লাযীনাত তাখাযূ মিন্ দূনিল্লা-হি আওলিয়া—আ কামাছালিল্ 'আন্‌কাবূতি,

তাদের প্রতি অবিচার করেছিল। (৪১) যারা আল্লাহ ব্যতীত অন্য কাউকে সাহায্যকারী হিসেবে গ্রহণ করে, তাদের উদাহরণ

اتخذت بيتا وان اوهن البيوت لبيت العنكبوت لو كانوا يعلمون

ইত্তাখাযাত্ বাইতান্ ; ওয়া ইন্না আওহানাল্ বুয়ূতি লা বাইতুল্ 'আন্‌কাবূতি। লাও কা-নূ ইয়া'লামূন।

মাকড়সা, সে নিজের জন্য একটি ঘর তৈরি করে, অথচ সব ঘরগুলোর মধ্যে সবচেয়ে দুর্বল ঘর মাকড়সারই ঘর। যদি তারা জানত!

۝ ان الله يعلم ما يدعون من دونه من شيء وهو العزيز الحكيم

৪২। ইন্নাল্লা-হা ইয়া'লামু মা- ইয়াদ্‌'উনা মিন্ দূনিহী মিন্ শাইয়্যিন ; ওয়া হুওয়াল্ 'আযীযুল্ হ্বাকীম।

(৪২) নিশ্চয়ই আল্লাহ তাদের জানেন, যাদেরকে তারা আল্লাহর পরিবর্তে ডাকে। তিনি (আল্লাহ) পরাক্রমশালী, প্রজ্ঞাবান।

۝ وتلك الامثال نضربها للناس وما يعقلها الا العلمون ۝ خلق الله

৪৩। ওয়া তিল্‌কাল্ আম্‌ছা-লু নাদ্বরিবুহা-লিন্না-সি, ওয়া মা- ইয়া'ক্বিলুহা~ইল্লাল্ 'আ-লিমূন। ৪৪। খালাক্বাল্লা-হুস্

(৪৩) আমি এ উদাহরণগুলো মানুষদের জন্য বর্ণনা করি। আর এগুলো একমাত্র তারাই বুঝে যারা জ্ঞানবান। (৪৪) আল্লাহ সৃষ্টি

السموت والارض بالحق ان في ذلك لاية للمؤمنين

সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা বিল্‌হ্বাক্বক্বি ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লিল্‌মু'মিনীন্।

করেন আকাশ ও পৃথিবী সঠিকভাবে নিশ্চয়ই এর মধ্যে রয়েছে মুমিনগণের জন্য নিদর্শন।

○ টীকা (আঃ ৪১) ঃ আল্লাহ তা'আলা এ আয়াতে অবিশ্বাসী মুশরিকদেরকে এক আল্লাহর পরিবর্তে কাল্পনিক মূর্তিগুলির উপাসনার কল্যাণের তুলনা মাকড়াসার জালের সঙ্গে করেছেন। মাকড়াসা যেমন গৃহ নির্মাণ করে অর্থাৎ জাল বিস্তার করে মনে করে, এটা আমাদের স্থায়ী গৃহ এবং আশ্রয়ের জন্য যথেষ্ট। অথচ তা সামান্য বাতাসের ধাক্কা কিংবা ঝাড়ুর আঘাতে নিশ্চিহ্ন হয়ে যায়। তেমনি মুশরিকদের কাল্পনিক উপাস্যদের পরিণতিও তাই। যারা নিজেদের বিন্দু মাত্র উপকার করতে সক্ষম নয়, তারা কিভাবে অন্যদের পরিত্রাণে সাহায্য করবে। এটা তাদের নিছক নির্বুদ্ধি ছাড়া আর কি হতে পারে? (মাঃ কুঃ)

○ টীকা (আঃ ৪৩) ঃ মাকড়সার জাল দ্বারা মুশরিকদের উপাস্যদের দৃষ্টান্ত দেয়ার পর এখন বলা হয়েছে যে, আমি সুস্পষ্ট দৃষ্টান্ত দ্বারা তাওহীদের স্বরূপ বর্ণনা করি; কিন্তু এসব দৃষ্টান্ত থেকেও কেবল জ্ঞানীগণই জ্ঞান আহরণ করে। অন্যরা চিন্তা-ভাবনাই করে না। ফলে সত্য তাদের সামনে প্রকাশ পায় না।

আল্লাহর কাছে জ্ঞানী কে? ঃ ইমাম বগভী হযরত জাবের থেকে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ (স) এই আয়াত তেলাওয়াত করে বললেন, সে-ই প্রকৃত জ্ঞানী, যে আল্লাহর কালাম নিয়ে চিন্তা-ভাবনা করে, তাঁর এবাদত পালন করে এবং তাঁর অসন্তুষ্টির কাজ থেকে বিরত থাকে। এ থেকে জানা গেল যে, কোরআন ও হাদীসের কিছু শব্দ বুঝে নিলে কেউ আল্লাহর কাছে জ্ঞানী (আলিম) হয় না, যে পর্যন্ত কোরআন নিয়ে চিন্তা-ভাবনার অভ্যাস গড়ে না তোলে এবং যে পর্যন্ত সে কোরআন অনুযায়ী আমল না করে। মুসনাদে আহমদের এক রেওয়ায়েতে হযরত আমর ইবনে আস বলেন, আমি রাসূলুল্লাহ (স)-এর কাছ থেকে এক হাজার দৃষ্টান্ত শিক্ষা করেছি। ইবনে কাসীর এই রেওয়ায়েতের উদ্ধৃতি দিয়ে লেখেন, এটা হযরত আমর ইবনে আসের একটি বিরাট শ্রেষ্ঠত্ব। কেননা, আল্লাহ তাআলা এই আয়াতে তাদেরকেই জ্ঞানী বলেছেন, যারা আল্লাহ ও রাসূল বর্ণিত দৃষ্টান্তসমূহ বোঝে। হযরত আমর ইবনে মুররা বলেন, আমি যখন এমন কোন আয়াতে পৌছি, যা আমার বোধগম্য নয়, তখন মনে খুব দুঃখ পাই।

٤٥ اُتْلُ مَاۤ اُوْحِيَ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ وَاَقِمِ الصَّلٰوةَ ؕ اِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ

৪৫। উত্‌লু মা~উহিয়া ইলাইকা মিনাল্ কিতা-বি ওয়া আক্বিমিস্ব্ স্বালা-তা ; ইন্নাস্ব স্বালা-তা তান্‌হা- 'আনিল্
(৪৫) যে কিতাব আপনার প্রতি অবতীর্ণ করা হয়েছে তা আবৃত্তি করুন এবং নামাজ কায়েম করুন। নিশ্চয়ই নামাজ বিরত রাখে

الْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ؕ وَلَذِكْرُ اللّٰهِ اَكْبَرُ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا تَصْنَعُوْنَ ٤٦ وَلَا

ফাহ্‌শা—ই ওয়াল্ মুন্‌কারি; ওয়া লাযিক্‌রুল্লা-হি আক্‌বারু ; ওয়াল্লা-হু ইয়া'লামু মা-তাস্বনা'উন। ৪৬। ওয়ালা-
অশ্লীল ও খারাপ কাজ থেকে। আল্লাহর যিকিরই সর্বশ্রেষ্ঠ (আমল)। তোমরা যা কিছু কর আল্লাহ তা জানেন। (৪৬) তোমরা

تُجَادِلُوْۤا اَهْلَ الْكِتٰبِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ ۖ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ

তুজা-দিলূ~আহ্‌লাল্ কিতা-বি ইল্লা- বিল্লাতী হিয়া আহ্‌সানু, ইল্লাল্লাযীনা জালামূ মিন্‌হুম
উত্তম পন্থা ব্যতীত; কিতাবীদের সাথে ঝগড়া করবে না কিন্তু তাদের মধ্যে যারা অন্যায়কারী, তাদের সাথে করতে পার; এবং

وَقُوْلُوْۤا اٰمَنَّا بِالَّذِيْۤ اُنْزِلَ اِلَيْنَا وَاُنْزِلَ اِلَيْكُمْ وَاِلٰهُنَا وَاِلٰهُكُمْ وَاحِدٌ

ওয়া কুলূ~আ-মান্না- বিল্লাযী~উন্‌যিলা ইলাইনা- ওয়া উন্‌যিলা ইলাইকুম ওয়া ইলা-হুনা- ওয়া ইলা-হুকুম ওয়া-হিদুঁও
বলুন, আমাদের তো সে কিতাবের প্রতি বিশ্বাস আছে, যা আমাদের প্রতি অবতীর্ণ হয়েছে এবং যা তোমাদের প্রতি অবতীর্ণ হয়েছে এবং আমাদের ও তোমাদের মা'বূদ তো

وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ٤٧ وَكَذٰلِكَ اَنْزَلْنَاۤ اِلَيْكَ الْكِتٰبَ ؕ فَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ

ওয়া নাহ্‌নু লাহূ মুস্‌লিমূন। ৪৭। ওয়া কাযা-লিকা আন্‌যাল্‌না~ইলাইকাল্ কিতা-বা, ফাল্লাযীনা আ-তাইনা-হুমুল
একজনই এবং আমরা সবই তার প্রতি আত্মসমর্পণকারী। (৪৭) এভাবেই আমি আপনার প্রতি কিতাব অবতীর্ণ করেছি। যাদেরকে আমি কিতাব দিয়েছি, তারা তার

الْكِتٰبَ يُؤْمِنُوْنَ بِهٖ ۚ وَمِنْ هٰۤؤُلَآءِ مَنْ يُّؤْمِنُ بِهٖ ؕ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَاۤ اِلَّا

কিতা-বা ইউ'মিনূনা বিহী, ওয়া মিন্ হা~উলা—ই মাইঁ ইউ'মিনু বিহী ; ওয়া মা- ইয়াজ্‌হাদু বিআ-ইয়া-তিনা~ইল্লাল্
প্রতি ঈমান রাখে এবং এদের (মুশরিকদের) মধ্যে হতেও কতিপয় এর প্রতি ঈমান রাখে। শুধু মাত্র কাফিরেরাই আমার আয়াতকে

الْكٰفِرُوْنَ ٤٨ وَمَا كُنْتَ تَتْلُوْا مِنْ قَبْلِهٖ مِنْ كِتٰبٍ وَّلَا تَخُطُّهٗ بِيَمِيْنِكَ اِذًا

কা-ফিরূন। ৪৮। ওয়ামা- কুন্‌তা তাত্‌লূ মিন্ ক্বাব্‌লিহী মিন্ কিতা-বিওঁ ওয়ালা- তাখুত্বুহূ বিয়ামীনিকা ইযাল্
অস্বীকার করে। (৪৮) হে মুহাম্মদ (স)! আপনি এর পূর্বে আর কোন কিতাব আবৃত্তি করেন নি এবং কোন কিতাবও আপনার হাত দ্বারা লিখেননি যে, বাতিল পন্থীরা

لَّارْتَابَ الْمُبْطِلُوْنَ ٤٩ بَلْ هُوَ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ فِيْ صُدُوْرِ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ ؕ

লারতা-বাল্ মুব্‌ত্বিলূন। ৪৯। বাল্ হুওয়া আ-ইয়া-তুম বাইয়্যিনা-তুন ফী স্বুদূরিল্ লাযীনা উতুল 'ইল্‌মা ;
(কুরআনের ব্যাপারে) সন্দেহ করবে। (৪৯) তবে এ কুরআন তাদের অন্তরে স্পষ্ট নির্দশন (হিসেবে রক্ষিত) যাদেরকে জ্ঞান দান করা হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৪৫) ঃ ولذكر الله اكبر - [আল্লাহর সর্বশেষ (আমল)] অর্থাৎ অশ্লীল ও গুনাহর কাজ থেকে বিরত রাখার ব্যাপারে নামাজের চেয়েও আল্লাহর যিকির অধিক ফলদায়ক। কারণ, মানুষ যখন পর্যন্ত নামাজে থাকে, ততক্ষণ অশ্লীল কাজ থেকে বিরত থাকে, নামাজের পরে এর ততটা প্রভাব থাকে না। কিন্তু সর্বদা আল্লাহর যিকির (স্মরণ) করার দ্বারা, আল্লাহর যিকিরই, তাকে অশ্লীল ও গুনাহর কাজ থেকে সর্ব সময়ের জন্য বিরত রাখে। তাই বান্দার উচিত কখনও আল্লাহর স্মরণ থেকে গাফিল না থাকা। ○ বিশ্লেষণ (আঃ ৪৬) ঃ انزل الينا - অর্থাৎ কুরআন মাজীদ انزل اليكم তাওরাত ইঞ্জিল ও যাবুর। ○ বিশ্লেষণ (আঃ ৪৭) ঃ يؤمنون - দ্বারা আবদুল্লাহ ইবন সালাম (রা) প্রমুখকে বুঝান হয়েছে।

وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَاۤ اِلَّا الظّٰلِمُوْنَ ٥٠ وَقَالُوْا لَوْلَاۤ اُنْزِلَ عَلَيْهِ اٰيٰتٌ مِّنْ رَّبِّهٖ ؕ

ওয়ামা- ইয়াজ্‌হাদু বিআ-ইয়া-তিনা~ইল্লাজ্ জা-লিমূন। ৫০। ওয়া ক্বা-লূ লাওলা~উন্‌যিলা 'আলাইহি আ-ইয়া-তুম্ মির্ রাব্বিহী ;
আমার আয়াতের অস্বীকারকারী, জালিম ব্যতীত আর অন্য কেউই নয়। (৫০) তারা বলে, এর উপর কোন নিদর্শন তার প্রতিপালকের পক্ষ হতে কেন অবতীর্ণ করা হয় না?

قُلْ اِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ ؕ وَاِنَّمَاۤ اَنَا نَذِيْرٌ مُّبِيْنٌ ٥١ اَوَلَمْ يَكْفِهِمْ اَنَّاۤ اَنْزَلْنَا

ক্বুল ইন্নামাল্ আ-ইয়া-তু 'ইন্দাল্লা-হি ; ওয়া ইন্নামা~আনা নাযীরুম্ মুবীন। ৫১। আওয়া লাম্ ইয়াক্‌ফিহিম আন্না~আন্‌যালনা-
বলুন, নিদর্শনতো সব আল্লাহর কাছে; আমিতো শুধু একজন প্রকাশ্য সতর্ককারী। (৫১) তাদের জন্য এটাকি যথেষ্ট নয় যে, আমি

عَلَيْكَ الْكِتٰبَ يُتْلٰى عَلَيْهِمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَرَحْمَةً وَّذِكْرٰى لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۠ ৫ ৭ ১ রুকূ

'আলাইকাল্ কিতা-বা ইউত্‌লা-, 'আলাইহিম ; ইন্না ফী যা-লিকা লারাহ্‌মাতাওঁ ওয়া যিক্‌রা- লিক্বাওমিঁই ইউ'মিনূন।
আপনার প্রতি কিতাব অবতীর্ণ করেছি, যা তাদের কাছে পাঠ করা হয়? তার মধ্যে রয়েছে মুমিন লোকদের জন্য, করুণা ও উপদেশ।

٥٢ قُلْ كَفٰى بِاللّٰهِ بَيْنِيْ وَبَيْنَكُمْ شَهِيْدًا ۚ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَ

৫২। ক্বুল্ কাফা- বিল্লা-হি বাইনী ওয়া বাইনাকুম শাহীদান ; ইয়া'লামু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ; ওয়াল
(৫২) বলুন, আমার মধ্যে ও তোমাদের মধ্যে আল্লাহর স্বাক্ষ্য থাকাই যথেষ্ট; তিনি আকাশ ও পৃথিবীর সব কিছুই জানেন; এবং

الَّذِيْنَ اٰمَنُوْا بِالْبَاطِلِ وَكَفَرُوْا بِاللّٰهِ ۙ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ٥٣ وَيَسْتَعْجِلُوْنَكَ

লাযীনা আ-মানূ বিল্ বা-ত্বিলি ওয়া কাফারূ বিল্লা-হি, উলা—ইকা হুমুল খা-সিরূন। ৫৩। ওয়া ইয়াস্তা'জ্বিলূনাকা
যারা মিথ্যায় বিশ্বাস রাখে আর আল্লাহর সাথে কুফরী করে তারাই ক্ষতিগ্রস্ত। (৫৩) তারা আপনার কাছে দ্রুত কামনা করে

بِالْعَذَابِ ؕ وَلَوْلَاۤ اَجَلٌ مُّسَمًّى لَّجَآءَهُمُ الْعَذَابُ ؕ وَلَيَاْتِيَنَّهُمْ بَغْتَةً وَّهُمْ

বিল্ 'আযা-বি ; ওয়া লাওলা~আজ্বালুম্ মুসাম্মাল্ লাজ্বা—আহুমুল 'আযা-বু ; ওয়ালা ইয়া'তিইয়ান্নাহুম বাগ্‌তাতাওঁ ওয়া হুম
শাস্তি। যদি আমার পক্ষ থেকে (শাস্তির) সময় নির্ধারিত না থাকত, তবে তাদের উপর শাস্তি এসে যেত। অবশ্যই তাদের উপর (শাস্তি) আকস্মাৎ আসবে, অথচ

لَا يَشْعُرُوْنَ ٥٤ يَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ؕ وَاِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌۢ بِالْكٰفِرِيْنَ ۙ

লা- ইয়াশ'উরূন। ৫৪। ইয়াস্তা'জ্বিলূনাকা বিল 'আযা-বি ; ওয়া ইন্না জ্বাহান্নামা লামুহীত্বাতুম্ বিল কা-ফিরীন।
তারা (তা) বুঝতেও পারবে না। (৫৪) তারা আপনাকে শাস্তি দ্রুত নিয়ে আসতে বলে, নিশ্চয়ই জাহান্নাম কাফিরদেরকে ঘেরাও করে রাখবে।

٥٥ يَوْمَ يَغْشٰىهُمُ الْعَذَابُ مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ وَيَقُوْلُ ذُوْقُوْا

৫৫। ইয়াওমা ইয়াগ্‌শা-হুমুল 'আযা-বু মিন্ ফাওক্বিহিম ওয়া মিন্ তাহ্‌তি আর্‌জুলিহিম ওয়া ইয়াক্বূলু যূক্বূ
(৫৫) সেদিন শাস্তি তাদেরকে তাদের (মাথার) উপর ও পায়ের নীচ হতে ঢেকে রাখবে, এবং আল্লাহ বলবেন, এখন তোমাদের কৃত

○ টীকা (আঃ ৫১) ঃ বারবোর শুনাবার স্বার্থকতা এই যে, একবার শ্রবনে তার অলৌকিকতার উপলব্ধি না হলে তৎপরে অবশ্যই হবে। পক্ষান্তরে কোরআন ব্যতীত অন্য কোন মু'জেযায় এই সুবিধা হত না; কেননা, সে গুলোর অস্বাভাবিকতা গুন কোরআনের ন্যায় স্থায়ী হত না। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৫১) ঃ রহমত এই যে, এতে আল্লাহর আহকাম শিক্ষা দেয়া হয়েছে, যা নিছক হিতকর। আর উপদেশ এই যে, এতে নেক নেক কাজের প্রতি উৎসাহ এবং পাপকার্য হতে ভীতি প্রদর্শন করা হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৫৩) ঃ অর্থাৎ, মৃত্যু এবং কিয়ামতের মধ্যবর্তী কালে নমুনাস্বরূপ আযাব প্রত্যক্ষ করলেও কিয়ামতের শাস্তি অধিকতর কঠোর হবে। তদ্রূপ কঠোর শাস্তি কখনও দেখে নি। সুতরাং কিয়ামতের শাস্তি সম্বন্ধে তখন দিব্য জ্ঞান জন্মিলেও প্রত্যক্ষ করা আকস্মাৎই হবে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫৫) ঃ ويقول - আল্লাহ তায়ালা অথবা ফিরিশতাগণ বলবেন।

مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٥٥﴾ يٰعِبَادِيَ الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّ اَرْضِيْ وَاسِعَةٌ فَاِيَّايَ

মা- কুন্তুম তা'মালূন। ৫৬। ইয়া- 'ইবা-দিয়াল্ লাযীনা আ-মানূ~ইন্না আরদ্বী ওয়া-সি'আতুন ফাইয়্যা-ইয়া
কর্মের প্রতিফল ভোগ কর। (৫৬) হে আমার মুমিন বান্দাগণ! আমার পৃথিবী খুবই প্রশস্ত, সুতরাং তোমরা শুধু আমারই

فَاعْبُدُوْنِ ﴿٥٦﴾ كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ثُمَّ اِلَيْنَا تُرْجَعُوْنَ ﴿٥٧﴾ وَالَّذِيْنَ

ফা'বুদূন। ৫৭। কুল্লু নাফ্সিন যা—ইক্বাতুল মাওতি, ছুম্মা ইলাইনা-তুরজা'উন। ৫৮। ওয়াল্লাযীনা
ইবাদাত কর। (৫৭) প্রতিটি জীবই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে, অতঃপর আমার দিকে প্রত্যাবর্তিত হবে। (৫৮) যারা ঈমান আনে

اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُبَوِّئَنَّهُمْ مِّنَ الْجَنَّةِ غُرَفًا تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি লানুবাওয়িয়ান্নাহুম মিনাল্ জ্বান্নাতি গুরাফান্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল আন্হা-রু
ও সৎকাজ করে, তাদেরকে আমি অবশ্যই স্থান দিব জান্নাতের সে সুউচ্চ স্থানে, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, যেখানে তারা চিরস্থায়ী

خٰلِدِيْنَ فِيْهَا نِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿٥٨﴾ الَّذِيْنَ صَبَرُوْا وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ ○

খা-লিদীনা ফীহা- ; নি'মা আজ্বরুল্ 'আ-মিলীন। ৫৯। আল্লাযীনা স্বাবারূ ওয়া 'আলা-রাব্বিহিম ইয়াতাওয়াক্কালূন।
ভাবে বসবাস করবে; কতইনা উত্তম প্রতিদান পুণ্যবানদের। (৫৯) যারা ধৈর্য্যধারণ করে এবং তাদের প্রতিপালকের প্রতি ভরসা রাখে।

﴿٦٠﴾ وَكَاَيِّنْ مِّنْ دَآبَّةٍ لَّا تَحْمِلُ رِزْقَهَا اللّٰهُ يَرْزُقُهَا وَاِيَّاكُمْ وَهُوَ السَّمِيْعُ

৬০। ওয়া কাআইয়্যিম মিন্ দা—ব্বাতিল লা- তাহ্বমিলু রিয্ক্বাহা-, আল্লা-হু ইয়ারযুক্বুহা- ওয়া ইয়্যা-কুম, ওয়া হুওয়াস্ সামী'উল
(৬০) অনেক জীব জন্তু তো এমনও আছে যারা তাদের রিযিক সঞ্চয় করার শক্তি রাখে না। আল্লাহই তাদের ও তোমাদের রিযিক দিয়ে থাকেন, তিনি সর্বশ্রোতা,

الْعَلِيْمُ ﴿٦٠﴾ وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ

'আলীম। ৬১। ওয়া লাইন্ সাআল্তাহুম্ মান্ খালাক্বাস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বা ওয়া সাখ্খারাশ্ শাম্সা
সর্বজ্ঞাত। (৬১) যদি আপনি তাদের কাছে জিজ্ঞেস করেন, কে সৃষ্টি করেছেন আকাশ ও পৃথিবী? এবং কে সূর্য ও চন্দ্রকে কাজে লাগিয়েছেন?

وَالْقَمَرَ لَيَقُوْلُنَّ اللّٰهُ فَاَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٦١﴾ اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ

ওয়াল্ ক্বামারা লাইয়াক্বূলুন্নাল্লা-হু, ফাআন্না- ইউ'ফাকূন। ৬২। আল্লা-হু ইয়াব্সুত্বুর্ রিয্ক্বা লিমাইঁ ইয়াশা—উ মিন্
তবে তারা অবশ্যই বলবে যে, আল্লাহই। এরপরেও তারা কোথায় ফিরে যাচ্ছে। (৬২) আল্লাহ রিযিক প্রশস্ত করে দেন যাকে ইচ্ছা করেন এবং যাকে ইচ্ছা

عِبَادِهٖ وَيَقْدِرُ لَهٗ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ﴿٦٢﴾ وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ نَّزَّلَ

'ইবা-দিহী ওয়া ইয়াক্বদিরু লাহূ ; ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়্যিন 'আলীম। ৬৩। ওয়া লাইন্ সাআল্তাহুম্ মান্ নায্যালা
তার জন্য (রিযিক) সংকীর্ণ করে দেন। নিশ্চয়ই আল্লাহ প্রতিটি বিষয়ই অবগত আছেন। (৬৩) যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন

○ বিশ্লেষণ (আঃ ৫৬) ঃ ارضى واسعة - অর্থাৎ মক্কার কাফিরেরা যদি তোমাদের ইবাদতে বাধা দেয়, তবে আল্লাহর যমীন সংকীর্ণ নয়। তোমরা অন্যত্র গিয়ে আল্লাহর ইবাদত কর। মুসলমানগণ প্রথমে মক্কা থেকে হাবশায় পরে মদীনায় হিজরত করেন। ○ টীকা (আঃ ৬০) ঃ ইসলামের প্রাথমিক যুগে যখন ইসলাম সুপ্রতিষ্ঠিত হয় নি তখন নবদীক্ষিত মুসলমানগণ সর্বত্র কাফিরগণের প্রভাবাধীন থাকত। তারা মুসলমানদেরকে একক আল্লাহর উপাসনা করতে নিষেধ করত। এসব কারণে আল্লাহর ইঙ্গিত মোতাবেক হযরত রাসূল (স) কতিপয় মুসলমানসহ মদীনায় গমন করলেন। অবশিষ্ট মুসলমান অন্ন সংস্থানের আশঙ্কায় পূর্বের ন্যায় কাফিরগণের আধিপত্য স্বীকার করে মক্কায় অবস্থান করতে লাগল তাদেরকে উদ্দেশ্য করে আল্লাহর নির্দেশ হলো– 'তোমরা জীবিকার্জনের লালসায় কাফিরগণের বশ্যতা স্বীকার করিতেছ কেন? আমিত তোমাদের আহারের সংস্থানকারী, অতএব তোমরা তাদের প্রভাবাধীন হতে বহির্গত হয়ে পড়'। আল্লাহর রাজ্যসীমার অন্ত নেই আর ফকীরের পদক্ষেপের বিরাম নেই। (কুঃ কারীম)

مِنَ السَّمَآءِ مَآءً فَاَحْيَا بِهِ الْاَرْضَ مِنْ بَعْدِ مَوْتِهَا لَيَقُوْلُنَّ اللّٰهُ قُلِ

মিনাস্ সামা—ই মা—আন্ ফাআহ্ইয়া- বিহিল্ আর্দ্বা মিম্ বা'দি মাওতিহা- লাইয়াক্বূলুন্নাল্লা-হু ; ক্বুলিল্
যমীন মৃত্যু (শুষ্ক) হয়ে যাবার পরে, আকাশ হতে পানি বর্ষণ করে পুনরায় তা জীবিত (সতেজ) কে করেন? তবে তারা এটাই বলবে যে, আল্লাহ। আপনি বলুন,

ع ৬/২ রুকূ

الْحَمْدُ لِلّٰهِ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ﴿٦٣﴾ وَمَا هٰذِهِ الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا لَهْوٌ

হ্বাম্দু লিল্লা-হি ; বাল্ আক্ছারুহুম লা- ইয়া'ক্বিলূন। ৬৪। ওয়া মা- হা-যিহিল্ হ্বাইয়া-তুদ্ দুনইয়া~ইল্লা- লাহ্উওঁ
সব প্রশংসা আল্লাহরই। কিন্তু তাদের অনেকেই তা বুঝে না। (৬৪) এ পার্থিব জীবনতো শুধু মাত্র খেল তামাশার (জীবন);

ওয়াকফে লাযেম

وَّلَعِبٌ وَاِنَّ الدَّارَ الْاٰخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٦٤﴾ فَاِذَا

ওয়া লা'ইবুন ; ওয়া ইন্নাদ্ দা-রাল আ-খিরাতা লাহিয়াল্ হ্বাইয়াওয়া-নু। লাও কা-নূ ইয়া'লামূন। ৬৫। ফাইযা-
পরকালের জীবনইতো আসল জীবন। কতইনা ভাল হত যদি তারা এটা জানত। (৬৫) যখন তারা নৌকায় আরোহণ

رَكِبُوْا فِي الْفُلْكِ دَعَوُا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ فَلَمَّا نَجّٰىهُمْ اِلَى

রাকিবূ ফিল্ ফুল্কি দা'আউল লা-হা মুখ্লিস্বীনা লাহুদ্ দীনা, ফালাম্মা- নাজ্জা-হুম ইলাল্
করে, তখন আল্লাহকে এমন অবস্থায় ডাকে যে, তারা (যেন) আল্লাহর প্রতি একনিষ্ঠভাবে বিশ্বাসী। যখন তিনি তাদেরকে কূলে এনে রক্ষা করেন, তখন তারা

الْبَرِّ اِذَا هُمْ يُشْرِكُوْنَ ﴿٦٥﴾ لِيَكْفُرُوْا بِمَآ اٰتَيْنٰهُمْ وَلِيَتَمَتَّعُوْا فَسَوْفَ

বার্রি ইযা-হুম ইউশ্রিকূন। ৬৬। লিইয়াক্ফুরূ বিমা~আ-তাইনা-হুম, ওয়া লিইয়াতামাত্তা'উ, ফাসাওফা
শিরক করতে থাকে। (৬৬) ফলে তারা তাদের উপর আমার প্রদত্ত অনুগ্রহের অকৃতজ্ঞ হয়ে যায় এবং পৃথিবীর অস্থায়ী আনন্দ ভোগ করতে থাকে; সুতরাং তারা অতিশীঘ্রই

يَعْلَمُوْنَ ﴿٦٦﴾ اَوَلَمْ يَرَوْا اَنَّا جَعَلْنَا حَرَمًا اٰمِنًا وَّيُتَخَطَّفُ النَّاسُ مِنْ حَوْلِهِمْ

ইয়া'লামূন। ৬৭। আওয়া লাম্ ইয়ারাও আন্না- জ্বা'আল্না- হ্বারামান্ আ-মিনাওঁ ওয়া ইউতাখাত্ত্বাফুন্ না-সু মিন্ হাওলিহিম ;
(পরিণাম) জানতে পারবে। (৬৭) তারা কি দেখে না যে, আমি হারামকে নিরাপদ স্থান করেছি, অথচ তার চার পাশের লোকদেরকে আক্রমণ করা হয়, এরপরেও কি তারা

اَفَبِالْبَاطِلِ يُؤْمِنُوْنَ وَبِنِعْمَةِ اللّٰهِ يَكْفُرُوْنَ ﴿٦٧﴾ وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ

আফাবিল্ বা-ত্বিলি ইউ'মিনূনা ওয়া বিনি'মাতিল্লা-হি ইয়াকফুরূন। ৬৮। ওয়া মান্ আজ্লামু মিম মানিফ্ তারা- 'আলাল্লা-হি
মিথ্যাকে বিশ্বাস করবে এবং আল্লাহর অনুগ্রহের অকৃতজ্ঞ হবে? (৬৮) তার চেয়ে অধিক জালিম আর কে হতে পারে, যে আল্লাহর প্রতি

كَذِبًا اَوْ كَذَّبَ بِالْحَقِّ لَمَّا جَآءَهٗ اَلَيْسَ فِيْ جَهَنَّمَ مَثْوًى لِّلْكٰفِرِيْنَ ○

কাযিবান আও কায্যাবা বিল্হ্বাক্কি লাম্মা-জ্বা—আহূ ; আলাইসা ফী জ্বাহান্নামা মাছ্ওয়াল্ লিল্ কা-ফিরীন।
মিথ্যারোপ করে বা যখন তার কাছে সত্য বিষয় আসে তখন সে তা মিথ্যা বলে? (এরপরেও কি) কাফিরদের ঠিকানা কি জাহান্নামে হবে না?

○ টীকা (আঃ ৬৭) ঃ পবিত্র কাবাগৃহ নির্মিত হওয়া অবধি সকলেই তার সম্মান করে আসছে। হযরত মুহাম্মদ (স)-এর আবির্ভাবের পূর্বেও লোক ভক্তিসহকারে তা দর্শন করত। তখন যদিও সমগ্র আরবে হত্যাকাণ্ড, চৌর্য্যবৃত্তি অব্যাহতভাবে চলত। তথাপি কাবাগৃহের সম্মানার্থে মক্কা শহরে কেহ অশান্তি-উপদ্রব করত না। কিন্তু মক্কার চতুষ্পার্শের অধিবাসীরা নিরাপদে থাকত পারত না। অন্যায় কার্যে লিপ্ত থাকত, সুযোগমত যে যাকে পারত ক্রীতদাস রূপে রাখত বা বাজরে বিক্রয় করত। ○ বিশ্লেষণ (আঃ ৬৭) ঃ حرما امنا - অর্থাৎ, আল্লাহ হারাম (মক্কা শহর)কে নিরাপদ জায়গা বানিয়েছেন। যার বাসিন্দারা খুন, রাহাজানি, লুটতরাজ ইত্যাদি থেকে নিরাপদ। অথচ আরবের অন্যান্য এলাকা নিরাপদ নয়। এটা মক্কাবাসীর প্রতি আল্লাহর অনুগ্রহ।

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ۚ وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ ﴿٦٩﴾ ع ৭ ৩ রুকূ

৬৯। ওয়াল্লাযীনা জ্বা-হাদূ ফীনা- লানাহ্‌দিয়ান্নাহুম সুবুলানা- ; ওয়া ইন্নাল্লা-হা লামা'আল মুহ্‌সিনীন।
(৬৯) যারা আমার পথে পরিশ্রম (সাধনা) করে, আমি তাঁকে অবশ্যই আমার পথ প্রদর্শন করব। আল্লাহ্ পূণ্যবানদের সাথেই আছেন।

সূরা রূম মক্কী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি	আয়াত ঃ ৬০ রুকূ ঃ ৬

الم ﴿١﴾ غُلِبَتِ الرُّومُ ﴿٢﴾ فِي أَدْنَى الْأَرْضِ وَهُمْ مِنْ بَعْدِ غَلَبِهِمْ سَيَغْلِبُونَ ﴿٣﴾

১। আলিফ লা—ম্ মী—ম্। ২। গুলিবাতির রূম। ৩। ফী~ আদ্‌নাল্ আরদ্বি ওয়াহুম্ মিম্ বা'দি গালাবিহিম সাইয়াগ্‌লিবূন।
(১) আলিফ লা-ম মীম (২) রোমানগণ পরাজিত হয়েছে, (৩) নিকটবর্তী ভূমিতে, এবং তারা এ পরাজিত হবার পরে অতিশীঘ্রই বিজয়ী হবে।

فِي بِضْعِ سِنِينَ ۗ لِلَّهِ الْأَمْرُ مِنْ قَبْلُ وَمِنْ بَعْدُ ۚ وَيَوْمَئِذٍ يَفْرَحُ الْمُؤْمِنُونَ ﴿٤﴾

৪। ফী বিদ্'ই সিনীনা ; লিল্লা-হিল আম্‌রু মিন্ ক্বাব্‌লু ওয়া মিম্ বা'দু ; ওয়া ইয়াওমাইযিঁই ইয়াফ্‌রাহুল মু'মিনূন।
(৪) অল্প কয়েক বছরের মধ্যে। পূর্বের ও পরের বিষয়টি আল্লাহরই ইচ্ছায়। আর সেদিন মুমিনগণ আনন্দিত হবে,

بِنَصْرِ اللَّهِ ۚ يَنْصُرُ مَنْ يَشَاءُ ۖ وَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿٥﴾ وَعْدَ اللَّهِ ۖ لَا يُخْلِفُ اللَّهُ

৫। বিনাস্বরিল্লা-হি ; ইয়ান্‌স্বুরু মাইঁ ইয়াশা—উ; ওয়া হুওয়াল 'আযীযুর রাহীম। ৬। ওয়া'দাল্লা-হি ; লা- ইউখ্‌লিফুল্লা-হু
(৫) আল্লাহর সাহায্যে। তিনি যাকে চান, তাকে সাহায্য করেন এবং তিনি (আল্লাহ) পরাক্রমশালী, অসীম দয়ালু। (৬) এটা আল্লাহরই প্রতিশ্রুতি; আল্লাহ ভংগ করেন না

وَعْدَهُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٦﴾ يَعْلَمُونَ ظَاهِرًا مِنَ الْحَيَاةِ الدُّنْيَا وَ

ওয়া'দাহূ ওয়া লা-কিন্না আক্‌ছারান্ না-সি লা- ইয়া'লামূন। ৭। ইয়া'লামূনা জা-হিরাম্ মিনাল্ হাইয়া-তিদ্ দুন্‌ইয়া-, ওয়া
কখনও তার প্রতিশ্রুতি; কিন্তু অধিকাংশ লোক জানে না। (৭) তারা তো (শুধু) পার্থিব জীবনের প্রকাশ্য (বিষয়) কে জানে এবং

هُمْ عَنِ الْآخِرَةِ هُمْ غَافِلُونَ ﴿٧﴾ أَوَلَمْ يَتَفَكَّرُوا فِي أَنْفُسِهِمْ ۗ مَا خَلَقَ اللَّهُ السَّمَاوَاتِ

হুম 'আনিল্ আ-খিরাতি হুম্ গা-ফিলূন। ৮। আওয়া লাম্ ইয়াতাফাক্কারূ ফী~আন্‌ফুসিহিম, মা- খালাক্বাল্লা-হুস্ সামা-ওয়া-তি
পরকাল সম্পর্কে একেবারেই বেখবর। (৮) তারা কি আন্তরিকভাবে এ বিষয়টি চিন্তা করে দেখে না যে, আল্লাহ সৃষ্টি করেছেন আকাশ

وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا إِلَّا بِالْحَقِّ وَأَجَلٍ مُسَمًّى ۗ وَإِنَّ كَثِيرًا مِنَ النَّاسِ بِلِقَاءِ

ওয়াল আরদ্বা ওয়ামা- বাইনাহুমা~ইল্লা- বিলহাক্কি ওয়া আজালিম্ মুসাম্মান ; ওয়া ইন্না কাছীরাম্ মিনান্ না-সি বিলিক্বা—ই
ও পৃথিবী এবং তার মধ্যস্থ সব কিছু সঠিকভাবে এবং নির্দিষ্ট এক সময়ের জন্য; আর অধিকাংশ লোক (পরকালে)

○ শানে নুযূল (আঃ ২-৩) ঃ غلبت الروم .... سيغلبون - রাসূলুল্লাহর (সা) নবুওয়াতের কয়েক বছর পরে পারসিক ও রোমান জাতির মধ্যে যুদ্ধ হয়। যুদ্ধে রোমানগণ পরাজিত হয়। এতে মক্কার মুশরিকরা খুবই আনন্দিত হয়। আর মুসলমানগণ একটু চিন্তিত হয়ে পড়ে। কেননা মক্কার মুশরিকদের সাথে পারসিকদের বন্ধুত্ব ছিল। যেহেতু উভয়ই ছিল ধর্ম বিরোধী। আর রোমানগণ যেহেতু মুসলমানের মত কিতাবধারী ছিল, তাই মুসলমানের সাথে তাদের আন্তরিকতা ছিল। এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা মুসলমানের সান্ত্বনা দেয়ার জন্য রোমানগণের অতিশীঘ্র বিজয়ের সুসংবাদ দিয়ে এ আয়াত অবতীর্ণ করেন। (কুঃ কারীম)

رَبِّهِمْ لَكَافِرُونَ ﴿٨﴾ أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ

রাব্বিহিম লাকা-ফিরূন। ৯। আওয়ালাম ইয়াসীরূ ফিল্ আরদ্বি ফাইয়ান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ লাযীনা
ব্যাপারে অস্বীকারকারী। (৯) তারা কি পৃথিবীতে ভ্রমণ করে না? তাহলে দেখতে পেত যে, তাদের পূর্ববর্তীদের পরিণাম কেমন হয়েছিলো?

مِنْ قَبْلِهِمْ ۚ كَانُوا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَأَثَارُوا الْأَرْضَ وَعَمَرُوهَا أَكْثَرَ مِمَّا عَمَرُوهَا

মিন্ ক্বাব্‌লিহিম ; কা-নূ~আশাদ্দা মিন্‌হুম কুওয়্যাতাওঁ ওয়া আছা-রুল আর্‌দ্বা ওয়া 'আমারূহা~আক্‌ছারা মিম্মা- 'আমারূহা-
যারা ছিল তাদের চেয়ে খুবই শক্তিশালী, তারা যমীন চাষ করত এবং তা আবাদ করত তাদের চেয়ে অধিক, তাদের কাছে

وَجَاءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنَاتِ ۖ فَمَا كَانَ اللَّهُ لِيَظْلِمَهُمْ وَلَٰكِنْ كَانُوا أَنْفُسَهُمْ

ওয়া জ্বা—আত্‌হুম রুসুলুহুম্ বিল বাইয়্যিনা-তি ; ফামা- কা-নাল্লা-হু লিইয়াজ্‌লিমাহুম ওয়া লা-কিন্ কা-নূ~আন্‌ফুসাহুম
তাদের রাসূল স্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিলেন; তাদের প্রতি জুলুম করা আল্লাহর অভিপ্রায় ছিল না, কিন্তু তারা নিজেরাই তাদের উপর জুলুম

يَظْلِمُونَ ﴿٩﴾ ثُمَّ كَانَ عَاقِبَةَ الَّذِينَ أَسَاءُوا السُّوأَىٰ أَنْ كَذَّبُوا بِآيَاتِ اللَّهِ

ইয়াজ্‌লিমূন। ১০। ছুম্মা কা-না 'আ-ক্বিবাতাল্ লাযীনা আসা—উস্ সূ—আ~আন্ কায্‌যাবূ বিআ-ইয়া-তিল্লা-হি
করেছিল। (১০) অতঃপর যারা মন্দ কাজ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে; কারণ তারা আল্লাহর আয়াতকে মিথ্যা বলেছিল এবং এ আয়াত সম্পর্কে

১ ع ৫০ ৪ রুকূ وَكَانُوا بِهَا يَسْتَهْزِئُونَ ﴿١٠﴾ اللَّهُ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ﴿١١﴾ وَيَوْمَ

ওয়া কা-নূ বিহা- ইয়াস্তাহ্‌যিউন। ১১। আল্লা-হু ইয়াব্‌দাউল্ খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ছুম্মা ইলাইহি তুরজ্বা'উন। ১২। ওয়া ইয়াওমা
উপহাস করত। (১১) আল্লাহই সৃষ্টিকে প্রথমে সৃষ্টি করেন, অতঃপর তিনিই (মৃত্যুর পরে) দ্বিতীয়বার জীবিত করবেন এবং তাঁর কাছেই প্রত্যাবর্তিত হবে।' (১২) যেদিন

تَقُومُ السَّاعَةُ يُبْلِسُ الْمُجْرِمُونَ ﴿١٢﴾ وَلَمْ يَكُنْ لَهُمْ مِنْ شُرَكَائِهِمْ شُفَعَاءُ وَكَانُوا

তাক্বূমুস্ সা-'আতু ইউব্‌লিসুল্ মুজ্বরিমূন। ১৩। ওয়া লাম ইয়াকুল্লাহুম মিন্ শুরাকা—ইহিম শুফা'আ—উ ওয়া কা-নূ
কেয়ামত কায়েম হবে, সেদিন পাপীরা হতাশ হয়ে পড়বে। (১৩) আর তাদের অংশীদার (প্রতিমা) গুলোর মধ্যে কেউই তাদের জন্য সুপারিশ করবে না এবং তারাই

بِشُرَكَائِهِمْ كَافِرِينَ ﴿١٣﴾ وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ يَوْمَئِذٍ يَتَفَرَّقُونَ ﴿١٤﴾ فَأَمَّا الَّذِينَ

বিশুরাকা—ইহিম কা-ফিরীন। ১৪। ওয়া ইয়াওমা তাক্বূমুস্ সা-'আতু ইয়াওমাইযিঁই ইয়াতাফার্‌রাক্বূন। ১৫। ফাআম্মাল্ লাযীনা
তাদের অংশীদার গুলোকে অস্বীকার করবে। (১৪) যেদিন কেয়ামত কায়েম হবে সেদিন (মানুষ) আলাদা আলাদা (দল হয়ে যাবে)। (১৫) যারা ঈমান

آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَهُمْ فِي رَوْضَةٍ يُحْبَرُونَ ﴿١٥﴾ وَأَمَّا الَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি ফাহুম ফী রাওদ্বাতিইঁ ইউহ্‌বারূন। ১৬। ওয়া আম্মাল্ লাযীনা কাফারূ ওয়া কায্‌যাবূ
এনেছে ও নেক আমল করেছে, তারা বাগানে (জান্নাতে) উৎফুল্ল (অবস্থায়) থাকবে। (১৬) আর যারা ঈমান আনেনি এবং

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ والسوأى - পরিণাম খারাপ দ্বারা কঠিন শাস্তিকে বুঝান হয়েছে। কেহ বলেন, السوأى এটি জাহান্নামের নাম। যেমন حسنى বেহেশতের নাম। অর্থাৎ জাহান্নাম মুশরিকদের পরিণাম। (তাঃ কাদেরী)
○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ يتفرقون - অর্থাৎ মুমিন ও কাফির আলাদা আলাদা হয়ে যাওয়া। মুমিনগণ জান্নাতে এবং কাফির ও মুশরিক জাহান্নামে চলে যাবে এবং তাদের মধ্যে স্থায়ীভাবে বিচ্ছেদ (ভিন্নতা) হয়ে যাবে। এ দু' দল আর কখনও একত্রিত হবে না। এ ভিন্নতা হিসাব-নিকাশের পর হবে। (কুঃ কারীম)

بِاٰيٰتِنَا وَلِقَآئِ الْاٰخِرَةِ فَاُولٰٓئِكَ فِى الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿١٦﴾ فَسُبْحٰنَ اللّٰهِ

বিআ-ইয়া-তিনা- ওয়া লিক্বা—ইল্ আ-খিরাতি ফাউলা—ইকা ফিল্ 'আযা-বি মুহ্দ্বারূন। ১৭। ফাসুব্হা-নাল্লা-হি

আমার আয়াতসমূহ ও পরকালের সাক্ষাৎকে অস্বীকার করেছে তাদেরকেই শাস্তির সামনে উপস্থিত করা হবে; (১৭) সুতরাং তোমরা আল্লাহর পবিত্রতা

حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ ﴿١٧﴾ وَلَهُ الْحَمْدُ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَعَشِيًّا

হ্বীনা তুম্সূনা ওয়া হ্বীনা তুছ্বিহূন। ১৮। ওয়া লাহুল্ হ্বাম্দু ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়া 'আশিয়্যাওঁ

বর্ণনা কর সন্ধ্যা এবং সকালে। (১৮) (কেননা) তাঁর জন্যই সব প্রশংসা আকাশ ও পৃথিবীতে। আর (তাসবীহ পাঠ কর) বিকেলে

وَّحِيْنَ تُظْهِرُوْنَ ﴿١٨﴾ يُخْرِجُ الْحَىَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَىِّ وَيُحْىِ

ওয়া হ্বীনা তুজ্‌হিরূন। ১৯। ইউখ্‌রিজুল্ হ্বাইয়্যা মিনাল মাইয়্যিতি ওয়া ইউখ্‌রিজুল মাইয়্যিতা মিনাল্ হাইয়্যি ওয়া ইউহ্বইল

এবং জোহরের সময়। (১৯) তিনিই জীবিতকে মৃত থেকে এবং মৃতকে জীবিত থেকে বের করেন, আর তিনিই যমীনকে তার মৃত (শুষ্ক) হবার পরে জীবিত (সজীব)

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ ﴿١٩﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ

আরদ্ব বা'দা মাওতিহা- ; ওয়া কাযা-লিকা তুখ্‌রাজুন। ২০। ওয়া মিন আ-ইয়া-তিহী~আন্ খালাক্বাকুম্ মিন্ তুরা-বিন্

করেন। এভাবেই তোমাদেরকেও (কবর থেকে) বের করা হবে। (২০) আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদেরকে মাটি থেকে সৃষ্টি করেছেন। অতঃপর

ثُمَّ اِذَاۤ اَنْتُمْ بَشَرٌ تَنْتَشِرُوْنَ ﴿٢٠﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ خَلَقَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ

ছুম্মা ইযা~আন্তুম বাশারুন্ তান্তাশিরূন। ২১। ওয়া মিন্ আ-ইয়া-তিহী~আন্ খালাক্বা লাকুম্ মিন্ আন্‌ফুসিকুম

এখন মানুষ হয়ে তোমরা যমীনে ছড়িয়ে পড়ছ। (২১) তাঁর নিদর্শবালীর মধ্যে আরও রয়েছে যে, তিনি সৃষ্টি করেছেন তোমাদের মধ্য হতে, তোমাদেরই জন্য

اَزْوَاجًا لِّتَسْكُنُوْۤا اِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَّوَدَّةً وَّرَحْمَةً ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ

আয্‌ওয়া-জাল্ লিতাস্‌কুনূ~ইলাইহা- ওয়া জ্বা'আলা বাইনাকুম্ মাওয়াদ্দাতাওঁ ওয়া রাহ্বমাতান ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্

স্ত্রীগণকে, যাতে তোমরা তাদের কাছে আরাম পাও এবং তিনি তোমাদের মাঝে ভালবাসা ও করুণা সৃষ্টি করেছেন; নিশ্চয়ই এর

لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٢١﴾ وَمِنْ اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافُ

লিক্বাওমিই ইয়াতাফাক্কারূন। ২২। ওয়া মিন্ আ-ইয়া-তিহী খালকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ওয়াখ্‌তিলা-ফু

মধ্যে রয়েছে চিন্তাশীলদের জন্য নিদর্শন। (২২) এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে আকাশ ও পৃথিবীর সৃষ্টি এবং তোমাদের

اَلْسِنَتِكُمْ وَاَلْوَانِكُمْ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّلْعٰلِمِيْنَ ﴿٢٢﴾ وَمِنْ اٰيٰتِهٖ مَنَامُكُمْ

আল্‌সিনাতিকুম ওয়া আল্‌ওয়া-নিকুম ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিল 'আ-লিমীন। ২৩। ওয়া মিন্ আ-ইয়া-তিহী মানা-মুকুম্

ভাষা ও বর্ণের; বিচিত্রতা। নিশ্চয়ই এর মধ্যে রয়েছে জ্ঞানীদের জন্য নিদর্শন। (২৩) তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে রাতে ও

○ টীকা (আঃ ১৮) ঃ এই আয়াতে নামাজের নির্দিষ্ট সময়ের প্রতি ইঙ্গিত রয়েছে। সন্ধ্যাকালে মাগরেব ও এশার নামায এবং অপরাহ্নে যোহর ও আছরের নামায। আবার যেহেতু حِيْنَ تُظْهِرُوْنَ শব্দে যোহরের কথা স্পষ্টরূপেই বর্ণিত হয়েছে। সুতরাং عَشِيًّا শব্দে শুধু আছরের নামাযই বুঝতে হবে। আর ফজরের নামাযের কথা তো স্পষ্টভাবেই বর্ণিত হইয়াছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ يُخْرِجُ الْحَىَّ...... - যেমন মুরগী হতে ডিমকে ও ডিম হতে মুরগীর বাচ্চাকে, বীর্য হতে মানুষকে ও মানুষ হতে বীর্যকে এবং কাফির হতে মুমিন ও মুমিন হতে কাফিরকে সৃষ্টি করেন। (কুঃ কারীম)
○ টীকা (আঃ ২০) ঃ হয়তো এরূপ আদিমুল আদম (আ) মাটি হতে সৃষ্টি হয়েছেন। অথবা এরূপ যে, খাদ্য হতে শুক্রের উৎপত্তি হয়, আর খাদ্য ধাতবদ্রব্যসমূহ হতে, তন্মধ্যে মৃত্তিকার প্রভাবই অধিক। সুতরাং শুক্রসৃষ্টি মানুষের উৎপত্তি, মাটি হতেই বলা যায়। (বঃ কোঃ)

২ ع ৫ রুকূ

بِالَّيْلِ وَالنَّهَارِ وَابْتِغَآؤُكُمْ مِّنْ فَضْلِهٖ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ۝

বিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়াব্‌তিগা—উকুম মিন্ ফাদ্বলিহী ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিই ইয়াস্‌মা'উন।

দিবসে তোমাদের নিদ্রা; এবং তাঁর অনুগ্রহ (রুযী) তোমাদের তালাস করা। নিশ্চয়ই শ্রবণকারীদের জন্য এর মধ্যে রয়েছে এক নিদর্শন।

﴿٢٣﴾ وَمِنْ اٰيٰتِهٖ يُرِيْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّطَمَعًا وَّيُنَزِّلُ مِنَ السَّمَآءِ مَآءً فَيُحْىٖ بِهِ

২৪। ওয়া মিন্ আ-ইয়া-তিহী ইউরীকুমুল্ বার্ক্বা খাওফাও ওয়া ত্বামা'আও ওয়া ইউনায্‌যিলু মিনাস্ সামা—ই মা—আন্ ফাইউহ্বয়ী বিহিল্

(২৪) এবং তাঁর নিদর্শন সমূহের মধ্যে রয়েছে যে, তিনি তোমাদের ভয় ও আশা দানের জন্য বিজলী প্রদর্শন করেন আর আকাশ থেকে পানি (বৃষ্টি) বর্ষণ করেন এবং সে পানি

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٢٤﴾ وَمِنْ اٰيٰتِهٖۤ اَنْ تَقُوْمَ

আর্‌দ্বা বা'দা মাওতিহা- ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিই ইয়া'ক্বিলূন। ২৫। ওয়া মিন্ আ-ইয়া-তিহী~আন্ তাক্বূমাস্

দ্বারা জীবিত করেন মৃত (শুষ্ক) যমীনকে। এর মধ্যে অবশ্যই জ্ঞানীদের জন্য রয়েছে এক নিদর্শন। (২৫) এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তাঁরই নির্দেশে কায়েম

السَّمَآءُ وَالْاَرْضُ بِاَمْرِهٖ ؕ ثُمَّ اِذَا دَعَاكُمْ دَعْوَةً ۖ مِّنَ الْاَرْضِ ۖ اِذَاۤ اَنْتُمْ

সামা—উ ওয়াল্ আর্‌দ্বু বিআম্‌রিহী ; ছুম্মা ইযা- দা'আ-কুম দা'ওয়াতাম্ মিনাল্ আর্‌দ্বি, ইযা~আন্তুম

রয়েছে আকাশ ও পৃথিবী। অতঃপর যখন তিনি (আল্লাহ) তোমাদেরকে যমীন থেকে ওঠার জন্য একবার ডাক দিবেন, সাথে সাথেই তোমরা

تَخْرُجُوْنَ ﴿٢٥﴾ وَلَهٗ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ كُلٌّ لَّهٗ قٰنِتُوْنَ ﴿٢٦﴾ وَهُوَ الَّذِىْ

তাখ্‌রুজুন। ২৬। ওয়া লাহূ মান্ ফিস্ সামা-ওয়া-তি ওয়াল আর্‌দ্বি ; কুল্লুল্ লাহূ ক্বা-নিতূন। ২৭। ওয়া হুওয়াল্লাযী

বেরিয়ে আসবে। (২৬) আকাশ ও পৃথিবীর সব কিছুই তাঁর কর্তৃত্বে। সব (সৃষ্টি) তাঁরই অধীন। (২৭) তিনিই (আল্লাহ) প্রথমবারে

يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَهُوَ اَهْوَنُ عَلَيْهِ ؕ وَلَهُ الْمَثَلُ الْاَعْلٰى فِى السَّمٰوٰتِ

ইয়াব্‌দাউল খাল্‌ক্বা ছুম্মা ইউ'ঈদুহূ ওয়া হুওয়া আহ্‌ওয়ানু 'আলাইহি ; ওয়া লাহুল মাছালুল 'আলা- ফিস্ সামা-ওয়া-তি

সৃষ্টি করেন সৃষ্টিকে; অতঃপর (মৃত্যুর পরে) দ্বিতীয়বার সৃষ্টি করবেন; এটাতো তাঁর জন্য খুবই সহজ কাজ; আকাশ ও পৃথিবীতে তাঁরই মর্যাদা সর্বোচ্চে

وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾ ضَرَبَ لَكُمْ مَّثَلًا مِّنْ اَنْفُسِكُمْ ؕ هَلْ لَّكُمْ

ওয়াল্ আরদ্বি, ওয়া হুওয়াল 'আযীযুল হ্বাকীম। ২৮। দ্বারাবা লাকুম্ মাছালাম্ মিন্ আন্‌ফুসিকুম ; হাল্ লাকুম

এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাবান। (২৮) (হে মানুষ!) আল্লাহ তোমাদের মধ্য হতে তোমাদেরই জন্য একটি দৃষ্টান্ত বর্ণনা করছেন, তোমাদের

مِّنْ مَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ مِّنْ شُرَكَآءَ فِىْ مَا رَزَقْنٰكُمْ فَاَنْتُمْ فِيْهِ سَوَآءٌ تَخَافُوْنَهُمْ

মিম্ মা- মালাকাত্ আইমা-নুকুম মিন শুরাকা—আ ফী মা-রাযাক্বনা-কুম ফাআন্তুম ফীহি সাওয়া—উন্ তাখা-ফূনাহুম

মালিকানাধীন দাস-দাসীরা সে জিনিসে তোমাদের কি অংশীদার যা আমি তোমাদেরকে দিয়েছি, যাতে তোমরা এবং তারা উভয়ই সমান হয়েছ? এবং তোমরা কি তাদের

○ টীকা (আঃ ২৫) ঃ এ বাক্যটির মধ্যে বর্ণিত হয়েছে যে, যাবতীয় বস্তুর সংরক্ষণ আল্লাহ্‌ই করে থাকেন। আর উপরে ২২ নং আয়াতে বর্ণিত হয়েছে, যাবতীয় বস্তু আল্লাহ্‌রই সৃষ্টি এবং জাগতিক কার্যাবলীর এ ক্রমবিবর্তন ও ধারাবাহিকতা অর্থাৎ, তোমাদের সন্তান উৎপাদনের ধারাবাহিক প্রচলন, পরস্পর বিবাহ সূত্রে আবদ্ধ হওয়া, আসমান ও যমীন বর্তমান অবস্থায় কায়েম থাকা, ভাষা ও বর্ণের বিভিন্নতা এবং দিবারাত্রির ক্রমবিবর্তনের মধ্যে বিশেষ উদ্দেশ্য ও সুবিধা নিহিত থাকা, বৃষ্টি বর্ষিত হওয়া এবং উহার প্রাথমিক অবস্থা ও লক্ষণসমূহের প্রকাশ- এসব কার্য শুধু পার্থিব জীবনের ধারা চলিত থাকা পর্যন্তই বিদ্যমান থাকবে। পরিশেষে একদিন সব কিছুরই অবসান ঘটবে। (বঃ কোঃ)
○ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ ضَرَبَ لَكُمْ ...... - এ উদাহরণের অর্থ দাস-দাসীগণকে মালিকের সম্পত্তি ও ব্যবসার অংশীদার করা হয়নি এবং মালিকের বরাবরও করা হয়নি। আর এটা (আজাদ) মালিকদের পছন্দ ও নয়। তখন প্রকৃত মালিক আল্লাহ তায়ালার সাথে তাঁর সৃষ্টি (গোলাম) কে কিভাবে শরীক করা যেতে পারে?

এক চতুর্থাংশ ৩ ع ৬ রুকূ

كخيفتكم انفسكم ۚ كذلك نفصل الايت لقوم يعقلون ﴿٢٩﴾ بل اتبع الذين

কাখীফাতিকুম আন্‌ফুসাকুম ; কাযা-লিকা নুফাস্বস্বিলুল্ আ-ইয়া-তি লিক্বাওমিঈঁ ইয়া'ক্বিলূন। ২৯। বালিত্ তাবা'আল লাযীনা
ব্যাপারে ভয় কর যেমনি ভয় কর তোমাদের নিজেদেরকে? এভাবেই আমি জ্ঞানী লোকদের জন্য নিদর্শনাবলী বিস্তারিতভাবে বর্ণনা করি। (২৯) বরং জালিমরা মূর্খতার

ظلموا اهواءهم بغير علم ۚ فمن يهدي من اضل الله ۖ وما لهم من نصرين ○

জালামূ~আহ্‌ওয়া—আহুম্ বিগাইরি 'ইল্‌মিন, ফামাইঁ ইয়াহ্‌দী মান্ আদ্বাল্লাল্লা-হু ; ওয়া মা- লাহুম মিন্ না-স্বিরীন।
কারণে তাদের নিজ ইচ্ছার অনুসরণ করে থাকে; সুতরাং তাকে কে পথ প্রদর্শন করবে, যাকে আল্লাহ পথভ্রষ্ট করেছেন? এবং তাদের কোনই সাহায্যকারী হবে না।

﴿٣٠﴾ فاقم وجهك للدين حنيفا ۚ فطرت الله التي فطر الناس عليها ۚ لا تبديل

৩০। ফাআক্বিম্ ওয়াজ্‌হাকা লিদ্দীনি হ্বানীফান ; ফিত্বরাতাল্লা-হিল লাতী ফাত্বারান্ না-সা 'আলাইহা- ; লা- তাব্‌দীলা
(৩০) অতএব আপনি নিজকে দ্বীনের উপর একাগ্রতার সাথে কায়েম রাখুন। আল্লাহর সে স্বাভাবিক দ্বীনের উপর কয়েম থাকুন যার উপর তিনি মানুষকে সৃষ্টি করেছেন;

لخلق الله ۚ ذلك الدين القيم ولكن اكثر الناس لا يعلمون ﴿٣١﴾ منيبين اليه

লিখালক্বিল্লা-হি ; যা-লিকাদ্ দীনুল ক্বাইয়্যিমু ওয়া লা-কিন্না আকছারান্ না-সি লা-ইয়া'লামূন। ৩১। মুনীবীনা ইলাইহি
আল্লাহর সৃষ্টিতে কোনই পরিবর্তন নেই। এটাই সঠিক দ্বীন; কিন্তু অধিকাংশ মানুষ জানেনা। (৩১)। আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হয়ে

واتقوه واقيموا الصلوة ولا تكونوا من المشركين ﴿٣٢﴾ من الذين فرقوا دينهم

ওয়াত্তাক্বূহু ওয়া আক্বীমুস্ব স্বালা-তা ওয়ালা- তাকূনূ মিনাল্ মুশ্‌রিকীন। ৩২। মিনাল্ লাযীনা ফার্‌রাক্বূ দীনাহুম
তাঁকেই ভয় কর এবং নামাজ কায়েম কর এবং মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না, (৩২) যারা তাদের দ্বীনকে পৃথক (ভিন্নভিন্ন) করে দিয়েছে এবং নিজেরাও

وكانوا شيعا ۚ كل حزب بما لديهم فرحون ﴿٣٣﴾ واذا مس الناس ضر دعوا

ওয়া কা-নূ শিয়া'আন ; কুল্লু হিয্‌বিম্ বিমা- লাদাইহিম ফারিহূন। ৩৩। ওয়া ইযা- মাস্‌সান্ না-সা দ্বুর্‌রুন্ দা'আও
আলাদা আলাদা দলে বিভক্ত হয়ে গেছে। প্রতিটি দলই নিজ নিজ অবস্থানের উপর আনন্দিত। (৩৩) যখন দুঃখ কষ্ট মানুষকে স্পর্শ করে, তখন তারা তাদের

ربهم منيبين اليه ثم اذا اذاقهم منه رحمة اذا فريق منهم بربهم

রাব্বাহুম্ মুনীবীনা ইলাইহি ছুম্মা ইযা~আযা-ক্বাহুম মিনহু রাহ্‌মাতান ইযা- ফারীক্বুম্ মিন্‌হুম্ বিরাব্বিহিম
প্রতিপালককে ডাকে তাঁর প্রতি প্রত্যাবর্তিত হয়ে। যখন তিনি তাঁর পক্ষ থেকে অনুগ্রহ উপভোগ করান, তখন তাদের মধ্য হতে একদল তাদের প্রতিপালকের সাথে শরীক

يشركون ﴿٣٤﴾ ليكفروا بما اتينهم ۚ فتمتعوا فسوف تعلمون ﴿٣٥﴾ ام انزلنا

ইউশ্‌রিকূন। ৩৪। লিয়াক্‌ফুরূ বিমা~আ-তাইনা-হুম ; ফাতামাত্তা'উ, ফাসাওফা তা'লামূন। ৩৫। আম্ আন্‌যাল্‌না-
করে থাকে। (৩৪) ফলে আমি তাদেরকে যা দিয়েছি তা অস্বীকার করে; সুতরাং তোমরা উপভোগ করে লও; অতিশীঘ্রই তোমরা জানতে পারবে। (৩৫) আমি কি

○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ فطرت الله – فطرت -এর অর্থ সৃষ্টি এখানে অর্থ হবে ইসলাম ধর্ম (তাওহীদ)। অর্থাৎ সব কিছুইর সৃষ্টিই ইসলাম ও তাওহীদের উপর হয়ে থাকে। এজন্য তাওহীদ (ইসলাম) হচ্ছে তার স্বভাব বা সৃষ্টি। রাসূলুল্লাহ (স) বলেন, "প্রতিটি শিশু ফিতরতের উপরই জন্ম গ্রহণ করে। কিন্তু তার পিতা মাতা তাকে ইয়াহুদী, নাসারা এবং পৌত্তলিক ইত্যাদি বানিয়ে দেয়। কেহ বলেন, فطرت -এর অর্থ ইসলাম গ্রহণ করার যোগ্যতা। অর্থাৎ সবাকেই আল্লাহ ইসলাম গ্রহণ করার যোগ্যতা দিয়ে সৃষ্টি করেন। (কুঃ কাঃ) ○ টীকা (আঃ ৩০) ঃ 'আল্লাহর প্রকৃতি' অর্থে তফছীরকারগণ ইসলামকে নির্ধারণ করেছেন। এসম্বন্ধে হযরত নবী করীম (স)-এর প্রিয় সহচর হযরত আবু হুরায়রা (রা)-এর বর্ণনা সমধিক উল্লেখযোগ্য এবং সে হাদীস অনুযায়ী 'ফেৎরাতুল্লাহ' বা 'আল্লাহর প্রকৃতি'কে ইসলাম বলাই যুক্তিযুক্ত। কারণ জগতে একমাত্র ইসলামই মানবের প্রকৃতিগত সত্যধর্ম।

عليهم سلطنا فهو يتكلم بما كانوا به يشركون ﴿٣٦﴾ واذا اذقنا الناس رحمة

'আলাইহিম সুল্‌ত্বা-নান্ ফাহুওয়া ইয়াতাকাল্লামু বিমা- কা-নূ বিহী ইউশ্‌রিকূন। ৩৬। ওয়া ইযা~আযাক্বনান্ না-সা রাহ্‌মাতান্
তাদের উপর এমন কোন দলীল অবতীর্ণ করেছি, যা তাদেরকে আল্লাহর সাথে শরীক করতে বলে? (৩৬) আমি যখন লোকদেরকে অনুগ্রহ ভোগ করাই, তখন তারা

فرحوا بها ۖ وان تصبهم سيئة بما قدمت ايديهم اذا هم يقنطون ﴿٣٧﴾ اولم

ফারিহূ বিহা- ; ওয়া ইন্ তুস্বিবহুম সাইয়্যিআতুম্ বিমা- ক্বাদ্দামাত আইদীহিম ইযা- হুম ইয়াক্বনাতূন। ৩৭। আওয়া লাম
তাতে আনন্দিত হয় এবং যদি তাদের কৃতকার্যের কোন অমংগল (বিপদ) তাদের উপর পৌছে, তখন তারা হতাশ হয়ে যায়। (৩৭) তারা কি

يروا ان الله يبسط الرزق لمن يشاء ويقدر ۚ ان في ذلك لايت لقوم

ইয়ারাও আন্নাল্লা-হা ইয়াব্‌সুত্বুর্ রিয্‌ক্বা লিমাইঁ ইয়াশা—উ ওয়া ইয়াক্বদিরু ; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিইঁ
দেখেনা যে, আল্লাহ রিযিক প্রশস্ত করে দেন যাকে ইচ্ছা করেন এবং যাকে ইচ্ছা করেন তার জন্য রিযিক সংকীর্ণ করে দেন। নিশ্চয়ই মুমিনগণের জন্য এর মধ্যে

يؤمنون ﴿٣٨﴾ فات ذا القربى حقه والمسكين وابن السبيل ۚ ذلك خير

ইউ'মিনূন। ৩৮। ফাআ-তি যাল্ কুর্‌বা- হ্বাক্ক্বাহূ ওয়াল্ মিস্‌কীনা ওয়াব্‌নাস্ সাবীলি ; যা-লিকা খাইরুল্
রয়েছে (এক) নিদর্শন; (৩৮) সুতরাং আত্মীয়দেরকে তার প্রাপ্য প্রদান কর এবং মিসকীনকে ও মুসাফিরকেও। এ কাজ তার জন্য

للذين يريدون وجه الله ۖ واولئك هم المفلحون ﴿٣٩﴾ وما اتيتم من

লিল্লাযীনা ইউরীদূনা ওয়াজ্‌হাল্লা-হি, ওয়া উলা—ইকা হুমুল্ মুফ্‌লিহূন। ৩৯। ওয়া মা~আ-তাইতুম্ মির্
উত্তম যে আল্লাহর সন্তুষ্টির আশা করে। আর এসব লোকেরাই কৃতকার্য। (৩৯) তোমরা সুদে এ ধারণায় দেও যে, তোমাদের সম্পদ

ربا ليربوا في اموال الناس فلا يربوا عند الله ۚ وما اتيتم من زكوة تريدون

রিবাল্ লিয়ারবুওয়া- ফী~আম্‌ওয়া-লিন্ না-সি ফালা-ইয়ারবূ 'ইন্দাল্লা-হি, ওয়া মা~আ-তাইতুম্ মিন্ যাকা-তিন্ তুরীদূনা
লোকদের সম্পদে বেড়ে যাবে, কিন্তু আল্লাহর কাছে তা বাড়ে না, কিন্তু যা কিছু যাকাত বাবদ তোমরা দিয়ে থাক আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে,

وجه الله فاولئك هم المضعفون ﴿٤٠﴾ الله الذي خلقكم ثم رزقكم ثم يميتكم

ওয়াজ্‌হাল্লা-হি ফাউলা—ইকা হুমুল মুদ্ব'ইফূন। ৪০। আল্লা-হুল্লাযী খালাক্বাকুম ছুম্মা রাযাক্বাকুম ছুম্মা ইউমীতুকুম
তা বহুগুণে বৃদ্ধি পায়। (৪০) আল্লাহ এমন মহান যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন অতঃপর তোমাদেরকে রিযিক দান করেছেন, এরপরে তোমাদের মৃত্যু ঘটাবেন,

মিম্মা- রাযাক্বনা-হুম্ সির্রাওঁ ওয়া'আলা-নিয়াতাই ইয়ারজূনা তিজ্বারাতাল্ লান্ তাবূর। ৩০। লিইউওয়াফ্ফিয়াহুম্ উজূরাহুম্
তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, তারা এমন ব্যবসার প্রত্যাশী, যা কখনও লোকসান হবার নয়। (৩০) কারণ, আল্লাহ তাদের প্রতিদান পূর্ণভাবে দিবেন

وَيَزِيدَهُمْ مِّنْ فَضْلِهِ ۚ إِنَّهُ غَفُورٌ شَكُورٌ ۝٣١ وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ مِنَ الْكِتٰبِ

ওয়া ইয়াযীদাহুম্ মিন্ ফাদ্বলিহী ; ইন্নাহূ গাফূরুন্ শাকূর। ৩১। ওয়াল্লাযী~আওহ্বাইনা~ইলাইকা মিনাল্ কিতা-বি
এবং তাঁর নিজ রহমত থেকে তাদের আরও বাড়িয়ে দিবেন। নিশ্চয়ই তিনি ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩১) আর আমি যে কিতাব (কুরআন) তোমার প্রতি নাযিল করেছি

هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ ۗ إِنَّ اللّٰهَ بِعِبَادِهِ لَخَبِيرٌ بَصِيرٌ ۝٣٢ ثُمَّ أَوْرَثْنَا

হুওয়াল্ হাক্কু মুস্বাদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইহি ; ইন্নাল্লা-হা বি'ইবা-দিহী লাখাবীরুম্ বাস্বীর। ৩২। ছুম্মা আওরাছ্নাল্
তা সত্য, যে এর পূর্বের কিতাবসমূহের সত্যায়নকারী। নিশ্চয়ই আল্লাহ তাঁর বান্দাদের পূর্ণ খবর রাখেন ও দেখেন। (৩২) অতঃপর আমি সে কিতাব (কুরআন)-এর

الْكِتٰبَ الَّذِينَ اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا ۚ فَمِنْهُمْ ظَالِمٌ لِّنَفْسِهِ ۚ وَمِنْهُمْ مُّقْتَصِدٌ ۚ

কিতা-বাল্লাযীনাস্ব ত্বাফাইনা- মিন্ 'ইবা-দিনা- ফামিন্হুম্ জা-লিমুল্ লিনাফ্সিহী ওয়া মিন্হুম মুক্বতাস্বিদুন্,
অধিকারী তাদেরকে করেছি, যাদেরকে আমি আমার বান্দাদের মধ্যে বাছাই করেছি। তবে তার মধ্যে কতক নিজের প্রতি জুলুমকারী এবং কতক মধ্যম পন্থী

وَمِنْهُمْ سَابِقٌ بِالْخَيْرٰتِ بِإِذْنِ اللّٰهِ ۗ ذٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيرُ ۝٣٣ جَنّٰتُ عَدْنٍ

ওয়া মিন্হুম সা-বিক্বুম্ বিল্খাইরা-তি বিইয্নিল্লা-হি ; যা-লিকা হুওয়াল্ ফাদ্বলুল্ কাবীর। ৩৩। জ্বান্না-তু 'আদ্নিই
এবং তাদের মধ্যে কতক আল্লাহর ইচ্ছায় (রহমতে) কল্যাণ কর কাজে অগ্রগামী। এটা (আল্লাহর) মহান দয়া। (৩৩) তারা সে অবিনশ্বর (স্থায়ী) জান্নাতে

يَدْخُلُونَهَا يُحَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَلُؤْلُؤًا ۚ وَلِبَاسُهُمْ فِيهَا

ইয়াদ্খুলূনাহা- ইউহ্বাল্লাওনা ফীহা- মিন্ আসা-ওয়িরা মিন্ যাহাবিওঁ ওয়া লু'লুওয়ান, ওয়া লিবা-সুহুম ফীহা-
প্রবেশ করবে, সেখানে তাদেরকে সজ্জিত করা হবে স্বর্ণের বালা (চুড়ি) ও মুক্তা (পরানো) দ্বারা এবং সেখানে তাদের পোশাক হবে রেশমী

حَرِيرٌ ۝٣٣ وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِي أَذْهَبَ عَنَّا الْحَزَنَ ۗ إِنَّ رَبَّنَا لَغَفُورٌ

হ্বারীর। ৩৪। ওয়া ক্বা-লুল্ হ্বাম্দু লিল্লা-হিল্ লাযী~আয্হাবা 'আন্নাল্ হাযানা ; ইন্না রাব্বানা- লাগাফূরুন্
কাপড়ের। (৩৪) এবং তারা বলবে, সে (মহান) আল্লাহর জন্যই সব প্রশংসা, যিনি আমাদের থেকে পেরেশানী দূর করেছেন। নিশ্চয়ই আমার প্রতিপালক

○ টীকা (আঃ ২৯) ঃ কেননা, এই পণ্যের ক্রেতা সৃষ্টজীব নয় যে, সময়ে পণ্যের সমাদর করবে এবং সময়ে অবহেলা করবে। বরং এর খরিদ্দার স্বয়ং আল্লাহ্, যিনি স্বীয় প্রতিশ্রুতি অনুযায়ী, তাদেরই হিতসাধনের উদ্দেশ্যেই উক্ত সওদার উপযুক্ত মূল্য দান করবেন, তাতে নিজের স্বার্থ বিন্দুমাত্রও নেই।
○ বিশ্লেষণ (আঃ ৩০) ঃ سرا علانية - অর্থাৎ, রাত, দিন, প্রকাশ্যে ও গোপনে, সর্বাবস্থায় আল্লাহর পথে ব্যয় করে। যাতে, গোপনে ব্যয় করা দ্বারা, নফল সদকা আর প্রকাশ্যে ব্যয় করা দ্বারা, ফরজ সদকা (অর্থাৎ, যাকাত) কে বুঝানো হয়েছে। ○ টীকা (আঃ ৩২) ঃ অর্থাৎ, মুসলমানগণ ঈমান আনয়নের ফলে সমগ্র জগতবাসীর মধ্যে তারাই আল্লাহর অধিক প্রিয়। অবশ্য তাদের মধ্যেও অন্যান্য কারণ যথা, মন্দ কাজ অবলম্বনের দরুন নিন্দার কারণও রয়েছে। ফলকথা, পছন্দনীয় হওয়ার ব্যাপারে সকল মু'মিন সমান সত্ত্বেও তারা আবার তিন ভাগে বিভক্ত হয়েছে। সম্মুখের দিকে তা-ই বর্ণনা করছেন। (বঃ কোঃ)

شَكُورٌ ۝٣٤ الَّذِي أَحَلَّنَا دَارَ الْمُقَامَةِ مِنْ فَضْلِهِ ۚ لَا يَمَسُّنَا فِيهَا نَصَبٌ وَّلَا

শাকূর। ৩৫। নিল্লাযী~আহ্বাল্লানা- দা-রাল্ মুক্বা-মাতি মিন্ ফাদ্বলিহী, লা-ইয়ামাস্সুনা- ফীহা- নাস্বাবুওঁ ওয়ালা-
ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩৫) যিনি তাঁর নিজ দয়ায় আমাদেরকে স্থায়ী বাসস্থানে (জান্নাতে) অবতরণ করায়েছেন। সেখানে স্পর্শ করবে না কোন

يَمَسُّنَا فِيهَا لُغُوبٌ ۝٣٥ وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ ۚ لَا يُقْضٰى عَلَيْهِمْ

ইয়ামাস্সুনা- ফীহা- লুগূব। ৩৬। ওয়াল্লাযীনা কাফারূ লাহুম না-রু জ্বাহান্নামা, লা-ইউক্বদ্বা- 'আলাইহিম্
ক্লান্তি ও কোন (প্রকার) কষ্ট। (৩৬) আর যারা কাফির, তাদের জন্য রয়েছে জাহান্নামের অগ্নি। তাদের উপর এভাবে নির্দেশ দেয়া হবে না, যাতে

فَيَمُوتُوا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِّنْ عَذَابِهَا ۚ كَذٰلِكَ نَجْزِي كُلَّ كَفُورٍ ۝

ফাইয়ামূতূ ওয়ালা- ইউখাফ্ফাফু 'আন্হুম মিন্ 'আযা-বিহা-; কাযা-লিকা নাজ্যী কুল্লা কাফূর।
তারা মারা যাবে (ও শাস্তি হতে মুক্তি পাবে) এবং তাদের থেকে জাহান্নামের শাস্তিও হালকা করা হবে; আমি কাফিরদেরকে এভাবেই শাস্তি দিব।

۝٣٦ وَهُمْ يَصْطَرِخُونَ فِيهَا ۚ رَبَّنَا أَخْرِجْنَا نَعْمَلْ صَالِحًا غَيْرَ الَّذِي كُنَّا نَعْمَلُ ۗ

৩৭। ওয়া হুম্ ইয়াস্বতারিখূনা ফীহা-, রাব্বানা~আখ্রিজ্না- না'মাল্ স্বা-লিহ্বান্ গাইরাল্লাযী কুন্না- না'মালু ;
(৩৭) সেখানে বসে তারা চীৎকার করে বলবে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে বের করে নাও। আমরা নেক কাজ করব যে কাজ পূর্বে করেছিলাম তা করবনা।

أَوَلَمْ نُعَمِّرْكُمْ مَّا يَتَذَكَّرُ فِيهِ مَنْ تَذَكَّرَ وَجَاءَكُمُ النَّذِيرُ ۖ فَذُوقُوا فَمَا لِلظّٰلِمِينَ

আওয়ালাম্ নু'আম্মির্কুম্ মা-ইয়াতাযাক্কারু ফীহি মান্ তাযাক্কারা ওয়া জ্বা—আকুমুন্ নাযীর ; ফাযূক্বূ ফামা- লিজ্জা-লিমীনা
(আল্লাহ বলবেন) আমি কি তোমাদেরকে এতো বয়স দেইনি যে, এ সময়ের মধ্যে (দ্বীনের) উপদেশ গ্রহণ করতে পারতে, যে উপদেশ গ্রহণ করতে চাইতে? এবং তোমাদের কাছে তো সতর্ককারী (নবী) ও এসেছিল; সুতরাং

৪ ع ১৬ রুকূ
مِنْ نَّصِيرٍ ۝٣٧ إِنَّ اللّٰهَ عٰلِمُ غَيْبِ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ

মিন্ নাস্বীর। ৩৮। ইন্নাল্লা-হা 'আ-লিমু গাইবিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ; ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিস্ব
(এখন শাস্তি) উপভোগ কর, জালিমদের কোন সাহায্যকারী নেই। (৩৮) নিশ্চয়ই আল্লাহ জানেন, আকাশ ও পৃথিবীর লুক্কায়িত বিষয়গুলো। নিশ্চয়ই তিনি জানেন, মনের

الصُّدُورِ ۝٣٨ هُوَ الَّذِي جَعَلَكُمْ خَلٰٓئِفَ فِي الْأَرْضِ ۚ فَمَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهُ ۗ

স্বুদূর। ৩৯। হুওয়াল্লাযী জ্বা'আলাকুম্ খালা—ইফা ফিল্ আর্দ্বি ; ফামান্ কাফারা ফা'আলাইহি কুফ্রুহূ ;
সব কথা (৩৯) তিনি (আল্লাহ) তোমাদেরকে পৃথিবীতে উত্তরাধিকারী করেছেনই, সুতরাং যে অকৃতজ্ঞ হবে, তার অকৃতজ্ঞতার (প্রতিফলের) জন্য সে নিজেই দায়ী।

وَلَا يَزِيدُ الْكٰفِرِينَ كُفْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ إِلَّا مَقْتًا ۚ وَلَا يَزِيدُ الْكٰفِرِينَ كُفْرُهُمْ

ওয়ালা- ইয়াযীদুল কা-ফিরীনা কুফ্রুহুম 'ইন্দা রাব্বিহিম ইল্লা- মাক্বতান্, ওয়ালা- ইয়াযীদুল্ কা-ফিরীনা কুফ্রুহুম
অবিশ্বাসীদের অবিশ্বাস, তাদের প্রতিপালকের কাছে কেবল অসন্তুষ্টিই বৃদ্ধি করে এবং অবিশ্বাসীদের অবিশ্বাস, কেবল তাদের

○ বিশ্লেষণ (আঃ ৩৭) ঃ النذير - রাসূলুল্লাহকে (স) বুঝানো হয়েছে।
○ টীকা (আঃ ৩৭) ঃ কেননা, আমি তাদের শিরক এবং কুফরের দরুন অসন্তুষ্ট থাকায় সাহায্য করবই না; আর অপর কেহ অক্ষমতার দরুন সাহায্য করতেই পারবে না। ○ টীকা (আঃ ৩৯) ঃ এবং এই সমস্ত প্রমাণ ও নেয়ামতের কারণে মানুষের উচিত ছিল প্রমাণ ও কৃতজ্ঞতাস্বরূপ আল্লাহ একত্বে বিশ্বাস করা ও তাঁর আনুগত্য করা; কিন্তু কতক লোক কুফর ও বিরুদ্ধাচরণের উপরই স্থির রয়েছে। (বঃ কোঃ)

إِلَّا خَسَارًا ﴿٣٩﴾ قُلْ أَرَءَيْتُمْ شُرَكَآءَكُمُ الَّذِينَ تَدْعُونَ مِن دُونِ اللَّهِ ط

ইল্লা- খাসা-রা-। ৪০। কুল্ আরাআইতুম্ শুরাকা—আ কুমুল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি ;

ক্ষতিই বৃদ্ধি করে। (৪০) আপনি বলুন, তোমরা কি তোমাদের সে (উপাসক) দের ব্যাপারে চিন্তা করে দেখছ, যাদেরকে তোমরা আল্লাহর পরিবর্তে ডাক?

أَرُونِي مَاذَا خَلَقُوا مِنَ الْأَرْضِ أَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ج أَمْ ءَاتَيْنٰهُمْ

আরূনী মা-যা- খালাক্ব মিনাল্ আরদ্বি আম্ লাহুম্ শির্কুন্ ফিস্ সামা-ওয়া-তি, আম্ আ-তাইনা-হুম্

আমাকে বলতো, তারা পৃথিবীর কি (জিনিস) সৃষ্টি করেছে অথবা আকাশ (সৃষ্টি) এর মধ্যে তাদের কি কোন অংশিদারিত্ব আছে? অথবা তাদেরকে কি আমি (এমন) কোন

كِتٰبًا فَهُمْ عَلٰى بَيِّنَتٍ مِّنْهُ ج بَلْ إِن يَعِدُ الظّٰلِمُونَ بَعْضُهُم بَعْضًا إِلَّا غُرُورًا ﴿٤٠﴾

কিতা-বান্ ফাহুম্ 'আলা- বাইয়্যিনাতিম্ মিন্হু, বাল্ ইঁয়া 'ইদুজ্ জা-লিমূনা 'বাদ্বুহুম্ 'বাদ্বান ইল্লা- গুরূরা-।

কিতাব দিয়েছি যে, তা দিয়ে তারা (অংশিদারিত্বের) প্রমাণের উপর রয়েছে? বরং এ জালিমরা শুধু একে অন্যকে প্রবঞ্চনামূলক প্রতিশ্রুতি দিয়ে থাকে।

إِنَّ اللَّهَ يُمْسِكُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ أَن تَزُولَا ج وَلَئِن زَالَتَا إِنْ أَمْسَكَهُمَا

৪১। ইন্নাল্লা-হা ইউম্সিকুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা আন্ তাযূলা-; ওয়া লাইন্ যা-লাতা~ইন আম্সাকাহুমা-

(৪১) আল্লাহই আকাশ ও পৃথিবীকে ধরে রেখেছেন, যাতে এ দুটো টলে না পড়ে। আর যদি এ দুটো টলে পড়ে, তারপরে আল্লাহ ব্যতীত আর অন্য কেউ

مِنْ أَحَدٍ مِّن بَعْدِهِ ط إِنَّهُ كَانَ حَلِيمًا غَفُورًا ﴿٤١﴾ وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ

মিন্ আহ্বাদিম্ মিম্ বা'দিহী ; ইন্নাহূ কা-না হ্বালীমান্ গাফূরা-। ৪২। ওয়া আক্বসামূ বিল্লা-হি জ্বাহ্দা আইমা-নিহিম্

এ দুটোকে ধরে রাখতে পারবে না। নিশ্চয়ই তিনি (আল্লাহ) মহা ধৈর্য্যশীল, ক্ষমাশীল। (৪২) আর তারা (কাফিরেরা) আল্লাহর নামে শক্ত শপথ করে বলত যে,

لَئِن جَآءَهُمْ نَذِيرٌ لَّيَكُونُنَّ أَهْدٰى مِنْ إِحْدَى الْأُمَمِ ج فَلَمَّا جَآءَهُمْ

লাইন্ জ্বা—আহুম্ নাযীরুল্ লাইয়াকূনুন্না আহ্দা- মিন্ ইহ্বদাল্ উমামি, ফালাম্মা- জ্বা—আহুম্

যদি তাদের কাছে কোন সতর্ককারী (নবী) আসে, তবে তারা (অন্যান্য) প্রত্যেক উম্মতের চেয়ে অধিকতর হেদায়েত কবুলকারী হবে। যখন তাদের কাছে সতর্ককারী

نَذِيرٌ مَّا زَادَهُمْ إِلَّا نُفُورًا ﴿٤٢﴾ اسْتِكْبَارًا فِي الْأَرْضِ وَمَكْرَ السَّيِّئِ ط

নাযীরুম্ মা-যা-দাহুম ইল্লা- নুফূরা- ৪৩। নিস্তিক্বা-রান্ ফিল্ আরদ্বি ওয়া মাক্রাস্ সাইয়্যিই ;

(নবী) আগমন করল, তখন কেবল (নবী থেকে) এদের দূরত্ব বৃদ্ধি করল– (৪৩) পৃথিবীতে নিজদেরকে (সবচেয়ে) বড় ধারণা করার কারণে

وَلَا يَحِيقُ الْمَكْرُ السَّيِّئُ إِلَّا بِأَهْلِهِ ط فَهَلْ يَنظُرُونَ إِلَّا سُنَّتَ

ওয়ালা- ইয়াহ্বীকুল মাক্রুস্ সাইয়্যিউ ইল্লা- বিআহ্লিহী ; ফাহাল্ ইয়ান্জুরূনা ইল্লা- সুন্নাতাল্

এবং হীন চক্রান্তের কারণে। আর হীন চক্রান্ত, বেষ্টনী করে কেবলমাত্র সে চক্রান্ত সৃষ্টিকারীদেরকেই। তবে তারা কি প্রতীক্ষা করছে, পূর্ববর্তীদের উপর জারীকৃত

○ টীকা (আঃ ৪০) ঃ যার ফলে যৌক্তিক প্রমাণে তাদের উপাস্য হওয়ার যোগ্যতা প্রমাণিত হতে পারে। (বঃ কোঃ) কেননা তাদের পূর্ব পুরুষরা তাদেরকে ভিত্তিহীন ভুল কথা শিখায়ে আসছিল যে, "এই মূর্তিসমূহ আল্লাহর সমীপে আমাদের জন্য সুপারিশকারী হবে।" অথচ সেগুলি সম্পূর্ণ ক্ষমতাহীন।

○ টীকা (আঃ ৪৩) ঃ অর্থাৎ, তাদের অহংকারের দরুন শুধু তাদের ঘৃণা বৃদ্ধি পেয়ে ক্ষান্ত হয় নি; বরং আপনাকে কষ্ট দেয়ার জন্য তারা ষড়যন্ত্রে লিপ্ত হয়ে গেল। তারা যাঁরা ক্ষতি করতে প্রবৃত্ত হয়েছে, সময় সময় অবশ্য তাঁদেরও কিছু ক্ষতি হত; কিন্তু তা পার্থিব ক্ষতি। পক্ষান্তরে অনিষ্টকারীরা পরলোকে এর কুফল ভোগ করবে অনন্ত কাল। ফলকথা, আল্লাহর প্রতিশ্রুতি রয়েছে যে, কাফেরদের শাস্তি হবে। বস্তুতঃ তাঁহার প্রতিশ্রুতি অতীব সত্য, সুতরাং তাদের শাস্তি না হওয়ার কোনই সম্ভাবনা নেই এবং তাদের পরিবর্তে অন্য কারও শাস্তি হওয়ার সম্ভাবনা নেই। তাদেরই শাস্তি হবে এবং অবশ্যই হবে। (বঃ কোঃ)

الْأَوَّلِينَ ج فَلَن تَجِدَ لِسُنَّتِ اللَّهِ تَبْدِيلًا ج وَلَن تَجِدَ لِسُنَّتِ اللَّهِ

আওয়্যালীনা, ফালান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি তাব্দীলান্, ওয়া লান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি

(সে) নিয়মের? (অর্থাৎ শাস্তির)। কিন্তু আপনি আল্লাহর নিয়মের কোনই পরিবর্তন পাবেন না এবং আপনি আল্লাহর নিয়মের কোন ব্যতিক্রম

تَحْوِيلًا ﴿٤٣﴾ أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ

তাহ্বওয়ীলা-। ৪৪। আওয়ালাম্ ইয়াসীরূ ফিল্ আরদ্বি ফাইয়ান্জুরূ কাইফা কা-না- 'আ-ক্বিবাতুল্ লাযীনা

পাবেন না। (৪৪) তারা কি পৃথিবীতে ভ্রমণ করেনি? তবে তারা দেখত যে, তাদের পূর্ববর্তী (অবিশ্বাসী) দের পরিণাম কিরূপ হয়েছিল?

مِن قَبْلِهِمْ وَكَانُوا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً ط وَمَا كَانَ اللَّهُ لِيُعْجِزَهُ مِن شَيْءٍ فِي

মিন্ ক্বাব্লিহিম্ ওয়া কা-নূ~আশাদ্দা মিন্হুম্ কুওয়্যাতান ; ওয়া মা- কা-নাল্লা-হু লিই'উজ্বিযাহূ মিন্ শাইয়িন্ ফিস্

তারা তো শক্তিতে তাদের চেয়ে অধিক শক্তিশালী ছিল, আল্লাহ এমন নন যে, তাঁকে অপারগ করতে পারে,

السَّمٰوٰتِ وَلَا فِي الْأَرْضِ ط إِنَّهُ كَانَ عَلِيمًا قَدِيرًا ﴿٤٤﴾ وَلَوْ يُؤَاخِذُ

সামা-ওয়া-তি ওয়ালা- ফিল্ আরদ্বি ; ইন্নাহূ কা-না 'আলীমান্ ক্বাদীরা-। ৪৫। ওয়ালাও ইউআ-খিযুল

আকাশ ও পৃথিবীর কোন কিছুই। নিশ্চয়ই তিনি (আল্লাহ) মহাজ্ঞানী, মহাশক্তিশালী। (৪৫) যদি আল্লাহ মানুষকে তার

اللَّهُ النَّاسَ بِمَا كَسَبُوا مَا تَرَكَ عَلٰى ظَهْرِهَا مِن دَآبَّةٍ وَلٰكِن يُؤَخِّرُهُمْ

লাহুন্ না-সা বিমা- কাসাবূ মা- তারাকা 'আলা- জাহ্রিহা- মিন্ দা—ব্বাতিওঁ ওয়া লা-কিইঁ ইউ আখ্খিরুহুম

কর্মের কারণে, পাকড়াও করতেন তবে ভূ-পৃষ্ঠের কোন জীব জানোয়ারকেই ছাড়তেন না। কিন্তু আল্লাহ তাদেরকে সুযোগ দিয়েছেন

৫ ৫৮ ১৭ রুকূ إِلٰى أَجَلٍ مُّسَمًّى ج فَإِذَا جَآءَ أَجَلُهُمْ فَإِنَّ اللَّهَ كَانَ بِعِبَادِهِ بَصِيرًا ﴿٤٥﴾

ইলা~আজ্বালিম্ মুসাম্মান্, ফাইযা- জ্বা—আ আজ্বালুহুম ফাইন্নাল্লা-হা কা-না বি'ইবা-দিহী বাস্বীরা-।

একটি নির্ধারিত সময় পর্যন্ত। সুতরাং যখন তাদের সে নির্ধারিত সময় এসে যাবে (তখন আর দেরী করা হবে না), আল্লাহ তাঁর বান্দাগণের দ্রষ্টা।

সূরা ইয়া-সীন
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮৩
রুকূ ঃ ৫

يٰسٓ ﴿١﴾ وَالْقُرْءَانِ الْحَكِيمِ ﴿٢﴾ إِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ ﴿٣﴾ عَلٰى صِرٰطٍ مُّسْتَقِيمٍ ﴿٤﴾

১। ইয়া-সী—ন্। ২। ওয়াল্ কুর্আ-নিল্ হ্বাকীম। ৩। ইন্নাকা লামিনাল্ মুর্সালীন। ৪। 'আলা- স্বিরাত্বিম্ মুস্তাক্বীম।

(১) ইয়া-সী-ন, (২) শপথ বিজ্ঞানময় কুরআনের। (৩) নিশ্চয়ই আপনি রাসূলগণের মধ্য হতে একজন। (৪) আপনি সঠিক (সত্য) পথের উপর আছেন।

○ **সূরা ইয়াসীনের ফযীলত ঃ** সূরা ইয়াসীনের ফীলত অপরিসীম। রাসূলুল্লাহ (স) বলেছেন, প্রত্যেক বস্তুর অন্তর বা দিল আছে। আর পবিত্র কুরআনের অন্তর হলো, সূরা ইয়াসীন। যে ব্যক্তি সওয়াবের উদ্দেশ্যে একবার সূরা ইয়াসীন পাঠ করবে, যে পূর্ণ কুরান শরীফ ১০ বার তিলাওয়াত করার সমান সওয়াব পাবে। (আঃ সালেহীন)

○ **শানে নুযূল (আঃ ৩) ঃ** انك لمن المرسلين – মক্কার মুশরিকরা রাসূলুল্লাহর (সা) নবুওয়াত সম্পর্কে সন্দেহ করত এবং তা অস্বীকার করছিল। আল্লাহ তায়ালা এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ করেন। (তাঃ জালালাইন)

۞ تَنْزِيْلَ الْعَزِيْزِ الرَّحِيْمِ ۝٥ لِتُنْذِرَ قَوْمًا مَّآ اُنْذِرَ اٰبَآؤُهُمْ فَهُمْ غٰفِلُوْنَ ۝٦ لَقَدْ

৫। তান্‌যীলাল্ 'আযীযির্ রাহ্বীম। ৬। লিতুন্‌যিরা ক্বাওমাম্ মা~উন্‌যিরা আ-বা—উহুম্ ফাহুম গা-ফিলূন। ৭। লাক্বাদ্
(৫) কুরআন আল্লাহর তরফ হতে নাযিলকৃত। যিনি মহা প্রভাবশালী, অসীম দয়ালু। (৬) যাতে আপনি ভয় দেখাতে পারেন সে সম্প্রদায়কে, যাদের পিতৃ পুরুষদেরকে ভয় দেখান হয়নি। সুতরাং এ কারণেই তারা গাফিল রয়েছে। (৭) তাদের

حَقَّ الْقَوْلُ عَلٰٓى اَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝٧ اِنَّا جَعَلْنَا فِيْٓ اَعْنَاقِهِمْ اَغْلٰلًا

হাক্বক্বাল্ ক্বাওলু 'আলা~আক্‌ছারিহিম্ ফাহুম্ লা-ইউ'মিনূন। ৮। ইন্না- জা'আল্‌না- ফী~আ'না-ক্বিহিম্ আগ্‌লা-লান
অধিকাংশ লোকদের উপর (শাস্তির) বাণী (আদেশ) নির্ধারিত হয়ে গেছে; সুতরাং তারা ঈমান আনবে না। (৮) আমি তাদের গর্দানে শিকল লাগিয়ে দিয়েছি,

فَهِيَ اِلَى الْاَذْقَانِ فَهُمْ مُّقْمَحُوْنَ ۝٨ وَجَعَلْنَا مِنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَّمِنْ

ফাহিয়া ইলাল্ আয্‌ক্বা-নি ফাহুম্ মুক্বমাহূন। ৯। ওয়া জা'আল্‌না- মিম্ বাইনি আইদীহিম সাদ্দাওঁ ওয়া মিন্
এবং তা চিবুক পর্যন্ত ঝুলে পড়েছে। ফলে তারা মাথা খাড়া করে রেখেছে। (৯) আর আমি তাদের সামনে একটি প্রাচীর এবং তাদের পিছনে একটি প্রাচীর স্থাপন করে

خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ ۝٩ وَسَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ

খাল্‌ফিহিম সাদ্দান্ ফাআগ্‌শাইনা-হুম্ ফাহুম লা- ইউব্‌ছিরূন। ১০। ওয়া সাওয়া—উন্ 'আলাইহিম্ আ আন্‌যার্‌তাহুম
দিয়েছি, অতঃপর আমি তাদের (দৃষ্টিকে) আচ্ছাদিত করেছি, ফলে তারা দেখতে পাবে না। (১০) হে নবী! তাদেরকে আপনি ভয় দেখান বা না দেখান উভয়ই তাদের জন্য সমান।

اَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝١٠ اِنَّمَا تُنْذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمٰنَ

আম্ লাম্ তুন্‌যির্‌হুম লা- ইউ'মিনূন। ১১। ইন্নামা- তুন্‌যিরু মানিত্ তাবা'আয্ যিক্‌রা ওয়া খাশিয়ার্ রাহ্বমা-না
তারা (কখনও) ঈমান আনবে না। (১১) আপনি কেবল তাদেরকেই (আল্লাহর শাস্তির) ভয় দেখাতে পারেন, যারা উপদেশ (কুরআন) অনুযায়ী এবং রহমান (আল্লাহ) কে

بِالْغَيْبِ ۚ فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَّاَجْرٍ كَرِيْمٍ ۝١١ اِنَّا نَحْنُ نُحْيِ الْمَوْتٰى وَنَكْتُبُ

বিল্‌গাইবি, ফাবাশ্‌শির্‌হু বিমাগ্‌ফিরাতিওঁ ওয়া আজ্‌রিন্ কারীম। ১২। ইন্না- নাহ্বনু নুহ্বইল মাওতা- ওয়া নাক্‌তুবু
না দেখে ভয় করে। সুতরাং আপনি তাদেরকে সুসংবাদ দিন ক্ষমা ও উত্তম প্রতিদানের। (১২) নিশ্চয়ই আমি মৃতকে জীবিত করব এবং লিখে রাখি (লাওহে মাহফুজে) সে

مَا قَدَّمُوْا وَاٰثَارَهُمْ ۗ وَكُلَّ شَيْءٍ اَحْصَيْنٰهُ فِيْٓ اِمَامٍ مُّبِيْنٍ ۝١٢ وَاضْرِبْ لَهُمْ

মা- ক্বাদ্দামূ ওয়া আ-ছা-রাহুম ; ওয়া কুল্লা শাইয়িন্ আহ্‌ছাইনা-হু ফী~ইমা-মিম্ মুবীন্। ১৩। ওয়াদ্বরিব্ লাহুম্
কৃতকর্মসমূহ যা লোকেরা অগ্রে প্রেরণ করে এবং যা তারা পিছনে রেখে যায় এবং আমি প্রত্যেকটি জিনিস স্পষ্ট কিতাবে সুবিন্যস্ত করে রেখেছি। (১৩) (হে নবী!) আপনি

مَّثَلًا اَصْحٰبَ الْقَرْيَةِ ۘ اِذْ جَآءَهَا الْمُرْسَلُوْنَ ۝١٣ اِذْ اَرْسَلْنَآ اِلَيْهِمُ اثْنَيْنِ

মাছালান্ আছ্বহা-বাল্ ক্বার্‌ইয়াতি। ইয্- জা—আহাল্ মুর্‌সালূন। ১৪। ইয্ আর্‌সাল্‌না~ইলাইহিমুছ্ নাইনি
তাদের সামনে সে জনপদের বাসিন্দাদের উদাহরণ (কাহিনী) বর্ণনা করুন। সে জনপদে যখন এসেছিল রাসূলগণ। (১৪) যখন আমি তাদের কাছে দুজন রাসূল প্রেরণ করেছিলাম, তখন তারা দুজন রাসূলকে

○ টীকা (আঃ ১২) ঃ আল্লাহ তায়ালা অত্র আয়াতে মানুষের অগ্রে-পশ্চাদে পাপ-পূর্ণ সবকিছু লিপিবদ্ধ করেন, এর তাৎপর্য হলো মানুষ জীবিত কালে ঈমান গ্রহণ করলে যে যত সৎকর্ম করে পূন্য অর্জন করে অথবা কুফ্‌রী অবস্থায় পাপ অর্জন করে তাকে বলা হয় অগ্র কার্যকলাপ। তেমনি মৃত্যুর পর মুমিনগণ দ্বীন শিক্ষা দিয়ে থাকলে তার পূর্ণ সে পেতে থাকবে অপকর্মের ধারা রেখে গেলে তারও পাপ মৃত্যুর পর অব্যাহত থাকবে তাও লিপিবদ্ধ হতে থাকবে একে বলা হয় তাদের পশ্চাদবর্তী রেখে যাওয়া কর্মফল। (বঃ কোঃ)

فَكَذَّبُوْهُمَا فَعَزَّزْنَا بِثَالِثٍ فَقَالُوْٓا اِنَّآ اِلَيْكُمْ مُّرْسَلُوْنَ ۝١٤ قَالُوْا مَآ اَنْتُمْ

ফাকায্‌যাবূহুমা- ফা'আয্‌যায্‌না- বিছা-লিছিন্ ফাক্বা-লূ~ইন্না~ইলাইকুম্ মুর্‌সালূন। ১৫। ক্বা-লূ- মা~আন্‌তুম্
মিথ্যাবাদী বলল। অতঃপর আমি তৃতীয় একজন পাঠিয়ে তাদেরকে শক্তিশালী করেছিলাম। সুতরাং তারা (তিন জন) বলেছিল, নিশ্চয়ই আমরা তোমাদের কাছে (রাসূল হিসেবে) প্রেরিত হয়েছি। (১৫) তারা বলল,

اِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۙ وَمَآ اَنْزَلَ الرَّحْمٰنُ مِنْ شَيْءٍ ۙ اِنْ اَنْتُمْ اِلَّا تَكْذِبُوْنَ ۝

ইল্লা- বাশারুম্ মিছ্‌লুনা-, ওয়া মা~আন্‌যালার্ রাহ্বমা-নু মিন্ শাইয়িন্, ইন্ আন্‌তুম্ ইল্লা- তাক্‌যিবূন।
তোমরাতো আমাদেরই মত মানুষ এবং রহমান (আল্লাহ) কোন জিনিসই অবতীর্ণ করেন নি তোমরা শুধু মিথ্যা বলছ।

۝١٥ قَالُوْا رَبُّنَا يَعْلَمُ اِنَّآ اِلَيْكُمْ لَمُرْسَلُوْنَ ۝١٦ وَمَا عَلَيْنَآ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ۝

১৬। ক্বা-লূ রাব্বুনা- ইয়া'লামু ইন্না~ইলাইকুম্ লামুর্‌সালূন। ১৭। ওয়া মা- 'আলাইনা~ইল্লাল্ বালা-গুল্ মুবীন।
(১৬) তারা বলল, আমাদের প্রতিপালক জানেন, নিশ্চয়ই আমরা তোমাদের কাছে প্রেরিত হয়েছি। (১৭) আমাদের দায়িত্ব শুধু স্পষ্টভাবে পৌছান।

۝١٧ قَالُوْٓا اِنَّا تَطَيَّرْنَا بِكُمْ ۚ لَئِنْ لَّمْ تَنْتَهُوْا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُمْ

১৮। ক্বা-লূ~ইন্না তাত্বাইয়্যার্‌না- বিকুম, লাইল্লাম্ তান্‌তাহূ লানার্‌জুমান্নাকুম্ ওয়ালা- ইয়ামাস্ সান্নাকুম্
(১৮) তারা বলল, নিশ্চয়ই আমরা তোমাদেরকে অশুভ লক্ষণ মনে করছি, যদি তোমরা বিরত না থাক, তবে তোমাদেরকে অবশ্যই পাথর মেরে শেষ করে দেব এবং আমাদের

مِّنَّا عَذَابٌ اَلِيْمٌ ۝١٨ قَالُوْا طَآئِرُكُمْ مَّعَكُمْ ۭ اَئِنْ ذُكِّرْتُمْ ۭ بَلْ اَنْتُمْ

মিন্না- 'আযা-বুন আলীম। ১৯। ক্বা-লূ ত্বা—ইরুকুম্ মা'আকুম ; আইন্ যুক্‌কির্‌তুম ; বাল্ আন্‌তুম
পক্ষ থেকে যন্ত্রণাময় শাস্তি অবশ্যই পৌছবে। (১৯) তারা (রাসূলগণ) বলল, "তোমাদের অকল্যাণ তোমাদেরই সাথে" (তোমাদের একথা কি) এজন্য যে, তোমাদেরকে উপদেশ

قَوْمٌ مُّسْرِفُوْنَ ۝١٩ وَجَآءَ مِنْ اَقْصَا الْمَدِيْنَةِ رَجُلٌ يَّسْعٰى قَالَ يٰقَوْمِ

ক্বাওমুম্ মুস্‌রিফূন। ২০। ওয়াজা—আ মিন্ আক্বছাল্ মাদীনাতি রাজুলুইঁ ইয়াস্'আ- ক্বা-লা ইয়া-ক্বাওমিত্
দেয়া হচ্ছে? বরং তোমরা সীমা অতিক্রমকারী এক সম্প্রদায়। (২০) শহরের দূরবর্তী স্থান হতে এক ব্যক্তি দৌড়ে আসল। সে বলল, হে আমার সম্প্রদায়! তোমরা

اتَّبِعُوا الْمُرْسَلِيْنَ ۝٢٠ اتَّبِعُوْا مَنْ لَّا يَسْئَلُكُمْ اَجْرًا وَّهُمْ مُّهْتَدُوْنَ ۝

তাবি'উল্ মুর্‌সালীন। ২১। ইত্তাবি'উ মাল্লা- ইয়াস্‌আলুকুম্ আজ্‌রাওঁ ওয়া হুম্ মুহ্‌তাদূন।
অনুসরণ কর রাসূলগণের। (২১) তোমরা এমন লোকের অনুসরণ কর, যে তোমাদের থেকে কিছু প্রতিদান চান না এবং তারা নিজেরা হেদায়েত প্রাপ্ত।

○ টীকা (আঃ ১৪) ঃ হযরত ঈসা (আ)-এর আসমানে আরোহণের পর তাঁহার খলীফাহযরত শামউনুস্‌সাফা তাঁর সহকারী দু'জন নবীকে এন্তাকিয়া শহরের মূর্তিপূজকদিগকে হেদায়াতের জন্য প্রেরণ করেন। তারা তথায় পৌছিয়া শহর প্রান্তে হাবীব নাজ্জার নামক জনৈক মূর্তি নির্মাতাকে মেষ চরাতে দেখে নিজেদের আগমনের কারণ ব্যক্ত করেন। লোকটি তাঁদের সত্যতার প্রমাণ দাবী করলে তাঁরা তার কঠিন পীড়াগ্রস্ত পুত্রকে খোদার নিকট দো'আ করে ভাল করে দেন। এতে লোকটি ঈমান আনয়ন করে। পরে তাঁরা তথাকার রাজা আবৃতাহাশোর দরবারে গিয়ে নিজেদের বক্তব্য পেশ করলে রাজা তাঁদেরকে বন্দী করেন। সংবাদ পেয়ে হযরত শামউনও আসেন এবং কৌশলে রাজার সাথে সখ্যতা স্থাপনপূর্বক তাঁদেরকে মুক্ত করে লন। (মুঃ কোঃ)
○ টীকা (আঃ ২১) ঃ এখানে যে জনপদের কথা বলা হয়েছে, তাহলো শাম দেশের এক প্রাচীন নগরী। যার নাম ছিল এন্তাকিয়া। সেই শহরের অধিবাসীরা ধন সম্পদে ও স্থাপত্য শিল্পে অত্যন্ত সমৃদ্ধ ছিল। হযরত উবায়দা ইবনুল জাবরাহ (রা) এই শহরটি জয় করেছিলেন। এই শহরের অধিবাসীদেরকে সৎপথে পরিচালনার জন্য এর পূর্বে আল্লাহ তাআলা দুজন রাসূল প্রেরণ করেন। শহরে অধিবাসীরা তাদেরকে প্রত্যাখ্যান করলে আল্লাহ তাআলা তৃতীয় আরেকজন রাসুল সেখানে পাঠিয়ে তাদেরকে শক্তিশালী করেন। তাঁরা লোকদেরকে এক আল্লাহর দিকে আহবান করলে লোকেরা তাদেরকে মিথ্যা প্রতিপন্ন করে এবং তাদেরকে হত্যার প্রস্তুতি নিতে থাকে। সেই শহরের উপকূলীয় এলাকায় হাবীবে নাজ্জার নামক এক সৎ ব্যক্তি ছিলেন ; তিনি রাসূলগণের বিপদের কথা শুনে দ্রুত ছুটে আসেন এবং শহরবাসীকে তা থেকে নিবৃত্ত করেন। (মাঃ কুঃ)

পারা ২৩

وَمَالِيَ لَآ أَعْبُدُ الَّذِي فَطَرَنِي وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٢٢﴾ ءَأَتَّخِذُ مِن دُونِهِۦٓ ءَالِهَةً

২২। ওয়ামা-লিয়া লা~আ'বুদুল্লাযী ফাত্বারানী ওয়া ইলাইহি তুর্জা'উন। ২৩। আ আত্তাখিযু মিন্ দূনিহী~আ-লিহাতান্

(২২) এবং আমার কি হয়েছে যে, আমি তাঁর ইবাদাত করব না, যিনি আমাকে সৃষ্টি করেছেন এবং যাঁর দিকেই তোমরা সব প্রত্যাবর্তিত হবে? (২৩) আমি কি আল্লাহ ভিন্ন অন্যকে মাবুদ হিসাবে গ্রহণ করব?

إِن يُرِدْنِ الرَّحْمَٰنُ بِضُرٍّ لَّا تُغْنِ عَنِّي شَفَٰعَتُهُمْ شَيْـًٔا وَلَا يُنقِذُونِ ﴿٢٣﴾ إِنِّيٓ

ইঁয় ইউরিদ্নির্ রাহ্মা-নু বিদ্বুর্রিল্ লা-তুগ্নি 'আন্নী শাফা-'আতুহুম শাইআওঁ ওয়ালা- ইউন্ক্বিযূন। ২৪। ইন্নী~

যদি রহমান আমাকে কোন ক্ষতি করতে চান, তবে তাদের সুপারিশ আমার কোনই উপকারে আসবে না এবং তারা আমাকে (শাস্তি হতে) রক্ষাও করতে পারবে না। (২৪) আমি

إِذًا لَّفِي ضَلَٰلٍ مُّبِينٍ ﴿٢٤﴾ إِنِّيٓ ءَامَنتُ بِرَبِّكُمْ فَٱسْمَعُونِ ﴿٢٥﴾ قِيلَ ٱدْخُلِ ٱلْجَنَّةَ

ইযাল্লাফী দ্বালা-লিম্ মুবীন। ২৫। ইন্নী~আ-মান্তু বিরাব্বিকুম ফাস্মা'উন। ২৬। ক্বীলাদ্ খুলিল্ জান্নাতা ;

যদি এরূপ করি তবে অবশ্যই স্পষ্ট ভ্রান্তিতে পড়ব। (২৫) আমিতো তোমাদের রবের উপর ঈমান এনেছি, সুতরাং তোমরা আমার কথা শোন। (২৬) তাকে বলা হল তুমি জান্নাতে

قَالَ يَٰلَيْتَ قَوْمِي يَعْلَمُونَ ﴿٢٦﴾ بِمَا غَفَرَ لِي رَبِّي وَجَعَلَنِي مِنَ ٱلْمُكْرَمِينَ ○

ক্বা-লা ইয়া-লাইতা ক্বাওমী ই'য়ালামূন। ২৭। বিমা- গাফারালী রাব্বী ওয়া জা'আলানী মিনাল্ মুক্রামীন।

প্রবেশ কর। সে বলল, হায়! যদি আমার সম্প্রদায় জানতে পারত, (২৭) যে কারণে আমার প্রতিপালক আমাকে ক্ষমা করেছেন এবং আমাকে সম্মানিত করেছেন।

﴿٢٧﴾ وَمَآ أَنزَلْنَا عَلَىٰ قَوْمِهِۦ مِنۢ بَعْدِهِۦ مِن جُندٍ مِّنَ ٱلسَّمَآءِ وَمَا كُنَّا مُنزِلِينَ ○

২৮। ওয়ামা~আন্যাল্না- 'আলা- ক্বাওমিহী মিম্ বা'দিহী মিন্ জুন্দিম্ মিনাস্ সামা—ই ওয়ামা- কুন্না- মুন্যিলীন।

(২৮) তার সম্প্রদায়ের উপর তার মৃত্যুর পরে আকাশ থেকে কোন সৈন্যবাহিনী (তাদের ধ্বংস করার জন্য) প্রেরণ করিনি এবং আমি (ফিরিশতা) প্রেরণকারীও ছিলাম না।

﴿٢٨﴾ إِن كَانَتْ إِلَّا صَيْحَةً وَٰحِدَةً فَإِذَا هُمْ خَٰمِدُونَ ﴿٢٩﴾ يَٰحَسْرَةً عَلَى ٱلْعِبَادِ ۚ

২৯। ইন্ কা-নাত্ ইল্লা-স্বাইহাতাওঁ ওয়া-হিদাতান্ ফাইযা-হুম খা-মিদূন। ৩০। ইয়া-হাস্রাতান্ 'আলাল্ 'ইবা-দি,

(২৯) (তাদের শাস্তি) সেটা একটি (ভীষণ) আওয়াজ ছাড়া আর কিছুই ছিল না। ফলে তারা নির্বাপিত হয়ে (শেষ হয়ে) গেল। (৩০) দুঃখ সে বান্দাদের উপর, তাদের কাছে

مَا يَأْتِيهِم مِّن رَّسُولٍ إِلَّا كَانُوا۟ بِهِۦ يَسْتَهْزِءُونَ ﴿٣٠﴾ أَلَمْ يَرَوْا۟ كَمْ أَهْلَكْنَا

মা- ইয়া'তীহিম্ মির্ রাসূলিন্ ইল্লা- কা-নূ বিহী ইয়াস্তাহ্যিউন। ৩১। আলাম্ ইয়ারাও কাম্ আহ্লাক্না-

এমন কোন রাসূল আগমন করেনি, যাদের সাথে তারা উপহাস করেনি। (৩১) তারা কি দেখে না যে, আমি তাদের পূর্বে বহু দলকে

قَبْلَهُم مِّنَ ٱلْقُرُونِ أَنَّهُمْ إِلَيْهِمْ لَا يَرْجِعُونَ ﴿٣١﴾ وَإِن كُلٌّ لَّمَّا جَمِيعٌ لَّدَيْنَا

ক্বাব্লাহুম্ মিনাল্ ক্বুরূনি আন্নাহুম্ ইলাইহিম লা- ইয়ারজি'উন। ৩২। ওয়া ইন্ কুল্লুল্লাম্মা- জামী'উল লাদাইনা-

ধ্বংস করে দিয়েছি। তারা তাদের কাছে (আর) ফিরে আসবে না। (৩২) এবং তাদের সকলকেই (পুনরায়) আমার সামনে উপস্থিত

○ বিশ্লেষণ (আঃ ২৫) ঃ .....انى امنت - নবীকে লক্ষ্য করে বলেছেন, উদ্দেশ্য ছিল ঈমানের ব্যাপারে নবীকে সাক্ষী রাখা। কারো মতে, তাঁর সম্প্রদায়কে উদ্দেশ্য করে বলেছেন। ○ টীকা (আঃ ২৬) ঃ "বেহেশতে প্রবেশ কর" বলতে তৎক্ষণাৎ প্রবেশ করা উদ্দেশ্য হয়ে থাকলে, বেহেশতের অর্থ তৎসংলগ্ন কোন স্থান। কেননা, বেহেশতে প্রবেশ করার পর আর নির্গমন নেই। অথচ পুনরুত্থান ও হাশর বেহেশতের বাইরে হবে। আর "বেহেশতে প্রবেশ কর" বলতে যথাসময়ে বেহেশতে প্রবেশ করার শুভ সংবাদও উদ্দেশ্য হতে পারে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২৯) ঃ ......صيحة - জিবরাঈল (আ) একটি চীৎকার দিয়েছিলেন যাতে সবার রূহ শরীর থেকে বের হয়ে গিয়েছিল এবং মৃত দেহগুলো স্তুপাকারে পড়ে রয়েছিল। (কুঃ কারীম)

২ ৪ ১ রুকূ

مُحْضَرُونَ ﴿٣٢﴾ وَءَايَةٌ لَّهُمُ ٱلْأَرْضُ ٱلْمَيْتَةُ أَحْيَيْنَٰهَا وَأَخْرَجْنَا مِنْهَا حَبًّا فَمِنْهُ

মুহ্দ্বারূন। ৩৩। ওয়া আ-য়াতুল্ লাহুমুল্ আর্দ্বুল্ মাইতাতু; আহ্ইয়াইনা-হা- ওয়া আখ্রাজ্না- মিন্হা- হাব্বান্ ফামিন্হু

করা হবে। (৩৩) আর তাদের জন্য একটি নিদর্শন হচ্ছে, মৃত (শুষ্ক) যমীন। আমি তাকে জীবিত (সতেজ) করি এবং তা থেকে আমি শস্য উৎপন্ন করি, তারপর তা (শস্য)

يَأْكُلُونَ ﴿٣٣﴾ وَجَعَلْنَا فِيهَا جَنَّٰتٍ مِّن نَّخِيلٍ وَأَعْنَٰبٍ وَفَجَّرْنَا فِيهَا مِنَ

ইয়া'কুলূন। ৩৪। ওয়া জা'আল্না- ফীহা- জান্না-তিম্ মিন্ নাখীলিওঁ ওয়া 'আনা-বিওঁ ওয়া ফাজ্জার্না- ফীহা- মিনাল্

থেকে তারা খেয়ে থাকে। (৩৪) তাতে আমি বানিয়েছি খেজুর ও আংগুরের বাগান এবং তাতে বিভিন্ন ঝরনা (জলধারা)সমূহ প্রবাহিত

ٱلْعُيُونِ ﴿٣٤﴾ لِيَأْكُلُوا۟ مِن ثَمَرِهِۦ وَمَا عَمِلَتْهُ أَيْدِيهِمْ ۖ أَفَلَا يَشْكُرُونَ ○

'উইউন। ৩৫। লিইয়া'কুলূ মিন্ ছামারিহী, ওয়ামা- 'আমিলাত্হু আইদীহিম ; আফালা- ইয়াশ্কুরূন।

করি। (৩৫) যাতে তারা সে ফল হতে খেতে পারে। অথচ সে (ফল)গুলোর (সৃষ্টির) ব্যাপারে তাদের হাত কোনই কাজ করেনি। এরপরেও কি তারা কৃতজ্ঞতা প্রকাশ করবে না?

﴿٣٥﴾ سُبْحَٰنَ ٱلَّذِي خَلَقَ ٱلْأَزْوَٰجَ كُلَّهَا مِمَّا تُنۢبِتُ ٱلْأَرْضُ وَمِنْ أَنفُسِهِمْ

৩৬। সুব্হা-নাল্লাযী খালাক্বাল্ আয্ওয়া-জা কুল্লাহা- মিম্মা- তুম্বিতুল আর্দ্বু ওয়া মিন্ আন্ফুসিহিম্

(৩৬) তিনি (আল্লাহ) মহা পবিত্র, যিনি প্রতিটি বস্তুর জোড়া সৃষ্টি করেছেন; যমীনের উদ্ভিদ শস্যের থেকে এবং মানুষের থেকে (পুরুষ, নারী)

وَمِمَّا لَا يَعْلَمُونَ ﴿٣٦﴾ وَءَايَةٌ لَّهُمُ ٱلَّيْلُ نَسْلَخُ مِنْهُ ٱلنَّهَارَ فَإِذَا هُم مُّظْلِمُونَ ○

ওয়া মিম্মা- লা- ইয়া'লামূন। ৩৭। ওয়া আ-য়াতুল্ লাহুমুল্ লাইলু, নাস্লাখু মিন্হুন্ নাহা-রা ফাইযা-হুম্ মুজ্লিমূন।

এবং সে জিনিসের থেকেও, যেগুলো তারা জানে না। (৩৭) আর তাদের জন্য একটি নিদর্শন রাত, আমি তা থেকে দিবসকে আলাদা করি, তখন তারা অন্ধকারে থাকে।

﴿٣٧﴾ وَٱلشَّمْسُ تَجْرِي لِمُسْتَقَرٍّ لَّهَا ۚ ذَٰلِكَ تَقْدِيرُ ٱلْعَزِيزِ ٱلْعَلِيمِ ﴿٣٨﴾ وَٱلْقَمَرَ قَدَّرْنَٰهُ

৩৮। ওয়াশ্ শাম্সু তাজ্রী লিমুস্তাক্বাররিল্লাহা- ; যা-লিকা তাক্বদীরুল্ 'আযীযিল্ 'আলীম। ৩৯। ওয়াল্ ক্বামারা ক্বাদ্দার্না-হু

(৩৮) আর সূর্য তার নির্ধারিত পথে চলে। এ চলার পথ, মহা প্রভাবশালী, মহাজ্ঞানী (আল্লাহ) এর নির্ধারিত। (৩৯) এবং আমি চন্দ্রের ভ্রমণের জন্যও

مَنَازِلَ حَتَّىٰ عَادَ كَٱلْعُرْجُونِ ٱلْقَدِيمِ ﴿٣٩﴾ لَا ٱلشَّمْسُ يَنۢبَغِي لَهَآ أَن تُدْرِكَ

মানা-যিলা হাত্তা- 'আ-দা কাল্'উর্জুনিল্ ক্বাদীম। ৪০। লাশ্ শাম্সু ইয়াম্বাগী লাহা~আন্ তুদ্রিকাল্

মনযিল (ভ্রমণপথ) নির্ধারণ করেছি। অবশেষে তা খেজুরের পুরাতন ডালের রূপ ধারণ করে। (৪০) সূর্যের জন্য সম্ভব নয় যে চন্দ্রকে গিয়ে ধরবে,

ٱلْقَمَرَ وَلَا ٱلَّيْلُ سَابِقُ ٱلنَّهَارِ ۚ وَكُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ ﴿٤٠﴾ وَءَايَةٌ لَّهُمْ

ক্বামারা ওয়া লাল্ লাইলু সা-বিক্বুন্ নাহা-রি ; ওয়া কুল্লুন ফী ফালাকিঁই ইয়াস্বাহূন। ৪১। ওয়া আ-য়াতুল্ লাহুম

এবং রাতের জন্য এ সুযোগ নেই যে, সে দিনের উপর অগ্রগমন করবে। প্রত্যেকেই নিজ নিজ কক্ষ পথে সাঁতরায়। (৪১) আর তাদের জন্য আর একটি নিদর্শন এই যে,

○ টীকা (আঃ ৩৬) ঃ কতকগুলো উদ্ভিদের মধ্যে জাতিগত বৈপরিত্য রয়েছে। যেমন– কোন উদ্ভিদ হতে গম এবং কোনটি হতে যব উৎপন্ন হয়। কোন কোনটিতে আরও অধিক বৈষম্য রয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৩৯) ঃ সূর্যের গন্তব্য স্থান বলতে সে বিন্দুটিই উদ্দেশ্য, যেখান হতে তার বার্ষিক গতি আরম্ভ হয়ে বছরান্তে পুনরায় সে বিন্দুতে উপনীত হয়। আর চক্রবালের সে বিন্দুটিও উদ্দেশ্য, দৈনিক গতিতে যে বিন্দুটিতে সূর্য অস্তমিত হয়। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪০) ঃ ...كل فى - অর্থাৎ চন্দ্র, সূর্য এবং তার সাথে অন্যান্য তারকাসমূহ নিজ কক্ষ পথে ভ্রমণ করে। ○ টীকা (আঃ ৪০) ঃ অর্থাৎ এরূপ সম্ভব নয় যে, সূর্য তার নির্দিষ্ট সময়ের পূর্বে উদিত হয়ে চন্দ্রকে অর্থাৎ, তার সময় রাত্রিকে মুছিয়ে ফেলে, অনুরূপভাবে চন্দ্রও সূর্যকে তার কিরণ প্রকাশকালে ধরতে পারে না, যাতে রাত্রি এসে পড়ে। ○ বিশ্লেষণ (আঃ ৪১) ঃ .....فى الفلك - অর্থাৎ নূহের (আ) কিস্তি (নৌকা)।

أَنَّا حَمَلْنَا ذُرِّيَّتَهُمْ فِي الْفُلْكِ الْمَشْحُونِ ﴿৪১﴾ وَخَلَقْنَا لَهُم مِّن مِّثْلِهِ مَا يَرْكَبُونَ

আন্না- হ্বামাল্না- যুর্রিয়্যাতাহুম ফিল্ ফুল্কিল্ মাশ্হূন । ৪২ । ওয়া খালাক্বনা- লাহুম মিম্ মিছ্লিহী মা-ইয়ারকাবূন ।

আমি তাদের বংশধরকে বোঝাইকৃত নৌকায় আরোহণ করিয়েছিলাম । (৪২) আর আমি তাদের জন্য অনুরূপ নৌকা সৃষ্টি করেছি, যাতে তারা আরোহণ করে ।

﴿৪২﴾ وَإِن نَّشَأْ نُغْرِقْهُمْ فَلَا صَرِيخَ لَهُمْ وَلَا هُمْ يُنقَذُونَ ﴿৪৩﴾ إِلَّا رَحْمَةً مِّنَّا وَمَتَاعًا

৪৩ । ওয়া ইন্ নাশা' নুগ্‌রিক্বহুম ফালা- স্বারীখা লাহুম ওয়ালা-হুম ইউন্‌ক্বাযূন । ৪৪ । ইল্লা- রাহ্বমাতাম্ মিন্না-ওয়া মাতা-'আন্

(৪৩) আমি ইচ্ছা করলে তাদেরকে ডুবিয়ে দিতে পারি, তারপর তাদের জন্য কেউই সাহায্যকারী হবে না এবং তাদেরকে কেউ বাঁচাতেও পারবে না । (৪৪) কিন্তু এটা আমার অনুগ্রহ এবং তাদের একটা নির্দিষ্ট সময় জীবন ভোগ করার সুযোগ

إِلَىٰ حِينٍ ﴿৪৪﴾ وَإِذَا قِيلَ لَهُمُ اتَّقُوا مَا بَيْنَ أَيْدِيكُمْ وَمَا خَلْفَكُمْ لَعَلَّكُمْ تُرْحَمُونَ

ইলা-হ্বীন । ৪৫ । ওয়া ইযা-ক্বীলা লাহুমুত্তাক্বূ মা- বাইনা আইদীকুম্ ওয়ামা- খাল্‌ফাকুম লা'আল্লাকুম তুর্‌হ্বামূন ।

দেয়া । (৪৫) যখন তাদেরকে বলা হয় যে, তোমরা ভয় কর, যা তোমাদের সম্মুখে রয়েছে এবং যা তোমাদের পশ্চাতে রয়েছে । হয়ত তোমরা অনুগ্রহ লাভ করতে পার ।

﴿৪৫﴾ وَمَا تَأْتِيهِم مِّنْ آيَةٍ مِّنْ آيَاتِ رَبِّهِمْ إِلَّا كَانُوا عَنْهَا مُعْرِضِينَ ﴿৪৬﴾ وَإِذَا قِيلَ

৪৬ । ওয়া মা- তা'তীহিম্ মিন্ আ-য়াতিম্ মিন্ আ-য়া-তি রাব্বিহিম ইল্লা-কা-নূ 'আন্‌হা- 'মুরিদ্বীন । ৪৭ । ওয়া ইযা-ক্বীলা

(৪৬) তাদের কাছে তাদের প্রতিপালকের আয়াতগুলো থেকে এমন কোন আয়াত আসেনি যে, যা থেকে তারা বিমুখ না হয়েছে । (৪৭) আর যখন তাদেরকে বলা

لَهُمْ أَنفِقُوا مِمَّا رَزَقَكُمُ اللَّهُ قَالَ الَّذِينَ كَفَرُوا لِلَّذِينَ آمَنُوا أَنُطْعِمُ مَن لَّوْ

লাহুম আন্‌ফিক্বূ মিম্মা- রাযাক্বাকুমুল্লা-হু, ক্বা-লাল্ লাযীনা কাফারূ লিল্লাযীনা আমানূ~আনুত্ব'ইমু মাল্ লাও

হয় যে, তোমাদেরকে আল্লাহ যে রিযিক দান করেছেন, তা থেকে ব্যয় কর । তখন কাফিরেরা মুমিনগণকে (ঠাট্টা করে) বলে, আমরা কি তাকে খাওয়াব,

يَشَاءُ اللَّهُ أَطْعَمَهُ إِنْ أَنتُمْ إِلَّا فِي ضَلَالٍ مُّبِينٍ ﴿৪৭﴾ وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا

ইয়াশা—উল লা-হু আত্ব'আমাহূ~, ইন্ আন্‌তুম্ ইল্লা- ফী দ্বালা-লিম্ মুবীন । ৪৮ । ওয়া ইয়াক্বূলূনা মাতা- হা-যাল্

যাকে আল্লাহ ইচ্ছা করলে খাওয়াতে পারেন? তোমরা স্পষ্ট বিভ্রান্তির মধ্যে রয়েছ । (৪৮) আর এসব লোকেরা বলে, এ (পুনরুত্থানের) প্রতিশ্রুতি করে (বাস্তবায়ন) হবে,

الْوَعْدُ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿৪৮﴾ مَا يَنظُرُونَ إِلَّا صَيْحَةً وَاحِدَةً تَأْخُذُهُمْ وَهُمْ

ও'য়াদু ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন । ৪৯ । মা- ইয়ান্‌জুরূনা ইল্লা- স্বাইহ্বাতাওঁ ওয়া- হ্বিদাতান্ তা'খুযুহুম্ ওয়াহুম্

যদি তোমাদের সত্যবাদী হয়ে থাক? (৪৯) তারা তো শুধু মাত্র ভয়ানক আওয়াজের অপেক্ষা করছে, যা তাদেরকে পাকড়াও করবে, এমনাবস্থায় যে, তারা পরস্পরে ঝগড়া

يَخِصِّمُونَ ﴿৪৯﴾ فَلَا يَسْتَطِيعُونَ تَوْصِيَةً وَلَا إِلَىٰ أَهْلِهِمْ يَرْجِعُونَ ﴿৫০﴾ وَنُفِخَ فِي ع ৩ ২ রুকূ

ইয়াখিস্বিস্বমূন । ৫০ । ফালা- ইয়াস্‌তাত্বী'উনা তাওস্বিয়াতাওঁ ওয়ালা~ইলা~ আহ্‌লিহিম্ ইয়ার্‌জি'উন । ৫১ । ওয়া নুফিখা ফিস্

করতে থাকবে । (৫০) এ সময় তারা না অসিয়ত করতে পারবে এবং না তার নিজ পরিবার-পরিজনের প্রতি ফিরে যেতে পারবে । (৫১) আর যখন শিংগায় ফুৎকার দেয়া হবে,

○ টীকা (আঃ ৪২) ঃ অধিকাংশ লোক নিজেদের সন্তানদেরকে ব্যবসায়ের উদ্দেশ্যে পাঠিয়ে থাকে, এতে তিনটি নেয়ামতের প্রতি ঈঙ্গিত হয়েছে– (ক) বোঝাইকৃত নৌকা বোঝার ভারে ডুবে যাওয়া উচিত, তাকে পানির উপর দিয়ে চালিয়ে নেয়া । (খ) সন্তান দান করা । (গ) আহর্য্য ও আসবাবপত্র দান করা; যাতে নিজেরা ঘরে থেকে সন্তানদিগকে কর্মকর্তা করে বাণিজ্যে পাঠায় । (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪৭) ঃ এই কথাটি গরীব মুসলমানেরা বলে থাকলে দান প্রার্থনা আকারে বলেছিল, অত্যন্ত প্রয়োজনে দান প্রার্থনা করা জায়েয আছে । আর যদি কোন অভাবশূন্য মুসলমান বলে থাকে, তবে অভাবীদের জন্য সুপারিশের আকারে বলেছিল । (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ وهم يخصمون – মানুষেরা বাজারে ক্রয়-বিক্রয় বা অন্যান্য ব্যাপারে বাদানুবাদ করতে থাকবে, এমতাবস্থায় হঠাৎ শিংগায় ফুৎকার দেয়া হবে এবং কেয়ামত ঘটে যাবে । এটা প্রথম ফুৎকার । (কুঃ কারীম)

الصُّورِ فَإِذَا هُم مِّنَ الْأَجْدَاثِ إِلَىٰ رَبِّهِمْ يَنسِلُونَ ﴿৫১﴾ قَالُوا يَا وَيْلَنَا مَن بَعَثَنَا

স্বূরি ফাইযা- হুম মিনাল আজ্‌দা-ছি ইলা- রাব্বিহিম ইয়ান্‌সিলূন । ৫২ । ক্বা-লূ ইয়া- ওয়াইলানা- মাম্ বা'আছানা-

তখন তারা কবর থেকে (উঠে) তাদের রবের দিকে (দ্রুত) চলতে থাকবে । (৫২) তারা বলবে, হায়! আমাদেরকে আমাদের বিশ্রামস্থল (কবর) থেকে কে উঠাল?

مِن مَّرْقَدِنَا ۜ هَٰذَا مَا وَعَدَ الرَّحْمَٰنُ وَصَدَقَ الْمُرْسَلُونَ ﴿৫২﴾ إِن كَانَتْ إِلَّا

মিম্ মারক্বাদিনা-; হা-যা- মা- ওয়া'আদার্ রাহ্বমা-নু ওয়া স্বাদাকাল্ মুর্‌সালূন । ৫৩ । ইন্ কা-নাত্ ইল্লা-

এটা সেই ওয়াদা, যার প্রতিশ্রুতি রহমান (আল্লাহ) দিয়েছিলেন এবং রাসূলগণ (যেটাকে) সত্য বলেছিলেন । (৫৩) (সেদিন) সেটা হবে

صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ ﴿৫৩﴾ فَالْيَوْمَ لَا تُظْلَمُ نَفْسٌ

স্বাইহ্বাতাওঁ ওয়া- হ্বিদাতান ফাইযা-হুম্ জ্বামী'উল্ লাদাইনা- মুহ্দ্বারূন । ৫৪ । ফাল্‌ইয়াওমা লা- তুজ্‌লামু নাফ্‌সুন্

শুধুমাত্র একটি আওয়াজ, তখন সবাইকে আমার সামনে উপস্থিত করা হবে । (৫৪) বলা হবে আজকের দিনে, কারও প্রতি বিন্দু মাত্রও জুলুম করা হবে না

شَيْئًا وَلَا تُجْزَوْنَ إِلَّا مَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿৫৪﴾ إِنَّ أَصْحَابَ الْجَنَّةِ الْيَوْمَ فِي شُغُلٍ

শাইআওঁ ওয়ালা- তুজ্‌যাওনা ইল্লা- মা-কুন্‌তুম 'তামালূন । ৫৫ । ইন্না আস্‌হ্বা-বাল্ জ্বান্নাতিল্ ইয়াওমা ফী শুগুলিন্

এবং তোমাদেরকে শুধু সেসব কাজেরই প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে । (৫৫) এ (কিয়ামতের) দিনে জান্নাত বাসীগণ খুশীতে মশগুল

فَاكِهُونَ ﴿৫৫﴾ هُمْ وَأَزْوَاجُهُمْ فِي ظِلَالٍ عَلَى الْأَرَائِكِ مُتَّكِئُونَ ﴿৫৬﴾ لَهُمْ فِيهَا فَاكِهَةٌ

ফা-কিহূন । ৫৬ । হুম্ ওয়া আয্‌ওয়া-জুহুম্ ফী জিলা-লিন্ 'আলাল্ আরা—ইকি মুত্তাকিউন । ৫৭ । লাহুম ফীহা- ফা-কিহাতুওঁ

থাকবে । (৫৬) তারা এবং তাদের স্ত্রীগণ ছায়ায় সুসজ্জিত গদিতে হেলান দিয়ে বসবে । (৫৭) তাদের জন্য সেখানে থাকবে ফলসমূহ এবং তাদের জন্য সেখানে তাদের কামনীয়

وَلَهُم مَّا يَدَّعُونَ ﴿৫৭﴾ سَلَامٌ قَوْلًا مِّن رَّبٍّ رَّحِيمٍ ﴿৫৮﴾ وَامْتَازُوا الْيَوْمَ أَيُّهَا

ওয়া লাহুম্ মা- ইয়াদ্দা'উন । ৫৮ । সালা-মুন্, ক্বাওলাম্ মির্ রাব্বির্ রাহ্বীম । ৫৯ । ওয়াম্ তা-যুল্ ইয়াওমা আইয়্যুহাল্

জিনিসগুলোও থাকবে, (৫৮) তাদেরকে বলা হবে 'সালাম', দয়াময় প্রতিপালকের তরফ থেকে । (৫৯) আর (বলা হবে) হে পাপীগণ! তোমরা আজ (পুন্যবানদের থেকে)

الْمُجْرِمُونَ ﴿৫৯﴾ أَلَمْ أَعْهَدْ إِلَيْكُمْ يَا بَنِي آدَمَ أَن لَّا تَعْبُدُوا الشَّيْطَانَ ۖ إِنَّهُ لَكُمْ

মুজ্‌রিমূন । ৬০ । আলাম্ 'আহাদ্ ইলাইকুম্ ইয়া-বানী~আ-দামা আল লা- তা'বুদুশ্ শাইত্বা-না, ইন্নাহূ লাকুম

আলাদা হয়ে যাও । (৬০) হে আদম সন্তানেরা । আমি কি তোমাদেরকে এ কথা বলিনি যে, তোমরা শয়তানের দাসত্ব কর না, নিশ্চয়ই সে তোমাদের

عَدُوٌّ مُّبِينٌ ﴿৬০﴾ وَأَنِ اعْبُدُونِي ۚ هَٰذَا صِرَاطٌ مُّسْتَقِيمٌ ﴿৬১﴾ وَلَقَدْ أَضَلَّ مِنكُمْ

'আদুওয়্যুম্ মুবীন । ৬১ । ওয়া আ'নিবুদূনী, হা-যা- স্বিরা-তুম্ মুস্‌তাক্বীম । ৬২ । ওয়া লাক্বাদ্ আদ্বাল্লা মিন্‌কুম

প্রকাশ্য দুশমন? (৬১) আর (একমাত্র) আমার দাসত্ব স্বীকার কর, এটাই সরল (সত্য) পথ । (৬২) এবং সে (শয়তান) তোমাদের মধ্য হতে

○ বিশ্লেষণ (আঃ ৫২) ঃ ......قالوا يويلنا – 'বিশ্রামস্থল' দ্বারা এটা বুঝান হয়নি যে, তাদের কবরে শাস্তি হবে না; বরং কেয়ামতের শাস্তি ভয়ানক দৃশ্য দেখে সে তুলনায় কবরের জীবনকে তারা বিশ্রামস্থল মনে করবে । (কুঃ কাঃ) ○ টীকা (আঃ ৫৬) ঃ স্ত্রীগণ বলতে বেহেশতীদেরকে বেহেশতে প্রদত্ত হুর এবং পৃথিবীতে তাদের বিবাহিতা মু'মিনা স্ত্রীগণ উদ্দেশ্য হতে পারে । (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫৮) ঃ سلام – হযরত জাবের (রা) থেকে বর্ণিত, রাসূল (সা) বলেন, জান্নাতীগণ (আল্লাহর) নেয়ামতের মধ্যে নিমজ্জিত থাকবেন । হঠাৎ তাঁদের উপর একটি নূর প্রকাশিত হবে । যখন তাঁরা মাথা উত্তোলন করবেন, তখন আল্লাহ বলবেন, سلام عليكم طبتم فادخلوها خالدين يا اهل الجنة । (তাঃ কাদেরী) ○ টীকা (আঃ ৫৮) ঃ অর্থাৎ, আল্লাহ স্বয়ং বলবেন, হে বেহেশতবাসীগণ! তোমাদের উপর শান্তি বর্ষিত হোক । এর অর্থ কেবল সম্মানিত করা বা স্থায়ী শান্তির শুভসংবাদ প্রদান করা । (বঃ কোঃ)

جِبِلًّا كَثِيرًا ۖ أَفَلَمْ تَكُونُوا تَعْقِلُونَ ﴿٦٢﴾ هَٰذِهِ جَهَنَّمُ الَّتِي كُنتُمْ تُوعَدُونَ ﴿٦٣﴾

জ্বিবিল্লান্ কাছীরান ; আফালাম তাকূনূ 'তাক্বিলূন। ৬৩। হা-যিহী জ্বাহান্নামুল্লাতী কুন্তুম তূ'আদূন।
বহু দলকে বিভ্রান্ত করেছে। এরপরেও কি তোমরা (তার শত্রুতা সম্পর্কে) বুঝ না? (৬৩) এটা সে জাহান্নাম, যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল।

اصْلَوْهَا الْيَوْمَ بِمَا كُنتُمْ تَكْفُرُونَ ﴿٦٤﴾ الْيَوْمَ نَخْتِمُ عَلَىٰ أَفْوَاهِهِمْ وَتُكَلِّمُنَا

৬৪। ইস্বলাওহাল্ ইয়াওমা বিমা- কুন্তুম্ তাক্ফুরূন। ৬৫। আল্ ইয়াওমা নাখ্তিমু 'আলা~আফ্ওয়া-হিহিম্ ওয়া তুকাল্লিমুনা~
(৬৪) আজ তোমরা এতে প্রবেশ কর, কারণ তোমরা কুফরী করেছিলে। (৬৫) আজ আমি তাদের মুখের উপর মহর লাগিয়ে দিব এবং তাদের হাতগুলো আমার সামনে

أَيْدِيهِمْ وَتَشْهَدُ أَرْجُلُهُم بِمَا كَانُوا يَكْسِبُونَ ﴿٦٥﴾ وَلَوْ نَشَاءُ لَطَمَسْنَا عَلَىٰ أَعْيُنِهِمْ

আইদীহিম ওয়া তাশ্হাদু আর্জ্বুলুহুম্ বিমা- কা-নূ ইয়াক্সিবূন। ৬৬। ওয়ালাও নাশা—উ লাত্বামাস্না- 'আলা~আ'ইউনিহিম
কথা বলবে এবং তাদের পাগুলো তাদের কৃতকর্মের সাক্ষ্য দিবে। (৬৬) যদি আমি ইচ্ছা করতাম তবে তাদের চোখগুলি বিলুপ্ত (দৃষ্টিহীন) করে দিতে পারতাম, তখন তারা যদি

فَاسْتَبَقُوا الصِّرَاطَ فَأَنَّىٰ يُبْصِرُونَ ﴿٦٦﴾ وَلَوْ نَشَاءُ لَمَسَخْنَاهُمْ عَلَىٰ مَكَانَتِهِمْ

ফাস্তাবাকুস্ব স্বিরা-ত্বা ফাআন্না- ইউব্স্বিরূন। ৬৭। ওয়ালাও নাশা—উ লামাসাখ্না-হুম 'আলা- মাকা-নাতিহিম
রাস্তার দিকে দৌড়িয়ে যাবার চেষ্টা করত, তবে (তখন) কিভাবে তারা দেখত? (৬৭) আর আমি যদি ইচ্ছা করতাম তবে তাদের (চেহারা) বিকৃত করে দিতে পারতাম, তাদের

فَمَا اسْتَطَاعُوا مُضِيًّا وَلَا يَرْجِعُونَ ﴿٦٧﴾ وَمَن نُّعَمِّرْهُ نُنَكِّسْهُ فِي الْخَلْقِ ۖ أَفَلَا ع ৪/৩ রুকূ

ফামাস্ তাত্বা-উ মুদ্বিয়্যাওঁ ওয়ালা- ইয়ার্জ্বি'উন। ৬৮। ওয়া মান্ নু'আম্মির্হু নুনাক্কিস্হু ফিল্ খাল্ক্বি ; আফালা-
নিজ নিজ অবস্থানে রেখে, ফলে তারা না (সামনে) চলতে পারত এবং না প্রত্যাবর্তন করতে পারত। (৬৮) আমি যাকে অধিক বয়স দেই, তার স্বাভাবিক অবস্থার মধ্যে পরিবর্তন

يَعْقِلُونَ ﴿٦٨﴾ وَمَا عَلَّمْنَاهُ الشِّعْرَ وَمَا يَنبَغِي لَهُ ۚ إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ وَقُرْآنٌ مُّبِينٌ ﴿٦٩﴾

ই'য়াক্বিলূন। ৬৯। ওয়া মা- 'আল্লাম্না-হুশ্ শি'রা ওয়ামা- ইয়াম্বাগী লাহূ ; ইন্ হুওয়া ইল্লা- যিক্রুওঁ ওয়া ক্বুরআ-নুম্ মুবীন।
করে দেই, এরপরেও কি তারা বুঝে না? (৬৯) আমি রাসূলকে কবিতা শিখাইনি এবং এটা তার জন্য শোভনীয় নয়। এতো শুধু মাত্র উপদেশ এবং সুস্পষ্ট কুরআন।

لِّيُنذِرَ مَن كَانَ حَيًّا وَيَحِقَّ الْقَوْلُ عَلَى الْكَافِرِينَ ﴿٧٠﴾ أَوَلَمْ يَرَوْا أَنَّا خَلَقْنَا

৭০। লিইউন্যিরা মান্ কা-না হ্বাইয়্যাও ওয়া ইয়াহ্বিক্ব্বাল্ ক্বাওলু 'আলাল্ কা-ফিরীন। ৭১। আওয়ালাম্ ইয়ারাও আন্না- খালাক্বনা-
(৭০) যাতে সে এমন ব্যক্তিকে সাবধান করতে পারে, যে জীবিত (অর্থাৎ মুমিন) এবং যাতে কাফিরদের উপর (শাস্তির) বাণী স্থির হতে পারে। (৭১) তারা কি দেখে না যে,

لَهُم مِّمَّا عَمِلَتْ أَيْدِينَا أَنْعَامًا فَهُمْ لَهَا مَالِكُونَ ﴿٧١﴾ وَذَلَّلْنَاهَا لَهُمْ فَمِنْهَا رَكُوبُهُمْ

লাহুম্ মিম্মা- 'আমিলাত্ আইদীনা~আন্'আ-মান্ ফাহুম লাহা- মা-লিকূন। ৭২। ওয়া যাল্লাল্না-হা- লাহুম ফামিন্হা- রাকূবুহুম
আমি সৃষ্টি করেছি তাদের জন্য আমার নিজ হাতে সৃষ্টি বস্তুসমূহের মধ্যে গবাদি পশু এবং তারা সেগুলোর মালিক হয়ে গেছে? (৭২) এবং সে
(জন্তু)গুলোকে তাদের অধীন করে দিয়েছি। সুতরাং এগুলোর মধ্যে কতক তাদের বাহন

○ টীকা (আঃ ৬২) ঃ কোরআনে অবিশ্বাসী কাফেরদের ঘটনাবলী উল্লেখ করে তাদের পথভ্রষ্টতার শাস্তির কথা তোমাদেরকে শুনায়ে দেয়া হয়েছে। অতএব, তোমরা এতটুকু কথাও কি বুঝ না যে, শয়তানের অনুগামী হলে তোমরাও অনুরূপ শাস্তির উপযোগী হবে। (বঃ কোঃ)
○ বিশ্লেষণ (আঃ ৬৮) ঃ ننكسه في الخلق - অর্থাৎ আল্লাহ যাকে অধিক বয়স দেন তাকে শিশুকাল হতে শুরু করে বার্ধক্যের সূচনা পর্যন্ত লালন-পালন করেন এবং জ্ঞান, বুদ্ধি, শক্তি পর্যায়ক্রমে বাড়িয়ে দেন। অতঃপর বার্ধক্যে তার জ্ঞান, বুদ্ধি ও শক্তি পুনরায় হ্রাস করে পূর্বের অবস্থায় অর্থাৎ শিশুর অবস্থার দিকে ফিরিয়ে আনেন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬৯) ঃ কাফেররা রাসূলুল্লাহ (সা)-কে কবি বলত। তাই আয়াতে বলা হয়েছে যে, আমি আপনাকে কবিত্ব শিক্ষা দেই নি। আপনার প্রতি যে কোরআন অবতীর্ণ হয়েছে, তা ওহী। আপনার রচনা নয়। (বঃ কোঃ)

وَمِنْهَا يَأْكُلُونَ ﴿٧٢﴾ وَلَهُمْ فِيهَا مَنَافِعُ وَمَشَارِبُ ۖ أَفَلَا يَشْكُرُونَ ﴿٧٣﴾ وَاتَّخَذُوا

ওয়া মিন্হা- ইয়া'কুলূন। ৭৩। ওয়া লাহুম ফীহা- মানা-ফি'উ ওয়া মাশা-রিবু ; আফালা- ইয়াশকুরূন। ৭৪। ওয়াত্তাখাযূ
এবং কতক তারা খেয়ে থাকে। (৭৩) সেগুলোর মধ্যে তাদের জন্য আরও অনেক উপকার রয়েছে এবং তাদের জন্য পানীয় বস্তুও রয়েছে।
এরপরেও কি তোমরা কৃতজ্ঞ হবে না? (৭৪) তারা তো গ্রহণ করেছে

مِن دُونِ اللَّهِ آلِهَةً لَّعَلَّهُمْ يُنصَرُونَ ﴿٧٤﴾ لَا يَسْتَطِيعُونَ نَصْرَهُمْ وَهُمْ لَهُمْ جُندٌ

মিন্ দূনিল্লা-হি আ-লিহাতাল্ লা'আল্লাহুম ইউন্স্বারূন। ৭৫। লা- ইয়াস্তাত্বী'উনা নাস্বরাহুম, ওয়াহুম লাহুম জ্বুন্দুম্
আল্লাহর পরিবর্তে অন্যকে মাবুদ হিসেবে এ আশায় যে, তারা সাহায্য প্রাপ্ত হবে। (৭৫) (অথচ) তারা সাহায্য করার কোনই ক্ষমতা রাখেনা এবং তাদেরকে, ওদের বাহিনীরূপে

৬ ওয়াক্বফে লাযেম

مُّحْضَرُونَ ﴿٧٥﴾ فَلَا يَحْزُنكَ قَوْلُهُمْ ۘ إِنَّا نَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ﴿٧٦﴾

মুহ্দ্বারূন। ৭৬। ফালা- ইয়াহ্যুন্কা ক্বাওলুহুম। ইন্না- 'নালামু মা- ইউসিররূনা ওয়া মা- ই'উলিনূন।
জাহান্নামে উপস্থিত করা হবে। (৭৬) অতএব তাদের কথা যেন আপনাকে দুঃখ না দেয়। নিশ্চয়ই আমি সে সব জানি, যা তারা অন্তরে গোপন রাখে এবং যা তারা প্রকাশ করে।

أَوَلَمْ يَرَ الْإِنسَانُ أَنَّا خَلَقْنَاهُ مِن نُّطْفَةٍ فَإِذَا هُوَ خَصِيمٌ مُّبِينٌ ﴿٧٧﴾ وَضَرَبَ لَنَا

৭৭। আওয়ালাম ইয়ারাল্ ইন্সা-নু আন্না- খালাক্বনা-হু মিন্ নুত্বফাতিন্ ফাইযা- হুওয়া খাস্বীমুম্ মুবীন। ৭৮। ওয়া দ্বারাবা লানা-
(৭৭) মানুষ কি দেখে না যে, আমি তাকে এক ফোঁটা বীর্য হতে সৃষ্টি করেছি? অতঃপর সে এখন প্রকাশ্য বিবাদকারী হয়ে বসেছে। (৭৮) সে (এখন) আমার ব্যাপারে

مَثَلًا وَنَسِيَ خَلْقَهُ ۖ قَالَ مَن يُحْيِي الْعِظَامَ وَهِيَ رَمِيمٌ ﴿٧٨﴾ قُلْ يُحْيِيهَا

মাছালাওঁ ওয়া নাসিয়া খাল্ক্বাহূ, ক্বা-লা মাইঁ ইউহ্য়িল্ 'ইজা-মা ওয়া হিয়া রামীম। ৭৯। ক্বুল্ ইউহ্য়ীহাল্
দৃষ্টান্ত বর্ণনা করে। অথচ সে তার সৃষ্টির বিষয় ভুল গেছে, সে বলে, কে জীবিত করবে হাড্ডিগুলোকে, যখন সেগুলো পচে শেষ হয়ে যাবে? (৭৯) আপনি বলুন, সেগুলোকে

الَّذِي أَنشَأَهَا أَوَّلَ مَرَّةٍ ۖ وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيمٌ ﴿٧٩﴾ الَّذِي جَعَلَ لَكُم مِّنَ

লাযী~আন্শাআহা~আওয়্যালা মার্রাতিন ; ওয়া হুওয়া বিকুল্লি খাল্ক্বিন্ 'আলীমু ৮০। নিল্লাযী জ্বা'আলা লাকুম্ মিনাশ্
তিনিই জীবিত করবেন, যিনি সেগুলোকে প্রথমবারে সৃষ্টি করেছেন। তিনি (আল্লাহ) প্রতিটি সৃষ্টি সম্পর্কে পূর্ণ অবগত। (৮০) তিনি তোমাদের জন্য সবুজ

৩ ওয়াক্বফে গোফরান

الشَّجَرِ الْأَخْضَرِ نَارًا فَإِذَا أَنتُم مِّنْهُ تُوقِدُونَ ﴿٨٠﴾ أَوَلَيْسَ الَّذِي خَلَقَ

শাজ্বারিল্ আখ্দ্বারি না-রান্ ফাইযা- আন্তুম্ মিন্হু তূক্বিদূন। ৮১। আওয়া লাইসাল্ লাযী খালাক্বাস্
বৃক্ষ হতে অগ্নি সৃষ্টি করেছেন, ফলে তোমরা তা থেকে আগুন জ্বালিয়ে থাক। (৮১) যিনি আকাশ ও পৃথিবীকে সৃষ্টি করেছেন,

السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِقَادِرٍ عَلَىٰ أَن يَخْلُقَ مِثْلَهُم ۚ بَلَىٰ وَهُوَ الْخَلَّاقُ

সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বা বিক্বা-দিরিন্ 'আলা~আইঁ ইয়াখ্লুক্বা মিছ্লাহুম ; বালা-, ওয়া হুওয়াল খাল্লা-কুল
তিনি কি সক্ষম নন, (পুনরায়) অনুরূপ ভাবে সৃষ্টি করতে? অবশ্যই সক্ষম। তিনি সৃষ্টিকর্তা,

○ টীকা (আঃ ৮০) ঃ আলোচ্য আয়াত দ্বারা আল্লাহ তা'আলা তৎকালীন আরবদের অকৃতজ্ঞতা জনিত ভ্রান্তি অপনোদন করে বলেছেন যে, তোমরা যে সরস বৃক্ষ হতে তাদেরকে পরস্পর ঘর্ষণ করে অগ্নি উৎপন্ন কর সে বৃক্ষকেও পরম দাতা শক্তিশালী একক আল্লাহ সৃষ্টি করেছেন। আরবাসীরা মারখ্ ও ইফার নামক দুটি বৃক্ষের শাখাকে পরস্পর ঘর্ষণ করে অগ্নি প্রজ্জ্বলিত করে। তাদের মতে আঙ্গুর ব্যতীত সকল প্রকার কাঠ হতে অগ্নি উৎপাদিত হয়। তবে মারখ, ইফার যন্দদ ও যন্দা বৃক্ষ হতে সাধারণত অগ্নি জ্বালান হয়। ○ বিশ্লেষণ (আঃ ৮০) ঃ الشجر الاخضر...... - আরবে দু ধরনের বৃক্ষ ছিল। একটি 'মারখ' অন্যটি 'ইফার'। এ দুটি কাঠ মিলিয়ে ঘর্ষণ করলে আগুন জ্বলত। এখানে সবুজ বৃক্ষ দ্বারা সেটাই বুঝান হয়েছে। (কুঃ কারীম)

الْعَلِيمُ ﴿٨١﴾ إِنَّمَا أَمْرُهُ إِذَا أَرَادَ شَيْئًا أَنْ يَقُولَ لَهُ كُنْ فَيَكُونُ ○

'আলীম। ৮২। ইন্নামা~আম্‌রুহূ~ইযা~আরা-দা শাইআন্ আইঁ ইয়াকূলা লাহূ কুন্ ফাইয়াকূন।
মহাজ্ঞানী। (৮২) তিনি যখন কোন জিনিস সৃষ্টি করতে চান, তখন তিনি (শুধু) বলেন, 'কুন' (হও)। অতঃপর (সেটি) হয়ে যায়।

﴿٨٣﴾ فَسُبْحَانَ الَّذِي بِيَدِهِ مَلَكُوتُ كُلِّ شَيْءٍ وَإِلَيْهِ تُرْجَعُونَ ○ ৫ ع ৪ রুকূ

৮৩। ফাসুব্‌হা-নাল্ লাযী বিয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িওঁ ওয়া ইলাইহি তুর্‌জা'উন।
(৮৩) পবিত্র তিনি (আল্লাহ), যাঁর (কুদরতী) হাতে রয়েছে প্রতিটি জিনিসের কর্তৃত্ব (বাদশাহী) এবং তাঁর দিকেই তোমরা প্রত্যাবর্তিত হবে।

সূরা ছা-ফফা-ত
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ ○
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৮২
রুকূ ঃ ৫

৬ মঞ্জিল ﴿١﴾ وَالصَّافَّاتِ صَفًّا ﴿٢﴾ فَالزَّاجِرَاتِ زَجْرًا ﴿٣﴾ فَالتَّالِيَاتِ ذِكْرًا ﴿٤﴾ إِنَّ إِلَٰهَكُمْ لَوَاحِدٌ ○

১। ওয়াস্‌স্বা-ফ্‌ফা-তি স্বাফ্‌ফান। ২। ফায্‌যা-জ্বিরা-তি যাজ্‌রান। ৩। ফাত্তা-লিইয়া-তি যিক্‌রান। ৪। ইন্না ইলা-হাকুম লাওয়া-হিদ।
(১) শপথ, যারা সারিবদ্ধ ভাবে দাঁড়ায়, (২) এবং (শপথ) ধমকের সাথে বাধা প্রদানকারীদের, (৩) এবং (শপথ) যিকর পাঠকারীদের। (৪) নিশ্চয়ই তোমাদের মাবূদ একজন।

﴿٥﴾ رَبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ ﴿٦﴾ إِنَّا زَيَّنَّا السَّمَاءَ

৫। রাব্বুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি ওয়ামা- বাইনাহুমা- ওয়া রাব্বুল্ মাশা-রিক্ব। ৬। ইন্না- যাইয়ান্নাস্ সামা—আদ্
(৫) যিনি আকাশ ও পৃথিবী এবং তার মধ্যস্থ সব কিছুর প্রতিপালক এবং প্রতিপালক পূর্ব দিকগুলোর। (৬) আমি সুসজ্জিত করেছি নিকটতর আকাশকে,

الدُّنْيَا بِزِينَةٍ الْكَوَاكِبِ ﴿٧﴾ وَحِفْظًا مِنْ كُلِّ شَيْطَانٍ مَارِدٍ ﴿٨﴾ لَا يَسَّمَّعُونَ

দুন্‌ইয়া- বিযীনাতিনিল্ কাওয়া-কিব্। ৭। ওয়া হিফ্‌জাম্ মিন্ কুল্লি শাইত্বা-নিম্ মা-রিদ্। ৮। লা- ইয়াস্‌সাম্মা'উনা
তারকাগুলোর সৌন্দর্য দ্বারা। (৭) এবং সেটা প্রত্যেক অবাধ্য শয়তান হতে সংরক্ষণ করেছি। (৮) (এ কারণে) তারা উর্ধ জগতের ফেরেশতাদের মজলিসের দিকে

إِلَى الْمَلَإِ الْأَعْلَىٰ وَيُقْذَفُونَ مِنْ كُلِّ جَانِبٍ ﴿٩﴾ دُحُورًا وَلَهُمْ عَذَابٌ

ইলাল্ মালাইল্ 'আলা- ওয়া ইউক্বযাফূনা মিন্ কুল্লি জ্বা-নিব্। ৯। দুহূরাওঁ ওয়া লাহুম 'আযা-বুওঁ
(তাদের কথা শোনার জন্য) কান দিতে পারে না। প্রতিটি দিক হতে তাদের উপর (অগ্নি শিখা) নিক্ষিপ্ত হয়, (৯) (তাদের) তাড়িয়ে দেয়ার জন্য। তাদের জন্য রয়েছে

وَاصِبٌ ﴿١٠﴾ إِلَّا مَنْ خَطِفَ الْخَطْفَةَ فَأَتْبَعَهُ شِهَابٌ ثَاقِبٌ ﴿١١﴾ فَاسْتَفْتِهِمْ أَهُمْ

ওয়া-স্বিব্। ১০। ইল্লা- মান্ খাত্বিফাল্ খাত্বফাতা ফাআত্‌বা'আহূ শিহা-বুন্ ছা-ক্বিব। ১১। ফাস্‌তাফ্‌তিহিম্ আহুম্
স্থায়ী শাস্তি। (১০) কিন্তু যে হঠাৎ কিছু কথা নিয়ে ভাগে, তখন তাদের পিছু ধাওয়া করে (এক) জ্বলন্ত অগ্নি শিখা। (১১) (যারা অবিশ্বাসী) তাদের জিজ্ঞেস করুন, তাদের সৃষ্টি করা

○ টীকা (আঃ ১) ঃ আল্লাহর আদেশ পালনের জন্য ফেরেশতাদের সারিবদ্ধভাবে দণ্ডায়মান থাকার কথা অন্য আয়াতেও বর্ণিত আছে এবং হাদীস শরীফেও উল্লেখ রয়েছে। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ২) ঃ ......فالزجرت – যে ফিরিশতা শয়তানকে আকাশে যেতে বাধা প্রদান করে ও ধমকের সাথে তাড়িয়ে দেয়। অথবা সে নেক ব্যক্তিগণ, যারা নিজেরা গুনাহ থেকে বেঁচে থাকে এবং অন্যকে গুনাহর কাজে ধমক দিয়ে তা থেকে বাধা দেয়। (তাঃ ওসমানী)
○ টীকা (আঃ ৩) ঃ অর্থাৎ, আসমানী সংবাদ চুপি চুপি শ্রবণের উদ্দেশ্যে শয়তানরা আসমানে আরোহণ কালে। যে ফেরেশতাগণ জ্বলন্ত তারকা শিখা নিক্ষেপ করে তাদেরকে বিতাড়িত করে দেয়, তাদের শপথ। (বঃ কোঃ)

أَشَدُّ خَلْقًا أَمْ مَنْ خَلَقْنَا ۚ إِنَّا خَلَقْنَاهُمْ مِنْ طِينٍ لَازِبٍ ﴿١٢﴾ بَلْ عَجِبْتَ

আশাদ্দু খাল্‌ক্বান্ আম্‌মান্ খালাক্বনা-; ইন্না- খালাক্বনা-হুম্ মিন্ ত্বীনিল্ লা-যিব্। ১২। বাল্ 'আজ্বিব্‌তা
অধিক কঠিন না, তাদের, যাদেরকে তোমাদের ব্যতীত সৃষ্টি করেছি? নিশ্চয়ই আমি তাদেরকে গাঢ় মাটি দিয়ে সৃষ্টি করেছি। (১২) (হে নবী!) আপনি তো আশ্চর্যান্বিত হয়েছেন।

وَيَسْخَرُونَ ﴿١٣﴾ وَإِذَا ذُكِّرُوا لَا يَذْكُرُونَ ﴿١٤﴾ وَإِذَا رَأَوْا آيَةً يَسْتَسْخِرُونَ ○

ওয়া ইয়াস্‌খারূন। ১৩। ওয়া ইযা- যুক্কিরূ লা- ইয়ায্‌কুরূন। ১৪। ওয়া ইযা- রাআও আ-য়াতাই ইয়াস্‌তাস্‌খিরূন।
আর তারা উপহাস করছে। (১৩) যখন তাদেরকে উপদেশ দেয়া হয় সে উপদেশ তারা মানে না। (১৪) আর যখন কোন নিদর্শন দেখে, তারা তখন সেগুলোকেও উপহাস করে।

﴿١٥﴾ وَقَالُوا إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ مُبِينٌ ﴿١٦﴾ أَإِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَعِظَامًا أَإِنَّا

১৫। ওয়া ক্বা-লূ~ইন্ হা-যা~ ইল্লা- সিহ্‌রুম্ মুবীন। ১৬। আ ইযা- মিত্‌না- ওয়া কুন্না- তুরা-বাওঁ ওয়া 'ইজা-মান্ আইন্না-
(১৫) এবং বলে, এগুলো প্রকাশ্য যাদু ছাড়া আর কিছু নহে। (১৬) আমরা যখন মারা যাব এবং মাটি ও হাড্ডি হয়ে যাব, তখনও কি আমাদেরকে

لَمَبْعُوثُونَ ﴿١٧﴾ أَوَآبَاؤُنَا الْأَوَّلُونَ ﴿١٨﴾ قُلْ نَعَمْ وَأَنْتُمْ دَاخِرُونَ ﴿١٩﴾ فَإِنَّمَا

লামাব্‌'উছূন। ১৭। আওয়া আ-বা—উনাল্ আওয়্যালূন। ১৮। কুল্ না'আম্ ওয়া আন্‌তুম দা-খিরূন। ১৯। ফাইন্নামা-
উঠানো হবে? (১৭) আর আমাদের পূর্বের পিতৃ পুরুষদেরকেও? (১৮) আপনি বলুন, হাঁ হাঁ এবং তোমরা (কেয়ামতের দিন) অপমানিত হবে। (১৯) সেদিন শুধু মাত্র

هِيَ زَجْرَةٌ وَاحِدَةٌ فَإِذَا هُمْ يَنْظُرُونَ ﴿٢٠﴾ وَقَالُوا يَا وَيْلَنَا هَٰذَا يَوْمُ الدِّينِ ○

হিয়া যাজ্‌রাতু ওয়া-হিদাতুন্ ফাইযা- হুম্ ইয়ান্‌জুরূন। ২০। ওয়াক্বালূ ইয়া-ওয়াইলানা- হা-যা- ইয়াওমুদ্ দীন।
একটি (ভীষণ) আওয়াজ হবে, আর সে সময়ই তা তারা দেখবে। (২০) এবং তারা বলবে যে, হায় আফসোস! এটাই তো প্রতিদান দিবস।

১ ع (২১) ৫ রুকূ ﴿٢١﴾ هَٰذَا يَوْمُ الْفَصْلِ الَّذِي كُنْتُمْ بِهِ تُكَذِّبُونَ ﴿٢٢﴾ احْشُرُوا الَّذِينَ ظَلَمُوا

২১। হা-যা- ইয়াওমুল্ ফাস্বলিল্লাযী কুন্‌তুম্ বিহী তুকায্‌যিবূন। ২২। উহ্‌শুরুল্ লাযীনা জালামূ
(২১) (আল্লাহ বলবেন) এটাই সে মীমাংসার দিবস, যে দিবসকে তোমরা অবিশ্বাস করতে। (২২) (আল্লাহর পক্ষ থেকে ফিরিশতাগণকে বলা হবে) একত্র কর, জালিমও তাদের

وَأَزْوَاجَهُمْ وَمَا كَانُوا يَعْبُدُونَ ﴿٢٣﴾ مِنْ دُونِ اللَّهِ فَاهْدُوهُمْ إِلَىٰ صِرَاطِ

ওয়া আয্‌ওয়া- জ্বাহুম ওয়ামা- কা-নূ ই'য়াবুদূন। ২৩। মিন্ দূনিল্লা-হি ফাহ্‌দূহুম্ ইলা- স্বিরা-ত্বিল্
সাথীদেরকে এবং তাদেরকেও যাদের তারা ইবাদাত করত (২৩) আল্লাহ ব্যতীত তাদেরকে। অতঃপর তাদেরকে পরিচালিত কর জাহান্নামের

এক চতুর্থাংশ الْجَحِيمِ ﴿٢٤﴾ وَقِفُوهُمْ إِنَّهُمْ مَسْئُولُونَ ﴿٢٥﴾ مَا لَكُمْ لَا تَنَاصَرُونَ ﴿٢٦﴾ بَلْ هُمُ الْيَوْمَ

জ্বাহীম। ২৪। ওয়া ক্বিফূহুম ইন্নাহুম মাস্‌উলূন। ২৫। মা- লাকুম লা- তানা-স্বারূন। ২৬। বাল্ হুমুল্ ইয়াওমা
পথে। (২৪) অতঃপর তাদেরকে থামাও, কারণ তাদের কাছে প্রশ্ন করা হবে, (২৫) তোমাদের কি হল যে, তোমরা একে অপরকে সাহায্য করছ না? (২৬) বরং তারা সব আজ

○ টীকা (আঃ ১১) ঃ মক্কার কাফেররা পরকাল সম্পর্কে যে সন্দেহ প্রকাশ করত, এখানে এর জবাব দেয়া হয়েছে। তারা মনে করত, পরকাল সম্ভব নয়। কেননা মরে যাওয়া লোকদের পুনরায় জীবিত হওয়া অসম্ভব। এর জবাবে পরকালের সম্ভাবনার দলীল ও প্রমাণ পেশ করে আল্লাহ তাযালা সর্বপ্রথম তাদের সামনে এ প্রশ্ন উপস্থিত করেছেন। যে মৃত্যু মানুষকে পুনরায় পয়দা করা তোমাদের মতে যদি বড় কঠিন ব্যাপার হয়ে থাকে যে আল্লাহর পক্ষে এ বিরাট বিশাল বিশ্বলোক সৃষ্টি করা কঠিন বা অসম্ভব হয় না এবং যিনি একবার তোমাদের পয়দা করতে পেরেছেন, তার সম্পর্কে তোমরা মনে করছো যে, তিনি আবার তোমাদেরকে সৃষ্টি করতে অক্ষম এ কেমন করে যুক্তি সংগত হতে পারে.....? তোমাদের বুদ্ধি বলতে কি কিছু নেই। (কুঃ কারীম)

مُسْتَسْلِمُونَ ﴿٢٦﴾ وَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَىٰ بَعْضٍ يَتَسَاءَلُونَ ﴿٢٧﴾ قَالُوٓا إِنَّكُمْ كُنتُمْ

মুস্‌তাস্‌লিমূন। ২৭। ওয়া আক্ববালা 'বাদুহুম্‌ 'আলা- 'বাদ্বিই ইয়াতাসা—আলূন। ২৮। ক্বা-লূ~ইন্নাকুম্‌ কুন্‌তুম্‌
আনুগত্যতা স্বীকার করবে। (২৭) তারা একজন অন্য জনের দিকে মুখ করে পরস্পরে জিজ্ঞাসাবাদ করবে, (২৮) তারা (তাদের নেতাদেরকে) বলবে,

تَأْتُونَنَا عَنِ ٱلْيَمِينِ ﴿٢٨﴾ قَالُوا۟ بَل لَّمْ تَكُونُوا۟ مُؤْمِنِينَ ﴿٢٩﴾ وَمَا كَانَ لَنَا عَلَيْكُم

তা'তূনানা- 'আনিল্‌ ইয়ামীন। ২৯। ক্বা-লূ বাল্‌ লাম্‌ তাকূনূ মু'মিনীন। ৩০। ওয়া মা- কা-না লানা- 'আলাইকুম্‌
তোমরা তো আমাদের কাছে আসতে ডান দিক থেকে। (২৯) তারা (নেতারা) বলবে, তোমরা তো ঈমানদারই ছিলে না। (৩০) এবং আমাদের কোন কর্তৃত্বই তোমাদের

مِّن سُلْطَٰنٍۭ ۖ بَلْ كُنتُمْ قَوْمًا طَٰغِينَ ﴿٣٠﴾ فَحَقَّ عَلَيْنَا قَوْلُ رَبِّنَآ ۖ إِنَّا لَذَآئِقُونَ ○

মিন্‌ সুল্‌ত্বা-নিন্‌, বাল্‌ কুন্‌তুম্‌ ক্বাওমান্‌ ত্বা-গীন। ৩১। ফাহাক্বক্বা 'আলাইনা- ক্বাওলু রাব্বিনা~, ইন্না- লাযা—ইক্বূন।
উপর ছিল না। বরং তোমরা ছিলে অবাধ্য সম্প্রদায়। (৩১) সুতরাং এখন আমাদের উপর আমাদের প্রতিপালকের বাণী সত্য হয়েছে, আমাদের (শাস্তি) ভোগ করতেই হবে।

﴿٣١﴾ فَأَغْوَيْنَٰكُمْ إِنَّا كُنَّا غَٰوِينَ ﴿٣٢﴾ فَإِنَّهُمْ يَوْمَئِذٍ فِى ٱلْعَذَابِ مُشْتَرِكُونَ ○

৩২। ফাআগ্‌ওয়াইনা-কুম্‌ ইন্না- কুন্না- গা-ওয়ীন। ৩৩। ফাইন্নাহুম ইয়াওমাইযিন্‌ ফিল্‌ 'আযা-বি মুশ্‌তারিকূন।
(৩২) আমরা তোমাদেরকে পথভ্রষ্ট করেছিলাম, কারণ, আমরা নিজেরাও পথভ্রষ্ট ছিলাম। (৩৩) অতঃপর সেদিন তারা (সব) শাস্তিতে শরীক হবে।

﴿٣٣﴾ إِنَّا كَذَٰلِكَ نَفْعَلُ بِٱلْمُجْرِمِينَ ﴿٣٤﴾ إِنَّهُمْ كَانُوٓا۟ إِذَا قِيلَ لَهُمْ لَآ إِلَٰهَ إِلَّا ٱللَّهُ

৩৪। ইন্না- কাযা-লিকা নাফ্‌'আলু বিল্‌মুজ্‌রিমীন। ৩৫। ইন্নাহুম কা-নূ~ইযা- ক্বীলা লাহুম লা~ইলা-হা ইল্লাল্লা-হু,
(৩৪) আমি এভাবেই করে থাকি গুনাহগার (মুশরিক)-দের প্রতি। (৩৫) তারা এমন ছিল যে, যখন তাদের কাছে বলা হত যে, আল্লাহ ব্যতীত কোন মাবুদ নেই, তখন তারা

يَسْتَكْبِرُونَ ﴿٣٥﴾ وَيَقُولُونَ أَئِنَّا لَتَارِكُوٓا۟ ءَالِهَتِنَا لِشَاعِرٍ مَّجْنُونٍۭ ﴿٣٦﴾ بَلْ جَآءَ

ইয়াস্‌তাক্‌বিরূন। ৩৬। ওয়া ইয়াক্বূলূনা আইন্না- লাতা-রিকূ~আ-লিহাতিনা- লিশা-'ইরিম্‌ মাজ্‌নূন। ৩৭। বাল্‌ জ্বা—আ
অহংকার করত (৩৬) এবং বলত, আমরা কি আমাদের মাবুদগণকে এক উন্মাদ কবির (কথার) জন্য ছেড়ে দিব? (৩৭) (আল্লাহ বলেন) সে (নবী) সত্য (দ্বীন)

بِٱلْحَقِّ وَصَدَّقَ ٱلْمُرْسَلِينَ ﴿٣٧﴾ إِنَّكُمْ لَذَآئِقُوا۟ ٱلْعَذَابِ ٱلْأَلِيمِ ﴿٣٨﴾ وَمَا تُجْزَوْنَ

বিল্‌হাক্বক্বি ওয়া স্বাদ্দাক্বাল মুরসালীন। ৩৮। ইন্নাকুম লাযা—ইক্বুল 'আযা-বিল্‌ আলীম। ৩৯। ওয়া মা- তুজ্‌যাওনা
নিয়ে এসেছে এবং সে সব রাসূলগণকে সত্যায়িত করে। (৩৮) (হে কাফির) তোমরা তো অবশ্যই যন্ত্রণাদায়ক শাস্তি ভোগ করবে। (৩৯) আর তোমাদেরকে কেবল

إِلَّا مَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٣٩﴾ إِلَّا عِبَادَ ٱللَّهِ ٱلْمُخْلَصِينَ ﴿٤٠﴾ أُو۟لَٰٓئِكَ لَهُمْ رِزْقٌ مَّعْلُومٌ ○

ইল্লা- মা- কুন্‌তুম তা'মালূন। ৪০। ইল্লা- 'ইবা-দাল লা-হিল্‌ মুখ্‌লাস্বীন। ৪১। উলা—ইকা লাহুম্‌ রিয্‌কুম্‌ 'মালূম।
তারই প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে। (৪০) তবে তারা ব্যতীত, যারা আল্লাহর একনিষ্ঠ বান্দা। (৪১) তাদের জন্য রয়েছে নির্দিষ্ট রিযিক,

○ বিশ্লেষণ (আঃ ২৮) ঃ عن اليمين - ডান হাতে সাধারণত শক্তি বেশী থাকে। এখানে বুঝানো হয়েছে যে, তোমরা আমাদের বিভ্রান্ত করার জন্য জোর করতে এবং আমাদের সামনে তোমাদের শক্তি নিয়ে হাজির হতে, যাতে আমরা তোমাদের পথ অনুসরণ করি। (তাঃ ওসমানী)

○ টীকা (আঃ ২৮) ঃ মূলে 'ইয়ামীন' ডানহাত ব্যবহৃত হয়েছে। বাগ্‌ধারা অনুসারে যদি এর অর্থ শক্তি ও ক্ষমতা গ্রহণ করা হয় তবে এর মর্ম হবে– তোমরা জবরদস্তিমূলকভাবে আমাদেরকে পথভ্রষ্টতার দিকে টেনে নিয়ে গিয়েছিলে? আর যদি এর অর্থ মঙ্গল ও শুভ গ্রহণ করা হয় তবে এর মর্ম হবে– তোমরা আমাদের শুভাকাঙ্ক্ষীর বেশ ধরে আমাদেরকে প্রতারিত করেছিলে। আর যদি এর অর্থ শপথ বলে ধরা হয় তবে অর্থ হবে– তোমরা শপথ করে করে আমাদেরকে নিশ্চিন্ততা দান করেছিলে যে– যা তোমরা পেশ করছো সেটাই সত্য। (কুঃ কারীম)

﴿٤١﴾ فَوَٰكِهُ ۖ وَهُم مُّكْرَمُونَ ﴿٤٢﴾ فِى جَنَّٰتِ ٱلنَّعِيمِ ﴿٤٣﴾ عَلَىٰ سُرُرٍ مُّتَقَٰبِلِينَ ﴿٤٤﴾ يُطَافُ

৪২। ফাওয়া-কিহু, ওয়া হুম্‌ মুকরামূন। ৪৩। ফী জ্বান্না-তিন্‌ না'ঈম। ৪৪। 'আলা- সুরুরিম্‌ মুতাক্বা-বিলীন। ৪৫। ইউত্বা-ফু
(৪২) ফলসমূহ এবং তারা হবে সম্মানিত। (৪৩) তারা সুখময় জান্নাতে, (৪৪) তা সামনা-সামনি আসনের উপর বসবে। (৪৫) প্রবাহিত

عَلَيْهِم بِكَأْسٍ مِّن مَّعِينٍۭ ﴿٤٥﴾ بَيْضَآءَ لَذَّةٍ لِّلشَّٰرِبِينَ ﴿٤٦﴾ لَا فِيهَا غَوْلٌ

'আলাইহিম্‌ বিকা'সিম্‌ মিম্‌ মা'ঈনিম। ৪৬। বাইদ্বা—আ লায্‌যাতিল্‌ লিশ্‌শা-রিবীন। ৪৭। লা- ফীহা- গাওলুঁও
শরাবের পেয়ালা তাদের সামনে পরিবেশন করা হবে। (৪৬) যা হবে সাদা রং এর, সু-স্বাদু হবে পানকারীদের জন্য। (৪৭) তাতে নেশা জাতীয় কিছুই নেই

وَلَا هُمْ عَنْهَا يُنزَفُونَ ﴿٤٧﴾ وَعِندَهُمْ قَٰصِرَٰتُ ٱلطَّرْفِ عِينٌ ﴿٤٨﴾ كَأَنَّهُنَّ بَيْضٌ

ওয়ালা- হুম্‌ 'আন্‌হা- ইউন্‌যাফূন। ৪৮। ওয়া 'ইন্‌দাহুম ক্বা-স্বিরা-তুত্ব ত্বারফি 'ঈন। ৪৯। কাআন্নাহুন্না বাইদ্বুম্‌
এবং তা পানে তারা মাতালও হবে না। (৪৮) এবং তাদের কাছে থাকবে দৃষ্টি অবনতকারী, বড় বড় (সুন্দর) চোখ ওয়ালা (হুর) গণ। (৪৯) মনে হয় যেন তারা লুক্কায়িত

مَّكْنُونٌ ﴿٤٩﴾ فَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَىٰ بَعْضٍ يَتَسَآءَلُونَ ﴿٥٠﴾ قَالَ قَآئِلٌ مِّنْهُمْ

মাক্‌নূন। ৫০। ফাআক্ববালা 'বাদুহুম্‌ 'আলা- 'বাদ্বিই ইয়াতাসা—আলূন। ৫১। ক্বা-লা ক্বা—ইলুম্‌ মিন্‌হুম
ডিম। (৫০) (জান্নাতীগণ) একজন অন্য জনের দিকে মুখ করে (সামনা সামনি হয়ে) জিজ্ঞেস করবে। (৫১) তাদের মধ্যে একজন বলবে,

إِنِّى كَانَ لِى قَرِينٌ ﴿٥١﴾ يَقُولُ أَءِنَّكَ لَمِنَ ٱلْمُصَدِّقِينَ ﴿٥٢﴾ أَءِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا

ইন্নী কা-না লী ক্বারীন। ৫২। ইয়াক্বূলু আইন্নাকা লামিনাল্‌ মুস্বাদ্দিক্বীন। ৫৩। আইযা- মিত্‌না- ওয়া কুন্না- তুরা-বাওঁ
আমার একজন (পৃথিবীতে) বন্ধু ছিল, (৫২) সে (আমাকে) বলত, তুমি কি (কিয়ামতে) বিশ্বাসকারী? (৫৩) আমরা যখন মারা যাব এবং মাটি ও হাড্ডি হয়ে যাব

وَعِظَٰمًا أَءِنَّا لَمَدِينُونَ ﴿٥٣﴾ قَالَ هَلْ أَنتُم مُّطَّلِعُونَ ﴿٥٤﴾ فَٱطَّلَعَ فَرَءَاهُ فِى

ওয়া 'ইজা-মান্‌ আইন্না- লামাদীনূন। ৫৪। ক্বা-লা হাল্‌ আন্‌তুম্‌ মুত্বত্বালি'ঊন। ৫৫। ফাত্বত্বালা'আ ফারাআ-হু ফী
তখন কি আমাদেরকে প্রতিফল দেয়া হবে? (৫৪) আল্লাহ বলবেন, তোমরা কি একটু ঝুঁকে তাঁকে দেখতে চাও? (৫৫) অতঃপর সে নীচে ঝুঁকবে এবং তাকে জাহান্নামের

سَوَآءِ ٱلْجَحِيمِ ﴿٥٥﴾ قَالَ تَٱللَّهِ إِن كِدتَّ لَتُرْدِينِ ﴿٥٦﴾ وَلَوْلَا نِعْمَةُ رَبِّى لَكُنتُ

সাওয়া—ইল্‌ জ্বাহীম। ৫৬। ক্বা-লা তাল্লা-হি ইন্‌ কিত্‌তা লাতুর্‌দীন। ৫৭। ওয়া লাওলা- 'নিমাতু রাব্বী লাকুন্‌তু
মধ্যে দেখতে পাবে। (৫৬) সে (জান্নাতী) বলবে, আল্লাহর শপথ! তুমি তো আমাকে ধ্বংস করাই শুরু করেছিলে, (৫৭) আমার প্রতিপালকের রহমত না হলে, তবে আমিও

مِنَ ٱلْمُحْضَرِينَ ﴿٥٧﴾ أَفَمَا نَحْنُ بِمَيِّتِينَ ﴿٥٨﴾ إِلَّا مَوْتَتَنَا ٱلْأُولَىٰ وَمَا نَحْنُ

মিনাল্‌ মুহ্‌দ্বারীন। ৫৮। আফামা- নাহ্‌নু বিমাইয়্যিতীন। ৫৯। ইল্লা- মাওতাতানাল্‌ উলা- ওয়ামা- নাহ্‌নু
জাহান্নামে উপস্থিতদের মধ্যে হতাম। (৫৮) আমরা তো আর (জান্নাতে) মরব না (৫৯) আমাদের প্রথম বারের মরণের পরে এবং আমরা

○ বিশ্লেষণ (আঃ ৪৯) ঃ بيض مكنون - অর্থাৎ শুভ্র মুরগীর ডিম। যা খুবই সুন্দর রং-এর হয়ে থাকে এবং ডিমগুলো, মুরগী তার পাখার নীচে খুবই যত্নের সাথে লুকিয়ে রাখে। তাতে ডিমের সৌন্দর্য নষ্ট হতে পারে না। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৫৯) ঃ বেহেশতবাসীগণ পরস্পর আলোচনা করতে করতে তাদের পার্থিব বিপথগামী জনৈক বন্ধুর কথা স্মরণ করে বলবে– চল আমরা তার অবস্থা দেখি। তৎপর তারা তাকিয়ে দেখবে যে, সে কেয়ামত অবিশ্বাসী বিপথগামী লোক দোযখে পতিত হয়ে অসীম যন্ত্রণা ভোগ করতেছে। তখন তারা তাকে বলবে– পৃথিবীতে যদি আমরা তোমার কথা অনুযায়ী চলতাম তবে আমরাও এরূপে শাস্তি পেতাম। করুণাময় আল্লাহ তা'আলা স্বীয় করুণায় আমাদেরকে উদ্ধার করেছেন। এক্ষণে অবহিত হও, আমরা মাত্র একবারই মৃত্যুরকবলে পতিত হয়েছিলাম। এখন আমরা অনন্ত জীবন লাভ করে চিরসুখী হয়েছি। এটাই পরম সাফল্য। (কুঃ কাঃ)

بِمُعَذَّبِينَ ﴿٦٠﴾ إِنَّ هَٰذَا لَهُوَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿٦١﴾ لِمِثْلِ هَٰذَا فَلْيَعْمَلِ الْعَامِلُونَ

বিমু'আয্যাবীন । ৬০ । ইন্না হা-যা- লাহুওয়াল্ ফাওযুল 'আজীম । ৬১ । লিমিছ্লি হা-যা- ফাল্ ই'য়ামালিল্ 'আ-মিলূন ।
তো আর শাস্তি পাব না? (৬০) (জান্নাতীদের জন্য) এটাতো বিরাট সফলতা । (৬১) এরূপ সাফল্য লাভের জন্য কর্মশীলদের সাধনা করা উচিত ।

﴿٦٢﴾ أَذَٰلِكَ خَيْرٌ نُزُلًا أَمْ شَجَرَةُ الزَّقُّومِ ﴿٦٣﴾ إِنَّا جَعَلْنَاهَا فِتْنَةً لِلظَّالِمِينَ

৬২ । আযা-লিকা খাইরুন্ নুযুলান্ আম্ শাজ্বারাতুয্ যাক্কূম । ৬৩ । ইন্না- জ্বা'আল্না-হা- ফিত্নাতাল্ লিজ্জা-লিমীন ।
(৬২) আতিথেয়তার জন্য কি এটাই উত্তম, না যাক্কুম বৃক্ষ? (৬৩) আমি এটা জালিমদের জন্য পরীক্ষা স্বরূপ বানিয়ে রেখেছি ।

﴿٦٤﴾ إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِي أَصْلِ الْجَحِيمِ ﴿٦٥﴾ طَلْعُهَا كَأَنَّهُ رُءُوسُ الشَّيَاطِينِ

৬৪ । ইন্নাহা- শাজ্বারাতুন্ তাখ্রুজু ফী~আস্বলিল্ জ্বাহীম । ৬৫ । ত্বাল্'উহা- কাআন্নাহূ রুউসুশ্ শায়া-ত্বীন ।
(৬৪) এ (যাক্কুম) বৃক্ষ জাহান্নামের (তল) দেশ থেকে উৎপন্ন হয় । (৬৫) যার গুচ্ছ (শাখা) শয়তানের মাথার মত ।

﴿٦٦﴾ فَإِنَّهُمْ لَآكِلُونَ مِنْهَا فَمَالِئُونَ مِنْهَا الْبُطُونَ ﴿٦٧﴾ ثُمَّ إِنَّ لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا

৬৬ । ফাইন্নাহুম লাআ-কিলূনা মিন্হা- ফামা-লিউনা মিন্হাল্ বুত্বূন । ৬৭ । ছুম্মা ইন্না লাহুম 'আলাইহা- লাশাওবাম্
(৬৬) তারা (জাহান্নামীরা) সে বৃক্ষ থেকেই খাবে এবং তা দিয়েই উদর পূর্ণ করবে । (৬৭) অতঃপর তাদের (পিপাসা মিটানোর) জন্য থাকবে গরম

مِنْ حَمِيمٍ ﴿٦٨﴾ ثُمَّ إِنَّ مَرْجِعَهُمْ لَإِلَى الْجَحِيمِ ﴿٦٩﴾ إِنَّهُمْ أَلْفَوْا آبَاءَهُمْ ضَالِّينَ

মিন্ হ্বামীম । ৬৮ । ছুম্মা ইন্না মার্জ্বি'আহুম্ লাইলাল্ জ্বাহীম । ৬৯ । ইন্নাহুম্ আল্ফাও আ-বা—আহুম দ্বা—ল্লীন ।
পানির মিশ্রণ । (৬৮) এবং তাদের প্রত্যাবর্তন স্থল হবে জাহান্নামেরই দিকে । (৬৯) নিশ্চয়ই তারা তাদের পিতৃ পুরুষদেরকে পেয়েছিল বিভ্রান্ত অবস্থায় ।

﴿٧٠﴾ فَهُمْ عَلَىٰ آثَارِهِمْ يُهْرَعُونَ ﴿٧١﴾ وَلَقَدْ ضَلَّ قَبْلَهُمْ أَكْثَرُ الْأَوَّلِينَ ﴿٧٢﴾ وَلَقَدْ

৭০ । ফাহুম্ 'আলা~আ-ছা-রিহিম্ ইউহ্রা'উন । ৭১ । ওয়া লাক্বাদ্ দ্বাল্লা ক্বাব্লাহুম্ আকছারুল্ আওয়্যালীন ৭২ । ওয়া লাক্বাদ্
(৭০) এবং তারা তাদের পদ চিহ্নের উপর দৌড়াতে ছিল । (৭১) তাদের পূর্বেও অনেক লোক, বিভ্রান্ত হয়েছিল অতীতের (৭২) এবং আমি তাদের মাঝে

أَرْسَلْنَا فِيهِمْ مُنْذِرِينَ ﴿٧٣﴾ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِينَ ﴿٧٤﴾ إِلَّا عِبَادَ اللَّهِ

আর্সাল্না- ফীহিম্ মুন্যিরীন । ৭৩ । ফান্জুর্ কাইফা কা-না 'আক্বিবাতুল মুন্যারীন । ৭৪ । ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্
ভীতি প্রদর্শনকারী (নবী) প্রেরণ করেছিলাম । (৭৩) এখন দেখ তাদের পরিণাম (শাস্তি) কেমন হয়েছিল, যাদেরকে ভীতি প্রদর্শন করা হয়েছিল । (৭৪) কিন্তু আল্লাহর একনিষ্ঠ

الْمُخْلَصِينَ ﴿٧٥﴾ وَلَقَدْ نَادَانَا نُوحٌ فَلَنِعْمَ الْمُجِيبُونَ ﴿٧٦﴾ وَنَجَّيْنَاهُ وَأَهْلَهُ ২ ع ৬ রুকু

মুখ্লাস্বীন । ৭৫ । ওয়ালা ক্বাদ্ না-দা-না- নূহুন্ ফালা'নিমাল্ মুজ্বীবূন । ৭৬ । ওয়া নাজ্জাইনা-হু ওয়া আহ্লাহূ
বান্দাদের ব্যতীত । (৭৫) আমাকে নূহ ডেকেছিলেন, আমি কত উত্তম জবাব দাতা । (৭৬) আমি তাকে এবং তার পরিবার-পরিজনদেরকে কঠিন মসিবত

○ টীকা (আঃ ৬০) ঃ অর্থাৎ, আনন্দের আবেগে বলবে, আল্লাহ যাবতীয় বিপদ ও কষ্ট হতে তাকে মুক্তি দিয়ে চিরতরে নিশ্চিন্ত করেছেন । (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৬৪) ঃ বায়যাবী (র) লিখেছেন, যাক্কুম বৃক্ষের পাতাগুলো ক্ষুদ্র ক্ষুদ্র এবং দুর্গন্ধময় তিক্ত স্বাদবিশিষ্ট । মোহরা' এবং 'সিজ' গাছ প্রায় এর সদৃশ । (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬৫) ঃ কেননা, তারা এর অস্তিত্ব অবিশ্বাস করে এবং বিদ্রূপ করে বলে, 'যাক্কুম' অর্থ মাখন ও খোরমা, এটা তো খুব সুস্বাদু । আরও বলে যে, 'যাক্কুম' বৃক্ষ হলে অগ্নিতে উৎপন্ন হয় কিরূপে? সম্মুখে এর উত্তর আসছে । (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৭৬) ঃ ......اهله - পরিবার দ্বারা বুঝানো হয়েছে, হযরত নূহের (আ) প্রতি ঈমান গ্রহণকারীগণকে । তাঁর পরিবার-পরিজনের মধ্যে যারা মুমিন তারাও এর অন্তর্ভুক্ত । الكرب العظيم – (মহা বিপদ) অর্থাৎ মহা তুফান । যাতে হযরত নূহের (আ) সম্প্রদায় (যারা মুমিন ছিল না) নিমজ্জিত হয়েছিল । (কুঃ কারীম)

مِنَ الْكَرْبِ الْعَظِيمِ ﴿٧٧﴾ وَجَعَلْنَا ذُرِّيَّتَهُ هُمُ الْبَاقِينَ ﴿٧٨﴾ وَتَرَكْنَا عَلَيْهِ فِي

মিনাল্ কার্বিল্ 'আজীম । ৭৭ । ওয়া জ্বা'আল্না- যুররিয়্যাতাহূ হুমুল্ বা-ক্বীন । ৭৮ । ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্
থেকে রক্ষা করেছিলাম । (৭৭) এবং আমি তার সন্তানদেরকে (বংশজারী রাখায়) বাকি রেখেছি । (৭৮) আমি জারী রেখেছি পরবর্তীদের মধ্যে

الْآخِرِينَ ﴿٧٩﴾ سَلَامٌ عَلَىٰ نُوحٍ فِي الْعَالَمِينَ ﴿٨٠﴾ إِنَّا كَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ

আ-খিরীন । ৭৯ । সালা-মুন্ 'আলা- নূহ্বিন্ ফিল্ 'আ-লামীন । ৮০ । ইন্না- কাযা-লিকা নাজ্বযিল্ মুহ্বসিনীন ।
তার উত্তম আলোচনা, (৭৯) সারা জাহানে নূহের প্রতি 'সালাম' (শান্তি) বর্ষিত হোক । (৮০) নিশ্চয়ই আমি এভাবে পুণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি ।

﴿٨١﴾ إِنَّهُ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِينَ ﴿٨٢﴾ ثُمَّ أَغْرَقْنَا الْآخَرِينَ ﴿٨٣﴾ وَإِنَّ مِنْ شِيعَتِهِ

৮১ । ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন । ৮২ । ছুম্মা আগ্রাক্বনাল্ আ-খারীন । ৮৩ । ওয়া ইন্না মিন্ শী'আতিহী
(৮১) সে ছিল আমার মুমিন বান্দাদের অন্তর্ভুক্ত । (৮২) অতঃপর আমি অন্য সবকে ডুবিয়ে দিলাম । (৮৩) ইবরাহীম তো নূহের অনুসারীদের

لَإِبْرَاهِيمَ ﴿٨٤﴾ إِذْ جَاءَ رَبَّهُ بِقَلْبٍ سَلِيمٍ ﴿٨٥﴾ إِذْ قَالَ لِأَبِيهِ وَقَوْمِهِ مَاذَا

লাইব্রা-হীম । ৮৪ । ইয্ জ্বা—আ রাব্বাহূ বিক্বাল্বিন্ সালীম । ৮৫ । ইয্ ক্বা-লা লিআবীহি ওয়া ক্বাওমিহী মা-যা-
অন্তর্ভুক্ত ছিল । (৮৪) স্মরণ করুন! যখন সে তার রবের কাছে উপস্থিত হয়েছিলেন পবিত্র আত্মা নিয়ে, (৮৫) যখন সে তার পিতা ও তার সম্প্রদায়কে বললেন, তোমরা কিসের

تَعْبُدُونَ ﴿٨٦﴾ أَئِفْكًا آلِهَةً دُونَ اللَّهِ تُرِيدُونَ ﴿٨٧﴾ فَمَا ظَنُّكُمْ بِرَبِّ الْعَالَمِينَ

তা'বুদূন । ৮৬ । আইফ্কান্ আ-লিহাতান্ দূনাল্লা-হি তুরীদূন । ৮৭ । ফামা- জান্নুকুম্ বিরাব্বিল্ 'আ-লামীন ।
ইবাদত (পূজা) করছ? (৮৬) তোমরা কি মিথ্যা মাবূদকে চাও, আল্লাহর পরিবর্তে? (৮৭) তোমাদের সারা'জাহানের প্রতিপালক (আল্লাহ) সম্পর্কে কি ধারণা?

﴿٨٨﴾ فَنَظَرَ نَظْرَةً فِي النُّجُومِ ﴿٨٩﴾ فَقَالَ إِنِّي سَقِيمٌ ﴿٩٠﴾ فَتَوَلَّوْا عَنْهُ مُدْبِرِينَ

৮৮ । ফানাজারা নাজ্রাতান্ ফিন্ নুজূম । ৮৯ । ফাক্বা-লা ইন্নী সাক্বীম । ৯০ । ফাতাওয়াল্লাও 'আন্হু মুদ্বিরীন ।
(৮৮) অতঃপর সে তারকাগুলোর প্রতি একবার তাকালেন । (৮৯) অতঃপর সে বললেন, নিশ্চয়ই আমি ব্যাধিগ্রস্ত । (৯০) একথায় তারা সব (তাকে রেখে) চলে গেল ।

○ টীকা (আঃ ৯০) ঃ এস্থলে কতিপয় মর্যাদাসম্পন্ন অধ্যবসায়ী ভয় প্রদর্শনকারী প্রেরিত মহাপুরুষগণের বিবরণ উল্লেখ করা হয়েছে; যাতে দুষ্টবুদ্ধি মক্কাবাসীরা শিক্ষা গ্রহণ করতে পারে । তন্মধ্যে সুপ্রসিদ্ধ অধ্যবসায়ী মহাপুরুষদ্বয় হযরত নূহ (আ) ও হযরত ইবরাহিম (আ)-এর জীবনেতিহাস সবিশেষ উল্লেখযোগ্য । প্রথমতঃ হযরত নূহ (আ)-এর ঘটনার সাথে হযরত রাসূলে করীম (সা)-এর যুগের ঘটনার বিশেষ সামঞ্জস্য রয়েছে । হযরত নূহ (আ)-এর যুগে জগৎব্যাপী অধর্ম অনাচারের প্রবল স্রোত চলতেছিল, এর গতিরোধ করার জন্য তিনি প্রেরিত হয়েছিলেন । তিনি দেশবাসীকে সুদীর্ঘকাল পর্যন্ত সৎপথে আহ্বান করে যখন অকৃতকার্য্য হয়েছিলেন, তখন তাঁর কতিপয় অনুগামী ব্যতীত তারা সকলেই মহাপ্লাবনে পতিত হয়ে নিমজ্জিত হল । উদ্ধার প্রাপ্তগণের বংশধর অবশিষ্ট রয়ে গেল । হযরত নূহ (আ)-এর সত্যসাধনার কথা লোকে বিস্মৃত হয় না, এখনও তাঁর প্রতি সালাম প্রেরিত হয় । মহাপুরুষ হযরত রাসূলে করীম (সা)-এর আবির্ভাবের যুগেও জগতের লোক অনুরূপ অধর্ম অনাচার কল্পিত উপাস্যের আরাধনা উপাসনা প্রভৃতি গর্হিত কার্যে লিপ্ত ছিল । তাদের পাপব্যধির আশু সুচিকিৎসার জন্য পারদর্শী বিজ্ঞ চিকিৎসকরূপে হযরত মহানবী (সা) প্রেরিত হয়েছিলেন । তাঁর ত্রুটিহীন সুচিকিৎসা অল্পদিনের মধ্যে সুফলপ্রসূ হল । নূহ (আ)-এর যুগে বিধর্মীরা নিমজ্জিত হয়েছিল । আর হযরত নবী করীম (সা)-এর যুগে লোক ধ্বংস হতে পরিত্রাণ পেয়ে ধর্মালোকে তাদের হৃদয়াকাশ সমুদ্ভাসিত হল । জাহাজারোহী মুষ্টিময় লোক হযরত নূহ (আ)-এর শিক্ষা দীক্ষা গ্রহণ করেছিল; পক্ষান্তরে বিশ্বের কোটি কোটি লোক হযরত মহানবী (সা)-এর ত্রুটিহীন সুশিক্ষা গ্রহণ করার সুযোগ পেয়েছে । তন্মধ্যে যারা তাঁর অনুপম শিক্ষা দীক্ষা গ্রহণ করেছে তারা সফলকাম হয়েছে এবং যারা অমান্য করে সত্যদ্রোহীতা করেছে তারা নিষ্ট হয়েছে । হযরত নূহ (আ)-এর যুগের লোকদের পরিত্রাণপথ বা জাহাজ ছিল কাষ্ঠ নির্মিত আর মহানবী হযরত মুহাম্মদ (সা)-এর জাহাজ হচ্ছে সুশিক্ষা প্রাপ্ত তাঁর প্রিয় সহচরগণ ও জ্ঞানগর্ভ পবিত্র কোরআন যা কেয়ামত পর্যন্ত অটুট থাকবে ।
দ্বিতীয় ঘটনা ঃ হযরত ইবরাহীমের (আ) । তাঁর সম্প্রদায় এমন কি জন্মদাতা পিতাও ঘোর পৌত্তলিক ছিল । তাঁরা মূর্তি ও নক্ষত্র পুঞ্জের পূজা করত । তিনি তাদের ঐ সমস্ত কল্পিত শক্তিহীন উপাস্যসমূহের অসারতা যুক্তিসহকারে প্রতিপন্ন করে তাদেরকে ধর্ম পথে আহ্বান করতে লাগলেন । কিন্তু তারা তাকে মান্য করল না, উপরন্তু তাকে বিবিধ প্রকারে উৎপীড়ন করতে বদ্ধ পরিকর হল । প্রজ্জ্বলিত অগ্নিকুণ্ডে তাঁকে নিক্ষেপ করল । আল্লাহ তা'আলা তাকে তা থেকে উদ্ধার করলেন অবশেষে তিনি শামদেশ অভিমুখে রওয়ানা হলেন । (কুঃ কারীম)

فَرَاغَ إِلَىٰٓ ءَالِهَتِهِمْ فَقَالَ أَلَا تَأْكُلُونَ ﴿٩١﴾ مَا لَكُمْ لَا تَنطِقُونَ ﴿٩٢﴾ فَرَاغَ

৯১। ফারা-গা ইলা~আ-লিহাতিহিম্ ফাক্বা-লা আলা- তা'কুলূন। ৯২। মা-লাকুম লা- তানত্বিকূন। ৯৩। ফারা-গা

(৯১) অতঃপর তিনি তাদের দেবতাদের কাছে গিয়ে বললেন, 'তোমরা খাদ্য গ্রহণ কর না কেন?' (৯২) 'তোমাদের কি হয়েছে যে, তোমরা কথা বল না?' (৯৩) এরপর

عَلَيْهِمْ ضَرْبًۢا بِٱلْيَمِينِ ﴿٩٣﴾ فَأَقْبَلُوٓا۟ إِلَيْهِ يَزِفُّونَ ﴿٩٤﴾ قَالَ أَتَعْبُدُونَ مَا تَنْحِتُونَ ﴿٩٥﴾

'আলাইহিম্ দ্বারবাম্ বিল্ ইয়ামীন। ৯৪। ফাআক্ববালূ~ইলাইহি ইয়াযিফ্‌ফূন। ৯৫। ক্বা-লা আতা'বুদূনা মা- তানহিতূন।

তিনি তাদের ওপর ঝাঁপিয়ে পড়ে সবলে আঘাত হানলেন। (৯৪) লোকেরা তার দিকে ছুটে এল। (৯৫) তিনি বললেন, 'তোমরা তো স্বহস্তে নির্মিত প্রস্তর মূর্তির পূজা কর?'

وَٱللَّهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُونَ ﴿٩٦﴾ قَالُوا۟ ٱبْنُوا۟ لَهُۥ بُنْيَٰنًا فَأَلْقُوهُ فِى ٱلْجَحِيمِ ﴿٩٧﴾

৯৬। ওয়াল্লা-হু খালাক্বাকুম্ ওয়ামা- তা'মালূন। ৯৭। ক্বা-লুব্ নূ লাহূ বুন্‌ইয়া-নান্ ফাআলকূহু ফিল্ জ্বাহীম।

(৯৬) 'আল্লাহ তোমাদেরকে এবং তোমাদের তৈরী বস্তুকেও সৃষ্টি করেছেন।' (৯৭) তারা বলল, 'অগ্নিকুণ্ড বানাও, অতঃপর একে অগ্নিতে নিক্ষেপ কর।'

فَأَرَادُوا۟ بِهِۦ كَيْدًا فَجَعَلْنَٰهُمُ ٱلْأَسْفَلِينَ ﴿٩٨﴾ وَقَالَ إِنِّى ذَاهِبٌ إِلَىٰ رَبِّى

৯৮। ফাআরা-দূ বিহী কাইদান্ ফাজ্বা'আলনা- হুমুল্ আস্‌ফালীন। ৯৯। ওয়া ক্বা-লা ইন্নী যা-হিবুন্ ইলা- রাব্বী

(৯৮) তারা তার বিরুদ্ধে চক্রান্ত করেছিল, কিন্তু আমি তাদেরকে অতি নীচ করে দিলাম। (৯৯) এবং তিনি বলেছিলেন, আমিতো আমার রবের দিকে চললাম, নিশ্চয়ই তিনি

سَيَهْدِينِ ﴿٩٩﴾ رَبِّ هَبْ لِى مِنَ ٱلصَّٰلِحِينَ ﴿١٠٠﴾ فَبَشَّرْنَٰهُ بِغُلَٰمٍ حَلِيمٍ ﴿١٠١﴾ فَلَمَّا

সাইয়াহ্‌দীন। ১০০। রাব্বি হাব্‌লী মিনাস্ স্বা-লিহীন। ১০১। ফাবাশ্‌ শারনা-হু বিগুলা-মিন্ হালীম। ১০২। ফালাম্মা-

আমাকে সঠিক পথ দেখাবেন। (১০০) হে আমার রব! আমাকে একটি নেক সন্তান দান করুন। (১০১) অতঃপর আমি তাকে সুসংবাদ দিলাম একটি সহিষ্ণু পুত্রের। (১০২) যখন

بَلَغَ مَعَهُ ٱلسَّعْىَ قَالَ يَٰبُنَىَّ إِنِّىٓ أَرَىٰ فِى ٱلْمَنَامِ أَنِّىٓ أَذْبَحُكَ فَٱنظُرْ

বালাগা মা'আহুস্ 'সাইয়া ক্বা-লা ইয়া- বুনাইয়্যা ইন্নী~আরা-ফিল্ মানা-মি আন্নী~আয্‌বাহুকা ফান্‌জুর

সে সন্তান, তার পিতার সাথে চলা ফেরার মত বয়সে উপনীত হল, তখন ইবরাহীম বললেন, আমি স্বপ্নে দেখেছি যে, আমি তোমাকে যবেহ করছি। এখন তুমি চিন্তা করে বল,

مَاذَا تَرَىٰ ۚ قَالَ يَٰٓأَبَتِ ٱفْعَلْ مَا تُؤْمَرُ ۖ سَتَجِدُنِىٓ إِن شَآءَ ٱللَّهُ مِنَ

মা-যা- তারা-; ক্বা-লা ইয়া~আবাতিফ্ 'আল্ মা- তু'মারু, সাতাজ্বিদুনী~ইন্‌শা—আল লা-হু মিনাস্

এ ব্যাপারে তোমার সিদ্ধান্ত কি? সে (পুত্র) বললেন, হে আমার আব্বা! যেভাবে নির্দেশ দেয়া হয়েছে, সে ভাবেই করুন। আপনি আমাকে পাবেন ধৈর্যশীল হিসেবে, যদি আল্লাহ

ٱلصَّٰبِرِينَ ﴿١٠٢﴾ فَلَمَّآ أَسْلَمَا وَتَلَّهُۥ لِلْجَبِينِ ﴿١٠٣﴾ وَنَٰدَيْنَٰهُ أَن يَٰٓإِبْرَٰهِيمُ

স্বা-বিরীন। ১০৩। ফালাম্মা~আস্‌লামা- ওয়া তাল্লাহু লিল্‌জ্বাবীন। ১০৪। ওয়ানা- দাইনা-হু আই ইয়া~ইব্রা-হীম।

ইচ্ছা করেন, (১০৩) যখন তারা উভয়ে আনুগত্য প্রদর্শন করলেন এবং তিনি তার পুত্রকে কাত করে শোয়াইলেন, (১০৪) তখন আমি তাকে ডেকে বললাম, 'হে ইবরাহীম!

قَدْ صَدَّقْتَ ٱلرُّءْيَآ ۚ إِنَّا كَذَٰلِكَ نَجْزِى ٱلْمُحْسِنِينَ ﴿١٠٥﴾ إِنَّ هَٰذَا لَهُوَ

১০৫। ক্বাদ্ স্বাদ্দাক্বতার্ রু'ইয়া- ইন্না- কাযা-লিকা নাজ্‌যিল্ মুহ্‌সিনীন। ১০৬। ইন্না হা-যা- লাহুওয়াল্

(১০৫) আপনি আপনার স্বপ্ন সত্যিকার ভাবেই বাস্তবায়ন করেছেন। এভাবেই আমি পূণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি। (১০৬) নিশ্চয়ই এটা ছিল একটি

সূরা সা-ফ্‌ফা-ত ঃ ৩৭ নূরানী বাংলা উচ্চারণ কোরআন শরীফ ওয়ামা- লিয়া ঃ ২৩

ٱلْبَلَٰٓؤُا۟ ٱلْمُبِينُ ﴿١٠٦﴾ وَفَدَيْنَٰهُ بِذِبْحٍ عَظِيمٍ ﴿١٠٧﴾ وَتَرَكْنَا عَلَيْهِ فِى ٱلْءَاخِرِينَ ﴿١٠٨﴾

বালা—উল্ মুবীন। ১০৭। ওয়া ফাদাইনা-হু বিযিব্‌হিন্ 'আজীম। ১০৮। ওয়া তারাক্‌না- 'আলাইহি ফিল্ আ-খিরীন।

প্রকাশ্য পরীক্ষা। (১০৭) এবং আমি তার যবেহের বিনিময়, বড় একটি যবেহের পশু দিয়ে দিলাম। (১০৮) এবং তার উত্তম আলোচনা পরবর্তীদের মাঝেও জারী রেখেছি।

سَلَٰمٌ عَلَىٰٓ إِبْرَٰهِيمَ ﴿١٠٩﴾ كَذَٰلِكَ نَجْزِى ٱلْمُحْسِنِينَ ﴿١١٠﴾ إِنَّهُۥ مِنْ عِبَادِنَا ٱلْمُؤْمِنِينَ ﴿١١١﴾

১০৯। সালা-মুন্ 'আলা~ইবরা-হীম। ১১০। কাযা-লিকা নাজ্‌যিল্ মুহ্‌সিনীন। ১১১। ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন।

(১০৯) সালাম (শান্তি) বর্ষিত হোক ইবরাহীমের প্রতি। (১১০) আমি এভাবেই পূণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি। (১১১) সে ছিল আমার মুমিন বান্দাদের মধ্য হতে।

وَبَشَّرْنَٰهُ بِإِسْحَٰقَ نَبِيًّا مِّنَ ٱلصَّٰلِحِينَ ﴿١١٢﴾ وَبَٰرَكْنَا عَلَيْهِ وَعَلَىٰٓ إِسْحَٰقَ ۚ

১১২। ওয়া বাশ্‌শারনা-হু বিইস্‌হা-ক্বা নাবিয়্যাম্ মিনাস্ স্বা-লিহীন। ১১৩। ওয়া বা-রাক্‌না- 'আলাইহি ওয়া 'আলা~ইস্‌হা-ক্বা;

(১১২) আমি তাকে সুসংবাদ দিয়েছিলাম ইসহাক সম্পর্কে, যিনি নবী হয়ে পূণ্যবানদের অন্তর্ভুক্ত হবেন। (১১৩) আমি তার প্রতি বরকত নাযিল করেছিলাম এবং তার (পুত্র)

ع ৩ ৭ রুকূ

وَمِن ذُرِّيَّتِهِمَا مُحْسِنٌ وَظَالِمٌ لِّنَفْسِهِۦ مُبِينٌ ﴿١١٣﴾ وَلَقَدْ مَنَنَّا عَلَىٰ مُوسَىٰ

ওয়া মিন যুররিয়্যাতিহিমা- মুহ্‌সিনুওঁ ওয়া জা-লিমুল্ লিনাফ্‌সিহী মুবীন। ১১৪। ওয়া লাক্বাদ্ মানান্না- 'আলা- মূসা-

ইসহাকের উপরও এবং তাদের বংশের মধ্য হতে পূণ্যবান এবং কতক নিজের প্রতি প্রকাশ্য জুলুমকারী। (১১৪) আমি মূসা ও হারুনের প্রতি (নবুওয়াত দান করে)

وَهَٰرُونَ ﴿١١٤﴾ وَنَجَّيْنَٰهُمَا وَقَوْمَهُمَا مِنَ ٱلْكَرْبِ ٱلْعَظِيمِ ﴿١١٥﴾ وَنَصَرْنَٰهُمْ فَكَانُوا۟ هُمُ

ওয়া হা-রূন। ১১৫। ওয়া নাজ্জাইনা-হুমা- ওয়া ক্বাওমাহুমা- মিনাল্ কারবিল্ 'আজীম। ১১৬। ওয়া নাস্বারনা- হুম ফাকা-নূ হুমুল্

অনুগ্রহ করেছিলাম (১১৫) এবং আমি রক্ষা করেছিলাম তাদেরকে এবং তাদের সম্প্রদায়কে কঠিন শাস্তি থেকে। (১১৬) এবং আমি তাদেরকে সাহায্য করেছিলাম ফলে তারা

ٱلْغَٰلِبِينَ ﴿١١٦﴾ وَءَاتَيْنَٰهُمَا ٱلْكِتَٰبَ ٱلْمُسْتَبِينَ ﴿١١٧﴾ وَهَدَيْنَٰهُمَا ٱلصِّرَٰطَ ٱلْمُسْتَقِيمَ ﴿١١٨﴾

গা-লিবীন। ১১৭। ওয়া আ-তাইনা- হুমাল্ কিতা-বাল্ মুস্‌তাবীন। ১১৮। ওয়া হাদাইনা- হুমাস্ব্ স্বিরা-ত্বাল্ মুস্‌তাক্বীম।

বিজয়ী হয়েছিলেন। (১১৭) আমি তাদের উভয়কে প্রদান করেছিলাম সু-স্পষ্ট কিতাব। (১১৮) এবং আমি তাদের উভয়কে সরল পথ প্রদর্শন করেছিলাম।

وَتَرَكْنَا عَلَيْهِمَا فِى ٱلْءَاخِرِينَ ﴿١١٩﴾ سَلَٰمٌ عَلَىٰ مُوسَىٰ وَهَٰرُونَ ﴿١٢٠﴾ إِنَّا كَذَٰلِكَ

১১৯। ওয়া তারাক্‌না- 'আলাইহিমা- ফিল্ আ-খিরীন। ১২০। সালা-মুন্ 'আলা- মূসা- ওয়া হা-রূন। ১২১। ইন্না- কাযা-লিকা

(১১৯) এবং আমি তাদের উভয়ের প্রশংসা (জারী) রেখেছি পরবর্তীদের মাঝে। (১২০) মূসা ও হারুনের প্রতি সালাম (শান্তি)। (১২১) আমি এভাবেই পুন্যবানদেরকে

نَجْزِى ٱلْمُحْسِنِينَ ﴿١٢١﴾ إِنَّهُمَا مِنْ عِبَادِنَا ٱلْمُؤْمِنِينَ ﴿١٢٢﴾ وَإِنَّ إِلْيَاسَ لَمِنَ

নাজ্‌যিল্ মুহ্‌সিনীন। ১২২। ইন্নাহুমা- মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন। ১২৩। ওয়া ইন্না ইল্‌ইয়া-সা লামিনাল্

প্রতিদান দিয়ে থাকি। (১২২) তারা উভয়ই ছিলেন আমার মুমিন বান্দাদের মধ্য হতে। (১২৩) ইলিয়াসও ছিলেন রাসূলগণেরই

○ বিশ্লেষণ (আঃ ১০৭) ঃ بِذِبْحٍ عَظِيمٍ - বড় যবেহ একটি ভেড়া ছিল। যেটি আল্লাহ তায়ালা জান্নাত থেকে হযরত জিবরাঈল (আ)-এর মাধ্যমে প্রেরণ করেছিলেন। (ইবন কাসীর) ○ টীকা (আঃ ১০৭) ঃ কেহ বলেন, এ জন্তুটি একটি সাধারণ দুম্বা ছিল। আকারে বড় বলে عَظِيمٍ - (শ্রেষ্ঠ) বলা হয়েছে। আবার কেহ বলেন, বেহেশত থেকে প্রেরিত হয়েছিল। আর বেহেশতী বলে عَظِيمٍ শব্দে সম্মানিত বুঝান হয়েছে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১১৩) ঃ তন্মধ্যে একটি এই যে, তাঁদের বংশ খুব বৃদ্ধি পেয়েছে এবং তাঁদের বংশে বহু সংখ্যক নবী হয়েছিলেন। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ১১৪) ঃ এতে একথা স্পষ্ট হয়ে গেল যে, আদী-পুরুষ বুযুর্গ হলে তাতে সন্তানের কোনই কাজ হয় না, যদি তারা নিজেরা ঈমান হতে বঞ্চিত থাকে। এতে ইহুদী সম্প্রদায়ের আলেমদের দর্শন চূর্ণ হয়ে গেল। (বঃ কোঃ)

الْمُرْسَلِينَ ۝١٢٣ إِذْ قَالَ لِقَوْمِهِۦٓ أَلَا تَتَّقُونَ ۝١٢٤ أَتَدْعُونَ بَعْلًا وَتَذَرُونَ أَحْسَنَ

মুর্সালীন। ১২৪। ইয্ ক্বা-লা লিক্বাওমিহী~আলা- তাত্তাকূন। ১২৫। আতাদ্'উনা 'বালাওঁ ওয়া তাযারূনা আহ্সানাল্
একজন। (১২৪) যখন সে তার সম্প্রদায়কে বললেন, তোমরা কি আল্লাহকে ভয় করনা? (১২৫) তোমরা কি বা'আলকে পূজা করবে? এবং শ্রেষ্ঠতর সৃষ্টিকর্তাকে পরিত্যাগ

الْخَالِقِينَ ۝١٢٥ اللَّهَ رَبَّكُمْ وَرَبَّ ءَابَآئِكُمُ الْأَوَّلِينَ ۝١٢٦ فَكَذَّبُوهُ فَإِنَّهُمْ

খা-লিক্বীন। ১২৬। আল্লা-হা রাব্বাকুম ওয়া রাব্বা আ-বা—ইকুমুল্ আওয়্যালীন। ১২৭। ফাকায্যাবূহু ফাইন্নাহুম
করছ? (১২৬) আল্লাহ, যিনি তোমাদের রব, এবং রব তোমাদের পূর্ব পিতৃপুরুষদের। (১২৭) তারা তাকে মিথ্যাবাদী বলেছিল, সুতরাং তাদেরকে (শাস্তির জন্য) উপস্থিত

لَمُحْضَرُونَ ۝١٢٧ إِلَّا عِبَادَ اللَّهِ الْمُخْلَصِينَ ۝١٢٨ وَتَرَكْنَا عَلَيْهِ فِى الْءَاخِرِينَ ۝

লামুহ্দ্বারূন। ১২৮। ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্ মুখ্লাস্বীন। ১২৯। ওয়া তারাক্না- 'আলাইহি ফিল্ আ-খিরীন।
করা হবেই। (১২৮) তবে আল্লাহর খাঁটি বান্দাগণ ব্যতীত। (১২৯) আমি তাদের প্রশংসা পরবর্তীগণের মাঝে জারী রেখেছি।

۝١٢٩ سَلَٰمٌ عَلَىٰٓ إِلْ يَاسِينَ ۝١٣٠ إِنَّا كَذَٰلِكَ نَجْزِى الْمُحْسِنِينَ ۝١٣١ إِنَّهُۥ مِنْ عِبَادِنَا

১৩০। সালা-মুন্ 'আলা~ইল্ ইয়া-সীন। ১৩১। ইন্না- কাযা-লিকা নাজ্যিল্ মুহ্সিনীন। ১৩২। ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্
(১৩০) ইলিয়াসের উপর সালাম (শান্তি) বর্ষিত হোক। (১৩১) এমনিইভাবে আমি পুণ্যবানদেরকে প্রতিদান দিয়ে থাকি। (১৩২) সে ছিল আমার মুমিন বান্দাদের

الْمُؤْمِنِينَ ۝١٣٢ وَإِنَّ لُوطًا لَّمِنَ الْمُرْسَلِينَ ۝١٣٣ إِذْ نَجَّيْنَٰهُ وَأَهْلَهُۥٓ أَجْمَعِينَ ۝

মু'মিনীন। ১৩৩। ওয়া ইন্না লূত্বাল্ লামিনাল্ মুর্সালীন। ১৩৪। ইয্ নাজ্জাইনা-হু ওয়া আহ্লাহূ~আজ্মা'ঈন।
মধ্য হতে। (১৩৩) লূতও ছিলেন রাসূলদের একজন। (১৩৪) আমি রক্ষা করেছিলাম তাকে ও তার পরিবার-পরিজনের সকলকে,

۝١٣٤ إِلَّا عَجُوزًا فِى الْغَٰبِرِينَ ۝١٣٥ ثُمَّ دَمَّرْنَا الْءَاخَرِينَ ۝١٣٦ وَإِنَّكُمْ لَتَمُرُّونَ

১৩৫। ইল্লা- 'আজূযান্ ফিল্ গা-বিরীন। ১৩৬। ছুম্মা দাম্মার্নাল্ আ-খারীন। ১৩৭। ওয়া ইন্নাকুম লাতামুর্রূনা
(১৩৫) শুধু সে বৃদ্ধা ব্যতীত, যে পেছনে অবস্থানকারীদের মধ্যে ছিল। (১৩৬) অতঃপর আমি অন্যদেরকে ধ্বংস করেছিলাম। (১৩৭) আর তোমরা তো অবশ্যই (তাদের ধ্বংসের)

عَلَيْهِم مُّصْبِحِينَ ۝١٣٧ وَبِالَّيْلِ ۚ أَفَلَا تَعْقِلُونَ ۝١٣٨ وَإِنَّ يُونُسَ لَمِنَ الْمُرْسَلِينَ ۝ ৪ ع ১৫ ৮ রুকূ

'আলাইহিম্ মুস্বিহীন। ১৩৮। ওয়া বিল্লাইলি ; আফালা- 'তাক্বিলূন। ১৩৯। ওয়া ইন্না ইউনুসা লামিনাল্ মুরসালীন।
সে স্থানগুলো হতে চলাফেরা করে থাক সকাল ও (১৩৮) সন্ধ্যায়; এরপরেও কি তোমাদের জ্ঞান হয় না? (১৩৯) এবং ইউনুস, সে রাসূলগণের মধ্য হতেই একজন।

۝١٣٩ إِذْ أَبَقَ إِلَى الْفُلْكِ الْمَشْحُونِ ۝١٤٠ فَسَاهَمَ فَكَانَ مِنَ الْمُدْحَضِينَ ۝

১৪০। ইয্ আবাক্বা ইলাল্ ফুল্কিল্ মাশ্হূন। ১৪১। ফাসা- হামা ফাকা-না মিনাল্ মুদ্হাদ্বীন।
(১৪০) স্মরণ করুন! যখন সে পলায়ন করে বোঝাইকৃত নৌকায় পৌঁছল, (১৪২) অতঃপর তারা (নৌকার লোকেরা) কোরা লটারী ধরল, তাতে ইউনুস পরাজিত হল।

○ বিশ্লেষণ (আঃ ১২৫) ঃ ....بعلا - বা'আল একটি প্রতিমার নাম। যেটি চার মুখ বিশিষ্ট ছিল এবং ত্রিশ গজ উঁচু ছিল। (তাঃ কাদেরী)
○ টীকা (আঃ ১২৬) ঃ কেননা, অপর নির্মাতাগণ শুধু কোন কোন বস্তুকে সংমিশ্রিত ও সংযোজিত করতে পারে। তাও ক্ষণস্থায়ী। পক্ষান্তরে আল্লাহ তায়ালা সমস্ত পদার্থকে নূতন করে সৃষ্টি করতে সক্ষম এবং সে নির্মাতাগণ তাদের নির্মিত পদার্থে প্রাণ দান করতে পারে না। আর আল্লাহ প্রাণ দান করে থাকেন। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৩৮) ঃ প্রাতঃকাল এবং রাত্রি [illegible]লের উল্লেখ এ জন্য করা হয়েছে যে, আরব দেশে প্রায়শঃ রাত্রির প্রথম হতে ভোর পর্যন্ত ভ্রমণ করারই অভ্যাস। লূত সম্প্রদায়ের বিধ্বস্ত স্থান হতে যদি যাত্রায় মনযিল আরম্ভ হয়ে থাকে, তবে পথিকগণ রাত্রিকালে তা অতিক্রম করবে, আর যদি ঐ স্থানটিতে মনযিল শেষ হয়ে থাকে, তবে প্রাতঃকালে তা অতিক্রম করবে। (বঃ কোঃ)

۝١٤١ فَالْتَقَمَهُ الْحُوتُ وَهُوَ مُلِيمٌ ۝١٤٢ فَلَوْلَآ أَنَّهُۥ كَانَ مِنَ الْمُسَبِّحِينَ ۝١٤٣ لَلَبِثَ

১৪২। ফাল্তাক্বামাহুল্ হূতু ওয়া হুওয়া মুলীম। ১৪৩। ফালাওলা~আন্নাহূ কা-না মিনাল মুসাব্বিহীন। ১৪৪। লালাবিছা
(১৪২) অতঃপর মাছ তাকে একেবারেই গলাধঃকরণ করল এবং সে তখন নিজেকে অপরাধী মনে করতে লাগলেন। (১৪৩) সে যদি তাসবীহ পাঠ না করতেন, (১৪৪) তবে

فِى بَطْنِهِۦٓ إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ ۝١٤٤ فَنَبَذْنَٰهُ بِالْعَرَآءِ وَهُوَ سَقِيمٌ ۝١٤٥ وَأَنۢبَتْنَا

ফী বাত্বনিহী~ইলা- ইয়াওমি ইউব্'আছূন। ১৪৫। ফানাবায্না-হু বিল্ 'আরা—ই ওয়া হুওয়া সাক্বীম। ১৪৬। ওয়া আম্বাত্না-
পুনরুত্থান দিবস পর্যন্ত মাছের পেটেই থাকতেন। (১৪৫) আমি তাকে (মাছের পেট হতে) ফেলে দিলাম, একটি তৃণ বিহীন প্রান্তরে তখন সে ছিল পীড়িত। (১৪৬) এবং আমি উৎপন্ন করলাম

عَلَيْهِ شَجَرَةً مِّن يَقْطِينٍ ۝١٤٦ وَأَرْسَلْنَٰهُ إِلَىٰ مِا۟ئَةِ أَلْفٍ أَوْ يَزِيدُونَ ۝١٤٧ فَـَٔامَنُوا۟

'আলাইহি শাজ্বারাতাম্ মিঁই ইয়াক্বত্বীন। ১৪৭। ওয়া আর্সাল্না-হু ইলা- মিআতি আল্ফিন্ আও ইয়াযীদূন। ১৪৮। ফাআ-মানূ
তার উপর (ছায়ার জন্য) একটি লাউ গাছ। (১৪৭) অতঃপর আমি তাকে (পুনরায়) প্রেরণ করলাম, এক লক্ষ লোকের দিকে অথবা তার চেয়ে অধিক। (১৪৮) তারা ঈমান

فَمَتَّعْنَٰهُمْ إِلَىٰ حِينٍ ۝١٤٨ فَاسْتَفْتِهِمْ أَلِرَبِّكَ الْبَنَاتُ وَلَهُمُ الْبَنُونَ ۝

ফামা'ত্তানা-হুম ইলা- হ্বীন। ১৪৯। ফাস্তাফ্তিহিম্ আলিরাব্বিকাল্ বানা-তু ওয়া লাহুমুল্ বানূন।
এনেছিল, সুতরাং আমি তাদেরকে নির্দিষ্ট সময় পর্যন্ত সম্পদ ভোগ করার সুযোগ দিলাম। (১৪৯) হে নবী! তাদেরকে জিজ্ঞেস করুন, তোমার প্রতিপালকের জন্য কি রয়েছে কন্যা সন্তান, আর তাদের জন্য পুত্র সন্তান?

۝١٤٩ أَمْ خَلَقْنَا الْمَلَٰٓئِكَةَ إِنَٰثًا وَهُمْ شَٰهِدُونَ ۝١٥٠ أَلَآ إِنَّهُم مِّنْ إِفْكِهِمْ لَيَقُولُونَ ۝

১৫০। আম্ খালাক্বনাল্ মালা—ইকাতা ইনা-ছাওঁ ওয়া হুম শা-হিদূন। ১৫১। আলা~ইন্নাহুম্ মিন্ ইফ্কিহিম লাইয়াকূলূন।
(১৫০) অথবা আমি কি ফিরিশতাগণকে নবীরূপে সৃষ্টি করেছি এবং (সৃষ্টি করার সময়) তারা উপস্থিত ছিল? (১৫১) জেনে রাখ, তারা মিথ্যা বানিয়ে বলছে যে,

۝١٥١ وَلَدَ اللَّهُ وَإِنَّهُمْ لَكَٰذِبُونَ ۝١٥٢ أَصْطَفَى الْبَنَاتِ عَلَى الْبَنِينَ ۝١٥٣ مَا لَكُمْ

১৫২। ওয়ালাদাল্লা-হু ওয়া ইন্নাহুম্ লাকা-যিবূন। ১৫৩। আস্বত্বাফাল্ বানা-তি 'আলাল্ বানীন। ১৫৪। মা-লাকুম,
(১৫২) আল্লাহ সন্তান জন্ম দিয়েছেন। নিশ্চয়ই ওরা মিথ্যাবাদী। (১৫৩) আল্লাহ কি পুত্রের চেয়ে কন্যাকে বেশী পছন্দ করেন? (১৫৪) তোমাদের কি হয়েছে, তোমরা কি

كَيْفَ تَحْكُمُونَ ۝١٥٤ أَفَلَا تَذَكَّرُونَ ۝١٥٥ أَمْ لَكُمْ سُلْطَٰنٌ مُّبِينٌ ۝١٥٦ فَأْتُوا۟ بِكِتَٰبِكُمْ

কাইফা তাহ্কুমূন। ১৫৫। আফালা- তাযাক্কারূন। ১৫৬। আম্ লাকুম সুলত্বা-নুম্ মুবীন। ১৫৭। ফা'তূ বিকিতা-বিকুম
ধরনের (অযৌক্তিক) ফয়সালা করছ? (১৫৫) তোমরা কি (এতটুকুও) বুঝনা? (১৫৬) কিংবা তোমাদের কাছে কি কোন প্রমাণ আছে? (১৫৭) যদি তোমরা সত্যবাদী হয়ে

إِن كُنتُمْ صَٰدِقِينَ ۝١٥٧ وَجَعَلُوا۟ بَيْنَهُۥ وَبَيْنَ الْجِنَّةِ نَسَبًا ۚ وَلَقَدْ عَلِمَتِ الْجِنَّةُ

ইন্ কুন্তুম্ স্বা-দিক্বীন। ১৫৮। ওয়াজ্বা'আলূ বাইনাহূ ওয়া বাইনাল্ জ্বিন্নাতি নাসাবান ; ওয়া লাক্বাদ্ 'আলিমাতিল্ জ্বিন্নাতু
থাক, তবে তোমাদের কিতাব নিয়ে আস। (১৫৮) তারা (কাফিরেরা) নির্ধারণ করেছে, আল্লাহ ও জীনদের মধ্যেও আত্মীয়তা। অথচ জীনেরা অবশ্যই জানে যে,

○ টীকা (আঃ ১৪৬) ঃ লাউ-এর প্রকৃতিগত এরূপ গুণ আছে। এর পাতার ছায়ায় মক্ষিকা আসতে পারে না মৎস্যদ্বারা গ্রাসিত হযরত ইউনুছ (আ) যখন তার উদর হতে বহির্গত হয়েছিলেন, তখন তাঁর দেহস্থ চর্মের উপরিভাগ এরূপ ক্ষয় হয়েছিল যে, তাতে মক্ষিকা বসলে ক্ষত হয়ে পড়ত। একারণে মক্ষিকার উপদ্রব নিবারণে লাউ গাছের উৎপত্তি হয়েছিল। ○ টীকা (আঃ ১৪৭) ঃ তিনি নিনুয়া শহরে ধর্ম প্রচার করার জন্য আদিষ্ট হয়েছিলেন। তা মোসেল নগরীর নিকটবর্তী এক শহর ছিল। আবী ইবনে কা'ব বর্ণিত হাদীস মোতাবেক এর লোক সংখ্যা এক লক্ষ বিশ সহস্র ছিল।

إِنَّهُمْ لَمُحْضَرُونَ ﴿١٥٨﴾ سُبْحَانَ اللَّهِ عَمَّا يَصِفُونَ ﴿١٥٩﴾ إِلَّا عِبَادَ اللَّهِ الْمُخْلَصِينَ ﴿١٦٠﴾

ইন্নাহুম্ লামুহ্দ্বারূন। ১৫৯। সুব্হা-নাল্লা-হি 'আম্মা- ইয়াস্বিফূন। ১৬০। ইল্লা- 'ইবা-দাল্লা-হিল্ মুখ্লাস্বীন।

তাদের উপস্থিত করা হবেই। (১৫৯) আল্লাহ পবিত্র সে সব কথা থেকে তার যা বলে। (১৬০) কিন্তু যারা আল্লাহর খাঁটি বান্দা তারা এর থেকে ভিন্ন।

فَإِنَّكُمْ وَمَا تَعْبُدُونَ ﴿١٦١﴾ مَا أَنْتُمْ عَلَيْهِ بِفَاتِنِينَ ﴿١٦٢﴾ إِلَّا مَنْ هُوَ صَالِ الْجَحِيمِ ﴿١٦٣﴾

১৬১। ফাইন্নাকুম্ ওয়ামা- তা'বুদূন। ১৬২। মা~আন্তুম্ 'আলাইহি বিফা-তিনীন। ১৬৩। ইল্লা- মান্ হুওয়া স্বা-লিল্ জ্বাহীম।

(১৬১) তোমরা এবং তোমাদের উপাস্যরা- (১৬২) কেউ আল্লাহর সম্পর্কে কাউকে বিভ্রান্ত করতে পারবে না। (১৬৩) কেবল পারবে যারা জাহান্নামে যাবে তাদেরকে।

وَمَا مِنَّا إِلَّا لَهُ مَقَامٌ مَعْلُومٌ ﴿١٦٤﴾ وَإِنَّا لَنَحْنُ الصَّافُّونَ ﴿١٦٥﴾ وَإِنَّا لَنَحْنُ

১৬৪। ওয়ামা- মিন্না~ইল্লা-লাহূ মাক্বা-মুম্ 'মালূম। ১৬৫। ওয়া ইন্না- লানাহ্নুস্ব স্বা—ফ্ফূন। ১৬৬। ওয়া ইন্না- লানাহ্নুল্

(১৬৪) (ফিরিশতাগণের কথা) আমাদের প্রত্যেকের জন্যই তো জায়গা নির্ধারিত। (১৬৫) আমরাতো সারিবদ্ধভাবে দাঁড়ানো থাকি। (১৬৬) আমরা নিশ্চয়ই আল্লাহর

الْمُسَبِّحُونَ ﴿١٦٦﴾ وَإِنْ كَانُوا لَيَقُولُونَ ﴿١٦٧﴾ لَوْ أَنَّ عِنْدَنَا ذِكْرًا مِنَ الْأَوَّلِينَ ﴿١٦٨﴾

মুসাব্বিহূন। ১৬৭। ওয়া ইন্ কা-নূ লাইয়াকূলূন। ১৬৮। লাও আন্না 'ইন্দানা- যিক্রাম্ মিনাল্ আওয়্যালীন।

তাসবীহ বর্ণনাকারী। (১৬৭) তারা (কাফিরেরা) তো বলে আসছে যে, (১৬৮) যদি আমাদের কাছে পূর্ববর্তীদের ন্যায় কোন উপদেশ (কিতাব) আসত,

لَكُنَّا عِبَادَ اللَّهِ الْمُخْلَصِينَ ﴿١٦٩﴾ فَكَفَرُوا بِهِ فَسَوْفَ يَعْلَمُونَ ﴿١٧٠﴾ وَلَقَدْ سَبَقَتْ

১৬৯। লাকুন্না- 'ইবা-দাল্লা-হিল্ মুখ্লাস্বীন। ১৭০। ফাকাফারূ বিহী ফাসাওফা ই'য়ালামূন। ১৭১। ওয়া লাক্বাদ্ সাবাক্বাত্

(১৬৯) অবশ্যই আমরা আল্লাহর খাঁটি বান্দা হতাম। (১৭০) কিন্তু তারা কুরআনের সাথে কুফরী করল, অতি শীঘ্রই তারা এর পরিণাম জানতে পারবে। (১৭১) আমার প্রেরিত

كَلِمَتُنَا لِعِبَادِنَا الْمُرْسَلِينَ ﴿١٧١﴾ إِنَّهُمْ لَهُمُ الْمَنْصُورُونَ ﴿١٧٢﴾ وَإِنَّ جُنْدَنَا لَهُمُ

কালিমাতুনা- লি'ইবা-দিনাল্ মুর্সালীন। ১৭২। ইন্নাহুম লাহুমুল মান্সূরূন। ১৭৩। ওয়া ইন্না জুন্দানা- লাহুমুল্

বান্দাদের জন্য আমার (সাহায্যের) কথা পূর্বেই নির্ধারিত। (১৭২) নিশ্চয়ই তারা সাহায্য প্রাপ্ত হবে। (১৭৩) আর নিশ্চয়ই আমার বাহিনী (মুমিনগণ) বিজয়ী

الْغَالِبُونَ ﴿١٧٣﴾ فَتَوَلَّ عَنْهُمْ حَتَّى حِينٍ ﴿١٧٤﴾ وَأَبْصِرْهُمْ فَسَوْفَ يُبْصِرُونَ ﴿١٧٥﴾ أَفَبِعَذَابِنَا

গা-লিবূন। ১৭৪। ফাতাওয়াল্লা 'আন্হুম হাত্তা- হীন। ১৭৫। ওয়া আব্স্বির্হুম ফাসাওফা ইউব্স্বিরূন। ১৭৬। আফাবি 'আযা-বিনা-

হবে। (১৭৪) অতএব কিছুকালের জন্য তাদেরকে উপেক্ষা করুন। (১৭৫) লক্ষ করুন, শীঘ্রই তারা এর পরিণাম দেখতে পাবে। (১৭৬) তারা কি আমার শাস্তি দ্রুত কামনা

يَسْتَعْجِلُونَ ﴿١٧٦﴾ فَإِذَا نَزَلَ بِسَاحَتِهِمْ فَسَاءَ صَبَاحُ الْمُنْذَرِينَ ﴿١٧٧﴾ وَتَوَلَّ

ইয়াস্'তাজ্বিলূন। ১৭৭। ফাইযা- নাযালা বিসা-হাতিহিম্ ফাসা—আ স্বাবা-হুল্ মুন্যারীন। ১৭৮। ওয়া তাওয়াল্লা

করে? (১৭৭) যখন শাস্তি তাদের ঘরের আঙ্গিনায় নাযিল হবে, তখন তাদের প্রাতঃকাল অত্যন্ত খারাপ হয়ে যাবে, যাদেরকে সতর্ক করা হয়েছিল। (১৭৮) সুতরাং আপনি কিছু

عَنْهُمْ حَتَّى حِينٍ ﴿١٧٨﴾ وَأَبْصِرْ فَسَوْفَ يُبْصِرُونَ ﴿١٧٩﴾ سُبْحَانَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ

'আন্হুম্ হাত্তা-হীন। ১৭৯। ওয়া আব্স্বির্ ফাসাওফা ইউব্স্বিরূন। ১৮০। সুব্হা-না রাব্বিকা রাব্বিল্ 'ইয্যাতি

দিনের জন্য তাদের থেকে মুখ ফিরিয়ে থাকুন, (১৭৯) এবং আপনি তাদেরকে দেখতে থাকুন, শীঘ্রই তারা (কুফরীর শাস্তি) দেখতে পাবে। (১৮০) আপনি তারা যা বলে তা থেকে

রুকূ ৫ ৪৪ ৯

عَمَّا يَصِفُونَ ﴿١٨٠﴾ وَسَلَامٌ عَلَى الْمُرْسَلِينَ ﴿١٨١﴾ وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ﴿١٨٢﴾

'আম্মা- ইয়াস্বিফূন। ১৮১। ওয়া- সালা-মুন্ 'আলাল মুর্সালীন। ১৮২। ওয়াল্ হাম্দু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামীন।

আপনার প্রতিপালক পবিত্র, যিনি মহা সম্মানিত। (১৮১) রাসূলগণের প্রতি সালাম (১৮২) এবং সব প্রশংসা আল্লাহর জন্য যিনি সারা জাহানের প্রতিপালক।

সূরা ছোয়াদ
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮৮
রুকূ ঃ ৫

ص وَالْقُرْآنِ ذِي الذِّكْرِ ﴿١﴾ بَلِ الَّذِينَ كَفَرُوا فِي عِزَّةٍ وَشِقَاقٍ ﴿٢﴾ كَمْ أَهْلَكْنَا

১। স্বা—দ্ ওয়াল্ কুরআ-নি যিয্ যিক্রি। ২। বালিল্লাযীনা কাফারূ ফী 'ইয্যাতিওঁ ওয়া শিক্বা-ক্ব। ৩। কাম্ আহ্লাক্না-

(১) সা-দ, উপদেশপূর্ণ কুরআনের শপথ। (২) কিন্তু কাফিরেরা অহংকার ও (দ্বীনের) বিরোধিতার মধ্যে রয়েছে। (৩) তাদের পূর্বে আমি ধ্বংস

مِنْ قَبْلِهِمْ مِنْ قَرْنٍ فَنَادَوْا وَلَاتَ حِينَ مَنَاصٍ ﴿٣﴾ وَعَجِبُوا أَنْ جَاءَهُمْ مُنْذِرٌ

মিন্ ক্বাব্লিহিম মিন ক্বার্নিন্ ফানা-দাওঁ ওয়ালা-তা হ্বীনা মানা-স্ব। ৪। ওয়া 'আজ্বিবূ~আন্ জ্বা—আহুম্ মুন্যিরুম্

করেছি বহু জাতিকে, তখন তারা চীৎকার করে ডেকেছিল, কিন্তু সে সময় পলায়ন করার কোনই সুযোগ ছিল না। (৪) আর কাফিরেরা আশ্চর্য হয়েছে যে, তাদের মধ্য হতেই

مِنْهُمْ ۖ وَقَالَ الْكَافِرُونَ هَٰذَا سَاحِرٌ كَذَّابٌ ﴿٤﴾ أَجَعَلَ الْآلِهَةَ إِلَٰهًا وَاحِدًا ۖ

মিন্হুম্ ওয়াক্বা-লাল্ কা-ফিরূনা হা-যা- সা-হ্বিরুন্ কায্যা-ব। ৫। আজ্বা'আলাল্ আ-লিহাতা ইলা-হাওঁ ওয়া-হ্বিদান্,

একজন ভীতি প্রদর্শনকারী (রাসূল) এসেছে এবং কাফিরেরা বলে, এ ব্যক্তিতো একজন যাদুকর এবং মিথ্যাবাদী। (৫) সে কি এত মাবুদগুলোকে এক মাবুদ করে দিয়েছে?

إِنَّ هَٰذَا لَشَيْءٌ عُجَابٌ ﴿٥﴾ وَانْطَلَقَ الْمَلَأُ مِنْهُمْ أَنِ امْشُوا وَاصْبِرُوا عَلَىٰ آلِهَتِكُمْ ۖ

ইন্না হা-যা- লাশাইউন্ 'উজ্বা-ব্। ৬। ওয়ান্ ত্বালাক্বাল্ মালাউ মিন্হুম আনিম্‌শূ ওয়াস্ববিরূ 'আলা~আ-লিহাতিকুম,

এটাতো খুবই আশ্চর্যজনক বিষয়। (৬) তাদের নেতারা তাদের (মজলিস) থেকে এ (কথা) বলে চলে গেল যে, চল এবং তোমাদের মাবুদগুলোর উপর তোমরা মজবুত থাক,

إِنَّ هَٰذَا لَشَيْءٌ يُرَادُ ﴿٦﴾ مَا سَمِعْنَا بِهَٰذَا فِي الْمِلَّةِ الْآخِرَةِ ۖ إِنْ هَٰذَا إِلَّا اخْتِلَاقٌ ﴿٧﴾

ইন্না হা-যা- লাশাইউঁই ইউরা-দ্ ৭। মা-সামি'না- বিহা-যা- ফিল্ মিল্লাতিল্ আ-খিরাতি, ইন্ হা-যা~ইল্লাখ্ তিলা-ক্ব।

নিশ্চয়ই এর মধ্যে কোন উদ্দেশ্য নিহিত রয়েছে। (৭) আমরা তো এরূপ (তাওহীদের) কথা শুনিনি অতীতের ধর্মে, এটা একটা মনগড়া মিথ্যা কথা।

أَأُنْزِلَ عَلَيْهِ الذِّكْرُ مِنْ بَيْنِنَا ۚ بَلْ هُمْ فِي شَكٍّ مِنْ ذِكْرِي ۖ بَلْ لَمَّا

৮। আ উন্যিলা 'আলাইহিয্ যিক্রু মিম্ বাইনিনা-; বাল্ হুম্ ফী শাককিম্ মিন্ যিক্রী, বাল্ লাম্মা-

(৮) আমাদের (গোত্রের) মধ্য হতে কি তার উপরই কুরআন অবতীর্ণ হয়েছে? প্রকৃত পক্ষে এসব লোকেরা আমার কুরআনের ব্যাপারে, সন্দেহের মধ্যে (রয়েছে) বরং তারা

○ শানে নুযূল (আঃ ১) ঃ হযরতের পিতৃব্য আবু তালেব পীড়িত হলে কুরাইশ সম্প্রদায়ের কতিপয় ব্যক্তি তার নিকটে আসল, রাসূল (স)-ও পদার্পণ করলেন। কুরাইশরা রাসূল (সা)-এর বিরুদ্ধে তার নিকট অভিযোগ করল, আবু তালেব বললেন, আপনি কি চান? রাসূল (স) বললেন, আমি চাই, শুধু একটি বাক্য, তদ্দ্বারা সমগ্র আরব দেশ তাদের বশীভূত হবে। সমস্ত অনারব দেশগুলো জিযিয়া কর দিবে। তিনি বললেন, সে বাক্যটি কি? রাসূল (স) বললেন, لا اله الا الله কুরাইশরা বলতে লাগল, নিন, সমস্ত উপাস্যের অস্তিত্ব লোপ করে এক উপাস্য স্থির করে দিল। بل لما يذوقوا العذاب পর্যন্ত আয়াতগুলো এসম্বন্ধে নাযিল হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪) ঃ মোটকথা, মানুষ হওয়ার কারণে তার নবী হওয়া অসম্ভব। সুতরাং তা দ্বারা যে সমস্ত অলৌকিক কার্য সাধিত হয়, তা মু'জেযা নয়- যাদু। কাজেই সে যা বলছে সমস্তই মিথ্যা। (বঃ কোঃ)

يَذُوقُوا عَذَابِ ﴿٨﴾ أَمْ عِنْدَهُمْ خَزَائِنُ رَحْمَةِ رَبِّكَ الْعَزِيزِ الْوَهَّابِ ﴿٩﴾ أَمْ لَهُم

ইয়াযূক্ব 'আযা-ব্ । ৯ । আম্ 'ইন্দাহুম খাযা—ইনু রাহ্মাতি রাব্বিকাল্ 'আযীযিল্ ওয়াহ্হা-ব্ । ১০ । আম্ লাহুম্
আমার শাস্তি এখন পর্যন্ত উপভোগ করেনি। (৯) তাদের কাছে কি, আপনার প্রতিপালক, যিনি মহা ক্ষমতাশীল দাতা, তাঁর রহমতের ভান্ডার আছে। (১০) অথবা

مُلْكُ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا ۖ فَلْيَرْتَقُوا فِي الْأَسْبَابِ ﴿١٠﴾ جُنْد

মুল্কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্বি ওয়ামা- বাইনাহুমা-, ফাল্ইয়ার্তাকু ফিল্ আস্বা-ব্ । ১১ । জুন্দুম্
আকাশ ও পৃথিবী এবং এ দু'য়ের মধ্যে যা কিছু আছে সবগুলোর মালিকানা কি তাদের? তবে তারা রশি ধরে (আকাশে) উঠে যাক। (১১) (কাফিরদের)

مَا هُنَالِكَ مَهْزُومٌ مِنَ الْأَحْزَابِ ﴿١١﴾ كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوحٍ وَعَادٌ وَفِرْعَوْنُ

মা- হুনা-লিকা মাহ্যূমুম্ মিনাল্ আহ্যা-ব্ । ১২ । কায্যাবাত্ ক্বাব্লাহুম ক্বাওমু নূহিঁও ওয়া 'আ-দুঁও ওয়া ফির'আওনু
বাহিনী সেখানে পরাজিত দলগুলোর মধ্যেই হবে। (১২) তাদের পূর্বেও নূহ, আদ এবং বহু শিবিরের অধিপতি ফিরআউনের সম্প্রদায়গণ মিথ্যাবাদী

ذُو الْأَوْتَادِ ﴿١٢﴾ وَثَمُودُ وَقَوْمُ لُوطٍ وَأَصْحٰبُ لْـَٔيْكَةِ ۚ أُولٰٓئِكَ الْأَحْزَابُ ۝

যুল্ আওতা-দ । ১৩ । ওয়া ছামূদু ওয়া ক্বাওমু লূত্বিঁও ওয়া আস্হা-বুল্ আইকাতি ; উলা—ইকাল্ আহ্যা-ব্ ।
বলেছিল রাসূলগণকে। (১৩) এবং সামূদ ও লূত সম্প্রদায়গণ এবং আয়কা অধিবাসী তারাও ছিল বড় বড় দল।

إِنْ كُلٌّ إِلَّا كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ عِقَابِ ﴿١٤﴾ وَمَا يَنْظُرُ هٰٓؤُلَاءِ إِلَّا صَيْحَةً ﴿١٣﴾ ع ১ ১০ রুকূ

১৪ । ইন্ কুল্লুন্ ইল্লা- কায্যাবার্ রুসুলা ফাহ্বাক্বা 'ইক্বা-ব্ । ১৫ । ওয়ামা- ইয়ান্জুরু হা~উলা—ই ইল্লা- স্বাইহাতাও
(১৪) তারা সবাই রাসূলগণকে মিথ্যাবাদী বলেছিল। ফলে (তাদের প্রতি) আমার শাস্তি সত্য পরিণত হয়েছিল। (১৫) তারা তো শুধু একটি আওয়াজের অপেক্ষায় আছে,

وَاحِدَةً مَا لَهَا مِنْ فَوَاقٍ ﴿١٥﴾ وَقَالُوا رَبَّنَا عَجِّلْ لَنَا قِطَّنَا قَبْلَ يَوْمِ الْحِسَابِ ۝

ওয়া-হ্বিদাতাম্ মা-লাহা- মিন্ ফাওয়া-ক্ব । ১৬ । ওয়া ক্বা-লূ রাব্বানা- 'আজ্জিল্ লানা- ক্বিত্ত্বানা- ক্বাব্লা ইয়াওমিল্ হ্বিসা-ব ।
যাতে কোন বিরতি হবে না। (১৬) এবং তারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদের (কর্ম অনুযায়ী) আমাদের অংশ হিসাব দিবস (কিয়ামত) এর পূর্বেই শীঘ্র দিয়ে দাও।

﴿١٦﴾ اِصْبِرْ عَلٰى مَا يَقُولُونَ وَاذْكُرْ عَبْدَنَا دَاوُدَ ذَا الْأَيْدِ ۚ إِنَّهُ أَوَّابٌ ﴿١٧﴾ إِنَّا

১৭ । ইস্বিবর্ 'আলা-মা- ইয়াক্বূলূনা ওয়ায্কুর 'আব্দানা- দা-উদা যাল্ আইদি, ইন্নাহূ~আওয়্যা-ব্ । ১৮ । ইন্না-
(১৭) (হে নবী!) আপনি তাদের কথায় ধৈর্যধারণ করুন এবং আমার বান্দা দাউদের (কথা) স্মরণ করুন, সে খুবই শক্তিশালী ছিল। নিশ্চয়ই সে (দাউদ) ছিল (অল্লাহর দিকে) প্রত্যাবর্তনকারী। (১৮) আমি

سَخَّرْنَا الْجِبَالَ مَعَهُ يُسَبِّحْنَ بِالْعَشِيِّ وَالْإِشْرَاقِ ﴿١٨﴾ وَالطَّيْرَ مَحْشُورَةً ۖ

সাখ্খারনাল্ জ্বিবা-লা মা'আহূ ইউসাব্বিহ্না বিল্'আশিয়্যি ওয়াল্ ইশ্রা-ক্ব ১৯ । ওয়াত্ব ত্বাইরা মাহ্শূরাতান্ ;
অনুগত করে রেখেছিলাম পাহাড়সমূহকে যে, তার সাথে সকাল ও সন্ধ্যায় তাসবীহ পাঠ করত (১৯) এবং পাখীগুলোকেও (তার কাছে) একত্রিত করে দিয়েছিলাম,

○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ ......فليرتقوا - অর্থাৎ রশির মাধ্যমে আকাশে উঠ এবং সেখান থেকে রাসূলুল্লাহর (স) প্রতি ওহী আসার পথ বন্ধ করে দাও। যদি তা সম্ভব না হয়, তবে অযথা কেন কুরআনের বিরোধিতা করছ? (তাঃ ওসমানী) ○ বিশ্লেষণ (আঃ ১১) ঃ ......جند ما هنالك - আল্লাহর পক্ষ থেকে রাসূলুল্লাহকে (সা) সাহায্য এবং কাফিরদের পরাজিত করার ওয়াদা। هنالك দ্বারা বদরের যুদ্ধের প্রতি ইংগিত করা হয়েছে। (কুঃ কারীম)
○ বিশ্লেষণ (আঃ ১৩) ঃ اصحب لئيكة -আইকাবাসী অর্থাৎ হযরত শোয়াবের (আ) সম্প্রদায় ও মাদায়েন জনপদের অধিবাসীগণ।

كُلٌّ لَهُ أَوَّابٌ ﴿١٩﴾ وَشَدَدْنَا مُلْكَهُ وَآتَيْنٰهُ الْحِكْمَةَ وَفَصْلَ الْخِطَابِ ۝

কুল্লুল্ লাহূ~আওয়্যা-ব্ । ২০ । ওয়া শাদাদ্না- মুল্কাহূ ওয়া আ-তাইনা-হুল্ হিক্মাতা ওয়া ফাস্বলাল্ খিত্বা-ব্ ।
সবগুলো তার অনুগত ছিল। (২০) আর আমি মজবুত করে দিয়েছিলাম তার রাজত্ব, এবং তাকে হিকমত এবং শুদ্ধ মীমাংসা করার যোগ্যতা। প্রদান করেছিলাম

﴿٢٠﴾ وَهَلْ أَتٰىكَ نَبَؤُا الْخَصْمِ ۘ إِذْ تَسَوَّرُوا الْمِحْرَابَ ﴿٢١﴾ إِذْ دَخَلُوا عَلٰى دَاوُدَ

২১ । ওয়া হাল্ আতা-কা নাবাউল্ খাস্বমি । ইয্ তাসাওয়ারুল্ মিহ্বরা-ব্ । ২২ । ইয্ দাখালূ 'আলা- দা-উদা
(২১) আপনার কাছে কি সে সব বিবাদকারীদের খবর এসে পৌঁছেছে? যখন তারা ইবাদতখানার প্রাচীর লাফিয়ে আসল, (২২) আর যখন তারা দাউদের কাছে প্রবেশ করল,

فَفَزِعَ مِنْهُمْ قَالُوا لَا تَخَفْ ۚ خَصْمٰنِ بَغٰى بَعْضُنَا عَلٰى بَعْضٍ فَاحْكُمْ بَيْنَنَا

ফাফাযি'আ মিন্হুম্ ক্বা-লূ লা-তাখাফ্, খাস্বমা-নি বাগা- বা'দ্বুনা- 'আলা- 'বাদ্বিন্ ফাহ্কুম্ বাইনানা-
তখন সে ঘাবড়ে গেলেন, তারা বলল, ভয় পাবেন না, আমরা দু'দল বিবাদকারী। আমরা একে অন্যের প্রতি জুলুম করেছি। এখন আমাদের মাঝে সঠিকভাবে ফয়সালা করে দিন।

بِالْحَقِّ وَلَا تُشْطِطْ وَاهْدِنَا إِلٰى سَوَاءِ الصِّرَاطِ ﴿٢٢﴾ إِنَّ هٰذَا أَخِي ۖ لَهُ تِسْعٌ

বিল্হ্বাক্বক্বি ওয়ালা- তুশ্ত্বিত্ব ওয়াহ্দিনা ~ইলা- সাওয়া—ইস্ব স্বিরা-ত্ব । ২৩ । ইন্না হা-যা ~আখী, লাহূ তিস্'উঁও
ফয়সালার মধ্যে অন্যায় করবেন না এবং আমাদেরকে সঠিক পথ প্রদর্শন করুন। (২৩) (তারা একজন বলল) এ আমার (দ্বিনি) ভাই। তার কাছে নিরানব্বইটি

وَتِسْعُونَ نَعْجَةً وَلِيَ نَعْجَةٌ وَاحِدَةٌ ۖ فَقَالَ أَكْفِلْنِيهَا وَعَزَّنِي فِي الْخِطَابِ ۝

ওয়া তিস্'উনা 'নাজ্বাতাও ওয়া লিয়া 'নাজ্বাতুঁও ওয়া-হ্বিদাতুন্, ফাক্বা-লা আক্ফিল্নীহা- ওয়া 'আয্যানী ফিল্ খিত্বা-ব্ ।
দুম্বা আছে, এবং আমার কাছে (মাত্র) একটি দুম্বা আছে। সে আমাকে বলে যে, এটিকেও আমার দায়িত্বে দাও এবং সে কথাবার্তায়ও আমার উপর প্রভাব খাটাচ্ছে।

﴿٢٣﴾ قَالَ لَقَدْ ظَلَمَكَ بِسُؤَالِ نَعْجَتِكَ إِلٰى نِعَاجِهِ ۖ وَإِنَّ كَثِيرًا مِنَ الْخُلَطَاءِ

২৪ । ক্বা-লা লাক্বাদ্ জালামাকা বিসুআ-লি 'নাজ্বাতিকা ইলা- নি'আ-জ্বিহী ; ওয়া ইন্না কাছীরাম্ মিনাল্ খুলাত্বা—ই
(২৪) দাউদ বলল, তার দুম্বাগুলোর সাথে মিলানোর জন্য তোমার (একটি মাত্র) দুম্বা চেয়ে নিশ্চয়ই সে, তোমার প্রতি জুলুম করেছে। এবং অধিকাংশ শরীকদার

لَيَبْغِي بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَقَلِيلٌ

লাইয়াব্গী বা'দ্বুহুম 'আলা- বা'দ্বিন্ ইল্লাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি ওয়া ক্বালীলুম্
একে অন্যের প্রতি জুলুম করে থাকে, শুধু তারা ব্যতীত যারা ঈমান আনে এবং নেক কাজ করে এবং এ ধরনের লোক সংখ্যায় খুবই কম। দাউদ বুঝতে পারল যে,

সিজদাহ্

مَا هُمْ ۗ وَظَنَّ دَاوُدُ أَنَّمَا فَتَنّٰهُ فَاسْتَغْفَرَ رَبَّهُ وَخَرَّ رَاكِعًا وَأَنَابَ ﴿٢٤﴾ فَغَفَرْنَا

মা-হুম ; ওয়া জান্না দা-উদু আন্নামা- ফাতান্না-হু ফাস্তাগ্ফারা রাব্বাহূ ওয়া খার্রা রা-কি'আওঁ ওয়া আনা-ব্ । ২৫ । ফাগাফারনা-
আমি তাকে পরীক্ষা করেছি। অতঃপর সে তার প্রতিপালকের কাছে মার্জনা প্রার্থনা করল এবং সিজদায় মাথা নত করল এবং আমার দিকে প্রত্যাবর্তন করল। (২৫) আমি তার

لَهُ ذٰلِكَ ۖ وَإِنَّ لَهُ عِنْدَنَا لَزُلْفٰى وَحُسْنَ مَاٰبٍ ﴿٢٥﴾ يٰدَاوُدُ إِنَّا جَعَلْنٰكَ

লাহূ যা-লিকা ; ওয়া ইন্না লাহূ 'ইন্দানা- লাযুল্ফা- ওয়া হুস্না মাআ-ব্ । ২৬ । ইয়া-দা-উদু ইন্না- জ্বা'আল্না-কা
অপরাধ মার্জনা করে দিলাম। নিশ্চয়ই তার জন্য রয়েছে আমার নিকট মর্যাদা এবং উত্তম ঠিকানা। (২৬) হে দাউদ! আমি আপনাকে পৃথিবীতে

ওয়াক্বফে লাযেম ১

সিজদাহ্ ঃ ১০

خَلِيفَةً فِي الْأَرْضِ فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَوَىٰ فَيُضِلَّكَ

খালীফাতান্ ফিল্‌আরদ্বি ফাহ্‌কুম্ বাইনান্ না-সি বিল্‌হাক্কি ওয়ালা- তাত্তাবি'ইল্ হাওয়া- ফা ইউদ্বিল্লাকা
খলীফা বানিয়েছি, আপনি মানুষের মাঝে ন্যায় ভাবে ফয়সালা করুন এবং নিজ প্রবৃত্তির অনুসরণ করবেন না, কারণ, সে (অনুসরণ)

عَنْ سَبِيلِ اللَّهِ ۚ إِنَّ الَّذِينَ يَضِلُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ لَهُمْ عَذَابٌ شَدِيدٌ

'আন্ সাবীলিল লা-হি ; ইন্নাল্‌লাযীনা ইয়াদ্বিল্‌লূনা 'আন্ সাবীলিল্লা-হি লাহুম্ 'আযা-বুন্ শাদীদুম্
আপনাকে আল্লাহর পথ হতে বিভ্রান্ত করবে। যারা আল্লাহর পথ হতে বিভ্রান্ত হয়, তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। এজন্য যে,

بِمَا نَسُوا يَوْمَ الْحِسَابِ ﴿٢٦﴾ وَمَا خَلَقْنَا السَّمَاءَ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا بَاطِلًا ۚ

বিমা- নাসূ ইয়াওমাল্ হ্বিসা-ব্। ২৭। ওয়ামা- খালাক্বনাস্ সামা—আ ওয়াল্ আরদ্বা ওয়ামা- বাইনাহুমা- বা-ত্বিলান ;
তারা হিসাব দিবসকে ভুলে রয়েছে। (২৭) আমি আকাশ, পৃথিবী এবং তার মধ্যস্থ সৃষ্টিগুলোকে অকারণে সৃষ্টি করিনি; (কিন্তু)

ذَٰلِكَ ظَنُّ الَّذِينَ كَفَرُوا ۚ فَوَيْلٌ لِلَّذِينَ كَفَرُوا مِنَ النَّارِ ﴿٢٧﴾ أَمْ نَجْعَلُ الَّذِينَ

যা-লিকা জানুনুল্ লাযীনা কাফারূ, ফাওয়াইলুল্ লিল্লাযীনা কাফারূ মিনান্ না-র্। ২৮। আম্ নাজ্'আলুল্লাযীনা
কাফিরদের এরূপ ধারণা আছে, সুতরাং কাফিরদের জন্য জাহান্নামের কঠিন শাস্তি। (২৮) যারা ঈমান আনে

آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ كَالْمُفْسِدِينَ فِي الْأَرْضِ أَمْ نَجْعَلُ الْمُتَّقِينَ

আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি কালমুফসিদীনা ফিল্ আরদ্বি, আম্ নাজ্'আলুল্ মুত্তাক্বীনা
ও নেক কাজ করে, আমি তাদেরকে পৃথিবীতে অশান্তি সৃষ্টিকারীদের সমান করব? অথবা পরহেজগারগণকে পাপীদের মত সমান

كَالْفُجَّارِ ﴿٢٨﴾ كِتَابٌ أَنْزَلْنَاهُ إِلَيْكَ مُبَارَكٌ لِيَدَّبَّرُوا آيَاتِهِ وَلِيَتَذَكَّرَ أُولُو الْأَلْبَابِ

কালফুজ্জা-র্। ২৯। কিতা-বুন্ আন্‌যাল্‌না-হু ইলাইকা মুবা-রাকুল্ লিইয়াদ্দাব্বারূ~আ-য়া-তিহী ওয়া লিইয়াতাযাক্কারা উলুল্ আল্‌বা-ব্।
করব? (২৯) এ (কুরআন) কিতাব যা আমি নাযিল করেছি আপনার প্রতি বরকতময় হিসেবে, যাতে লোক এর আয়াতের উপর গবেষণা করে এবং জ্ঞানীগণ উপদেশ গ্রহণ করে।

﴿٢٩﴾ وَوَهَبْنَا لِدَاوُودَ سُلَيْمَانَ ۚ نِعْمَ الْعَبْدُ ۖ إِنَّهُ أَوَّابٌ ﴿٣٠﴾ إِذْ عُرِضَ عَلَيْهِ بِالْعَشِيِّ

৩০। ওয়া ওয়াহাবনা- লিদা-উদা সুলাইমা-না ; নি'মাল্ 'আবদু ; ইন্নাহূ~আওয়্যা-ব্। ৩১। ইয্ 'উরিদ্বা 'আলাইহি বিল্ 'আশিয়্যিস্ব
(৩০) আমি দাউদকে দান করলাম সুলায়মান। তিনি খুবই উত্তম বান্দা ছিলেন এবং সে ছিলেন প্রত্যাবর্তনকারী। (৩১) যখন বিকেল বেলা তার সামনে, দ্রুতগামী

الصَّافِنَاتُ الْجِيَادُ ﴿٣١﴾ فَقَالَ إِنِّي أَحْبَبْتُ حُبَّ الْخَيْرِ عَنْ ذِكْرِ رَبِّي حَتَّىٰ تَوَارَتْ

স্বা-ফিনা-তুল্ জ্বিয়া-দ্। ৩২। ফাক্বা-লা ইন্নী~আহ্ববাব্‌তু হুব্বাল্ খাইরি 'আন্ যিক্‌রি রাব্বী, হ্বাত্তা- তাওয়া-রাত্
উত্তম বৈশিষ্ট্যের ঘোড়াগুলো আনা হয়েছিল, (৩২) তখন সে বলল, আমি সম্পদের ভালবাসাকে আমার প্রতিপালকের স্মরণের চেয়েও অধিক প্রাধান্য দিয়েছি, এমনকি সূর্য

০ বিশ্লেষণ (আঃ ৩২) ঃ انى احببت - হযরত সোলায়মান (আ) জেহাদের উদ্দেশ্যে অনেকগুলো ঘোড়া পালতেন। যেগুলো দেখতে খুবই সুন্দর ছিল এবং খুবই তেজস্বী ছিল। একদিন সেগুলো তাঁর সামনে উপস্থিত করা হল। তিনি ঘোড়াগুলো দেখতে দেখতে অনেক সময় কাটিয়ে দিলেন, যাতে তিনি আসরের নির্ধারিত ওজীফা আদায় করতে পারেন নি। এ প্রেক্ষিতে তিনি একথা বলেছেন। (তাঃ ওসমানী)

بِالْحِجَابِ ﴿٣٢﴾ رُدُّوهَا عَلَيَّ ۖ فَطَفِقَ مَسْحًا بِالسُّوقِ وَالْأَعْنَاقِ ﴿٣٣﴾ وَلَقَدْ فَتَنَّا

বিল্‌হ্বিজ্বা-ব্। ৩৩। রুদ্দূহা- 'আলাইয়্যা ; ফাত্বাফিক্বা মাস্‌হ্বাম্ বিস্‌সূক্বি ওয়াল্ আ'না-ক্ব। ৩৪। ওয়া লাক্বাদ্ ফাতান্না-
ডুবে গেল। (৩৩) (ঘোড়াগুলোকে) দ্বিতীয়বার আমার সামনে আন। অতঃপর তলোয়ার দ্বারা ঘোড়াগুলোর পা এবং গর্দান কর্তন করলেন। (৩৪) আমি সুলায়মানকে পরীক্ষা

سُلَيْمَانَ وَأَلْقَيْنَا عَلَىٰ كُرْسِيِّهِ جَسَدًا ثُمَّ أَنَابَ ﴿٣٤﴾ قَالَ رَبِّ اغْفِرْ لِي وَهَبْ لِي

সুলাইমা-না ওয়া আল্‌ক্বাইনা- 'আলা- কুর্‌সিয়্যিহী জ্বাসাদান্ ছুম্মা আনা-ব্। ৩৫। ক্বা-লা রাব্বিগ্ ফির্‌লী ওয়া হাব্‌লী
করলাম এবং আমি রেখেছিলাম, তার সিংহাসনের উপর একটি (আত্মাহীন) দেহ। অতঃপর সুলায়মান আমার দিকে মুখ করলেন। (৩৫) তিনি বললেন, হে আমার প্রতিপালক,

مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي ۖ إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ ﴿٣٥﴾ فَسَخَّرْنَا لَهُ الرِّيحَ

মুল্‌কাল্ লা- ইয়াম্‌বাগী লিআহ্বাদিম্ মিম্ 'বাদী, ইন্নাকা আন্‌তাল্ ওয়াহ্‌হা-ব্। ৩৬। ফাসাখ্‌খার্‌না- লাহুর্ রীহ্বা-
আমাকে মার্জনা করুন এবং আমাকে দান করুন, এমন রাজত্ব, যেন আমি ছাড়া অন্য আর কেউ না পায়। নিশ্চয়ই আপনি মহান দাতা। (৩৬) আমি বায়ুকে তার অনুগত করে

تَجْرِي بِأَمْرِهِ رُخَاءً حَيْثُ أَصَابَ ﴿٣٦﴾ وَالشَّيَاطِينَ كُلَّ بَنَّاءٍ وَغَوَّاصٍ

তাজ্বরী বিআম্‌রিহী রুখা—আন্ হাইছু আস্বা-ব্। ৩৭। ওয়াশ্ শায়া-ত্বীনা কুল্লা বান্না—ইও ওয়া গাওয়্যা-স্ব।
দিলাম। সে (বায়ু) তার নির্দেশে যেখানে তিনি চাইতেন ধীর গতিতে প্রবাহিত হয়ে পৌঁছিয়ে দিতেন। (৩৭) এবং বড় বড় প্রসাদ নির্মাণকারী ও ডুবুরী প্রত্যেক জ্বীনদেরকেও

﴿٣٧﴾ وَآخَرِينَ مُقَرَّنِينَ فِي الْأَصْفَادِ ﴿٣٨﴾ هَٰذَا عَطَاؤُنَا فَامْنُنْ أَوْ أَمْسِكْ بِغَيْرِ

৩৮। ওয়া আ-খারীনা মুক্বার্‌রানীনা ফিল্ আস্বফা-দ। ৩৯। হা-যা- 'আত্বা—উনা- ফাম্‌নুন্ আও আম্‌সিক্ বিগাইরি
(৩৮) এবং অন্যান্য (জ্বীন) দেরকেও যারা শৃংখলাবদ্ধ। (৩৯) এগুলো আমার দান, এখন আপনি এটা দানও করতে পারেন। বা (দান থেকে) বিরতও থাকতে পারেন। এজন্য

৩ ৪ ১২ রুকূ

حِسَابٍ ﴿٣٩﴾ وَإِنَّ لَهُ عِنْدَنَا لَزُلْفَىٰ وَحُسْنَ مَآبٍ ﴿٤٠﴾ وَاذْكُرْ عَبْدَنَا أَيُّوبَ

হ্বিসা-ব। ৪০। ওয়া ইন্না লাহূ 'ইন্‌দানা- লাযুল্‌ফা- ওয়াহ্বুস্‌না মাআ-ব্। ৪১। ওয়ায্‌কুর্ 'আব্‌দানা~আইয়্যূবা।
আপনার কোন হিসাব নেই। (৪০) আমার কাছে রয়েছে তার জন্য বিরাট সম্মান এবং উত্তম ঠিকানা। (৪১) স্মরণ করুন! আমার বান্দা আয়ুবকে, যখন সে তার

ওয়াক্বফে লাযেম

إِذْ نَادَىٰ رَبَّهُ أَنِّي مَسَّنِيَ الشَّيْطَانُ بِنُصْبٍ وَعَذَابٍ ﴿٤١﴾ ارْكُضْ بِرِجْلِكَ ۖ

ইয্ না-দা- রাব্বাহূ~আন্নী মাস্‌সানিয়াশ্ শাইত্বা-নু বিনুস্ববিও ওয়া 'আযা-ব। ৪২। উর্‌কুদ্ব বিরিজ্বলিকা,
প্রতিপালককে ডেকে বললেন যে, "আমাকে শয়তান কষ্ট ও দুঃখ পৌঁছায়েছে"। (৪২) (আয়ুবকে বলা হল) আপনার পা (যমীনে) মারুন,

هَٰذَا مُغْتَسَلٌ بَارِدٌ وَشَرَابٌ ﴿٤٢﴾ وَوَهَبْنَا لَهُ أَهْلَهُ وَمِثْلَهُمْ مَعَهُمْ رَحْمَةً مِنَّا

হা-যা- মুগ্‌তাসালুম্ বা-রিদুও ওয়া শারা-ব্। ৪৩। ওয়া ওয়াহাব্‌না- লাহূ~আহ্‌লাহূ ওয়া মিছ্‌লাহুম্ মা'আহুম রাহ্বমাতাম্ মিন্না-
এটাই গোসলের শীতল জায়গা এবং পানীয়। (৪৩) এবং আমি তাকে দান করলাম তার পরিবার-পরিজন এবং অনরূপ আরও তার সাথে আমার পক্ষ থেকে (বিশেষ) অনুগ্রহস্বরূপ,

০ বিশ্লেষণ (আঃ ৩৪) ঃ ....ولقد فتنا - হাদীস শরীফে বর্ণিত, হযরত সুলায়মান (আ) একবার এ শপথ করলেন যে, আজ রাতে আমি আমার সব স্ত্রীদের সাথে সহবাস করব (যারা সংখ্যায় ছিল সত্তর অথবা নব্বই)। ফলে প্রত্যেক স্ত্রী একটি সন্তান প্রসব করবে এবং যারা আল্লাহর রাস্তায় যুদ্ধ করবে। কিন্তু ইনশাআল্লাহ বলেন নি। ফলে শুধু মাত্র একজন স্ত্রী ছাড়া অন্য আর কেউই গর্ভ ধারণ করেনি এবং গর্ভবতী স্ত্রীও একটি অসম্পূর্ণ সন্তান প্রসব করেছে। কতক তাফসীরবিদ বলেন, সে অসম্পূর্ণ সন্তানটি ধাত্রী তাঁর সিংহাসনের উপর রেখেদিল যে, এ তোমার শপথের ফল। কুরআন মাজীদে এটিকেই جسد (আত্মাহীন দেহ) বলা হয়েছে। সোলায়মান (আ) তা দেখে লজ্জিত হয়ে আল্লাহর কাছে তওবা করেন এবং ইনশাআল্লাহ না বলার জন্য ক্ষমা চান। রাসূল (স) বলেন, যদি সোলায়মান (আ) 'ইনশাআল্লাহ' বলতেন, তবে তিনি যা কামনা করেছিলেন, আল্লাহ তা-ই দিতেন। (তাঃ ওসমানী)

وَذِكْرٰى لِاُولِى الْاَلْبَابِ ﴿٤٣﴾ وَخُذْ بِيَدِكَ ضِغْثًا فَاضْرِبْ بِّهٖ وَلَا تَحْنَثْ ط

ওয়া যিক্‌রা- লিউলিল্ আল্‌বা-ব্। ৪৪। ওয়া খুয্ বিয়াদিকা দ্বিগ্‌ছান্ ফাদ্বরিব্ বিহী ওয়ালা- তাহ্‌নাছ ;
এবং জ্ঞানীদের জন্য উপদেশস্বরূপ। (৪৪) (তাকে বললাম) আপনি আপনার হাতে এক মুঠো তৃণের আঁটি লন। অতঃপর তার দ্বারা আপনার স্ত্রীকে মারুন এবং শপথ ভঙ্গ করবেন না।

اِنَّا وَجَدْنٰهُ صَابِرًا ط نِعْمَ الْعَبْدُ ط اِنَّهٗٓ اَوَّابٌ ﴿٤٤﴾ وَاذْكُرْ عِبٰدَنَآ اِبْرٰهِيْمَ وَ

ইন্না- ওয়াজ্বাদ্‌না-হু স্বা-বিরান্ ; 'নিমাল্ 'আব্‌দু ; ইন্নাহূ~আওয়্যা-ব্। ৪৫। ওয়ায্‌কুর্ 'ইবা-দানা~ইব্‌রা-হীমা ওয়া
নিশ্চয়ই আমি তাকে পেয়েছি ধৈর্য্যশীল। তিনি বড়ই নেক বান্দা, নিশ্চয়ই তিনি ছিল প্রত্যাবর্তনকারী। (৪৫) স্মরণ করুন! আমার বান্দা ইবরাহীম,

اِسْحٰقَ وَيَعْقُوْبَ اُولِى الْاَيْدِىْ وَالْاَبْصَارِ ﴿٤٥﴾ اِنَّآ اَخْلَصْنٰهُمْ بِخَالِصَةٍ

ইস্‌হা-ক্বা ওয়া ই'য়াকূবা উলিল্ আইদী ওয়াল্ আব্‌স্বা-র। ৪৬। ইন্না~আখলাস্বনা- হুম্ বিখা-লিস্বাতিন্
ইসহাক এবং ইয়াকুবের কথা, তারা ছিল শক্তিশালী এবং দূরদৃষ্টি সম্পন্ন। (৪৬) আমি তাঁদেরকে একটি বিশেষ গুণ দ্বারা বিশুদ্ধ করেছিলাম,

ذِكْرَى الدَّارِ ﴿٤٦﴾ وَاِنَّهُمْ عِنْدَنَا لَمِنَ الْمُصْطَفَيْنَ الْاَخْيَارِ ﴿٤٧﴾ وَاذْكُرْ اِسْمٰعِيْلَ

যিক্‌রাদ্ দা-র। ৪৭। ওয়া ইন্নাহুম 'ইন্‌দানা- লামিনাল্ মুস্বত্বাফাইনাল্ আখ্‌ইয়া-র। ৪৮। ওয়ায্‌কুর্ ইস্‌মা-'ঈলা
সেটা হল আখেরাতের স্মরণ। (৪৭) নিশ্চয়ই তারা ছিল আমার কাছে মনোনীত উত্তম ব্যক্তিদের মধ্যে। (৪৮) আর স্মরণ করুন! ইসমাঈল,

وَالْيَسَعَ وَذَا الْكِفْلِ ط وَكُلٌّ مِّنَ الْاَخْيَارِ ﴿٤٨﴾ هٰذَا ذِكْرٌ ط وَاِنَّ لِلْمُتَّقِيْنَ لَحُسْنَ

ওয়াল্ ইয়াসা'আ ওয়া যাল্ কিফ্‌লি ; ওয়া কুল্লুম্ মিনাল্ আখ্‌ইয়া-র। ৪৯। হা-যা- যিক্‌রুন; ওয়া ইন্না লিল্‌মুত্তাক্বীনা লাহুস্‌না
ইয়াসা'আ এবং যুল কিফলের কথা। এরা প্রত্যেকেই ছিল সবচেয়ে ভাল। (৪৯) এ (খবর) গুলো হচ্ছে উপদেশ; নিশ্চয়ই পরহেজগারদের জন্য রয়েছে উত্তম

مَاٰبٍ ﴿٤٩﴾ جَنّٰتِ عَدْنٍ مُّفَتَّحَةً لَّهُمُ الْاَبْوَابُ ﴿٥٠﴾ مُتَّكِـِٕيْنَ فِيْهَا يَدْعُوْنَ فِيْهَا

মাআ-ব। ৫০। জ্বান্না-তি 'আদনিম্ মুফাত্তাহ্বাতাল্ লাহুমুল্ আব্‌ওয়া-ব্। ৫১। মুত্তাকিঈনা ফীহা- ইয়াদ্'উনা ফীহা-
ঠিকানা। (৫০) স্থায়ী জান্নাত, যার দ্বারসমূহ তাদের জন্য থাকবে উন্মুক্ত। (৫১) যেখানে তারা (আরামের সাথে) হেলান দিয়ে, বিভিন্ন ধরনের ফলমূল

بِفَاكِهَةٍ كَثِيْرَةٍ وَّشَرَابٍ ﴿٥١﴾ وَعِنْدَهُمْ قٰصِرٰتُ الطَّرْفِ اَتْرَابٌ ﴿٥٢﴾ هٰذَا مَا تُوْعَدُوْنَ

বিফা-কিহাতিন্ কাছ্বীরাতিওঁ ওয়া শারা-ব্। ৫২। ওয়া 'ইন্‌দাহুম ক্বা-স্বিরা-তুত্ব ত্বার্‌ফি আত্‌রা-ব্। ৫৩। হা-যা- মা-তূ'আদূনা
এবং পানীয় বস্তু চাইবেন। (৫২) এবং তাদের কাছে থাকবে, দৃষ্টি অবণতকারী সমবয়সী হুরগণ। (৫৩) এগুলো হল (সে জিনিস), যার প্রতিশ্রুতি করা

لِيَوْمِ الْحِسَابِ ﴿٥٣﴾ اِنَّ هٰذَا لَرِزْقُنَا مَا لَهٗ مِنْ نَّفَادٍ ﴿٥٤﴾ هٰذَا ط وَاِنَّ لِلطّٰغِيْنَ لَشَرَّ

লা-হি ওয়া ইন্ কুন্তু লামিনাস্ সা-খিরীন। ৫৭। আও তাক্বূলা লাও আন্নাল্লা-হা হাদা-নী লাকুন্তু

বরং আমিতো (আল্লাহ্র দ্বীনের ব্যাপারে) উপহাসকারীদের অন্তর্ভুক্ত ছিলাম। (৫৭) অথবা বলবে, যদি আল্লাহ্ আমাকে সঠিক পথ প্রদর্শন করতেন, তবে আমিও

مِنَ الْمُتَّقِيْنَ ۝٥٧ اَوْ تَقُوْلَ حِيْنَ تَرَى الْعَذَابَ لَوْ اَنَّ لِيْ كَرَّةً فَاَكُوْنَ مِنَ

মিনাল্ মুত্তাক্বীন। ৫৮। আও তাক্বূলা হ্বীনা তারাল্ 'আযা-বা লাও আন্না লী কার্রাতান্ ফাআকূনা মিনাল্

আল্লাহ্-ভীরুদের অন্তর্ভুক্ত হতাম। (৫৮) অথবা শাস্তি দেখে বলবে, হায়! যদি আমাদের পুনরায় পৃথিবীতে পাঠান হত, তবে আমি পুণ্যবানদের

الْمُحْسِنِيْنَ ۝٥٨ بَلٰى قَدْ جَاۗءَتْكَ اٰيٰتِيْ فَكَذَّبْتَ بِهَا وَاسْتَكْبَرْتَ وَكُنْتَ

মুহ্সিনীন। ৫৯। বালা- ক্বাদ্ জ্বা—আত্কা আ-য়া-তী ফাকায্যাব্তা বিহা- ওয়াস্তাক্বারতা ওয়া কুন্তা

অন্তর্ভুক্ত হতাম। (৫৯) হ্যাঁ, অবশ্যই তোমার কাছে আমার নিদর্শন এসেছিল, কিন্তু তুমি তা মিথ্যা বলেছিলেও বড়াই করেছিলে, ফলে তুমি ছিলে কাফিরদের

مِنَ الْكٰفِرِيْنَ ۝٥٩ وَيَوْمَ الْقِيٰمَةِ تَرَى الَّذِيْنَ كَذَبُوْا عَلَى اللّٰهِ وُجُوْهُهُمْ مُّسْوَدَّةٌ ۭ

মিনাল কা-ফিরীন। ৬০। ওয়া ইয়াওমাল্ ক্বিয়া-মাতি তারাল্ লাযীনা কাযাবূ 'আলাল্লা-হি উজূহুহুম্ মুস্ওয়াদ্দাতুন ;

অন্তর্ভুক্ত। (৬০) যারা আল্লাহ্র উপর মিথ্যা অপবাদ দিয়েছে, আপনি কেয়ামতের দিন দেখবেন, তাদের মুখ কালো হয়ে গেছে।

اَلَيْسَ فِيْ جَهَنَّمَ مَثْوًى لِّلْمُتَكَبِّرِيْنَ ۝٦٠ وَيُنَجِّي اللّٰهُ الَّذِيْنَ اتَّقَوْا

আলাইসা ফী জ্বাহান্নামা মাছ্ওয়াল্ লিল্মুতাকাব্বিরীন। ৬১। ওয়া ইউনাজ্জিল্লা-হুল্ লাযীনাত্ তাক্বাও

তবে কি জাহান্নাম ঠিকানা নয় অহঙ্কারীদের জন্য? (৬১) যারা পরহেযগারী অবলম্বন করেছে, আল্লাহ্ তাদেরকে তাদের সাফল্যের সাথে

بِمَفَازَتِهِمْ ۡ لَا يَمَسُّهُمُ السُّوْۗءُ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ۝٦١ اَللّٰهُ خَالِقُ كُلِّ شَيْءٍ ۡ

বিমাফা-যাতিহিম, লা-ইয়ামাস্ সুহুমুস সূ—উ ওয়ালা-হুম্ ইয়াহ্যানূন। ৬২। আল্লা-হু খা-লিক্বু কুল্লি শাইয়িওঁ,

রক্ষা করবেন। তাদের স্পর্শ করবে না কোন দুঃখ-দুর্দশা এবং তারা চিন্তিতও হবে না। (৬২) আল্লাহ্ সব সৃষ্টিরই স্রষ্টা,

وَّهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ وَّكِيْلٌ ۝٦٢ لَهٗ مَقَالِيْدُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَالَّذِيْنَ كَفَرُوْا

ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িওঁ ওয়াকীল ৬৩। লাহূ মাক্বা-লিদুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ; ওয়াল্লাযীনা কাফারূ

তিনি সব কিছুরই ব্যবস্থাপক। (৬৩) আকাশ ও পৃথিবীর (ধন-ভান্ডারের) চাবির মালিক তিনিই। যারা আল্লাহ্র আয়াতসমূহকে

بِاٰيٰتِ اللّٰهِ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٦٤﴾ قُلْ اَفَغَيْرَ اللّٰهِ تَاْمُرُوْٓنِّيْٓ اَعْبُدُ اَيُّهَا ع ৬ ৩ রুকূ

বিআ-য়া-তিল্লা-হি উলা—ইকা হুমুল্ খা-সিরূন । ৬৪ । কুল আফাগাইরাল্লা-হি তা'মুরু—ন্নী~'আবুদু আইয়্যুহাল্

অস্বীকার করে, তারাই হবে ক্ষতিগ্রস্ত। (৬৪) বলুন, (হে নির্বোধেরা!) তোমরা কি আমাকে আল্লাহ ব্যতীত অন্যের ইবাদাত করার জন্য

الْجٰهِلُوْنَ ﴿٦٥﴾ وَلَقَدْ اُوْحِيَ اِلَيْكَ وَاِلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكَ ۚ لَئِنْ اَشْرَكْتَ

জ্বা-হিলূন । ৬৫ । ওয়ালা ক্বাদ্ উহিয়া ইলাইকা ওয়া ইলাল্ লাযীনা মিন্ ক্বাব্লিকা, লাইন্ আশ্রাক্তা

বলছ? (৬৫) নিশ্চয়ই আপনার কাছে এবং আপনার পূর্ববর্তী (নবী) দের কাছেও ওহী প্রেরিত হয়েছে যে, যদি আপনি আল্লাহর সাথে শরীক করেন, তবে অবশ্যই

لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٦٦﴾ بَلِ اللّٰهَ فَاعْبُدْ وَكُنْ مِّنَ الشّٰكِرِيْنَ

লাইয়াহ্বাত্বান্না 'আমালুকা ওয়া লাতাকূনান্না মিনাল্ খা-সিরীন । ৬৬ । বালিল্ লা-হা 'ফাবুদ্ ওয়াকুম মিনাশ্ শা-কিরীন ।

আপনার কর্ম বিফল নষ্ট হয়ে যাবে এবং নিশ্চয়ই আপনি ক্ষতিগ্রস্ত হবেন। (৬৬) বরং আপনি আল্লাহরই ইবাদাত করুন এবং কৃতজ্ঞকারীদের অন্তর্ভুক্ত হন।

﴿٦٧﴾ وَمَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖ ۖ وَالْاَرْضُ جَمِيْعًا قَبْضَتُهٗ يَوْمَ الْقِيٰمَةِ وَالسَّمٰوٰتُ

৬৭। ওয়ামা- ক্বাদারুল্লা-হা হাক্ক্বা ক্বাদ্রিহী, ওয়াল্ আর্দ্বু জ্বামী'আন্ ক্বাব্দ্বাতুহূ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ওয়াস্ সামা-ওয়া-তু

(৬৭) তারা আল্লাহর যথাযথ সম্মান করেনা, কিয়ামতের দিন সমগ্র পৃথিবী তাঁর মুঠোর মধ্যে থাকবে এবং আকাশও তাঁর ডান হাতে গুটানো থাকবে।

مَطْوِيّٰتٌۢ بِيَمِيْنِهٖ ۭ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٨﴾ وَنُفِخَ فِي الصُّوْرِ فَصَعِقَ

মাত্বওয়িয়্যা-তুম্ বিয়ামীনিহি ; সুব্হা-নাহূ ওয়া তা'আ-লা- 'আম্মা- ইউশ্রিকূন । ৬৮ । ওয়া নুফিখা ফিস্ব স্বূরি ফাস্বা'ইক্বা

তিনি (আল্লাহ) পবিত্র এবং সে সব থেকে, উর্ধ্বে যেগুলো তারা (আল্লাহর সাথে) শরীক করে। (৬৮) এবং শিংগায় ফুৎকার দেয়া হবে, ফলে সংজ্ঞাহীন

مَنْ فِي السَّمٰوٰتِ وَمَنْ فِي الْاَرْضِ اِلَّا مَنْ شَآءَ اللّٰهُ ۭ ثُمَّ نُفِخَ فِيْهِ اُخْرٰى

মান্ ফিস্ সামা-ওয়া-তি ওয়া মান্ ফিল্ আরদ্বি ইল্লা-মান শা—আল্লা-হ্ ; ছুম্মা নুফিখা ফীহি উখ্রা-

হয়ে পড়বে আকাশ ও পৃথিবীতে যারা আছে সব, কিন্তু আল্লাহ যাদের ইচ্ছা করেন তাদের ব্যতীত। অতঃপর দ্বিতীয় বার শিংগায় ফুৎকার দেয়া হবে,

فَاِذَا هُمْ قِيَامٌ يَّنْظُرُوْنَ ﴿٦٩﴾ وَاَشْرَقَتِ الْاَرْضُ بِنُوْرِ رَبِّهَا وَوُضِعَ الْكِتٰبُ

ফাইযা-হুম্ ক্বিয়া-মুই ইয়ান্জুরূন । ৬৯ । ওয়া আশ্রাক্বাতিল্ আর্দ্বু বিনূরি রাব্বিহা- ওয়া উদ্বি'আল্ কিতা-বু

ফলে তারা তখন একেবারে দাঁড়িয়ে দেখতে থাকবে। (৬৯) এবং পৃথিবী তার প্রতিপালকের নূরে চমকাতে থাকবে এবং আমলনামা রাখা হবে এবং উপস্থিত

وَجِايْٓءَ بِالنَّبِيّٖنَ وَالشُّهَدَآءِ وَقُضِيَ بَيْنَهُمْ بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٧٠﴾ وَوُفِّيَتْ

ওয়াজ্বী—আ বিন্নাবিয়্যীনা ওয়াশ্শুহাদা—ই ওয়া কুদ্বিয়া বাইনাহুম্ বিল্হাক্ক্বি ওয়াহুম্ লা- ইউজ্লামূন । ৭০ । ওয়া উফ্ফিয়াত্

করা হবে, নবীগণকে ও এবং সাক্ষীগণকে এবং বান্দাদের মধ্যে ন্যায়ের সাথে ফয়সালা করা হবে এবং কারও প্রতি জুলুম করা হবে না। (৭০) এবং প্রত্যেককেই

كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ وَهُوَ اَعْلَمُ بِمَا يَفْعَلُوْنَ ﴿٧١﴾ وَسِيْقَ الَّذِيْنَ كَفَرُوْٓا اِلٰى ع ৭ ৮ রুকূ

কুল্লু নাফ্সিম্ মা- 'আমিলাত্ ওয়া হুওয়া 'আলামু বিমা- ইয়াফ্'আলূন । ৭১ । ওয়াসীক্বাললাযীনা কাফারূ~ইলা-

পুরোপুরি ভাবে দেয়া হবে তাদের কৃত কর্মের প্রতিফল। আল্লাহ জানেন, তারা (বান্দাগণ) যা কিছু করে। (৭১) যারা কাফির তাদেরকে দলে দলে জাহান্নামের দিকে

جَهَنَّمَ زُمَرًا ۭ حَتّٰٓى اِذَا جَاۗءُوْهَا فُتِحَتْ اَبْوَابُهَا وَقَالَ لَهُمْ خَزَنَتُهَآ اَلَمْ

জ্বাহান্নামা যুমারান ; হাত্তা~ইযা- জ্বা—উহা- ফুতিহাত্ আব্ওয়া-বুহা- ওয়া ক্বা-লা লাহুম্ খাযানাতুহা~আলাম্

হাঁকিয়ে নিয়ে যাওয়া হবে। যখন তারা জাহান্নামের কাছে এসে যাবে, তখন জাহান্নামের দরজা খুলে দেয়া হবে এবং জাহান্নামের রক্ষক বলবে, তোমাদের কাছে কি

يَاْتِكُمْ رُسُلٌ مِّنْكُمْ يَتْلُوْنَ عَلَيْكُمْ اٰيٰتِ رَبِّكُمْ وَيُنْذِرُوْنَكُمْ لِقَاۗءَ يَوْمِكُمْ

ইয়া'তিকুম্ রুসুলুম্ মিন্কুম্ ইয়াত্লূনা 'আলাইকুম্ আ-য়া-তি রাব্বিকুম্ ওয়া ইউন্যিরূনাকুম্ লিক্বা—আ ইয়াওমিকুম্

তোমাদের মধ্য হতে কোন রাসূল আসেননি, যারা তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের আয়াতসমূহ পাঠ করতেন এবং তোমাদেরকে আজকের এ দিবসের

هٰذَا ۭ قَالُوْا بَلٰى وَلٰكِنْ حَقَّتْ كَلِمَةُ الْعَذَابِ عَلَى الْكٰفِرِيْنَ ﴿٧٢﴾ قِيْلَ ادْخُلُوْٓا

হা-যা-; ক্বা-লূ বালা- ওয়ালা-কিন্ হাক্ক্বাত কালিমাতুল্ 'আযা-বি 'আলাল্ কা-ফিরীন । ৭২ । ক্বীলাদ্ খুলূ~

সাক্ষাৎ সম্পর্কে সতর্ক করতেন? তারা বলবে, হ্যাঁ এসেছিলেন। কিন্তু শাস্তিরবাণী হুকুম কাফিরদের উপর সাব্যস্ত হয়েছে। (৭২) তাদেরকে বলা হবে,

اَبْوَابَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ۚ فَبِئْسَ مَثْوَى الْمُتَكَبِّرِيْنَ ﴿٧٣﴾ وَسِيْقَ الَّذِيْنَ

আব্ওয়া-বা জ্বাহান্নামা খা-লিদীনা ফী-হা-, ফাবি'সা মাছ্ওয়াল্ মুতাকাব্বিরীন । ৭৩ । ওয়াসীক্বাল্ লাযীনাত্

এখন জাহান্নামের দরজাসমূহে প্রবেশ কর, যেখানে স্থায়ীভাবে থাকবে। কতইনা নিকৃষ্ট ঠিকানা (জাহান্নাম) অহঙ্কারীদের জন্য। (৭৩) আর যারা তাদের

اتَّقَوْا رَبَّهُمْ اِلَى الْجَنَّةِ زُمَرًا ۭ حَتّٰٓى اِذَا جَاۗءُوْهَا وَفُتِحَتْ اَبْوَابُهَا وَقَالَ

তাক্বাও রাব্বাহুম্ ইলাল জ্বান্নাতি যুমারান ; হাত্তা~ইযা-জ্বা—উহা-ওয়া ফুতিহাত্ আব্ওয়া-বুহা- ওয়াক্বা-লা

প্রতিপালককে ভয় করতো, তাদেরকে দলে দলে জান্নাতের দিকে নিয়ে যাওয়া হবে। যখন জান্নাতের কাছে এসে যাবে, তখন জান্নাতের দরজা খুলে দেয়া হবে এবং

لَهُمْ خَزَنَتُهَا سَلٰمٌ عَلَيْكُمْ طِبْتُمْ فَادْخُلُوْهَا خٰلِدِيْنَ ﴿٧٤﴾ وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ

লাহুম্ খাযানাতুহা- সালা-মুন্ 'আলাইকুম্ ত্বিব্তুম্ ফাদখুলূহা খা-লিদীন । ৭৪ । ওয়া ক্বা-লুল্ হাম্দু লিল্লা-হিল্

জান্নাতের রক্ষক, বলবে তোমাদের উপর 'সালাম। তোমরা পবিত্র। সুতরাং জান্নাতে প্রবেশ কর, যেখানে চিরদিন থাকবে। (৭৪) তারা বলবে, সে আল্লাহর সব প্রশংসা,

الَّذِيْ صَدَقَنَا وَعْدَهٗ وَاَوْرَثَنَا الْاَرْضَ نَتَبَوَّاُ مِنَ الْجَنَّةِ حَيْثُ نَشَاۗءُ ۚ

লাযী স্বাদাক্বানা- ও'য়াদাহূ ওয়া আতারাছানাল্ আর্দ্বা নাতাবাওয়্যাউ মিনাল্ জ্বান্নাতি হাইছু নাশা—উ,

যিনি আমাদের সাথে তাঁর প্রতিশ্রুতি পূর্ণ করেছেন এবং আমাদেরকে এ (জান্নাতের) যমীনের উত্তরাধিকারী করেছেন, আমরা জান্নাতের যেখানে ইচ্ছা সেখানে থাকতে পারব।

فَنِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿٧٥﴾ وَتَرَى الْمَلٰۗئِكَةَ حَاۗفِّيْنَ مِنْ حَوْلِ الْعَرْشِ يُسَبِّحُوْنَ

ফা'নিমা আজ্রুল্ 'আ-মিলীন । ৭৫ । ওয়া তারাল্ মালা—ইকাতা হা—ফ্ফীনা মিন্ হাওলিল্ 'আর্শি ইউসাব্বিহূনা

কতইনা উত্তম পুরস্কার সৎকর্মশীলদের জন্য। (৭৫) (হে নবী!) আপনি ফিরিশতাগণকে দেখবেন যে, তারা আরশের চারদিক বেষ্টনী অবস্থায় তাদের প্রতিপালকের প্রশংসাসহ

○ টীকা (আঃ ৭২) ঃ এ আদেশের পর তাদেরকে দোযখে নিক্ষেপ করে দ্বার রুদ্ধ করে দেয়া হবে। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ৭৩) ঃ সৎলোক নানা সম্ভারপূর্ণ বেহেশতের উন্মুক্তদ্বারে উপনীত হলে ফেরেশতাগণ তাদেরকে সাদর সম্ভাষণে অভ্যর্থনা করে বলবে- আপনারা এতে চিরকাল অবস্থান করতে থাকবেন। বেহেশতীগণ আল্লাহ্ তায়ালার গুণ-গরিমা ও অঙ্গীকার পালনের কথা উল্লেখ করে বলবে, আল্লাহ্ তায়ালা আমাদের সাথে যে অঙ্গিকার করেছিলেন তা পূর্ণ করেছেন এবং তিনি আমাদেরকে এই বিশাল বেহেশতের অধিকারী করে দিয়েছেন; আমরা ইচ্ছামত এখানে থাকতে পারব। (মাঃ কোঃ)

بِحَمْدِ رَبِّهِمْ ۚ وَقُضِيَ بَيْنَهُمْ بِالْحَقِّ وَقِيلَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ۝ ع ৮ রুকূ ৫

বিহ্বাম্‌দি রাব্বিহিম, ওয়া ক্বুদ্বিয়া বাইনাহুম্ বিল্‌হাক্বক্বি ওয়াক্বিলাল্ হ্বাম্‌দু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামীন।
তাসবীহ বর্ণনা করছে, আর তাদের মাঝে ইনসাফ ভিত্তিক ফয়সালা করা হবে এবং বলা হবে, সব প্রশংসা সে (মহান) আল্লাহর জন্য, যিনি সারা জাহানের প্রতিপালক।

সূরা মু'মিন মক্কী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি	আয়াত ঃ ৮৫ রুকূ ঃ ৯

حمٓ ۝١ تَنْزِيلُ الْكِتَابِ مِنَ اللَّهِ الْعَزِيزِ الْعَلِيمِ ۝٢ غَافِرِ الذَّنْبِ وَقَابِلِ التَّوْبِ
১। হ্বা-মী—ম্ ২। তান্‌যীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আযীযিল্ 'আলীম। ৩। গাফিরিয্ যাম্‌বি ওয়া ক্বা-বিলিত্ তাওবি
(১) হা-মী-ম, (২) এ কিতাব সে আল্লাহর তরফ থেকে নাযিলকৃত, যিনি মহা প্রভাবশালী, মহা বিজ্ঞ। (৩) যিনি পাপ মার্জনাকারী, তওবা কবুলকারী

شَدِيدِ الْعِقَابِ ذِي الطَّوْلِ ۖ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۖ إِلَيْهِ الْمَصِيرُ ۝٣ مَا يُجَادِلُ فِي
শাদীদিল্ 'ইক্বা-বি, যিত্ত্ব ত্বাওলি ; লা~ইলা-হা ইল্লা- হুওয়া, ইলাইহিল্ মাস্বীর। ৪। মা- ইউজ্বা-দিলু ফী~
কঠিন শাস্তি প্রদানকারী এবং মহা শক্তিমান। তিনি ছাড়া আর কোন মাবুদ নেই। তাঁর দিকেই (সকলের) প্রত্যাবর্তন। (৪) যারা কাফির; তারাই ঝগড়া করে

آيَاتِ اللَّهِ إِلَّا الَّذِينَ كَفَرُوا فَلَا يَغْرُرْكَ تَقَلُّبُهُمْ فِي الْبِلَادِ ۝٤ كَذَّبَتْ قَبْلَهُمْ
আ-য়া-তিল্লা-হি ইল্লাল্ লাযীনা কাফারূ ফালা- ইয়াগ্‌রুর্‌কা তাক্বাল্লুবুহুম্ ফিল্ বিলা-দ। ৫। কায্‌যাবাত্ ক্বাব্‌লাহুম্
আল্লাহর আয়াতসমূহের ব্যাপারে। সুতরাং শহরে তাদের যাতায়াত যেন আপনাকে ধোঁকায় না ফেলে। (৫) তাদের পূর্বে

قَوْمُ نُوحٍ وَالْأَحْزَابُ مِنْ بَعْدِهِمْ ۖ وَهَمَّتْ كُلُّ أُمَّةٍ بِرَسُولِهِمْ لِيَأْخُذُوهُ ۖ
ক্বাওমু নূহিঁও ওয়াল্ আহ্‌যা-বু মিম্ বা'দিহিম, ওয়া হাম্মাত্ কুল্‌লু উম্মাতিম্ বিরাসূলিহিম্ লিইয়া'খুযূহ
নূহের সম্প্রদায় এবং তাদের পরে আরও অনেক দল রাসূলগণকে অবিশ্বাস করেছিল। এবং প্রত্যেক সম্প্রদায়ই ইচ্ছা করেছিল তাদের রাসূলকে পাকড়াও করবে।

وَجَادَلُوا بِالْبَاطِلِ لِيُدْحِضُوا بِهِ الْحَقَّ فَأَخَذْتُهُمْ ۖ فَكَيْفَ كَانَ عِقَابِ ۝
ওয়া জ্বা-দালূ বিল্‌বা-ত্বিলি লিইউদ্‌হ্বিদ্বূ বিহিল্ হ্বাক্বক্বা ফাআখায্‌তুহুম্, ফাকাইফা কা-না 'ইক্বা-ব।
তারা অনর্থক ঝগড়া করেছিল, যাতে এ ঝগড়া দ্বারা সত্যকে মিটিয়ে দিতে পারে, অতঃপর আমি তাদেরকে পাকড়াও করলাম। সুতরাং কেমন ছিল আমার শাস্তি!

۝٥ وَكَذَٰلِكَ حَقَّتْ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِينَ كَفَرُوا أَنَّهُمْ أَصْحَابُ النَّارِ ۝
৬। ওয়া কাযা-লিকা হ্বাক্বক্বাত্ কালিমাতু রাব্বিকা 'আলাল্ লাযীনা কাফারূ~আন্নাহুম্ আস্‌হ্বা-বুন না-র।
(৬) এভাবেই আপনার প্রতিপালকের (শাস্তির) বাণী কাফিরদের উপর অবধারিত হল যে, নিশ্চয়ই তারা জাহান্নামী।

○ টীকা (আঃ ৪) ঃ يجادل অর্থাৎ কোরআন এবং তাওহীদ সত্য প্রমাণিত হওয়ায় সকলেরই উচিত ছিল তাকে বিশ্বাস করা এবং এতে তর্ক-বিতর্ক না করা; কিন্তু তথাপি কাফেররা তাওহীদের বর্ণনাসম্বলিত কোরআন নিয়ে তর্ক-বিতর্ক করে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৪) ঃ فلا يغرك – অর্থাৎ উক্ত অবিশ্বাসের ফলে পৃথিবীতেই তাদেরকে শাস্তি প্রদান করা উচিত ছিল, কিন্তু বিশেষ যুক্তিতে, তাদেরকে স্বাধীনভাবে বিচরণ করতে দেয়াতে আপনি সন্দেহ করবেন না যে, তাদের আর কোন কালেই শাস্তি হবে না। বরং তাদেরকে অবশ্যই পাকড়াও করা হবে। (বঃ কোঃ)
○ টীকা (আঃ ৬) ঃ অর্থাৎ প্রাচীন কালের কাফেররা ইহলোকেও দণ্ডিত হয়েছে, পরলোকেও তাদের শাস্তি হবে। এরূপে বর্তমানে যুগের কাফেরদেরও শাস্তি হবে। তা উভয় কালেও হতে পারে, কিংবা ইহলোকে না হলেও পরলোকে তো হবেই। (বঃ কোঃ)

۝٧ الَّذِينَ يَحْمِلُونَ الْعَرْشَ وَمَنْ حَوْلَهُ يُسَبِّحُونَ بِحَمْدِ رَبِّهِمْ وَيُؤْمِنُونَ بِهِ
৭। আল্লাযীনা ইয়াহ্বমিলূনাল্ 'আর্‌শা ওয়া মান্ হ্বাওলাহূ ইউসাব্বিহূনা বিহ্বাম্‌দি রাব্বিহিম্ ওয়া ইউ'মিনূনা বিহী
(৭) আরশ বহনকারী এবং তার চার পাশে অবস্থানকারী (ফিরিশতা)গণ, তাদের প্রতিপালকের তাসবীহ পাঠ করে তাঁর প্রশংসার সাথে এবং তাঁর প্রতি বিশ্বাস রাখে এবং

وَيَسْتَغْفِرُونَ لِلَّذِينَ آمَنُوا ۖ رَبَّنَا وَسِعْتَ كُلَّ شَيْءٍ رَحْمَةً وَعِلْمًا فَاغْفِرْ لِلَّذِينَ
ওয়া ইয়াস্‌তাগ্‌ফিরূনা লিল্লাযীনা আ-মানূ রাব্বানা- ওয়া'সিতা কুল্লা শাইয়্যির্ রাহ্বমাতাওঁ ওয়া 'ইল্‌মান ফাগ্‌ফির্ লিল্লাযীনা
মুমিনগণের জন্য ক্ষমা প্রার্থনা করে, তারা বলে, হে আমাদের প্রতিপালক! আপনার রহমত ও জ্ঞান দ্বারা সব বেষ্টিত সুতরাং আপনি তাদের ক্ষমা করুন, যারা তওবা

تَابُوا وَاتَّبَعُوا سَبِيلَكَ وَقِهِمْ عَذَابَ الْجَحِيمِ ۝٨ رَبَّنَا وَأَدْخِلْهُمْ جَنَّاتِ
তা-বূ ওয়াত্তাবা'উ সাবীলাকা ওয়াক্বিহিম্ 'আযা-বাল্ জ্বাহ্বীম। ৮। রাব্বানা- ওয়া আদ্‌খিল্‌হুম জ্বান্না-তি
করে এবং আপনার পথের অনুসরণ করে, আপনি তাদেরকে জাহান্নামের শাস্তি হতে বাঁচান। (৮) হে আমাদের প্রতিপালক! আপনি তাদেরকে চিরস্থায়ী জান্নাতে প্রবেশ

عَدْنٍ الَّتِي وَعَدْتَهُمْ وَمَنْ صَلَحَ مِنْ آبَائِهِمْ وَأَزْوَاجِهِمْ وَذُرِّيَّاتِهِمْ ۚ
'আদনি নিল্লাতী ওয়া 'আত্‌তাহুম্ ওয়া মান্ স্বালাহ্ব মিন্ আ-বা—ইহিম্ ওয়া আয্‌ওয়া-জ্বিহিম্ ওয়া যুররিয়্যা-তিহিম্ ;
করান, যার প্রতিশ্রুতি আপনি তাদেরকে দিয়েছেন এবং তাদের পিতা-মাতা, তাদের স্বামী-স্ত্রী এবং তাদের সন্তান-সন্ততির মধ্যে যারা নেক কাজ করেছে তাদেরকেও।

إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ ۝٩ وَقِهِمُ السَّيِّئَاتِ ۚ وَمَنْ تَقِ السَّيِّئَاتِ يَوْمَئِذٍ
ইন্নাকা আন্‌তাল্ 'আযীযুল্ হ্বাকীম। ৯। ওয়া ক্বিহিমুস্ সাইয়্যিআ-তি ; ওয়া মান্ তাক্বিস্ সাইয়্যিআ-তি ইয়াওমায়িযিন্
নিশ্চয়ই আপনি মহা শক্তিশালী, মহাবিজ্ঞ। (৯) আর আপনি তাদেরকে পরকালের শাস্তি হতে বাঁচিয়ে রাখুন এবং যাকে আপনি সে দিন, শাস্তি হতে

১ ع ৬ রুকূ فَقَدْ رَحِمْتَهُ ۚ وَذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ۝١٠ إِنَّ الَّذِينَ كَفَرُوا يُنَادَوْنَ لَمَقْتُ
ফাক্বাদ্ রাহ্বিম্‌তাহ্ ; ওয়া যা-লিকা হুওয়াল্ ফাওযুল্ 'আজীম। ১০। ইন্নাল্লাযীনা কাফারূ ইউনা-দাওনা লামাক্বতুল
বাঁচিয়ে রাখবেন, নিশ্চয়ই আপনি তাকে অনুগ্রহই করবেন, এটাই তার বড় সফলতা। (১০) আর কাফিরদেরকে উচ্চ কণ্ঠে বলা হবে যে, তোমাদের উপর তোমাদের

اللَّهِ أَكْبَرُ مِنْ مَقْتِكُمْ أَنْفُسَكُمْ إِذْ تُدْعَوْنَ إِلَى الْإِيمَانِ فَتَكْفُرُونَ ۝١١ قَالُوا
লা-হি আক্‌বারু মিম্ মাক্বতিকুম্ আন্‌ফুসাকুম্ ইয্ তুদ্'আওনা ইলাল্ ঈমা-নি ফাতাক্‌ফুরূন- ১১। ক্বা-লূ
নিজেদের অবজ্ঞার চেয়ে আল্লাহর অবজ্ঞা অনেক বেশী ছিল। যখন তোমাদেরকে ঈমানের দিকে ডাকা হয়েছিল, তখন তোমরা অস্বীকার করেছিল। (১১) কাফিরেরা বলবে,

رَبَّنَا أَمَتَّنَا اثْنَتَيْنِ وَأَحْيَيْتَنَا اثْنَتَيْنِ فَاعْتَرَفْنَا بِذُنُوبِنَا فَهَلْ إِلَىٰ خُرُوجٍ
রাব্বানা~আমাত্তানাছ্‌ নাতাইনি ওয়া আহ্বয়াইতানাছ্‌ নাতাইনি 'ফাতারাফ্‌না- বিযুনূবিনা ফাহাল্ ইলা- খুরূজ্বিম
হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে দু'বার মৃত্যু ঘটিয়েছে আর দু'বার জীবিত করেছেন। আমরা আমাদের অপরাধ স্বীকার করছি, এখন মুক্তির কোন পথ

مِنْ سَبِيلٍ ۝١٢ ذَٰلِكُمْ بِأَنَّهُ إِذَا دُعِيَ اللَّهُ وَحْدَهُ كَفَرْتُمْ ۖ وَإِنْ يُشْرَكْ بِهِ تُؤْمِنُوا ۚ
মিন্ সাবীল। ১২। যা-লিকুম্ বিআন্নাহূ~ইযা-দু'ইয়াল্লা-হু ওয়াহ্বদাহূ কাফারতুম্, ওয়া ইঁয় ইউশ্‌রাক্ বিহী তু'মিনূ ;
আছে কি? (১২) তোমাদের এ শাস্তি এজন্য যে, যখন শুধু এক আল্লাহর কথা বলা হত, তখন তোমরা তা অস্বীকার করতে। যদি তাঁর সাথে কাউকে শরীক করা হতো,

فَالْحُكْمُ لِلّٰهِ الْعَلِيِّ الْكَبِيْرِ ﴿١٢﴾ هُوَ الَّذِيْ يُرِيْكُمْ اٰيٰتِهٖ وَيُنَزِّلُ لَكُمْ مِّنَ

ফাল্‌হুক্‌মু লিল্লা-হিল্ 'আলিয়্যিল্ কাবীর। ১৩। হুওয়াল্লাযী ইউরীকুম্ আ-য়া-তিহী ওয়া ইউনায্‌যিলু লাকুম্ মিনাস্
তখন তা তোমরা বিশ্বাস করতে; সুতরাং ফয়সালা একমাত্র আল্লাহরই, যিনি সর্বোচ্চ মহান। (১৩) তিনিই তোমাদেরকে তাঁর নিদর্শনসমূহ দেখান এবং তোমাদের জন্য

السَّمَآءِ رِزْقًا ؕ وَمَا يَتَذَكَّرُ اِلَّا مَنْ يُّنِيْبُ ﴿١٣﴾ فَادْعُوا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ

সামা—ই রিয্‌ক্বান ; ওয়ামা- ইয়াতাযাক্কারু ইল্লা- মাই ইউনীব। ১৪। ফাদ্‌'উল্লা-হা মুখ্‌লিস্বীনা লাহুদ্ দীনা
আকাশ থেকে রিযিক প্রেরণ করেন, (এর দ্বারা) কেবলমাত্র উপদেশ গ্রহণ করে সে, যে আল্লাহ-মুখী। (১৪) সুতরাং আল্লাহকে ডাক, একনিষ্ঠার সাথে তাঁর অনুগত

وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ﴿١٤﴾ رَفِيْعُ الدَّرَجٰتِ ذُو الْعَرْشِ ۚ يُلْقِي الرُّوْحَ مِنْ اَمْرِهٖ

ওয়ালাও কারিহাল্ কা-ফিরূন। ১৫। রাফী'উদ্ দারাজা-তি যুল্'আরশি, ইউলক্বির্ রূহা মিন্ আম্‌রিহী
হয়ে। যদিও কাফিরেরা এটা অপছন্দ করে। (১৫) উচ্চ মর্যাদা সম্পন্ন আরশের মালিক (আল্লাহ), তিনি তাঁর বান্দাদের মধ্য হতে যাকে চান তার প্রতি, তাঁর নির্দেশে

عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ لِيُنْذِرَ يَوْمَ التَّلَاقِ ﴿١٥﴾ يَوْمَ هُمْ بٰرِزُوْنَ ۚ لَا يَخْفٰى عَلَى اللّٰهِ

'আলা-মাই ইয়াশা—উ মিন্ 'ইবা-দিহী লিইউন্‌যিরা ইয়াওমাত্ তালা-ক্ব। ১৬। ইয়াওমা হুম্ বা-রিযূনা; লা-ইয়াখ্‌ফা- 'আলাল্লা-হি
ওহী অবতরণ করেন, যাতে সে মিলন দিবস সম্পর্কে সতর্ক করে দিতে পারে (১৬) যেদিন সব মানুষ (কবর থেকে) বের হয়ে দাঁড়াবে, সেদিন তাদের কোন

مِنْهُمْ شَيْءٌ ؕ لِمَنِ الْمُلْكُ الْيَوْمَ ؕ لِلّٰهِ الْوَاحِدِ الْقَهَّارِ ﴿١٦﴾ اَلْيَوْمَ تُجْزٰى كُلُّ

মিন্‌হুম্ শাইউন ; লিমানিল্ মুল্‌কুল্ ইয়াওমা ; লিল্লা-হিল্ ওয়া- হ্বিদিল্ ক্বাহ্‌হা-র। ১৭। আল্ ইয়াওমা তুজ্‌যা- কুল্লু
কিছুই আল্লাহর কাছে গোপন থাকবে না। আজ বাদশাহী কার? আল্লাহর, যিনি এক মহা পরাক্রমশালী। (১৭) আজ প্রত্যেককেই তার কৃতকর্মের

نَفْسٍۢ بِمَا كَسَبَتْ ؕ لَا ظُلْمَ الْيَوْمَ ؕ اِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ﴿١٧﴾ وَاَنْذِرْهُمْ

নাফ্‌সিম্ বিমা-কাসাবাত ; লাজুল্‌মাল ইয়াওমা ; ইন্নাল্লা-হা সারী'উল্ হ্বিসা-ব। ১৮। ওয়া আন্‌যির্‌হুম্
প্রতিফল দেয়া হবে; আজ কারো প্রতি কোন অবিচার করা হবে। নিশ্চয়ই আল্লাহ, অতি শীঘ্রই হিসাব গ্রহণকারী। (১৮) আর তাদেরকে আসন্ন দিন

يَوْمَ الْاٰزِفَةِ اِذِ الْقُلُوْبُ لَدَى الْحَنَاجِرِ كٰظِمِيْنَ ؕ۬ مَا لِلظّٰلِمِيْنَ مِنْ حَمِيْمٍ

ইয়াওমাল্ আ-যিফাতি ইযিল্ কুলূবু লাদাল্ হ্বানা-জ্বিরি কা-জিমীনা ; মা- লিজ্‌জা-লিমীনা মিন্ হ্বামীমিওঁ
সম্পর্কে সাবধান করে দিন, যখন (সে দিনের ভয়ে) তাদের কলিজা গলা পর্যন্ত এসে যাবে। জালিম (কাফির) দের কোনই ঘনিষ্ঠ বন্ধু থাকবে না এবং এমন কোন

وَّلَا شَفِيْعٍ يُّطَاعُ ﴿١٨﴾ يَعْلَمُ خَآئِنَةَ الْاَعْيُنِ وَمَا تُخْفِي الصُّدُوْرُ ﴿١٩﴾ وَاللّٰهُ

ওয়ালা- শাফীই' ইউত্বা-উ। ১৯। ই'য়ালামু খা—ইনাতাল্ 'আইউনি ওয়ামা- তুখ্‌ফিস্ব স্বুদূর। ২০। ওয়াল্লা-হু
সুপারিশকারীও থাকবে না, যার সুপারিশ কবুল হবে। (১৯) তিনি (আল্লাহ) জানেন, চোখের অপব্যবহারকে এবং অন্তরের মধ্যে যা গোপন আছে। (২০) আল্লাহ

○ টীকা (আঃ ১৫) ঃ التلاق কেয়ামত দিবসের অন্যতম নাম- 'সাক্ষাৎ বা মিলন দিবস' কারণ ঐ দিবসে কতিপয় প্রকারের মিলন হবে। আত্মার মিলন হবে পরিত্যক্ত দেহের সাথে, বেহেশতবাসীর সাক্ষাৎ হবে আল্লাহ্ তায়ালার সাথে এবং অধঃজগতের অধিবাসীদের সাথে উর্ধ্বজগতের অধিবাসীর মিলন হবে। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ১৭) ঃ পূর্ব বর্ণিত আয়াতগুলোর সাথে আলোচ্য আয়াতের সংযোগ রয়েছে। মিলন দিবস অর্থাৎ বিচারদিবস সর্বশক্তিমান আল্লাহ এরূপ ত্বরান্বিত ও ন্যায়সঙ্গতভাবে বিচার সম্পন্ন করবেন যে, ক্ষণকাল বিলম্ব বা কোন ত্রুটি পরিলক্ষিত হবে না।

يَقْضِيْ بِالْحَقِّ ؕ وَالَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ لَا يَقْضُوْنَ بِشَيْءٍ ؕ اِنَّ اللّٰهَ

ইয়াক্বদ্বী বিল্‌হ্বাক্ব্‌ক্বি ; ওয়াল্লাযীনা ইয়াদ্‌'উনা মিন্ দূনিহী লা- ইয়াক্বদ্বূনা বিশাইয়িন ; ইন্নাল্লা-হা
ন্যায় ভাবে ফয়সালা করবেন। আল্লাহ ব্যতীত যাদেরকে তারা ডাকে, তারা কোন বিষয় ফয়সালা করতেই পারবে না। নিশ্চয়ই আল্লাহ

ع ২ ৭ রুকূ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ﴿٢٠﴾ اَوَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ

হুওয়াস্ সামী'উল বাস্বীর। ২১। আওয়ালাম্ ইয়াসীরূ ফিল্ আর্‌দ্বি ফাইয়ান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্
সর্বশ্রোতা, সর্ব দ্রষ্টা। (২১) তারা কি পৃথিবীতে ভ্রমণ করে না? করলে দেখত যে, কেমন পরিণতি হয়েছিল তাদের

الَّذِيْنَ كَانُوْا مِنْ قَبْلِهِمْ ؕ كَانُوْا هُمْ اَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَّاٰثَارًا فِي الْاَرْضِ

লাযীনা কা-নূ মিন্ ক্বাব্‌লিহিম্ ; কা-নূ হুম্ আশাদ্দা মিন্‌হুম্ কুওয়্যাতাওঁ ওয়া আ-ছা-রান্ ফিল্ আর্‌দ্বি
পূর্ববর্তী (অবিশ্বাসী) দের। তারা শক্তির দিক দিয়ে এবং পৃথিবীতে নিদর্শন রাখার দিক দিয়ে এদের চেয়ে অধিক (বড়) ছিল। অতঃপর আল্লাহ তাদেরকে পাকড়াও

فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ وَمَا كَانَ لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ وَّاقٍ ﴿٢١﴾ ذٰلِكَ بِاَنَّهُمْ

ফাআখাযাহুমুল লা-হু বিযুনূবিহিম ; ওয়ামা- কা-না লাহুম্ মিনাল্লা-হি মিওঁ ওয়া-ক্ব। ২২। যা-লিকা বিআন্নাহুম্
করেছিলেন, তাদের গুনাহর কারণে। তাদের জন্য এমন কেউ ছিল না যে, আল্লাহর শাস্তি হতে (তাদেরকে) বাঁচাবে। (২২) এটা এ কারণে যে,

كَانَتْ تَّاْتِيْهِمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَكَفَرُوْا فَاَخَذَهُمُ اللّٰهُ ؕ اِنَّهٗ قَوِيٌّ

কা-নাত্ তা'তীহিম্ রুসুলুহুম্ বিল্‌বাইয়্যিনা-তি ফাকাফারূ ফাআখাযাহুমুল্লা-হু ; ইন্নাহূ ক্বাওয়িয়্যুন্
তাদের কাছে তাদের রাসূল, নিদর্শনসহ এসেছিল। কিন্তু তারা তা অস্বীকার করেছিল। ফলে আল্লাহ তাদেরকে পাকড়াও করেছেন। নিশ্চয়ই তিনি মহা শক্তিমান,

شَدِيْدُ الْعِقَابِ ﴿٢٢﴾ وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَا وَسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٢٣﴾ اِلٰى فِرْعَوْنَ

শাদীদুল্ 'ইক্বা-ব। ২৩। ওয়ালাক্বাদ্ আর্‌সাল্‌না- মূসা- বিআ-য়া-তিনা- ওয়া সুলত্বা-নিম্ মুবীন। ২৪। ইলা- ফির্'আওনা
কঠিন শাস্তি প্রদানকারী। (২৩) আমি মূসাকে আমার নিদর্শন এবং স্পষ্ট দলীলসহ প্রেরণ করেছিলাম (২৪) ফেরআউন,

وَهَامٰنَ وَقَارُوْنَ فَقَالُوْا سٰحِرٌ كَذَّابٌ ﴿٢٤﴾ فَلَمَّا جَآءَهُمْ بِالْحَقِّ مِنْ عِنْدِنَا

ওয়া হা-মা-না ওয়া ক্বা-রূনা ফাক্বা-লূ সা-হ্বিরুন্ কায্‌যা-ব। ২৫। ফালাম্মা- জ্বা—আ হুম্ বিল্‌হ্বাক্ব্‌ক্বি মিন 'ইনদিনা-
হামান এবং কারুনের কাছে। তারা বলল, এতো এক যাদুকর মিথ্যুক। (২৫) যখন তাদের কাছে সে (মূসা) আমার পক্ষ থেকে সত্য নিয়ে হাজির হলেন,

قَالُوا اقْتُلُوْٓا اَبْنَآءَ الَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ وَاسْتَحْيُوْا نِسَآءَهُمْ ؕ وَمَا كَيْدُ الْكٰفِرِيْنَ

ক্বা-লুক্ব তুলূ~আবনা—আল্ লাযীনা আ-মানূ মা'আহূ ওয়াস্‌তাহ্বইউ নিসা—আহুম ; ওয়ামা- কাইদুল্ কা-ফিরীনা
তখন তারা বলল, যারা তার (মূসার) প্রতি ঈমান এনেছে তাদের ছেলেদের মেরে ফেল এবং তাদের মেয়েদেরকে জীবিত রাখ। কাফিরদের

○ টীকা (আঃ ২০) ঃ অর্থাৎ, আল্লাহ সৎ কাজের সুবিনিময়, আর অসৎ কাজের খারাপ বিনিময় দিতে সক্ষম। পক্ষান্তরে তাদের উপাস্যগণ অক্ষম। তারা না কোন বস্তুর অধিকারী, না কোন বিষয়ের মীমাংসা করতে সক্ষম। (বঃ কোঃ)

○ টীকা (আঃ ২৫) ঃ ধর্মহারাদেরসমূহ ষড়যন্ত্র যা আল্লাহ তায়ালার ইচ্ছার বিরুদ্ধে করা হয়, তা যেমন নিষ্ফল, তেমনই এর পরিণাম অতিশয় বেদনাদায়ক হয়। পরিণামে আল্লাহ্ তায়ালার অভিপ্রেতই পূর্ণ হয়। যেমন ষড়যন্ত্রকারী ফেরাউন তার দলপতিগণসহ বিধ্বস্ত হয়ে গেল এবং হযরত মূসা (আ) তদীয় অনুগত বনী-ইসরাইলসহ বিপদমুক্ত হলেন।

إِلَّا فِي ضَلَٰلٍ ۝ وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِيٓ أَقْتُلْ مُوسَىٰ وَلْيَدْعُ رَبَّهُۥٓ ۖ إِنِّيٓ

ইল্লা-ফী দ্বালা-ল। ২৬। ওয়া ক্বা-লা ফির'আওনু যারূনী~আক্বতুল্ মূসা- ওয়াল্ ইয়াদ'উ রাব্বাহূ, ইন্নী~

ষড়যন্ত্র বিফল হয়েছে। (২৬) ফিরআউন বলল, আমাকে ছেড়ে দাও, আমি মূসাকে হত্যা করব সে যেন তার প্রতিপালককে ডাকে। আমি

أَخَافُ أَن يُبَدِّلَ دِينَكُمْ أَوْ أَن يُظْهِرَ فِي ٱلْأَرْضِ ٱلْفَسَادَ ۝ وَقَالَ مُوسَىٰٓ

আখা-ফু আই ইউবাদ্দিলা দীনাকুম আও আই ইউজহিরা ফিল্ আরদ্বিল্ ফাসা-দ। ২৭। ওয়া ক্বা-লা মূসা~

(এ ব্যাপারে) শঙ্কিত যে, মূসা তোমাদের দ্বীনকে পরিবর্তন করে দিবে এবং পৃথিবীতে (বড় ধরনের) বিশৃঙ্খলা ঘটাবে। (২৭) মূসা বললেন,

إِنِّي عُذْتُ بِرَبِّي وَرَبِّكُم مِّن كُلِّ مُتَكَبِّرٍ لَّا يُؤْمِنُ بِيَوْمِ ٱلْحِسَابِ ۝

ইন্নী 'উযতু বিরাব্বী ওয়া রাব্বিকুম মিন কুল্লি মুতাকাব্বিরিল্ লা-ইউ'মিনু বিইয়াওমিল্ হিসা-ব।

আমি আমার ও তোমাদের প্রতিপালকের কাছে আশ্রয় প্রার্থনা করছি, সে অহংকারী ব্যক্তির (অনিষ্ট) থেকে, যে হিসাব দিবসে বিশ্বাস রাখে না।

۝ وَقَالَ رَجُلٌ مُّؤْمِنٌ مِّنْ ءَالِ فِرْعَوْنَ يَكْتُمُ إِيمَٰنَهُۥٓ أَتَقْتُلُونَ رَجُلًا

২৮। ওয়া ক্বা-লা রাজুলুম্ মু'মিনুম্, মিন্ আ-লি ফির'আওনা ইয়াক্‌তুমু ঈমা-নাহূ~আতাক্বতুলূনা রাজুলান

(২৮) ফিরআউনের বংশের থেকে, একজন মুমিন ব্যক্তি বলল, যে গোপন রেখেছিল তার ঈমানকে, তোমরা কি এক ব্যক্তিকে শুধু একথার জন্য হত্যা করবে যে,

أَن يَقُولَ رَبِّيَ ٱللَّهُ وَقَدْ جَآءَكُم بِٱلْبَيِّنَٰتِ مِن رَّبِّكُمْ ۖ وَإِن يَكُ كَٰذِبًا

আই ইয়াকূলা রাব্বিয়াল্লা-হু ওয়া ক্বাদ্ জা—আকুম বিল্‌বায়্যিনা-তি মির্ রাব্বিকুম; ওয়া ইঁয় ইয়াকু কা-যিবান্

সে বলে আমার প্রতিপালক আল্লাহ এবং সে তোমাদের প্রতিপালকের তরফ থেকে স্পষ্ট নিদর্শন নিয়ে এসেছে? যদি সে মিথ্যুক হয়, তবে তার উপর আপতিত হবে

فَعَلَيْهِ كَذِبُهُۥ ۖ وَإِن يَكُ صَادِقًا يُصِبْكُم بَعْضُ ٱلَّذِي يَعِدُكُمْ ۖ إِنَّ ٱللَّهَ

ফা'আলাইহি কাযিবুহূ, ওয়া ইঁয় ইয়াকু স্বা-দিক্বাই ইউস্বিবকুম 'বাদ্বুল্লাযী ইয়া'ইদুকুম ; ইন্নাল্লা-হা

সে মিথ্যার শাস্তি, যদি সে সত্যবাদী হয়, তবে যে (শাস্তি) সম্পর্কে তোমাদের প্রতিশ্রুতি দিচ্ছে, তাঁর মধ্য হতে কিছু না কিছু তোমাদের উপর পৌঁছবেই। নিশ্চয়ই আল্লাহ

لَا يَهْدِي مَنْ هُوَ مُسْرِفٌ كَذَّابٌ ۝ يَٰقَوْمِ لَكُمُ ٱلْمُلْكُ ٱلْيَوْمَ ظَٰهِرِينَ

লা-ইয়াহ্‌দী মান্ হুওয়া মুস্‌রিফুন্ কায্‌যা-ব। ২৯। ইয়া-ক্বাওমি লাকুমুল্ মুল্‌কুল্ ইয়াওমা জা-হিরীনা

সীমালংঘনকারী ও মিথ্যাবাদীকে সৎ পথ প্রদর্শন করেন না। (২৯) হে আমার সম্প্রদায়! আজকের বাদশাহী তোমাদের জন্য, তোমরাই বিজয়ী

فِي ٱلْأَرْضِ فَمَن يَنصُرُنَا مِنۢ بَأْسِ ٱللَّهِ إِن جَآءَنَا ۚ قَالَ فِرْعَوْنُ مَآ أُرِيكُمْ

ফিল্ আরদ্বি, ফামাই ইয়ানস্বুরুনা- মিম্ বা'সিল্ লা-হি ইন্ জা—আনা; ক্বা-লা ফির'আওনু মা~উরীকুম্

এই পৃথিবীতে যদি আল্লাহর শাস্তি আমাদের উপর এসে যায়, তবে কে আমাদেরকে সাহায্য করবে? ফিরআউন বলল, আমি যা বুঝছি সেটাই তোমাদের

○ টীকা (আঃ ২৮) ঃ পাপাসক্ত সত্যদ্রোহী ফেরাউনের জনৈক- আত্মীয় হযকীন গোপনে মূসা (আ)-এর প্রচারিত সত্য ধর্মের প্রতি বিশ্বাস স্থাপন করেছিলেন। হযরত মূসা (আ) ও তাঁর দলীয়দের প্রতি ফেরাউন ও তদীয় দলপতিদের অন্যায় আচরণের প্রতিবাদ করে তিনি বলেছিলেন যে, 'তোমরা কেবল এই জন্য নিরপরাধ ব্যক্তিকে হত্যা করতে উদ্যত হয়েছ, যিনি বলেন- "আমার প্রতিপালক আল্লাহ"। তিনি যা বলেন তাতে তাঁকে হত্যা করা যায় না। তোমরা এখন রাজশক্তির গর্ব করতেছ বটে, কিন্তু তোমাদের অন্যায় কার্যের প্রতিফল স্বরূপ আল্লাহ তায়ালার তরফ হতে যখন শাস্তি আসবে তখন তোমরা কোন উদ্ধারপথ পাবে না'। তিনি তাদেরকে অনেক উপদেশ দিয়েছিলেন। (কুঃ কারীম)

إِلَّا مَآ أَرَىٰ وَمَآ أَهْدِيكُمْ إِلَّا سَبِيلَ ٱلرَّشَادِ ۝ وَقَالَ ٱلَّذِيٓ ءَامَنَ يَٰقَوْمِ

ইল্লা- মা~আরা- ওয়ামা~আহ্‌দীকুম ইল্লা- সাবীলার রাশা-দ। ৩০। ওয়াক্বা-লাল্লাযী~আ-মানা ইয়াক্বাওমি

সামনে উপস্থাপন করছি এবং আমি তোমাদেরকে সুপথ প্রদর্শন করছি। (৩০) সে মুমিন ব্যক্তি বলল, হে আমার সম্প্রদায়!

إِنِّيٓ أَخَافُ عَلَيْكُم مِّثْلَ يَوْمِ ٱلْأَحْزَابِ ۝ مِثْلَ دَأْبِ قَوْمِ نُوحٍ وَعَادٍ

ইন্নী~আখা-ফু 'আলাইকুম মিছ্‌লা ইয়াওমিল্ আহ্‌যা-ব। ৩১। মিছ্‌লা দা'বি ক্বাওমি নূহিওঁ ওয়া 'আ-দিওঁ

আমি ভয় করছি তোমাদের উপর পূর্ববর্তী দলসমূহের শাস্তির দিবসের অনুরূপ শাস্তির। (৩১) যেমন- নূহ, আদ, সামূদ সম্প্রদায় এবং তাদের

وَثَمُودَ وَٱلَّذِينَ مِنۢ بَعْدِهِمْ ۚ وَمَا ٱللَّهُ يُرِيدُ ظُلْمًا لِّلْعِبَادِ ۝ وَيَٰقَوْمِ إِنِّيٓ

ওয়া ছামূদা ওয়াল্লাযীনা মিম্ 'বাদিহিম ; ওয়ামাল্লা-হু ইউরীদু জুল্‌মাল্ লিল্'ইবা-দ। ৩২। ওয়া ইয়া- ক্বাওমি ইন্নী~

পরবর্তীদের উপর এসেছিল। আল্লাহ তাঁর বান্দাদের প্রতি কোন প্রকারেই জুলুম করতে চান না। (৩২) হে আমার সম্প্রদায়! আমার ভয় হচ্ছে তোমাদের

أَخَافُ عَلَيْكُمْ يَوْمَ ٱلتَّنَادِ ۝ يَوْمَ تُوَلُّونَ مُدْبِرِينَ مَا لَكُم مِّنَ ٱللَّهِ مِنْ عَاصِمٍ

আখা-ফু 'আলাইকুম ইয়াওমাত তানা-দ। ৩৩। ইয়াওমা তুওয়াল্লূনা মুদবিরীনা, মা- লাকুম মিনাল্লা-হি মিন্ 'আ-স্বিমিন্

উপর পারস্পরিক ডাকার দিনের (অর্থাৎ কিয়ামতের). (৩৩) যে দিন তোমরা পৃষ্ঠ প্রদর্শন করতঃ পালিয়ে যেতে চাবে। সেদিন আল্লাহর শাস্তি হতে তোমাদের বাঁচাবার কেউই

وَمَن يُضْلِلِ ٱللَّهُ فَمَا لَهُۥ مِنْ هَادٍ ۝ وَلَقَدْ جَآءَكُمْ يُوسُفُ مِن قَبْلُ بِٱلْبَيِّنَٰتِ

ওয়া মাই ইউদ্বলিলিল্লা-হু ফামা-লাহূ মিন্ হা-দ। ৩৪। ওয়ালাক্বাদ্ জা—আকুম্ ইউসুফু মিন্ ক্বাব্‌লু বিল্ বাইয়্যিনা-তি

থাকবে না। যাকে আল্লাহ বিভ্রান্ত করেন তাকে সৎ পথ প্রদর্শনকারী কেউই নেই। (৩৪) এবং এর পূর্বে তোমাদের কাছে ইউসুফ (নবুওয়াতের) স্পষ্ট প্রমাণাদি নিয়ে এসেছিলেন,

فَمَا زِلْتُمْ فِي شَكٍّ مِّمَّا جَآءَكُم بِهِۦ ۖ حَتَّىٰٓ إِذَا هَلَكَ قُلْتُمْ لَن يَبْعَثَ ٱللَّهُ

ফামা-যিল্‌তুম্ ফী শাককিম্ মিম্মা- জা—আকুম বিহী ; হাত্তা~ইযা- হালাকা কুলতুম লাঁই ইয়াব'আছাল্লা-হু

অতঃপর সে যা নিয়ে এসেছিল, সেগুলোতেও তোমরা সব সময় সন্দেহ করছিলে। এমনকি যখন সে (ইউসুফ) মৃত্যু বরণ করলেন, তখন তোমরা বলেছিলে যে,

مِنۢ بَعْدِهِۦ رَسُولًا ۚ كَذَٰلِكَ يُضِلُّ ٱللَّهُ مَنْ هُوَ مُسْرِفٌ مُّرْتَابٌ ۝ ٱلَّذِينَ

মিম্ 'বাদিহী রাসূলান ; কাযা-লিকা ইউদ্বিল্লুল্লা-হু মান্ হুওয়া মুস্‌রিফুম্ মুর্‌তা-ব। ৩৫। আল্লাযীনা

তার মৃত্যুর পরে আল্লাহ কোন রাসূল প্রেরণ করবেন না এভাবেই আল্লাহ বিভ্রান্ত করেন, সীমালংঘনকারী ও সন্দেহ পোষণকারীদেরকে, (৩৫) যারা

يُجَٰدِلُونَ فِيٓ ءَايَٰتِ ٱللَّهِ بِغَيْرِ سُلْطَٰنٍ أَتَىٰهُمْ ۖ كَبُرَ مَقْتًا عِندَ ٱللَّهِ وَعِندَ

ইউজা-দিলূনা ফী~আ-য়া-তিল্লা-হি বিগাইরি সুলত্বা-নিন্ আতা-হুম ; কাবুরা মাকতান 'ইনদাল্লা-হি ওয়া 'ইনদাল

বিনা দলীলে, তাদের কাছে আসা আল্লাহর আয়াতসমূহের ব্যাপারে পরস্পরে ঝগড়া করে। তা আল্লাহর কাছে এবং মুমিনগণের কাছে খুবই

○ টীকা (আঃ ৩২) ঃ يوم التناد (পরস্পর ডাকা। কিয়ামতের দিন, ভীত-সন্ত্রস্ত মানুষ ভয়ে একে অপরকে ডাকতে থাকবে (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৩৪) ঃ আলোচ্য আয়াত ও উক্তি ধর্ম বিশ্বাসীদের উক্তি। তিনি আরও বললেন, হযরত মূসা (আ)-এর নবীরূপে আগমন এটা নূতন নয়। তাঁর শত বৎসর পূর্বে হযরত ইউছুফ (আ)-ও নবী রূপে পূর্ববর্তী ফেরাউনের যুগে এসেছিলেন। তিনি মিসরবাসীকে সত্যপথে আহ্বান করতেন, কিন্তু তারা ধর্মোপদেশ অমান্য করেছিল। তাদের বদ্ধমূল ধারণা ছিল যে, আর কোন নবী আসবেন না। সুতরাং তারা অবাধ্যরূপে নবীদের প্রতি ঔদ্ধত্য প্রকাশ করল এবং আল্লাহ তায়ালার প্রেরিত নবী ও ধর্ম-গ্রন্থের প্রতি অত্যধিক সন্দেহ পোষণ করতে লাগল, কাজেই তারা সত্যপথ পরিত্যাগ করে বিপথগামী হল। সীমাতিক্রমকারী সন্দিগ্ধমনা লোকদের কৃতকার্যের জন্য আল্লাহ তাদেরকে এইরূপেই বিপথগামী করেন। (কুঃ কারীম)

الَّذِيْنَ اٰمَنُوْا ۚ كَذٰلِكَ يَطْبَعُ اللّٰهُ عَلٰى كُلِّ قَلْبِ مُتَكَبِّرٍ جَبَّارٍ ﴿٣٦﴾ وَقَالَ

লাযীনা আ-মানূ ; কাযা-লিকা ইয়াত্বা'উল্লা-হু 'আলা- কুল্লি ক্বাল্‌বি মুতাকাব্বিরিন্ জ্বাব্‌বা-র । ৩৬ । ওয়া ক্বা-লা
অপছন্দের কাজ। আল্লাহ এভাবেই প্রত্যেক স্বেচ্ছাচারী, অহংকারীর অন্তরে মহর মেরে দেন। (৩৬) ফিরআউন বলল,

فِرْعَوْنُ يٰهَامٰنُ ابْنِ لِيْ صَرْحًا لَّعَلِّيْٓ اَبْلُغُ الْاَسْبَابَ ﴿٣٧﴾ اَسْبَابَ السَّمٰوٰتِ

ফির্‌'আওনু ইয়া- হা-মা-নুব্‌নি লী স্বার্‌হাল্ লা'আল্লী~আব্‌লুগুল্ আস্‌বা-ব । ৩৭ । আস্‌বা-বাস্ সামা-ওয়া-তি
হে হামান! আমার জন্য একটি সুউচ্চ প্রাসাদ নির্মাণ কর, সম্ভবতঃ আমি সে দরজাগুলো পর্যন্ত পৌঁছে যাব, (৩৭) যে দরজাগুলো আকাশে আছে

فَاَطَّلِعَ اِلٰٓى اِلٰهِ مُوْسٰى وَاِنِّيْ لَاَظُنُّهٗ كَاذِبًا ۚ وَكَذٰلِكَ زُيِّنَ لِفِرْعَوْنَ سُوْٓءُ عَمَلِهٖ

ফাআত্ত্বালি'আ ইলা~ইলা-হি মূসা- ওয়া ইন্নীলা আজুন্নুহূ কা-যিবান; ওযা কাযা-লিকা যুইয়্যিনা লিফির্‌'আওনা সূ—উ 'আমালিহী
এবং মূসার মাবুদকে দেখে নিব, আমার ধারণা যে নিশ্চয়ই সে (মূসা) মিথ্যাবাদী। এভাবেই ফিরআউনকে তার নিকৃষ্ট কাজগুলো অত্যন্ত সুন্দর রূপে দেখান হয়েছিল

وَصُدَّ عَنِ السَّبِيْلِ ۗ وَمَا كَيْدُ فِرْعَوْنَ اِلَّا فِيْ تَبَابٍ ﴿٣٨﴾ وَقَالَ الَّذِيْٓ اٰمَنَ

ওয়াস্বুদ্দা 'আনিস্ সাবীলি ; ওয়ামা- কাইদু ফির্‌'আওনা ইল্লা- ফী তাবা-ব । ৩৮ । ওয়াক্বা-লাল লাযী ~আ-মানা
এবং সত্য পথ থেকে বিরত রাখা হয়েছিল এবং ফিরআউনের প্রতিটি ষড়যন্ত্রই ছিল ধ্বংসনীয়। (৩৮) সে মুমিন ব্যক্তি, বলল, হে আমার

يٰقَوْمِ اتَّبِعُوْنِ اَهْدِكُمْ سَبِيْلَ الرَّشَادِ ﴿٣٩﴾ يٰقَوْمِ اِنَّمَا هٰذِهِ الْحَيٰوةُ الدُّنْيَا مَتَاعٌ

ইয়া- ক্বাওমিত্ তাবি'উনি আহ্‌দিকুম্ সাবীলার্ রাশা-দ । ৩৯ । ইয়া-ক্বাওমি ইন্নামা- হা-যিহিল্ হায়া-তুদ্ দুন্‌ইয়া- মাতা-'উওঁ
সম্প্রদায়! তোমরা আমার অনুসরণ কর, আমি তোমাদেরকে সু-পথ প্রদর্শন করব। (৩৯) হে আমার সম্প্রদায়! এ পার্থিব জীবন অতি ক্ষণস্থায়ী ভোগের বস্তু মাত্র,

وَّاِنَّ الْاٰخِرَةَ هِيَ دَارُ الْقَرَارِ ﴿٤٠﴾ مَنْ عَمِلَ سَيِّئَةً فَلَا يُجْزٰٓى اِلَّا مِثْلَهَا ۚ

ওয়া ইন্নাল্ আ-খিরাতা হিয়া দা-রুল ক্বারা-র । ৪০ । মান্ 'আমিলা সাইয়্যি আতান্ ফালা- ইউজ্বা ~ইল্লা- মিছ্‌লাহা-,
এবং পরকাল হল স্থায়ী নিবাস। (৪০) যে পাপ কাজ করে, তার তাকে পাপের বরাবর প্রতিফল দেয়ার হবে।

وَمَنْ عَمِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ فَاُولٰٓئِكَ يَدْخُلُوْنَ الْجَنَّةَ

ওয়ামান্ 'আমিলা স্বা-লিহাম্ মিন্ যাকারিন্ আও উন্‌ছা- ওয়া হুওয়া মু'মিনুন্ ফাউলা—ইকা ইয়াদ্‌খুলূনাল্ জ্বান্নাতা
এবং যে নেক কাজ করে সে পুরুষ হোক অথবা নারী হোক, সে প্রবেশ করবে জান্নাতে এবং সেখানে

يُرْزَقُوْنَ فِيْهَا بِغَيْرِ حِسَابٍ ﴿٤١﴾ وَيٰقَوْمِ مَا لِيْٓ اَدْعُوْكُمْ اِلَى النَّجٰوةِ وَتَدْعُوْنَنِيْٓ

ইউর্‌যাকূনা ফীহা- বিগাইরি হিসা-ব । ৪১ । ওয়া ইয়া-ক্বাওমি মা-লী~আদ্‌'উকুম্ ইলান্ নাজ্বা-তি ওয়া তাদ্‌'উনানী~
অপরিমিত রিযিক দেয়া হবে। (৪১) হে আমার সম্প্রদায়! কি হল, আমি তোমাদেরকে মুক্তির দিকে ডাকছি এবং তোমরা আমাকে জাহান্নামের দিকে

○ টীকা (আঃ ৩৬) ঃ হামান অট্টালিকা নির্মাণ আরম্ভ করে দিল, মূসা (আ) আল্লাহ্ তা'আলার দরবারে প্রার্থনা করলেন, হে আল্লাহ! ফেরাউনের প্রাসাদ অপূর্ণ রাখুন। আল্লাহ্ তা'আলা বললেন, ধৈর্যের সাথে দেখতে থাকুন, আমি তার সাথে কি করছি। ফলতঃ ফেরাউনের সুউচ্চ প্রাসাদ নির্মিত হয়ে গেল : অতঃপর হঠাৎ আল্লাহ্ তা'আলার হুকুমে তা খণ্ড খণ্ড হয়ে ধসে পড়ল। (মুঃ কোঃ)

○ টীকা (আঃ ৪১) ঃ মু'মেন লোকটি এই কথাগুলো বলে শেষ করলে, ফেরআউনের লোকেরা বুঝতে পারল যে, এই লোকটি মূসা (আ)-এর রবের উপর ঈমান এনেছে। তখন তাঁকে বলতে লাগল, "তোমার লজ্জা হয় না কি? তুমি ফেরআউন খোদাকে ছেড়ে মূসার খোদাকে মানছ? ফেরআউন এত নেয়ামত দান করছে।" তা শুনে মু'মেন লোকটি তাদেরকে নসীহত করতে লাগলেন। (মুঃ কোঃ)

اِلَى النَّارِ ﴿٤١﴾ تَدْعُوْنَنِيْ لِاَكْفُرَ بِاللّٰهِ وَاُشْرِكَ بِهٖ مَا لَيْسَ لِيْ بِهٖ عِلْمٌ ۡ وَّاَنَا

ইলান্ না-র । ৪২ । তাদ্‌'উনানী লিআক্‌ফুরা বিল্লা-হি ওয়া উশ্‌রিকা বিহী মা- লাইসা লী বিহী 'ইল্‌মুওঁ, ওয়াআনা
ডাকছ। (৪২) তোমরা আমাকে বলছ যে, আমি যেন আল্লাহর অবাধ্য হয়ে যাই এবং তাঁর সাথে এমন জিনিষের শরীক করি, যার কোন জ্ঞান-ই আমার নেই। আর আমি

اَدْعُوْكُمْ اِلَى الْعَزِيْزِ الْغَفَّارِ ﴿٤٢﴾ لَا جَرَمَ اَنَّمَا تَدْعُوْنَنِيْٓ اِلَيْهِ لَيْسَ لَهٗ دَعْوَةٌ

আদ্‌'উকুম্ ইলাল্ 'আযীযিল্ গাফ্‌ফা-র । ৪৩ । লা-জ্বারামা আন্নামা- তাদ্‌'উনানী ~ইলাইহি লাইসা লাহূ দা'ওয়াতুন্
তোমাদেরকে মহাপ্রভাবশালী, ক্ষমাশীল আল্লাহর দিকে আহবান করছি। (৪৩) এর মধ্যে কোনই মিথ্যা নেই যে, তোমরা আমাকে যার দিকে আহ্বান করছ,

فِي الدُّنْيَا وَلَا فِي الْاٰخِرَةِ وَاَنَّ مَرَدَّنَآ اِلَى اللّٰهِ وَاَنَّ الْمُسْرِفِيْنَ هُمْ اَصْحٰبُ

ফিদ্ দুন্‌ইয়া- ওয়ালা-ফিল্ আ-খিরাতি ওয়া আন্না মারাদ্দানা ~ইলাল্লা-হি ওয়া আন্নাল্ মুস্‌রিফীনা হুম্ আস্বহা-বুন্
সে আহ্বানের (ইবাদাতের) যোগ্য নয় পৃথিবীতে ও পরকালে এবং আমাদের সবারই প্রত্যাবর্তন আল্লাহর কাছেই এবং সীমালংঘনকারীরাই

النَّارِ ﴿٤٣﴾ فَسَتَذْكُرُوْنَ مَآ اَقُوْلُ لَكُمْ ۗ وَاُفَوِّضُ اَمْرِيْٓ اِلَى اللّٰهِ ۗ اِنَّ اللّٰهَ

না-র । ৪৪ । ফাসাতায্‌কুরূনা মা~আকূলু লাকুম ; ওয়া উফাওয়্যিদ্বু আমরী~ইলাল্লা-হি ; ইন্নাল্লা-হা
জাহান্নামবাসী। (৪৪) আমি যা তোমাদেরকে বলছি, তোমরা অতি শীঘ্রই তা স্মরণ করবে, আর আমি আমার বিষয় আল্লাহর কাছে ন্যস্ত করছি। নিশ্চয়ই আল্লাহ

بَصِيْرٌ بِالْعِبَادِ ﴿٤٤﴾ فَوَقٰىهُ اللّٰهُ سَيِّاٰتِ مَا مَكَرُوْا وَحَاقَ بِاٰلِ فِرْعَوْنَ سُوْٓءُ

বাস্বীরুম্ বিল্‌'ইবা-দ । ৪৫ । ফাওয়াক্বা-হুল্লা-হু সাইয়্যিআ-তি মা- মাকারূ ওয়া হা-ক্বা বিআ-লি ফির্‌'আওনা সূ—উল্
বান্দাদের পর্যবেক্ষক। (৪৫) অতঃপর আল্লাহ তাকে তাদের সে অনিষ্ট কর ষড়যন্ত্র হতে বাঁচালেন আর ফিরআউন গোষ্ঠিকে ঘিরে ফেলল, নিকৃষ্টতম

الْعَذَابِ ﴿٤٥﴾ اَلنَّارُ يُعْرَضُوْنَ عَلَيْهَا غُدُوًّا وَّعَشِيًّا ۚ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ ۟ اَدْخِلُوْٓا

'আযা-ব । ৪৬ । আন্না-রু ই'উরাদূনা 'আলাইহা- গুদুওয়্যাওঁ ওয়া 'আশিয়্যান্, ওয়া ইয়াওমা তাকূমুস্ সা-'আতু, আদ্‌খিলূ~
শাস্তি। (৪৬) জাহান্নামের দিকে তাদেরকে আনয়ন করা হবে সকাল-সন্ধ্যায় এবং যেদিন কেয়ামত ঘটবে, সেদিন নির্দেশ দেয়া হবে

اٰلَ فِرْعَوْنَ اَشَدَّ الْعَذَابِ ﴿٤٦﴾ وَاِذْ يَتَحَآجُّوْنَ فِي النَّارِ فَيَقُوْلُ الضُّعَفٰٓؤُا لِلَّذِيْنَ

আ-লা ফির্‌'আওনা আশাদ্দাল্ 'আযা-ব । ৪৭ । ওয়া ইয ইয়াতাহা—জ্জুনা ফিন্না-রি ফাইয়াকূলুদ্ দ্বু'আফা—উ লিল্লাযীনাস্
ফিরাউনের লোকদেরকে কঠিন শাস্তির মধ্যে নিক্ষেপ কর। (৪৭) যখন জাহান্নামীরা পরস্পরে ঝগড়া করবে, তখন অনুসারী দুর্বল লোকেরা অহংকারী

اسْتَكْبَرُوْٓا اِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ اَنْتُمْ مُّغْنُوْنَ عَنَّا نَصِيْبًا مِّنَ النَّارِ ﴿٤٧﴾ قَالَ

তাক্‌বারূ~ইন্না- কুন্না-লাকুম্ তাবা'আন্ ফাহাল্ আন্‌তুম্ মুগ্‌নূনা 'আন্না- নাস্বীবাম্ মিনান্ না-র । ৪৮ । ক্বা-লাল
(নেতা)-দেরকে বলবে, আমরা তো পৃথিবীতে তোমাদেরই অনুসারী ছিলাম, অতএব এখন আমাদের থেকে আগুনের কিছু অংশ দূর করতে পার? (৪৮) অহংকারী

○ টীকা (আঃ ৪৫) ঃ তোমাদের সঙ্গে আমার প্রশ্নোত্তর এবং আমার সাথে তোমাদের ব্যবহার, সবকিছুই আল্লাহ্ তা'আলা দেখেছেন। মুমিন লোকটির এ সমস্ত কথা শুনে ফেরআউন তাঁকে হত্যা করার নির্দেশ দিল। তিনি পালিয়ে পাহাড়ে গমনপূর্বক নামাযে মশগুল হলেন। আল্লাহ্ তায়ালা তাঁর পাহারার জন্য একপাল বাঘ ও নেকড়ে পাঠালেন। ফলে ফেরআউনের লোকেরা ভয়ে পলায়ন করল। আল্লাহ্ তাকে এরূপে রক্ষা করলেন। (মুঃ কোঃ)
কারো মতে, হযরত মূসা (আ)-এর কথা শুনে, ফেরআউন এঁকে হত্যা করার নির্দেশ দিলেন। (কুঃ কারীম)

○ টীকা (আঃ ৪৬) ঃ ফলতঃ তাদেরকে দোযখের সর্বাপেক্ষা কঠোর স্তরে ঢুকায়ে দেয়া হবে। আর হিসাব-নিকাশের পূর্ব পর্যন্ত অর্থাৎ, আলমে বরযখে তাদের সমুখে দোযখের অগ্নি আনয়ন করা হবে, তারা তার উত্তাপ ভোগ করবে। দোযখের অগ্নি তা অপেক্ষা অনেক কঠোর হবে। (বঃ কোঃ)

الَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُلٌّ فِيهَا إِنَّ اللَّهَ قَدْ حَكَمَ بَيْنَ الْعِبَادِ ﴿٤٨﴾ وَقَالَ

লাযী নাস্‌তাক্‌বারূ~ইন্না- কুল্লুন্ ফীহা~, ইন্নাল্লা-হা ক্বাদ হাকামা বাইনাল্ 'ইবা-দ। ৪৯। ওয়া ক্বা-লাল
(নেতা)-রা বলবে, আমরাতো সবই জাহান্নামে। নিশ্চয়ই আল্লাহ বান্দাগণের মাঝে ফয়সালা করে দিয়েছেন। (৪৯) জাহান্নামীরা

الَّذِينَ فِي النَّارِ لِخَزَنَةِ جَهَنَّمَ ادْعُوا رَبَّكُمْ يُخَفِّفْ عَنَّا يَوْمًا مِنَ الْعَذَابِ

লাযীনা ফিন্ না-রি লিখায্বানাতি জ্বাহান্নামাদ'উ রাব্বাকুম্ ইউখাফ্‌ফিফ 'আন্না- ইয়াওমাম্ মিনাল্ 'আযা-ব।
প্রহরীর কাছে বলবে, তোমরা তোমাদের প্রতিপালকের কাছে আবেদন কর, তিনি যেন আমাদের থেকে একদিনের শাস্তি হালকা করেন।

﴿٤٩﴾ قَالُوا أَوَلَمْ تَكُ تَأْتِيكُمْ رُسُلُكُمْ بِالْبَيِّنَاتِ قَالُوا بَلَىٰ قَالُوا فَادْعُوا ع

৫০। ক্বা-লূ~আওয়ালাম্ তাকু তা'তীকুম্ রুসুলুকুম্ বিল্ বায়্যিনা-তি; ক্বা-লূ বালা-; ক্বা-লূ ফাদ'উ
(৫০) তারা বলবে, তোমাদের কাছে কি তোমাদের রাসূলগণ স্পষ্ট দলীলসহ আসেননি? তারা বলবে, হ্যাঁ এসেছিল। অতঃপর প্রহরীগণ বলবে,

وَمَا دُعَاءُ الْكَافِرِينَ إِلَّا فِي ضَلَالٍ ﴿٥٠﴾ إِنَّا لَنَنْصُرُ رُسُلَنَا وَالَّذِينَ آمَنُوا فِي

ওয়ামা- দু'আ—উল্ কা-ফিরীনা ইল্লা-ফী দ্বালা-ল্। ৫১। ইন্না- লানান্‌স্বুরু রুসুলানা- ওয়াল্লাযীনা আ-মানূ ফিল্
তোমরাই আবেদন কর। আর কাফিরদের আবেদন (আল্লাহর কাছে) বিফলই হয়। (৫১) আমি আমার রাসূলগণকে এবং মুমিনগণকে অবশ্যই

الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ يَقُومُ الْأَشْهَادُ ﴿٥١﴾ يَوْمَ لَا يَنْفَعُ الظَّالِمِينَ مَعْذِرَتُهُمْ

হ্বায়া-তিদ্ দুন্‌ইয়া-ওয়া ইয়াওমা ইয়াকুমুল আশ্‌হা-দ্। ৫২। ইয়াওমা লা- ইয়ান্‌ফা'উজ্ জা-লিমীনা 'মাযিরাতুহুম্
পার্থিব জীবনে সাহায্য করব এবং সে দিনেও, যখন দাঁড়াবে সাক্ষীদাতাগণ (অর্থাৎ কিয়ামতের)। (৫২) যেদিন কোনই কাজে আসবে না জালিমদের অজুহাত

وَلَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوءُ الدَّارِ ﴿٥٢﴾ وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْهُدَىٰ وَأَوْرَثْنَا بَنِي

ওয়ালাহুমুল্ লা'নাতু ওয়ালাহুম্ সূ—উদ্ দা-র। ৫৩। ওয়া লাক্বাদ আ-তাইনা- মূসাল্ হুদা- ওয়া আওরাছ্না- বানী~
এবং তাদের জন্য রয়েছে অভিশাপ এবং তাদের জন্য রয়েছে নিকৃষ্ট বাসস্থান। (৫৩) আমি মূসাকে সঠিক নির্দশন নামা (তাওরাত) দান করেছিলাম এবং বনী

إِسْرَائِيلَ الْكِتَابَ ﴿٥٣﴾ هُدًى وَذِكْرَىٰ لِأُولِي الْأَلْبَابِ ﴿٥٤﴾ فَاصْبِرْ إِنَّ وَعْدَ اللَّهِ

ইসরা—ঈলাল্ কিতা-ব। ৫৪। হুদাওঁ ওয়া যিক্‌রা- লিউলিল্ আল্‌বা-ব। ৫৫। ফাস্ববির্ ইন্না ও'য়াদাল্লা-হি
ঈসরাঈলকে সে কিতাবের উত্তরাধিকারী করেছিলাম, (৫৪) যা পথ প্রদর্শক এবং উপদেশ প্রদানকারী ছিল জ্ঞানী লোকদের জন্য। (৫৫) (হে নবী!) আপনি ধৈর্যধারণ করুন,

حَقٌّ وَاسْتَغْفِرْ لِذَنْبِكَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ بِالْعَشِيِّ وَالْإِبْكَارِ ﴿٥٥﴾ إِنَّ

হ্বাক্কুওঁ ওয়াসতাগ্‌ফির লিযাম্‌বিকা ওয়া সাব্বিহ্ বিহ্বাম্‌দি রাব্বিকা বিল্'আশিয়্যি ওয়াল্ ইব্‌কা-র্। ৫৬। ইন্নাল্
আল্লাহর প্রতিশ্রুতি অবশ্যই সত্য, আপনি আপনার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করুন এবং সকাল-সন্ধ্যা আপনার প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা বর্ণনা করুন। (৫৬) যারা

الَّذِينَ يُجَادِلُونَ فِي آيَاتِ اللَّهِ بِغَيْرِ سُلْطَانٍ أَتَاهُمْ إِنْ فِي صُدُورِهِمْ

লাযীনা ইউজ্বা-দিলূনা ফী~আয়া-তিল্লা-হি বিগাইরি সুল্‌ত্বা-নিন আতা-হুম্ ইন্ ফী স্বুদূরিহিম্
আল্লাহর (কুরআনের) আয়াতসমূহে তর্ক করে, তাদের কাছে আসা দলীল ব্যতীত, তাদের অন্তরে শুধু (নেতৃত্বের) অহঙ্কার রয়েছে,

إِلَّا كِبْرٌ مَا هُمْ بِبَالِغِيهِ فَاسْتَعِذْ بِاللَّهِ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْبَصِيرُ

ইল্লা- কিব্‌রুম্ মা- হুম বিবা-লিগীহি, ফাস্‌তা'ইয্ বিল্লা-হি; ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ বাস্বীর।
তারা কখনও তা অর্জন করতে পারবে না। সুতরাং আপনি আল্লাহর কাছে (তাদের অনিষ্ট হতে) পানাহ চান। নিশ্চয়ই তিনি সব কিছুর শ্রোতা ও দ্রষ্টা।

﴿٥٦﴾ لَخَلْقُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ أَكْبَرُ مِنْ خَلْقِ النَّاسِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ

৫৭। লাখাল্‌কুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বি আকবারু মিন্ খাল্‌ক্বিন্ না-সি ওয়ালা-কিন্না আকছারান্ না-সি
(৫৭) আকাশ ও পৃথিবীর সৃষ্টি করা, মানুষের সৃষ্টি হতে অনেক বড় কাজ। কিন্তু অধিকাংশ লোকই

لَا يَعْلَمُونَ ﴿٥٧﴾ وَمَا يَسْتَوِي الْأَعْمَىٰ وَالْبَصِيرُ وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا

লা- ই'য়ালামূন। ৫৮। ওয়ামা- ইয়াস্‌তাওয়িল্ 'আমা- ওয়াল্ বাস্বীরু, ওয়াল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব
এটা জানে না। (৫৮) সমান নহে দৃষ্টিহীন ও দৃষ্টিসম্পন্ন ব্যক্তি এবংসমান নহে যারা ঈমান আনে ও নেক কাজ করে এবং

الصَّالِحَاتِ وَلَا الْمُسِيءُ قَلِيلًا مَا تَتَذَكَّرُونَ ﴿٥٨﴾ إِنَّ السَّاعَةَ لَآتِيَةٌ لَا رَيْبَ

স্বা-লিহ্বা-তি ওয়ালাল্ মুসী—উ ; ক্বালীলাম্ মা- তাতাযাক্কারূন। ৫৯। ইন্নাস্ সা-'আতা লাআ-তিয়াতুল্ লা-রাইবা
যে খারাপ কাজ করে। তোমরা সামান্য উপদেশই গ্রহণ করে থাক। (৫৯) কেয়ামত অবশ্যই উপস্থিত হবে, এতে কোনই সন্দেহ

فِيهَا وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُونَ ﴿٥٩﴾ وَقَالَ رَبُّكُمُ ادْعُونِي أَسْتَجِبْ

ফীহা-, ওয়ালা- কিন্না আক্‌ছারান্ না-সি লা- ইউ'মিনূন। ৬০। ওয়া ক্বা-লা রাব্বুকুমুদ্ 'উনী~আস্‌তাজিব্
নেই, কিন্তু অধিকাংশ লোকই বিশ্বাস করে না। (৬০) তোমাদের প্রতিপালক বলেন, আমার কাছে প্রার্থনা কর, আমি তোমাদের প্রার্থনা

ع ৬ / ১১ রুকূ

لَكُمْ إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَ

লাকুম ; ইন্নাল্লাযীনা ইয়াস্‌তাক্‌বিরূনা 'আন্ 'ইবা-দাতী সাইয়াদ্‌খুলূনা জ্বাহান্নামা দা-খিরীন।
কবুল করব। যারা অহঙ্কার করে আমার ইবাদাত হতে (দূরে থাকে) অতিশীঘ্রই তারা হীন অবস্থায় জাহান্নামে প্রবেশ করবেই।

﴿٦٠﴾ اللَّهُ الَّذِي جَعَلَ لَكُمُ اللَّيْلَ لِتَسْكُنُوا فِيهِ وَالنَّهَارَ مُبْصِرًا إِنَّ اللَّهَ

৬১। আল্লা-হুল্ লাযী জ্বা'আলা লাকুমুল্ লাইলা লিতাস্‌কুনূ ফীহি ওয়ান্নাহা-রা মুব্‌স্বিরান ; ইন্নাল্লা-হা
(৬১) আল্লাহ তোমাদের জন্য রাত সৃষ্টি করেছেন, যাতে তোমরা তাতে আরাম নিতে পার এবং দিনকে করেছেন আলোকময়। নিশ্চয়ই

لَذُو فَضْلٍ عَلَى النَّاسِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُونَ ﴿٦١﴾ ذَٰلِكُمُ اللَّهُ رَبُّكُمْ

লাযূ ফাদ্বলিন্ 'আলান না-সি ওয়ালা- কিন্না আক্‌ছারান্ না-সি লা- ইয়াশ্‌কুরূন। ৬২। যা-লিকুমুল্লা-হু রাব্বুকুম
আল্লাহ মানুষের উপর দয়াশীল, কিন্তু অধিকাংশ লোকই অকৃতজ্ঞ। (৬২) সে আল্লাহ, তোমাদের প্রতিপালক যিনি

○ টীকা (আঃ ৬০) ঃ অর্থাৎ, প্রার্থনা কবুল করার সমস্ত ক্ষমতা ও অধিকার আমার। অতএব তোমরা অন্যদের কাছে প্রার্থনা করো না, আমার কাছেই করো। এই আয়াতে দুটি কথা প্রণিধানযোগ্য। প্রথম- এখানে প্রার্থনা ও উপাসনা আনুগত্যকে একার্থবোধক শব্দরূপে ব্যবহার করা হয়েছে। কেননা, প্রথম বাক্যাংশে 'দু'আ' (প্রার্থনা) শব্দ দ্বারা যে জিনিসকে বোঝানো হয়েছে সেই জিনিসকেই দ্বিতীয় বাক্যাংশে 'ইবাদত' শব্দ দ্বারা অভিহিত করা হয়েছে। এর দ্বারা একথা সুস্পষ্টরূপে বুঝা গেল যে- 'দুআ' যথার্থ ইবাদত ও ইবাদতের প্রাণবস্তু! দ্বিতীয়- আল্লাহ তায়ালার কাছে যারা 'দুআ' প্রার্থনা করেনা তাদের সম্পর্কে বলা হয়েছে "অহংকারবশতঃ তারা আমার ইবাদত থেকে বিমুখ।" এর দ্বারা বোঝা যায়- আল্লাহর কাছে দোয়া প্রার্থনা করা বন্দেগীর একান্ত দাবী এবং এর থেকে বিমুখ হওয়ার অর্থ মানুষের অহংকারে পতিত হওয়া।

خالق كل شيء لا إله إلا هو فأنى تؤفكون ﴿٦٢﴾ كذلك يؤفك الذين

খা-লিক্বু কুল্লি শাইয়িন্। লা~ইলা-হা ইল্লা- হুওয়া, ফাআন্না-তু'ফাকূন। ৬৩। কাযা-লিকা ইউ'ফাকুল্ লাযীনা
সব সৃষ্টির স্রষ্টা, তিনি ছাড়া কোন মাবুদ নেই এরপরে তোমরা কিভাবে (তাঁর ইবাদাত থেকে) ফিরে থাকছ? (৬৩) এভাবেই (আল্লাহ থেকে) ফিরে থাকে তারা

كانوا بآيات الله يجحدون ﴿٦٣﴾ الله الذي جعل لكم الأرض قرارا

কা-নূ বিআ-য়া-তিল্লা-হি ইয়াজ্বহাদূন। ৬৪। আল্লা-হুল্ লাযী জ্বা'আলা লাকুমুল্ আর্‌দ্বা ক্বারা-রাওঁ
যারা আল্লাহর আয়াতকে অমান্য করে। (৬৪) আল্লাহ এমন মহান, যিনি তোমাদের জন্য পৃথিবীকে করেছেন বাসস্থান এবং আকাশকে বানিয়েছেন ছাদ

والسماء بناء وصوركم فأحسن صوركم ورزقكم من الطيبات ذلكم

ওয়াস্ সামা—আ বিনা—আওঁ ওয়া স্বাওয়্যারাকুম্ ফাআহ্‌সানা স্বুওয়ারাকুম্ ওয়া রাযাক্বাকুম্ মিনাত্ব ত্বাইয়্যিবা-তি ; যা-লিকুমুল
এবং তিনি তোমাদের আকৃতি বানিয়েছেন এবং তোমাদের আকৃতি বানিয়েছেন অতি সুন্দর করে এবং তোমাদেরকে উৎকৃষ্ট বস্তু হতে খাদ্য দান করেছেন। তিনি সে

الله ربكم فتبارك الله رب العالمين ﴿٦٤﴾ هو الحي لا إله إلا هو فادعوه

লা-হু রাব্বুকুম, ফাতাবা-রাকাল্লা-হু রাব্বুল্ 'আ-লামীন। ৬৫। হুওয়াল্ হাইয়্যু লা~ইলা-হা ইল্লা- হুওয়া ফাদ্'উহু
আল্লাহই তোমাদের প্রতিপালক, সারা জাহানের প্রতিপালক আল্লাহ অতি মর্যাদা সম্পন্ন। (৬৫) তিনি চিরঞ্জীব, তিনি ছাড়া কোন মাবুদ নেই। সুতরাং তাঁর ইবাদাতে

مخلصين له الدين الحمد لله رب العالمين ﴿٦٥﴾ قل إني نهيت أن أعبد

মুখ্‌লিস্বীনা লাহুদ্ দীনা ; আল্ হাম্‌দু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামীন। ৬৬। কুল ইন্নী নুহীতু আন্ 'আবুদাল্
একনিষ্ঠ হয়ে তাঁকেই ডাক। সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহরই জন্য, যিনি সারা জাহানের রব। (৬৬) বলুন, আমাকে তাদের ইবাদাত করতে নিষেধ করা হয়েছে,

الذين تدعون من دون الله لما جاءني البينات من ربي وأمرت

লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হি লাম্মা- জ্বা—আনিয়াল্ বাইয়্যিনা-তু মির্ রাব্বী, ওয়া উমির্‌তু
যাদেরকে তোমরা আল্লাহ ব্যতীত ডাক, যেহেতু আমার কাছে সুস্পষ্ট দলীলসমূহ এসে পৌঁছেছে আমার প্রতিপালকের পক্ষ হতে। আমাকে এ নির্দেশও দেয়া হয়েছে যে,

أن أسلم لرب العالمين ﴿٦٦﴾ هو الذي خلقكم من تراب ثم من نطفة

আন্ উসলিমা লিরাব্বিল্ 'আ-লামীন। ৬৭। হুওয়াল্লাযী খালাক্বাকুম্ মিন্ তুরা-বিন্ ছুম্মা মিন্ নুত্বফাতিন্
আমি যেন সারা জাহানের প্রতিপালকের অনুগত হয়ে যাই। (৬৭) তিনিই সে মহান আল্লাহ, যিনি তোমাদেরকে মাটি হতে সৃষ্টি করেছেন, অতঃপর বীর্য হতে।

ثم من علقة ثم يخرجكم طفلا ثم لتبلغوا أشدكم ثم لتكونوا

ছুম্মা মিন্ 'আলাক্বাতিন্ ছুম্মা ইউখ্‌রিজুকুম্ ত্বিফ্‌লান্ ছুম্মা লিতাব্‌লুগূ~আশুদ্দাকুম্ ছুম্মা লিতাকূনূ
অতঃপর রক্ত পিণ্ড হতে, অতঃপর তোমাদেরকে বের করেন শিশুর আকৃতিতে, অতঃপর যাতে তোমরা যৌবনে পৌঁছতে পার, অতঃপর যেন

○ টীকা (আঃ ৬৭) ঃ পূর্ব আয়াতে তাওহীদ সংক্রান্ত বিষয় আলোচিত হওয়ার পর আল্লাহ তায়ালা যে একমাত্র বিশ্বজগতের প্রতিপালক সে সম্বন্ধে মানব সৃষ্টির কতিপয় তথ্য আলোচ্য আয়াতে উল্লেখ করা হয়েছে। তিনি মানবজাতির আদি পিতা হযরত আদম (আ)-কে মৃত্তিকা হতে সৃষ্টি করেছিলেন; তৎপরে মানবকে তার বংশ পরম্পরায় প্রজনন প্রক্রিয়া দ্বারা সৃষ্টি করে আসছে। অধিকন্তু মানব যে নগণ্য শুক্রকীট হতে জন্মলাভ করে তার প্রধান অংশ মৃত্তিকাজাত উপাদান। অর্থাৎ মৃত্তিকাজাত হতে উৎপন্ন খাদ্যাদির সারবস্তু দ্বারা রস, রক্ত, অস্থি-মজ্জা ও মানব জন্মের সূচনা শুক্র'কীট ইত্যাদি উৎপন্ন হয়। (কুঃ কারীম)

شيوخا ومنكم من يتوفى من قبل ولتبلغوا أجلا مسمى ولعلكم

শুয়ূখান, ওয়া মিন্‌কুম্ মাই ইউতাওয়াফ্‌ফা- মিন্ ক্বাব্‌লু ওয়া লিতাব্‌লুগূ~আজ্বালাম্ মুসাম্মাওঁ ওয়া লা'আল্লাকুম্
তোমরা বৃদ্ধ হও। তোমাদের মধ্যে অনেকে এর পূর্বেই মারা যায় যাতে তোমরা নির্ধারিত সময় পর্যন্ত পৌঁছতে পার এবং যাতে তোমরা

تعقلون ﴿٦٧﴾ هو الذي يحيي ويميت فإذا قضى أمرا فإنما يقول له كن

'তাক্বিলূন। ৬৮। হুওয়াল্লাযী ইউহ্‌য়ী ওয়া ইউমীতু, ফাইযা- ক্বাদ্বা~আম্‌রান্ ফাইন্নামা- ইয়াক্বূলু লাহূ কুন্
বুঝতে পার। (৬৮) তিনি (আল্লাহ) এমন যিনি জীবন দান করেন ও মৃত্যু ঘটান। যখন তিনি কোন কিছু করার সিদ্ধান্ত করেন, তখন শুধু তিনি বলেন, হয়ে যাও।

৭ রুকূ ১২
فيكون ﴿٦٨﴾ ألم تر إلى الذين يجادلون في آيات الله أنى يصرفون ○

ফাইয়াকূন। ৬৯। আলাম্ তারা ইলাল্ লাযীনা ইউজ্বা-দিলূনা ফী~আয়া-তিল্লা-হি ; আন্না- ইউস্বরাফূন।
অতঃপর তা হয়ে যায়। (৬৯) আপনি কি তাদেরকে দেখেন না, যারা আমার আয়াতের ব্যাপারে ঝগড়া করে? কিভাবে তারা ফিরে যাচ্ছে (ঈমান থেকে)?

﴿٧٠﴾ الذين كذبوا بالكتاب وبما أرسلنا به رسلنا فسوف يعلمون ○

৭০। আল্লাযীনা কায্‌যাবূ বিল্‌কিতা-বি ওয়া বিমা~আর্‌সাল্‌না- বিহী রুসুলানা-, ফাসাওফা ই'য়ালামূন।
(৭০) যারা অস্বীকার করে আমার কিতাবকে এবং আমি যা সহ আমার রাসূলগণকে প্রেরণ করেছি সেগুলোকেও, অতি শীঘ্রই তারা জানতে পারবে।

﴿٧١﴾ إذ الأغلال في أعناقهم والسلاسل يسحبون ﴿٧١﴾ في الحميم ثم في النار

৭১। ইযিল্ আগ্‌লা-লু ফী~'আনা-ক্বিহিম্ ওয়াস্ সালা-সিলু ইউস্‌হাবূন। ৭২। ফিল্ হামীমি; ছুম্মা ফিন্না-রি
(৭১) যখন তাদের গর্দানে, বেড়ি এবং জিঞ্জির লাগানো হবে এবং তাদেরকে টেনে হেঁচড়ে নিয়ে যাওয়া হবে। (৭২) গরম পানিতে অতঃপর তাদেরকে আগুনে

يسجرون ﴿٧٢﴾ ثم قيل لهم أين ما كنتم تشركون ﴿٧٣﴾ من دون الله

ইউস্‌জ্বারূন। ৭৩। ছুম্মা ক্বীলা লাহুম্ আইনা মা-কুন্‌তুম্ তুশ্‌রিকূন। ৭৪। মিন্ দূনিল্লা-হি ;
পোড়ানো হবে। (৭৩) অতঃপর তাদেরকে বলা হবে, তারা এখন কোথায় তোমরা যাদেরকে (আল্লাহর সাথে) শরীক করতে (৭৪) আল্লাহ ব্যতীত?

قالوا ضلوا عنا بل لم نكن ندعوا من قبل شيئا كذلك يضل الله

ক্বা-লূ দ্বাল্‌লূ 'আন্না- বাল্ লাম্ নাকুন্ নাদ্'উ মিন্ ক্বাব্‌লু শাইআন ; কাযা-লিকা ইউদ্বিল্লুলল্লা-হুল্
তারা বলবে তারা আমাদের থেকে অদৃশ্য হয়ে গেছে। বরং আমরা এর পূর্বে কাউকেই আহবান করিনি। আল্লাহ কাফিরদেরকে এভাবেই

الكافرين ﴿٧٤﴾ ذلكم بما كنتم تفرحون في الأرض بغير الحق وبما كنتم

কা-ফিরীন। ৭৫। যা-লিকুম বিমা- কুন্‌তুম্ তাফ্‌রাহূনা ফিল্ আর্‌দ্বি বিগাইরিল্ হাক্কি ওয়া বিমা-কুন্‌তুম্
পথভ্রষ্ট করেন। (৭৫) এটা এ কারণেই যে, তোমরা পৃথিবীতে অবৈধভাবে আনন্দ-উল্লাস করতে এবং এ কারণে যে, তোমরা অহংকার

تمرحون ﴿٧٥﴾ ادخلوا أبواب جهنم خالدين فيها فبئس مثوى المتكبرين ○

তাম্‌রাহূন। ৭৬। উদ্‌খুলূ~আব্‌ওয়া-বা জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা-, ফাবি'সা মাছ্‌ওয়াল্ মুতাকাব্বিরীন।
করতে। (৭৬) এখন তোমরা জাহান্নামের দরজা দিয়ে প্রবেশ কর, সেখানে চিরস্থায়ী ভাবে বসবাসের জন্য। কতইনা নিকৃষ্ট আবাস স্থল অহংকারীদের জন্য।

٧٧ فَاصْبِرْ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ ۚ فَاِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِىْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ

৭৭। ফাস্বিবির্ ইন্না ও'য়াদাল্লা-হি হ্বাক্বকুন্, ফাইম্মা- নুরিয়ান্নাকা বা'দ্বাল্লাযী না'ইদুহুম্ আও নাতাওয়াফ্ ফাইয়ান্নাকা
(৭৭) সুতরাং আপনি ধৈর্যধারণ করুন, নিশ্চয়ই আল্লাহর প্রতিশ্রুতি সত্য, তাদেরকে আমি যে প্রতিশ্রুতি প্রদান করি, তার থেকে কিছু যদি আপনাকে দেখিয়ে দেই বা যদি

فَاِلَيْنَا يُرْجَعُوْنَ ٧٧ وَلَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ مِنْهُمْ مَّنْ قَصَصْنَا عَلَيْكَ

ফাইলাইনা- ইউর্‌জ্বা'উন। ৭৮। ওয়া লাক্বাদ্ আরসাল্‌না- রুসুলাম্ মিন্ ক্বাব্‌লিকা মিন্‌হুম্ মান্ ক্বাস্বাস্বনা- 'আলাইকা ;
আপনাকে এর পূর্বে মৃত্যু দান করি তবে আমার কাছেই হবে সকলের প্রত্যাবর্তন। (৭৮) আমি তো আপনার পূর্বেই অনেক রাসূল প্রেরণ করেছি; তাদের মধ্য হতে

وَمِنْهُمْ مَّنْ لَّمْ نَقْصُصْ عَلَيْكَ ؕ وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ يَّاْتِىَ بِاٰيَةٍ اِلَّا

ওয়া মিন্‌হুম্ মাল্ লাম্ নাক্বস্বুস্ব 'আলাইকা ; ওয়ামা- কা-না লিরাসূলিন্ আই ইয়া'তিয়া বিআ-য়া-তিন্ ইল্লা-
কতকের বর্ণনা আপনার কাছে পেশ করেছি এবং কতকের বর্ণনা আপনার কাছে পেশ করিনি। কোন রাসূলের পক্ষে আল্লাহর অনুমতি ব্যতীত কোন নিদর্শন পেশ করা,

بِاِذْنِ اللّٰهِ ۚ فَاِذَا جَآءَ اَمْرُ اللّٰهِ قُضِىَ بِالْحَقِّ وَخَسِرَ هُنَالِكَ الْمُبْطِلُوْنَ ۝ ৮ ع ৪০ ১৩ রুকূ

বিইয্‌নিল্লা-হি, ফাইযা- জ্বা—আ আম্‌রুল্লা-হি কুদ্বিয়া বিল্‌হ্বাক্বক্বি ওয়া খাসিরা হুনা-লিকাল্ মুব্‌ত্বিলূন।
সম্ভব ছিল না। যখন আল্লাহর নির্দেশ আসবে তখন যথাযথভাবে ফয়সালা হয়ে যাবে। আর ক্ষতিগ্রস্ত হবে সেখানে, বাতিল পন্থীরা।

٧٩ اَللّٰهُ الَّذِىْ جَعَلَ لَكُمُ الْاَنْعَامَ لِتَرْكَبُوْا مِنْهَا وَمِنْهَا تَاْكُلُوْنَ ٨٠ وَلَكُمْ

৭৯। আল্লা-হুল্লাযী জ্বা'আলা লাকুমুল্ আন্'আ-মা লিতার্‌কাবূ মিন্‌হা- ওয়া মিন্‌হা- তা'কুলূন। ৮০। ওয়ালাকুম্
(৭৯) তিনি আল্লাহ, যিনি তোমাদের জন্য চতুষ্পদ জন্তু সৃষ্টি করেছেন। তার মধ্য হতে কতককে তোমরা সওয়ারী হিসেবে ব্যবহার কর, কতক তোমরা খাও। (৮০) তোমাদের

فِيْهَا مَنَافِعُ وَلِتَبْلُغُوْا عَلَيْهَا حَاجَةً فِىْ صُدُوْرِكُمْ وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ

ফীহা- মানা-ফি'উ ওয়ালিতাব্‌লুগূ 'আলাইহা- হ্বা-জ্বাতান্ ফী স্বুদূরিকুম্ ওয়া 'আলাইহা- ওয়া 'আলাল্ ফুল্‌কি
জন্য রয়েছে এতে বহু উপকার, আর যেন তোমরা তাতে আরোহণ করে তোমাদের অন্তরের প্রয়োজনীয় আকাঙ্খা পূর্ণ করতে পার এবং এদের উপর ও নৌযানে তোমাদের

تُحْمَلُوْنَ ٨١ وَيُرِيْكُمْ اٰيٰتِهٖ ۖ فَاَىَّ اٰيٰتِ اللّٰهِ تُنْكِرُوْنَ ٨٢ اَفَلَمْ يَسِيْرُوْا

তুহ্বমালূন। ৮১। ওয়া ইউরীকুম্ আ-য়া-তিহী, ফাআইয়্যা আ-য়া-তিল্লা-হি তুন্‌কিরূন। ৮২। আফালাম্ ইয়াসীরূ
হারামে প্রবেশ করবে, তোমাদের কেহ (প্রবেশ করবে) মাথা মুন্ডন করে, কেহ মাথার চুল কর্তন করে। তোমরা (কাউকে) ভয় করবে না

فَعَلِمَ مَا لَمْ تَعْلَمُوا فَجَعَلَ مِن دُونِ ذَٰلِكَ فَتْحًا قَرِيبًا ﴿٢٧﴾ هُوَ الَّذِي أَرْسَلَ

ফা'আলিমা মা- লাম্ 'তালামূ ফাজা'আলা মিন্ দূনি যা-লিকা ফাত্হান্ ক্বারীবা-। ২৮। হুওয়াল্লাযী ~আর্‌সালা

আল্লাহ যা জানেন, তা তোমরা জান না। এছাড়া তিনি (আল্লাহ) তোমাদেরকে দান করেছেন এক আসন্ন বিজয়। (২৮) তিনি তাঁর রাসূলকে

رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ ۚ وَكَفَىٰ بِاللَّهِ شَهِيدًا ﴿٢٨﴾

রাসূলাহূ বিল্‌হুদা- ওয়া দীনিল্ হাক্বক্বি লিইউজ্‌হিরাহূ 'আলাদ্ দীনি কুল্লিহী ; ওয়া কাফা- বিল্লা-হি শাহীদা-।

সঠিক নির্দেশনা এবং সত্য দ্বীনসহ প্রেরণ করেছেন, যাতে সে একে বিজয়ী করেন অন্যান্য সব দ্বীনের উপর। আল্লাহ যথেষ্ট (নবুওয়াতের) সাক্ষী হিসেবে।

﴿٢٩﴾ مُّحَمَّدٌ رَّسُولُ اللَّهِ ۚ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ

২৯। মুহাম্মাদুর্ রাসূলুল্লা-হি ; ওয়াল্লাযীনা মা'আহূ~আশিদ্দা—উ 'আলাল্ কুফ্‌ফা-রি রুহামা—উ বাইনাহুম্

(২৯) মুহাম্মদ (স) আল্লাহর রাসূল এবং যারা তার সাথে রয়েছেন সাহাবাগণ তারা কাফিরদের প্রতি কঠোর, অথচ তাদের নিজেদের মধ্যে

تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْتَغُونَ فَضْلًا مِّنَ اللَّهِ وَرِضْوَانًا ۖ سِيمَاهُمْ

তারা-হুম্ রুক্কা'আন্ সুজ্জাদাঁই ইয়াব্‌তাগূনা ফাদ্বলাম্ মিনাল্লা-হি ওয়া রিদ্বওয়া-না; সীমা-হুম

একে অপরের প্রতি সহানুভূতিশীল। আপনি তাদেরকে দেখবেন যে, তারা আল্লাহর করুণা ও সন্তুষ্টির কামনায় রুকূ ও সিজদা করছে।

فِي وُجُوهِهِم مِّنْ أَثَرِ السُّجُودِ ۚ ذَٰلِكَ مَثَلُهُمْ فِي التَّوْرَاةِ ۚ وَمَثَلُهُمْ

ফী উজূহিহিম্ মিন্ আছারিস্ সুজূদি ; যা-লিকা মাছালুহুম্ ফিত্ তাওরা-তি, ওয়া মাছালুহুম

তাদের মুখমন্ডলে চিহ্ন থাকবে, সিজদা করার কারণে। তাদের এরূপ দৃষ্টান্ত তাওরাতে রয়েছে এবং তাদের দৃষ্টান্ত ইঞ্জীলেও রয়েছে।

فِي الْإِنجِيلِ كَزَرْعٍ أَخْرَجَ شَطْأَهُ فَآزَرَهُ فَاسْتَغْلَظَ فَاسْتَوَىٰ

ফিল্ ইনজীলি ; কাযার্'ইন্ আখ্‌রাজা শাত্বআহূ ফাআ-যারাহূ ফাস্‌তাগ্‌লাজা ফাস্‌তাওয়া-

তাদের উদাহরণ সে ক্ষেতের ন্যায়, যে প্রথমে তার অঙ্কুর ফোটায়, পরে সেটি শক্তিশালী হয়, অতঃপর সেটি মোটা হয়, এরপরে সেটি সোজা

০ শানে নুযূল (আঃ ২৭) ঃ ...... لقد صدق الله - রাসূলুল্লাহ (স) হোদায়বিয়া গমনের পূর্বে সে বছরই, স্বপ্নে দেখেন যে, তিনি (স) এবং সাহাবাগণ নিরাপদে মক্কায় প্রবেশ করেন এবং তাদের মধ্যে কতিপয় লোক মাথা মুন্ডন অবস্থায় এবং চুল কর্তন (খাট) করা অবস্থায় রয়েছে। সাহাবাগণ এ সু-সংবাদ শুনে অত্যন্ত খুশী হন। কিন্তু যখন রাসূলুল্লাহ (স) সাহাবাগণসহ ওমরাহ পালনের উদ্দেশ্যে মক্কা রওয়ানা দেন এবং পথিমধ্যে হোদায়বিয়া নামক স্থানে কাফেররা বাধা দেয় এবং পরিশেষে মুসলমানগণকে সেখান থেকে প্রত্যাবর্তন করতে হল, তখন সাহাবাগণ দুঃখিত হন। এ প্রেক্ষিতে আল্লাহ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেন। (জালালাইন)

عَلَىٰ سُوقِهِ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيظَ بِهِمُ الْكُفَّارَ ۗ وَعَدَ اللَّهُ

'আলা- সূক্বিহী ই'উজিবুয্ যুর্‌রা-'আ লিইয়াগীজা বিহিমুল্ কুফ্‌ফা-রা ; ওয়া'আদাল্লাহুল

তার কান্ডের ওপর দাঁড়িয়ে যায় এবং তা কৃষকদেরকে খুব আনন্দ দিতে থাকে। (এ দৃষ্টান্ত আল্লাহ পেশ করেন) যাতে কাফিরদের অন্তর্দাহ সৃষ্টি হয়।

৪ ع ১২ রুকূ

الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِنْهُم مَّغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ﴿٢٩﴾

লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহা-তি মিন্‌হুম্ মাগফিরাতাওঁ ওয়া আজ্‌রান্ 'আজীমা-।

যারা ঈমান আনে এবং নেক কাজ করে, আল্লাহ তাদেরকে ক্ষমা ও বিরাট সওয়াবের প্রতিশ্রুতি দিয়েছেন।

সূরা হুজুরা-ত মাদানী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি	আয়াত ঃ ১৮ রুকূ ঃ ২

﴿١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُقَدِّمُوا بَيْنَ يَدَيِ اللَّهِ وَرَسُولِهِ ۖ وَاتَّقُوا اللَّهَ ۚ

১। ইয়া~আইয়্যুহাল লাযীনা আ-মানূ লা- তুক্বাদ্দিমূ বাইনা ইয়াদায়িল্লা-হি ওয়া রাসূলিহী ওয়াত্তাকুল্লা-হা ;

(১) হে মুমিনগণ! আল্লাহ ও তাঁর রাসূলের (কথার) সামনে, তোমরা (তোমাদের নিজ মতে) অগ্রবর্তী হয়ো না। আল্লাহকে ভয় কর,

إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ

ইন্নাল্লা-হা সামী'উন্ 'আলীম। ২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা- তারফা'উ~আস্বওয়া-তাকুম্ ফাওক্বা স্বাওতিন্

নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা। সর্বজ্ঞানী। (২) হে মুমিনগণ! তোমরা তোমাদের আওয়াজকে নবীর আওয়াজের ওপর উঁচু করনা এবং তোমরা তার সাথে

النَّبِيِّ وَلَا تَجْهَرُوا لَهُ بِالْقَوْلِ كَجَهْرِ بَعْضِكُمْ لِبَعْضٍ أَن تَحْبَطَ أَعْمَالُكُمْ

নাবিয়্যি ওয়ালা- তাজ্‌হারূ লাহূ বিল্‌ক্বাওলি কাজাহ্‌রি বা'দ্বিকুম্ লিবা'দ্বিন্ আন্ তাহ্‌বাত্বা 'আমা-লুকুম্

এত উঁচু আওয়াজে কথা বল না, যেভাবে তোমরা পরস্পরে একে অপরের সাথে উঁচু আওয়াজে কথা বল, এতে তোমাদের আমলসমূহ বাতিল হয়ে যাবে,

وَأَنتُمْ لَا تَشْعُرُونَ ﴿٢﴾ إِنَّ الَّذِينَ يَغُضُّونَ أَصْوَاتَهُمْ عِندَ رَسُولِ اللَّهِ أُولَٰئِكَ

ওয়া আন্‌তুম্ লা-তাশ্'উরূন্। ৩। ইন্নাল্লাযীনা ইয়াগুদ্দূনা আস্বওয়া-তাহুম্ 'ইন্দা রাসূলিল্লা-হি উলা—ইকাল্

অথচ তা তোমরা অনুভবও করতে পারবে না। (৩) নিশ্চয়ই যারা আল্লাহর রাসূলের সামনে নিজ আওয়াজ নীচু করে, তাদের

الَّذِينَ امْتَحَنَ اللَّهُ قُلُوبَهُمْ لِلتَّقْوَىٰ ۚ لَهُم مَّغْفِرَةٌ وَأَجْرٌ عَظِيمٌ ﴿٣﴾ إِنَّ الَّذِينَ

লাযীনাম্ তাহানাল্লা-হু কুলূবাহুম্ লিত্তাক্বওয়া-; লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়া আজ্‌রুন্ 'আজীম। ৪। ইন্নাল্লাযীনা

অন্তরকে আল্লাহ তাকওয়ার জন্য যাচাই করেছেন। তাদের জন্য রয়েছে (আল্লাহর পক্ষ হতে) ক্ষমা ও বিরাট পুরষ্কার। (৪) যারা আপনাকে কক্ষের

يُنَادُونَكَ مِن وَرَاءِ الْحُجُرَاتِ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ ﴿٤﴾ وَلَوْ أَنَّهُمْ صَبَرُوا حَتَّىٰ

ইউনা-দূনাকা মিওঁ ওরা—ইল্ হুজুরা-তি আকছারুহুম্ লা- ই'য়াক্বিলূন। ৫। ওয়া লাও আন্নাহুম্ স্বাবারূ হাত্তা-

পিছন থেকে জোরে ডাকে, তাদের মধ্যে অধিকাংশই বুদ্ধিহীন (মূর্খ)। (৫) আপনি বের হয়ে তাদের কাছে আসা পর্যন্ত যদি তারা ধৈর্যধারণ করত;

تَخْرُجَ إِلَيْهِمْ لَكَانَ خَيْرًا لَّهُمْ ۚ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿٥﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا

তাখ্রুজ্বা ইলাইহিম্ লাকা-না খাইরাল্ লাহুম; ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম। ৬। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ~

তবে এটা তাদের জন্য কল্যাণকর হত। আল্লাহ মহাক্ষমাশীল ও দয়াশীল। (৬) হে মুমিনগণ! যদি কোন ফাসিক (পাপী) তোমাদের কাছে

إِن جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَإٍ فَتَبَيَّنُوا أَن تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ فَتُصْبِحُوا عَلَىٰ

ইন্ জ্বা—আকুম ফা-সিকুম্ বিনাবাইন্ ফাতাবাইয়্যানূ~আন্ তুস্বীবূ ক্বাওমাম্ বিজ্বাহা-লাতিন্ ফাতুস্ববিহূ 'আলা-

কোন সংবাদ নিয়ে আসে, তবে তোমরা সেটাকে (ভালভাবে) পরখ কর। (সাবধান!) এমন যেন না হয় যে, বিনা পরখে অজ্ঞতা বশতঃ কোন সম্প্রদায়ের তোমরা ক্ষতি করে বস,

مَا فَعَلْتُمْ نَادِمِينَ ﴿٦﴾ وَاعْلَمُوا أَنَّ فِيكُمْ رَسُولَ اللَّهِ ۚ لَوْ يُطِيعُكُمْ فِي كَثِيرٍ

মা- ফা'আল্তুম্ না-দিমীন। ৭। ও'য়ালামূ~আন্না ফীকুম রাসূলাল্লা-হি ; লাও ইউত্বী'উকুম ফী কাছীরিম্

পরে তোমাদের সে কাজের জন্য তোমরা অনুতপ্ত হও। (৭) জেনে রাখ! তোমাদের মাঝে আল্লাহর রাসূল উপস্থিত আছেন। যদি তিনি অনেক বিষয়ে তোমাদের

مِّنَ الْأَمْرِ لَعَنِتُّمْ وَلَٰكِنَّ اللَّهَ حَبَّبَ إِلَيْكُمُ الْإِيمَانَ وَزَيَّنَهُ فِي قُلُوبِكُمْ

মিনাল্ আম্রি লা'আনিত্তুম্ ওয়ালা- কিন্নাল্লা-হা হ্বাব্বাবা ইলাইকুমুল্ ঈমা-না ওয়া যাইয়্যানাহূ ফী কুলূবিকুম্

কথা শোনাতেন, তবে তোমরাই অসুবিধায় পড়তে। কিন্তু আল্লাহ ঈমানকে তোমাদের নিকট পছন্দনীয় করেছেন এবং তা তোমাদের অন্তরে সুশোভিত

وَكَرَّهَ إِلَيْكُمُ الْكُفْرَ وَالْفُسُوقَ وَالْعِصْيَانَ ۚ أُولَٰئِكَ هُمُ الرَّاشِدُونَ ۝

ওয়া কার্রাহা ইলাইকুমুল্ কুফ্রা ওয়াল্ ফুসূক্বা ওয়াল্ 'ইস্বইয়া-না ; উলা—ইকা হুমুর্ রা-শিদূন।

করেছেন এবং অপছন্দনীয় করেছেন তোমাদের কাছে, কুফরী, পাপের কাজ এবং নাফরমানীকে; এরাই সঠিক পথ প্রাপ্ত।

﴿٧﴾ فَضْلًا مِّنَ اللَّهِ وَنِعْمَةً ۚ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿٨﴾ وَإِن طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ

৮। ফাদ্বলাম্ মিনাল্লা-হি ওয়া নি'মাতান ; ওয়াল্লা-হু 'আলীমুন্ হ্বাকীম। ৯। ওয়া ইন্ ত্বা—ইফাতা-নি মিনাল্ মু'মিনীনাক্ব

(৮) এসব কিছু আল্লাহর করুণা ও অনুগ্রহ। আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞ। (৯) যদি মুমিনগণের দু'দল (একে অপরের সাথে) লড়াই করে,

اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا ۖ فَإِن بَغَتْ إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَىٰ فَقَاتِلُوا الَّتِي

তাতাল্ ফাআস্বলিহূ বাইনাহুমা-, ফাইম্ বাগাত্ 'ইহ্দা-হুমা- 'আলাল্ উখ্রা- ফাক্বা-তিলুল্লাতী

তবে তাদের মধ্যে বিরোধ মীমাংসা করে দিবে। অতঃপর যদি সে দু'দলের একদল অন্য দলের উপর, জুলুম করে তবে জুলুমকারী দলের সাথে

تَبْغِي حَتَّىٰ تَفِيءَ إِلَىٰ أَمْرِ اللَّهِ ۚ فَإِن فَاءَتْ فَأَصْلِحُوا بَيْنَهُمَا بِالْعَدْلِ

তাব্গী হ্বাত্তা- তাফী—আ ইলা~আম্রিল্লা-হি, ফাইন্ ফা—আত্ ফাআস্বলিহূ বাইনাহুমা- বিল্'আদ্লি

লড়াই কর যতক্ষণ না তারা আল্লাহর হুকুমের দিকে ফিরে আসে। যদি তারা ফিরে আসে, তবে তাদের মাঝে মীমাংসা করে দিবে, ন্যায়ের সাথে এবং

وَأَقْسِطُوا ۖ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿٩﴾ إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا

ওয়া আক্বসিতূ ; ইন্নাল্লা-হা ইউহ্বিব্বুল্ মুক্বসিত্বীন। ১০। ইন্নামাল্ মু'মিনূনা ইখ্ওয়াতুন্ ফাআস্বলিহূ

সুবিচার করবে। নিশ্চয়ই আল্লাহ সুবিচারকারীদের ভালবাসেন। (১০) মুমিনগণতো পরস্পরে (দ্বীনী) ভাই। সুতরাং মীমাংসা কর তোমাদের নিজ

১ ع ১৩ রুকূ

● তিন চতুর্থাংশ

بَيْنَ أَخَوَيْكُمْ ۚ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿١٠﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرْ

বাইনা আখাওয়াইকুম্ ওয়াত্তাকুল্লা-হা লা'আল্লাকুম তুর্হামূন। ১১। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা- ইয়াস্খার্

ভায়ের মধ্যে এবং আল্লাহকে ভয় কর, যাতে তোমরা (আল্লাহর) রহমত পেতে পার। (১১) হে মুমিনগণ! এক পুরুষ যেন অন্য পুরুষকে ঠাট্টা না

قَوْمٌ مِّن قَوْمٍ عَسَىٰ أَن يَكُونُوا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَاءٌ مِّن نِّسَاءٍ عَسَىٰ أَن

ক্বাওমুম্ মিন্ ক্বাওমিন্ 'আসা~আঁই ইয়াকূনূ খাইরাম্ মিন্হুম ওয়ালা- নিসা—উম্ মিন্ নিসা—ইন্ 'আসা~আঁই

করে, হয়তো সে, ঠাট্টাকারী হতে অতি উত্তম। আর কোন মহিলা যেন কোন মহিলাকে ঠাট্টা না করে। কেননা, হয়তো সে, ঠাট্টাকারীনি

يَكُنَّ خَيْرًا مِّنْهُنَّ ۖ وَلَا تَلْمِزُوا أَنفُسَكُمْ وَلَا تَنَابَزُوا بِالْأَلْقَابِ ۖ بِئْسَ

ইয়াকুন্না খাইরাম্ মিন্হুন্না, ওয়ালা- তাল্মিযূ~আন্ফুসাকুম্ ওয়ালা- তানা-বাযূ বিল্আল্ক্বা-বি ; বি'সা

হতে অতি উত্তম। তোমরা তোমাদের নিজেদের মধ্যে একে অপরের দুর্নাম করনা এবং তোমরা একে অপরকে বিদ্রূপাত্মক উপাধিতে ডেকনা।

الِاسْمُ الْفُسُوقُ بَعْدَ الْإِيمَانِ ۚ وَمَن لَّمْ يَتُبْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ۝

লিস্মুল্ ফুসূক্ব 'বাদাল্ ঈমা-নি, ওয়া মাল্ লাম্ ইয়াতুব্ ফাউলা—ইকা হুমুজ্ জা-লিমূন।

ঈমান গ্রহণের পরে তাকে খারাপ নামে ডাকা পাপ কাজ। আর যারা এর থেকে ফিরে থাকবেনা তারাই জালিম (অত্যাচারী)।

﴿١١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْمٌ

১২। ইয়া~আইয়্যুহাল্ লাযীনা আ-মানুজ্ব তানিবূ কাছীরাম্ মিনাজ্ জান্নি, ইন্না 'বাদ্বাজ জান্নি ইছ্মুওঁ

(১২) হে মুমিনগণ! তোমরা অনেক ধরণের (খারাপ) ধারণা পরিহার কর। নিশ্চয়ই কতিপয় ধারণা করা পাপ কাজ এবং

وَلَا تَجَسَّسُوا وَلَا يَغْتَب بَّعْضُكُم بَعْضًا ۚ أَيُحِبُّ أَحَدُكُمْ أَن يَأْكُلَ لَحْمَ

ওয়ালা তাজ্বাস্সাসূ ওয়ালা- ইয়াগ্তাব্ 'বাদ্বুকুম্ 'বাদ্বান ; আইউহিব্বু আহ্বাদুকুম্ আঁই ইয়া'কুলা লাহ্বমা

তোমরা কারও (ত্রুটি) বিষয় অন্বেষণ কর না এবং অগোচরে একে অপরের নিন্দা (বদনাম) করনা। তোমাদের মধ্যে কি কেহ তোমাদের মৃত ভ্রাতার গোস্ত খাওয়া

أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ ۚ وَاتَّقُوا اللَّهَ ۚ إِنَّ اللَّهَ تَوَّابٌ رَّحِيمٌ ﴿١٢﴾ يَا أَيُّهَا النَّاسُ

আখীহি মাইতান্ ফাকারিহ্তুমূহ ; ওয়াত্তাকুল্লা-হা ; ইন্নাল্লা-হা তাওয়্যা- বুর রাহ্বীম। ১৩। ইয়া~আইয়্যুহান্ না-সু

পছন্দ কর? তোমরাতো তা ঘৃণাই কর। আল্লাহকে ভয় কর। নিশ্চয়ই আল্লাহ তওবা গ্রহণকারী, অসীম দয়ালু। (১৩) হে মানুষ! আমি তোমাদেরকে

إِنَّا خَلَقْنَاكُم مِّن ذَكَرٍ وَأُنثَىٰ وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا ۚ إِنَّ

ইন্না- খালাক্বনা-কুম্ মিন্ যাকারিঁও ওয়া উন্ছা- ওয়া জ্বা'আল্না-কুম্ শু'উবাওঁ ওয়া ক্বাবা—ইলা লিতা'আ-রাফূ ; ইন্না

সৃষ্টি করেছি এক পুরুষ ও এক নারী হতে এবং তোমাদেরকে বিভিন্ন বংশে ও গোত্রে বিভক্ত করেছি, যাতে তোমরা একে অপরকে জানতে পার। নিশ্চয়ই

○ শানে নুযূল (আঃ ১১) ঃ ......لا يسخر قوم - বনূ তামীমের একটি গোত্র গরীব সাহাবাগণ (রা)-কে হাসি-ঠাট্টা করত। যেমন হযরত আম্মার, হযরত বিলাল, হযরত সালমান ফারসী, হযরত খাব্বাব এবং হযরত শোহায়ব (রা)। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী) ولا تنابزوا - অর্থাৎ কারও ভাল নামকে বিকৃত করে ডাকা বা মানুষকে এমন নামে সম্বোধন করা, যাতে সে কষ্ট ও লজ্জা পায়। এভাবে ডাকা সম্পূর্ণভাবে নিষেধ করা হয়েছে। (কুঃ কারীম) * بئس الاسم الفسوق - ইসলাম গ্রহণের পরে অথবা তওবার পরে, তাকে পূর্ববর্তী ধর্ম অথবা গুনাহর কথা বলে সম্বোধন করা পাপের কাজ। যেমন– হে কাফের, হে ব্যভিচারী, হে শরাবখোর ইত্যাদি। ○ বিশ্লেষণ (আঃ ১২) ঃ بعد الظن اثم - মুমিনগণের প্রতি মিথ্যা ও খারাপ ধারণা করা গুনাহের কাজ। আর যারা ফাসিক ও পাপী তাদের পাপ কাজের জন্য খারাপ ধারণা রাখায় গুনাহ নেই। (জালালাইন)

أَكْرَمَكُمْ عِنْدَ اللّٰهِ أَتْقٰكُمْ ۚ إِنَّ اللّٰهَ عَلِيمٌ خَبِيرٌ ﴿١٣﴾ قَالَتِ الْأَعْرَابُ اٰمَنَّا ۚ

আক্‌রামাকুম্ 'ইন্‌দাল্লা-হি আত্‌ক্বা-কুম ; ইন্নাল্লা-হা 'আলীমুন্ খাবীর। ১৪। ক্বা-লাতিল্ 'আরা-বু আ-মান্না-;

তোমাদের মধ্যে আল্লাহর কাছে অতি সম্মানিত সে যে অধিক পরহেজগার। নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, সর্বজ্ঞ। (১৪) আরব গ্রামবাসীরা বলে, আমরা ঈমান এনেছি,

قُلْ لَمْ تُؤْمِنُوا وَلٰكِنْ قُولُوا أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ ۖ وَإِنْ

কুল্ লাম্ তু'মিনূ ওয়ালা-কিন কূলূ~আস্‌লাম্‌না- ওয়া লাম্মা- ইয়াদ্‌খুলিল ঈমা-নু ফী কুলূবিকুম ; ওয়া ইন্

আপনি বলুন, মূলতঃ তোমরা ঈমান আননি, বরং তোমরা এভাবে বল যে, আমরা ইসলাম গ্রহণ করেছি। কেননা এখন পর্যন্ত তোমাদের অন্তরে ঈমান প্রবেশ করেনি। যদি

تُطِيعُوا اللّٰهَ وَرَسُولَهُ لَا يَلِتْكُمْ مِنْ أَعْمَالِكُمْ شَيْئًا ۚ إِنَّ اللّٰهَ غَفُورٌ رَحِيمٌ ○

তুত্বী'উল্লা-হা ওয়া রাসূলাহূ লা-ইয়ালিত্‌কুম্ মিন্ 'আমা-লিকুম শাইআন ; ইন্নাল লা-হা গাফূরুর রাহীম।

তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ মেনে চল, তবে আল্লাহ তোমাদের কোন আমলে সওয়াব প্রদানে কমতি করবেন না। নিশ্চয়ই আল্লাহ অতি ক্ষমাপরায়ন ও মেহেরবান।

﴿١٤﴾ إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ اٰمَنُوا بِاللّٰهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجٰهَدُوا

১৫। ইন্নামাল্ মু'মিনূনাল্ লাযীনা আ-মানূ বিল্লা-হি ওয়া রাসূলিহী ছুম্মা লাম্ ইয়ার্‌তা-বূ ওয়া জ্বা-হাদূ

(১৫) মুমিনতো তারা, যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনে, অতঃপর (ঈমানের ব্যাপারে) সন্দেহ পোষণ করে না এবং

بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللّٰهِ ۚ أُولٰئِكَ هُمُ الصّٰدِقُونَ ﴿١٥﴾ قُلْ أَتُعَلِّمُونَ

বিআম্‌ওয়া- লিহিম ওয়া আন্‌ফুসিহিম্ ফী সাবীলিল্লা-হি ; উলা—ইকা হুমুস্ব স্বা-দিকূন। ১৬। কুল্ আতু'আল্লিমূনাল

তাদের ধনসম্পদ ও জীবন দিয়ে, আল্লাহর পথে জিহাদ করে। তারাই (ঈমানের দাবীতে) সত্যবাদী। (১৬) আপনি বলুন, তোমরা কি

اللّٰهَ بِدِينِكُمْ ۚ وَاللّٰهُ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ ۚ وَاللّٰهُ بِكُلِّ

লা-হা বিদীনিকুম ; ওয়াল্লা-হু ই'য়ালামু মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আর্‌দ্বি ; ওয়াল্লা-হু বিকুল্লি

তোমাদের দ্বীনদারী সম্পর্কে আল্লাহকে অবগত করছ? অথচ আল্লাহ খুব জানেন, আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু রয়েছে সব বিষয়। আল্লাহ সর্ব বিষয়ে

شَيْءٍ عَلِيمٌ ﴿١٦﴾ يَمُنُّونَ عَلَيْكَ أَنْ أَسْلَمُوا ۖ قُلْ لَا تَمُنُّوا عَلَيَّ إِسْلَامَكُمْ ۚ

শাইয়ন্ 'আলীম। ১৭। ইয়ামুন্‌নূনা 'আলাইকা আন্ আস্‌লামূ ; কুল্ লা-তামুন্‌নূ 'আলাইয়্যা ইস্‌লা-মাকুম্,

সর্বজ্ঞাত। (১৭) তাদের ধারণা তারা ইসলাম কবুল করে; আপনার প্রতি অনুগ্রহ করেছে, বলুন, তোমরা তোমাদের ইসলাম গ্রহণ দ্বারা আমার প্রতি অনুগ্রহ করনি;

بَلِ اللّٰهُ يَمُنُّ عَلَيْكُمْ أَنْ هَدٰكُمْ لِلْإِيمَانِ إِنْ كُنْتُمْ صٰدِقِينَ ﴿١٧﴾ إِنَّ

বালিল্লা-হু ইয়ামুন্নু 'আলাইকুম্ আন্ হাদা-কুম্ লিল্‌ঈমা-নি ইন্ কুন্‌তুম্ স্বা-দিক্বীন। ১৮। ইন্নাল

বরং আল্লাহ তোমাদেরকে ঈমানের দিকে পথ প্রদর্শন করতঃ তোমাদের প্রতি অনুগ্রহ করেছেন। যদি তোমরা সত্যবাদী হও। (১৮) নিশ্চয়ই

○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ قالت الاعراب - কতিপয় তফসীরকারদের মতে, 'আরব গ্রামবাসী' দ্বারা বনূ আসাদ এবং খাযীমা গোত্রের মুনাফিকদেরকে বুঝান হয়েছে। যারা দুর্ভিক্ষের সময়, শুধু দান সদকা আদায়ের জন্য মুসলমান বলে দাবী করত। কিন্তু তাদের অন্তরে ঈমান নেই। (ফতহুল কাদীর) ইমাম ইবন কাসীরের মতে, আরব গ্রামবাসী দ্বারা তাদেরকে বুঝান হয়েছে, যারা নওমুসলিম এবং এখন পর্যন্ত তাদের অন্তরে ঈমান মজবুত হয়নি। কিন্তু তারা ঈমানের দাবীতে অগ্রগামী ছিল। যে প্রেক্ষিতে তাদেরকে এ উপদেশ দেয়া হয়েছে যে, প্রথম অবস্থায়ই ঈমানের পূর্ণতায় পৌছার দাবী করা ঠিক নয়; বরং ক্রমে ক্রমে ঈমানের পূর্ণতায় পৌছবে। (কুঃ কারীম)

২ (১৮) ১৪ রুকূ اللّٰهَ يَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ وَاللّٰهُ بَصِيرٌ بِمَا تَعْمَلُونَ ○ ع

লা-হা ই'য়ালামু গাইবাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি; ওয়াল্লা-হু বাস্বীরুম্ বিমা-'তামালূন।

আল্লাহ, আকাশমন্ডলী ও পৃথিবীর গোপন বিষয় সম্পর্কে অবগত আছেন। তোমাদের সব কৃত কর্ম আল্লাহ ভালভাবে দেখেন।

সূরা ক্বা-ফ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৪৫
রুকূ ঃ ৩

মঞ্জিল ৭ قٓ ۚ وَالْقُرْاٰنِ الْمَجِيدِ ﴿١﴾ بَلْ عَجِبُوا أَنْ جَاءَهُمْ مُنْذِرٌ مِنْهُمْ فَقَالَ

১। ক্বা—ফ্ ; ওয়াল্ কুরআ-নিল্ মাজ্বীদ্। ২। বাল্ 'আজ্বিবূ~আন্ জ্বা—আহুম্ মুন্‌যিরুম্ মিন্‌হুম্ ফাক্বা-লাল্

(১) ক্বা-ফ; মহান কুরআনের শপথ। (২) কিন্তু তাদের মাঝে একজন সতর্ককারী আসছে দেখে আশ্চর্যান্বিত হয়েছে।

الْكٰفِرُونَ هٰذَا شَيْءٌ عَجِيبٌ ﴿٢﴾ ءَإِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا ۚ ذٰلِكَ رَجْعٌ بَعِيدٌ ﴿٣﴾ قَدْ

কা-ফিরূনা হা-যা- শাইউন্ 'আজ্বীব্। ৩। আইযা- মিত্‌না- ওয়াকুন্না- তুরা-বান্, যা-লিকা রাজ্ব'উম বা'ঈদ। ৪। ক্বাদ্

কাফেরেরা বলে, এ তো আশ্চর্যজনক বিষয়! (৩) যখন আমরা মারা যাব এবং মাটি হয়ে যাব, এর পরেও কি পুনরুত্থিত হব? প্রত্যাবর্তন হওয়া অসম্ভব! (৪) (আল্লাহ বলেন)

عَلِمْنَا مَا تَنْقُصُ الْأَرْضُ مِنْهُمْ ۖ وَعِنْدَنَا كِتٰبٌ حَفِيظٌ ﴿٤﴾ بَلْ كَذَّبُوا بِالْحَقِّ

'আলিম্‌না- মা- তান্‌কুস্বুল্ আর্‌দ্বু মিন্‌হুম, ওয়া 'ইন্‌দানা- কিতা-বুন্ হাফীজ। ৫। বাল্ কায্‌যাবূ বিল্‌হাক্কি

আমিতো জানি মাটি কতটুকু ধ্বংস করে তাদের শরীরের অংশগুলোকে এবং আমার কাছে রয়েছে সংরক্ষক কিতাব। (৫) বরং যখন তাদের কাছে সত্য বিষয়

لَمَّا جَاءَهُمْ فَهُمْ فِي أَمْرٍ مَرِيجٍ ﴿٥﴾ أَفَلَمْ يَنْظُرُوا إِلَى السَّمَاءِ فَوْقَهُمْ كَيْفَ

লাম্মা- জ্বা—আহুম ফাহুম ফী ~আম্‌রীম্ মারিজ্ব। ৬। আফালাম্ ইয়ান্‌জুরূ~ইলাস্ সামা—ই ফাওক্বাহুম কাইফা

এসেছে তখন তারা তা অবিশ্বাস করেছে। ফলে তারা জটিলতায় পড়ে গেছে। (৬) তারা কি তাদের উপর আকাশের দিকে দৃষ্টি করেনা? আমি তা কিভাবে

بَنَيْنٰهَا وَزَيَّنّٰهَا وَمَا لَهَا مِنْ فُرُوجٍ ﴿٦﴾ وَالْأَرْضَ مَدَدْنٰهَا وَأَلْقَيْنَا فِيهَا رَوَاسِيَ

বানাইনা-হা- ওয়া যাইয়্যান্না-হা- ওয়ামা- লাহা- মিন্ ফুরূজ্ব। ৭। ওয়াল্ আর্‌দ্বা মাদাদ্‌না-হা- ওয়া আলক্বাইনা- ফীহা- রাওয়া-সিয়া

সৃষ্টি করেছি এবং কত সৌন্দর্য দান করেছি এবং তাতে কোন ফাটলও নেই। (৭) আর আমি যমীনকে করেছি প্রসারিত এবং তার ওপর পাহাড়গুলো স্থাপন করেছি,

وَأَنْبَتْنَا فِيهَا مِنْ كُلِّ زَوْجٍ بَهِيجٍ ﴿٧﴾ تَبْصِرَةً وَذِكْرٰى لِكُلِّ عَبْدٍ مُنِيبٍ ○

ওয়া আম্‌বাত্‌না- ফীহা- মিন্ কুল্লি যাওজ্বিম্ বাহীজ্ব। ৮। তাব্‌স্বিরাতাওঁ ওয়াযিক্‌রা- লিকুল্লি 'আব্‌দিম্ মুনীব।

এবং আমি যমীনে উৎপন্ন করেছি প্রতিটি ধরনের মনোরম উদ্ভিজ্জ (৮) প্রত্যেক আল্লাহ অভিমুখী বান্দার জন্য ও উপদেশ স্বরূপ।

○ সূরা ক্বাফ-এর শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) ঈদের নামাজে সূরায়ে ক্বাফ পাঠ করতেন। ইমাম ইবন কাসীর (রহ) বলেন, দু-ঈদ এবং জুমার নামাজে এ সূরা পাঠের তাৎপর্য হচ্ছে, তিনি (স) বড় জামাতে এ সূরা পাঠ করতেন। কেননা, এ সূরায় সৃষ্টির সূচনা, পুনরুত্থান, হাশর, হিসাব-নিকাশ, জান্নাত, জাহান্নাম, সওয়াব এবং শাস্তির বর্ণনা রয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৫) ঃ كذبوا بالحق - এখানে 'সত্য কথা' দ্বারা কুরআন ইসলাম অথবা রাসূলুল্লাহ (স) নবুওয়াতকে বুঝান হয়েছে। فى امر مريج - অর্থাৎ তারা (কাফিরেরা) রাসূল (স) সম্পর্কে মন্তব্য করতে জটিলতায় (সমস্যায়) পড়ে গেছে। কখনও তারা, তাঁকে যাদুকর, কখনও কবি, কখনও গণক বলে। (অর্থাৎ সত্য আসার পরে তারা রাসূল (স) সম্পর্কে সিদ্ধান্তহীনতায় (পেরেশানীতে) ভুগছে। (কুঃ কারীম)

١٠ ونزلنا من السماء ماء مبركا فانبتنا به جنت وحب الحصيد ١١ والنخل

৯। ওয়া নায্যাল্না- মিনাস্ সামা—ই মা—আম্ মুবা-রাকান্ ফাআম্বাত্না- বিহী জ্বান্না-তিওঁ ওয়াহ্বাব্বাল্ হ্বাছীদ। ১০। ওয়ান্ নাখ্লা
(৯) আমি আকাশ হতে কল্যাণকর বৃষ্টি বর্ষণ করি এবং তার দ্বারা আমি উৎপন্ন করি বাগান এবং সংগৃহীত ফসল। (১০) এবং উঁচু খেজুর বৃক্ষ,

بسقت لها طلع نضيد ١١ رزقا للعباد واحيينا به بلدة ميتا كذلك

বা-সিক্বা-তিল্লাহা- ত্বাল্'উন নাদ্বীদ্। ১১। রিয্ক্বাল্ লিল্'ইবা-দি, ওয়া আহ্ইয়াইনা- বিহী বাল্দাতাম্ মাইতান্ ; কাযা-লিকাল্
যার শীর্ষে রয়েছে গুচ্ছ খেজুর। (১১) বান্দাগণের রিযিকের জন্য পানি দ্বারা এবং তাদ্বারা আমি জীবিত করি মৃত যমীনকে। অনুরূপভাবেই (কবর থেকে)

الخروج ١٢ كذبت قبلهم قوم نوح واصحب الرس وثمود ١٣ وعاد

খুরূজ্ব। ১২। কায্যাবাত্ ক্বাব্লাহুম ক্বাওমু নূহিওঁ ওয়া আস্বহ্বা-বুর রাসসি ওয়া ছামূদ্। ১৩। ওয়া 'আ-দুওঁ
বের করা হবে। (১২) তাদের পূর্বেও অবিশ্বাস করেছিল নূহের সম্প্রদায়, কূপবাসীরা ও সামূদ সম্প্রদায় (১৩) এবং আদ,

وفرعون واخوان لوط ١٤ واصحب الايكة وقوم تبع كل كذب الرسل

ওয়া ফির্'আওনু ওয়া ইখ্ওয়া-নু লূত্ব। ১৪। ওয়া আস্বহ্বা-বুল্ আইকাতি ওয়া ক্বাওমু তুব্বা'ইন ; কুল্লুন্ কায্যাবার রুসুলা
ফেরাউন, লূতের সম্প্রদায়। (১৪) এবং আয়কা বাসিন্দারা ও তুব্বা সম্প্রদায়, ওরা সবাই রাসূলকে অবিশ্বাস করেছিল, ফলে আমার শাস্তি তাদের

فحق وعيد ١٥ افعيينا بالخلق الاول بل هم في لبس من خلق جديد

ফাহ্বাক্ব্ক্বা ওয়া'ঈদ। ১৫। আফাআ'য়ীনা- বিল্খাল্ক্বিল্ আওঁয়্যালি ; বাল্ হুম ফী লাব্সিম্ মিন্ খাল্ক্বিন্ জ্বাদীদ্।
ওপর বাস্তবায়িত হয়েছে। (১৫) আমি কি প্রথম বার সৃষ্টি করার কারণেই দুর্বল হয়ে পড়েছি? বরং ওরা (কাফেরেরা) নতুন সৃষ্টি সম্পর্কে সন্দেহের মধ্যে রয়েছে।

١٦ ولقد خلقنا الانسان ونعلم ما توسوس به نفسه ونحن اقرب اليه

১৬। ওয়া লাক্বাদ্ খালাক্বনাল্ ইন্সা-না ওয়া'নালামু মা- তুওয়াস্ওয়িসু বিহী নাফ্সুহূ, ওয়া নাহ্নু আক্বরাবু ইলাইহি
(১৬) আমি মানুষকে সৃষ্টি করেছি এবং তার অন্তর (আত্মা) তাকে যে কুমণা দেয়, তা আমি জানি এবং আমি তার ঘাড়ের

من حبل الوريد ١٧ اذ يتلقى المتلقين عن اليمين وعن الشمال قعيد

মিন্ হ্বাব্লিল্ ওয়ারীদ্। ১৭। ইয্ ইয়াতালাক্ক্বাল্ মুতালাক্ক্বিইয়া-নি 'আনিল্ ইয়ামীনি ওয়া 'আনিশ্ শিমা-লি ক্বা'ঈদ্।
রগের চেয়ে অতি নিকটে। (১৭) স্মরণ করুন! যখন দুজন হিসাব গ্রহণকারী (ফিরিশতা) তার ডান দিকে ও বামদিকে বসে তার কর্মসমূহ লিপিবদ্ধ করে।

١٨ ما يلفظ من قول الا لديه رقيب عتيد ١٩ وجاءت سكرة الموت

১৮। মা- ইয়াল্ফিজু মিন্ ক্বাওলিন্ ইল্লা- লাদাইহি রাক্বীবুন্ 'আতীদ্। ১৯। ওয়া জ্বা—আত্ সাক্রাতুল্ মাওতি
(১৮) মানুষ যে কথাই মুখ থেকে বের করে, তা লিখে রাখার জন্য তার কাছেই প্রহরী প্রস্তুত রয়েছে। (১৯) মৃত্যুকালীন কষ্ট সত্যই এসে

○ বিশ্লেষণ (আঃ ১২) ঃ اصحب الراس - 'রাস' হল এক কূপের অধিবাসী। সেখানে তারা তাদের জীব জানোয়ারসহ বসবাস করত। তারা মূর্তি পূজক ছিল। কারো মতে, তাদের পয়গম্বর ছিল হযরত হানযালা ইবনে সাফওয়ান বা অন্য কোন বুজুর্গ ব্যক্তি। ○ বিশ্লেষণ (আঃ ১৪) ঃ وقوم تبع - ইয়ামনের বাদশাহ, যিনি মুসলমান হয়েছিলেন। তিনি তাঁর সম্প্রদায়কে ইসলামের দাওয়াত দেন। কিন্তু তারা তা অস্বীকার করেছিল। (জালালাইন)
○ বিশ্লেষণ (আঃ ১৬) ঃ حبل الوريد - ঘাড়ের রগ অর্থ, মানুষের শাহরগ। যা কাটলে মানুষ মারা যায়। এখানে নিকটতম বুঝান হয়েছে অবগতির দিক দিয়ে নিকটতম। অর্থাৎ অবগতির দিক দিয়ে আল্লাহ মানুষের এত নিকটে যে তার মনের কথাগুলোও তিনি জানেন। (কুঃ কারীম)

بالحق ذلك ما كنت منه تحيد ٢٠ ونفخ في الصور ذلك يوم الوعيد

বিল্হ্বাক্ব্ক্বি ; যা-লিকা মা- কুন্তা মিন্হু তাহ্বীদ্। ২০। ওয়া নুফিখা ফিস্ব স্বূরি ; যা-লিকা ইয়াওমুল্ ওয়া'ঈদ।
উপস্থিত হবে, এটা সে মৃত্যু, যা থেকে তোমরা পালাতে। (২০) আর শিংগায় ফুৎকার দেয়া হবে, এটাই প্রতিশ্রুতি শাস্তি দেয়ার দিন।

٢١ وجاءت كل نفس معها سائق وشهيد ٢٢ لقد كنت في غفلة من هذا

২১। ওয়া জ্বা—আত্ কুল্লু নাফ্সিম্ মা'আহা- সা—ইকুওঁ ওয়া শাহীদ। ২২। লাক্বাদ্ কুন্তা ফী গাফ্লাতিম্ মিন্ হা-যা-
(২১) প্রত্যেকেই (হাশরের ময়দানে) এমন অবস্থায় উপস্থিত হবে যে, তার সাথে থাকবে একজন চালক (ফেরেশতা) আর একজন সাক্ষী (ফেরেশতা)। (২২) (অবিশ্বাসীদেরকে বলা হবে) নিশ্চয়ই তুমি ছিলে পৃথিবীতে এ দিবস সম্পর্কে উদাসীন। কিন্তু এখন আমি

فكشفنا عنك غطاءك فبصرك اليوم حديد ٢٣ وقال قرينه هذا ما لدى

ফাকাশাফ্না- 'আন্কা গিত্বা—আকা ফাবাস্বারুকাল্ ইয়াওমা হ্বাদীদ্। ২৩। ওয়া ক্বা-লা ক্বারীনুহূ হা-যা- মা- লাদাইয়্যা
তোমার চক্ষুর ওপর থেকে তোমার পর্দা সরিয়ে দিয়েছি। সুতরাং আজ তোমার দৃষ্টি অতি তীক্ষ্ণ। (২৩) সাথী ফেরেশতা বলবে, এইতো আমলনামা যা আমার কাছে প্রস্তুত

عتيد ٢٤ القيا في جهنم كل كفار عنيد ٢٥ مناع للخير معتد مريب ٢٦ الذي

'আতীদ। ২৪। আল্ক্বিয়া- ফী জ্বাহান্নামা কুল্লা কাফ্ফা-রিন্ 'আনীদ্। ২৫। মান্না-'ইল্ লিল্খাইরি 'মুতাদিম্ মুরীবিন। ২৬। আল্লাযী
রয়েছে। (২৪) প্রহরীকে নির্দেশ দেয়া হবে যে জাহান্নামে নিক্ষেপ কর প্রত্যেক কাফিরকে, (২৫) যারা ভাল কাজে বাধাদানকারী, সীমালংঘনকারী এবং সংশয়কারী। (২৬) যে

جعل مع الله الها اخر فالقيه في العذاب الشديد ٢٧ قال قرينه ربنا ما

জ্বা'আলা মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা ফাআল্ক্বিয়া-হু ফিল্ 'আযা-বিশ্ শাদীদ্। ২৭। ক্বা-লা ক্বারীনুহূ রাব্বানা- মা~
আল্লাহর সাথে অন্য কাউকে মাবুদ নির্ধারণ করেছে, তাকেও কঠিন শাস্তিতে নিক্ষেপ কর। (২৭) তার সাথী শয়তান বলবে, হে আমার প্রতিপালক!

اطغيته ولكن كان في ضلل بعيد ٢٨ قال لا تختصموا لدي وقد قدمت

আত্বগাইতুহূ ওয়ালা-কিন্ কা-না ফী দ্বালা-লিম্ বা'ঈদ। ২৮। ক্বা-লা লা- তাখ্তাস্বিমূ লাদাইয়্যা ওয়া ক্বাদ্ ক্বাদ্দামতু
আমি ওকে বিভ্রান্ত করিনি; বরং সে নিজেই চরম বিভ্রান্তির মধ্যে ছিল। (২৮) আল্লাহ বলবেন, আমার সামনে ঝগড়া কর না, আমিতো পূর্বেই তোমাদের কাছে

২ ع ১৪ ১৬ রুকূ
اليكم بالوعيد ٢٩ ما يبدل القول لدي وما انا بظلام للعبيد

ইলাইকুম বিল্ওয়া'ঈদ। ২৯। মা- ইউবাদ্দালুল্ ক্বাওলু লাদাইয়্যা ওয়ামা~আনা বিজাল্লা-মিল্ লিল্'আবীদ।
প্রেরণ করেছি এ শাস্তির প্রতিশ্রুতি। (২৯) আমার কথার কোনই পরিবর্তন হয় না এবং আমি আমার বান্দাগণের ওপর জুলুমকারীও নই।

٣٠ يوم نقول لجهنم هل امتلات وتقول هل من مزيد ٣١ وازلفت الجنة

৩০। ইয়াওমা নাক্বূলু লিজ্বাহান্নামা হালিম্ তালা'তি ওয়া তাক্বূলু হাল্ মিম্ মাযীদ্। ৩১। ওয়া উয্লিফাতিল্ জ্বান্নাতু
(৩০) সেদিন আমি জাহান্নামকে জিজ্ঞাসা করব, তুমি কি পূর্ণ হয়েছ? সে বলবে, আরও (আমার মধ্যে) দেয়ার আছে কি? (৩১) আর জান্নাত পরহেজগারদের অতি নিকটে

للمتقين غير بعيد ٣٢ هذا ما توعدون لكل اواب حفيظ ٣٣ من خشي

লিল্মুত্তাক্বীনা গাইরা বা'ঈদ্। ৩২। হা-যা- মা- তূ'আদূনা লিকুল্লি আওয়্যা-বিন্ হ্বাফীজ। ৩৩। মান্ খাশিয়ার
করা হবে, মোটেই দূরত্ব থাকবে না। (৩২) এটা তাই, যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছিল, প্রত্যেকে আল্লাহর দিকে প্রত্যাবর্তনকারী ও হেফাজতকারীর জন্য, (৩৩) যে

الرَّحْمٰنَ بِالْغَيْبِ وَجَاءَ بِقَلْبٍ مُّنِيْبِ ۣ (٣٣) ادْخُلُوْهَا بِسَلٰمٍ ؕ ذٰلِكَ يَوْمُ
রাহ্মা-না বিল্‌গাইবি ওয়া জ্বা—আ বিক্বাল্‌বিম্ মুনীবি। ৩৪। উদ্‌খুলূহা- বিসালা-মিন; যা-লিকা ইয়াওমুল্
রহমান (আল্লাহ)-কে না দেখে ভয় করত এবং অনুগত হৃদয়ে উপস্থিত হত (৩৪) (তাদেরকে বলা হবে) তোমরা কল্যাণের সাথে প্রবেশ কর, এটা চিরস্থায়ী

الْخُلُوْدِ (٣٤) لَهُمْ مَّا يَشَآءُوْنَ فِيْهَا وَلَدَيْنَا مَزِيْدٌ (٣٥) وَكَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنٍ
খুলূদ্। ৩৫। লাহুম্ মা- ইয়াশা—উনা ফীহা- ওয়ালাদাইনা- মাযীদ্। ৩৬। ওয়া কাম্ আহ্‌লাক্‌না- ক্বাক্‌লাহুম্ মিন্ ক্বারনিন্
থাকার দিন। (৩৫) সেখানে তারা যা চাবে তা-ই পাবে; আর আমার নিকট আরও প্রচুর নেয়ামত রয়েছে। (৩৬) আমি তাদের পূর্বে বহু দলকে ধ্বংস করেছি

هُمْ اَشَدُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوْا فِى الْبِلَادِ ؕ هَلْ مِنْ مَّحِيْصٍ (٣٦) اِنَّ فِىْ ذٰلِكَ
হুম আশাদ্দু মিন্‌হুম্ বাত্বশান্ ফানাকৃক্বাবূ ফিল্ বিলা-দি ; হাল্ মিম্ মাহীস্ব। ৩৭। ইন্না ফী যা-লিকা
যারা শক্তিতে তাদের চেয়ে ছিল তীব্রতর, তারা বিভিন্ন শহরে ভ্রমণ করতো। তাদের জন্য কি কোন পলায়নের জায়গা ছিল? (৩৭) নিশ্চয়ই

لَذِكْرٰى لِمَنْ كَانَ لَهٗ قَلْبٌ اَوْ اَلْقَى السَّمْعَ وَهُوَ شَهِيْدٌ (٣٧) وَلَقَدْ خَلَقْنَا
লাযিক্‌রা- লিমান্ কা-না লাহূ ক্বাল্‌বুন্ আও আল্‌ক্বাস্ সাম'আ ওয়া হুওয়া শাহীদ্। ৩৮। ওয়া লাক্বাদ্ খালাক্বনাস্
এর মধ্যে রয়েছে উপদেশ তার জন্য, যার অন্তর (জ্ঞান) রয়েছে, অথবা আন্তরিকভাবে কান লাগিয়ে (আল্লাহর বাণী) শোনে। (৩৮) নিশ্চয়ই আমি

السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِىْ سِتَّةِ اَيَّامٍ ۖ وَّمَا مَسَّنَا مِنْ لُّغُوْبٍ ٥
সামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ্বা ওয়ামা- বাইনাহুমা- ফী সিত্তাতি আইয়্যা-মিওঁ, ওয়ামা-মাস্‌সানা- মিল্‌লুগূব।
আকাশমন্ডলী, পৃথিবী এবং এতদুভয়ের মধ্যস্থ সবকিছু (মাত্র) ছয়দিনে সৃষ্টি করেছি এ কারণে আমাকে ক্লান্তি একটুও স্পর্শ করেনি।

(٣٩) فَاصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ
৩৯। ফাস্বিবর্ 'আলা- মা- ইয়াক্বূলূনা ওয়া সাব্‌বিহ্ বিহাম্‌দি রাব্বিকা ক্বাব্‌লা তুলূ'ইশ্ শাম্‌সি ওয়া ক্বাব্‌লাল্
(৩৯) সুতরাং কাফেরেরা যা কিছু বলে, তাতে আপনি ধৈর্যধারণ করুন এবং তাসবীহ পাঠ করুন আপনার প্রতিপালকের প্রশংসায়, সূর্য উদয়ের পূর্বে এবং সূর্য অস্তের

الْغُرُوْبِ (٣٩) وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَاَدْبَارَ السُّجُوْدِ (٤٠) وَاسْتَمِعْ يَوْمَ يُنَادِ
গুরূব্। ৪০। ওয়া মিনাল্ লাইলি ফাসাব্‌বিহ্‌হু ওয়া আদ্‌বা-রাস্ সুজূদ্। ৪১। ওয়াস্‌তা'মি ইয়াওমা ইউনা-দিল্
পূর্বেও। (৪০) এবং তাসবীহ পাঠ করুন রাতের কিছু অংশেও এবং নামাজের পরেও। (৪১) শুনুন! যেদিন একজন ঘোষক অতি নিকটতম

الْمُنَادِ مِنْ مَّكَانٍ قَرِيْبٍ (٤١) يَوْمَ يَسْمَعُوْنَ الصَّيْحَةَ بِالْحَقِّ ؕ ذٰلِكَ يَوْمُ
মুনা-দি মিম্ মাকা-নিন্ ক্বারীব্। ৪২। ইয়াওমা ইয়াস্‌মা'ঊনাস্ব স্বাইহাতা বিল্‌হক্ক্বি ; যা-লিকা ইয়াওমুল্
স্থান হতে আহ্বান করবে, (৪২) যেদিন মানুষ সে ভয়ংকর আওয়াজ সত্যই শোনতে পাবে, সে দিন হবে (কবর থেকে) বের হওয়ার

الْخُرُوْجِ (٤٢) اِنَّا نَحْنُ نُحْىٖ وَنُمِيْتُ وَاِلَيْنَا الْمَصِيْرُ (٤٣) يَوْمَ تَشَقَّقُ
খুরূজ্ব। ৪৩। ইন্না- নাহ্‌নু নুহ্‌য়ী ওয়া নুমীতু ওয়া ইলাইনাল্ মাস্বীর। ৪৪। ইয়াওমা তাশাক্বক্বাকুল্
দিন। (৪৩) আমিই জীবন দান করি, আমিই মৃত্যু ঘটিয়ে থাকি আমার কাছেই সবার প্রত্যাবর্তন। (৪৪) সেদিন যমীন ফেটে যাবে

الْاَرْضُ عَنْهُمْ سِرَاعًا ؕ ذٰلِكَ حَشْرٌ عَلَيْنَا يَسِيْرٌ (٤٤) نَحْنُ اَعْلَمُ بِمَا يَقُوْلُوْنَ
আর্‌দ্বু 'আন্‌হুম্ সিরা-'আন ; যা-লিকা হাশ্‌রুন্ 'আলাইনা- ইয়াসীর ৪৫। নাহ্‌নু 'আলামু বিমা- ইয়াকূলূনা
এবং মানুষ অতিদ্রুত (কবর হতে) বের হয়ে আসবে; এই সমবেতকরণ আমার জন্য খুবই সহজ। (৪৫) তারা যা কিছু বলে, তা আমি খুব জানি।

৩ ع ১৭ রুকূ
وَمَاۤ اَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ ۫ فَذَكِّرْ بِالْقُرْاٰنِ مَنْ يَّخَافُ وَعِيْدِ ٥
ওয়ামা~আন্‌তা 'আলাইহিম্ বিজ্বাব্‌বা-রিন্, ফাযাক্‌কির্ বিল্‌কুর্‌আ-নি মাইঁ ইয়াখা-ফু ওয়া'ঈদ্।
আপনি তাদের ওপর ক্ষমতা প্রয়োগকারী নন। সুতরাং যে আমার শাস্তির প্রতিশ্রুতিকে ভয় করে তাকে কুরআনের দ্বারা উপদেশ দিন।

সূরা জা-রিয়া-ত
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ٥
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৬০
রুকূ ঃ ৩

(١) وَالذّٰرِيٰتِ ذَرْوًا (٢) فَالْحٰمِلٰتِ وِقْرًا (٣) فَالْجٰرِيٰتِ يُسْرًا (٤) فَالْمُقَسِّمٰتِ
১। ওয়ায্‌যা-রিয়া-তি যার্‌ওয়ান্ ২। ফাল্ হা-মিলা-তি ওয়িক্‌রান্ ৩। ফাল্‌জ্বা-রিয়া-তি ইউস্‌রা-। ৪। ফাল্ মুক্বাস্‌সিমা-তি
(১) শপথ ঝঞ্ঝা বায়ুর, (২) শপথ বোঝা বহনকারী মেঘমালার (৩) শপথ, ধীর গতিতে প্রবাহিত নৌযানের, (৪) শপথ, কাজ বন্টনকারী

اَمْرًا (٥) اِنَّمَا تُوْعَدُوْنَ لَصَادِقٌ (٦) وَّاِنَّ الدِّيْنَ لَوَاقِعٌ (٧) وَالسَّمَآءِ ذَاتِ
আম্‌রান্। ৫। ইন্নামা- তূ'আদূনা লাস্বা-দিক্ব। ৬। ওয়া ইন্নাদ্‌দীনা লাওয়া-ক্বি'উন। ৭। ওয়াস্ সামা—ই যা-তিল্
ফেরেশতার, (৫) তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেয়া হয় তা অবশ্যই সত্য। (৬) নিশ্চয়ই বিচার দিবস সংঘটিত হবে। (৭) শপথ অনেক কক্ষ পথ বিশিষ্ট

الْحُبُكِ (٨) اِنَّكُمْ لَفِىْ قَوْلٍ مُّخْتَلِفٍ (٩) يُّؤْفَكُ عَنْهُ مَنْ اُفِكَ (١٠) قُتِلَ الْخَرّٰصُوْنَ ٥
হুবুক। ৮। ইন্নাকুম্ লাফী ক্বাওলিম্ মুখ্‌তালিফিই ৯। ইউ'ফাকু 'আন্‌হু মান্ উফিক। ১০। কুতিলাল্ খার্‌রা-স্বূন
আকাশের, (৮) নিশ্চয়ই তোমরা পরস্পরে বিভিন্ন কথায় লিপ্ত। (৯) কুরআন থেকে সে ফিরে থাকে যে পথভ্রষ্ট। (১০) নিধন হোক মিথ্যাবাদীরা,

(١١) الَّذِيْنَ هُمْ فِىْ غَمْرَةٍ سَاهُوْنَ (١٢) يَسْئَلُوْنَ اَيَّانَ يَوْمُ الدِّيْنِ (١٣) يَوْمَ هُمْ
১১। আল্লাযীনা হুম ফী গাম্‌রাতিন্ সা-হূন। ১২। ইয়াস্‌আলূনা আইয়্যা-না ইয়াওমুদ্ দীন। ১৩। ইয়াওমা হুম্
(১১) যারা মূর্খ, অসতর্ক। (১২) তারা জিজ্ঞাসা করে, বিচার দিবস (কিয়ামত) কবে কায়েম হবে? (১৩) বলুন, তা হবে সেদিন, যেদিন তাদেরকে

عَلَى النَّارِ يُفْتَنُوْنَ (١٤) ذُوْقُوْا فِتْنَتَكُمْ ؕ هٰذَا الَّذِىْ كُنْتُمْ بِهٖ تَسْتَعْجِلُوْنَ (١٥) اِنَّ
'আলান্না-রি ইউফ্‌তানূন। ১৪। যূক্বূ ফিত্‌নাতাকুম ; হা-যাল্ লাযী কুন্‌তুম্ বিহী তাস্'তাজিলূন। ১৫। ইন্নাল্
অগ্নির ওপরে জ্বালান হবে। (১৪) এবং বলা হবে, তোমরা তোমাদের শাস্তি উপভোগ কর, তোমরা এটাই অতিদ্রুত কামনা করছিলে। (১৫) সেদিন

الْمُتَّقِيْنَ فِىْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ (١٥) اٰخِذِيْنَ مَاۤ اٰتٰهُمْ رَبُّهُمْ ؕ اِنَّهُمْ كَانُوْا قَبْلَ
মুত্তাক্বীনা ফী জ্বান্না-তিওঁ ওয়া 'উইয়ূন্। ১৬। আ-খিযীনা মা~আ-তা-হুম্ রাব্বুহুম্ ; ইন্নাহুম্ কা-নূ ক্বাব্‌লা
পরহেজগারগণ থাকবে ঝরণা বিশিষ্ট জান্নাতে। (১৬) তারা গ্রহণ করবে তাদের প্রতিপালকের দানকৃত নেয়ামত। নিশ্চয়ই এর পূর্বে

ذٰلِكَ مُحْسِنِينَ ﴿١٦﴾ كَانُوا قَلِيلًا مِّنَ الَّيْلِ مَا يَهْجَعُونَ ﴿١٧﴾ وَبِالْأَسْحَارِ هُمْ

যা-লিকা মুহ্সিনীন। ১৭। কা-নূ ক্বালীলাম্ মিনাল্ লাইলি মা- ইয়াহ্জা'উন। ১৮। ওয়া বিল্আস্হা-রি হুম

তারা ছিল পুন্যবান। (১৭) তারা রাতে কম সময়ই নিদ্রায় যেত। (১৮) এবং তারা রাতের শেষ মুহূর্তে (আল্লাহর দরবারে)

يَسْتَغْفِرُونَ ﴿١٨﴾ وَفِي أَمْوَالِهِمْ حَقٌّ لِّلسَّائِلِ وَالْمَحْرُومِ ﴿١٩﴾ وَفِي الْأَرْضِ

ইয়াস্তাগ্ফিরূন। ১৯। ওয়া ফী~আম্ওয়া-লিহিম হ্বাক্কুল্ লিস্সা—ইলি ওয়াল্ মাহ্বরূম। ২০। ওয়া ফিল্ আর্দ্বি

ক্ষমা প্রার্থনা করত। (১৯) এবং তাদের ধন সম্পদে ছিল গরীব ও অসহায়দের অংশ (প্রাপ্য)। (২০) দৃঢ় বিশ্বাসীদের জন্য

اٰيٰتٌ لِّلْمُوقِنِينَ ﴿٢٠﴾ وَفِي أَنفُسِكُمْ ۚ أَفَلَا تُبْصِرُونَ ﴿٢١﴾ وَفِي السَّمَاءِ رِزْقُكُمْ

আ-য়া-তুল্ লিল্মূক্বিনীন। ২১। ওয়া ফী~আন্ফুসিকুম ; আফালা- তুব্স্বিরূন। ২২। ওয়া ফিস্ সামা—ই রিয্ক্বুকুম্

বহু নিদর্শন রয়েছে পৃথিবীতে। (২১) এবং তোমাদের নিজেদের মধ্যেও। তোমরা কি দেখনা? (২২) আর আকাশে রয়েছে তোমাদের রিযিক এবং

وَمَا تُوعَدُونَ ﴿٢٢﴾ فَوَرَبِّ السَّمَاءِ وَالْأَرْضِ إِنَّهُ لَحَقٌّ مِّثْلَ مَا أَنَّكُمْ تَنطِقُونَ ○

ওয়ামা- তূ'আদূন। ২৩। ফাওয়ারাব্বিস্ সামা—ই ওয়াল্ আর্দ্বি ইন্নাহূ লাহ্বাক্কুম্ মিছ্লা মা~আন্নাকুম্ তান্তিক্বূন।

তোমাদের প্রতিশ্রুত বস্তু। (২৩) আকাশমন্ডলী ও পৃথিবীর প্রতিপালকের শপথ! (উল্লিখিত) এগুলো এরূপ সত্য, যেরূপ তোমরা কথা বার্তা বল।

هَلْ أَتٰىكَ حَدِيثُ ضَيْفِ إِبْرٰهِيمَ الْمُكْرَمِينَ ﴿٢٤﴾ إِذْ دَخَلُوا عَلَيْهِ فَقَالُوا

২৪। হাল্ আতা-কা হ্বাদীছু দ্বাইফি ইব্রা-হীমাল্ মুক্রামীন। ২৫। ইয্ দাখালূ 'আলাইহি ফাক্বা-লূ

(২৪) তোমাদের কাছে কি ইব্রাহীমের সম্মানিত অতিথিদের খবর পৌছেনি? (২৫) যখন তারা (অতিথিগণ) তার কাছে এসে তাকে সালাম দেন,

سَلٰمًا ۖ قَالَ سَلٰمٌ قَوْمٌ مُّنكَرُونَ ﴿٢٥﴾ فَرَاغَ إِلٰى أَهْلِهِ فَجَاءَ بِعِجْلٍ سَمِينٍ ○

সালা-মান ; ক্বা-লা সালা-মুন্, ক্বাওমুম্ মুন্কারূন। ২৬। ফারা-গা ইলা~আহ্লিহী ফাজা—আ বি'ইজ্লিন্ সামীন।

তখন (ইব্রাহীম) জবাবে সালাম দেন; এরাতো অপরিচিত লোক। (২৬) অতঃপর তিনি তার স্ত্রীর কাছে চলে গেলেন এবং একটি মোটাতাজা ভুনা গো-বৎস নিয়ে এলেন।

فَقَرَّبَهُ إِلَيْهِمْ قَالَ أَلَا تَأْكُلُونَ ﴿٢٧﴾ فَأَوْجَسَ مِنْهُمْ خِيفَةً ۖ قَالُوا لَا تَخَفْ ۖ

২৭। ফাক্বার্রাবাহূ~ইলাইহিম্ ক্বা-লা আলা- তা'কুলূন। ২৮। ফাআওজ্বাসা মিন্হুম খীফাতান্ ; ক্বা-লূ লা- তাখাফ ;

(২৭) এবং সেটি তাদের সামনে রেখে দিলেন। ইব্রাহীম বললেন, আপনারা খাচ্ছেন না কেন? (২৮) এতে ইব্রাহীমের অন্তরে তাদের ব্যাপারে ভয়ের সঞ্চার হল। তারা বললেন,

وَبَشَّرُوهُ بِغُلٰمٍ عَلِيمٍ ﴿٢٨﴾ فَأَقْبَلَتِ امْرَأَتُهُ فِي صَرَّةٍ فَصَكَّتْ وَجْهَهَا وَقَالَتْ

ওয়াবাশ্শারূহু বিগুলা-মিন্ 'আলীম্। ২৯। ফাআক্ববালাতিম্ রাআতুহূ ফী স্বার্রাতিন্ ফাস্বাক্কাত ওয়াজ্হাহা- ওয়াক্বা-লাত্

আপনি ভীত হবেন না এবং তারা ইব্রাহীমকে এক জ্ঞানবান পুত্রের সু-খবর দিলেন। (২৯) এতে তার স্ত্রী চীৎকার করতে করতে সামনে অগ্রসর হল। এবং তার নিজ মুখমন্ডলের র হাত মেরে (থাপরিয়ে) বলল, ওপএ বৃদ্ধা ও

عَجُوزٌ عَقِيمٌ ﴿٢٩﴾ قَالُوا كَذٰلِكِ ۙ قَالَ رَبُّكِ ۖ إِنَّهُ هُوَ الْحَكِيمُ الْعَلِيمُ ○

'আজুযুন্ 'আক্বীম। ৩০। ক্বা-লূ কাযা-লিকি, ক্বা-লা রাব্বুকি; ইন্নাহূ হুওয়াল্ হ্বাকীমুল্ 'আলীম।

বন্ধ্যার সন্তান কিভাবে হবে? (৩০) তারা (অতিথিগণ) বললেন, তোমার প্রতিপালক এভাবেই বলেছেন, তিনি বিজ্ঞময়, সর্বজ্ঞ।

পারা ২৭

﴿٣١﴾ قَالَ فَمَا خَطْبُكُمْ أَيُّهَا الْمُرْسَلُونَ ﴿٣٢﴾ قَالُوا إِنَّا أُرْسِلْنَا إِلٰى قَوْمٍ مُّجْرِمِينَ ○

৩১। ক্বা-লা ফামা- খাত্বুবুকুম্ আইয়্যুহাল্ মুর্সালূন। ৩২। ক্বা-লূ~ইন্না~উর্সিল্না~ইলা- ক্বাওমিম্ মুজ্রিমীন।

(৩১) ইব্রাহীম বললেন, হে প্রেরিত (ফেরেশতাগণ)! তোমাদের আসল কাজ কি? (৩২) তারা জবাবে বলল, আমরা এক পাপী সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি।

﴿٣٣﴾ لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِّن طِينٍ ﴿٣٤﴾ مُّسَوَّمَةً عِندَ رَبِّكَ لِلْمُسْرِفِينَ ○

৩৩। লিনুর্সিলা 'আলাইহিম হ্বিজ্বা-রাতাম্ মিন্ ত্বীন। ৩৪। মুসাওয়ামাতান্ 'ইন্দা রাব্বিকা লিল্মুস্রিফীন।

(৩৩) তাদের ওপর মাটির (তৈরিকৃত) পাথর নিক্ষেপ করার জন্য। (৩৪) যা চিহ্নযুক্ত ছিল, আপনার প্রতিপালকের পক্ষ হতে সীমালংঘনকারীদের জন্য।

﴿٣٥﴾ فَأَخْرَجْنَا مَن كَانَ فِيهَا مِنَ الْمُؤْمِنِينَ ﴿٣٦﴾ فَمَا وَجَدْنَا فِيهَا غَيْرَ بَيْتٍ مِّنَ

৩৫। ফাআখ্রাজ্না- মান্ কা-না ফীহা- মিনাল্ মু'মিনীন। ৩৬। ফামা- ওয়াজ্বাদ্না- ফীহা- গাইরা বাইতিম্ মিনাল্

(৩৫) সেখানে যে মুমিনগণ ছিল, আমি তাদেরকে বের করেছিলাম। (৩৬) এবং আমি সেখানে শুধু মুসলমানের একটি পরিবারই

الْمُسْلِمِينَ ﴿٣٦﴾ وَتَرَكْنَا فِيهَا اٰيَةً لِّلَّذِينَ يَخَافُونَ الْعَذَابَ الْأَلِيمَ ﴿٣٧﴾ وَفِي

মুস্লিমীন। ৩৭। ওয়া তারাক্না- ফীহা~আ-য়াতাল্ লিল্লাযীনা ইয়াখা-ফূনাল্ 'আযা-বাল্ আলীম। ৩৮। ওয়া ফী

পেয়েছি। (৩৭) আমি সেখানে এক নিদর্শন রেখেছি তাদের জন্য, যারা কষ্টকর শাস্তিকে ভয় করে। (৩৮) এবং মূসার ঘটনার মধ্যেও রয়েছে নিদর্শন,

مُوسٰى إِذْ أَرْسَلْنٰهُ إِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِينٍ ﴿٣٨﴾ فَتَوَلّٰى بِرُكْنِهِ وَقَالَ سٰحِرٌ

মূসা~ইয্ আর্সাল্না-হু ইলা- ফির'আওনা বিসুল্ত্বা-নিম্ মুবীন। ৩৯। ফাতাওয়াল্লা- বিরুক্নিহী ওয়া ক্বা-লা সা-হ্বিরুন্

যখন আমি তাকে ফিরআউনের নিকট সুস্পষ্ট যুক্তিসহ প্রেরণ করেছিলাম, (৩৯) তখন সে তার শক্তির কারণে মুখ ফিরিয়ে নিল এবং বলল, এ (মূসা) একজন যাদুকর,

أَوْ مَجْنُونٌ ﴿٣٩﴾ فَأَخَذْنٰهُ وَجُنُودَهُ فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ وَهُوَ مُلِيمٌ ﴿٤٠﴾ وَفِي

আও মাজ্নূন। ৪০। ফাআখায্না-হু ওয়া জ্বুনূদাহূ ফানাবায্না-হুম্ ফিল্ ইয়াম্মি ওয়া হুওয়া মুলীম। ৪১। ওয়া ফী

বা একজন বিকৃত মস্তিষ্ক ব্যক্তি। (৪০) পরিশেষে আমি তাকে এবং তার বাহিনীকে পাকড়াও করে সমুদ্রে নিক্ষেপ করলাম এবং সে ছিল অপরাধী। (৪১) অনুরূপভাবে

عَادٍ إِذْ أَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيحَ الْعَقِيمَ ﴿٤١﴾ مَا تَذَرُ مِن شَيْءٍ أَتَتْ عَلَيْهِ إِلَّا جَعَلَتْهُ

'আ-দিন্ ইয্ আর্সাল্না- 'আলাইহিমুর্ রীহাল্ 'আক্বীম। ৪২। মা-তাযারু মিন্ শাইয়িন আতাত্ 'আলাইহি ইল্লা- জ্বা'আলাত্হু

আ'দের ঘটনার মধ্যেও আমি নিদর্শন রেখেছি, আমি তাদের ওপর প্রেরণ করলাম অমঙ্গলজনক বায়ু। (৪২) সে বায়ু যার ওপর থেকেই বয়ে গিয়েছিল, তাকেই ধ্বংস

كَالرَّمِيمِ ﴿٤٢﴾ وَفِي ثَمُودَ إِذْ قِيلَ لَهُمْ تَمَتَّعُوا حَتّٰى حِينٍ ﴿٤٣﴾ فَعَتَوْا عَنْ أَمْرِ

কার্রামীম। ৪৩। ওয়া ফী ছামূদা ইয্ ক্বীলা লাহুম্ তামাত্তা'উ হ্বাত্তা- হ্বীন। ৪৪। ফা'আতাও 'আন্ আম্রি

করে দিয়েছিল (৪৩) এবং সামূদের (ঘটনার) মধ্যেও রয়েছে নিদর্শন, যখন তাদেরকে বলা হল যে, তোমরা অল্প কয়েকদিনের জন্য ভোগ করে নও। (৪৪) কিন্তু তারা তাদের

○ বিশ্লেষণ (আঃ ৩১) ঃ خطبكم - অর্থাৎ সু-সংবাদ দেয়া ছাড়া তোমাদের আগমনের কি উদ্দেশ্য রয়েছে?

○ বিশ্লেষণ (আঃ ৩২) ঃ قوم مجرمين - এখানে লূত সম্প্রদায়কে বুঝানো হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৩৪) ঃ مسومة - (শনাক্ত করা) অর্থাৎ সে পাথরগুলো শনাক্ত করা ছিল। যাতে বুঝা যেত যে, এগুলো শাস্তি দেয়ার জন্য নির্দিষ্ট পাথর। সে পাথরের আঘাতে যে মারা যাবে, সে পাথরে সে ব্যক্তির নাম লেখা ছিল। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৩৬) ঃ غير بيت - এক মুসলিম পরিবার দ্বারা এখানে হযরত লূতের (আ) গৃহকে বুঝান হয়েছে। যে গৃহে তাঁর দু কন্যা এবং তাঁর কিছু অনুসারী বসবাস করতেছিল। (কুঃ কারীম)

ذٰلِكَ مُحْسِنِيْنَ ﴿١٦﴾ كَانُوْا قَلِيْلًا مِّنَ الَّيْلِ مَا يَهْجَعُوْنَ ﴿١٧﴾ وَبِالْاَسْحَارِ هُمْ

যা-লিকা মুহ্সিনীন। ১৭। কা-নূ ক্বালীলাম্ মিনাল্ লাইলি মা- ইয়াহ্জা'উন। ১৮। ওয়া বিল্আস্হা-রি হুম

তারা ছিল পুন্যবান। (১৭) তারা রাতে কম সময়ই নিদ্রায় যেত। (১৮) এবং তারা রাতের শেষ মুহূর্তে (আল্লাহর দরবারে)

يَسْتَغْفِرُوْنَ ﴿١٨﴾ وَفِيْٓ اَمْوَالِهِمْ حَقٌّ لِّلسَّآئِلِ وَالْمَحْرُوْمِ ﴿١٩﴾ وَفِي الْاَرْضِ

ইয়াস্তাগ্ফিরূন। ১৯। ওয়া ফী~আম্ওয়া-লিহিম হাক্কুল্ লিস্সা—ইলি ওয়াল্ মাহ্রূম। ২০। ওয়া ফিল্ আর্দ্বি

ক্ষমা প্রার্থনা করত। (১৯) এবং তাদের ধন সম্পদে ছিল গরীব ও অসহায়দের অংশ (প্রাপ্য)। (২০) দৃঢ় বিশ্বাসীদের জন্য

اٰيٰتٌ لِّلْمُوْقِنِيْنَ ﴿٢٠﴾ وَفِيْٓ اَنْفُسِكُمْ ؕ اَفَلَا تُبْصِرُوْنَ ﴿٢١﴾ وَفِي السَّمَآءِ رِزْقُكُمْ

আ-য়া-তুল্ লিল্মূক্বিনীন। ২১। ওয়া ফী~আন্ফুসিকুম ; আফালা- তুব্স্বিরূন। ২২। ওয়া ফিস্ সামা—ই রিয্কুকুম্

বহু নিদর্শন রয়েছে পৃথিবীতে। (২১) এবং তোমাদের নিজেদের মধ্যেও। তোমরা কি দেখনা? (২২) আর আকাশে রয়েছে তোমাদের রিযিক এবং

وَمَا تُوْعَدُوْنَ ﴿٢٢﴾ فَوَرَبِّ السَّمَآءِ وَالْاَرْضِ اِنَّهٗ لَحَقٌّ مِّثْلَ مَآ اَنَّكُمْ تَنْطِقُوْنَ ﴿٢٣﴾

ওয়ামা- তূ'আদূন। ২৩। ফাওয়ারাব্বিস্ সামা—ই ওয়াল্ আর্দ্বি ইন্নাহূ লাহাক্কুম্ মিছ্লা মা~আন্নাকুম্ তান্ত্বিকূন।

তোমাদের প্রতিশ্রুত বস্তু। (২৩) আকাশমন্ডলী ও পৃথিবীর প্রতিপালকের শপথ! (উল্লিখিত) এগুলো এরূপ সত্য, যেরূপ তোমরা কথা বার্তা বল।

هَلْ اَتٰىكَ حَدِيْثُ ضَيْفِ اِبْرٰهِيْمَ الْمُكْرَمِيْنَ ﴿٢٤﴾ اِذْ دَخَلُوْا عَلَيْهِ فَقَالُوْا

২৪। হাল্ আতা-কা হাদীছু দ্বাইফি ইব্রা-হীমাল্ মুক্রামীন। ২৫। ইয্ দাখালূ 'আলাইহি ফাক্বা-লূ

(২৪) তোমাদের কাছে কি ইব্রাহীমের সম্মানিত অতিথিদের খবর পৌছেনি? (২৫) যখন তারা (অতিথিগণ) তার কাছে এসে তাকে সালাম দেন,

سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ ۚ قَوْمٌ مُّنْكَرُوْنَ ﴿٢٥﴾ فَرَاغَ اِلٰٓى اَهْلِهٖ فَجَآءَ بِعِجْلٍ سَمِيْنٍ ﴿٢٦﴾

সালা-মান ; ক্বা-লা সালা-মুন্, ক্বাওমুম্ মুন্কারূন। ২৬। ফারা-গা ইলা~আহ্লিহী ফাজ্বা—আ বি'ইজ্‌লিন্ সামীন।

তখন (ইব্রাহীম) জবাবে সালাম দেন; এরাতো অপরিচিত লোক। (২৬) অতঃপর তিনি তার স্ত্রীর কাছে চলে গেলেন এবং একটি মোটাতাজা ভূনা গো-বৎস নিয়ে এলেন।

فَقَرَّبَهٗٓ اِلَيْهِمْ قَالَ اَلَا تَاْكُلُوْنَ ﴿٢٧﴾ فَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ؕ قَالُوْا لَا تَخَفْ ؕ

২৭। ফাক্বার্‌রাবাহূ~ইলাইহিম্ ক্বা-লা আলা- তা'কুলূন। ২৮। ফাআওজ্বাসা মিন্হুম খীফাতান্ ; ক্বা-লূ লা- তাখাফ ;

(২৭) এবং সেটি তাদের সামনে রেখে দিলেন। ইব্রাহীম বললেন, আপনারা খাচ্ছেন না কেন? (২৮) এতে ইব্রাহীমের অন্তরে তাদের ব্যাপারে ভয়ের সঞ্চার হল। তারা বললেন,

وَبَشَّرُوْهُ بِغُلٰمٍ عَلِيْمٍ ﴿٢٨﴾ فَاَقْبَلَتِ امْرَاَتُهٗ فِيْ صَرَّةٍ فَصَكَّتْ وَجْهَهَا وَقَالَتْ

ওয়াবাশশারূহু বিগুলা-মিন্ 'আলীম্। ২৯। ফাআক্ববালাতিম্ রাআতুহূ ফী স্বার্‌রাতিন্ ফাস্বাক্কাত ওয়াজ্বহাহা- ওয়াক্বা-লাত্

আপনি ভীত হবেন না এবং তারা ইব্রাহীমকে এক জ্ঞানবান পুত্রের সু-খবর দিলেন। (২৯) এতে তার স্ত্রী চীৎকার করতে করতে সামনে অগ্রসর হল। এবং তার নিজ মুখমন্ডলের র হাত মেরে (থাপরিয়ে) বলল, ওপএ বৃদ্ধা ও

عَجُوْزٌ عَقِيْمٌ ﴿٢٩﴾ قَالُوْا كَذٰلِكِ ۙ قَالَ رَبُّكِ ؕ اِنَّهٗ هُوَ الْحَكِيْمُ الْعَلِيْمُ ﴿٣٠﴾

'আজূযুন্ 'আক্বীম। ৩০। ক্বা-লূ কাযা-লিকি, ক্বা-লা রাব্বুকি; ইন্নাহূ হুওয়াল্ হাকীমুল্ 'আলীম।

বন্ধ্যার সন্তান কিভাবে হবে? (৩০) তারা (অতিথিগণ) বললেন, তোমার প্রতিপালক এভাবেই বলেছেন, তিনি বিজ্ঞময়, সর্বজ্ঞ।

قَالَ فَمَا خَطْبُكُمْ اَيُّهَا الْمُرْسَلُوْنَ ﴿٣١﴾ قَالُوْٓا اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمٍ مُّجْرِمِيْنَ ﴿٣٢﴾

৩১। ক্বা-লা ফামা- খাত্বুবুকুম্ আইয়্যুহাল্ মুর্সালূন। ৩২। ক্বা-লূ~ইন্না~উর্সিল্না~ইলা- ক্বাওমিম্ মুজ্‌রিমীন।

(৩১) ইব্রাহীম বললেন, হে প্রেরিত (ফেরেশতাগণ)! তোমাদের আসল কাজ কি? (৩২) তারা জবাবে বলল, আমরা এক পাপী সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি।

لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِّنْ طِيْنٍ ﴿٣٣﴾ مُّسَوَّمَةً عِنْدَ رَبِّكَ لِلْمُسْرِفِيْنَ ﴿٣٤﴾

৩৩। লিনুর্সিলা 'আলাইহিম হিজ্বা-রাতাম্ মিন্ ত্বীন। ৩৪। মুসাওয়ামাতান্ 'ইন্দা রাব্বিকা লিল্মুস্রিফীন।

(৩৩) তাদের ওপর মাটির (তৈরিকৃত) পাথর নিক্ষেপ করার জন্য। (৩৪) যা চিহ্নযুক্ত ছিল, আপনার প্রতিপালকের পক্ষ হতে সীমালংঘনকারীদের জন্য।

فَاَخْرَجْنَا مَنْ كَانَ فِيْهَا مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٣٥﴾ فَمَا وَجَدْنَا فِيْهَا غَيْرَ بَيْتٍ مِّنَ

৩৫। ফাআখ্রাজ্বনা- মান্ কা-না ফীহা- মিনাল্ মু'মিনীন। ৩৬। ফামা- ওয়াজ্বাদ্না- ফীহা- গাইরা বাইতিম্ মিনাল্

(৩৫) সেখানে যে মুমিনগণ ছিল, আমি তাদেরকে বের করেছিলাম। (৩৬) এবং আমি সেখানে শুধু মুসলমানের একটি পরিবারই

الْمُسْلِمِيْنَ ﴿٣٦﴾ وَتَرَكْنَا فِيْهَآ اٰيَةً لِّلَّذِيْنَ يَخَافُوْنَ الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٣٧﴾ وَفِيْ

মুস্লিমীন। ৩৭। ওয়া তারাক্না- ফীহা~আ-য়াতাল্ লিল্লাযীনা ইয়াখা-ফূনাল্ 'আযা-বাল্ আলীম। ৩৮। ওয়া ফী

পেয়েছি। (৩৭) আমি সেখানে এক নিদর্শন রেখেছি তাদের জন্য, যারা কষ্টকর শাস্তিকে ভয় করে। (৩৮) এবং মূসার ঘটনার মধ্যেও রয়েছে নিদর্শন,

مُوْسٰىٓ اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾ فَتَوَلّٰى بِرُكْنِهٖ وَقَالَ سٰحِرٌ

মূসা~ইয্ আর্সাল্না-হু ইলা- ফির'আওনা বিসুলত্বা-নিম্ মুবীন। ৩৯। ফাতাওয়াল্লা- বিরুক্নিহী ওয়া ক্বা-লা সা-হিরুন্

যখন আমি তাকে ফিরআউনের নিকট সুস্পষ্ট যুক্তিসহ প্রেরণ করেছিলাম, (৩৯) তখন সে তার শক্তির কারণে মুখ ফিরিয়ে নিল এবং বলল, এ (মূসা) একজন যাদুকর,

اَوْ مَجْنُوْنٌ ﴿٣٩﴾ فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ وَهُوَ مُلِيْمٌ ﴿٤٠﴾ وَفِيْ

আও মাজ্‌নূন। ৪০। ফাআখায্না-হু ওয়া জুনূদাহূ ফানাবায্না-হুম্ ফিল্ ইয়াম্মি ওয়া হুওয়া মুলীম। ৪১। ওয়া ফী

বা একজন বিকৃত মস্তিষ্ক ব্যক্তি। (৪০) পরিশেষে আমি তাকে এবং তার বাহিনীকে পাকড়াও করে সমুদ্রে নিক্ষেপ করলাম এবং সে ছিল অপরাধী। (৪১) অনুরূপভাবে

عَادٍ اِذْ اَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيْحَ الْعَقِيْمَ ﴿٤١﴾ مَا تَذَرُ مِنْ شَيْءٍ اَتَتْ عَلَيْهِ اِلَّا جَعَلَتْهُ

'আ-দিন্ ইয্ আর্সাল্না- 'আলাইহিমুর্ রীহাল্ 'আক্বীম। ৪২। মা-তাযারু মিন্ শাইয়িন আতাত্ 'আলাইহি ইল্লা- জ্বা'আলাত্হু

আ'দের ঘটনার মধ্যেও আমি নিদর্শন রেখেছি, আমি তাদের ওপর প্রেরণ করলাম অমঙ্গলজনক বায়ু। (৪২) সে বায়ু যার ওপর থেকেই বয়ে গিয়েছিল, তাকেই ধ্বংস

كَالرَّمِيْمِ ﴿٤٢﴾ وَفِيْ ثَمُوْدَ اِذْ قِيْلَ لَهُمْ تَمَتَّعُوْا حَتّٰى حِيْنٍ ﴿٤٣﴾ فَعَتَوْا عَنْ اَمْرِ

কার্‌রামীম। ৪৩। ওয়া ফী ছামূদা ইয্ ক্বীলা লাহুম্ তামাত্তা'উ হাত্তা- হীন। ৪৪। ফা'আতাও 'আন্ আম্রি

করে দিয়েছিল (৪৩) এবং সামূদের (ঘটনার) মধ্যেও রয়েছে নিদর্শন, যখন তাদেরকে বলা হল যে, তোমরা অল্প কয়েকদিনের জন্য ভোগ করে নও। (৪৪) কিন্তু তারা তাদের

○ বিশ্লেষণ (আঃ ৩১) ៖ خطبكم - অর্থাৎ সু-সংবাদ দেয়া ছাড়া তোমাদের আগমনের কি উদ্দেশ্য রয়েছে?

○ বিশ্লেষণ (আঃ ৩২) ៖ قوم مجرمين - এখানে লূত সম্প্রদায়কে বুঝানো হয়েছে।

○ বিশ্লেষণ (আঃ ৩৪) ៖ مسومة - (শনাক্ত করা) অর্থাৎ সে পাথরগুলো শনাক্ত করা ছিল। যাতে বুঝা যেত যে, এগুলো শাস্তি দেয়ার জন্য নির্দিষ্ট পাথর। সে পাথরের আঘাতে যে মারা যাবে, সে পাথরে সে ব্যক্তির নাম লেখা ছিল। (কুঃ কারীম) ○ বিশ্লেষণ (আঃ ৩৬) ៖ غير بيت - এক মুসলিম পরিবার দ্বারা এখানে হযরত লূতের (আ) গৃহকে বুঝান হয়েছে। যে গৃহে তাঁর দু কন্যা এবং তাঁর কিছু অনুসারী বসবাস করতেছিল। (কুঃ কারীম)

ربهم فاخذتهم الصعقة وهم ينظرون ﴿٤٤﴾ فما استطاعوا من قيام وما كانوا

রাব্বিহিম ফাআখাযাত্‌হুমুস্ব স্বা-'ইক্বাতু ওয়া হুম্ ইয়ান্‌যুরূন। ৪৫। ফামাস্ তাত্বা-'উ মিন্ ক্বিয়া-মিওঁ ওয়ামা- কা-নূ
রবের নির্দেশের বিদ্রোহ করল। ফলে, তাদেরকে পাকড়াও করল এক ভয়ংকর আওয়াজ, যা তারা দেখছিল। (৪৫) তারা দাঁড়াতেও পারল না এবং প্রতিশোধমূলক ব্যবস্থাও নিতে

منتصرين ﴿٤٥﴾ وقوم نوح من قبل انهم كانوا قوما فسقين ﴿٤٦﴾ والسماء

মুন্‌তাস্বিরীন। ৪৬। ওয়া ক্বাওমা নূহিম্ মিন্ ক্বাব্‌লু; ইন্নাহুম্ কা-নূ ক্বাওমান্ ফা-সিক্বীন। ৪৭। ওয়াস্ সামা—আ
পারল না। (৪৬) নূহের সম্প্রদায়কেও এরপূর্বে অনুরূপভাবে শাস্তি দিয়েছিলাম, তারা ছিল পাপিষ্ঠ সম্প্রদায়। (৪৭) আমি আকাশমণ্ডলী

بنينها بايد وانا لموسعون ﴿٤٧﴾ والارض فرشنها فنعم المهدون ﴿٤٨﴾ ومن كل

বানাইনা-হা- বিআইদিওঁ ওয়া ইন্না- লামূসি'উন। ৪৮। ওয়াল্ আর্‌দ্বা ফারাশ্‌না-হা- ফানি'মাল্ মা-হিদূন। ৪৯। ওয়া মিন্ কুল্লি
সৃষ্টি করেছি আমার শক্তি বলে, আমি অবশ্যই শক্তিশালী। (৪৮) আমি যমীনকে বিছিয়ে রেখেছি, আমি খুবই সুন্দর প্রস্তুতকারী। (৪৯) আমি প্রতিটি বস্তু

شيء خلقنا زوجين لعلكم تذكرون ﴿٤٩﴾ ففروا الى الله اني لكم منه

শাইয়িন্ খালাক্বনা- যাওজ্বাইনি লা'আল্লাকুম্ তাযাক্কারূন। ৫০। ফাফির্‌রূ~ইলাল্লা-হি ; ইন্নী লাকুম মিন্‌হু
জোড়া জোড়া সৃষ্টি করেছি, যাতে তোমরা চিন্তা করতে পার। (৫০) সুতরাং তোমরা আল্লাহ্‌র দিকে ধাবিত হও আমি তোমাদের জন্য তাঁর পক্ষ হতে

نذير مبين ﴿٥٠﴾ ولا تجعلوا مع الله الها اخر اني لكم منه نذير مبين ﴿٥١﴾

নাযীরুম্ মুবীন। ৫১। ওয়ালা- তাজ্ব'আলূ মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা ; ইন্নী লাকুম্ মিন্‌হু নাযীরুম্ মুবীন।
স্পষ্ট সাবধানকারী। (৫১) তোমরা আল্লাহ্‌র সাথে অন্য কোন মাবুদ নির্ধারণ কর না। নিশ্চয়ই আমি তোমাদের জন্য তাঁর পক্ষ হতে সাবধানকারী।

كذلك ما اتى الذين من قبلهم من رسول الا قالوا ساحر او مجنون ﴿٥٢﴾

৫২। কাযা-লিকা মা~আতাল্ লাযীনা মিন্ ক্বাব্‌লিহিম্ মির্ রাসূলিন্ ইল্লা- ক্বা-লূ সা-হিরুন্ আও মাজ্বনূন।
(৫২) অনুরূপভাবে যারা তাদের পূর্বে ছিল, তাদের নিকট যে রাসূলই এসেছে, তাদের তারা বলেছে, এতো একজন যাদুকর অথবা মস্তিষ্ক বিকৃত লোক।

اتواصوا به بل هم قوم طاغون ﴿٥٣﴾ فتول عنهم فما انت بملوم ﴿٥٤﴾ وذكر

৫৩। আতাওয়া-স্বাও বিহী, বাল্ হুম ক্বাওমুন্ ত্বা-গূন। ৫৪। ফাতাওয়াল্লা 'আন্‌হুম ফামা~আন্‌তা বিমালূম। ৫৫। ওয়া যাক্কির্
(৫৩) তারা কি এ কথাটি একে অন্যকে অন্তিম বাণী হিসেবে বলে আসতেছে? বরং ওরা পাপিষ্ঠ সম্প্রদায়। (৫৪) সুতরাং আপনি তাদের থেকে মুখ ফিরিয়ে থাকুন, তাতে আপনি অভিযুক্ত হবেন না। (৫৫) আপনি উপদেশ দিন,

فان الذكرى تنفع المؤمنين ﴿٥٥﴾ وما خلقت الجن والانس الا ليعبدون ﴿٥٦﴾

ফাইন্নায্ যিক্‌রা- তান্‌ফা'উল্ মু'মিনীন। ৫৬। ওয়ামা- খালাক্বতুল্ জ্বিন্না ওয়াল্ ইন্‌সা ইল্লা- লিইয়া'বুদূন।
উপদেশ মুমিনগণের কল্যাণ বয়েই আনবে। (৫৬) আমি জ্বীন এবং মানুষকে শুধু এ উদ্দেশ্যে সৃষ্টি করেছি যে, যাতে তারা আমারই ইবাদাত করে।

ما اريد منهم من رزق وما اريد ان يطعمون ﴿٥٧﴾ ان الله هو الرزاق

৫৭। মা~উরীদু মিন্‌হুম্ মির্ রিয্‌ক্বিওঁ ওয়ামা~উরীদু আই ইউত্ব'ইমূন। ৫৮। ইন্নাল্লা-হা হুওয়ার্ রায্‌যা-ক্বু
(৫৭) আমি তাদের থেকে কোন খাদ্য চাই না এবং এটাও চাই না যে, তারা আমার খাবার ব্যবস্থা করবে। (৫৮) আল্লাহইতো রিযিক দাতা এবং

ذو القوة المتين ﴿٥٨﴾ فان للذين ظلموا ذنوبا مثل ذنوب اصحبهم

যুল্ ক্বুওয়্যাতিল্ মাতীন। ৫৯। ফাইন্না লিল্লাযীনা জালামূ যানূবাম্ মিছ্‌লা যানূবি আস্বহা-বিহিম্
তিনি (সর্ব বিষয়ে) অত্যন্ত ক্ষমতাবান। (৫৯) যারা জালিম তাদেরও, তাদের পূর্ববর্তী সাথীদের (শাস্তির) অংশের অনুরূপ (শাস্তির) অংশ রয়েছে।

فلا يستعجلون ﴿٥٩﴾ فويل للذين كفروا من يومهم الذي يوعدون ﴿٦٠﴾

ফালা- ইয়াস্‌তা'জ্বিলূন্। ৬০। ফাওয়াইলুল লিল্লাযীনা কাফারূ মিঁই ইয়াওমিহিমুল্ লাযী ইউ'আদূন।
সুতরাং তারা যেন (শাস্তি) দ্রুত কামনা না করে। (৬০) সুতরাং বিপদ কাফিরদের জন্য সেদিনের, যে দিনের সম্পর্কে তাদের সাবধান করে-দেয়া হয়েছে।

সূরা তূর
মক্কী

بسم الله الرحمن الرحيم

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ৪ ৪৯
রুকূ ৪ ২

والطور ﴿١﴾ وكتب مسطور ﴿٢﴾ في رق منشور ﴿٣﴾ والبيت المعمور ﴿٤﴾

১। ওয়াত্বত্বূরি। ২। ওয়া কিতা-বিম্ মাস্‌ত্বূর্। ৩। ফী রাক্কিম্ মান্‌শূরি ৪। ওয়াল্ বাইতিল্ মা'মূর।
(১) শপথ তূর পর্বতের; (২) এবং (শপথ) লিপিবদ্ধ কিতাবের (৩) যা (লিপিবদ্ধ) প্রশস্ত কাগজে (৪) এবং (শপথ) বাইতুল মামুনের,

والسقف المرفوع ﴿٥﴾ والبحر المسجور ﴿٦﴾ ان عذاب ربك لواقع ﴿٧﴾

৫। ওয়াস্‌সাক্বফিল্ মার্‌ফূ'ই ৬। ওয়াল্ বাহ্‌রিল্ মাস্‌জূর ৭। ইন্না 'আযা-বা রাব্বিকা লাওয়া-ক্বি'উন।
(৫) এবং (শপথ) সু-উচ্চ আকাশের, (৬) এবং (শপথ) উত্তাল সমুদ্রের। (৭) নিশ্চয়ই তোমার প্রতিপালকের শাস্তি অবধারিত।

ما له من دافع ﴿٨﴾ يوم تمور السماء مورا ﴿٩﴾ وتسير الجبال سيرا ﴿١٠﴾ فويل

৮। মা- লাহূ মিন্ দা-ফি'ই ৯। ইয়াওমা তামূরুস্ সামা—উ মাওরা- ১০। ওয়া তাসীরুল জ্বিবা-লু সাইরা-। ১১। ফাওয়াইলুঁই
(৮) তা (শাস্তি) প্রতিরোধকারী কেউই নেই। (৯) যেদিন আকাশ প্রচণ্ডভাবে দুলতে থাকবে, (১০) পাহাড়গুলো তীব্র গতিতে চলতে থাকবে, (১১) সেদিন

يومئذ للمكذبين ﴿١١﴾ الذين هم في خوض يلعبون ﴿١٢﴾ يوم يدعون

ইয়াওমাইযিল্ লিল্‌মুকায্‌যিবীনা ১২। আললাযীনা হুম ফী খাওদ্বিই ইয়াল্'আবূন। ১৩। ইয়াওমা ইউদা'য়্যূনা
(কঠিন) বিপদ সে মিথ্যাবাদীদের জন্য, (১২) যারা খেল-তামাসা বশতঃ নিরর্থক (অন্যায়) কাজে নিমজ্জিত থাকে। (১৩) যেদিন তাদেরকে ধাক্কা দিতে দিতে

الى نار جهنم دعا ﴿١٣﴾ هذه النار التي كنتم بها تكذبون ﴿١٤﴾ افسحر هذا

ইলা-না-রি জ্বাহান্নামা দা'য়্যন্। ১৪। হা-যিহিন্ না-রুল্লাতী কুন্‌তুম্ বিহা- তুকায্‌যিবূন। ১৫। আফাসিহ্‌রুন্ হা-যা~
জাহান্নামের অগ্নির দিকে নিয়ে যাওয়া হবে (১৪) তখন তাদেরকে বলা হবে এই সে জাহান্নামের অগ্নি যা তোমরা মিথ্যা বলতে। (১৫) এটাকি যাদু? না তোমরা

✪ বিশ্লেষণ (আঃ ১) ৪ والطور - তূর সে পাহাড়, যে পাহাড়ে বসে আল্লাহ তায়ালার সাথে হযরত মূসা (আ)-এর কথোপকথন হয়েছিল। এ পাহাড়কে "সীনাই পর্বতও" বলা হয়। আল্লাহ তায়ালা এ মর্যাদার কারণে, সে পাহাড়ের শপথ করেছেন।

✪ বিশ্লেষণ (আঃ ৪) ৪ بيت المعمور - বায়তুল মামুর সপ্তম আকাশে অবস্থিত। যেখানে ফেরেশতাগণ ইবাদাত করেন। সে ইবাদাতখানাটিতে। (বায়তুল মামুরে) ফেরেশতাগণের এত সমাগম যে, দৈনিক সত্তর হাজার ফেরেশতা তার মধ্যে ইবাদাতের জন্য প্রবেশ করেন এবং যারা একবার প্রবেশ করেন, তারা কিয়ামত পর্যন্ত পুনরায় আর প্রবেশের সুযোগ পাবেন না। (কুঃ কারীম)
কেউ বলেন- কাবা গৃহকে বুঝানো হয়েছে। যে পবিত্র গৃহে সর্বদাই মানুষ ইবাদাতে রত থাকেন। মা'মুর (معمور) অর্থ বসতিপূর্ণ। (কুঃ কারীম)

أَمْ أَنْتُمْ لَا تُبْصِرُونَ ﴿١٦﴾ اِصْلَوْهَا فَاصْبِرُوا أَوْ لَا تَصْبِرُوا سَوَاءٌ عَلَيْكُمْ إِنَّمَا

○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ ما سجين - কেউ বলেন, 'সিজ্জীন' বন্দীখানার মত একটি ছোট্ট জায়গা। কেউ বলেন, এটি যমীনের সর্ব নিম্নস্তর। যেখানে কাফির, জালিম ও মুশরিকদের রূহ এবং আমলনামাসমূহ সংরক্ষিত থাকে। সেজন্য বলা হয়েছে "সীলমোহরকৃত আমলনামা"। ইমাম রাজী (র) বলেন– কারো মতে" সিজ্জীন" একটি বৃহৎ পুস্তকের নাম। পাপিষ্ঠদের কার্যালিপি তাতে লেখা হয়। ইবনে কাসীর (র) বলেন, অধিকাংশ বিশ্লেষকের মতে এটি সপ্তম ভূ-খন্ডের নাম। কেউ বলেন, সপ্তম ভূ-খন্ডের নীচে এক খন্ড নীল বর্ণ বিশিষ্ট প্রস্তর আছে সেটিকে সিজ্জীন বলে। কেউ বলেন, এটি জাহান্নামের একটি কূপ।

لَمَحْجُوبُونَ ﴿١٥﴾ ثُمَّ إِنَّهُمْ لَصَالُوا الْجَحِيمِ ﴿١٦﴾ ثُمَّ يُقَالُ هَٰذَا الَّذِي كُنتُم بِهِ

লামাহ্জুবূন। ১৬। ছুম্মা ইন্নাহুম লাস্বা-লুল্ জ্বাহ্বীম। ১৭। ছুম্মা ইউক্বা-লু হা-যাল্লাযী কুন্তুম্ বিহী
থেকে আড়ালে থাকবে। (১৬) অতঃপর তারা জাহান্নামে প্রবেশ করবে। (১৭) অতঃপর তাদেরকে বলা হবে, এটাই তা, যা তোমরা

تُكَذِّبُونَ ﴿١٧﴾ كَلَّا إِنَّ كِتَابَ الْأَبْرَارِ لَفِي عِلِّيِّينَ ﴿١٨﴾ وَمَا أَدْرَاكَ مَا عِلِّيُّونَ ﴿١٩﴾

তুকায্যিবূন। ১৮। কাল্লা~ইন্না কিতা-বাল্ আব্রা-রি লাফী 'ইল্লিইয়্যীন। ১৯। ওয়ামা~আদরা-কা মা- 'ইল্লিয়্যূন।
অস্বীকার করতে। (১৮) কখনই নয়, নিশ্চয়ই নেককারদের আমলনামা ইল্লীনে সুরক্ষিত, (১৯) তুমি কি জান, ইল্লীন কি?

كِتَابٌ مَّرْقُومٌ ﴿٢٠﴾ يَشْهَدُهُ الْمُقَرَّبُونَ ﴿٢١﴾ إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ ﴿٢٢﴾ عَلَى الْأَرَائِكِ

২০। কিতা-বুম মারক্বূমুই ২১। ইয়াশ্হাদুহুল্ মুক্বার্রাবূন। ২২। ইন্নাল আব্রা-রা লাফী না'ঈম। ২৩। 'আলাল্ আরা—ইকি
(২০) এতো একটি সীলমোহরকৃত আমলনামা, (২১) যারা (আল্লাহর) সান্নিধ্যপ্রাপ্ত তারা তা দেখতে পায়। (২২) নিশ্চয়ই নেককারগণ থাকবে অনুগ্রহের মধ্যে, (২৩) তারা

يَنظُرُونَ ﴿٢٣﴾ تَعْرِفُ فِي وُجُوهِهِمْ نَضْرَةَ النَّعِيمِ ﴿٢٤﴾ يُسْقَوْنَ مِن رَّحِيقٍ مَّخْتُومٍ ﴿٢٥﴾

ইয়ান্জুরূন, ২৪। তা'রিফু ফী উজূহিহিম নাদ্বরাতান্ না'ঈম। ২৫। ইউস্ক্বাওনা মির্ রাহ্বীক্বিম মাখ্তূম।
সুসজ্জিত উঁচু আসনে বসে দেখতে থাকবে, (২৪) তুমি তাদের মুখমণ্ডলেই সুখের ঔজ্জ্বল্য বুঝতে পারবে। (২৫) তাদেরকে পান করান হবে, মোহর করা বিশুদ্ধ পানীয়,

خِتَامُهُ مِسْكٌ ۚ وَفِي ذَٰلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُونَ ﴿٢٦﴾ وَمِزَاجُهُ مِن

২৬। খিতা-মুহূ মিস্কুন ; ওয়া ফী যা-লিকা ফালইয়াতানা-ফাসিল্ মুতানা-ফিসূন। ২৭। ওয়া মিযা-জুহূ মিন্
(২৬) সে মোহর হবে মিশকের; অতএব এতে (নেয়ামত অর্জনের জন্য আগ্রহী) প্রতিযোগী প্রতিযোগিতা করুক। (২৭) আর ওতে (শরাবে) 'তাসনীমের'

تَسْنِيمٍ ﴿٢٧﴾ عَيْنًا يَشْرَبُ بِهَا الْمُقَرَّبُونَ ﴿٢٨﴾ إِنَّ الَّذِينَ أَجْرَمُوا كَانُوا مِنَ

তাস্নীম। ২৮। 'আইনাঈ ইয়াশ্রাবু বিহাল্ মুক্বার্রাবূন। ২৯। ইন্নাল্লাযীনা আজ্রামূ কা-নূ মিনাল্
পানি মিশ্রণ থাকবে। (২৮) সেতো একটি নহর, সেখান থেকে আল্লাহর নিকটতম (অতি প্রিয় বান্দা)-গণ পান করবে। (২৯) নিশ্চয়ই যারা পাপিষ্ঠ

الَّذِينَ آمَنُوا يَضْحَكُونَ ﴿٢٩﴾ وَإِذَا مَرُّوا بِهِمْ يَتَغَامَزُونَ ﴿٣٠﴾ وَإِذَا انقَلَبُوا

লাযীনা আ-মানূ ইয়াদ্বহাকূন। ৩০। ওয়া ইযা- মার্রূ বিহিম ইতাগা-মাযূন। ৩১। ওয়া ইযান্ ক্বালাবূ~
তারা মুমিনগণকে উপহাস করত। (৩০) আর যখন তারা, মুমিনগণের কাছে যেত তখন তারা পরস্পরে চোখ দিয়ে ইশারা করত। (৩১) আর যখন তারা

إِلَىٰ أَهْلِهِمُ انقَلَبُوا فَكِهِينَ ﴿٣١﴾ وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ هَٰؤُلَاءِ لَضَالُّونَ ﴿٣٢﴾

ইলা~আহ্লিহিমুন্ ক্বালাবূ ফাকিহীন। ৩২। ওয়া ইযা- রাআওহুম ক্বা-লূ~ইন্না- হা~উলা—ই লাদ্বা—ল্লূন।
তাদের নিজ পরিবার পরিজনের কাছে ফিরে আসত, তখন খুশী মনে ফিরে আসত। (৩২) আর ওরা যখন মুমিনগণকে দেখত তখন বলত, এরাইতো বিভ্রান্ত।

○ বিশ্লেষণ (আঃ ১৯) ঃ عليين - 'ইল্লীন' অর্থ উঁচু মর্যাদা সম্পন্ন। এটি 'সিজ্জীনের' বিপরীত। 'ইল্লীন' আকাশ অথবা জান্নাত। অথবা সিদরাতুল মুনতাহা অথবা আরশের নিকটস্থ জায়গা। যেখানে নেককারগণের রূহ এবং আমলসমূহ সংরক্ষিত হয়ে থাকে। হযরত ইবনে আব্বাস (রা) সপ্তম আকাশ অথবা জান্নাতকে ইল্লীন বলেছেন। ইমাম কাতাদা ও মুকাতিল (র) বলেন, সপ্তম আকাশের উপরস্থিত আরশের ডান পায়াকে 'ইল্লীন' বলা হয়। ইমাম যেহাক (রা) বলেন, সিদরাতুল মুনতাহাকে 'ইল্লীন' বলা হয়। কোন কোন বিশ্লেষণকারী ভিন্ন ভিন্ন মতের মীমাংসার জন্য এভাবে বলেছেন যে, 'ইল্লীন' সপ্তম আকাশের একটি উন্নতস্থানের নাম। তার নিম্নদেশ 'সিদরাতুল মুনাতাহার" সাথে সংলগ্ন এবং একাংশ জান্নাতের সাথে সংলগ্ন রয়েছে। নেককারগণের মৃত্যুর পরে তাদের রূহ (আত্মা) তথায় পৌছে থাকে। (কুঃ কারীম)

وَمَا أُرْسِلُوا عَلَيْهِمْ حَافِظِينَ ﴿٣٣﴾ فَالْيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ ﴿٣٤﴾

৩৩। ওয়ামা~উর্সিলূ 'আলাইহিম হ্বা-ফিজীন। ৩৪। ফাল্ইয়াওমাল্ লাযীনা আ-মানূ মিনাল কুফ্ফা-রি ইয়াদ্বহাকূন।
(৩৩) অথচ ওদেরকে তো তাদের রক্ষক হিসাবে প্রেরণ করা হয়নি। (৩৪) সুতরাং মুমিনগণ আজ কাফিরদেরকে উপহাস করবে,

عَلَى الْأَرَائِكِ يَنظُرُونَ ﴿٣٥﴾ هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوا يَفْعَلُونَ ﴿٣٦﴾

৩৫। 'আলাল্ আরা—ইকি ইয়ান্জুরূন। ৩৬। হাল্ ছুওয়্যিবাল্ কুফ্ফা-রু মা- কা-নূ ইয়াফ'আলূন।
(৩৫) সু-সজ্জিত উঁচু আসনে বসে তাদের করুণ অবস্থা দেখতে থাকবে। (৩৬) কাফিরেরা তাদের কৃতকর্ম অনুযায়ী প্রতিফল পেয়েছে তো?

সূরা ইনশিক্বা-ক্ মক্কী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি	আয়াত ঃ ২৫ রুকূ ঃ ১

إِذَا السَّمَاءُ انشَقَّتْ ﴿١﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٢﴾ وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ﴿٣﴾

১। ইযাস্ সামা—উন্ শাক্ক্বাত, ২। ওয়া আযিনাত্ লিরাব্বিহা- ওয়া হুক্ক্বাত ৩। ওয়া ইযাল্ আর্দ্বু মুদ্দাত্।
(১) আকাশ যখন ফেটে যাবে, (২) এবং তার রবের নির্দেশ সে পালন করবে এবং এটাই তার যথার্থ কাজ, (৩) পৃথিবীকে যখন প্রসারিত করা হবে,

وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ﴿٤﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٥﴾ يَا أَيُّهَا الْإِنسَانُ

৪। ওয়া আল্ক্বাত্ মা- ফীহা- ওয়া তাখাল্লাত, ৫। ওয়া আযিনাত্ লিরাব্বিহা- ওয়া হুক্ক্বাত্। ৬। ইয়া~আইয়্যুহাল ইন্সা-নু
(৪) এবং সে তার ভেতরে যা আছে তা উগরিয়ে দিবে এবং খালি হয়ে পড়বে। (৫) এবং তার রবের নির্দেশ সে পালন করবে, আর এটাই তার যথার্থ কাজ। (৬) হে মানুষ!

إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ﴿٦﴾ فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ ﴿٧﴾ فَسَوْفَ

ইন্নাকা কা-দিহুন ইলা- রাব্বিকা কাদ্হান ফামুলা-ক্বীহ। ৭। ফাআম্মা- মান্ উতিয়া কিতা-বাহূ বিয়ামীনিহ্। ৮। ফাসাওফা
নিশ্চয়ই তুমি তোমার প্রতিপালকের কাছে পৌছানো পর্যন্ত কঠোর পরিশ্রম করছ, অতঃপর তার সাক্ষাৎ পাবে। (৭) যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে, (৮) তার

يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا ﴿٨﴾ وَيَنقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا ﴿٩﴾ وَأَمَّا مَنْ أُوتِيَ

ইউহ্বা-সাবু হ্বিসা-বাঈ ইয়াসীরা- ৯। ওয়া ইয়ান্ক্বালিবু ইলা~আহ্লিহী মাস্রূরা-। ১০। ওয়া আম্মা- মান্ উতিয়া
হিসাব নিকাশ অতি সহজে নেয়া হবে, (৯) এবং সে খুশী মনে তার আপনজনদের নিকট চলে যাবে। (১০) যাকে তার আমলনামা

كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ ﴿١٠﴾ فَسَوْفَ يَدْعُو ثُبُورًا ﴿١١﴾ وَيَصْلَىٰ سَعِيرًا ﴿١٢﴾ إِنَّهُ كَانَ فِي

কিতা-বাহূ ওয়ারা—আ জাহ্রিহী। ১১। ফাসাওফা ইয়াদ্'উ ছুবূরাওঁ ১২। ওয়া ইয়াস্বলা- সা'ঈরা-। ১৩। ইন্নাহূ কা-না ফী~
তার পিঠের পিছন থেকে দেয়া হবে, (১১) তখন সে শীঘ্র মৃত্যু ডাকবে। (১২) এবং প্রজ্বলিত আগুনে প্রবেশ করবে, (১৩) সে তো তার আপনজনদের

○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ حسابا يسيرا - সহজে হিসাব নেয়ার অর্থ– মুমিনগণের আমলনামা পেশ করা হবে এবং তাতে তাদের ক্রটিগুলোও তাদের সামনে তুলে ধরা হবে। অতঃপর আল্লাহ তাঁর নিজ রহমতে সেগুলো মাফ করে দিবেন। হযরত আয়শা (রা) হতে বর্ণিত, রাসূল (স) বলেন, "যার হিসাব নেয়া হল সে ধ্বংস হল।" আমি আরয করলাম, হে আল্লাহর রাসূল! আমি আপনার উৎসর্গিত। আল্লাহ কি একথা বলেননি যে, "যার ডান হাতে আমলনামা প্রদান করা হবে তার হিসাব সহজ হবে।" হযরত আয়শা (রা)-এর একথা বলার উদ্দেশ্য যে এ আয়াতের আলোকে হিসাবতো মুমিনগণেরও হবে, তবে তারাও তো ধ্বংস হতে রক্ষা পাবে না। রাসূল (স) বলেন, এটাতো মুমিনগণের আল্লাহর সামনে শুধু উপস্থিতি। অর্থাৎ মুমিনগণের সাথে হিসাব-নিকাশের ব্যাপার নয়। শুধু একটি সাক্ষাৎকার মুমিনগণকে আল্লাহর সামনে উপস্থিত করা হবে। যাকে জিজ্ঞাসাবাদ করা হবে সে (সত্যিই) ধ্বংস হল। (কুঃ কারীম)

أَهْلِهِ مَسْرُورًا ⑭ إِنَّهُ ظَنَّ أَن لَّن يَحُورَ ⑮ بَلَىٰ إِنَّ رَبَّهُ كَانَ بِهِ بَصِيرًا ⑯ فَلَا

আহ্লিহী মাস্রূরা-। ১৪। ইন্নাহূ জান্না আল্ লাই ইয়াহূরা। ১৫। বালা~ইন্না রাব্বাহূ কা-না বিহী বাস্বীরা-। ১৬। ফালা~
মধ্যে আনন্দেই ছিল। (১৪) সে ধারণা করেছিল যে, তারা কখনও আল্লাহর কাছে ফিরে যাবে না। (১৫) হ্যাঁ অবশ্যই তার রবের কাছে ফিরে যাবে, নিশ্চয়ই তার রব তাকে ভালোভাবেই দেখছিলেন। (১৬) আমি শপথ করছি,

أُقْسِمُ بِالشَّفَقِ ⑰ وَاللَّيْلِ وَمَا وَسَقَ ⑱ وَالْقَمَرِ إِذَا اتَّسَقَ ⑲ لَتَرْكَبُنَّ طَبَقًا

উক্বসিমু বিশ্শাফাক্বি। ১৭। ওয়াল্লাইলি ওয়ামা- ওয়াসাক্বা ১৮। ওয়াল্ক্বামারি ইযাত্ তাসাক্বা। ১৯। লাতার্কাবুন্না ত্বাবাক্বান্
পশ্চিম দিকের সন্ধ্যা লালিমার। (১৭) এবং রাতের এবং সে যা একত্রিত করে সে সব বস্তুর, (১৮) আর শপথ চন্দ্রের, যখন সে পূর্ণ হয়, (১৯) নিশ্চয়ই তোমরা এক স্তর হতে

সিজদাহ

عَن طَبَقٍ ⑳ فَمَا لَهُمْ لَا يُؤْمِنُونَ ㉑ وَإِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْآنُ لَا يَسْجُدُونَ ۩

'আন্ ত্বাবাক্ব। ২০। ফামা- লাহুম লা-ইউ'মিনূন। ২১। ওয়া ইযা- কুরিআ 'আলাইহিমুল্ কুরআ-নু লা- ইয়াস্জুদূন।
অন্য স্তরে আরোহণ করবে। (২০) সুতরাং তাদের কি হল যে, তারা ঈমান আনছে না? (২১) যখন তাদের সামনে কুরআন পাঠ করা হয়, তখন তারা সিজদা করে না।

سিজদাহ ঃ ১৩

بَلِ الَّذِينَ كَفَرُوا يُكَذِّبُونَ ㉒ وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُوعُونَ ㉓ فَبَشِّرْهُم

২২। বালিল লাযীনা কাফারূ ইউকায্যিবূন। ২৩। ওয়াল্লা-হু আ'লামু বিমা- ইউ'উন। ২৪। ফাবাশ্শির্হুম্
(২২) বরং কাফিরেরা (কুরআনকে) অস্বীকার করে। (২৩) তারা অন্তরে যা ধারণ করছে আল্লাহ্ তা ভালোভাবেই জানেন। (২৪) সুতরাং তাদেরকে কষ্টদায়ক

بِعَذَابٍ أَلِيمٍ ㉔ إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ۝ ع

বি'আযা-বিন আলীম-। ২৫। ইল্লাল্ লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুছ্ স্বা-লিহ্বা-তি লাহুম আজ্রুন্ গাইরু মাম্নূন।
শাস্তির সুসংবাদ দিন। (২৫) কিন্তু যারা ঈমান আনে এবং নেক আমল করে তারা ব্যতীত। তাদের জন্য রয়েছে এমন পুরস্কার, যা কখনো শেষ হবার নয়।

রুকূ

সূরা বুরূজ মক্কী	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি	আয়াত ঃ ২২ রুকূ ঃ ১

وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ ① وَالْيَوْمِ الْمَوْعُودِ ② وَشَاهِدٍ وَمَشْهُودٍ ③ قُتِلَ

১। ওয়াস্ সামা—ই যা-তিল বুরূজি, ২। ওয়াল ইয়াওমিল মাও'উদি, ৩। ওয়া শা-হিদিওঁ ওয়া মাশ্হূদ্। ৪। কুতিলা
(১) শপথ, বুরূজ সমন্বিত আকাশের; (২) আর শপথ, ওয়াদাকৃত দিবসের; (৩) আর শপথ সাক্ষীর এবং যার সাক্ষ্য দেয়া হবে তার। (৪) ধ্বংস হয়েছে

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ بروج - 'বুরূজ' অর্থ নিয়ে তফসীরকারদের মতভেদ রয়েছে। কেহ বলেন, এর অর্থ চন্দ্রের অবস্থিতি স্থানসমূহ। কেহ বলেণ বড় তারকাসমূহ। অধিকাংশ তফসীরকারদের মতে এর অর্থ রাবিসমূহ। কেউ বলেন, এর দ্বারা আকাশের দ্বারসমূহকে বুঝানো হয়েছে। অথবা চন্দ্রের ভ্রমণের পথকে বুঝানো হয়েছে। (তাঃ কাদেরী) ○ বিশ্লেষণ (আঃ ৩) ঃ وشاهد ومشهود - শপথ সাক্ষী আর যার সাক্ষী দেয়া হয়, তফসীরকারদের মতে বিভিন্ন মতভেদ রয়েছে। ইমাম শাওকানী (র) বলেন, شاهد (সাক্ষী) দ্বারা জুমার দিনকে বুঝান হয়েছে। সেদিন যে আমল করা হবে তা কিয়ামতের দিন সাক্ষী হিসাবে উপস্থিত হবে এবং مشهود (যার সাক্ষী দেয়া হবে) দ্বারা আরাফার ৯ই জিলহজ্জের দিনকে বুঝান হয়েছে। যেদিন মানুষ সেখানে উপস্থিত হয়ে থাকে। এ অর্থের দিক দিয়ে আয়াতের অর্থ হবে, উপস্থিত বা উপাস্থাপিত বিষয়ের শপথ। কেউ বলেন, شاهد '(সাক্ষী)' দ্বারা রাসূলুল্লাহ (স)-কে বুঝান হয়েছে। আর مشهود (যার সাক্ষী দেয়া হবে) দ্বারা উম্মতগণকে বুঝান হয়েছে। অথবা شاهد দ্বারা শেষ নবীর (স) উম্মতগণকে বুঝান হয়েছে এবং مشهود দ্বারা পূর্ববর্তী নবীগণের উম্মতগণকে বুঝান হয়েছে।-(এ অর্থের আলোকেই এখানে অনুরূপ করা হয়েছে) (তাঃ কাদেরী)

○ ঘটনা (আঃ ৪) ঃ অগ্নিকুন্ডের ব্যবস্থাপকদের কাহিনী ঃ আগেকার যুগে (শাম দেশে) এক বাদশাহ ছিলেন। তার একজন যাদুকর ছিল। যখন সে যাদকুর বৃদ্ধ হয়ে গেল, তখন বাদশাহর কাছে সে বলল যে, আমাকে একটি মেধাবী বালক দিন, যাকে আমি আমার যাদু বিদ্যা শিখাব। সুতরাং বাদশাহ একটি মেধাবী বালক বাছাই করে তার কাছে প্রেরণ করেন। বালক নিয়মিত যাদুকরের কাছে যাতায়াত করতে থাকে। বালকটির যাতায়াতের পথে এক পাদ্রীর আশ্রয় ছিল। পাদ্রীর অনেক কথা তার কাছে খুব ভালই লাগত। এভাবে চলতে থাকে। একদিন বালক যাদুকরের কাছে যাচ্ছিল। [অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

أَصْحَابُ الْأُخْدُودِ ④ النَّارِ ذَاتِ الْوَقُودِ ⑤ إِذْ هُمْ عَلَيْهَا قُعُودٌ ⑥ وَهُمْ

আস্বহ্বা-বুল উখ্দূদ্। ৫। আন্ না-রি যা-তিল ওয়াকূদ্, ৬। ইয্হুম 'আলাইহা- কু'উদুওঁ ৭। ওয়া হুম
কুণ্ডের মালিকগণ। (৫) যে (কুণ্ডের) অগ্নি ছিল, ইন্ধন জ্বালানি উপকরণ যুক্ত, (৬) যখন তারা তার (কুণ্ডের) পাশে বসেছিল, (৭) এবং

عَلَىٰ مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِينَ شُهُودٌ ⑦ وَمَا نَقَمُوا مِنْهُمْ إِلَّا أَن يُؤْمِنُوا بِاللَّهِ

'আলা- মা- ইয়াফ্'আলূনা বিল্ মু'মিনীনা শুহূদ। ৮। ওয়া মা-নাক্বামূ মিন্হুম ইল্লা~আইঁ ইউ'মিনূ বিল্লা-হিল
মুমিনগণের উপর যা (নির্যাতন) করা হচ্ছিল তারা তা দেখছিল। (৮) ওরা তাদেরকে শাস্তি দিয়েছিল শুধু এজন্য যে, তারা ঈমান এনেছিল আল্লাহর প্রতি।

الْعَزِيزِ الْحَمِيدِ ⑧ الَّذِي لَهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ

'আযীযিল্ হ্বামীদ। ৯। আল্লাযী লাহূ মুলকুস্ সামা-ওয়া-তি ওয়াল আরদ্বি ; ওয়াল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্
যিনি মহা প্রতাপশালী ও প্রশংসার যোগ্য। (৯) তিনি এমন মহান যে, আকাশমণ্ডলী ও পৃথিবীর কর্তৃত্ব একমাত্র তাঁরই এবং আল্লাহ সব কিছুর

شَهِيدٌ ⑨ إِنَّ الَّذِينَ فَتَنُوا الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ثُمَّ لَمْ يَتُوبُوا فَلَهُمْ

শাহীদ্। ১০। ইন্নাল্লাযীনা ফাতানুল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ছুম্মা লাম ইয়াতূবূ ফালাহুম
দর্শনকারী। (১০) যারা মুমিন পুরুষ ও মুমিন নারীকে (নির্যাতন করে) কষ্ট দিয়েছে। অতঃপর তওবা করেনি, তাদের জন্য রয়েছে

عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيقِ ⑩ إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا

'আযা-বু জ্বাহান্নামা ওয়া লাহুম 'আযা-বুল্ হ্বারীক্ব। ১১। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব
জাহান্নামের শাস্তি। এবং অগ্নির জ্বলন্ত শাস্তি। (১১) নিশ্চয়ই যারা ঈমান আনে ও নেক আমল করে,

الصَّالِحَاتِ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ ۚ ذَٰلِكَ الْفَوْزُ الْكَبِيرُ ۝

স্বা-লিহ্বা-তি লাহুম জ্বান্না-তুন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্হা-রু ; যা-লিকাল্ ফাওযুল্ কাবীর।
তাদের জন্য রয়েছে জান্নাত। যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, (আর) এটাই বিরাট সফলতা।

পথে দেখতে পেল যে, একটি বড় বাঘ অথবা সাপ রাস্তার উপরে অবস্থান করে লোকদের যাতায়াত পথ বন্ধ করে দিল। এতদ্দর্শনে, বালকটি যাদুকর এবং পাদ্রীকে পরীক্ষা করার জন্য একখন্ড প্রস্তর হাতে নিয়ে বলল, "হে আল্লাহ! যদি পাদ্রীর সংস্পর্শ গণকের সংস্পর্শের চেয়ে (আমার জন্য) কল্যাণকর হয়, তবে এ প্রস্তরের আঘাতে জানোয়ারটিকে মেরে ফেল। যাতে লোকেরা যাতায়াত করতে পারে।" এ বলে, প্রস্তর খন্ড জানোয়ারের দিকে নিক্ষেপ করল, সাথে সাথে সেটি মারা গেল। বালকটি এ ঘটনাটি পাদ্রীকে বলল। পাদ্রী ঘটনাটি শুনে বললেন, বালক! তুমি উন্নতির উচ্চ শিখরে পৌছে গেছ। তোমার এখন পরীক্ষার সময়। খবরদার! এ কঠিন পরীক্ষার সময় আমার নাম প্রকাশ করবে না। বালকটি জন্মান্ধ, কুষ্ঠরোগ এবং আরও অন্যান্য জটিল রোগের চিকিৎসা করত। কিন্তু এ চিকিৎসা করত আল্লাহর প্রতি ঈমান আনার শর্তে। এ শর্তের উপর বাদাশাহর একটি অন্ধ ভৃত্যেরও চিকিৎসা করেন। আল্লাহর রহমতে বালকটির দোয়ায় সে ভাল হয়ে যায়। বালকটি সকলকে একথাই বলত যে, "যদি তোমরা আল্লাহর প্রতি ঈমান আন, তবে তাঁর কাছে তোমাদের সুস্থতার জন্য দোয়া করব। আশা করি আল্লাহ ভাল করে দিবেন।" আর বালকটির দোয়া আল্লাহ কবুলও করতেন। বাদশাহর কাছে এ খবর পৌছল। বাদশাহ খুব পেরেশান হয়ে গেল। বহু ঈমান গ্রহণকারীগণকে সে (অত্যাচারী বাদশাহ) হত্যা করল। আর বালকটির ব্যাপারে সে তার কয়েকজন লোককে এ বলে নির্দেশ দিল যে, তাকে পাহাড়ের চূড়ায় সেখান থেকে নীচে নিক্ষেপ কর। যখন তাকে নিয়ে চূড়ায় উঠল, তখন বালকটি দোয়া করলেন, তাঁর দোয়ায় সাথে সাথে পাহাড় কম্পন করল। ফলে তাঁর সাথের লোকেরা পড়ে মারা গেল। আল্লাহ শুধু তাঁকে রক্ষা করলেন। অতঃপর বাদশাহ অন্য আর একটি দলকে নির্দেশ দিলেন যে, তাঁকে একটি নৌকায় আরোহণ করিয়ে সমুদ্রের মাঝে নিয়ে ছেড়ে দাও। যখন তাঁকে নিয়ে সমুদ্রের মাঝ বরাবর যাওয়া হল, তখন সমুদ্রে এমন তুফান শুরু হল যে, নৌকার আরোহীরা নৌকা উলটে সব মারা গেল। বালকটি বাদশাহকে বললেন, বাদশাহ! যদি আমাকে আপনার মারতেই হয় তবে, এভাবে পারবেন না। পদ্ধতি একটিই আছে, যা হচ্ছে একটি উন্মুক্ত ময়দানে লোকদের সমবেত করে।

بسم الله رب الغلام - (আল্লাহর নামে, যিনি এ বালকের প্রতিপালক) বলে, আমার দিকে তীর নিক্ষেপ করুন। বাদশাহ এভাবেই করল যাতে বালকটি মারা গেল। কিন্তু এতদ্দর্শনে উপস্থিত জনতা চীৎকার করে বলে উঠল, "আমরা এ বালকটির প্রতিপালকের প্রতি ঈমান আনলাম।" বাদশাহ এতে আরও অস্থির হয়ে পড়ল এবং ক্রোধান্বিত হয়ে রাস্তার পার্শ্বে একটি কূয়াখনন করিয়ে তাতে অগ্নি প্রজ্বলিত করল এবং নির্দেশ দিল যে, এ প্রজ্বলিত অগ্নি কুন্ডে, তাদেরকে নিক্ষেপ কর। যারা বালকের প্রতিপালকের প্রতি আনিত ঈমান প্রত্যাখ্যান না করে। এভাবে মুমিনগণকে অগ্নিকুন্ডের সামনে আনা হয় এবং দৃঢ় মুমিনগণকে জ্বলন্ত অগ্নি কুন্ডে নিক্ষেপ করা হয়। শেষ পর্যন্ত এক মুমিন মহিলা এসে উপস্থিত হল। যার সাথে একটি শিশু সন্তান ছিল। সে সন্তানটির মায়ায় একটু ইতস্তত করছিল। অকস্মাৎ শিশু সন্তানটি বলে উঠল "মা" তুমি একটু ধৈর্যধারণ কর, তুমিই সত্য পথে আছ।" (কুঃ কারীম)

﴿١٢﴾ اِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيْدٌ ﴿١٣﴾ اِنَّهٗ هُوَ يُبْدِئُ وَيُعِيْدُ ﴿١٤﴾ وَهُوَ الْغَفُوْرُ

১২। ইন্না বাত্বশা রাব্বিকা লাশাদীদ। ১৩। ইন্নাহূ হুওয়া ইউব্দিউ ওয়া ইউ'ঈদ। ১৪। ওয়া হুওয়াল্ গাফূরুল্

(১২) নিশ্চয়ই তোমার প্রতিপালকের পাকড়াও খুবই কঠিন। (১৩) নিশ্চয়ই তিনি (আল্লাহ) প্রথম সৃষ্টি করেন এবং পুনর্জীবিত করেন, (১৪) তিনি ক্ষমাশীল,

الْوَدُوْدُ ﴿١٥﴾ ذُو الْعَرْشِ الْمَجِيْدُ ﴿١٦﴾ فَعَّالٌ لِّمَا يُرِيْدُ ﴿١٧﴾ هَلْ اَتٰىكَ حَدِيْثُ

ওয়াদূদু (১৫) যুল্ 'আরশিল্ মাজীদ্। ১৬। ফা'আ্যা-লুল্ লিমা- ইউরীদ্। ১৭। হাল্ আতা-কা হ্বাদীছুল্

প্রেমময়, (১৫) আরশের মালিক, অতি মর্যাদাবান। (১৬) তিনি যা চান তা-ই করেন। (১৭) তোমার কাছে সে সৈন্যবাহিনীর বিবরণ

الْجُنُوْدِ ﴿١٨﴾ فِرْعَوْنَ وَثَمُوْدَ ﴿١٩﴾ بَلِ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ تَكْذِيْبٍ ﴿٢٠﴾ وَّاللّٰهُ

জুনূদ্। ১৮। ফির'আওনা ওয়া ছামূদ্। ১৯। বালিল্ লাযীনা কাফারূ ফী তাক্যীবিওঁ ২০। ওয়াল্লা-হু

এসে পৌঁছবে কি? (১৮) ফিরআউন ও সামূদের? (১৯) এরপরেও কাফিরেরা মিথ্যারোপ করতে (নিমগ্ন) রয়েছে। (২০) আর আল্লাহ্

مِنْ وَّرَآئِهِمْ مُّحِيْطٌ ﴿٢١﴾ بَلْ هُوَ قُرْاٰنٌ مَّجِيْدٌ ﴿٢٢﴾ فِيْ لَوْحٍ مَّحْفُوْظٍ ۝ ১ ع২২ ১০ রুকূ

মিওঁ ওয়ারা—ইহিম্ মুহ্বীত্ব। ২১। বাল্ হুওয়া কুর্আ-নুম্ মাজীদ্। ২২। ফী লাওহ্বিম মাহ্বফূজ।

তাদের পেছন হতে ঘিরে রয়েছেন। (২১) বরং এ হচ্ছে মর্যাদাবান কুরআন, (২২) যা সুরক্ষিত ফলকের মধ্যে রয়েছে।

সূরা ত্বা-রেক
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৭
রুকূ ঃ ১

﴿١﴾ وَالسَّمَآءِ وَالطَّارِقِ ﴿٢﴾ وَمَآ اَدْرٰىكَ مَا الطَّارِقُ ﴿٣﴾ النَّجْمُ الثَّاقِبُ ﴿٤﴾ اِنْ كُلُّ

১। ওয়াস্ সামা—ই ওয়াত্ত্বা-রিক্ব, ২। ওয়া মা ~আদ্রা-কা মাত্ব ত্বা-রিকু ৩। আন্ নাজ্মুছ্ ছা-ক্বিব্। ৪। ইন্ কুল্লু

(১) শপথ আকাশের এবং রাতে যে আগমন করে তার? (২) তুমি কি জান রাতে আগমনকারী জিনিসটা কি? (৩) সেটি উজ্জ্বল তারকা। (৪) প্রতিটি মানুষের

نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌ ﴿٥﴾ فَلْيَنْظُرِ الْاِنْسَانُ مِمَّ خُلِقَ ﴿٦﴾ خُلِقَ مِنْ مَّآءٍ

নাফ্সিল্ লাম্মা- 'আলাইহা- হ্বা-ফিজ। ৫। ফালইয়ান্যুরিল্ ইন্সা-নু মিম্মা খুলিক্ব। ৬। খুলিক্বা মিম মা—ইন্

সাথেই রক্ষক (ফেরেশতা) রয়েছে। (৫) সুতরাং মানুষ ভেবে দেখুক কোন বস্তু দ্বারা তাকে সৃষ্টি করা হয়েছে। (৬) তাকে সৃষ্টি করা হয়েছে সবেগে নির্গত

دَافِقٍ ﴿٧﴾ يَّخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَآئِبِ ﴿٨﴾ اِنَّهٗ عَلٰى رَجْعِهٖ لَقَادِرٌ ۝

দা-ফিক্বিই ৭। ইয়াখ্রুজু মিম্ বাইনিস্ব স্বুল্বি ওয়াত্ তারা—ইব। ৮। ইন্নাহূ 'আলা- রাজ্'ইহী লাক্বা-দির।

পানি (বীর্য) হতে। (৭) যা বেরিয়ে আসে মেরুদণ্ড ও বক্ষস্থিত অস্থিসমূহের মধ্য হতে। (৮) তিনি মানুষকে প্রত্যাবর্তন করাতে পূর্ণ ক্ষমতাবান।

○ শানে নুযূল (আঃ ১) ঃ একরাতে রাসূলুল্লাহ (স)-এর চাচা আবু তালেব তাঁর গৃহে সাক্ষাতের জন্য আগমন করেন। রাসূলুল্লাহ (স) তাঁর আহারের জন্য রুটি ও দুধের ব্যবস্থা করেন। তাঁরা উভয়ই খেতে ছিলেন। এমতাবস্থায় একটি উল্কাপিণ্ড পৃথিবীর এত নিকট প্রকাশিত হল যে, তার জ্যোতিতে সমস্ত গৃহ আলোকিত হয়ে গেল এবং তার আলোতে আবু তালিবের চোখের জ্যোতি ক্ষীণ হয়ে গেল। তিনি ভীত হয়ে জিজ্ঞাসা করেন, এটা কি? রাসূলুল্লাহ (স) বলেন, যে সময় শয়তানেরা আকাশের গুপ্তখবর অনুসন্ধানের জন্য উপড়ে উঠে, তখন ফিরিশতাগণ উক্ত উল্কা নিক্ষেপ করে তাদেরকে বিতাড়িত করেন। এটা আল্লাহ তায়ালার মহান নিদর্শনাবলীর একটি নিদর্শন। (তাঃ কাদেরী)

﴿٩﴾ يَوْمَ تُبْلَى السَّرَآئِرُ ﴿١٠﴾ فَمَا لَهٗ مِنْ قُوَّةٍ وَّلَا نَاصِرٍ ﴿١١﴾ وَالسَّمَآءِ ذَاتِ الرَّجْعِ ۝

৯। ইয়াওমা তুব্লাস্ সারা—ইর, ১০। ফামা- লাহূ মিন্ কুওয়্যাতিওঁ ওয়ালা- না-স্বির। ১১। ওয়াস্ সামা—ই যা-তির রাজ্'ই,

(৯) যেদিন প্রকাশিত হবে তাদের গোপন বিষয়, (১০) সেদিন তার কোন শক্তি থাকবে না এবং সাহায্যকারীও থাকবে না। (১১) শপথ বৃষ্টিযুক্ত আকাশের।

﴿١٢﴾ وَالْاَرْضِ ذَاتِ الصَّدْعِ ﴿١٣﴾ اِنَّهٗ لَقَوْلٌ فَصْلٌ ﴿١٤﴾ وَّمَا هُوَ بِالْهَزْلِ ﴿١٥﴾ اِنَّهُمْ

১২। ওয়াল্ আরদ্বি যা-তিস্ব স্বাদ্'ই, ১৩। ইন্নাহূ লাক্বাওলুন্ ফাস্বলুওঁ ১৪। ওয়ামা- হুওয়া বিল্ হায্লি। ১৫। ইন্নাহুম

(১২) শপথ বিদীর্ণ হওয়া ভূখণ্ডের (১৩) নিশ্চয়ই এ কুরআন হচ্ছে হক ও বাতিলের মধ্যে ফয়সালা বাণী। (১৪) এবং এটি কৌতুক নয়, (১৫) তারাতো

১ ع৭ ১১ রুকূ يَكِيْدُوْنَ كَيْدًا ﴿١٦﴾ وَّاَكِيْدُ كَيْدًا ﴿١٧﴾ فَمَهِّلِ الْكٰفِرِيْنَ اَمْهِلْهُمْ رُوَيْدًا ۝

ইয়াকীদূনা কাইদাওঁ ১৬। ওয়া আকীদু কাইদা-। ১৭। ফামাহ্হিলিল্ কা-ফিরীনা আম্হিল্হুম রুওয়াইদা-।

প্রতারণা করছে, (১৬) আমিও মহা কৌশল (অবলম্বন) করি। (১৭) সুতরাং কাফিরদেরকে সুযোগ দিন কিছু কালের জন্য।

সূরা আ'লা
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

﴿١﴾ سَبِّحِ اسْمَ رَبِّكَ الْاَعْلَى ﴿٢﴾ الَّذِيْ خَلَقَ فَسَوّٰى ﴿٣﴾ وَالَّذِيْ قَدَّرَ فَهَدٰى ۝

১। সাব্বিহ্বিস্মা রাব্বিকাল আ'লা- ২। আল্লাযী খালাক্বা ফাসাওয়্যা-। ৩। ওয়াল্লাযী ক্বাদ্দারা ফাহাদা-।

(১) তুমি তোমার মহামহিম রবের নামের তাসবীহ বর্ণনা কর। (২) যিনি সৃষ্টি করেন ও অঙ্গসৌষ্ঠব বিশিষ্ট করেন। (৩) যিনি সব কিছু নির্ধারণ করেন এবং পথ দেখান,

﴿٤﴾ وَالَّذِيْ اَخْرَجَ الْمَرْعٰى ﴿٥﴾ فَجَعَلَهٗ غُثَآءً اَحْوٰى ﴿٦﴾ سَنُقْرِئُكَ فَلَا تَنْسٰى ۝

৪। ওয়াল্লাযী~আখ্রাজাল্ মার'আ-। ৫। ফাজা'আলাহূ গুছা—আন্ আহ্বওয়া-। ৬। সানুক্বরিউকা ফালা- তান্সা~।

(৪) আর যিনি ঘাস উৎপন্ন করেন। (৫) এবং পরে তা কালো আবর্জনায় পরিণত করেন। (৬) সত্ত্বর আমি তোমাকে পাঠ করাব, ফলে তুমি ভুলবে না।

﴿٧﴾ اِلَّا مَا شَآءَ اللّٰهُ ۭ اِنَّهٗ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفٰى ﴿٨﴾ وَنُيَسِّرُكَ لِلْيُسْرٰى ﴿٩﴾ فَذَكِّرْ

৭। ইল্লা- মা- শা—আল্লা-হু ; ইন্নাহূ ইয়া'লামুল জাহ্‌রা ওয়ামা- ইয়াখ্ফা-। ৮। ওয়া নুইয়াস্সিরুকা লিল ইউস্রা-। ৯। ফাযাক্কির

(৭) কিন্তু আল্লাহ যা ইচ্ছা করেন তা ভিন্ন; তিনি জানেন প্রকাশ্য বিষয় এবং যা গোপন আছে সে বিষয়েও। (৮) আমি তোমাকে এমন সহজ পথ প্রদর্শন করব, যাতে তোমার চলতে সহজ হয়। (৯) অতঃপর তুমি উপদেশ দিতে থাক,

اِنْ نَّفَعَتِ الذِّكْرٰى ﴿١٠﴾ سَيَذَّكَّرُ مَنْ يَّخْشٰى ﴿١١﴾ وَيَتَجَنَّبُهَا الْاَشْقَى ﴿١٢﴾ الَّذِيْ

ইন্ নাফা'আতিয্ যিক্রা-। ১০। সাইয়ায্যাক্কারু মাই ইয়াখ্শা-। ১১। ওয়া ইয়াতাজান্নাবুহাল্ আশ্ক্বা-। ১২। লাযী

যদি সে উপদেশ ফলদায়ক হয়। (১০) যে আল্লাহকে ভয় করে সেতো উপদেশ গ্রহণ করবে। (১১) আর যে তা এড়িয়ে চলবে, সে অত্যন্ত দুর্ভাগাবান। (১২) সে

○ টীকা (আঃ ১৭) ঃ অর্থাৎ, কাফেরা সত্যকে দাবায়ে রাখার জন্য নানাবিধ তদবীর করছে, আমিও তাদের চেষ্টা বিফল করে দেয়ার জন্য তদবীর করছি; সুতরাং তাদের বিরোধিতার দরুন আপনি ঘাবড়াবেন না, তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা আমি যথাসময়ে করব। ○ টীকা (আঃ ৭) ঃ অর্থাৎ, যতটুকু আমার ইচ্ছা হবে, ততটুকু আপনার মন হতে মুছে ফেলব, একে 'নাসখ' বলা হয়। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৮) ঃ অতএব, কোন কিছুর উপকারিতা ও অপকারিতা তাঁর অজ্ঞাত নয়, যা আপনার মনে রাখা উপকারী, তা মনে রাখবেন এবং যা উপকারী নয় তা ভুলায়ে দিবেন। ○ টীকা (আঃ ৮) ঃ অর্থাৎ, এই শরীঅত বুঝাও সহজ হবে; এর বিধানসমূহ মানিয়া চলাও সহজ হবে এবং সকল বাধা দূর করে এর প্রচারও আপনার জন্য সহজ করে দিব। (বঃ কোঃ)

يَصْلَى النَّارَ الْكُبْرٰى ⑬ ثُمَّ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ⑭ قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ○

ইয়াস্বলান্ না-রাল্ কুব্‌রা- । ১৩ । ছুম্মা লা- ইয়ামূতু ফীহা- ওয়ালা- ইয়াহ্ইয়া- । ১৪ । ক্বাদ্ আফ্‌লাহা মান্ তাযাক্কা- ।

ভীষণ আগুনের মধ্যে প্রবেশ করে। (১৩) অতঃপর তার সেখানে মৃত্যুও হবে না এবং বেঁচেও থাকবে না। (১৪) সে-ই তো কামিয়াব হবে, যে আত্মশুদ্ধি করে।

⑮ وَذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ⑯ بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا ⑰ وَالْاٰخِرَةُ خَيْرٌ

১৫ । ওয়া যাকারাস্‌মা রাব্বিহী ফাস্বাল্লা- । ১৬ । বাল্ তু'ছিরূনাল্ হ্বায়া-তাদ্ দুন্‌ইয়া- । ১৭ । ওয়াল্ আ-খিরাতু খাইরুওঁ

(১৫) এবং তাঁর রবের নামের যিকির করে আর নামাজ আদায় করে। (১৬) কিন্তু তোমরা প্রাধান্য দাও পার্থিব জীবনকে। (১৭) অথচ পরকাল হচ্ছে অতি উত্তম

وَّاَبْقٰى ⑱ اِنَّ هٰذَا لَفِى الصُّحُفِ الْاُوْلٰى ⑲ صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ○ ع ١/١٢ রুকূ

ওয়া আব্‌ক্বা- । ১৮ । ইন্না হা-যা- লাফিস্ব স্বুহুফিল্ উলা- । ১৯ । ছুহুফি ইব্‌রা-হীমা ওয়া মূসা- ।

এবং চিরস্থায়ী। (১৮) একথা অবশ্যই লিখিত রয়েছে পূর্বের কিতাবগুলোতে। (১৯) এবং ইব্রাহীম ও মূসার কিতাবেও।

সূরা গা-শিয়াহ মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি | আয়াত ঃ ২৬ রুকূ ঃ ১

① هَلْ اَتٰىكَ حَدِيْثُ الْغَاشِيَةِ ② وُجُوْهٌ يَّوْمَئِذٍ خَاشِعَةٌ ③ عَامِلَةٌ نَّاصِبَةٌ ○

১ । হাল্ আতা-কা হ্বাদীছুল্ গা-শিয়াহ্ । ২ । উজূহুঁই ইয়াওমাইযিন্ খা-শি'আহ্ । ৩ । 'আ-মিলাতুন্ না-স্বিবাহ্ ।

(১) তোমার কাছে আচ্ছন্নকারী কিয়ামত এর খবর এসেছে কি? (২) সেদিন অনেকের মুখ নীচু হবে, (৩) পরিশ্রমে অতিশয় ক্লান্ত,

④ تَصْلٰى نَارًا حَامِيَةً ⑤ تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ⑥ لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا مِنْ ضَرِيْعٍ ○

৪ । তাস্বলা- না-রান্ হ্বা-মিয়াহ্ । ৫ । তুস্‌ক্বা-মিন্ 'আইনিন্ আ-নিয়াহ্ । ৬ । লাইসা লাহুম ত্বা'আ-মুন ইল্লা- মিন্ দ্বারী'ইল্

(৪) তারা প্রবেশ করবে উত্তপ্ত আগুনে। (৫) তাদের পান করান হবে তাপযুক্ত পানির ঝরণা থেকে। (৬) তাদের জন্য কাটা ওয়ালা ঝাড় ছাড়া আর কোন খাদ্য থাকবে না।

⑦ لَّا يُسْمِنُ وَلَا يُغْنِىْ مِنْ جُوْعٍ ⑧ وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاعِمَةٌ ⑨ لِّسَعْيِهَا رَاضِيَةٌ ○

৭ । লা- ইউস্‌মিনু ওয়ালা- ইউগ্‌নী মিন্ জূ'ইন্ । ৮ । উজূহুঁই ইয়াওমাইযিন্ না-'ইমাতুল্ ৯ । লিসা'ইহা- রা-দ্বিয়াহ্ ।

(৭) যা পুষ্টি সাধন করে না এবং ক্ষুধাও মিটায়না। (৮) সেদিন অনেকের চেহারা হবে আনন্দে উদ্বেলিত। (৯) তারা তাদের চেষ্টার জন্য খুশী থাকবে।

⑩ فِىْ جَنَّةٍ عَالِيَةٍ ⑪ لَّا تَسْمَعُ فِيْهَا لَاغِيَةً ⑫ فِيْهَا عَيْنٌ جَارِيَةٌ ⑬ فِيْهَا سُرُرٌ

১০ । ফী জান্নাতিন্ 'আ-লিয়াহ্ ১১ । লা- তাস্‌মা'উ ফীহা- লা-গিয়াহ্ । ১২ । ফীহা- 'আইনুন্ জ্বা-রিয়াহ্ । ১৩ । ফীহা- সুরুরুম্

(১০) তারা থাকবে উঁচু জান্নাতে। (১১) সেখানে তারা কোন নিরর্থক কথা শোনবে না। (১২) সেখানে থাকবে প্রবাহিত নহরসমূহ, (১৩) সেখানে থাকবে সু-সজ্জিত

○ টীকা (আঃ ১৪) ঃ সূরার প্রথম হতে এই পর্যন্ত আয়াতগুলোর সারমর্ম এই যে, হুযুর (স)-এর প্রতি আদেশ করা হয়েছে যে, আপনি নিজের আত্মিক অবস্থার পরিপূর্ণতাও সাধন করুন, অন্যকেও একথাই শিক্ষা দিন, আমি (আল্লাহ্) সর্বাবস্থায়ই আপনার সহায় আছি, আর নসীহতের নিজস্ব ফলপ্রসূতার প্রতি লক্ষ্য করলেই বুঝা যায় যে, নসীহত করা অবশ্যকর্তব্য। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ১৯) ঃ অর্থাৎ, আখেরাতের উৎকৃষ্টতা ও শ্রেষ্ঠত্বের দাবী কেবল কোরআনেরই নহে; বরং কোরআনের পূর্ববর্তী যত আসমানী কিতাব ও ছহীফা রয়েছে সমস্ত কিতাবেরই। মারফূ হাদীসে উল্লেখ রয়েছে যে, হযরত ইবরাহীম (আ)-এর প্রতি দশটি ছহীফা এবং হযরত মূসা (আ)-এর প্রতি তওরাতের পূর্বে দশটি ছহীফা অবতীর্ণ হয়েছিল। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ১) ঃ الغاشية - অর্থ কিয়ামত। এজন্য যে, তার ভয়াবহ অবস্থা সমস্ত সৃষ্টিকে আচ্ছাদিত করবে।

مَّرْفُوْعَةٌ ⑭ وَّاَكْوَابٌ مَّوْضُوْعَةٌ ⑮ وَّنَمَارِقُ مَصْفُوْفَةٌ ⑯ وَّزَرَابِىُّ مَبْثُوْثَةٌ ○

মারফূ'আহ্ । ১৪ । ওয়া আক্‌ওয়া-বুম্ মাওদ্বূ'আহ্ । ১৫ । ওয়া নামা-রিকু মাস্বফূফাহ্ । ১৬ । ওয়া যারা-বিয়্যু মাব্‌ছূছাহ্ ।

বহু আসন (১৪) সুরক্ষিত পান পাত্র। (১৫) সারি সারি সাজানো বালিশ, (১৬) আর থাকবে বিছানো গালিচা,

⑰ اَفَلَا يَنْظُرُوْنَ اِلَى الْاِبِلِ كَيْفَ خُلِقَتْ ⑱ وَاِلَى السَّمَاۤءِ كَيْفَ رُفِعَتْ ○

১৭ । আফালা- ইয়ান্‌জুরূনা ইলাল্ ইবিলি কাইফা খুলিক্বাত । ১৮ । ওয়া ইলাস্ সামা—ই কাইফা রুফি'আত্ ।

(১৭) তারা কি উটের প্রতি লক্ষ্য করে না? কিভাবে সেটি সৃষ্টি করা হয়েছে? (১৮) এবং আকাশের দিকে, কিভাবে তাকে উঁচু করা হয়েছে?

⑲ وَاِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ⑳ وَاِلَى الْاَرْضِ كَيْفَ سُطِحَتْ ㉑ فَذَكِّرْ

১৯ । ওয়া ইলাল্ জ্বিবা-লি কাইফা নুস্বিবাত্ । ২০ । ওয়া ইলাল্ আরদ্বি কাইফা সুত্বিহ্বাত্ । ২১ । ফাযাক্কির ;

(১৯) এবং পাহাড়গুলোর দিকে, কিভাবে তাকে স্থাপন করা হয়েছে? (২০) আর ভূ-পৃষ্ঠের দিকে, কিভাবে তাকে বিছিয়ে দেয়া হয়েছে। (২১) অতএব আপনি উপদেশ

অর্ধাংশ

اِنَّمَاۤ اَنْتَ مُذَكِّرٌ ㉒ لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ㉓ اِلَّا مَنْ تَوَلّٰى وَكَفَرَ ㉔ فَيُعَذِّبُهُ

ইন্নামা~ আন্‌তা মুযাক্কির । ২২ । লাস্‌তা 'আলাইহিম বিমুস্বাইত্বির । ২৩ । ইল্লা- মান্ তাওয়াল্লা- ওয়া কাফারা । ২৪ । ফাইউ'আয্‌যিবুহুল

দিতে থাকুন, আপনি তো একজন উপদেশকারী মাত্র, (২২) আপনি নন তাদের দায়িত্বপ্রাপ্ত, (২৩) কিন্তু যে প্রত্যাখ্যান করে এবং কুফরী করে, (২৪) আল্লাহ্ তাকে

ع ٢٦ ১ ১৩ রুকূ اللّٰهُ الْعَذَابَ الْاَكْبَرَ ㉕ اِنَّ اِلَيْنَاۤ اِيَابَهُمْ ㉖ ثُمَّ اِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ○

লা-হুল 'আযা-বাল্ আক্‌বার । ২৫ । ইন্না ইলাইনা~ইয়া-বাহুম । ২৬ । ছুম্মা ইন্না 'আলাইনা- হ্বিসা-বাহুম ।

দিবেন কঠোর শাস্তি। (২৫) নিশ্চয়ই আমার কাছেই তাদের ফিরে আসতে হবে, (২৬) অতঃপর তাদের হিসাব-নিকাশ নেয়া আমারই দায়িত্ব।

সূরা ফাজ্‌র মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি | আয়াত ঃ ৩০ রুকূ ঃ ১

① وَالْفَجْرِ ② وَلَيَالٍ عَشْرٍ ③ وَّالشَّفْعِ وَالْوَتْرِ ④ وَالَّيْلِ اِذَا يَسْرِ ○

১ । ওয়াল্‌ফাজ্বরি । ২ । ওয়া লায়া-লিন্ 'আশ্‌রিওঁ ৩ । ওয়াশ্‌শাফ'ই ওয়াল্ ওয়াত্‌রি । ৪ । ওয়াল্লাইলি ইযা- ইয়াস্‌রি ।

(১) শপথ ফজরের, (২) শপথ দশ রাতের, (৩) এবং জোড় ও বেজোড়ের; (৪) শপথ রাতের, যখন তা চলে যায়।

○ টীকা (আঃ ১৬) ঃ অর্থাৎ, সর্বত্র কেবল গালিচাই দৃষ্টিগোচর হবে, এইভাবে সর্বত্র গালিচাসমূহ বিছানো থাকাতে বেহেশতীগণ যেখানে ইচ্ছা সেখানেই বিশ্রাম করতে পারবে। ○ টীকা (আঃ ১৮) ঃ অসংখ্য সৃষ্টির মধ্যে বিশেষ করে উট, আসমান, পাহাড় এবং যমীন এই চারিটি বস্তুর উল্লেখ তৎকালীন আরবদের অবস্থার প্রতি লক্ষ্য রেখেই করা হয়েছে। আরবের তৎকালীন লোকেরা সাধারণতঃ মাঠে চলাফেরা করত। তাদের সঙ্গে থাকিত উট, উপরে নীল আসমান, পদতলে বালুকাময় যমীন, পার্শ্বে পাহাড়শ্রেণী। অতএব, তাদের পরিপার্শ্বিক পাহাড়শ্রেণী। অতএব, তাদের অবস্থার পতি দৃষ্টিপাত করে সকলকেই খোদার অসীম ক্ষমতার নিদর্শন বুঝে নিতে নির্দেশ দেয়া হয়েছে। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ২০) ঃ এই বাক্যটিকে পৃথিবী গোলাকার হওয়ার পরিপন্থী মনে করার কারণ নেই। ভূপৃষ্ঠ আমাদের দৃষ্টিতে যেরূপ দেখা যায়, উহার উল্লেখ করে উপদেশ দান করাই এস্থলে উদ্দেশ্য। (বঃ কোঃ)

○ বিশ্লেষণ (আঃ ২) ঃ ليال عشر, -এর অর্থ অধিকাংশ তাফসীরকার মতে, যিলহজ্জের প্রথম দশদিন। যার ফজীলত হাদীস শরীফ দ্বারা প্রমাণিত। রাসূলুল্লাহ (স) বলেন, "যিলহজ্জের দশদিনের নেক আমল, আল্লাহর কাছে সবচেয়ে পছন্দনীয়। এমনকি আল্লাহর রাস্তায় জিহাদ করার চেয়েও। কিন্তু সে জিহাদ ব্যতীত যাতে মুসলমান শহীদ হন। ○ বিশ্লেষণ (আঃ ৩) ঃ الشفع, - জোড় ও বেজোড়ের অর্থ প্রকাশের ব্যাপারে তফসীরকারদের মধ্যে বহু মত রয়েছে। যেমন- কারো মতে, জোড় দ্বারা হযরত আদম (আ) ও হযরত হাওয়া (আ) এবং বেজোড় দ্বারা আল্লাহ রাব্বুল আলামীন। স্রষ্টা, আল্লাহ। জোড়- আছর, জোহর এশা ও ফজরের নামাজ এবং বিজোড় মাগরিব নামাজ। জোড় আট বেহেশত এবং বেজোড় সপ্ত দোজখ। জোড় মানুষের বৈশিষ্ট্য যেমন- জ্ঞান, অজ্ঞান, ক্ষমতা-অক্ষমতা, জীবন-মরণ। বেজোড়- আল্লাহর গুণাবলী। যথা- সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা, মহাজ্ঞানী, মহাকৌশলী, পূর্ণক্ষমতাবান ইত্যাদি। (তাঃ কাঃ)

هل في ذلك قسم لذي حجر ⑤ ألم تر كيف فعل ربك بعاد ⑥ إرم

৫। হাল্ ফী যা-লিকা ক্বাসামুল্ লিযী হিজ্‌রি। ৬। আলাম তারা কাইফা ফা'আলা রাব্বুকা বি'আ-দ্। ৭। ইরামা
(৫) এসবের মধ্যে কি বিবেকবানের জন্য যথেষ্ট শপথ নয়? (৬) তোমার কি জানা নেই যে, তোমার প্রতিপালক কিরূপ করেছেন, 'আদ' সম্প্রদায়ের সাথে, (৭) যারা ছিল

ذات العماد ⑦ التي لم يخلق مثلها في البلاد ⑧ وثمود الذين

যা-তিল্ 'ইমা-দিল্ ৮। লাতী লাম ইউখ্‌লাক্ব মিছ্‌লুহা- ফিল বিলা-দ্। ৯। ওয়া ছামূদাল্ লাযীনা
স্তম্ভধারী ইরাম বংশের (৮) (পৃথিবীর) অন্য আর কোন দেশে যার তুল্য সৃষ্টি হয়নি। (৯) এবং সামুদ (সম্প্রদায়)-এর প্রতি? যারা উপত্যকায়

جابوا الصخر بالواد ⑨ وفرعون ذي الأوتاد ⑩ الذين طغوا في

জ্বা-বুস্ব স্বাখ্‌রা বিল্ ওয়া-দ্। ১০। ওয়া ফির্'আওনা যিল্ আওতা-দিল্ ১১। লাযীনা ত্বাগাও ফিল্
গৃহ নির্মাণের উদ্দেশ্যে পাথর কর্তন করেছিল। (১০) আর ফেরাউনের সাথে? যে ছিল বহু পেরেকের মালিক। (১১) যারা দেশে নাফরমানী

البلاد ⑪ فأكثروا فيها الفساد ⑫ فصب عليهم ربك سوط عذاب ⑬ إن

বিলা-দ্। ১২। ফাআক্‌ছারূ ফীহাল্ ফাসা-দ্। ১৩। ফাস্বাব্বা 'আলাইহিম রাব্বুকা সাওত্বা 'আযা-ব্। ১৪। ইন্না
করেছিল; (১২) আর বৃদ্ধি করেছিল উপদ্রব (বিশৃংখলা)। (১৩) তাদের উপর তোমার প্রতিপালক শাস্তির চাবুক হানলেন। (১৪) নিশ্চয়ই

ربك لبالمرصاد ⑭ فأما الإنسان إذا ما ابتلاه ربه فأكرمه ونعمه

রাব্বাকা লাবিল্ মিরস্বা-দ্। ১৫। ফাআম্মাল্ ইন্‌সা-নু ইযা- মাব্ তালা-হু রাব্বুহূ ফাআক্‌রামাহূ ওয়া না'আ্যামাহূ,
তোমার রব প্রতীক্ষাস্থলে রয়েছেন। (১৫) কিন্তু এ মানুষ যখন তার রব তাকে পরীক্ষার জন্য তাকে সম্মান এবং নেয়ামত দান করেন, তখন সে বলে,

فيقول ربي أكرمن ⑮ وأما إذا ما ابتلاه فقدر عليه رزقه فيقول

ফাইয়াকূলু রাব্বী~আক্‌রামান্। ১৬। ওয়া আম্মা~ইযা- মাবতালা-হু ফাক্বাদারা 'আলাইহি রিযক্বাহূ ফাইয়াকূলু
আমার প্রতিপালক আমাকে সম্মান দান করেছেন। (১৬) আর যখন তাকে পরীক্ষা করার জন্য, তার রিযিক কমিয়ে দেন, তখন সে বলে, আমার প্রতিপালক

ربي أهانن ⑯ كلا بل لا تكرمون اليتيم ⑰ ولا تحاضون على طعام

রাব্বী~আহা-নান। ১৭। কাল্লা- বাল লা- তুক্‌রিমূনাল ইয়াতীম। ১৮। ওয়া লা-তাহ্বা—দ্বূনা 'আলা- ত্বা'আ-মিল্
আমাকে লাঞ্ছিত করেছেন। (১৭) কিন্তু না কখনই নয়, বরং তোমরা ইয়াতীমদেরকে মর্যাদা দাও না। (১৮) এবং মিসকীনকে খাদ্য দানে

المسكين ⑱ وتأكلون التراث أكلا لما ⑲ وتحبون المال حبا جما ⑳

মিস্‌কীন। ১৯। ওয়া তা'কুলূনাত্ তুরা-ছা আক্‌লাল্ লাম্মা- ২০। ওয়া তুহিব্বূনাল্ মা-লা হুব্বান্ জ্বাম্মা-।
উৎসাহিত কর না। (১৯) আর তোমরা ভক্ষণ করছ ওয়ারিসীনদের সম্পদ সম্পূর্ণভাবে। (২০) আর তোমরা (পার্থিব) সম্পদকে অধিক ভালোবাস।

○ টীকা (আঃ ৭) ঃ এ সম্প্রদায় 'আ'দ' ও 'ইরাম', উভয় নামে প্রসিদ্ধ ছিল। কেননা, এ সম্প্রদায়ের নিকটতম পূর্বপুরুষগণ ছিল আ'দ। আ'দ আ'ছের পুত্র, এবং আ'ছ ইরামের পুত্র, এবং ইরাম হযরত নূহ (আ)-এর পুত্র সামের সন্তান। আ'দের বংশধর হিসাবে তাদেরকে কাওমে আ'দ এবং ইরামের বংশধর হিসাবে তাদেরকে কাওমে ইরাম বলা হতো। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৯) ঃ ..... جابوا الصخر - হযরত সালিহ (আ) এর সম্প্রদায়কে বিশেষ একটি যোগ্যতা দেয়া হয়েছিল যে, তারা পাথর কেটে আবাসস্থল নির্মাণ করতে পারত। ○ বিশ্লেষণ (আঃ ১০) ঃ ذى الاوتاد - (পেরেকের মালিক) অর্থাৎ ফেরাউনের বহু সৈন্য বাহিনী ছিল। তারা বহু তাঁবু স্থাপন করত এবং লৌহ পেরেক ব্যবহার করত। সে জন্য তাকে পেরেকের মালিক বলা হয়েছে। দ্বিতীয়তঃ ফিরআউন পেরেক দ্বারা তোমাদেরকে নির্যাতন করত। এ আয়াত দ্বারা সে দিকেই ইংগিত করা হয়েছে।

㉑ كلا إذا دكت الأرض دكا دكا ㉒ وجاء ربك والملك صفا صفا

২১। কাল্লা~ইযা- দুক্কাতিল্ আরদু দাক্কান্ দাক্কা-। ২২। ওয়া জ্বা—আ রাব্বুকা ওয়াল মালাকু স্বাফ্‌ফান স্বাফ্‌ফা-।
(২১) না, ঠিক নয়, যখন পৃথিবীকে চূর্ণ বিচূর্ণ করে দেয়া হবে, (২২) আর যখন আপনার রব আসবেন, এবং সারি বেঁধে ফেরেশতাগণও আসবে,

㉓ وجيء يومئذ بجهنم يومئذ يتذكر الإنسان وأنى له الذكرى

২৩। ওয়া জ্বী—আ ইয়াওমাইযিম্ বিজ্বাহান্নামা ইয়াওমাইযিই ইয়াতাযাক্কারুল্ ইন্‌সা-নু ওয়া আন্না-লাহুয় যিক্‌রা-।
(২৩) সেদিন জাহান্নামকে আনয়ন করা হবে এবং সেদিন মানুষ তার ভুলের কথা স্মরণ করবে। কিন্তু এ স্মরণ তার কি কাজে আসবে?

㉔ يقول يا ليتني قدمت لحياتي ㉕ فيومئذ لا يعذب عذابه أحد

২৪। ইয়াকূলু ইয়া-লাইতানী ক্বাদ্দাম্‌তু লিহ্বায়া-তী। ২৫। ফাইয়াওমাইযিল্ লা- ইউ'আয্‌যিবু 'আযা-বাহূ~আহ্বাদ্।
(২৪) সে বলবে, হায় আমার জন্য আফসোস! যদি আমি আমার এ জীবনের জন্য আগে কিছু পাঠাতাম। (২৫) সেদিনের শাস্তির অনুরূপ শাস্তি অন্য আর কেউ দিতে পারবে না।

㉖ ولا يوثق وثاقه أحد ㉗ يا أيتها النفس المطمئنة ㉘ ارجعي

২৬। ওয়ালা- ইউছিক্বু ওয়া ছা-ক্বাহূ~আহ্বাদ্। ২৭। ইয়া~আইয়্যাতুহান্ নাফ্‌সুল্ মুত্বমাইন্নাতুর্ ২৮। জ্বি'ঈ~
(২৬) আর তাঁর শক্ত বাঁধনের অনুরূপ বাঁধনও, অন্য আর কেউ বাঁধতে পারবে না। (২৭) হে প্রশান্তআত্মা! (২৮) তুমি তোমার রবের দিকে ফিরে এস,

১ রুকূ ১৪ ৩০ إلى ربك راضية مرضية ㉙ فادخلي في عبادي ㉚ وادخلي جنتي

ইলা- রাব্বিকি রা-দ্বিয়াতাম্ মার্‌দ্বিইয়্যাহ্। ২৯। ফাদ্‌খুলী ফী 'ইবা-দী। ৩০। ওয়াদ্‌খুলী জ্বান্নাতী।
এ অবস্থায় যে, তুমি খুশী, আর (তিনিও) তোমার উপর সন্তুষ্ট। (২৯) তুমি আমার বান্দাদের দলে অন্তর্ভুক্ত হয়ে যাও। (৩০) এবং আমারই জান্নাতে প্রবেশ কর।

সূরা বালাদ
মক্কী

بسم الله الرحمن الرحيم
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ২০
রুকূ ঃ ১

① لا أقسم بهذا البلد ② وأنت حل بهذا البلد ③ ووالد وما ولد

১। লা~উক্বসিমু বিহা-যাল্ বালাদ্। ২। ওয়া আন্‌তা হ্বিল্লুম্ বিহা-যাল্ বালাদ। ৩। ওয়া ওয়া-লিদিঁও ওয়ামা- ওয়ালাদ্।
(১) আমি শপথ করছি এ শহরের, (২) তুমি এ শহরে অবতরণ করেছ (অধিবাসী হয়েছ), (৩) আর শপথ জনকের এবং সে যা জন্ম দিয়েছে তার।

④ لقد خلقنا الإنسان في كبد ⑤ أيحسب أن لن يقدر عليه أحد

৪। লাক্বাদ্ খালাক্বনাল্ ইন্‌সা-না ফী কাবাদ। ৫। ইয়াহ্বসাবু আল্ লাই ইয়াক্বদিরা 'আলাইহি আহ্বাদ।
(৪) নিশ্চয়ই মানুষকে আমি সৃষ্টি করেছি দুঃখ-কষ্টের মধ্যে। (৫) সেকি এ ধারণা করে যে, তার উপর আর কেউ ক্ষমতাবান হবে না?

○ বিশ্লেষণ (আঃ ২৩) ঃ يومئذ بجهنم - সেদিন সত্তর হাজার লাগাম দ্বারা জাহান্নাম শক্তভাবে বন্ধনকৃত হবে এবং প্রতিটি লাগামের সাথে সত্তর হাজার ফেরেশতা থাকবেন, যারা সেটিকে টেনে আরশের বাম দিকে উপস্থিত করবেন। সেদিন জাহান্নামের ভয়ংকর অবস্থা দেখে নবী (আ)-গণ পর্যন্ত হয়রান ও অস্থির হয়ে পড়বেন এবং শুধু "ইয়া রাব্বী নফ্‌ছী, ইয়া নফ্‌ছী" বলতে থাকবেন। শুধু মাত্র আমাদের রাসূলুল্লাহ (স) "উম্মাতী, উম্মাতী" বলতে থাকবেন। (তাঃ কাদেরী) ○ শানে নুযূল (আঃ ৫) ঃ ..... يحسب ان لن يقدر - বালাদা নামক এক শক্তিশালী কাফির এরূপ ছিল যে, তার পায়ের নীচে কোন চামড়া রাখলে, দশজন অতি শক্তিবান পুরুষ তা টেনে বের করে আনতে পারত না। এমনকি চামড়া ছিন্ন বিচ্ছিন্ন হয়ে যেত। সে দাবী করত যে, আমাকে কেউ কখনও কাবু করতে পারবে না। সে সর্বদা রাসূলুল্লাহ (স)-এর উপর জুলুম করত। এ প্রেক্ষিতে আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী)

يَقُولُ أَهْلَكْتُ مَالًا لُّبَدًا ﴿٦﴾ أَيَحْسَبُ أَن لَّمْ يَرَهُۥٓ أَحَدٌ ﴿٧﴾ أَلَمْ نَجْعَل

৬। ইয়াকূলু আহ্লাক্তু মা-লাল লুবাদা-। ৭। আ ইয়াহ্সাবু আল্ লাম্ ইয়ারাহূ~আহাদ। ৮। আলাম নাজ্'আল
(৬) সে বলে, "আমি বহু ধন সম্পদ অপচয় করেছি।" (৭) সে কি ধারণা রাখে যে, তাকে কেউ দেখেনি? (৮) আমি কি তার জন্য দুটো চোখ প্রদান

لَّهُۥ عَيْنَيْنِ ﴿٨﴾ وَلِسَانًا وَشَفَتَيْنِ ﴿٩﴾ وَهَدَيْنَٰهُ ٱلنَّجْدَيْنِ ﴿١٠﴾ فَلَا ٱقْتَحَمَ ٱلْعَقَبَةَ ﴿١١﴾

লাহূ 'আইনাইনি। ৯। ওয়া লিসা-নাওঁ ওয়া শাফাতাইন। ১০। ওয়া হাদাইনা-হুন্ নাজ্দাঈন। ১১। ফালাক্তাহামাল 'আক্বাবাতা।
করিনি? (৯) এবং প্রদান কি করিনি জিহ্বা ও দুটো ঠোঁট? (১০) আর আমি কি তাকে দুটো পথ (ভালো-মন্দ) প্রদান করিনি? (১১) কিন্তু সে কষ্ট সাধ্য পথটি অবলম্বন করেনি?

وَمَآ أَدْرَىٰكَ مَا ٱلْعَقَبَةُ ﴿١٢﴾ فَكُّ رَقَبَةٍ ﴿١٣﴾ أَوْ إِطْعَٰمٌ فِى يَوْمٍ ذِى مَسْغَبَةٍ ﴿١٤﴾

১২। ওয়ামা~আদ্রা-কা মাল্ 'আক্বাবাহ্। ১৩। ফাক্কু রাক্বাবাতিন। ১৪। আও ইত্ব'আ-মুন ফী ইয়াওমিন্ যী মাস্গাবাতিন,
(১২) তুমি কি জান, কষ্টসাধ্য পথটি কি? (১৩) তা হচ্ছে গোলাম আজাদ করা। (১৪) অথবা অভাবের সময় খাবার দান করা,

يَتِيمًا ذَا مَقْرَبَةٍ ﴿١٥﴾ أَوْ مِسْكِينًا ذَا مَتْرَبَةٍ ﴿١٦﴾ ثُمَّ كَانَ مِنَ ٱلَّذِينَ ءَامَنُوا۟

১৫। ইয়াতীমান যা-মাক্বরাবাতিন্। ১৬। আও মিস্কীনান যা-মাতরাবাহ। ১৭। ছুম্মা কা-না মিনাল্লাযীনা আ-মানূ
(১৫) ইয়াতীম আত্মীয়কে, (১৬) বা অসহায় (সর্বহারা) দরিদ্রকে, (১৭) অতঃপর সে ব্যক্তি তাদের (দলে) অন্তর্ভুক্ত হয়, যারা ঈমান এনেছে

وَتَوَاصَوْا۟ بِٱلصَّبْرِ وَتَوَاصَوْا۟ بِٱلْمَرْحَمَةِ ﴿١٧﴾ أُو۟لَٰٓئِكَ أَصْحَٰبُ ٱلْمَيْمَنَةِ ﴿١٨﴾

ওয়া তাওয়া-স্বাও বিস্বস্বাবরি ওয়া তাওয়া-স্বাও বিল্মার্হামাহ্। ১৮। উলা—ইকা আস্বহা-বুল মাইমানাহ।
ও একে অপরকে উপদেশ দেয় ধৈর্য ধারণের এবং (উপদেশ দেয়) পরস্পর দয়ার ব্যাপারে। (১৮) এরাই হচ্ছে ডান দিকের (ভাগ্যবান) দল।

وَٱلَّذِينَ كَفَرُوا۟ بِـَٔايَٰتِنَا هُمْ أَصْحَٰبُ ٱلْمَشْـَٔمَةِ ﴿١٩﴾ عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌۢ ﴿٢٠﴾

১৯। ওয়াল্লাযীনা কাফারূ বিআ-য়া-তিনা- হুম আস্বহা-বুল্ মাশ্আমাহ্। ২০। 'আলাইহিম না-রুম্ মু'স্বাদাহ্।
(১৯) আর যারা অবিশ্বাস করে আমার আয়াতসমূহ, তারা হচ্ছে হতভাগা দল। (২০) তাদের উপর আগুন তাদের চারদিক পরিবেষ্টিত হয়ে থাকবে।

সূরা শামছ
মক্কী

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ১৫
রুকূ ঃ ১

وَٱلشَّمْسِ وَضُحَىٰهَا ﴿١﴾ وَٱلْقَمَرِ إِذَا تَلَىٰهَا ﴿٢﴾ وَٱلنَّهَارِ إِذَا جَلَّىٰهَا ﴿٣﴾

১। ওয়াশ্ শাম্সি ওয়া দ্বুহা-হা-। ২। ওয়াল্ ক্বামারি ইযা- তালা-হা-। ৩। ওয়ান্নাহা-রি ইযা- জাল্লা-হা-।
(১) শপথ সূর্যের এবং তার রশ্মির, (২) শপথ চাঁদের যখন তা (সূর্যের) পিছনে আসে, (৩) শপথ দিনের যখন সে তাকে (সূর্যকে) প্রকাশ করে,

وَٱلَّيْلِ إِذَا يَغْشَىٰهَا ﴿٤﴾ وَٱلسَّمَآءِ وَمَا بَنَىٰهَا ﴿٥﴾ وَٱلْأَرْضِ وَمَا طَحَىٰهَا ﴿٦﴾

৪। ওয়াল্ লাইলি ইযা- ইয়াগ্শা-হা-। ৫। ওয়াস্ সামা—ই ওয়ামা- বানা-হা-। ৬। ওয়াল্ আর্দ্বি ওয়ামা- ত্বাহা-হা-।
(৪) শপথ রাতের যখন সে তাকে (সূর্যকে) আচ্ছন্ন করে, (৫) শপথ আকাশের এবং তার নির্মাতার, (৬) শপথ পৃথিবীর এবং যিনি তাকে বিছিয়েছেন তাঁর,

وَنَفْسٍ وَمَا سَوَّىٰهَا ﴿٧﴾ فَأَلْهَمَهَا فُجُورَهَا وَتَقْوَىٰهَا ﴿٨﴾ قَدْ أَفْلَحَ مَن زَكَّىٰهَا ﴿٩﴾

৭। ওয়া নাফ্সিওঁ ওয়া মা- সাওয়্যা-হা-। ৮। ফাআল্হামাহা- ফুজূরাহা- ওয়া তাক্বওয়া-হা-। ৯। ক্বাদ্ আফ্লাহা মান যাক্কা-হা-।
(৭) শপথ মানুষের এবং যিনি তাকে অঙ্গসৌষ্ঠব বিশিষ্ট করেছেন। (৮) এবং তাকে পাপ ও পরহেজগারীর জ্ঞান দান করেছেন, (৯) যে আত্মাকে পবিত্র করেছে, সে সফল হয়েছে।

وَقَدْ خَابَ مَن دَسَّىٰهَا ﴿١٠﴾ كَذَّبَتْ ثَمُودُ بِطَغْوَىٰهَآ ﴿١١﴾ إِذِ ٱنۢبَعَثَ أَشْقَىٰهَا ﴿١٢﴾

১০। ওয়া ক্বাদ্ খা-বা মান্ দাস্সা-হা-। ১১। কায্যাবাত্ ছামূদু বিত্বাগ্ওয়া-হা~। ১২। ইযিম্ বা'আছা আশ্ক্বা-হা-।
(১০) আর সে বিফল হয়েছে, যে পাপের মধ্যে নিজকে বসিয়ে দিয়েছে। (১১) সামূদ সম্প্রদায় তাদের অবাধ্যতার কারণে মিথ্যারোপ করেছিল। (১২) যখন তাদের সবচেয়ে দুর্ভাগ্য উদ্ধত হয়েছিল, (উষ্ট্রীকে মারার জন্য),

فَقَالَ لَهُمْ رَسُولُ ٱللَّهِ نَاقَةَ ٱللَّهِ وَسُقْيَٰهَا ﴿١٣﴾ فَكَذَّبُوهُ فَعَقَرُوهَا

১৩। ফাক্বা-লা লাহুম রাসূলুল লা-হি না-ক্বাতাল্লা-হি ওয়া সুক্বইয়া-হা-। ১৪। ফাকায্যাবূহু ফা'আক্বারূহা-
(১৩) তখন আল্লাহ্র রাসূল তাদেরকে বলল, আল্লাহ্র উষ্ট্রী ও তার পানি পান সম্পর্কে সাবধানতা অবলম্বন কর। (১৪) কিন্তু তারা তাকে অস্বীকার করল,

ع ১ ১৫ ১৬ রুকূ
فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُم بِذَنۢبِهِمْ فَسَوَّىٰهَا ﴿١٤﴾ وَلَا يَخَافُ عُقْبَٰهَا ﴿١٥﴾

ফাদাম্দামা 'আলাইহিম রাব্বুহুম বিযাম্বিহিম ফাসাওয়্যা-হা-। ১৫। ওয়ালা-ইয়াখা-ফু 'উক্ববা-হা-।
আর সেটিকে হত্যা করল। অতঃপর তাদের প্রতিপালক তাদের ধ্বংসে করে দিলেন তাদের অপরাধের কারণে। (১৫) আর তাদের এ পরিণতিকে আল্লাহ ভয় করেন না।

সূরা আল লাইল
মক্কী

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ
বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ২১
রুকূ ঃ ১

وَٱلَّيْلِ إِذَا يَغْشَىٰ ﴿١﴾ وَٱلنَّهَارِ إِذَا تَجَلَّىٰ ﴿٢﴾ وَمَا خَلَقَ ٱلذَّكَرَ وَٱلْأُنثَىٰٓ ﴿٣﴾

১। ওয়াল্লাইলি ইযা- ইয়াগ্শা-। ২। ওয়ান্নাহা-রি ইযা- তাজাল্লা-। ৩। ওয়ামা- খালাক্বায্ যাকারা ওয়াল্ উন্ছা~
(১) শপথ রাতের, যখন সে পৃথিবীকে আচ্ছাদন করে, (২) শপথ দিনের, যখন সে বিকশিত হয়, (৩) আর তাঁর শপথ, যিনি পুরুষ ও নারী সৃষ্টি করেছেন।

إِنَّ سَعْيَكُمْ لَشَتَّىٰ ﴿٤﴾ فَأَمَّا مَنْ أَعْطَىٰ وَٱتَّقَىٰ ﴿٥﴾ وَصَدَّقَ بِٱلْحُسْنَىٰ ﴿٦﴾

৪। ইন্না সা'ইয়াকুম লাশাত্তা-। ৫। ফাআম্মা-মান্ আ'ত্বা- ওয়াত্তাক্বা-। ৬। ওয়া স্বাদ্দাক্বা বিলহুস্না-।
(৪) অবশ্যই তোমাদের চেষ্টা নানা ধরনের। (৫) অতঃপর যে দান করেছে ও পরহেজগারী অবলম্বন করেছে। (৬) আর উত্তম কথাকে সমর্থন করেছে,

فَسَنُيَسِّرُهُۥ لِلْيُسْرَىٰ ﴿٧﴾ وَأَمَّا مَنۢ بَخِلَ وَٱسْتَغْنَىٰ ﴿٨﴾ وَكَذَّبَ

৭। ফাসানুইয়াস্সিরুহূ লিল্ ইউস্রা-। ৮। ওয়া আম্মা- মাম্ বাখিলা ওয়াস্তাগনা-। ৯। ওয়া কায্যাবা
(৭) আমি তার পথ সহজ করে দিব, যাতে সে সহজে সফলকাম হতে পারে। (৮) আর যে কৃপণতা করেছে এবং নিজকে অমুখাপেক্ষী মনে করেছে, (৯) আর যা উত্তম

○ বিশ্লেষণ (আঃ ৮) ঃ ......فالهمها فجورها - অর্থাৎ মানুষদেরকে, রাসূল (স)-গণ এবং আসমানী কিতাব দ্বারা ভাল-মন্দ, নেককাজ ও গুনাহর কাজের বিস্তারিত বিবরণ জানিয়ে দিয়েছেন। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ১০) ঃ মানুষের যাবতীয় ভাল-মন্দ কাজের সৃষ্টিকর্তা আল্লাহ্ হলেও ভাল কাজগুলোর মাধ্যম ফেরেশতা এবং মন্দকাজগুলোর মাধ্যম শয়তান। এদের প্রেরণা ও প্ররোচনায় মানুষের মনে ভাল-মন্দ কাজের ইচ্ছা জাগায়, এই ইচ্ছা সম্পূর্ণরূপে মানুষের ক্ষমতাধীন বলেই মানুষ ভাল কাজে সওয়াবের এবং মন্দ কাজে আযাবের যোগ্য হয়ে থাকে। (বঃ কোঃ)

○ শানে নুযূল (আঃ ৭) ঃ ......فسنيسره - তফসীরকারদের মতে এ আয়াত হযরত আবু বকর (রা)-এর সম্পর্কে অবতীর্ণ হয়েছে। তিনি এমন ছয়জন গোলাম আজাদ করে দিয়েছিলেন, যাদেরকে মক্কার কাফিরেরা ঈমান গ্রহণের কারণে নিষ্ঠুরভাবে নির্যাতন করত। (ফতহুল কাদীর)

بِالْحُسْنَىٰ ﴿١٠﴾ فَسَنُيَسِّرُهُ لِلْعُسْرَىٰ ﴿١١﴾ وَمَا يُغْنِي عَنْهُ مَالُهُ إِذَا تَرَدَّىٰ

বিলহুসনা-। ১০। ফাসানুইয়াসসিরুহু লিল'উসরা-। ১১। ওয়ামা- ইউগনী 'আনহু মা-লুহু~ইযা- তারাদ্দা-।
তা মিথ্যা জেনেছে। (১০) আমি তার জন্য সহজ করে দিব অধিকতর কঠিন পথকে। (১১) আর যখন সে পতিত হবে, তখন তার ধনসম্পদ তার কোনই উপকারে আসবে না।

إِنَّ عَلَيْنَا لَلْهُدَىٰ ﴿١٢﴾ وَإِنَّ لَنَا لَلْآخِرَةَ وَالْأُولَىٰ ﴿١٣﴾ فَأَنذَرْتُكُمْ

১২। ইন্না 'আলাইনা- লালহুদা-। ১৩। ওয়া ইন্না লানা-লাল্ আ-খিরাতা ওয়াল্ উলা-। ১৪। ফাআনযারতুকুম
(১২) আমার দায়িত্বতো শুধু সঠিক পথ প্রদর্শন করা। (১৩) আর আমিইতো মালিক, পরকাল এবং ইহকালের, (১৪) আমি তোমাদেরকে

نَارًا تَلَظَّىٰ ﴿١٤﴾ لَا يَصْلَاهَا إِلَّا الْأَشْقَى ﴿١٥﴾ الَّذِي كَذَّبَ وَتَوَلَّىٰ ﴿١٦﴾

না-রান্ তালাজ্জা-। ১৫। লা- ইয়াস্বলা-হা~ইল্লাল্ আশ্ক্বাল ১৬। লাযী কাযযাবা ওয়া তাওয়াল্লা-।
লেলিহান অগ্নি সম্পর্কে সাবধান করে দিয়েছি। (১৫) তাতে শুধু প্রবেশ করবে সে দুর্ভাগা, (১৬) যে (আল্লাহর দ্বীনকে) অস্বীকার করে এবং প্রত্যাখ্যান করে।

وَسَيُجَنَّبُهَا الْأَتْقَى ﴿١٧﴾ الَّذِي يُؤْتِي مَالَهُ يَتَزَكَّىٰ ﴿١٨﴾ وَمَا لِأَحَدٍ عِندَهُ

১৭। ওয়া সাইউজান্নাবুহাল্ আতক্বা-। ১৮। আল্লাযী ইউ'তী মা-লাহু ইয়াতাযাক্কা-। ১৯। ওয়ামা- লিআহাদিন 'ইন্দাহূ
(১৭) তা থেকে দূরে রাখা হবে প্রতি পরহেজগারগণকে, (১৮) যে নিজেকে পরিশুদ্ধ করার জন্য তার সম্পদ দান করে, (১৯) আর কারো প্রতি নেই যে,

مِن نِّعْمَةٍ تُجْزَىٰ ﴿١٩﴾ إِلَّا ابْتِغَاءَ وَجْهِ رَبِّهِ الْأَعْلَىٰ ﴿٢٠﴾ وَلَسَوْفَ يَرْضَىٰ ﴿٢١﴾ ১ ع ২১ ১৭ রুকূ

মিন নি'মাতিন তুজ্যা~ ২০। ইল্লাবতিগা—আ ওয়াজ্হি রাব্বিহিল্ আ'লা-। ২১। ওয়া লাসাওফা ইয়ারদ্বা-।
যার প্রতিদান তাকে দিতে হবে। (২০) বরং শুধু মহান প্রতিপালকের সন্তুষ্টি অর্জনের জন্যই, (২৯) আর সে তো অতিশীঘ্রই সন্তুষ্ট হবে।

সূরা দুহা
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

وَالضُّحَىٰ ﴿١﴾ وَاللَّيْلِ إِذَا سَجَىٰ ﴿٢﴾ مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ ﴿٣﴾

১। ওয়াদ্দুহা-। ২। ওয়াল্লাইলি ইযা- সাজা-। ৩। মা- ওয়াদ্দা'আকা রাব্বুকা ওয়ামা- ক্বালা-।
(১) শপথ মধ্য দিবসের; (২) শপথ নীরব (নিস্তব্ধ) রাতের, (৩) আপনার প্রতিপালক আপনাকে ত্যাগ করেন নি এবং অসন্তুষ্টও হননি।

وَلَلْآخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْأُولَىٰ ﴿٤﴾ وَلَسَوْفَ يُعْطِيكَ رَبُّكَ

৪। ওয়া লাল্ আ-খিরাতু খাইরুল্ লাকা মিনাল্ উলা-। ৫। ওয়া লাসাওফা ইউ'ত্বীকা রাব্বুকা
(৪) ইহকালের চেয়ে নিশ্চয়ই আপনার জন্য পরকাল ভালো। (৫) শীঘ্রই আপনার প্রতিপালক আপনাকে (এমন কিছু) দান করবেন।

○ সূরা আয যোহা-এর শানে নুযূল ঃ এ সূরাটি অবতীর্ণ হবার কারণ এই যে, যখন রাসূলুল্লাহ (স) মক্কা শরীফে ইসলামের দাওয়াত দিতে ছিলেন তখন মক্কা শরীফের লোকেরা, মদীনা শরীফের, ইয়াহুদীগণের নিকট এ বলে খবর প্রেরণ করে যে, আমাদের মধ্যে একজন লোক নবুওয়াতির দাবী করছেন। এ ব্যাপারে তোমাদের কিতাবের মধ্যে কি লেখা আছে, তা আমাদেরকে জানাও। যাতে আমরা তাকে যাচাই করতে পারি। ইয়াহুদীগণ বলে পাঠাল যে, তাঁর কাছে 'জুলকার নাইন' ও 'আসহাবে কাহাফের' বিবরণ ও ইতিহাস জিজ্ঞাসা কর। এর দ্বারা তার সত্যতা প্রকাশ পাবে। মক্কার লোকেরা রাসূলুল্লাহর (স)-এর কাছে এ সম্পর্কে জিজ্ঞাসা করল। তদুত্তরে তিনি (স) বললেন যে, "আমি আগামীকাল জবাব দিব।" কিন্তু তিনি ভুলে 'ইনশাআল্লাহ' (আল্লাহর ইচ্ছায়) বলেননি। এ কারণে দশ, পনের, অথবা চল্লিশ দিন পর্যন্ত তাঁর প্রতি কুরআন শরীফ অবতীর্ণ হয়নি। রাসূলুল্লাহ (স) তজ্জন্য দুঃখে মর্মাহত হলেন। আবু জাহল ও কাফিরগণ এতে এ বলে ঠাট্টা, উপহাস করতে লাগল। "তোমার খোদা তোমাকে পরিত্যাগ করেছেন।" এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ আঃ হাই সিদ্দিকী)

فَتَرْضَىٰ ﴿٥﴾ أَلَمْ يَجِدْكَ يَتِيمًا فَآوَىٰ ﴿٦﴾ وَوَجَدَكَ ضَالًّا

ফাতারদ্বা-। ৬। আলাম ইয়াজিদ্কা ইয়াতীমান ফাআ-ওয়া-। ৭। ওয়া ওয়াজাদাকা দ্বা—ল্লান
আর আপনি খুশী হবেন। (৬) তিনি কি আপনাকে ইয়াতীমরূপে পেয়ে আশ্রয় দেননি? (৭) তিনি আপনাকে অনবহিত পেয়ে, আপনাকে (দিন সম্পর্কে) সঠিক পথ

فَهَدَىٰ ﴿٧﴾ وَوَجَدَكَ عَائِلًا فَأَغْنَىٰ ﴿٨﴾ فَأَمَّا الْيَتِيمَ فَلَا تَقْهَرْ ﴿٩﴾

ফাহাদা-। ৮। ওয়া ওয়াজাদাকা 'আ—ইলান্ ফাআগ্না-। ৯। ফাআম্মাল্ ইয়াতীমা ফালা- তাক্বহার।
প্রদর্শন করলেন (জানিয়ে দিলেন), (৮) তিনি আপনাকে দরিদ্র অবস্থায় পেয়ে, অভাবমুক্ত করলেন। (৯) অতএব, আপনি ইয়াতীমদের প্রতি কঠোর হবেন না।

১ ع ২১ ১৮ রুকূ وَأَمَّا السَّائِلَ فَلَا تَنْهَرْ ﴿١٠﴾ وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ﴿١١﴾

১০। ওয়া আম্মাস্ সা—ইলা ফালা- তান্হার। ১১। ওয়া আম্মা- বিনি'মাতি রাব্বিকা ফাহাদ্দিছ্।
(১০) এবং আপনি ভিক্ষুককে ধমক দিবেন না। (১১) আপনি আপনার প্রতিপালকের অনুগ্রহের কথা বর্ণনা করুন।

সূরা আলাম নাশরাহ
মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহর নামে শুরু করছি

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ﴿١﴾ وَوَضَعْنَا عَنكَ وِزْرَكَ ﴿٢﴾ الَّذِي أَنقَضَ

১। আলাম নাশ্রাহ্ লাকা স্বাদ্রাকা। ২। ওয়া ওয়াদ্বা'না- 'আন্কা ওয়িয্রাক ৩। আল্লাযী~আন্ক্বাদ্বা
(১) আমি কি আপনার জন্য আপনার বক্ষ প্রসারিত করিনি? (২) আপনার থেকে আপনার ভার সরিয়ে দিয়েছি। (৩) যে ভার আপনার পৃষ্ঠকে

ظَهْرَكَ ﴿٣﴾ وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ﴿٤﴾ فَإِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ﴿٥﴾ إِنَّ مَعَ

জাহ্রাক। ৪। ওয়া রাফা'না- লাকা যিকরাক। ৫। ফাইন্না মা'আল্ 'উস্রি ইউস্রান। ৬। ইন্না মা'আল
বাঁকা করে দিয়েছিল। (৪) আর আমি আপনার স্মরণ (নাম) সমুন্নত করেছি, (৫) দুঃখের সাথেই আছে শান্তি। (৬) নিশ্চয়ই

১ ع ৮ ১৯ রুকূ الْعُسْرِ يُسْرًا ﴿٦﴾ فَإِذَا فَرَغْتَ فَانصَبْ ﴿٧﴾ وَإِلَىٰ رَبِّكَ فَارْغَب ﴿٨﴾

'উস্রি ইউস্রা-। ৭। ফাইযা- ফারাগ্তা ফান্স্বাব্। ৮। ওয়া ইলা- রাব্বিকা ফার্গাব।
দুঃখের সাথেই আছে শান্তি। (৭) যখন অবসর পাও তখন ইবাদাতে মেহনত (কষ্ট) করো। (৮) আর আপনার প্রতিপালকের দিকে মন নিবিষ্ট করুন।

○ সূরা ইনশিরাহ-এর শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) একবার আল্লাহ তায়ালার দরবারে আরজ করেন, হে আল্লাহ! আপনি হযরত ইব্রাহীম (আ)-কে খলীলুল্লাহ (আল্লাহর বন্ধু) উপাধিতে ভূষিত করেছেন। হযরত মূসা (আ)-কে কালিমুল্লাহ (আল্লাহর সাথে কথোপকথনকারী) নামে অভিহিত করেছেন। হযরত দাউদ (আ)-এর জন্য লোহা ও পর্বত বশীভূত করে দিয়েছেন এবং হযরত সোলায়মান (আ)-এর জন্য বায়ু, জ্বীন ও অগ্নিকে বশীভূত করে দিয়েছেন। অনুরূপভাবে আপনি আপনার পক্ষ থেকে আমার জন্য বিশেষভাবে কি দান করেছেন? তখন এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ আঃ হাই সিদ্দিকী) ○ টীকা (আঃ ১) ঃ অর্থাৎ, আমি আপনাকে ব্যাপক ধর্মজ্ঞান, প্রচুর সহিষ্ণুতা এবং ধৈর্য দান করেছি, যেন প্রতিপক্ষ হতে আগত প্রতিবন্ধকতায় ও অত্যাচারে অস্থির না হন। (বঃ কোনঃ) ○ টীকা (আঃ ২) ঃ অর্থাৎ, গুনাহজনিত চিন্তার বোঝা। হুযূর (স) নিষ্পাপ ছিলেন, কিন্তু কোন কোন মোবাহ্ কাজ তিনি সঙ্গত বলে করতেন, পরে তা অসঙ্গত প্রতিপন্ন হলে তাতে তিনি চিন্তিত হতেন। তিনি আল্লাহর হাবীব, তাঁর অস্বস্তির দরুন আল্লাহ্ বলেন, আপনার উক্ত বোঝা অপসারিত করেছি। (বঃ কোঃ) ○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ ورفعنا لك ذكرك - অর্থাৎ হে নবী! যেখানে আল্লাহ তায়ালার নাম স্মরণ করা হয়, সেখানে আপনার নামও স্মরণ করা হয়। যেমন আজান, নামাজের তাশাহুদ পাঠে। (কুঃ কারীম) ○ টীকা (আঃ ৬) ঃ হাদীসে কুদসীতে আছে, আমার নামের সঙ্গে আপনার নামও উচ্চারিত হয়। আর খোৎবা, তাশাহহুদ, নামায, আযান ও একামত ইত্যাদিতে আল্লাহর নামের সাথেই হুযূর (স)-এর নাম উচ্চারণের বিধান রয়েছে। সুতরাং আল্লাহর পরেই তাঁর মর্যাদা সর্বোচ্চ। (বঃ কোঃ)

সূরা তীন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

﴿١﴾ وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ ﴿٢﴾ وَطُوْرِ سِيْنِيْنَ ﴿٣﴾ وَهٰذَا الْبَلَدِ الْاَمِيْنِ
১। ওয়াত্তীনি ওয়ায্‌যাইতূনি ২। ওয়া তূরি সীনীনা। ৩। ওয়া হা-যাল্ বালাদিল্ আমীন।
(১) শপথ তীনের ও যয়তুনের, (২) শপথ সিনাই পাহাড়ের, (৩) আর শপথ এ নিরাপদ (মক্কা) শহরের;

﴿٤﴾ لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْۤ اَحْسَنِ تَقْوِيْمٍ ﴿٥﴾ ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ سٰفِلِيْنَ
৪। লাক্বাদ্ খালাক্বনাল্ ইনসা-না ফী~আহ্‌সানি তাক্বওয়ীম। ৫। ছুম্মা রাদাদ্‌না-হু আস্‌ফালা সা-ফিলীন।
(৪) নিশ্চয়ই আমি মানুষকে সৃষ্টি করেছি, অতি উৎকৃষ্ট আকৃতিতে, (৫) অতঃপর তাকে আমি নীচুর থেকে নীচু করে দেই।

﴿٦﴾ اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ
৬। ইল্লাল লাযীনা আ-মানূ ওয়া'আমিলুস্ব স্বা-লিহা-তি ফালাহুম আজ্‌রুন্ গাইরু মামনূন।
(৬) কিন্তু যারা ঈমান আনে ও নেক আমল করে, তারা ব্যতীত তাদের জন্য রয়েছে অফুরন্ত প্রতিদান,

﴿٧﴾ فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ ﴿٨﴾ اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ الْحٰكِمِيْنَ
৭। ফামা- ইউকায্‌যিবুকা বা'দু বিদ্দীন। ৮। আলাইসাল্লা-হু বিআহ্‌কামিল্ হা-কিমীন।
(৭) অতএব বিচার দিবস কিয়ামত সম্পর্কে অবিশ্বাস করতে তোমাকে উদ্বুদ্ধ করে? (৮) আল্লাহ কি সব ফয়সালাকারীর চেয়ে শ্রেষ্ঠ ফয়সালাকারী নন?

সূরা 'আলা-ক্ব
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

﴿١﴾ اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ ﴿٢﴾ خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ﴿٣﴾ اِقْرَاْ وَرَبُّكَ
১। ইক্বরা' বিস্‌মি রাব্বিকাল্ লাযী খালাক্ব। ২। খালাক্বাল্ ইন্‌সা-না মিন্ 'আলাক্ব। ৩। ইক্বরা', ওয়া রাব্বুকাল্
(১) পাঠ করুন, আপনার সে রবের নামে, যিনি আপনাকে সৃষ্টি করেছেন। (২) যিনি মানুষ সৃষ্টি করেছেন জমাটবদ্ধ রক্ত হতে। (৩) পাঠ করুন আর আপনার রব

الْاَكْرَمُ ﴿٤﴾ الَّذِيْ عَلَّمَ بِالْقَلَمِ ﴿٥﴾ عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ﴿٦﴾ كَلَّاۤ اِنَّ
আক্‌রামুল্ ৪। লাযী 'আল্লামা বিল্‌ক্বালাম। ৫। 'আল্লামাল্ ইন্‌সা-না মা-লাম্ ই'য়ালাম। ৬। কাল্লা~ইন্নাল্
হচ্ছেন অতি মহান। (৪) তিনি কলমের দ্বারা শিখায়েছেন। (৫) যিনি মানুষকে তা শিখায়েছেন, যা সে জানত না। (৬) কিন্তু না

✪ সূরা আলাকের শানে নুযূল ঃ অধিকাংশ আলেমের মতে, কুরআন মাজীদের প্রথম অবতীর্ণ আয়াত, এ সূরার প্রথম পাঁচ আয়াত। এ আয়াতসমূহ অবতীর্ণের প্রেক্ষাপট এই যে, রাসূলুল্লাহ (স) হেরা পর্বতে বসা অবস্থায়, বা দাঁড়ান অবস্থায় ছিলেন। অকস্মাৎ হযরত জিবরাঈল (আ) রাসূলুল্লাহ (স)-এর কাছে হাজির হলেন এবং বললেন, হে মুহাম্মদ! (স) আল্লাহ তায়ালা আমাকে আপনার কাছে প্রেরণ করেছেন। আপনি আল্লাহর রাসূল, এ উম্মতের জন্য। অতঃপর বললেন, "ইক্বরা'! (পড়ুন!) রাসূলুল্লাহ (স) বললেন, আমি পড়তে জানি না। অতঃপর জিবরাঈল (আ) খুবজোরে রাসূলুল্লাহ (স)-কে আলিঙ্গন করেন, (বুকে জড়িয়ে ধরেন) এবং ছেড়ে দিলেন। তারপর বললেন, 'পড়ুন' তিনি অনুরূপ জবাব দিলেন। পুনরায় জিবরাঈল (আ) তাঁকে বুকে জড়িয়ে ধরলেন এবং ছেড়ে দিলেন এবং বললেন, اقرأ باسم ربك الذى خلق অর্থাৎ পড়ুন, আপনার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন। (তাঃ কাদেরী)

الْاِنْسَانَ لَيَطْغٰۤى ﴿٧﴾ اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ﴿٨﴾ اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى ﴿٩﴾ اَرَءَيْتَ
ইন্‌সা-না লাইয়াত্বগা~৭। আর্‌রাআ-হুস্ তাগ্‌না-। ৮। ইন্না ইলা- রাব্বিকার্ রুজ্'আ-। ৯। আরাআইতাল
বরং মানুষতো সীমা অতিক্রম করেই চলছে, (৭) কারণ সে নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করছে। (৮) আপনার রবের কাছে সবাইকেই ফিরে যেতে হবে। (৯) আপনি কি তাকে

الَّذِيْ يَنْهٰى ﴿١٠﴾ عَبْدًا اِذَا صَلّٰى ﴿١١﴾ اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰۤى ﴿١٢﴾ اَوْ اَمَرَ
লাযী ইয়ানহা- ১০। 'আব্‌দান ইযা- স্বাল্লা-। ১১। আরাআইতা ইন কা-না 'আলাল্ হুদা~। ১২। আও আমারা
দেখেছেন, যে বারণ করে, (১০) এক বান্দাকে যখন সে নামাজ আদায় করে? (১১) আচ্ছা আপনি কি চিন্তা করে দেখেছেন, যদি সে সঠিক পথে থাকে। (১২) অথবা নির্দেশ দেয়

بِالتَّقْوٰى ﴿١٣﴾ اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ﴿١٤﴾ اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى
বিত্তাক্বওয়া-। ১৩। আরাআইতা ইন্ কায্‌যাবা ওয়া তাওয়াল্লা-। ১৪। আলাম ই'য়ালাম্ বিআন্নাল্লা-হা ইয়ারা-।
পরহেজগারির? (১৩) আপনি কি চিন্তা করে দেখেছেন, যদি সে মিথ্যা বলে। আর সত্য প্রত্যাখান করে? (১৪) সে কি জানে না যে, নিশ্চয়ই আল্লাহ সব কিছু দেখেন?

﴿١٥﴾ كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ۬ لَنَسْفَعًۢا بِالنَّاصِيَةِ ﴿١٦﴾ نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ﴿١٧﴾ فَلْيَدْعُ
১৫। কাল্লা- লাইল্ লাম ইয়ানতাহি লানাস্‌ফা'আম্ বিন্না-স্বিয়াহ্। ১৬। না-ছিয়াতিন্ কা-যিবাতিন্ খা-ত্বিআহ্। ১৭। ফাল্‌ইয়াদ্'উ
(১৫) কিন্তু না, সে যদি তার অন্যায় কাজ থেকে বিরত না হয়, তবে আমি মাথার সম্মুখস্থ চুল ধরে সজোরে অবশ্যই টানব, (১৬) যা মিথ্যাবাদী ও পাপিষ্ঠের মাথার সম্মুখস্থ চুল। (১৭) তারপর সে যেন তার সাথীদেরকে

সিজদাহ
نَادِيَهٗ ﴿١٨﴾ سَنَدْعُ الزَّبَانِيَةَ ﴿١٩﴾ كَلَّا ؕ لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ
না-দিয়াহ্, ১৮। সানাদ্'উয্ যাবা-নিয়াহ্ ১৯। কাল্লা; লা-তু'ত্বিহু ওয়াস্‌জুদ্ ওয়াক্বতারিব্।
ডাক, (১৮) আমি তখন ডাকব জাহান্নামের প্রহরীকে, (১৯) কখনই না, আপনি তার কথা শোনবে না এবং আপনি সিজদা করুন। আর (আল্লাহর) নৈকট্য অর্জন করুন।

সিজদাহ ঃ ১৪ ১ রুকূ ২১ রুকূ

সূরা ক্বাদর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

﴿١﴾ اِنَّاۤ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ ﴿٢﴾ وَمَاۤ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ
১। ইন্না~আন্‌যাল্‌না-হু ফী লাইলাতিল্ ক্বাদ্‌রি। ২। ওয়ামা~আদ্‌রা-কা মা- লাইলাতুল্ ক্বাদ্‌রি।
(১) নিশ্চয়ই আমি কদরের সম্মানিত রাতে কুরআন অবতীর্ণ করেছি। (২) আপনি কি জানেন, কদরের রাত কি?

﴿٣﴾ لَيْلَةُ الْقَدْرِ ۙ۬ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ﴿٤﴾ تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ
৩। লাইলাতুল্ ক্বাদ্‌রি খাইরুম্ মিন্ আল্‌ফি শাহ্‌রিন। ৪। তানায্‌যালুল্ মালা—ইকাতু ওয়ার্‌রূহু
(৩) কদরের রাত হাজার মাসের চেয়ে শ্রেষ্ঠ। (৪) সে রাতে প্রতিটি কাজের (সুষ্ঠু ব্যবস্থাপনার) জন্য ফেরেশতা ও রূহ

৬ ওয়াক্বফুন নবী (সাঃ)

১ বিশ্লেষণ (আঃ ৯) ঃ ....ينهى عبدا - তফসীরকারদের মতে, বাধা প্রদানকারী আবু জাহল, যে ইসলামের দুশমন। আর عبدا - বান্দা দ্বারা রাসূলুল্লাহ (স)-কে বুঝানে হয়েছে (কুঃ কারীম) ✪ সূরা ক্বদরের শানে নুযূল ঃ একবার রাসূলুল্লাহ (স) বনী ইসরাইলের একজন সাধকের কথা আলোচনা করেন। যিনি একহাজার মাস যাবত দিনের বেলা রোজা রেখে আল্লাহর রাস্তায় যুদ্ধ করতেন এবং রাত জেগে আল্লাহর ইবাদাত করতেন। এ কথা শুনে সাহাবা (রা)-গণ খুব নিরাশ হয়ে পড়লেন। তারা বললেন, আমাদের বয়স পূর্বের উম্মতগণের তুলনায় খুবই কম। আমরা কিভাবে তাঁদের মত নেকআমল করে সওয়াব অর্জন করব। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। যাতে রাসূলুল্লাহ (স)-এর উম্মতগণের মর্যাদার কথা আল্লাহ ঘোষণা করেন। (আসহাবুল নুযুল)

فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ مِّن كُلِّ أَمْرٍ ④ سَلَٰمٌ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ ⑤

ফীহা- বিইয্নি রাব্বিহিম, মিন্ কুল্লি আমরিন। ৫। সালা-মুন্, হিয়া হাত্তা- মাত্লা'ইল্ ফাজ্রি।

(জিবরাঈল) তাদের প্রতিপালকের আদেশে অবতীর্ণ হয়। (৫) শান্তি (আল্লাহর বিশেষ অনুগ্রহ) সে রাতে ফজর পর্যন্ত।

সূরা বাইয়্যিনাহ মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৮ রুকূ ঃ ১

لَمْ يَكُنِ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَٰبِ وَالْمُشْرِكِينَ مُنفَكِّينَ ①

১। লাম ইয়াকুনিল্ লাযীনা কাফারূ মিন্ আহ্লিল্ কিতা-বি ওয়াল্ মুশ্রিকীনা মুন্ফাক্কীনা

(১) কিতাবীগণের মধ্যে যারা অবিশ্বাসী (কাফির) এবং মুশরিকরা, তারা তাদের পথ থেকে বিচ্ছিন্ন হয়ে (সরে) যাবার মতো ছিলনা

حَتَّىٰ تَأْتِيَهُمُ الْبَيِّنَةُ ② رَسُولٌ مِّنَ اللَّهِ يَتْلُوا صُحُفًا مُّطَهَّرَةً ③ فِيهَا

হাত্তা- তা'তিয়াহুমুল বাইয়্যিনাহ্। ২। রাসূলুম্ মিনাল্লা-হি ইয়াত্লূ স্বুহুফাম্ মুত্বাহ্হারাহ্। ৩। ফীহা-

যতক্ষণ না তাদের কাছে প্রকাশ্য প্রমাণ উপস্থিত হয়, (২) আল্লাহর পক্ষ হতে একজন রাসূল যিনি পাঠ করেন পবিত্র কিতাব, (৩) যাতে

كُتُبٌ قَيِّمَةٌ ④ وَمَا تَفَرَّقَ الَّذِينَ أُوتُوا الْكِتَٰبَ إِلَّا مِن بَعْدِ مَا جَاءَتْهُمُ

কুতুবুন ক্বায়্যিমাহ্। ৪। ওয়ামা- তাফাররাক্বাল্ লাযীনা উতুল কিতা-বা ইল্লা- মিম্ 'বাদি মা- জ্বা—আত্হুমুল্

থাকবে সঠিক বিধানাবলি (৪) যাদেরকে কিতাব দেয়া হয়েছিল, তাদের কাছে প্রকাশ্য প্রমাণ পৌছার পরে তারা বিভক্ত

الْبَيِّنَةُ ⑤ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ

বাইয়্যিনাহ্। ৫। ওয়ামা~উমিরূ~ইল্লা- লি'য়াবুদুল্লা-হা মুখ্লিস্বীনা লাহুদ্দীনা, হুনাফা—আ

হয়ে পড়ল। (৫) তাদেরকে শুধু এ নির্দেশই দেয়া হয়েছিল যে, তারা যেন আন্তরিকভাবে আল্লাহর ইবাদাত করে, তাঁরই আনুগত্যে একনিষ্ঠ হয়ে,

وَيُقِيمُوا الصَّلَوٰةَ وَيُؤْتُوا الزَّكَوٰةَ وَذَٰلِكَ دِينُ الْقَيِّمَةِ ⑥ إِنَّ الَّذِينَ

ওয়া ইউক্বীমুস্ব স্বালা-তা ওয়া ইউ'তুয্ যাকা-তা ওয়া যা-লিকা দীনুল ক্বাইয়্যিমাহ্। ৬। ইন্নাল্লাযীনা

এবং নামাজ কায়েম করে এবং যাকাত আদায় করে। আর এটাই হচ্ছে সঠিক দ্বীন (বিধান)। (৬) কিতাবীগণের মধ্যে যারা

كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَٰبِ وَالْمُشْرِكِينَ فِي نَارِ جَهَنَّمَ خَٰلِدِينَ فِيهَا أُولَٰئِكَ

কাফারূ মিন আহ্লিল্ কিতা-বি ওয়াল্ মুশ্রিকীনা ফী না-রি জ্বাহান্নামা খা-লিদীনা ফীহা- ; উলা—ইকা

অবিশ্বাসী (কাফির) তারা, আর মুশরিকরা চিরদিন জাহান্নামের আগুনে জ্বলবে, তারাই

○ সূ। বাইয়্যেনার শানে নুযুল ঃ রাসূলুল্লাহ (স)-এর নবুওয়াতের পূর্বে ইয়াহুদ ও নাসারা এ কামনা করেছিল যে, যদি সর্বশেষ নবী আগমন করেন, তবে আমরা সবাই তাঁর উপর ঈমান আনব। কিন্তু যখন রাসূলুল্লাহ (স) আগমন করেন, তখন তাদের মধ্য হতে কতিপয় ব্যক্তি ছাড়া, আর কেউই রাসূলুল্লাহ (স)-এর প্রতি ঈমান আনেনি। তাদের অবস্থার বর্ণনার জন্য এ সূরাটি অবতীর্ণ হয়। (আসবাব) ○ টীকা (আঃ ৪) ঃ ইহুদী নাছারাগণ সত্যধর্ম সম্বন্ধে তো মতভেদে লিপ্ত আছেই, তৎসঙ্গে তাদের পুরাতন মতভেদসমূহও বহাল রয়েছে, সত্যধর্মের আলোকে তারা এই মতভেদসমূহ দূর করে নেই। (বঃ কোঃ) ○ টীকা (আঃ ৬) ঃ এর ভিতরে কোরআন এবং হযরত মোহাম্মদ (স)-এর উপর ঈমান আনাও শামিল রয়েছে, পূর্ববর্তী গ্রন্থসমূহে এসমস্ত আহকাম ছিল, এবং কোরআনের শিক্ষাও এটাই এবং একেই "কুতুবুন কাইয়্যিমাহ" বলা হয়েছে। (বঃ কোঃ)

هُمْ شَرُّ الْبَرِيَّةِ ⑦ إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّٰلِحَٰتِ أُولَٰئِكَ هُمْ خَيْرُ

হুম শার্রুল্ বারিয়্যাহ্। ৭। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুস্ব স্বা-লিহ্বা-তি উলা—ইকাহুম খাইরুল্

সৃষ্টির (মধ্যে) অতি নিকৃষ্ট। (৭) নিশ্চয়ই যারা ঈমান আনে এবং নেক আমল করে, তারা সৃষ্টির (মধ্যে)

الْبَرِيَّةِ ⑧ جَزَاؤُهُمْ عِندَ رَبِّهِمْ جَنَّٰتُ عَدْنٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَٰرُ

বারিয়্যাহ্। ৮। জ্বাযা—উহুম 'ইন্দা রাব্বিহিম জ্বান্না-তু 'আদ্নিন্ তাজ্বরী মিন্ তাহ্বতিহাল্ আন্হা-রু

সর্বোত্তম। (৮) তাদের পুরস্কার রয়েছে, তাদের রবের নিকট স্থায়ী জান্নাত, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা

১ ع ২৩ রুকূ خَٰلِدِينَ فِيهَا أَبَدًا رَّضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ ذَٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهُ ⑧

খা-লিদীনা ফীহা~আবাদা-; (৯) রাদ্বিয়াল্লা-হু 'আনহুম ওয়া রাদ্বূ 'আনহু ; যা-লিকা লিমান খাশিয়া রাব্বাহূ।

সর্বদা বসবাস করবে। (৯) আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি খুশী। এটি তার জন্যই যে আল্লাহকে ভয় করে।

সূরা যিলযা-ল মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৮ রুকূ ঃ ১

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا ① وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا ② وَقَالَ

১। ইযা- যুল্যিলাতিল্ আর্দ্বু যিল্যা-লাহা-। ২। ওয়া আখ্রাজ্বাতিল্ আর্দ্বু আছ্ক্বা-লাহ্বা-। ৩। ওয়া ক্বা-লাল্

(১) যখন পৃথিবী তার কম্পনে কম্পিত হতে থাকবে। (২) আর যখন পৃথিবী তার বোঝা বের করে দিবে, (৩) আর মানুষ

الْإِنسَٰنُ مَا لَهَا ③ يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا ④ بِأَنَّ رَبَّكَ أَوْحَىٰ

ইন্সা-নু মা-লাহা-। ৪। ইয়াওমাইযিন্ তুহ্বাদ্দিছু আখ্বা-রাহা-। ৫। বিআন্না রাব্বাকা আওহা-

(এ ভয়ানক অবস্থা দেখে) বলবে, এর হল কী? (৪) সেদিন সে তার বিবরণ বর্ণনা করবে, (৫) কারণ, তোমার প্রতিপালক তাকে সেভাবে

لَهَا ⑤ يَوْمَئِذٍ يَصْدُرُ النَّاسُ أَشْتَاتًا لِّيُرَوْا أَعْمَٰلَهُمْ ⑥ فَمَن

লাহা-। ৬। ইয়াওমাইযিঁই ইয়াস্বদুরুন্ না-সু আশ্তা-তাল্ লিইউরাও আ'মা-লাহুম। ৭। ফামাই

আদেশ দিবেন। (৬) সেদিন মানুষ নানা দলে বিভক্ত হয়ে ফিরে আসবে, কারণ তাদেরকে তাদের আমলসমূহ দেখান হবে। (৭) যে

১ ع ২৪ রুকূ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ ⑦ وَمَن يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ ⑧

ই'য়ামাল মিছক্বা-লা যার্রাতিন খাইরাঁই ইয়ারাহূ। ৮। ওয়া মাই ই'য়ামাল মিছ্ক্বা-লা যার্রাতিন শার্রাই ইয়ারাহ্।

অণু পরিমাণ নেক কাজ করে তা সে দেখতে পাবে। (৮) আর যে অণু পরিমাণ খারাপ কাজ করে, সেও তা দেখতে পাবে।

○ বিশ্লেষণ (আঃ ৪) ঃ يومئذ تحدث اخبارها - হাদীস শরীফে বর্ণিত, রাসূলুল্লাহ (স) এ আয়াত পাঠ করেন এবং সাহাবাগণকে জিজ্ঞাসা করেন, তোমরা কি জান, পৃথিবীর বিবরণ দেয়ার অর্থ কি? সাহাবা (রা)-গণ জবাব দিলেন যে, আল্লাহ ও তাঁর রাসূল এ ব্যাপারে ভাল জানেন। রাসূলুল্লাহ (স) বলেন, বান্দা (পুরুষ ও নারী) পৃথিবীতে বসে যা কিছুই করবে, কিয়ামতে পৃথিবী তার সাক্ষী দিবে। বলবে, অমুক অমুক ব্যক্তি অমুক অমুক সময়ে অমুক অমুক কাজ করেছে। (কুঃ কাঃ) ○ বিশ্লেষণ (আঃ ৫) ঃ ربك اوحى لها - অর্থাৎ পৃথিবীকে কথা বলার শক্তি আল্লাহ দান করবেন। এতে আশ্চর্য হবার কিছুই নাই। যেভাবে আল্লাহ মানুষের অঙ্গ-প্রত্যঙ্গকে কথা বলার শক্তি দান করবেন, অনুরূপভাবে পৃথিবীকেও কথা বলার শক্তি দান করবেন। (কুঃ কারীম)

সূরা 'আদিয়া-ত
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

وَالْعٰدِيٰتِ ضَبْحًا ۝١ فَالْمُوْرِيٰتِ قَدْحًا ۝٢ فَالْمُغِيْرٰتِ صُبْحًا ۝٣ فَاَثَرْنَ

১। ওয়াল্ 'আ-দিয়া-তি দ্বাব্হান। ২। ফাল্ মূরিয়া-তি ক্বাদ্হান। ৩। ফাল্ মুগীরা-তি স্বুব্হা-। ৪। ফাআছার্না
(১) শপথ সে ঘোড়াগুলোর যারা দীর্ঘশ্বাসে দ্রুত বেগে দৌড়ায়। (২) আর শপথ যারা পদাঘাতে প্রস্তরের উপর আগুনের ফুলকি ছুটায়,
(৩) আর শপথ তাদের যারা প্রভাতে হামলা চালায়। (৪) আর

بِهٖ نَقْعًا ۝٤ فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ۝٥ اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ۝٦ وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ

বিহী নাক্ব'আন্ ৫। ফাওয়াসাত্বনা বিহী জ্বাম্'আ-। ৬। ইন্নাল্ ইন্সা-না লিরাব্বিহী লাকানূদ্। ৭। ওয়া ইন্নাহূ 'আলা- যা-লিকা
তার সাথে তারা ধুলোবালি উড়ায়। (৫) আর তারা শত্রু বাহিনীর মাঝে প্রবেশ করে। (৬) নিশ্চয়ই মানুষ তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ। (৭) আর এ সম্পর্কে

لَشَهِيْدٌ ۝٧ وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ ۝٨ اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِى

লাশাহীদ। ৮। ওয়া ইন্নাহূ লিহুব্বিল্ খাইরি লাশাদীদ্। ৯। আফালা- ই'য়ালামু ইযা- 'বুছিরা মা-ফিল্
সে নিজেই সাক্ষী। (৮) আর নিশ্চয়ই সে (মানুষ) সম্পদের ভালোবাসায় বিভোর। (৯) সে কি জানে না যে, যখন কবরে যা আছে তা বের

الْقُبُوْرِ ۝٩ وَحُصِّلَ مَا فِى الصُّدُوْرِ ۝١٠ اِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيْرٌ ۝١١ ১ ع ১১ ২৫ রুকূ

ক্বুবূর। ১০। ওয়া হুস্বস্বিলা মা- ফিস্ব স্বুদূর, ১১। ইন্না রাব্বাহুম বিহিম ইয়াওমাইযিল্ লাখাবীর।
হয়ে আসবে (১০) আর অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে? (১১) নিশ্চয়ই সেদিন তাদের প্রতিপালক তাদের ব্যাপারে পূর্ণ অবগত আছেন।

সূরা ক্বা-রিয়াহ
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

اَلْقَارِعَةُ ۝١ مَا الْقَارِعَةُ ۝٢ وَمَآ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ۝٣ يَوْمَ يَكُوْنُ النَّاسُ

১। আল্ ক্বা-রি'আতু ২। মাল্ ক্বা-রি'আহ্। ৩। ওয়ামা~আদ্রা-কা মাল্ ক্বা-রি'আহ্। ৪। ইয়াওমা ইয়াকূনুন্ না-সু
(১) মহা প্রলয়, (২) মহা প্রলয় কি? (৩) আপনি কি জানেন মহা প্রলয় কি? (৪) সেদিন মানুষ হবে

كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ ۝٤ وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ ۝٥

কাল্ ফারা-শিল মাব্ছূছ। ৫। ওয়া তাকূনুল্ জ্বিবা-লু কাল্ 'ইহ্নিল্ মান্ফূশ্।
ছড়িয়ে পড়া পতঙ্গের মত; (৫) আর পাহাড়গুলো হবে ধুনিত রঙিন পশমের মত,

○ সূরা আ-দিয়াহ্-এর শানে নুযূল ঃ রাসূলুল্লাহ (স) মানযার বিন আমর আনসারী (রা)-কে এক (অশ্বারোহী) সৈন্যবাহিনী সহ 'বনিকানানা' সম্প্রদায়ের প্রতি যুদ্ধ করার জন্য প্রেরণ করেন এবং এ নির্দেশ প্রদান করেন যে, "অমুক দিন তাদের উপর আক্রমণ করবে এবং অমুক দিন ফিরে আসবে।" তারা সেভাবেই করল। পথিমধ্যে পানির প্লাবন হওয়াতে তাদের পৌঁছতে বিলম্ব হল। এ সময়ে মুনাফিকরা পরস্পরে বলাবলি করতে লাগল যে, মুসলমানগণ সমূলে ধ্বংস হয়েছে। এ খবর মুসলমানগণ শুনে অত্যন্ত দুঃখিত হন। তখন আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করে, মুসলমানগণকে তাদের অবস্থান জানিয়ে দেন। ○ টীকা (আঃ ৫) ঃ আর ধুনিত পশমের সাথে পাহাড়গুলো উপমা সহজে বুঝা যায় যে, সিঙ্গায় ফুৎকারের সঙ্গে সঙ্গে বিভিন্ন রং-এর হালকা পশমের ন্যায় হয়ে পাহাড়গুলোও উড়তে থাকবে। (বঃ কোঃ)

فَاَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ ۝٦ فَهُوَ فِىْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ۝٧ وَاَمَّا مَنْ خَفَّتْ

৬। ফাআম্মা- মান্ ছাক্বুলাত্ মাওয়া-যীনুহ্। ৭। ফাহুওয়া ফী 'ঈশাতির্ রা-দ্বিয়াহ্। ৮। ওয়া আম্মা- মান্ খাফ্ফাত্
১ (৬) তখন যার (নেকের) পাল্লা ওজনে ভারী হবে। (৭) সে পাবে এক সুখী (আরামদায়ক) জীবন। (৮) আর যার (নেকের) পাল্লা ওজনে

ع ১১ ২৬ রুকূ مَوَازِيْنُهٗ ۝٨ فَاُمُّهٗ هَاوِيَةٌ ۝٩ وَمَآ اَدْرٰىكَ مَا هِيَهْ ۝١٠ نَارٌ حَامِيَةٌ ۝١١

মাওয়া-যীনুহূ ৯। ফাউম্মুহূ হা-ওয়ীয়াহ্। ১০। ওয়ামা~আদ্রা-কা মা-হিয়াহ। ১১। না-রুন্ হ্বা-মিয়াহ্।
হালকা হবে (৯) তার (অবস্থানের) জায়গা হবে হাবিয়া। (১০) আপনি কি জানেন, হাবিয়া কি? (১১) তা (হাবিয়া) হচ্ছে অতি উত্তপ্ত অগ্নি।

সূরা তাকাছুর
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

اَلْهٰىكُمُ التَّكَاثُرُ ۝١ حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ ۝٢ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ۝٣ ثُمَّ

১। আল্হা-কুমুত তাকা-ছুরু ২। হাত্তা- যুর্তুমুল্ মাক্বা-বির। ৩। কাল্লা- সাওফা 'তালামূন। ৪। ছুম্মা
(১) সম্পদের অধিক আসক্তি তোমাদেরকে গাফিল রেখেছে। (২) যতক্ষণ না তোমরা কবরে যাও। (৩) না, এভাবে ঠিক নয়, শীঘ্রই তোমরা জানতে পারবে। (৪) আবার বলছি,

كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ۝٤ كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ ۝٥ لَتَرَوُنَّ الْجَحِيْمَ ۝٦

কাল্লা- সাওফা 'তালামূন। ৫। কাল্লা- লাও 'তালামূনা 'ইল্মাল ইয়াক্বীন। ৬। লাতারাউন্নাল্ জ্বাহ্বীমা
না এভাবে ঠিক নয়, শীঘ্রই তোমরা জানতে পারবে। (৫) কিছু না, যদি তোমরা নিশ্চিত জ্ঞান জানতে। (৬) নিশ্চয়ই তোমরা জাহান্নাম দেখবে।

১ ع ৮ ২৭ রুকূ ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ۝٧ ثُمَّ لَتُسْـَٔلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ ۝٨

৭। ছুম্মা লাতারা উন্নাহা- 'আইনাল্ ইয়াক্বীন। ৮। ছুম্মা লাতুস্আলুন্না ইয়াওমাইযিন্ 'আনিন্ না'ঈম।
(৭) আবার বলছি, তোমরা অবশ্যই তা দেখবে, প্রত্যয় দৃষ্টিতে। (৮) আর নিশ্চয়ই সেদিন তোমদেরকে জিজ্ঞাসা করা হবে, আল্লাহর নেয়ামত সম্পর্কে।

○ বিশ্লেষণ (আঃ ৯) ঃ هاوية - একটি জাহান্নামের নাম। এটিকে هاوية (হাবিয়া) এজন্য বলা হয় যে, জাহান্নামী এটির তলদেশে পতিত হবে এবং ام (মা) এজন্য বলা হয়েছে। যেমন– মা সন্তানের জন্য আশ্রয় স্থল, অনুরূপভাবে এটিও জাহান্নামীদের আশ্রয় স্থল (ঠিকানা)। (ইবন কাসীর) ○ বিশ্লেষণ (আঃ ১১) ঃ نار حامية - (প্রজ্জ্বলিত অগ্নি) হাদীস শরীফে বর্ণিত 'মানুষ পৃথিবীতে যে অগ্নি প্রজ্জ্বলিত করে, এটি জাহান্নামের অগ্নির সত্তরভাগের এক ভাগ। জাহান্নামের অগ্নি পৃথিবীর অগ্নির চেয়ে ৬৯ গুণ বেশী।' হাদীস শরীফে বর্ণিত জাহান্নাম তার রবের কাছে অভিযোগ জানাল যে, আমার এক অংশ অন্য অংশকে ভক্ষণ করছে। আল্লাহ তায়ালা জাহান্নামকে দুটি শ্বাস গ্রহণের নির্দেশ দিলেন। একটি গ্রীষ্মকালে আর একটি শীত কালে। পৃথিবীতে যে ভীষণ ঠান্ডা অনুভব হয়, তা জাহান্নামের শীতল শ্বাসেরই প্রভাব। আর যে প্রচন্ড গরম অনুভব হয়, তাও জাহান্নামের গরম শ্বাসেরই প্রভাব। (কুঃ কারীম)

○ সূরা তাকাছুরের শানে নুযূল ঃ এ সূরাটি কুরায়শ বংশের দুটি গোত্র, বনী আবদ মান্নাফ এবং বনী সাহমদ্বয়ের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। তারা উভয়ই একে অপরের উপর বংশের ও গোত্রের জনবলের এবং সম্পদের অহংকার করত। তারা একবার উভয় গোত্র জনবলের বড়াই করায়, নিজেদের গোত্রের লোকদের গণনা করল। গণনায় আবদে মান্নাফের লোক সংখ্যা অধিক হল। তখন সাহম গোত্রের লোকেরা বলল যে, আমাদের অনেক লোক যুদ্ধে নিহত হয়েছে। এজন্য প্রকৃত ও সঠিক গণনার জন্য জীবিত ও মৃত সবাইকেই গণনা করতে হবে এবং এ উদ্দেশ্যে তারা মৃতদেরকে গণনার জন্য কবরস্থানে উপস্থিত হয়েছিল। এ গণনায় বনী সাহম গোত্রের লোক অধিক হয়েছিল। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (তাঃ কাদেরী, আসবাব) ○ টীকা (আঃ ২) ঃ কেনইবা ভুলাইয়া রাখিবে না? তোমরা তো পরকালের কথায় বিশ্বাসই কর না। বরং পার্থিব সম্পদে তোমাদের আত্মগরিমা হতেই বুঝা যায় যে, তোমাদের আসক্তি এবং ধন অর্জনের জন্য তোমাদের মনে অত্যাধিক আগ্রহ রয়েছে। ○ টীকা (আঃ ৮) ঃ সূরার প্রথমাংশের আয়াতগুলো কাফেরদিগকে লক্ষ্য করে বলা হয়েছে। আর শেষ আয়াতটি কাফের ও মু'মেন উভয়কে লক্ষ করে বলা হয়েছে। এক হাদীসে দেখা যায়, হুযূর (স) হযরত আবু বকর (রা) ও ওমর (রা)-কে লক্ষ্য করে বলেছিলেন, "তোমরা অবশ্যই এই নেয়ামত সম্বন্ধে জিজ্ঞাসিত হবে।" (বঃ কোঃ)

সূরা 'আছর মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৩ রুকূ ঃ ১

وَالْعَصْرِ ۝١ إِنَّ الْإِنْسَانَ لَفِيْ خُسْرٍ ۝٢ إِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَ

১। ওয়াল্ 'আস্বরি। ২। ইন্নাল্ ইন্সা-না লাফী খুস্‌রিন। ৩। ইল্লাল্লাযীনা আ-মানূ ওয়া

(১) সময়ের শপথ, (২) নিশ্চয়ই মানুষ ক্ষতির মধ্যে রয়েছে, (৩) কিন্তু তারা ব্যতীত যারা ঈমান আনে ও

ع ১ ২৮ রুকূ عَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ ۙ وَتَوَاصَوْا بِالصَّبْرِ ۝

'আমিলুস্ব স্বা-লিহা-তি ওয়া তাওয়া-স্বাওবিল্ হাক্কি ওয়া তাওয়া-স্বাও বিস্বস্বাবরি।

নেক আমল করে, আর পরস্পরে একে অপরকে ন্যায়ের (নেক কাজের) উপদেশ দেয় এবং পরস্পরে ধৈর্য ধারণের উপদেশ দেয়।

সূরা হুমাযাহ্ মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৯ রুকূ ঃ ১

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِ ۝١ الَّذِيْ جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ ۝

১। ওয়াইলুল্ লিকুল্লি হুমাযাতিল্ লুমাযাহ্। ২। আল্লাযী জামা'আ মা-লাওঁ ওয়া 'আদ্দাদাহ্।

(১) কঠিন বিপদ তাদের প্রত্যেকের জন্য, যে গিবতকারী ও অগোচরে দুর্নাম রটনাকারী। (২) যে অর্থ জমা করে আর বার বার তা গণনা করে,

يَحْسَبُ أَنَّ مَالَهٗ أَخْلَدَهٗ ۝٣ كَلَّا لَيُنْبَذَنَّ فِي الْحُطَمَةِ ۝

৩। ইয়াহ্‌সাবু আন্না মা-লাহূ~আখ্‌লাদাহ্। ৪। কাল্লা- লাইউম্‌বাযান্না ফিল্ হুত্বামাতি।

(৩) আর সে মনে করে যে, তার অর্থ তাকে চিরস্থায়ী করে রাখবে। (৪) না, তা ঠিক নয়। নিশ্চয়ই তাকে হুতামায় নিক্ষেপ করা হবে।

وَمَا أَدْرٰىكَ مَا الْحُطَمَةُ ۝٥ نَارُ اللّٰهِ الْمُوْقَدَةُ ۝٦ الَّتِيْ تَطَّلِعُ

৫। ওয়ামা~আদ্‌রা-কা মাল্ হুত্বামাহ্। ৬। না-রুল্লা-হিল্ মূক্বাদাতুল্ ৭। লাতী তাত্ত্বালি'উ

(৫) আপনি কি জানেন 'হুতামা কি? (৬) তা (হুতামা) হচ্ছে, আল্লাহর প্রজ্জ্বলিত অগ্নি। (৭) যা অন্তরের উপর

ع ১ ২৯ রুকূ عَلَى الْأَفْئِدَةِ ۝٧ إِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ۝٨ فِيْ عَمَدٍ مُّمَدَّدَةٍ ۝

'আলাল্ আফ্‌ইদাহ্। ৮। ইন্নাহা- 'আলাইহিম্ মু'স্বাদাতুন ৯। ফী 'আমাদিম্ মুমাদ্দাদাহ্।

(পর্যন্ত) পৌঁছে যাবে। (৮) আর তাদেরকে পরিবেষ্টন করে রাখবে। (৯) দীর্ঘায়িত স্তম্ভসমূহে।

○ সূরা আছরের শানে নুযূল ঃ কালাদাহ নামক এক মুশরিক হযরত আবু বকর (রা)-এর ইসলাম গ্রহণের পূর্বে তার কাছে আসা-যাওয়া করত। হযরত আবু বকর (রা)-এর ইসলাম গ্রহণের পরে একবার কালাদা তাঁর কাছে এসে বলল, হে আবু বকর (রা)! তুমি কি নির্বোধ। তুমি পিতৃ পুরুষদের ধর্ম ছেড়ে দিয়ে ব্যবসা বাণিজ্য বর্জন করে একি কাজ করছ। যাতে তোমার ধর্মও চলে যাচ্ছে এবং পার্থিবও ক্ষতি হচ্ছে। হযরত আবু বকর (রা) জবাবে বললেন, হে কালাদাহ! নির্বোধ তুমি। যে আল্লাহ ও তাঁর রাসূলের (স) কথা শোনে এবং নেক আমল করে, সে কখনও ক্ষতিগ্রস্ত হয় না এবং সেই প্রকৃত জ্ঞানী। আর যে, প্রতিমা পূজা করে আল্লাহ ও তাঁর রাসূলের (স) কথা শোনে না এবং শয়তানের অনুসরণ করে, সেই প্রকৃত ক্ষতিগ্রস্ত এবং নির্বোধ। হযরত আবু বকরের (রা) কথার সত্যতায় আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করেন। (তাঃ কাদেরী)

সূরা ফীল মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৫ রুকূ ঃ ১

أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحٰبِ الْفِيْلِ ۝١ أَلَمْ يَجْعَلْ

১। আলাম তারা কাইফা ফা'আলা রাব্বুকা বিআস্বহা-বিল্ ফীল। ২। আলাম ইয়াজ্'আল

(১) আপনি কি দেখেননি (অবগত হননি), আপনার প্রতিপালক হস্তীবাহিনীর সাথে কিরূপ আচরণ করেছিলেন? (২) তিনি কি তাদের

كَيْدَهُمْ فِيْ تَضْلِيْلٍ ۝٢ وَّأَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا أَبَابِيْلَ ۝

কাইদাহুম ফী তাদ্বলীল ৩। ওয়া আরসালা 'আলাইহিম ত্বাইরান্ আবা-বীল।

ষড়যন্ত্র ব্যর্থ (বিফল) করে দেননি? (৩) তিনি তাদের উপর ঝাঁকে ঝাঁকে আবাবীল পাখী প্রেরণ করেন,

ع ১ ৩০ রুকূ تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ۝٤ فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُوْلٍ ۝

৪। তারমীহিম্ বিহিজ্বা-রাতিম্ মিন্ সিজ্জীল। ৫। ফাজ্বা'আলাহুম কা'আস্বফিম্ মা'কূল।

(৪) যারা তাদের উপর নিক্ষেপ করেছিল পাথরের কুচি। (৫) তারপর তিনি তাদেরকে করলেন ভক্ষিত ঘাসের ন্যায়।

সূরা ক্বোরাইশ মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম দাতা ও দয়ালু আল্লাহ্র নামে শুরু করছি

আয়াত ঃ ৪ রুকূ ঃ ১

لِإِيْلٰفِ قُرَيْشٍ ۝١ إٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَآءِ وَالصَّيْفِ ۝٢ فَلْيَعْبُدُوْا رَبَّ

১। লিঈলা-ফি কুরাইশিন ২। ঈলা-ফিহিম রিহ্‌লাতাশ্ শিতা—ই ওয়াস্বস্বাঈফ। ৩। ফালইয়া'বুদূ রাব্বা

(১) কুরাইশদের আগ্রহের জন্য, (২) (অর্থাৎ) তাদের শীত গ্রীষ্মকালে (ব্যবসায়ী) সফরের আগ্রহের জন্য। (৩) তারা যেন (কাবা) ঘরের

ع ১ ৩১ রুকূ هٰذَا الْبَيْتِ ۝٣ الَّذِيْٓ أَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ۝

হা-যাল্ বাইত্ ৪। আল্লাযী~আত্ব'আমাহুম্ মিন্ জূ'ইওঁ ওয়া আ-মানাহুম্ মিন্ খাওফ্।

মালিকের ইবাদাত করে। (৪) যিনি তাদেরকে ক্ষুধায় আহার দান করেছেন, আর ভয় হতে নিরাপদ রেখেছেন।

○ হাতী ওয়ালাদের কাহিনী ঃ ৫৭০ খ্রীষ্টাব্দে রাসূলুল্লাহ (স)-এর জন্মের আনুমানিক দুমাস পূর্বে ইয়েমেনে আবিসিনিয়ার গর্ভনর আবরাহা আশরাম মক্কায় অবস্থিত কাবাগৃহ ধ্বংস করার জন্য এক অভিযান পরিচালনা করেন। তার বাহিনীতে হাতীও ছিল। এজন্য এই কাহিনীকে আসহাবুলফীল বা হাতীওয়ালা বলা হয়েছে। আবরাহা ছিল উচ্চাভিলাষী। কাবার গৌরব ও সুখ্যাতি তার সহ্য হয়নি। তাই সে তা ধ্বংস করতে আসে। কিন্তু আরবরা বিশ্বাস করত, কাবাঘর আল্লাহর ঘর। আল্লাহ তাঁর ঘর রক্ষা করবেন। তারা নিজেরা আবরাহার বিরুদ্ধে কোন প্রতিরোধ ব্যবস্থা নিলেন না। আরববাসীদের বিশ্বাস সত্যে পরিণত হল। ক্ষুদ্র ক্ষুদ্র পাখীর মুখের কংকরাঘাতে বিশাল হস্তী বাহিনী ভক্ষিত তৃণের মত হয়ে গেল। (কুরআন পরিচিতি)

○ সূরা কুরাইশের শানে নুযূল ঃ মক্কার কুরায়শগণ বছরে দুবার ব্যবসার উদ্দেশ্যে দেশের বাইরে সফরে বের হত। সেখান হতে ব্যবসা বাণিজ্যের জন্য প্রচুর মালামাল নিয়ে আসত। শীতকালে ইয়ামনে সফর করত, সেটি ছিল, শীত প্রধান দেশ এবং গ্রীষ্মকালে (সিরিয়া) সফর করত সেটি ছিল গ্রীষ্ম প্রধান দেশ। তারা পবিত্র কাবাঘরের খাদিম (তত্ত্বাবয়ক) হবার কারণে গোটা আরবগণ তাদেরকে সম্মান করত। এ কারণেই তাদের ব্যবসায়ী কাফেলা বিনা বাধায় সব জায়গায় যাতায়াত করতে পারত। আল্লাহ তায়ালা এ সূরাটিতে কুরায়শগণকে বলছেন যে, এ সফল সহজ লাভবান হবার এবং সবার কাছে সম্মান পাবার একমাত্র কারণ হল তোমরা মক্কার অধিবাসী এবং কাবাঘরের খাদিম। আর তোমাদের মক্কা অধিবাসী হওয়ার এবং কাবাঘরের খেদমত করার সুযোগ আমিই করে দিয়েছি। এজন্য তোমাদের কর্তব্য হল সে কাবাঘরের মালিকের একমাত্র ইবাদাত করা। (কুঃ কারীম)

সূরা মা-'উন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৭
রুকূ ঃ ১

①أَرَءَيْتَ الَّذِي يُكَذِّبُ بِالدِّينِ ②فَذٰلِكَ الَّذِي يَدُعُّ الْيَتِيمَ

১। আরাআইতাল্ লাযী ইউকায্‌যিবু বিদ্দীন। ২। ফাযা-লিকাল্ লাযী ইয়াদু'য়্যুল্ ইয়াতীম।
(১) আপনি কি তাকে দেখেছেন, যে বিচার দিবসকে মিথ্যা জানে? (২) সে তো সে (ব্যক্তি) যে, ইয়াতীমকে ধমক দিয়ে তাড়িয়ে দেয়,

③وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِينِ ④فَوَيْلٌ لِّلْمُصَلِّينَ ⑤الَّذِينَ هُمْ

৩। ওয়ালা- ইয়াহুদ্দু 'আলা- ত্বা'আ-মিল্ মিস্‌কীন। ৪। ফাওয়াইলুল্ লিল্ মুস্বাল্লীন। ৫। আল্লাযীনা হুম
(৩) আর মিসকীনকে আহার দিতে (মানুষকে) উৎসাহিত করে না। (৪) কঠিন দুর্ভাগ্য সে সব নামাজীদের জন্য। (৫) যারা তাদের নামাজের

عَن صَلَاتِهِمْ سَاهُونَ ⑥الَّذِينَ هُمْ يُرَاءُونَ ⑦وَيَمْنَعُونَ الْمَاعُونَ ع ১ ৩২ রুকূ

'আন স্বালা-তিহিমি সা-হূন। ৬। আল্লাযীনা হুম ইউরা-উনা ৭। ওয়া ইয়াম্‌না'উনাল্ মা-'উন।
ব্যাপারে অমনোযোগী, (৬) আর যারা লোক দেখানোর জন্য (নেক) কাজ করে, (৭) আর যারা প্রয়োজনীয় জিনিসপত্র দিতে বিরত থাকে।

সূরা কাওছার
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

①إِنَّا أَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ②فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ

১। ইন্না~'আত্বাইনা- কাল্‌কাওছার। ২। ফাস্বাল্লি লিরাব্বিকা ওয়ান্‌হার।
(১) নিশ্চয়ই আমি তোমাকে কাওসার দান করেছি। (২) সুতরাং তোমার প্রতিপালকের উদ্দেশ্যে নামাজ পড় এবং কুরবানী কর।

③إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ ع ১ ৩৩ রুকূ

৩। ইন্না শা-নিআকা হুওয়াল আব্‌তার।
(৩) নিশ্চয়ই তোমার প্রতি ঈর্ষা পোষণকারীরাই হবে নিঃসন্তান।

○ শানে নুযূল (আঃ ২) ঃ এক রেওয়াতে আছে, এ আয়াত নাযিল হয়েছে আবু জেহেল সম্পর্কে। তার কাছে এক ইয়াতীম বালকের কিছু সম্পদ ছিল। সে বিবস্ত্র হয়ে তা চাইতে আসলে সে তাকে দূর দূর করে তাড়িয়ে দেয়। কারো মতে আবু সুফিয়ান (মুসলমান হওয়ার পূর্বে) সম্পর্কে নাযিল হয়েছে। এক ইয়াতীম তাঁর কাছে গোশত চাইলে তিনি তাকে লাঠি দ্বারা আঘাত করেন। কারো মতে, ওয়ালীদ ইবনে মুগীরা কিংবা আস ইবনে ওয়াইল আস্ সাহমী সম্পর্কে নাযিল হয়েছে। (আবুসসাউদ)
○ শানে নুযূল (আঃ ৪) ঃ فويل للمصلين - এ আয়াত মুনাফিকদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। মুসলমানগণের সামনে তাদের দেখানোর জন্য মুনাফিকেরা নামাজ পড়ত। কিন্তু অন্য সময়ে মুসলমানগণের অনুপস্থিতিতে নামাজ পড়ত না। আর প্রয়োজনীয় জিনিসপত্র তোমাদেরকে (দেয়ার সামর্থ্য থাকতেও) দিতনা। (লুবাব)
○ টীকা (আঃ ৫) ঃ যেহেতু মুনাফেকদের উদ্দেশ্য দুর্নাম হতে বেঁচে থাকা। অতএব, তারা লোক দেখান কার্যই করে থাকে। লোকে দেখে না বলে তারা যাকাত মোটেই দেয় না। নামায লোকে দেখে, কাজেই তারা লোক দেখান নামায পড়ে। (বঃ কোঃ)
○ সূরা কাওছারের শানে নুযূল ঃ যখন রাসূলুল্লাহ (স)-এর পুত্র কাসেম ইন্তেকাল করেন, তখন কতিপয় কাফের, রাসূলুল্লাহ (স)-কে নির্বংশ (নিঃসন্তান) বলে উপহাস করতে থাকে। তখন রাসূলুল্লাহ (স)-কে সান্ত্বনা দেয়ার জন্য আল্লাহ তায়ালা এ সূরাটি অবতীর্ণ করেন।

সূরা কা-ফিরূন
মক্কী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৬
রুকূ ঃ ১

①قُلْ يٰٓأَيُّهَا الْكٰفِرُونَ ②لَآ أَعْبُدُ مَا تَعْبُدُونَ ③وَلَآ أَنتُمْ

১। কুল্ ইয়া~আইয়্যুহাল কা-ফিরূন। ২। লা~'আবুদু মা- 'তাবুদূন। ৩। ওয়ালা~আন্‌তুম
(১) আপনি বলুন, হে কাফিরগণ! (২) তোমরা যার ইবাদাত করছ, আমি তার ইবাদাত করি না। (৩) আর তোমরাও তাঁর ইবাদাতকারী নও।

عٰبِدُونَ مَآ أَعْبُدُ ④وَلَآ أَنَا عَابِدٌ مَّا عَبَدتُّمْ ⑤وَلَآ

'আ-বিদূনা মা~'আবুদ্। ৪। ওয়ালা~আনা 'আ-বিদুম্ মা-'আবাত্‌তুম, ৫। ওয়ালা~
আমি যাঁর ইবাদাত করছি। (৪) এবং আমি ও তার ইবাদাতকারী নই। যার ইবাদাত তোমরা করছ। (৫) আর তোমরাও

أَنتُمْ عٰبِدُونَ مَآ أَعْبُدُ ⑥لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ ع ১ ৩৪ রুকূ

আন্‌তুম 'আ-বিদূনা মা~'আবুদ। ৬। লাকুম দীনুকুম ওয়া লিয়া দীন।
তাঁর ইবাদাতকারী নও। যাঁর ইবাদাত আমি করছি। (৬) তোমাদের জন্য তোমাদের দ্বীন (প্রতিফল) আর আমার জন্য আমার দ্বীন।

সূরা নাছর
মাদানী

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

①إِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ②وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللّٰهِ

১। ইযা- জ্বা—আ নাস্বরুল্লা-হি ওয়াল্ ফাত্‌হু। ২। ওয়া রাআতান্ না-সা ইয়াদ্‌খুলূনা ফী দীনিল্লা-হি
(১) এখন আল্লাহ্‌র সাহায্য এবং বিজয় আসবে, (২) আর লোকদেরকে দলে দলে আল্লাহ্‌র দ্বীনে প্রবেশ করতে

أَفْوَاجًا ③فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ إِنَّهُ كَانَ تَوَّابًا ع ১ ৩৫ রুকূ

আফ্‌ওয়া-জ্বা-। ৩। ফাসাব্বিহ্ বিহাম্‌দি রাব্বিকা ওয়াস্‌তাগ্‌ফির্‌হু ; ইন্নাহূ কা-না তাওয়্যা-বা-।
দেখবেন, (৩) তখন আপনার প্রতিপালকের প্রশংসাসহ তাসবীহ্ বর্ণনা করুন। আর তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করুন, তিনি তো মহা ক্ষমাশীল।

○ সূরা কাফিরূনের শানে নুযূল ঃ কুরাইশ সরদারদের একদল একবার রাসূল (স)-এর কাছে এসে প্রস্তাব করে, আপনি একবছর আমাদের দেব-দেবীদের ইবাদত করবেন এবং আমরা এক বছর আপনার প্রভুর ইবাদত করব। রাসূল (স) বলেন, আল্লাহ তা'আলার সাথে কোন কিছুকে শরীক করা থেকে তাঁর কাছে আশ্রয় প্রার্থনা করছি। তারা তখন বলে, তাহলে আপনি আমাদের কিছু দেব-দেবীকে স্পর্শ করে দিন। তাহলে আমরা আপনাকে সত্য নবী বলে মেনে নেব এবং আপনার প্রভুর প্রতি ঈমান আনব। তখনই আল্লাহতাআলা এই সূরা নাযিল করেন। পর দিন রাসুল (স) মসজিদে হারামে এসে দেখেন, মসজিদে মানুষে পরিপূর্ণ। রাসূল (স) তখন সেখানে দাঁড়িয়ে এই সূরা পাঠ করলে সকলে চরমভাবে হতাশ হয়ে পড়ে। ইবনে আব্বাসের (রা) রেওয়াতে আছে, রাসুল (স)-এর কাছে কুরাইশদের মধ্যে ওয়ালীদ ইবনে মুগীরা, আস ইবনে ওয়ায়েল, উমাইয়া ইবনে খালফ ও আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিবও এসেছিল। (কুরতুবী)
○ সূরা নাছরের শানে নুযূল ঃ সূরা অবতীর্ণের দিক দিয়ে এটি শেষ নাযিলকৃত সূরা। যখন এ সূরাটি অবতীর্ণ হয়েছে, তখন কতিপয় সাহাবা (রা) ধারণা করেন যে, রাসূলুল্লাহ (স)-এর এখন শেষ সময়। এজন্য আল্লাহ তায়ালা তাঁর রাসূল (স)-কে তাসবীহ, তাহমীদ ও ইস্তেগাফরের নির্দেশ দিয়েছেন। ○ বিশ্লেষণ (আঃ ১) ঃ نصر الله والفتح - আল্লাহ্‌র সাহায্য দ্বারা, ইসলাম ও মুসলমানগণের কুফর ও কাফিরদের উপর বিজয় বুঝানো হয়েছে এবং 'বিজয়' দ্বারা মক্কা বিজয়কে বুঝান হয়েছে। (কুঃ কারীম)

সূরা লাহাব মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি | আয়াত ঃ ৫ রুকূ ঃ ১

①تَبَّتْ يَدَآ اَبِىْ لَهَبٍ وَّتَبَّ ۞ ②مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۞

১। তাব্বাত্ ইয়াদা~আবী লাহাবিওঁ ওয়া তাব্বা। ২। মা~আগ্না- 'আন্হু মা- লুহূ ওয়ামা- কাসাব্।
(১) আবু লাহাবের দু হাত বিনষ্ট হোক এবং বিনাশ হোক সে নিজেও। (২) তার ধনসম্পদ এবং সে যা উপার্জন করেছে তা কোনই উপকারে আসেনি।

③سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۞ ④وَّامْرَاَتُهٗ ؕ حَمَّالَةَ الْحَطَبِ ۞

৩। সাইয়াস্বলা- না-রান যা-তা লাহাবিওঁ ৪। ওয়াম্রাআতুহূ ; হাম্মা- লাতাল হাত্বাব।
(৩) অতিশীঘ্রই সে প্রবেশ করবে (জ্বলবে) শিখাযুক্ত (লেলিহান) অগ্নিতে। (৪) আর তার স্ত্রীও সে ইন্ধন (জ্বালানী কাঠ) বহনকারিণী।

⑤فِىْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۞

৫। ফী জ্বীদিহা- হাবলুম মিম মাসাদ।
(৫) তার (স্ত্রীর) গলায় রয়েছে খেজুর আঁশের রজ্জু।

সূরা ইখলা-স মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি | আয়াত ঃ ৪ রুকূ ঃ ১

①قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۞ ②اَللّٰهُ الصَّمَدُ ۞ ③لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ۞

১। কুল্ হুওয়াল্লা-হু আহাদ্। ২। আল্লা-হুস্ স্বামাদ্। ৩। লাম ইয়ালিদ্ ওয়া লাম ইউলাদ্।
(১) আপনি বলুন, তিনিই আল্লাহ এক। (২) আল্লাহ অমুখাপেক্ষী, (৩) তিনি (আল্লাহ) কাউকেই জন্ম দান করেন না।

④وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۞

৪। ওয়া লাম ইয়াকুল লাহূ কুফুওয়ান্ আহাদ্।
(৪) আর তাঁকেও কেউ জন্ম দান করেনি। তাঁর সমতুল্য কেউই নেই।

○ **সূরা লাহাবের শানে নুযূল ঃ** যখন রাসূলুল্লাহ (স)-কে নির্দেশ দেয়া হল যে, "হে রাসূল! আপনি আপনার নিজ আত্মীয়-স্বজনদের কাছে ইসলামের দাওয়াত পৌছান।" তখন রাসূলুল্লাহ (স) সাফা পাহাড়ে উঠে "ইয়া সাবা-হা" বলে আওয়াজ দিলেন। তখন এ ধরনের আওয়াজ ছিল, অশুভ সংকেত ধ্বনি। সুতরাং সবাই এ আওয়াজে পাহাড়ের নীচে এসে সমবেত হল। তখন রাসূলুল্লাহ (স) বললেন, তোমরা বল, আমি যদি তোমাদেরকে বলি যে, এ পাহাড়ের পাশ্চাতে এক অশ্বারোহী বাহিনী অবস্থান করছে, যারা তোমাদের উপর আক্রমণ করবে। তবে সে কথাটি তোমরা বিশ্বাস করবে? তারা বলল, কেন করবনা? আমরা আপনাকে কখনও মিথ্যাবাদী রূপে পাইনি। তখন রাসূলুল্লাহ (স) বললেন, আমি তোমাদেরকে এক ভীষণ শাস্তির ভয় প্রদর্শন করছি। (যদি তোমরা কুফর ও শিরকের মধ্যে নিমজ্জিত থাক।) একথা শুনে আবু লাহাব বলল, تبالك তোমার ধ্বংস হোক। তুমি কি আমাদেরকে একথা শোনাবার জন্য সমবেত করেছ? যে প্রেক্ষিতে আল্লাহ এ সূরাটি অবতীর্ণ করেন। (কুঃ কারীম) আবু লাহাব ঃ তার প্রকৃত নাম আব্দুল উজ্জা। তার চেহারা ছিল সুন্দর এবং অগ্নির মত। তাই তাকে আবু লাহাবা (অগ্নি শিখার পিতা) বলা হত। (কুঃ কারীম) ○ **সূরা ইখলাছের শানে নুযূল ঃ** মুশরিকরা রাসূলুল্লাহ (স)-কে বলল, আমাদেরকে আপনার প্রতিপালকের বংশ পরিচিতি বলে শুনান। এ প্রেক্ষিতে এ সূরাটি অবতীর্ণ হয়। (আসবাব)

সূরা ফালাক্ব মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি | আয়াত ঃ ৫ রুকূ ঃ ১

①قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۞ ②مِنْ شَرِّ مَا خَلَقَ ۞ ③وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا

১। কুল আ'উযু বিরাব্বিল ফালাক্ব, ২। মিন্ শার্‌রি মা- খালাক্ব। ৩। ওয়া মিন্ শার্‌রি গা-সিক্বিন ইযা-
(১) আপনি বলুন, আমি আশ্রয় চাচ্ছি প্রভাতের স্রষ্টার, (২) তিনি যা সৃষ্টি করেছেন তার অপকার হতে, (৩) আঁধার রাতের অপকার হতে, যখন তা আঁধারে

১ (৫) ৩৮ রুকূ

وَقَبَ ۞ ④وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ ۞ ⑤وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ۞

ওয়াক্বাব্। ৪। ওয়া মিন্ শার্‌রিন্ নাফ্‌ফা-ছা-তি ফিল্ 'উক্বাদ্। ৫। ওয়া মিন্ শার্‌রি হা-সিদিন্ ইযা- হাসাদ্।
আচ্ছন্ন হয়ে যায়। (৪) আর (যাদু পাঠ করে) গিরাসমূহে ফুঁক প্রদানকারিণীদের অপকার হতে। (৫) আর হিংসুকের অপকার হতে, যখন সে হিংসা করে।

সূরা না-স মক্কী | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম দাতা ও দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি | আয়াত ঃ ৬ রুকূ ঃ ১

①قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۞ ②مَلِكِ النَّاسِ ۞ ③اِلٰهِ النَّاسِ ۞ ④مِنْ شَرِّ الْوَسْوَاسِ ۙ

১। কুল্ আ'উযু বিরাব্বিন না-স, ২। মালিকিন্ না-স, ৩। ইলা-হিন্ না-স্। ৪। মিন্ শার্‌রিল্ ওয়াস্ ওয়া-সিল্
(১) আপনি বলুন, আমি মানুষের প্রতিপালকের কাছে আশ্রয় চাই। (২) যিনি মানুষের বাদশাহ্, (৩) যিনি মানুষের মাবুদ, (৪) আশ্রয় চাই লুকিয়ে থাকা শয়তানের


১ (৬) ৩৯ রুকূ

الْخَنَّاسِ ۞ ⑤الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ ۞ ⑥مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۞

খান্না-স্। ৫। আল্লাযী ইউওয়াস্‌ওয়িসু ফী স্বুদূরিন্ না-স্। ৬। মিনাল্ জ্বিন্নাতি ওয়ান্না-স্।
কুমন্ত্রণার অপকার হতে, (৫) যে মানুষের অন্তরে কুমন্ত্রণা প্রদান করে, (৬) জ্বীন ও মানুষের ভিতর থেকে।

○ **সূরা ফালাক্ব ও নাসের শানে নুযূল ঃ** রাসূলুল্লাহ (স) একবার কঠিন রোগে আক্রান্ত হন। তিনি নিদ্রাবস্থায় দেখতে পান যে, দুজন ফেরেশতা তাঁর কাছে আসেন। একজন তাঁর শিরোদেশে, অন্যজন্য তাঁর পাদদেশে দাঁড়িয়ে পরস্পরে কথোপকথন করছেন। শিরোদেশের ফেরেশতা, পাদদেশে অবস্থানকারী ফেরেশতার কাছে জিজ্ঞাসা করেন যে, আচ্ছা রাসূলুল্লাহ (স)-এর রোগ সম্পর্কে তোমার ধারণা কি? তিনি বললেন, তিনি (স) যাদুতে আক্রান্ত হয়েছেন। তিনি (ফেরেশতা) জিজ্ঞাসা করেন, যাদু কে করেছে? ফেরেশতা বললেন, লোবায়েদ বিন আ'সম ইয়াহুদী। ফেরেশতা পুনরায় সে ফিরিশতার কাছে জিজ্ঞাসা করেন, সে যাদুটি কোথায়? জবাব দিল যে, অমুক (জোরযান) কূপের মধ্যে একটি খেজুরের খোসার আবরণের মধ্যে পাথরের নীচে চাপা রয়েছে। এখন তা নষ্ট করার পদ্ধতি হচ্ছে, সে কূপের পানি ফেলে দিয়ে পাথরের নীচে থেকে খেজুরের খোসার আবরণটি বের করে সেটি জ্বালিয়ে দিতে হবে।

রাসূলুল্লাহ (স) এ কথা শুনে, ভোর বেলা, আম্মার বিন ইয়াসিরকে (রা) কতিপয় সাহাবা (রা)-সহ কূয়ার কাছে প্রেরণ করেন। তাঁরা কূয়ার পানি উঠিয়ে ফেললেন এবং পাথর উঠিয়ে খেজুরের খোসাটি বের করে যখন জ্বালিয়ে দিলেন, তখন তাঁরা দেখতে পেলেন যে, তাতে একটি তাহের (সূতায়) এগারটি গিরা দেয়া রয়েছে। এ প্রেক্ষিতে এ সূরা দুটি অবতীর্ণ হয়। রাসূলুল্লাহ (স) এক এক আয়াত পাঠ করেন সাথে সাথে এক একটি গিরা খুলে যায়। যখন এগারটি আয়াত পাঠ করা হল, গিরা এগারটিও খুলে গেল। (আসবাবুন নুযূল)



ক্বোরআন শরীফ খতমের দোয়া

ক্বোরআন শরীফ খতমকালে সূরা নাস পর্যন্ত তিলাওয়াত করার পর পুনরায় সূরা ফাতিহা ও "আলিফ-লাম-মীম" থেকে "মুফলিহূন" পর্যন্ত তিলাওয়াত করে নিম্নের দোয়া পাঠ করে মোনাজাত করবে।

صَدَقَ اللّٰهُ الْعَلِيُّ الْعَظِيْمُ ○ وَصَدَقَ رَسُوْلُهُ النَّبِيُّ الْكَرِيْمُ ○ وَنَحْنُ

ছাদাক্বাল্লা-হুল্ 'আলিইয়ুল্ 'আজীম। ওয়া ছাদাক্বা রাসূলুহুন্ নাবিইয়ুল্ কারীম। ওয়া নাহ্নু

মহান আল্লাহতাআলা অবশ্যই সত্য বলেছেন। আর তাঁর সম্মানিত নবী ও রাসূল (সাঃ) ও সত্য বলেছেন

عَلٰى ذٰلِكَ مِنَ الشّٰهِدِيْنَ ○ اَللّٰهُمَّ ارْزُقْنَا بِكُلِّ حَرْفٍ مِّنَ الْقُرْاٰنِ حَلَاوَةً

'আলা- যা-লিকা মিনাশ্ শা-হিদীন্। আল্লা-হুম্মার্ যুক্বনা- বিকুল্লি হারফিম মিনাল্ কুরআ-নি হালা-ওয়াতাও

আমি এর সাক্ষী। হে আল্লাহ! আপনি আমাদেরকে পবিত্র কুরআনের প্রতিটি হরফের স্বাদ আস্বাদন করান

وَّبِكُلِّ جُزْءٍ مِّنَ الْقُرْاٰنِ جَزَاءً ○ اَللّٰهُمَّ ارْزُقْنَا بِالْاَلِفِ اُلْفَةً وَّبِالْبَاءِ

ওয়া বিকুল্লি জুয্ইম মিনাল কুর্আনি জ্বাযা—আ। আল্লা-হুম্মার যুক্বনা বিল্আলিফি উল্ফাতাও ওয়াবিল্বা—ই

এবং কুরআনের প্রতিটি অংশের বদলে প্রতিদান প্রদান করুন। হে আল্লাহ! আমাদেরকে আলিফের বিনিময়ে ভালবাসা, 'বা' এর

بَرَكَةً وَّبِالتَّاءِ تَوْبَةً وَّبِالثَّاءِ ثَوَابًا وَّبِالْجِيْمِ جَمَالًا وَّبِالْحَاءِ حِكْمَةً

বারাকাতাও ওয়াবিত্তা—ই তাওবাতাও ওয়াবিছ্ছা—ই ছাওয়া-বাও ওয়াবিল্জ্বীমি জ্বামা-লাও ওয়াবিল্হা—ই হিক্মাতাও

বিনিময়ে বরকত, 'তা' এর বিনিময়ে তওবা, 'ছা' এর বিনিময়ে সওয়াব, 'জীম' এর বিনিময়ে সৌন্দর্য, 'হা' এর বিনিময়ে হিকমত-প্রজ্ঞা,

وَّبِالْخَاءِ خَيْرًا وَّبِالدَّالِ دَلِيْلًا وَّبِالذَّالِ ذَكَاءً وَّبِالرَّاءِ رَحْمَةً

ওয়াবিল্খা—ই খাইরাও ওয়াবিদ্দা-লি দালীলাও ওয়াবিয্ যা-লি যাকা—আও ওয়াবির্‌রা—ই রাহ্মাতাও

'খা' এর বিনিময়ে কল্যাণ, 'দাল' এর বিনিময়ে দলিল-প্রমাণ, 'যাল' এর বিনিময়ে তীক্ষ্ণ বুদ্ধি, 'রা' এর বিনিময়ে দয়া,

وَّبِالزَّاءِ زَكٰوةً وَّبِالسِّيْنِ سَعَادَةً وَّبِالشِّيْنِ شِفَاءً وَّبِالصَّادِ صِدْقًا

ওয়াবিয্যা—ই যাকা-তাও ওয়াবিস্সীনি সা'আ-দাতাও ওয়াবিশ্শীনি শিফা—আও ওয়াবিছ্ছাদি ছিদ্ক্বাও

'যা' এর বিনিময়ে পরিশুদ্ধতা, 'সীন' এর বিনিময়ে সৌভাগ্য, 'শীন' এর বিনিময়ে আরোগ্য, 'ছায়াদ' এর বিনিময়ে সত্যবাদিতা,

وَّبِالضَّادِ ضِيَاءً وَّبِالطَّاءِ طَرَاوَةً وَّبِالظَّاءِ ظَفَرًا وَّبِالْعَيْنِ عِلْمًا

ওয়াবিদ্বা-দ্বি দ্বিয়া—আও ওয়াবিত্বা—য়ি ত্বারা ওয়া তাও ওয়াবিজ্‌জা—ই জাফারাও ওয়াবিল 'আইনি 'ইলমাও

'দ্বাদ' এর বিনিময়ে আলো, 'ত্বোয়া' এর বিনিময়ে সজীবতা, 'জোয়া' এর বিনিময়ে সাফল্য, 'আইন' এর বিনিময়ে জ্ঞান,

وَّبِالْغَيْنِ غِنًى وَّبِالْفَاءِ فَلَاحًا وَّبِالْقَافِ قُرْبَةً وَّبِالْكَافِ كَرَامَةً

ওয়াবিল্গাইনি গিনাও ওয়াবিলফা—ই ফালা-হাও ওয়াবিলক্বা-ফি কুরবাতাও ওয়াবিলকা-ফি কারা-মাতাও

'গাইন' এর বিনিময়ে ঐশ্বর্যময়, 'ফা' এর বিনিময়ে সাধনায় সাফল্য লাভ, 'ক্বাফ' এর বিনিময়ে নৈকট্য, 'কাফ' এর বিনিময়ে মর্যাদা,

وَّبِاللَّامِ لُطْفًا وَّبِالْمِيْمِ مَوْعِظَةً وَّبِالنُّوْنِ نُوْرًا وَّبِالْوَاوِ وُصْلَةً

ওয়া বিল্লা-মি লুত্বফাও ওয়া বিলমীমি মাও'ইজাতাও ওয়া বিন্নূনি নূরাও ওয়া বিল্ওয়াই উছলাতাও

লাম এর বিনিময়ে বিনম্রতা, 'মীম' এর বিনিময়ে উপদেশ, 'নূন' এর বিনিময়ে নূর, 'ওয়াও' এর বিনিময়ে মিলন, 'হা' এর বিনিময়ে

وَّبِالْهَاءِ هِدَايَةً وَّبِالْيَاءِ يَقِيْنًا ○ اَللّٰهُمَّ انْفَعْنَا بِالْقُرْاٰنِ الْعَظِيْمِ ○

ওয়াবিলহা—ই হিদা-য়াআও ওয়াবিলইয়া—ই ইয়াক্বীনা-। আল্লাহুম মান্ফা'না- বিল্কুরআ-নিল্ 'আজীম।

হেদায়াত ও 'ইয়া' এর বিনিময়ে দৃঢ় বিশ্বাস নছীব করুন। হে আল্লাহ! পবিত্র কুরআনের মাধ্যমে আমাদেরকে উপকৃত করুন।